রঘুবংশম্।

প্রথমঃ সর্গঃ।

বাগর্থাবিব সম্পৃক্তৌ বাগর্থপ্রতিপত্তয়ে।
জগতঃ পিতরৌ বন্দে পার্ব্বতী-পরমেশ্বরৌ ॥ ১ ॥

ইহ খলু সকলকবিশিরোমণিঃ কালিদাসঃ, "কাব্যং যশসেঽর্থকৃতে ব্যবহারবিদে শিবেতরক্ষতয়ে। সদ্যঃ পরনির্বৃতয়ে কান্তাসম্মিততয়োপদেশযুজে" ইত্যাদ্যালঙ্কারিকবচনপ্রামাণ্যাৎ কাব্যস্যানেকশ্রেয়ঃসাধনতাং, "কাব্যালাপাংশ্চ বর্জ্জয়েৎ" ইত্যস্য নিষেধশাস্ত্রস্যাসৎকাব্যবিষয়তাঞ্চ পশ্যন্ রঘুবংশাখ্যং মহাকাব্যং চিকীর্ষুঃ, চিকীর্ষিতার্থাবিঘ্নপরিসমাপ্তিসম্প্রদায়াবিচ্ছেদলক্ষণফলসাধনভূতবিশিষ্ট-দেবতানমস্কারস্য শিষ্টাচারপরিপ্রাপ্তত্বাৎ "আশীর্নমস্ক্রিয়া বস্তুনির্দ্দেশো বাপি তন্মুখং" ইত্যাশীর্ব্বাদাদ্যন্ততমস্য প্রবন্ধমুখলক্ষণত্বাৎ কাব্যনির্ম্মাণস্য বিশিষ্টশব্দার্থপ্রতিপত্তিমূলকত্বেন বিশিষ্টশব্দার্থয়োশ্চ, "শব্দজাতমশেষন্তু ধত্তে শর্ব্বস্য বল্লভা। অর্থরূপং যদখিলং ধত্তে মুগ্ধেন্দুশেখরঃ" ইতি বায়ুপুরাণসংহিতাবচনবলেন পার্ব্বতীপরমেশ্বরায়ত্তত্ব-দর্শনাত্তৎপ্রতিপিৎসয়া তাবে-

আমি বাক্য এবং অর্থের সম্যক্ জ্ঞান-লাভের নিমিত্ত বাক্য ও অর্থের ন্যায় নিত্য মিলিত জগতের মাতা পিতা পার্ব্বতী ও পরমেশ্বরকে প্রণাম করি। (বাক্য এবং অর্থের ন্যায় নিত্য মিলিত, ইহার তাৎপর্য্য এই যে "বৃক্ষ" বলিলে শাখা পল্লবাদি বিশিষ্ট উদ্ভিদ্ বুঝায়, ইহাই বৃক্ষ এই বাক্যের অর্থ; সুতরাং যেমন এই অর্থের সহিত বৃক্ষশব্দের নিয়ত অভেদ সম্বন্ধ রহিয়াছে, কোন কালেও উক্ত সম্বন্ধের ধ্বংশ হয় না; তদ্রূপ দম্পতি পার্ব্বতী ও মহেশ্বরেও নিয়ত অভিন্ন সম্বন্ধ রহিয়াছে)।

সূর্য্যবংশ ব্যাখ্যা করিতে কৃতসঙ্কল্প হইয়া কালিদাস প্রথমেই পার্ব্বতী

ক্ব সূর্য্যপ্রভবো বংশঃ ক্ব চাল্পবিষয়া মতিঃ।

বাভিবাদয়তে বাগর্থাবিতি।—বাগর্থাবিবেত্যেকং পদম্। ইবেন সহ নিত্য-সমাসো বিভক্ত্যলোপশ্চ পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বঞ্চ বক্তব্যং। এবমন্যত্রাপি দ্রষ্টব্যম্। বাগর্থাবিব শব্দার্থাবিব সম্পৃক্তৌ নিত্যসম্বদ্ধাবিত্যর্থঃ। নিত্যসম্বদ্ধয়োরুপমানত্বেনোপাদানাৎ। "নিত্যঃ শব্দার্থসম্বন্ধঃ" ইতি মীমাংসকাঃ। জগতো লোকস্য পিতরৌ মাতা চ পিতা চ পিতরৌ। পিতা মাত্রেতি দ্বন্দ্বৈকশেষঃ। "মাতাপিতরৌ পিতরৌ" ইত্যমরঃ। এতেন শর্ব্বশিবয়োঃ সর্ব্বজগজ্জনকতয়া বৈশিষ্ট্যমিষ্টার্থপ্রদানশক্তিঃ পরমকারুণিকত্বঞ্চ সূচ্যতে। পর্ব্বতস্যাপত্যং স্ত্রী পার্ব্বতী। তস্যাপত্যমিত্যণ্, টিড্ঢাণমিত্যাদিনা ঙীপ্। পার্ব্বতী চ পরমেশ্বরশ্চ পার্ব্বতীপরমেশ্বরৌ পরমশব্দঃ সর্ব্বোত্তমত্বদ্যোতনার্থঃ। মাতুরভ্যর্হিতত্বাদল্পাক্ষরত্বাচ্চ পার্ব্বতীশব্দস্য পূর্ব্বনিপাতঃ। বাগর্থপ্রতিপত্তয়ে শব্দার্থয়োঃ সম্যগ্জ্ঞানার্থং বন্দে অভিবাদয়ে। অত্রোপমালঙ্কারঃ স্ফুটএব তথোক্তং "স্বতঃ সিদ্ধেন ভিন্নেন সম্পন্নেন চ ধর্ম্মতঃ। সাম্যমন্যেন বর্ণ্যস্য বাচ্যং চেদেকগোপমেতি।" প্রায়িকশ্চোপমালঙ্কারঃ কালিদাসোক্তকাব্যাদৌ। ভূদেবতাকস্য সর্ব্বগুরোর্ম্মগণস্য প্রয়োগাৎ শুভলাভঃ সূচ্যতে তদুক্তং "শুভদো মো ভূমিময়" ইতি। বকারস্যামৃতবীজত্বাৎ প্রচয়গমনাদিসিদ্ধিঃ ॥ ১ ॥

সম্প্রতি কবিঃ স্বাহঙ্কারং পরিহরতি ক্ব সূর্য্যেত্যাদিশ্লোকদ্বয়েন, ক্বেতি। প্রভবত্যস্মাদিতি প্রভবঃ কারণম্। ঋদোরপ্ অকর্ত্তরি চ কারকে সংজ্ঞায়াং ইতি সাধুঃ। সূর্য্যঃ প্রভবো যস্য স সূর্য্যপ্রভবঃ বংশঃ ক্ব, অল্পো বিষয়োজ্ঞেয়োঽর্থো যস্যাঃ সা মে মতিঃ প্রজ্ঞা চ ক্ব। দ্বৌ ক্বশব্দৌ মহদন্তরং সূচয়তঃ। সূর্য্যবংশমাকলয়িতুং ন শক্নোমীত্যর্থঃ, তথা চ তদ্বিষয়প্রবন্ধনিরূপণং দূরা-

---

এবং পরমেশ্বরকে অভিবাদনপূর্ব্বক তদনুষ্ঠানে প্রবৃত্ত হইতেছেন। কারণ, কাব্য রচনা করিতে হইলে শব্দার্থে বিশেষ প্রতিপত্তি থাকা আবশ্যক, সুতরাং শব্দের আধার-স্বরূপিণী পার্ব্বতী এবং অর্থের আকর-স্বরূপ মহেশ্বরের নিকটে শব্দ এবং অর্থ বিষয়ে সম্পূর্ণরূপে জ্ঞান-লাভের নিমিত্ত অবনত-মস্তকে প্রার্থনা করা কবির অবশ্য কর্ত্তব্য। ইহাই এই শ্লোকের তাৎপর্য্য ॥ ১ ॥

সূর্য্য-সম্ভূত বংশই বা কোথায় এবং আমার অল্পবিষয়িণী বুদ্ধিই বা কোথায়। আমি অজ্ঞানতাবশতঃ ভেলক দ্বারা দুস্তর সাগর পার হইতে

তিতীর্ষুর্দুস্তরং মোহাদুডুপেনাস্মি সাগরম্ ॥ ২ ॥
মন্দঃ কবিযশঃপ্রার্থী গমিষ্যাম্যুপহাস্যতাম্। •
প্রাংশুলভ্যে ফলে লোভাদুদ্বাহুরিব বামনঃ ॥ ৩ ॥

পাস্তমিতি ভাবঃ। তথাহি দুস্তরং তরিতুমশক্যম্। ঈষদ্দুঃসুষ্বিত্যাদিনা খল্প্রত্যয়ঃ। সাগরং মোহাদজ্ঞানাদুডুপেন প্লবেন। "উড়ুপস্তু প্লবঃ কোল" ইত্যমরঃ। অথবা চর্ম্মাবনদ্ধেন পানপাত্রেণ। "চর্ম্মাবনদ্ধমুড়ুপং প্লবঃ কাষ্ঠং করণ্ডব" দিতি সজ্জনঃ। তিতীর্ষুঃ তরীতুমিচ্ছুরস্মি ভবামি। তরতেঃ সন্নন্তাদু-প্রত্যয়ঃ। অল্পসাধনৈরধিকারম্ভো ন সুকরইতি ভাবঃ। ইদঞ্চ বংশোৎকর্ষ-কথনং স্বপ্রবন্ধমহত্ত্বার্থমেব। তদুক্তং "প্রতিপাদ্য মহিম্না চ প্রবন্ধো হি মহত্তর" ইতি ॥ ২ ॥

মন্দইতি। কিঞ্চ মন্দো মূঢ়ঃ। "মূঢ়াল্পাপটুনির্ভাগ্যমন্দা স্যুঃ" ইত্যমরঃ। তথাপি কবিযশঃপ্রার্থী কবীনাং যশঃ কাব্যনির্ম্মাণেন জাতং তৎপ্রার্থনা-শীলোঽহং প্রাংশুনোন্নতপুরুষেণ লভ্যে প্রাপ্যে ফলে ফলবিষয়ে লোভাৎ উদ্বাহুঃ ফলগ্রহণায়োচ্ছ্রিতহস্তো বামনঃ খর্ব্ব ইব। "খর্ব্বোহ্রস্বশ্চ বামন" ইত্যমরঃ। উপহাস্যতামুপহাসবিষয়তাম্। ঋহলোর্ণ্যৎ ইতি ণ্যৎপ্রত্যয়ঃ। গমিষ্যামি প্রাপ্স্যামি ॥ ৩ ॥

ইচ্ছা করিতেছি। অর্থাৎ একেত সূর্য্যবংশ অতি বিস্তীর্ণ ও মহৎ, তাহাতে আবার আমার বুদ্ধিশক্তি অতি সামান্য; অতএব ঈদৃশ বুদ্ধিশক্তি দ্বারা সেই গুরুতর বিষয় ব্যাখ্যা করিবার বাসনা এবং ভেলকের সাহায্যে সমুদ্র পার হইবার ইচ্ছা; এই উভয়ই তুল্য ॥ ২ ॥

আমি মূঢ় হইয়া কবিগণের যশ প্রার্থনা করিতেছি; অতএব লোভ-বশতঃ উন্নত পুরুষ-লভ্য ফল গ্রহণের নিমিত্ত ঊর্দ্ধবাহু বামনের ন্যায় উপ-হাসাস্পদ হইব। অর্থাৎ যখন মহাজন-সাধ্য ব্যাপারে আমি অল্পজ্ঞান-সম্পন্ন হইয়াও হস্ত প্রসারণ করিতে অভিলাষী হইতেছি, তখন আমার নিশ্চয়ই মূর্খতা প্রকাশ পাইতেছে। অতএব আমি যে উপহাসাস্পদ হইব, তাহার আর কথা কি। যাহাতে অহঙ্কার-সূচক ভাবের উদয় না হয়, তন্নি-বন্ধন কবি এই দ্বিতীয় ও তৃতীয় শ্লোকে নম্রতা প্রকাশ করিলেন ॥ ৩ ॥

অথবা কৃতবাগ্দ্বারে বংশেঽস্মিন্ পূর্ব্বসূরিভিঃ।
মণৌ বজ্রসমুৎকীর্ণে সূত্রস্যেবাস্তি মে গতিঃ ॥ ৪ ॥
সোঽহমাজন্মশুদ্ধানামাফলোদয়কর্ম্মণাম্।

মন্দশ্চেত্তর্হি ত্যজ্যতাময়মুদ্যোগ ইত্যত আহ;—অথবেতি। অথবা পক্ষান্তরে পূর্ব্বৈঃ সূরিভিঃ কবিভির্ব্বাল্মীকাদিভিঃ কৃতবাগ্দ্বারে কৃতং রামায়ণাদিপ্রবন্ধরূপা যা বাক্ সৈব দ্বারং প্রবেশো যস্য তস্মিন্ অস্মিন্ সূর্য্যপ্রভবে বংশে কুলে। জন্মনৈকলক্ষণঃ সন্তানো বংশঃ। বজ্রেণ মণিবেধকসূচীবিশেষেণ। "বজ্রং ত্বস্ত্রী কুলিশশস্ত্রয়োঃ। মণিবেধে রত্নভেদে" ইতি কেশবঃ। সমুৎকীর্ণে বিদ্ধে মণৌ রত্নে সূত্রস্যেব মে মম গতিঃ সঞ্চারোঽস্তি বর্ণনীয়ে রঘুবংশে মম বাক্প্রসরোঽস্তীত্যর্থঃ॥ ৪ ॥

এবং রঘুবংশে লব্ধপ্রবেশস্তদ্বর্ণনাং প্রতিজানানঃ সোঽহমিত্যাদিভিঃ পঞ্চভিঃ শ্লোকৈঃ কুলকেনাহ,—সোঽহমিতি। সোঽহং রঘূণামন্বয়ং বক্ষ্যে ইত্যুত্তরেণ সম্বন্ধঃ। কিং বিধানাং রঘূণামিত্যত্র উত্তরাণি বিশেষণানি যোজ্যানি। আজন্মনঃ জন্ম আরভ্যেত্যর্থঃ। আঙ্ মর্য্যাদাভিবিধ্যোঃ ইত্যব্যয়ীভাবঃ। শুদ্ধানাম্। সুপ্সুপেতি সমাসঃ। এবমুত্তরত্রাপি দ্রষ্টব্যম্। আজন্মশুদ্ধানাং

অথবা সূত্র যেমন মণি-বেধকাস্ত্রকৃত ছিদ্র দ্বারা মণিমধ্যে প্রবেশ করে, আমিও তদ্রূপ প্রাচীন পণ্ডিতগণের নির্ম্মিত বাক্যরূপ দ্বার দিয়া এই সূর্য্যবংশে প্রবেশ করিতে সমর্থ হইব।

কালিদাস স্বয়ংই স্বীকার করিতেছেন যে, আমি মূঢ়; অতএব তিনি যদি অসমর্থই হন্, তাহা হইলে তাঁহার সূর্য্যবংশের বর্ণনা করিতে কৃতসঙ্কল্প হওয়ার প্রয়োজন কি? না করিলেও চলিতে পারে। কারণ বাল্মীক প্রভৃতি প্রাচীন কবিগণ সূর্য্যবংশের ব্যাখ্যা করিয়া গিয়াছেন। তাহা দ্বারাই লোকের অভীষ্ট সিদ্ধ হইতে পারে। এই দোষ পরিহারার্থ কবি আবার বলিতেছেন যে, আমি সূর্য্যবংশ বর্ণনে অসমর্থ হইলেও যদি পূর্ব্ব পণ্ডিতগণের রচিত রামায়ণাদি অবলম্বন করিয়া অগ্রসর হইতে থাকি, তাহা হইলে প্রস্তাবিত বিষয়ে প্রবেশ করিতে কোনরূপ অসুবিধা ঘটিবে না। ইহাই এই শ্লোকের প্রকৃত মর্ম্ম॥ ৪ ॥

যে রঘুবংশীয়গণ আজন্ম-বিশুদ্ধ ও সসাগরা ধরিত্রীর অধীশ্বর ছিলেন

আসমুদ্রক্ষিতীশানামানাকরথবর্ত্মনাম্ ॥ ৫ ॥
যথাবিধিহুতাগ্নীনাং যথাকামার্চ্চিতার্থিনাম্।
যথাপরাধদণ্ডানাং যথাকালপ্রবোধিনাম্ ॥ ৬ ॥
ত্যাগায় সম্ভৃতার্থানাং সত্যায় মিতভাষিণাম্।

নিষেকাদিসর্ব্বসংস্কারসম্পন্নানামিত্যর্থঃ। আফলোদয়ম্ আফলসিদ্ধেঃ কর্ম্ম যেষাং তে তথোক্তাস্তেষাং প্রারব্ধান্তগামিনামিত্যর্থঃ। আসমুদ্রং ক্ষীতে-রীশানাং সার্ব্বভৌমানামিত্যর্থঃ। আনাকং রথবর্ত্ম যেষাং তে তেষামিন্দ্র-সহচারিণামিত্যর্থঃ। অত্র সর্ব্বত্র আঙোঽভিবিধ্যর্থত্বং দ্রষ্টব্যম্। অন্যথা মর্য্যাদার্থত্বে জন্মাদিষু শুদ্ধভাবপ্রসঙ্গাৎ ॥ ৫ ॥

যথাবিধীতি। বিধিমনতিক্রম্য যথাবিধি। যথাসাদৃশ্যে ইত্যব্যয়ীভাবঃ। তথা হুতশব্দেন সুপ্সুপেতি সমাসঃ। এবং যথাকামার্চ্চিতেত্যাদীনামপি দ্রষ্টব্যম্। যথাবিধিহুতাঃ অগ্নয়োযৈস্তেষাং, যথাকামমভিলাষমনতিক্রম্য অর্চ্চি-তার্থিনাং, যথাপরাধমপরাধমনতিক্রম্য দণ্ডো যেষাং তে তেষাং, যথাকালং কালমনতিক্রম্য প্রবোধিনাং প্রবোধনশীলানাম্। চতুর্ভির্ব্বিশেষণৈর্দ্দেবতা-যজনার্থিসৎকারদণ্ডধরত্বপ্রজাপালনসময়জাগরূকত্বাদীনি বিবক্ষিতানি ॥ ৬ ॥

ত্যাগায়েতি। ত্যাগায় সৎপাত্রে বিনিয়োগস্ত্যাগস্তস্মৈ। "ত্যাগো বিহা-পনং দানম্" ইত্যমরঃ। সংভৃতার্থানাং সঞ্চিতধনানাং ন তু দুর্ব্যাপারায়, সত্যায় মিতভাষিণাং মিতভাষণশীলানাং ন তু পরাভবায়। যশসে কীর্ত্তয়ে। "যশঃ কীর্ত্তিঃ সমজ্ঞা চ" ইত্যমরঃ। বিজিগীষূণাং বিজেতুমিচ্ছূনাং ন ত্বর্থ-সংগ্রহায়, প্রজায়ৈ সন্তানায় গৃহমেধিনাং ন তু কামোপভোগায়। অত্র ত্যাগায়েত্যাদিষু চতুর্থী তদর্থেত্যাদিনা তাদর্থ্যে চতুর্থীসমাসবিধানজ্ঞাপকা-চ্চতুর্থী। গৃহৈর্দ্দারৈর্ম্মেধন্তে সঙ্গচ্ছন্তে ইতি গৃহমেধিনঃ। "দারেষ্বপি গৃহা" ইত্যমরঃ, "জায়া চ গৃহিণী গৃহ" মিতি হলায়ুধঃ। মেধ সঙ্গমে ইতি ধাতো-

---

এবং যাঁহাদিগের কর্ম্ম ফলোদয় পর্য্যন্ত ও রথের পথ সুরলোক পর্য্যন্ত ছিল; যাঁহারা অগ্নিতে যথাবিধি আহুতি প্রদান করিতেন, বাসনানুসারে যাচক-দিগকে অর্চ্চনা করিতেন, অপরাধীদিগকে অপরাধানুযায়ী দণ্ড-বিধান করিতেন এবং যথাকালে প্রবুদ্ধ হইতেন; যাঁহারা দান করিবার নিমিত্ত অর্থ-সঞ্চয়, সত্যের নিমিত্ত পরিমিত আলাপ, যশের নিমিত্ত জয়ের আশা

যশসে বিজিগীষূণাং প্রজায়ৈ গৃহমেধিনাম্ ॥ ৭ ॥
শৈশবেঽভ্যস্তবিদ্যানাং যৌবনে বিষয়ৈষিণাম্ ।
বার্দ্ধকে মুনিবৃত্তীনাং যোগেনান্তে তনুত্যজাম্ ॥ ৮ ॥
রঘূণামন্বয়ং বক্ষ্যে তনুবাগ্বিভবোঽপি সন্ ।

র্ণিনিঃ । এভির্ব্বিশেষণৈঃ পরোপকারিত্বং সত্যবচনত্বং যশঃপরত্বং পিতৃণাং শুদ্ধত্বঞ্চ বিবক্ষিতানি ॥ ৭ ॥

শৈশব ইতি । শিশোর্ভাবঃ শৈশবং বাল্যম্ । প্রাণভৃজ্জাতিবয়োবচনোদ্গাত্রেত্যাদিনা অঞ্প্রত্যয়ঃ । "শিশুত্বং শৈশবং বাল্য" মিত্যমরঃ । তস্মিন্ বয়সি অভ্যস্তবিদ্যানাম্ । এতেন ব্রহ্মচর্য্যাশ্রমো বিবক্ষিতঃ । যূনো ভাবো যৌবনং তারুণ্যম্ । যুবাদিত্বাদণ্প্রত্যয়ঃ । "তারুণ্যং যৌবনং সমে" ইত্যমরঃ । তস্মিন্ বয়সি বিষয়ৈষিণাং ভোগাভিলাষিণাম্ । এতেন গৃহস্থাশ্রমো বিবক্ষিতঃ । বৃদ্ধস্য ভাবো বার্দ্ধকং বৃদ্ধত্বম্ । দ্বন্দ্বমনোজ্ঞাদিভ্যশ্চ ইতি বুঞ্ । "বার্দ্ধকং বৃদ্ধসঙ্ঘাতে বৃদ্ধত্বে বৃদ্ধকর্ম্মণি" ইতি বিশ্বঃ । সঙ্ঘাতার্থে ত্বত্র বৃদ্ধাচ্চেতি বক্তব্যাৎ সামূহিকো বুঞ্ । তস্মিন্ বার্দ্ধকে বয়সি মুনীনাং বৃত্তিরিব বৃত্তির্যেষাং তেষাম্, এতেন বানপ্রস্থাশ্রমো বিবক্ষিতঃ । অন্তে শরীরত্যাগকালে যোগেন পরমাত্মধ্যানেন । "যোগঃ সন্নহনোপায়ধ্যানসঙ্গতিযুক্তিষু" ইত্যমরঃ । তনুত্যজাম্ তনুং দেহং ত্যজন্তীতি তনুত্যজঃ দেহত্যাগিনঃ, তেষাং দেহত্যাগিনাম্ । কায়োদেহঃ ক্লীবপুংসোঃ স্ত্রিয়াং মূর্ত্তিস্তনুস্তনূরিত্যমরঃ । অন্যেভ্যোঽপি দৃশ্যতে ইতি ক্বিপ্ । এতেন ভিক্ষ্বাশ্রমো বিবক্ষিতঃ ॥ ৮ ॥

রঘূণামিতি । সোঽহং লব্ধপ্রবেশঃ তনুবাগ্বিভবোঽপি স্বল্পবাণীপ্রসারোঽপি সন্ তেষাং গুণৈস্তদ্গুণৈঃ আজন্মশুদ্ধ্যাদিভিঃ কর্ত্তৃভিঃ কর্ণং মম শ্রোত্রমাগত্য চাপলায় চাপলং চপলকর্ম্ম অবিমৃশ্যকরণরূপং কর্ত্তুম্ । যুবাদি-

---

এবং সন্তানের নিমিত্ত স্ত্রীসম্ভোগ করিতেন ; যাঁহারা শৈশবে বিদ্যাভ্যাস, যৌবনে বিষয়াভিলাষ, বার্দ্ধক্যে মুনিবৃত্তি এবং চরমে যোগবলে দেহত্যাগ করিতেন ; আমার বাক্‌সম্পত্তি অল্প হইলেও তাঁহাদিগের গুণরাশি কর্ণে আসিয়া চপলের কর্ম্মে আমাকে নিয়োজিত করিতেছে ; সুতরাং আমি পূর্ব্বোক্ত প্রকারে পথপ্রাপ্ত হইয়া রঘুরাজগণের বংশ কীর্ত্তন করিব । অর্থাৎ রঘুবংশীয় রাজগণ জন্ম হইতে বীর্য্য-নিষেক পর্য্যন্ত নিষেকাদি সর্ব্ব সংস্কার-

তদ্‌গুণৈঃ কর্ণমাগত্য চাপলায় প্রণোদিতঃ ॥ ৯ ॥
তং সন্তঃ শ্রোতুমর্হন্তি সদসদ্ব্যক্তিহেতবঃ।
হেম্নঃ সংলক্ষ্যতে হ্যগ্নৌ বিশুদ্ধিঃ শ্যামিকাপি বা ॥ ১০ ॥
বৈবস্বতোমনুর্নাম মাননীয়ো মনীষিণাম্।

ত্বাৎ কর্ম্মণ্যণ্। ক্রিয়ার্থোপপদস্যেত্যাদিনা চতুর্থী। প্রণোদিতঃ (প্রচোদিত-রিতি পাঠান্তরম্) প্রেরিতঃ সন্ রঘূণামন্বয়ং তদ্বিষয়ং প্রবন্ধং বক্ষ্যে। কুলকম্ ॥৯॥

সম্প্রতি স্বপ্রবন্ধপরীক্ষার্থং সতঃ প্রার্থয়তে ;—তমিতি। তং রঘুবংশাখ্যং প্রবন্ধং সদসতোর্গুণদোষয়োঃ ব্যক্তের্হেতবঃ কর্ত্তারঃ সন্তঃ শ্রোতুমর্হন্তি। তথাহি হেম্নোবিশুদ্ধির্নির্দ্দোষস্বরূপং শ্যামিকাপি লোহান্তরসংসর্গাত্মকো-দোষোঽপি বা অগ্নৌ সংলক্ষ্যতে নান্যত্র, তদ্বদত্রাপি সন্তএব গুণদোষ-বিবেকাধিকারিণোনান্যে ইতি ভাবঃ ॥ ১০ ॥

বর্ণ্যং বস্তু প্রক্ষিপতি, বৈবস্বত ইতি। মনস ঈষিণো মনীষিণঃ ধীরাঃ বিদ্বাংস ইতি যাবৎ। পৃষোদরাদিত্বাৎ সাধুঃ। তেষাং মাননীয়ঃ পূজ্যঃ,

---

সম্পন্ন ছিলেন, তাঁহারা অনুষ্ঠিত ক্রিয়ার ফললাভ না হওয়া পর্য্যন্ত আরব্ধ কর্ম্ম শেষ করিতেন না, সসাগরা ধরার অধীশ্বর ছিলেন, তাঁহাদের গতি স্বর্গ পর্য্যন্তও অব্যাহত ছিল, শাস্ত্রীয় বিধানানুসারে অগ্নিতে আহুতি প্রদান, প্রার্থনানুসারে যাচকদিগের অভিলাষ পূরণ, অপরাধিগণের দোষানুযায়ী শাস্তি প্রদান এবং ব্রাহ্মমুহূর্ত্তে গাত্রোত্থান করিতেন ; সর্ব্বদা সত্য কথা বলা উচিত এই বিধির অনুসরণার্থ পরিমিত কথা বলিতেন এবং সন্তানের নিমিত্ত ঋতুকালে স্ত্রীর সহিত সঙ্গত হইতেন, কিন্তু অন্য সময়ে তাঁহারা স্ত্রীসম্ভোগ করিতেন না, বৃদ্ধাবস্থায় বানপ্রস্থাশ্রম এবং শরীর ত্যাগকালে ভিক্ষাশ্রম অবলম্বন করিয়া পরমাত্মার ধ্যান করিতে করিতে তনুত্যাগ করিতেন ॥ ৫—৯ ॥

গুণ-দোষ বিবেচক পণ্ডিত ব্যক্তিই রঘুবংশাখ্য প্রবন্ধ শ্রবণ করিবার যোগ্য ; যেহেতু স্বর্ণের নির্দ্দোষাবস্থা এবং মালিন্য অগ্নিতেই পরীক্ষিত হইয়া থাকে। অর্থাৎ স্বর্ণ ধাতু বিশুদ্ধ কি দোষযুক্ত, ইহা যেমন অগ্নি ভিন্ন পরীক্ষা হইতে পারে না, তদ্রূপ দোষ গুণ বিচারে সক্ষম পণ্ডিত ব্যক্তি ব্যতীত এই গ্রন্থের দোষ-গুণ বিচার করিতে অন্য কেহ সমর্থ হইবেন না ॥ ১০ ॥

আসীন্মহীক্ষিতামাদ্যঃ প্রণবশ্ছন্দসামিব ॥ ১১ ॥

তদন্বয়ে শুদ্ধিমতি প্রসূতঃ শুদ্ধিমত্তরঃ।
দিলীপ ইতি রাজেন্দুরিন্দুঃ ক্ষীরনিধাবিব ॥ ১২ ॥

ব্যূঢ়োরস্কো বৃষস্কন্ধঃ শালপ্রাংশুর্ম্মহাভুজঃ।

ছন্দসাং বেদানাম্‌। "ছন্দঃ পদ্যে চ বেদে চ" ইতি বিশ্বঃ। প্রণব ওঁকারইব, মহীং ক্ষিয়ন্তি ঈষতে ইতি মহীক্ষিতঃ ক্ষিতীশ্বরাঃ। ক্ষিধাতোরৈশ্বর্য্যার্থাৎ ক্বিপ্‌ তুগাগমশ্চ। তেষামাদ্যঃ আদিভূতঃ, বিবস্বতঃ সূর্য্যস্যাপত্যং পুমান্‌ বৈবস্বতো নাম বৈবস্বত ইতি প্রসিদ্ধো মনুরাসীৎ ॥ ১১ ॥

তদন্বয়ইতি। শুদ্ধিরস্যাস্তীতি শুদ্ধিমান্‌ তস্মিন্‌ শুদ্ধিমতি তদন্বয়ে তস্য মনোরন্বয়ে বংশে,"অন্ববায়োঽন্বয়োবংশোগোত্রঞ্চাভিজনঃ কুল"মিতি হলায়ুধঃ। অতিশয়েন শুদ্ধিমান্‌ শুদ্ধিমত্তরঃ। দ্বিবচনবিভজ্যোপেত্যাদিনা তরপ্‌। দিলীপ ইতি প্রসিদ্ধঃ। রাজা ইন্দুরিব রাজেন্দুঃ রাজশ্রেষ্ঠঃ। উপমিতং ব্যাঘ্রাদিভিঃ ইত্যাদিনা সমাসঃ। ক্ষীরনিধাবিন্দুরিব প্রসূতঃ,জাতঃ ॥ ১২ ॥

ব্যূঢ়েতি। ব্যূঢ়েত্যাদিত্রিভিঃ শ্লোকৈর্দ্দিলীপং বিশিনষ্টি। ব্যূঢ়ং বিপুলম্‌ উরোযস্য সঃ ব্যূঢ়োরস্কঃ। উরঃপ্রভৃতিভ্যঃ কপ্‌। "ব্যূঢ়ং বিপুলং ভদ্রং স্ফারং সমং বরিষ্ঠঞ্চ" ইতি যাদবঃ। বৃষস্য স্কন্ধইব স্কন্ধো যস্য স তথা। সপ্তম্যুপমানেত্যাদিনা উত্তরপদলোপী বহুব্রীহিঃ। শালোবৃক্ষইব প্রাংশুরুন্নতঃ শালপ্রাংশুঃ। "প্রাকারবৃক্ষয়োঃ শালঃ শালঃ সর্জ্জতরুঃ স্মৃত" ইতি যাদবঃ। "উচ্চপ্রাংশূন্নতোদগ্রোচ্ছ্রিতাস্তুঙ্গে" ইত্যমরঃ। মহাভুজো মহাবাহুঃ, আত্মকর্ম্ম-

বেদের আদি অক্ষর প্রণবের (ওঙ্কারের) ন্যায় মনীষীদিগের মাননীয় সূর্য্যতনয় মনু নৃপতিবংশের আদি পুরুষ ছিলেন ॥ ১১ ॥

সেই মনুর বিশুদ্ধ বংশে বিশুদ্ধতর চরিত দিলীপ নামক রাজচন্দ্র ক্ষীর-সমুদ্রে জাত চন্দ্রের ন্যায় জন্মগ্রহণ করেন ॥ ১২ ॥

তাঁহার বিশাল বক্ষঃস্থল, বৃষের ন্যায় উন্নত স্কন্ধ, শালতরুর ন্যায় উন্নত শরীর এবং আজানুলম্বিত বাহুযুগল ছিল; অতএব তাঁহাকে দেখিলে বোধ হইত যেন ক্ষত্রিয় ধর্ম্ম স্বকার্য্যক্ষম শরীর পরিগ্রহ করিয়াছে, অর্থাৎ নরনাথ

আত্মকর্ম্মক্ষমং দেহং ক্ষাত্রো ধর্ম্মইবাশ্রিতঃ ॥ ১৩ ॥
সর্ব্বাতিরিক্তসারেণ সর্ব্বতেজোঽভিভাবিনা।
স্থিতঃ সর্ব্বোন্নতেনোর্ব্বীং ক্রান্ত্বা মেরুরিবাত্মনা ॥ ১৪ ॥
আকারসদৃশপ্রজ্ঞঃ প্রজ্ঞয়া সদৃশাগমঃ।
আগমৈঃ সদৃশারম্ভ আরম্ভসদৃশোদয়ঃ ॥ ১৫ ॥

ক্ষমং স্বব্যাপারানুরূপং দেহমাশ্রিতঃ প্রাপ্তঃ ক্ষাত্রঃ ক্ষত্রসম্বন্ধী ধর্ম্মইব স্থিতঃ মূর্ত্তিমান্ পরাক্রমইব স্থিতইত্যুৎপ্রেক্ষা ॥ ১৩ ॥

সর্ব্বাতিরিক্তেতি। সর্ব্বাতিরিক্তসারেণ সর্ব্বেভ্যোভূতেভ্যোঽধিকবলেন। "সারোবলে স্থিরাংশে চ" ইত্যমরঃ। সর্ব্বাণি ভূতানি তেজসা অভিভবতীতি সর্ব্বতেজোঽভিভাবী তেন, সর্ব্বেভ্যঃ উন্নতেনাত্মনা শরীরেণ। "আত্মা দেহে ধৃতৌ জীবে স্বভাবে পরমাত্মনি" ইতি বিশ্বঃ। মেরুরিব উর্ব্বীং ক্রান্ত্বা আক্রম্য স্থিতঃ। মেরাবপি বিশেষণানি তুল্যানি। "অষ্টাভিশ্চ সুরেন্দ্রাণাং মাত্রাভির্নির্ম্মিতো নৃপঃ। তস্মাদভিভবত্যেষ সর্ব্বভূতানি তেজসা" ইতি মনুবচনাদ্রাজ্ঞঃ সর্ব্বতেজোঽভিভাবিত্বং জ্ঞেয়ম্ ॥ ১৪ ॥

আকারেতি। আকারেণ মূর্ত্ত্যা সদৃশী প্রজ্ঞা যস্য সঃ, প্রজ্ঞয়া সদৃশাগমঃ প্রজ্ঞানুরূপ-শাস্ত্রপরিশ্রমঃ, আগমৈঃ সদৃশঃ আরম্ভঃ কর্ম্ম যস্য স তথোক্তঃ, আরভ্যত ইত্যারম্ভঃ কর্ম্ম, তৎসদৃশ উদয়ঃ ফলসিদ্ধির্যস্য স তথোক্তঃ ॥ ১৫ ॥

দিলীপকে দর্শনমাত্রেই বোধ হইত যেন ক্ষত্রিয়-পরাক্রম ভূভার হরণার্থ শরীর পরিগ্রহ করিয়াছে ॥ ১৩ ॥

তিনি সুমেরু পর্ব্বতের ন্যায় সর্ব্বাপেক্ষা সমধিক সারবান্, সকল তেজের পরাভবকারী সর্ব্বাপেক্ষা উন্নত শরীর দ্বারা পৃথিবীকে আক্রমণ করিয়া অবস্থান করিতেন। অর্থাৎ যেমন সুমেরু পর্ব্বত অধিক স্থান ব্যাপিয়া আছে, সেইরূপ রাজা দিলীপও লোকপালগণের তেজে তেজিয়ান্ হইয়া সমস্ত ভূমণ্ডলে আধিপত্য করিতেন ॥ ১৪ ॥

তিনি স্বীয় দেহানুরূপ বুদ্ধিমান্, বুদ্ধি সদৃশ শাস্ত্রজ্ঞানসম্পন্ন, শাস্ত্রজ্ঞানানুরূপ অনুষ্ঠানশালী ছিলেন এবং অনুষ্ঠানানুরূপ ফল প্রাপ্তও হইতেন ॥ ১৫ ॥

ভীমকান্তৈর্নৃপগুণৈঃ স বভূবোপজীবিনাম্ ।
অধৃষ্যশ্চাভিগম্যশ্চ যাদোরত্নৈরিবার্ণবঃ ॥ ১৬ ॥
রেখামাত্রমপি ক্ষুণ্ণাদামনোর্ব্বর্ত্মনঃ পরম্ ।

ভীমেতি। ভীমৈঃ কান্তৈশ্চ নৃপগুণৈঃ রাজগুণৈস্তেজঃপ্রতাপাদিভিঃ কুলশীলদাক্ষিণ্যাদিভিশ্চ স দিলীপঃ উপজীবিনামাশ্রিতানাং যাদোভিঃ জলজীবৈঃ। "যাদাংসি জলজন্তব" ইত্যমরঃ। রত্নৈশ্চ অর্ণব ইবাধৃষ্যঃ অনভিভবনীয়শ্চ অভিগম্য আশ্রয়ণীয়শ্চ বভূব ॥ ১৬ ॥

রেখামাত্রমিতি। নিয়ন্তুঃ শিক্ষকস্য সারথেশ্চ তস্য দিলীপস্য সম্বন্ধিন্যঃ নেমীনাং চক্রধারাণাং বৃত্তিরিব বৃত্তির্ব্যাপারো যাসাং তাঃ। "চক্রধারা প্রধির্নেমি"রিতি যাদবঃ। "চক্রং রথাঙ্গং তস্যান্তে নেমিঃ স্ত্রী স্যাৎ প্রধিঃ পুমা"নিত্যমরঃ। প্রজাঃ আমনোঃ মনুমারভ্যেত্যভিবিধিঃ। পদদ্বয়ঞ্চৈতৎ সমাসস্য বিভাষিতত্বাৎ। ক্ষুণ্ণাদভ্যস্তাৎ প্রহতাচ্চ বর্ত্মনঃ আচারপদ্ধতেরধ্বনশ্চ পরমধিকমিত্যর্থঃ। রেখা প্রমাণমস্যেতি রেখামাত্রং রেখাপ্রমাণমীষদপীত্যর্থঃ। প্রমাণে দ্বয়সজিত্যাদিনা মাত্রচ্প্রত্যয়ঃ। পরশব্দবিশেষণঞ্চৈতৎ

যেমন সমুদ্র জলজন্তু ও রত্নরাশি দ্বারা দুরধিগম্য ও আশ্রয়ণীয়, তদ্রূপ রাজা দিলীপ ভীষণ ও কমনীয় রাজগুণে উপজীবিগণের অনভিভবনীয় ও আশ্রয়ণীয় ছিলেন। অর্থাৎ যেমন ভয়াবহ জলজন্তুগণের ভীতিহেতু জলধি আশ্রিত লোকের ভয়ের কারণ হয়, অথচ সমুদ্রগর্ভে রত্নরাশি থাকাপ্রযুক্ত তাহাদের মন আকর্ষণ করিয়া থাকে, তদ্রূপ রাজা দিলীপেরও স্বীয় তেজ ও প্রতাপাদি ভয়প্রদ গুণ থাকায় আশ্রিত ব্যক্তিগণ সর্ব্বদা ভীতও থাকিত, অথচ তিনি আবার দয়া ও দাক্ষিণ্যাদি শান্তগুণ দ্বারা আশ্রিত ব্যক্তিদিগের মন আকর্ষণও করিতে পারিতেন ॥ ১৬ ॥

যেমন রথচালকের নেমি (চক্রধারা) আহত পথের অতিরিক্ত রেখামাত্রও অতিক্রম করে না, তদ্রূপ নরনাথ দিলীপের প্রজাগণ মনু হইতে প্রচলিত ও অভ্যস্ত আচার পদ্ধতির কিছুমাত্রও উল্লঙ্ঘন করিত না। অর্থাৎ যেমন সারথি-পরিচালিত রথের পশ্চাৎ দিগস্থ চক্র সম্মুখস্থ চক্রধারাঙ্কিত পথের অতিরিক্ত কেশপরিমাণ স্থানও অতিক্রম করে না, সেইরূপ প্রজাপালক

ন ব্যতীয়ুঃ প্রজাস্তস্য নিয়ন্তুর্নেমিবৃত্তয়ঃ ॥ ১৭ ॥
প্রজানামেব ভূত্যর্থং স তাভ্যো বলিমগ্রহীৎ।
সহস্রগুণমুৎস্রষ্টুমাদত্তে হি রসং রবিঃ ॥ ১৮ ॥
সেনা পরিচ্ছদস্তস্য দ্বয়মেবার্থসাধনম্।

ন ব্যতীয়ুঃ নাতিক্রান্তবত্যঃ। কুশলসারথিপ্রেষিতা রথনেময়ইব তস্য প্রজাঃ পূর্ব্বং ক্ষুণ্ণমার্গং ন জহুরিতি ভাবঃ ॥ ১৭ ॥

প্রজানামিতি। স রাজা প্রজানাং ভূত্যৈ অর্থায় ভূত্যর্থং বৃদ্ধ্যর্থমেব। অর্থেন সহ নিত্যসমাসঃ সর্ব্বলিঙ্গতা চ বক্তব্যা, গ্রহণ-ক্রিয়াবিশেষণঞ্চৈতৎ। তাভ্যঃ প্রজাভ্যো বলিং ষষ্ঠাংশরূপং করমগ্রহীৎ। "রাজদেয়ঃ করো বলি" রিত্যমরঃ। তথাহি রবিঃ, সহস্রং গুণা যস্মিন্ কর্ম্মণি তদ্যথা তথা সহস্রগুণং সহস্রধা উৎস্রষ্টুং দাতুম্। উৎসর্জ্জনক্রিয়াবিশেষণঞ্চৈতৎ। রসমম্বু আদত্তে গৃহ্লাতি "রসো গন্ধে রসে স্বাদে তিক্তাদৌ বিষরোগয়োঃ। শৃঙ্গারাদৌ দ্রবে বীর্য্যে দেহধাত্বম্বুপারদে" ইতি বিশ্বঃ ॥ ১৮ ॥

সম্প্রতি বুদ্ধিশৌর্য্যসম্পন্নস্য তস্যার্থসাধনেষু পরানপেক্ষত্বমাহ;—সেনেতি। তস্য রাজ্ঞঃ সেনা চতুরঙ্গবলং পরিচ্ছাদ্যতেঽনেনেতি পরিচ্ছদঃ উপকরণং বভূব ছত্রচামরাদিতুল্যমভূদিত্যর্থঃ। পুংসি সংজ্ঞায়াং ঘঃ

দিলীপের প্রকৃতিপুঞ্জ মনু প্রভৃতি রাজগণের প্রবর্ত্তিত নীতিমার্গ কিয়ৎপরিমাণেও উল্লঙ্ঘন করিত না ॥ ১৭ ॥

যেমন দিবাকর সহস্রগুণ জল দান করিবার নিমিত্ত জল আকর্ষণ করেন, তদ্রূপ রাজা দিলীপও প্রজাবর্গের মঙ্গলের নিমিত্তই তাহাদের নিকট হইতে করগ্রহণ করিতেন। অর্থাৎ রাজস্বগ্রহণের তাৎপর্য্য এই যে, চিকিৎসালয়, বিদ্যালয় প্রভৃতি প্রজার মঙ্গলসাধক কার্য্যে প্রচুর অর্থের প্রয়োজন, অতএব সেই সমস্ত কার্য্য-সিদ্ধির নিমিত্ত প্রকৃতিপুঞ্জের নিকট হইতে তাহাদিগকে সন্তুষ্ট করিয়া কিঞ্চিৎ কিঞ্চিৎ অর্থগ্রহণ পূর্ব্বক অর্থনীতির সাহায্যে সেই অর্থ অনেক গুণে বৃদ্ধি করিয়া কার্য্যে প্রয়োগ করিতেন ॥ ১৮ ॥

দিলীপের সেনা ছত্রচামরাদির ন্যায় তাঁহার পরিচ্ছদ ছিল; শাস্ত্রে অব্যাহত বুদ্ধি এবং শরাসনে আরোপিত মৌর্ব্বী, এই উভয়ই তাঁহার প্রয়োজন সাধন করিত। অর্থাৎ রাজসৌন্দর্য্য বর্দ্ধনার্থ যেমন ছত্র ও চামর

শাস্ত্রেম্বকুণ্ঠিতা বুদ্ধির্মৌর্বী ধনুষি চাততা॥ ১৯॥
তস্য সংবৃতমন্ত্রস্য গূঢ়াকারেঙ্গিতস্য চ।
ফলানুমেয়াঃ প্রারম্ভাঃ সংস্কারাঃ প্রাক্তনাইব॥ ২০॥

প্রায়েণেতি ঘপ্রত্যয়ঃ। ছাদের্ঘেহদ্ব্যুপসর্গস্যেতি উপধাহ্রস্বঃ। অর্থস্য প্রয়োজনস্য তু সাধনং দ্বয়মেব শাস্ত্রেম্বকুণ্ঠিতা অব্যাহতা বুদ্ধিঃ, ব্যাপৃতেত্যপি পাঠঃ। ধনুষি আততা আরোপিতা মৌর্ব্বী চ। "মৌর্ব্বী জ্যা শিঞ্জিনী গুণ" ইত্যমরঃ। নীতিপুরঃসরমেব তস্য শৌর্য্যমভূদিত্যর্থঃ॥ ১৯॥

রাজ্যমূলং মন্ত্রসংরক্ষণং তস্যাসীদিত্যাহ;—তস্যেতি। সংবৃতমন্ত্রস্য গুপ্তবিচারস্য। "বেদভেদে গুপ্তবাদে মন্ত্র" ইত্যমরঃ। শোকহর্ষাদিসূচকো ভ্রুকুটীমুখরাগাদিরাকারঃ, ইঙ্গিতং চেষ্টিতং হৃদয়গত বিকারো বা। "ইঙ্গিতং হৃদ্গতো ভাবো বহিরাকার আকৃতি" রিতি সজ্জনঃ। গূঢ়ে আকারেঙ্গিতে যস্য, স্বভাবচাপলাৎ আপ্তপরম্পরয়া (ভ্রমপরম্পরয়া ইতি পাঠান্তরম্) মুখরাগাদিলিঙ্গৈর্ব্বা অতৃতীয়গামিমন্ত্রস্য তস্য, প্রারভ্যন্ত ইতি প্রারম্ভাঃ সামাদ্যুপায়প্রয়োগাঃ। প্রাগিত্যব্যয়েন পূর্ব্বজন্মোচ্যতে, তত্র ভবাঃ প্রাক্তনাঃ। সায়ঞ্চিরেত্যাদিনা ট্যুল্‌প্রত্যয়ঃ। সংস্কারাঃ পূর্ব্বকর্ম্মবাসনাইব ফলেন কার্য্যেণানুমেয়া অনুমাতুং যোগ্যা আসন্। অত্র যাজ্ঞবল্ক্যঃ—"মন্ত্রমূলং যতো রাজ্যমতোমন্ত্রং সুরক্ষিতম্। কুর্য্যাদ্যথা তন্ন বিদুঃ কর্ম্মণামাফলোদয়া" দিতি॥ ২০॥

প্রভৃতি রাজচিহ্নের প্রয়োজন, তদ্রূপ তাঁহার সৈন্যগণও তাদৃশ কার্য্যই সম্পাদন করিত, কিন্তু যুদ্ধকার্য্যে তাহাদের প্রয়োজন হইত না; কারণ তিনি নীতিমার্গানুসারী বুদ্ধিবলে শৌর্য্য প্রকাশ করিতেন বলিয়া বিনা সংগ্রামেই শত্রুগণ হস্তগত হইত॥ ১৯॥

তাঁহার মন্ত্রণা (বিচার) এবং ভ্রুকুটি মুখরাগাদিরূপ আকার ও ইঙ্গিত এরূপ গূঢ় ছিল যে, তাহা জন্মান্তরীণ সংস্কারের ন্যায় ফল দ্বারাই অনুমিত হইত। অর্থাৎ মহারাজ দিলীপের মন্ত্রণা রক্ষা বিষয়ে সম্পূর্ণ দক্ষতা ছিল বলিয়া আকার এবং ইঙ্গিত দ্বারাও তাঁহার কার্য্য কেহই নির্দ্দেশ করিতে পারিত না; সুতরাং তাঁহার সামাদি উপায়প্রয়োগ কেবল ফল দ্বারা (কার্য্যদ্বারা) অনুমিত হইতে পারিত॥ ২০॥

জুগোপাত্মানমত্রস্তো ভেজে ধর্ম্মমনাতুরঃ।
অগৃধ্নুরাদদে সোঽর্থমসক্তঃ সুখমন্বভূৎ ॥ ২১ ॥
জ্ঞানে মৌনং ক্ষমা শক্তৌ ত্যাগে শ্লাঘাবিপর্য্যয়ঃ।

সম্প্রতি সামাদ্যুপায়ান্ বিনৈবাত্মরক্ষাদিকং কৃতবানিত্যাহ;—জুগোপেতি। অত্রস্তঃ অভীতঃ সন্। "ত্রস্তোভীরুভীরুকভীলুকা" ইত্যমরঃ। ত্রাসোপাধিমন্তরেণৈব ত্রিবর্গসিদ্ধেঃ প্রথমসাধনত্বাদেবাত্মানং শরীরং জুগোপ রক্ষিতবান্। অনাতুরঃ অরুগ্নএব ধর্ম্মং সুকৃতং ভেজে অর্জ্জিতবানিত্যর্থঃ। অগৃধ্নুরগর্দ্ধনশীলএব অর্থমাদদে স্বীকৃতবান্। গৃধ্নুস্তু গর্দ্ধনঃ। লুব্ধোঽভিলাষুকস্তৃষ্ণক্ সমৌ লোলুপলোলুভাবিত্যমরঃ। ত্রসিগৃধিধৃষিক্ষিপেঃ ক্নুরিতি ক্নুপ্রত্যয়ঃ। অসক্তঃ আসক্তিরহিতএব সুখমন্বভূৎ ॥ ২১ ॥

পরস্পরবিরুদ্ধানামপি গুণানাং তত্র সাহচর্য্যমাসীদিত্যাহ;—জ্ঞানইতি। জ্ঞানে পরবৃত্তান্তজ্ঞানে সত্যপি মৌনং বাঙ্নিয়মনং। যথাহ কামন্দকঃ "নান্যোপতাপি বচনং মৌনং ব্রতচরিষ্ণুতে"তি। শক্তৌ প্রতীকারসামর্থ্যেঽপি ক্ষমা অপকারসহনন্। অত্র চাণক্যঃ "শক্তানাং ভূষণং ক্ষমে"তি। ত্যাগে বিতরণে সত্যপি শ্লাঘায়া বিকত্থনস্য বিপর্য্যয়োঽভাবঃ। অত্রাহ মনুঃ "ন দত্ত্বা পরিকীর্ত্তয়ে" দিতি। ইত্থং তস্য গুণাঃ জ্ঞানাদয়ঃ গুণৈর্ব্বিরুদ্ধৈ-

---

তিনি ভীত না হইয়াও আত্মরক্ষা করিতেন, পীড়িত না হইয়াও ধর্ম্মাচরণ করিতেন, লোভ পরিত্যাগ করিয়া অর্থ গ্রহণ এবং আসক্ত না হইয়া সুখ অনুভব করিতেন। অর্থাৎ সাধারণ ব্যক্তিরা ভয়ের কারণ উপস্থিত হইলেই আত্মরক্ষা করিতে যত্নবান্ হয় এবং রুগ্ন হইলেই ধর্ম্মোপার্জ্জনে মনোযোগী হয়, অন্যথা তৎপ্রতি দৃষ্টিপাতও করে না, অপিচ উহারা সুখকর ভোগ্য বস্তুতে মন সমর্পণ পূর্ব্বক সুখানুভব করিয়া থাকে। কিন্তু দিলীপ তাদৃশ ব্যক্তির ন্যায় বিষয়ে আসক্ত হইয়া সুখভোগ করিতেন না। ॥ ২১ ॥

তিনি জ্ঞানসত্ত্বেও মৌনভাব অবলম্বন করিতেন, শক্তি থাকিতেও ক্ষমা করিতেন এবং দান করিয়া কদাচ শ্লাঘা করিতেন না; সুতরাং তাঁহার গুণ সকল মৌনাদি বিরুদ্ধ গুণের সহিত সামঞ্জস্য থাকা নিবন্ধন পরস্পর সহোদরের ন্যায় থাকিত। অর্থাৎ দিলীপ পরবৃত্তান্ত পরিজ্ঞাত থাকিয়াও তাহা প্রকাশ করিতেন না, দণ্ডবিধানের ক্ষমতা থাকিলেও তিনি তদ্বিষয়ে

গুণা গুণানুবন্ধিত্বাত্তস্য সপ্রসবাইব ॥ ২২ ॥
অনাকৃষ্টস্য বিষয়ৈর্ব্বিদ্যানাং পারদৃশ্বনঃ ।
তস্য ধর্ম্মরতেরাসীদ্ বৃদ্ধত্বং জরসা বিনা ॥ ২৩ ॥
প্রজানাং বিনয়াধানাদ্রক্ষণাদ্ভরণাদপি ।

মৌনাদিভিরনুবন্ধিত্বাৎ সহচারিত্বাং সহ প্রসবো জন্ম যেষাং তে সপ্রসবাঃ সোদরাইব অভূবন্ বিরুদ্ধা অপি গুণাস্তস্মিন্নবিরোধেনৈব স্থিতাইত্যর্থঃ ॥ ২২ ॥

দ্বিবিধং বৃদ্ধত্বং জ্ঞানেন বয়সা চ, তত্র তস্য জ্ঞানেন বৃদ্ধত্বমাহ ;—অনাকৃষ্টস্যেতি । বিষয়ৈঃ শব্দাদিভিঃ । "রূপং শব্দোগন্ধরসস্পর্শাশ্চ বিষয়া অমী" ইত্যমরঃ । অনাকৃষ্টস্যাবশীকৃতস্য, বিদ্যানাং বেদবেদাঙ্গাদীনাং পারদৃশ্বনঃ পারমন্তং দৃষ্টবতঃ । দৃশেঃ কনিপ্ । ধর্ম্মে রতির্যস্য তস্য রাজ্ঞঃ জরসা জরয়া বিনা । "বিস্রসা জরা"ইত্যমরঃ । ষিদ্ভিদাদিভ্যোঽঙ্ ইতি অঙ্প্রত্যয়ঃ । জরায়াঃ জরসন্যতরস্যাম্ ইতি জরসাদেশঃ । বৃদ্ধত্বং বার্দ্ধকমাসীৎ । তস্য যূনোঽপি বিষয়বৈরাগ্যাদিজ্ঞানগুণসম্পত্ত্যা জ্ঞানতোবৃদ্ধত্বমাসীদিত্যর্থঃ । নাথস্তু চতুর্ব্বিধং বৃদ্ধত্বমিতি জ্ঞাত্বা (কৃত্বা ইতি পাঠান্তরং দৃশ্যতে) অনাকৃষ্টস্যেত্যাদিনা বিশেষণত্রয়েণ বৈরাগ্যজ্ঞানশীলবৃদ্ধত্বান্যুক্তানীত্যবোচৎ ॥ ২৩ ॥

প্রজানামিতি । প্রজায়ন্তে ইতি প্রজাঃ জনাঃ । উপসর্গে চ সংজ্ঞায়াম্ ইতি অঙ্প্রত্যয়ঃ । "প্রজা স্যাৎ সন্ততৌ জনে" ইত্যমরঃ । তাসাং বিনয়স্য

ক্ষমা প্রদর্শন করিতেন এবং দান করিয়াও কদাচ আত্মগৌরব করিতেন না ; সুতরাং জ্ঞান ও শক্তি প্রভৃতি গুণ মৌন ও ক্ষমা প্রভৃতি বিরুদ্ধ গুণের সহিত একতা অবলম্বন করিয়া সোদর-সম তদীয় দেহে অবস্থান করিত ॥ ২২ ॥

শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই বিষয় দ্বারা অনাকৃষ্ট, বিদ্যার পারদর্শী এবং ধর্ম্মানুরক্ত রাজা দিলীপের জরা ব্যতিরেকে বার্দ্ধক্য হইয়াছিল । অর্থাৎ বিষয় ভোগে তাঁহার দৃঢ় আসক্তি ছিল না, তিনি সর্ব্বশাস্ত্রে বিশারদ ছিলেন এবং ধর্ম্মবিষয়ে তাঁহার ঐকান্তিক অনুরাগ ছিল ; সুতরাং জরাগ্রস্ত না হইয়াও তাঁহার বৃদ্ধোচিত জ্ঞান জন্মিয়াছিল ॥ ২৩ ॥

দিলীপ প্রজাবর্গের শিক্ষাবিধান, রক্ষা এবং ভরণ করিতেন বলিয়া তিনিই তাহাদিগের পিতা ছিলেন ; কিন্তু তাহাদের পিতা কেবল জন্মকর্ত্তা ছিল ।

স পিতা পিতরস্তাসাং কেবলং জন্মহেতবঃ ॥ ২৪ ॥
স্থিত্যৈ দণ্ডয়তো দণ্ড্যান্ পরিণেতুঃ প্রসূতয়ে।
অপ্যর্থকামৌ তস্যাস্তাং ধর্ম্মএব মনীষিণঃ ॥ ২৫ ॥

শিক্ষায়াঃ আধানাৎ করণাৎ সন্মার্গপ্রবর্ত্তনাদিতি যাবৎ, রক্ষণাদ্ভয়হেতুভ্যস্ত্রাণাৎ আপন্নিবারণাদিতি যাবৎ, ভরণাদন্নপানাদিভিঃ পোষণাদপি। অপিঃ সমুচ্চয়ে। স রাজা পিতা অভূৎ, তাসাং পিতরস্ত জন্মহেতবো জন্মমাত্রকর্ত্তারঃ কেবলমুৎপাদকাএবাভূবন্। জননমাত্রএব পিতৃণাং ব্যাপারঃ, সদা শিক্ষারক্ষণাদিকন্তু স এব করোতীতি তস্মিন্ পিতৃত্বব্যপদেশঃ। আহুশ্চ "স পিতা যস্ত পোষক" ইতি ॥ ২৪ ॥

স্থিত্যা ইতি। দণ্ডমর্হন্তীতি দণ্ড্যাঃ। দণ্ডাদিভ্যো যদিতি যৎপ্রত্যয়ঃ। অদণ্ড্যান্ দণ্ডয়ন্ রাজা দণ্ড্যাংশ্চৈবাপ্যদণ্ডয়ন্। অযশো মহদাপ্নোতি নরকঞ্চৈব গচ্ছতীতি শাস্ত্রবচনাৎ তান্ দণ্ড্যানেব স্থিত্যৈ লোকপ্রতিষ্ঠায়ৈ দণ্ডয়তঃ শিক্ষয়তঃ, প্রসূতয়ে সন্তানায় এব পরিণেতুঃ দারান্ পরিগৃহ্নতঃ মনীষিণো বিদুষো দোষজ্ঞস্যেতি যাবৎ। "বিদ্বান্ বিপশ্চিদ্দোষজ্ঞঃ সন্ সুধীঃ কোবিদো বুধঃ। ধীরো মনীষী" ইত্যমরঃ। তস্য অর্থকামাবপি ধর্ম্ম এবাস্তাং জাতৌ। অস্তের্লঙ্। অর্থকামসাধনয়োর্দ্দণ্ডবিবাহয়োর্লোকস্থাপনপ্রজোৎপাদনরূপধর্ম্মার্থত্বেন অনুষ্ঠানাদর্থকামাবপি ধর্ম্মশেষতামাপাদয়ন্ স রাজা ধর্ম্মোত্তরোঽভূদিত্যর্থঃ। আহ হি গৌতমঃ "ন পূর্ব্বাহ্নমধ্যন্দিনাপরাহ্নানফলান্ কুর্য্যাৎ যথাশক্তি ধর্ম্মার্থকামেভ্যঃ, তেষু ধর্ম্মোত্তরঃ স্যাৎ" ইতি ॥ ২৫ ॥

অর্থাৎ প্রজাপুঞ্জকে শিক্ষাদান, তাহাদের রক্ষণাবেক্ষণ এবং ভরণপোষণাদি পিতৃ্রুচিত সমস্ত কার্য্যই সম্পাদন করিতেন; কিন্তু তাহাদের স্ব স্ব পিতা জনয়িতা মাত্র ছিল ॥ ২৪ ॥

বিদ্বান্ সেই দিলীপ লোক স্থিতির নিমিত্ত দণ্ডনীয় ব্যক্তিকে শাস্তি প্রদান এবং সন্তানের নিমিত্ত দারপরিগ্রহ করিতেন; সুতরাং তাঁহার অর্থ এবং কামও ধর্ম্মে পরিণত হইত। অর্থাৎ অর্থদণ্ড করিয়া যে অর্থ প্রাপ্ত হইতেন, সেই অর্থ ন্যায়ানুগত কার্য্যদ্বারা লাভ হইত এবং বিধি উল্লঙ্ঘন না করিয়া কামসেবা করিতেন বলিয়া তাঁহার অর্থ এবং কামসেবা ধর্ম্মকার্য্য মধ্যেই পরিগণিত হইত ॥২৫॥

দুদোহ গাং স যজ্ঞায় শস্যায় মঘবা দিবম্।
সম্পদ্বিনিময়েনোভৌ দধতু র্ভুবনদ্বয়ম্ ॥ ২৬ ॥

দুদোহেতি। স রাজা যজ্ঞায় যজ্ঞং কর্ত্তুং গাং ভুবং দুদোহ করগ্রহণেন রিক্তাং চকারেত্যর্থঃ। মঘবা দেবেন্দ্রঃ শস্যায় শস্যং বর্দ্ধয়িতুং দিবং স্বর্গং দুদোহ দ্যুলোকান্মহীলোকে বৃষ্টিমুৎপাদয়ামাস ইত্যর্থঃ। ক্রিয়ার্থোপপদস্যে-ত্যাদিনা যজ্ঞশস্যাভ্যাং চতুর্থী। এবমুভৌ সম্পদো বিনিময়েন পরস্পরমাদান-প্রতিদানাভ্যাং ভুবনদ্বয়ং দধতুঃ পুপুষতুঃ। রাজা যজ্ঞৈরিন্দ্রলোকমিন্দ্রশ্চ উদকেন ভূলোকং পুপোষেত্যর্থঃ। উক্তঞ্চ দণ্ডনীতৌ, "রাজা ত্বর্থান্ সমাহৃত্য কুর্য্যাদিন্দ্রমহোৎসবম্। প্রীণিতো মেঘবাহস্তু মহতীং বৃষ্টিমাবহে" দিতি ॥ ২৬ ॥

রাজা দিলীপ যজ্ঞ করিবার নিমিত্ত পৃথিবী দোহন করিতেন এবং ইন্দ্র শস্যবর্দ্ধনের নিমিত্ত স্বর্গ দোহন করিতেন; উভয়ে এইরূপ সম্পদ্-বিনিময় দ্বারা উভয় লোক পোষণ করিতেন। অর্থাৎ রাজা করগ্রহণ দ্বারা পৃথিবী ক্ষীণা করিতেন ও সেই অর্থ দ্বারা যজ্ঞ করিয়া ইন্দ্রলোক পোষণ করিতেন এবং ইন্দ্র জল গ্রহণ করিয়া মেঘ ক্ষীণ করিতেন ও সেই জলবর্ষণ দ্বারা ভূলোক পরিপোষণ করিতেন। এস্থলে এই প্রশ্ন হইতে পারে যে, যজ্ঞ দ্বারা ইন্দ্রলোক এবং বৃষ্টিদ্বারা ভূলোক কি প্রকারে পরিপুষ্ট হয়? এই প্রশ্নের উত্তর এই যে, পূর্ব্বকালে রাজস্বরূপে যে অর্থ সংগৃহীত হইত, সেই অর্থদ্বারা নরপতিগণ যজ্ঞক্রিয়া সম্পাদন করিতেন। দেবতাগণ যজ্ঞভাগ প্রাপ্ত হইতেন বলিয়া দিলীপ স্বর্গলোক পোষণ করিতেন, ইহা বলা যাইতে পারে। পক্ষান্তরে উহার তাৎপর্য্য এইরূপ। উক্ত যজ্ঞীয় বাষ্প বায়ুর সহিত মিশ্রিত থাকা বশতঃ উহা দ্বারা সুরলোক পরিপুষ্ট হইত। এই নিমিত্ত মেঘবাহ (ইন্দ্র) প্রীত হইয়া সেই বাষ্পদ্বারা মেঘ উৎপাদন করিয়া মহীতলে জলবর্ষণ করিতেন। সেই যজ্ঞীয় বাষ্প হইতে যে মেঘ উৎপন্ন হইত, তাহাতে ঘৃতাদি উৎকৃষ্ট পদার্থ সকল থাকিত বলিয়া উহার জলে পৃথিবীর উর্ব্বরা শক্তি অত্যন্ত বৃদ্ধি হইত। সুতরাং উক্ত জলদ্বারা শস্যের বিশেষ উন্নতিই সংসাধিত হইত। কিন্তু এইক্ষণকার বৃষ্টির জলে সেইরূপ উপাদান নাই বলিয়া পূর্ব্বাপেক্ষা পৃথিবীর উর্ব্বরতাও অনেকাংশে হ্রাসপ্রাপ্ত হইয়াছে, সন্দেহ নাই। এইরূপে দিলীপ এবং ইন্দ্র উভয়ে পরস্পর সম্পত্তির বিনিময় দ্বারা স্বর্গ এবং মর্ত্ত্যলোক পোষণ করিতেন ॥ ২৬ ॥

ন কিলানুযযুস্তস্য রাজানো রক্ষিতুর্যশঃ।
ব্যাবৃত্তা যৎপরস্বেভ্যঃ শ্রুতৌ তস্করতা স্থিতা ॥ ২৭ ॥
দ্বেষ্যোঽপি সম্মতঃ শিষ্টস্তস্যার্ত্তস্য যথৌষধম্।
ত্যাজ্যো দুষ্টঃ প্রিয়োঽপ্যাসীদঙ্গুলীবোরগক্ষতা ॥ ২৮ ॥
তং বেধা বিদধে নূনং মহাভূতসমাধিনা।

ন কিলেতি। রাজানোঽন্যে নৃপাঃ রক্ষিতুর্ভয়েভ্যস্ত্রাতুস্তস্য রাজ্ঞো যশো নানুযযুঃ কিল নানুচক্রুঃ খলু, যৎ যস্মাৎ কারণাৎ তস্করতা চৌর্য্যং পরস্বেভ্যঃ পরধনেভ্যঃ স্ববিষয়ভূতেভ্যো ব্যাবৃত্তা সতী শ্রুতৌ বাচকশব্দে স্থিতা প্রবৃত্তা অপহার্য্যভাবাত্তস্করশব্দএবাপহৃত ইত্যর্থঃ। অথবা অত্যন্তাসত্যপি হ্যর্থে জ্ঞানং শব্দঃ করোতি হীতি ন্যায়েন শব্দে স্থিতা স্ফুরিতা ন স্বরূপতোঽস্তীত্যর্থঃ ॥ ২৭ ॥

দ্বেষ্য ইতি। শিষ্টো জনো দ্বেষ্যঃ শত্রুরপ্যার্ত্তস্য রোগিণ ঔষধং যথা ঔষধমিব তস্য সম্মতোঽনুমত আসীৎ, দুষ্টোজনঃ প্রিয়োঽপি প্রেমাস্পদীভূতোঽপি উরগক্ষতা সর্পদষ্টা অঙ্গুলীব "ছিন্দ্যাদ্বাহুমপি দুষ্টাত্মন" ইতি ন্যায়াৎ ত্যাজ্য আসীৎ। তস্য শিষ্ট এব বন্ধুর্দুষ্ট এব শত্রুরিত্যর্থঃ ॥ ২৮ ॥

তস্য পরোপকারিত্বমাহ;—তমিতি। বেধাঃ স্রষ্টা। "স্রষ্টা প্রজাপতির্বেধা" ইত্যমরঃ। তং দিলীপং সমাধীয়তেঽনেনেতি সমাধিঃ কারণসামগ্রী মহা-

অন্যান্য ভূপালগণ সেই রক্ষিতা রাজার যশের অনুকরণ করিতে পারেন নাই; কেন না, তাঁহার শাসন সময়ে চৌর্য্যবৃত্তি পরস্ব হইতে অপসৃত হইয়া কেবল কথায় অবস্থিতি করিত। অর্থাৎ রাজা দিলীপের শাসনকালে তস্করতা (চৌর্য্য) মূলেই ছিল না, কেবল নামমাত্রে পর্য্যবসিত হইয়াছিল। কিন্তু অপরাপর রাজার রাজত্বকালে পরস্বাপহরণ হইত বলিয়া দিলীপের শাসনের সহিত অপরের শাসনের পার্থক্য ছিল ॥ ২৭ ॥

শিষ্ট ব্যক্তি দ্বেষের পাত্র হইলেও রোগীর ঔষধের ন্যায় আদৃত হইতেন, পরন্তু দুষ্টব্যক্তি প্রিয় হইলেও সর্পদষ্ট অঙ্গুলীর ন্যায় দিলীপ কর্ত্তৃক পরিত্যক্ত হইত। অর্থাৎ সাধু ব্যক্তি দিলীপের বন্ধু এবং দুষ্ট ব্যক্তি শত্রু ছিল ॥ ২৮ ॥

দিলীপের গুণসকল পরোপকার কার্য্যে রত থাকিত বলিয়া বোধ হইত যেন বিধাতা তাঁহাকে মহাভূত-নির্ম্মাণের উপকরণসামগ্রী দ্বারাই

তথাহি সর্ব্বে তস্যাসন্ পরার্থৈকফলা গুণাঃ ॥ ২৯ ॥
স বেলাবপ্রবলয়াং পরিখীকৃতসাগরাম্ ।
অনন্যশাসনামুর্ব্বীং শশাসৈকপুরীমিব ॥ ৩০ ॥
তস্য দাক্ষিণ্যরূঢ়েন নাম্না মগধবংশজা ।

ভূতানাং যঃ সমাধিস্তেন মহাভূতসমাধিনা বিদধে সসর্জ্জ নূনং ধ্রুবমিত্যুৎপ্রেক্ষা । তথাহি তস্য রাজ্ঞঃ সর্ব্বে গুণাঃ রূপরসাদিমহাভূতগুণবদেব পরার্থঃ পরপ্রয়োজনমেবৈকং মুখ্যং ফলং যেষাং তে তথোক্তা আসন্ । মহাভূতগুণোপমানেন কারণগুণাঃ কার্য্যে সংক্রামন্তীতি ন্যায়ঃ সূচিতঃ ॥ ২৯ ॥

স ইতি । স দিলীপঃ বেলাঃ সমুদ্রকূলানি । "বেলা কূলেঽপি বারিধে"রিতি বিশ্বঃ । তা এব বপ্রবলয়াঃ প্রাকারবেষ্টনানি যস্যাঃ তাম্ । "স্যাচ্চয়োবপ্রমস্ত্রিয়াম্ । প্রাকারোবরণঃ শালঃ প্রাচীরং প্রান্ততোবৃতি"রিত্যমরঃ । পরিতঃ খাতং পরিখা দুর্গবেষ্টনং খাতম্ । "খেয়ন্তু পরিখে"ত্যমরঃ । অন্যেষপি দৃশ্যত ইত্যত্র অপিশব্দাৎ খনের্ডপ্রত্যয়ঃ । অপরিখাঃ পরিখাঃ সম্পদ্যমানাঃ কৃতাঃ পরিখীকৃতাঃ সাগরা যস্যা স্তাম্ । অভূততদ্ভাবে চ্বিঃ । অবিদ্যমানমন্যস্য রাজ্ঞঃ শাসনং যস্যা স্তাম্ অনন্যশাসনামুর্ব্বীমেকপুরীমিব শশাস অনায়াসেন শাসিতবানিত্যর্থঃ ॥ ৩০ ॥

তস্যেতি । তস্য রাজ্ঞঃ মগধবংশে জাতা মগধবংশজা । সপ্তম্যাঞ্জনের্ড ইতি ডপ্রত্যয়ঃ । এতেনাভিজাত্যমুক্তম্ । দাক্ষিণ্যং পরচ্ছন্দানুবর্ত্তনম্ । "দক্ষিণঃ সরলোদারপরচ্ছন্দানুবর্ত্তিষু" ইতি শাশ্বতঃ । তেন রূঢ়ং প্রসিদ্ধং তেন নাম্না

নির্ম্মাণ করিয়াছেন। অর্থাৎ আকাশ, বায়ু, অগ্নি, জল ও ক্ষিতি এই পঞ্চ মহাভূতের যথাক্রমে শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই গুণ গুলি যেমন পরের উপকার ব্রতেই রত, সেইরূপ প্রজাপালক দিলীপের গুণগ্রামের পরোপকার সংসাধনই একমাত্র কার্য্য ছিল ॥ ২৯ ॥

তিনি সাগর পরিখা পরিশোভিত বেলাভূমি দ্বারা প্রাকার বেষ্টিত অনন্যাধীন অবনীমণ্ডল একমাত্র পুরীর ন্যায় শাসন করিতেন। অর্থাৎ সমুদ্র তটই তাঁহার রাজ্যের প্রাকারবেষ্টন স্বরূপ ছিল, মহাসাগরই পরিখা স্বরূপ ছিল এবং তাঁহার রাজ্যমধ্যে অন্য কোন স্বাধীন রাজা ছিল না ॥ ৩০ ॥

যজ্ঞের পত্নী দক্ষিণার ন্যায় মগধবংশ-প্রভবা পরচ্ছন্দানুবর্ত্তনে (পরের

পত্নী সুদক্ষিণেত্যাসীদধ্বরস্যেব দক্ষিণা ॥ ৩১ ॥
কলত্রবন্তমাত্মানমবরোধে মহত্যপি।
তয়া মেনে মনস্বিন্যা লক্ষ্ম্যা চ বসুধাধিপঃ ॥ ৩২ ॥
তস্যামাত্মানুরূপায়ামাত্মজন্মসমুৎসুকঃ।
বিলম্বিতফলৈঃ কালং স নিনায় মনোরথৈঃ ॥ ৩৩ ॥

অধ্বরস্য যজ্ঞস্য দক্ষিণাখ্যা পত্নীব সুদক্ষিণা ইতি প্রসিদ্ধা পত্নী আসীৎ। অত্র শ্রুতিঃ, "যজ্ঞো বৈ গন্ধর্ব্বস্তস্য দক্ষিণা অপ্সরস ইতি দক্ষিণায়া দাক্ষিণ্যং নাম ঋত্বিজোদক্ষিণত্বং প্রাপকত্বং তে দক্ষন্তে দক্ষিণাং প্রতিগৃহ্যেতি চ" ॥ ৩১ ॥

কলত্রবন্তমিতি। বসুধাধিপঃ অবরোধে অন্তঃপুরবর্গে মহতি সত্যপি মনস্বিন্যা দৃঢ়চিত্তয়া পতিচিত্যানুবৃত্ত্যাদিনির্ব্বন্ধক্ষময়েত্যর্থঃ তয়া সুদক্ষিণয়া লক্ষ্ম্যা চ আত্মানং কলত্রবন্তং ভার্য্যাবন্তং মেনে। "কলত্রং শ্রোণিভার্য্যয়ো"রিত্যমরঃ। বসুধাধিপ ইত্যনেন বসুধয়া নেতি গম্যতে ॥ ৩২ ॥

তস্যামিতি। স রাজা আত্মানুরূপায়াং তস্যাং আত্মনো জন্ম যস্যাসৌ আত্মজন্মা পুত্রস্তস্মিন্ সমুৎসুকঃ যদ্বা আত্মনো জন্মনি পুত্ররূপেণোৎপত্তৌ সমুৎসুকঃ সন্। "আত্মা বৈ পুত্রনামাসি"ইতি শ্রুতেঃ। বিলম্বিতং ফলং পুত্রপ্রাপ্তিরূপং যেষাং তৈর্ম্মনোরথৈঃ, কদা মে পুত্রো ভবে দিত্যাশাভিঃ কালং নিনায় যাপয়ামাস ॥ ৩৩ ॥

অভিলাষ পূরণে) লব্ধপ্রতিষ্ঠা সুদক্ষিণা নামে নরনাথের এক মহিষী ছিলেন ॥ ৩১ ॥

তাঁহার বহুসংখ্যক অন্তঃপুরচারিণী ধর্ম্মপত্নী থাকিলেও মহীপাল দিলীপ কেবল মনস্বিনী সুদক্ষিণা এবং রাজলক্ষ্মী দ্বারাই আপনাকে কলত্রবান্ বলিয়া মনে করিতেন ॥ ৩২ ॥

রাজা সেই অনুরূপ পত্নীতে পুত্রোৎপত্তি বিষয়ে সমুৎসুক (অভিলাষী) হইয়া দীর্ঘকালে ফল ফলিবে এই মানসে কালযাপন করিতে লাগিলেন। অর্থাৎ রাজমহিষী সুদক্ষিণাতে কবে পুত্রোৎপন্ন হইবে, এই চিন্তা করিতে করিতে কালাতিপাত করিতে লাগিলেন ॥ ৩৩ ॥

সন্তানার্থায় বিধয়ে স্বভুজাদবতারিতা।
তেন ধূর্জ্জগতো গুর্ব্বী সচিবেষু নিচিক্ষিপে॥ ৩৪॥
অথাভ্যর্চ্চ্য বিধাতারং প্রযতৌ পুত্ত্রকাম্যয়া।
তৌ দম্পতী বশিষ্ঠস্য গুরোর্জ্জগ্মতুরাশ্রমম্॥ ৩৫॥
স্নিগ্ধগম্ভীরনির্ঘোষমেকং স্যন্দনমাস্থিতৌ।

সন্তানেতি। তেন দিলীপেন সন্তানঃ অর্থঃ প্রয়োজনং যস্য তস্মৈ সন্তানার্থায় বিধয়ে অনুষ্ঠানায় স্বভুজাৎ অবতারিতা অবরোপিতা জগতো লোকস্য গুর্ব্বী ধূর্ভারঃ সচিবেষু নিচিক্ষিপে নিহিতা॥ ৩৪॥

অথেতি। অথ ধুরোঽবতারণানন্তরং পুত্ত্রকাম্যয়া আত্মনঃ পুত্ত্রেচ্ছয়া। কাম্যচ্চেতি পুত্ত্রশব্দাৎ কাম্যচ্প্রত্যয়ঃ। অপ্রত্যয়াদিতি পুত্ত্রকাম্যধাতোরকারপ্রত্যয়ঃ ততষ্টাপ্। তয়া। তৌ দম্পতী জায়াপতী। রাজদন্তাদিষু জায়াশব্দস্য দমিতি নিপাতনাৎ সাধুঃ। প্রযতৌ পূতৌ বিধাতারং ব্রহ্মাণমভ্যর্চ্চ্য। "স খলু পুত্ত্রার্থিভিরুপাস্যত" ইতি মান্ত্রিকাঃ। গুরোঃ কুলগুরোর্ব্বশিষ্ঠস্যাশ্রমং জগ্মতুঃ পুত্ত্রপ্রাপ্ত্যুপায়াপেক্ষয়েতি শেষঃ॥ ৩৫॥

স্নিগ্ধেতি। স্নিগ্ধো মধুরো গম্ভীরো নির্ঘোষো যস্য তমেকং স্যন্দনং রথং প্রাবৃষি ভবঃ প্রাবৃষেণ্যঃ। প্রাবৃষ এণ্য ইতি এণ্যপ্রত্যয়ঃ। তং প্রাবৃষেণ্যং পয়োবাহং মেঘং বিদ্যুদৈরাবতাবিব আস্থিতৌ আরূঢৌ জগ্মতুরিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। ইরা আপঃ। "ইরা ভূবাক্সুরাপ্সু স্যা"দিত্যমরঃ। ইরাবান্ সমুদ্রস্তত্র ভব ঐরাবতোঽভ্রমাতঙ্গঃ। "ঐরাবতোঽভ্রমাতঙ্গৈরাবণাভ্রমুবল্লভা" ইত্যমরঃ। অভ্রমাতঙ্গত্বাচ্চাভ্রস্থত্বাদভ্ররূপত্বাদিতি ক্ষীরস্বামী। অতএব মেঘারোহণং বিদ্যুৎসাহচর্য্যঞ্চ ঘটতে। কিঞ্চ বিদ্যুত ঐরাবতসাহচর্য্যা-

অনন্তর রাজা দিলীপ সন্তানোদ্দেশে কার্য্যবিশেষের অনুষ্ঠানের নিমিত্ত পৃথিবীর গুরুতরভার স্বীয় ভুজযুগল হইতে অবতারণ করিয়া সচিবদিগের হস্তে সমর্পণ করিলেন॥ ৩৪॥

রাজা ও রাজমহিষী উভয়ে পুত্ত্রকামনায় বিশুদ্ধচিত্তে বিধাতাকে অর্চ্চনা করিয়া কুলগুরু বশিষ্ঠের আশ্রমে গমনার্থ উদ্যোগ করিতে লাগিলেন॥ ৩৫॥

বর্ষাকালের মেঘমালায় সমারূঢ় বিদ্যুৎ ও ঐরাবতের (ইন্দ্রের হস্তীর)

প্রাবৃষেণ্যং পয়োবাহং বিদ্যুদৈরাবতাবিব ॥ ৩৬ ॥
মা ভূদাশ্রমপীড়েতি পরিমেয়পুরঃসরৌ।
অনুভাববিশেষাত্তু সেনাপরিবৃতাবিব ॥ ৩৭ ॥
সেব্যমানৌ সুখস্পর্শৈঃ শালনির্য্যাসগন্ধিভিঃ।
পুষ্পরেণূৎকিরৈর্ব্বাতৈরাধূতবনরাজিভিঃ ॥ ৩৮ ॥

দেব ঐরাবতী সংজ্ঞা ঐরাবতস্য স্ত্রী ঐরাবতীতি ক্ষীরস্বামী, তস্মাৎ সুষ্ঠূক্তং বিদ্যুদৈরাবতাবিব ইতি। একরথারোহণোক্ত্যা কার্য্যসিদ্ধিবীজং দম্পত্যো-রত্যন্তসৌমনস্যং সূচয়তি ॥ ৩৬ ॥

মা ভূদিতি। পুনঃ কথম্ভূতৌ দম্পতী, আশ্রমপীড়া মা ভূৎ মাস্ত্বিতি হেতোঃ। মাঙি লুঙিত্যাশীরর্থে লুঙ্, ন মাঙ্ যোগ ইত্যড়াগমনিষেধঃ। পরিমেয়পুরঃসরৌ পরিমিতপরিচরৌ, অনুভাববিশেষাত্তু তেজোবিশেষাৎ সেনাপরিবৃতাবিব স্থিতৌ ॥ ৩৭ ॥

সেব্যমানাবিতি। পুনঃ কথম্ভূতৌ, সুখঃ শীতত্বাৎ প্রিয়ঃ স্পর্শো যেষাং তৈঃ শালনির্য্যাসগন্ধিভিঃ সর্জ্জতরুনিস্যন্দনগন্ধবদ্ভিঃ। "শালঃ সর্জ্জতরুঃ স্মৃত" ইতি শাশ্বতঃ। উৎকিরন্তি বিক্ষিপন্তীতি উৎকিরাঃ। ইগুপধেত্যাদিনা কিরতেঃ কপ্রত্যয়ঃ। পুষ্পরেণূনামুৎকিরাস্তৈঃ আধূতাঃ মান্দ্যাদীষৎ কম্পিতা বন-রাজয়ো যৈস্তৈর্বাতৈঃ সেব্যমানৌ ॥ ৩৮ ॥

ন্যায় রাজা ও রাজমহিষী মধুর গম্ভীর শব্দসম্পন্ন এক রথে আরোহণ করিয়া আশ্রমাভিমুখে যাত্রা করিলেন ॥ ৩৬ ॥

তিনি আশ্রম পীড়া ঘটিবে বলিয়া পরিমিত পরিচারক সমভিব্যাহারে লইলেন, কিন্তু তাঁহার তেজঃপ্রভাবে বোধ হইতে লাগিল যেন দিলীপ বহু সৈন্যাবৃত হইয়া গমন করিতেছেন ॥ ৩৭ ॥

তখন পুষ্পরেণু-বিক্ষেপকারী বনরাজি কম্পিতকারী, শালনির্যাস-গন্ধ-বাহী সুখস্পর্শ বায়ু কর্ত্তৃক রাজা ও রাজমহিষী পরিসেবিত হইতে লাগি-লেন। অর্থাৎ তাঁহাদিগের গমন কালে ধূনার গন্ধযুক্ত সুখস্পর্শ বায়ু, পুষ্পরেণু-বিক্ষেপকারী বনরাজি ঈষৎ কম্পিত করিয়া তাঁহাদিগকে সেবা করিতে লাগিল ॥ ৩৮ ॥

মনোঽভিরামাঃ শৃণ্বন্তৌ রথনেমিস্বনোন্মুখৈঃ।
ষড়্‌জসংবাদিনীঃ কেকা দ্বিধা ভিন্নাঃ শিখণ্ডিভিঃ ॥ ৩৯ ॥
পরস্পরাক্ষিসাদৃশ্যমদূরোজ্‌ঝিতবর্ত্মসু ।

মন ইতি। রথনেমিস্বনোন্মুখৈ র্মেঘধ্বনিশঙ্কয়া উন্নমিতমুখৈরিত্যর্থঃ। শিখণ্ডিভির্ম্ময়ূরৈর্দ্বিধা ভিন্নাঃ শুদ্ধবিকৃতভেদেন আবিস্কৃতাবস্থায়াং চ্যুতাচ্যুতভেদেন বা ষড়্‌জো দ্বিবিধঃ তৎসাদৃশ্যাৎ কেকা অপি দ্বিধা ভিন্না ইত্যুচ্যতে অতএবাহ ষড়্‌জসংবাদিনীরিতি, ষড়্‌ভ্যঃ স্থানেভ্যো জাতঃ ষড়্‌জঃ। তদুক্তং "নাসাং কণ্ঠমুরস্তালুজিহ্বাদন্তাংশ্চ সংস্পৃশন্। ষড়্‌ভ্যঃ সঞ্জায়তে যস্মাত্তস্মাৎ ষড়্‌জ ইতি স্মৃতঃ"। সচ তন্ত্রীকণ্ঠজন্মা স্বরবিশেষঃ। "নিষাদর্ষভগান্ধারষড়্‌জমধ্যমধৈবতা। পঞ্চমশ্চেত্যমী সপ্ত তন্ত্রীকণ্ঠোত্থিতাঃ স্বরাঃ" ইত্যমরঃ। ষড়্‌জেন সংবাদিনীঃ সদৃশীঃ। তদুক্তং মাতঙ্গেন, ষড়্‌জেন ময়ূরোবদতীতি। মনোঽভিরামাঃ মনসঃ প্রিয়াঃ, কে মূর্দ্ধ্নি কায়ন্তি ধ্বনন্তীতি কেকাঃ ময়ূরবাণ্যঃ। "কেকা বাণী ময়ূরস্যে"ত্যমরঃ। তাঃ কেকাঃ শৃণ্বন্তাবিতি শ্লোকার্থঃ ॥ ৩৯ ॥

পরস্পরেতি। বিশ্রম্ভাদদূরং সমীপং যথা ভবতি তথা উজ্‌ঝিতং বর্ত্ম যৈস্তেষু স্যন্দনাবদ্ধদৃষ্টিষু স্যন্দনে রথে আবদ্ধা আসঞ্জিতা দৃষ্টির্নেত্রং যৈ-

---

তাঁহারা পথিমধ্যে রথচক্রের ঘর্ঘরশব্দে উন্মুখ শিখিগণের ষড়্‌জস্বর সদৃশ পরিশুদ্ধ এবং বিকৃত ভেদে দ্বিবিধ মনোমুগ্ধকর কেকারব শ্রবণ করিতে লাগিলেন। অর্থাৎ নাসা, কণ্ঠ, উরঃ, তালু, জিহ্বা ও দন্ত এই ছয় স্থান স্পর্শ করিয়া যে স্বর উৎপন্ন হয়, তাহার নাম ষড়্‌জ ; উক্ত ষড়্‌জ শুদ্ধ ও বিকৃত ভেদে দ্বিবিধ ; এই ষড়্‌জের সহিত ময়ূরধ্বনির সাদৃশ্য আছে বলিয়া এস্থলে কবি বলিয়াছেন "ষড়্‌জসংবাদিনী (ষড়্‌জ সদৃশী) কেকা দ্বিধা ভিন্না"। অতএব ময়ূরধ্বনিও ষড়্‌জের ন্যায় শুদ্ধ এবং বিকৃত ভেদে দুই প্রকার। সুতরাং এই শ্লোকের তাৎপর্য্যার্থ এই যে, দিলীপের রথচক্রধ্বনি শ্রবণ করিয়া মেঘধ্বনি আশঙ্কায় উন্মুখ ময়ূরগণের শুদ্ধ ও বিকৃত ভেদে দ্বিবিধ মনোহর কেকারব তাঁহারা শ্রবণ করিতে লাগিলেন ॥ ৩৯ ॥

তাঁহারা বিশ্বাস বশতঃ পথ পরিত্যাগ পূর্ব্বক অদূরে দণ্ডায়মান রথবদ্ধদৃষ্টি মৃগমিথুন সমূহের চক্ষুতে পরস্পরের অক্ষির সাদৃশ্য সন্দর্শন

মৃগদ্বন্দ্বেষু পশ্যন্তৌ স্যন্দনাবদ্ধদৃষ্টিষু ॥ ৪০ ॥
শ্রেণীবন্ধাদ্বিতন্বদ্ভিরস্তম্ভাং তোরণস্রজম্।
সারসৈঃ কলনির্হ্রাদৈঃ ক্বচিদুন্নমিতাননৌ ॥ ৪১ ॥
পবনস্যানুকূলত্বাৎ প্রার্থনাসিদ্ধিশংসিনঃ।

ন্তেষু "দৃগ্ দৃষ্টি লোচনচক্ষুর্নয়নাম্বকেক্ষণাক্ষীণী"তি হলায়ুধঃ। কৌতুকবশাদ্রথাসক্তদৃষ্টিম্বিত্যর্থঃ। মৃগ্যশ্চ মৃগাশ্চ পুমান্ স্ত্রিয়েত্যেকশেষঃ। তেষাং দ্বন্দ্বেষু মিথুনেষু। "স্ত্রীপুংসৌ মিথুনং দ্বন্দ্বং"ইত্যমরঃ। পরস্পরাক্ষ্ণাং সাদৃশ্যং পশ্যন্তৌ। দ্বন্দ্বশব্দসামর্থ্যাৎ মৃগীষু সুদক্ষিণাক্ষিসাদৃশ্যং, দিলীপাক্ষিসাদৃশ্যং মৃগেম্বিত্যেব বিবেক্তব্যম্ ॥ ৪০ ॥

শ্রেণীতি। শ্রেণীবন্ধাৎ পঙ্‌ক্তিবন্ধনাদ্ধেতোঃ অস্তম্ভাম্ আধারস্তম্ভরহিতাং তোরণং বহির্দ্বারম্। "তোরণোঽস্ত্রী বহির্দ্বারম্" ইত্যমরঃ। তত্র যা স্রগ্বিরচ্যতে তাং তোরণস্রজং বিতন্বদ্ভিঃ কুর্ব্বদ্ভিরিবেত্যর্থঃ। উৎপ্রেক্ষাব্যঞ্জকেবশব্দপ্রয়োগাভাবেঽপি গম্যোৎপ্রেক্ষেয়ম্। কলনির্হ্রাদৈঃ অব্যক্তমধুরধ্বনিভিঃ সারসৈঃ পক্ষিবিশেষৈঃ করণৈঃ ক্বচিদুন্নমিতাননৌ। "সারসো-মৈথুনী কামী গোনর্দ্দঃ পুষ্করাহ্বয়" ইতি যাদবঃ ॥ ৪১ ॥

পবনস্যেতি। প্রার্থনাসিদ্ধিশংসিনঃ অনুকূলত্বাদেব মনোরথসিদ্ধিসূচ-

---

করিতে লাগিলেন। অর্থাৎ যুগল মৃগসকল তাঁহাদের রথপথ পরিত্যাগ পূর্ব্বক বিশ্বাস বশতঃ অদূরে দণ্ডায়মান হইয়া রথ অবলোকন করিতে লাগিল; সুতরাং রাজা দিলীপ মৃগীলোচনে সুদক্ষিণার অক্ষি সাদৃশ্য এবং সুদক্ষিণা মৃগলোচনে দিলীপের চক্ষুর সাদৃশ্য দর্শন করিতে লাগিলেন ॥ ৪০ ॥

কোন স্থানে তাঁহারা উন্নমিত মুখে দেখিতে লাগিলেন, সারস সকল কলধ্বনি করিয়া শূন্যপথে শ্রেণীবদ্ধতা প্রযুক্ত আধারস্তম্ভরহিত তোরণমালার শোভা বিস্তার পূর্ব্বক গমন করিতেছে। অর্থাৎ কোন স্থানে সুমধুর অস্ফুটধ্বনি করিতে করিতে সারস সকল শ্রেণীবদ্ধ হইয়া আকাশ পথে বিচরণ করিতেছে, তাহাতে বোধ হইল যেন গগনমণ্ডলে আধারস্তম্ভ রহিত তোরণে মালা দোদুল্যমান হইতেছে। রাজা ও রাজমহিষী ঊর্দ্ধদিকে দৃষ্টিপাত করিয়া তাহা দর্শন করিতে লাগিলেন ॥ ৪১ ॥

মনোরথ-সিদ্ধিসূচক বায়ুর অনুকূলতা বশতঃ অশ্বখুরক্ষুণ্ণ ধূলিরাশি

রজোভিস্তুরগোৎকীর্ণৈরস্পৃষ্টালকবেষ্টনৌ ॥ ৪২ ॥
সরসীষ্বরবিন্দানাং বীচিবিক্ষোভশীতলম্ ।
আমোদমুপজিঘ্রন্তৌ স্বনিশ্বাসানুকারিণম্ ॥ ৪৩ ॥
গ্রামেষ্বাত্মবিসৃষ্টেষু যূপচিহ্নেষু যজ্বনাম্ ।

কস্য পবনস্য অনুকূলত্বাদ্গন্তব্যদিগভিমুখত্বাৎ তুরগোৎকীর্ণৈঃ রজোভিঃ অস্পৃষ্টা অলকা দেব্যাঃ, বেষ্টনমুষ্ণীষঞ্চ রাজ্ঞঃ, যয়োস্তৌ তথোক্তৌ ॥ ৪২ ॥

সরসীষ্বিতি। সরসীষু বীচিবিক্ষোভশীতলম্ ঊর্ম্মিসঙ্ঘট্টনেন শীতলম্। স্বনিঃশ্বাসমনুকর্ত্তুং শীলমস্যেতি স্বনিঃশ্বাসানুকারিণম্ এতেন তয়োরুৎকৃষ্টস্ত্রীপুংসজাতীয়ত্বমুক্তম্। অরবিন্দানামামোদমুপজিঘ্রন্তৌ ঘ্রাণেন গৃহ্নন্তৌ ॥ ৪৩॥

গ্রামেষ্বিতি। আত্মবিসৃষ্টেষু স্বদত্তেষু যূপো নাম সংস্কৃতপশুবন্ধায় দারুবিশেষঃ যূপা এব চিহ্নানি যেষাং তেষু গ্রামেষু অমোঘাঃ সফলাঃ যজ্বনাং বিধিনেষ্টবতাম্। "যজ্বা তু বিধিনেষ্টবান্" ইত্যমরঃ। সুযজোঙ্বনিপ্ ইতি ঙ্বনিপ্প্রত্যয়ঃ। আশিষঃ আশীর্ব্বাদান্। অর্ঘঃ পূজাবিধিস্তদর্থং দ্রব্যমর্ঘ্যম্। পাদ্যার্ঘাভ্যাঞ্চ ইতি যৎপ্রত্যয়ঃ। "ষট্ তু ত্রিষ্বর্ঘ্যমর্ঘার্থে পাদ্যং পাদায় বারিণী"ত্যমরঃ। অর্ঘ্যস্যানুপদমন্বক্ অর্ঘ্যস্বীকারানন্তরমিত্যর্থঃ প্রতিগৃহ্নন্তৌ

মহিষীর অলক এবং ভূপালের উষ্ণীষ স্পর্শ করিতে সমর্থ হইল না। অর্থাৎ বায়ু তাঁহাদিগের গন্তব্য দিকের অভিমুখে প্রবাহিত হওয়াতে রাজা ও রাজমহিষীর প্রার্থনা ফলবতী হইবে বলিয়া জানা যাইতেছিল, এবং বায়ুর গতি অনুকূল থাকা নিবন্ধন অশ্বখুরোত্থিত ধূলিপটল মহিষীর অলকে এবং রাজার উষ্ণীষে পতিত হইতে পারে নাই ॥ ৪২ ॥

তাঁহারা সরোবরের তরঙ্গ সঙ্ঘটনে শীতল স্বীয় নিশ্বাসতুল্য পদ্মসমূহের মনোহর গন্ধ আঘ্রাণ করিতে লাগিলেন। অর্থাৎ রাজা ও রাজমহিষী সরোবরস্থ পদ্ম সকলের জলকণা সংসর্গে সুশীতল গন্ধ আঘ্রাণ করিতে করিতে যাইতেছিলেন ॥ ৪৩ ॥

তাঁহারা নরনাথ প্রদত্ত যূপচিহ্নিত গ্রাম হইতে আগত যাজ্ঞিকগণের অর্ঘ্য এবং অমোঘ আশীর্ব্বাদ লাভ করিয়াছিলেন। অর্থাৎ রাজদত্ত

অমোঘাঃ প্রতিগৃহ্লন্তাবর্ঘ্যানুপদমাশিষঃ ॥ ৪৪ ॥
হৈয়ঙ্গবীনমাদায় ঘোষবৃদ্ধানুপস্থিতান্।
নামধেয়ানি পৃচ্ছন্তৌ বন্যানাং মার্গশাখিনাম্ ॥ ৪৫ ॥
কাপ্যভিখ্যা তয়োরাসীৎ ব্রজতোঃ শুদ্ধবেশয়োঃ।

স্বীকুর্ব্বন্তৌ। পদস্য পশ্চাদনুপদং পশ্চাদর্থেঽব্যয়ীভাবঃ। "অন্বগন্বক্ষমনুগেঽনুপদং ক্লীবমব্যয়ম্" ইত্যমরঃ ॥ ৪৪ ॥

হৈয়ঙ্গবীনমিতি। হ্যস্তনগোদোহোদ্ভবং ঘৃতং হৈয়ঙ্গবীনং, হ্যঃ পূর্ব্বেহ্যুঃ। "তৎ তু হৈয়ঙ্গবীনং যৎ হোগোদোহোদ্ভবং ঘৃতম্" ইত্যমরঃ। হৈয়ঙ্গবীনং সংজ্ঞায়ামিতি নিপাতঃ। তৎ সদ্যোঘৃতমাদায় উপস্থিতান্ ঘোষবৃদ্ধান্। "ঘোষ আভীরপল্লী স্যাৎ" ইত্যমরঃ। বন্যানাং মার্গশাখিনাং নামধেয়ানি পৃচ্ছন্তৌ। দুহ্যাচীত্যাদিনা পৃচ্ছতের্দ্বিকর্ম্মকত্বম্। কুলকম্ ॥ ৪৫ ॥

কাপীতি। ব্রজতোর্গচ্ছতোঃ শুদ্ধবেশয়োরুজ্জ্বলনেপথ্যয়োস্তয়োঃ সুদক্ষিণাদিলীপয়োঃ হিমনির্মুক্তয়োশ্চিত্রাচন্দ্রমসোরিব যোগে সতি কাপি অনির্ব্বাচ্যা অভিখ্যা শোভা আসীৎ। "অভিখ্যা নামশোভয়োঃ" ইত্যমরঃ।

যূপচিহ্নিত গ্রামের অধিকারী যাজ্ঞিকগণ রাজা ও রাজমহিষীকে প্রথমতঃ অর্ঘ্য এবং তৎপরে অমোঘ আশীর্ব্বাদ প্রদান করিয়াছিলেন ॥ ৪৪ ॥

কোন স্থানে তাঁহারা হৈয়ঙ্গবীন গ্রহণ পূর্ব্বক উপস্থিত ঘোষবৃদ্ধদিগকে মার্গস্থ বন্যবৃক্ষের নাম জিজ্ঞাসা করিলেন। অর্থাৎ তাঁহারা যাইতে যাইতে সদ্যোজাত ঘৃত গ্রহণ পূর্ব্বক সম্মুখে আগত ঘোষবৃদ্ধদিগকে পথপার্শ্বস্থ অপরিচিত বন্য পাদপ সকলের নাম জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥ ৪৫ ॥

এইরূপে যখন তাঁহারা শুদ্ধবেশে গমন করিতেছিলেন, তখন হিমনির্ম্মুক্ত পরস্পর মিলিত চিত্রা ও চন্দ্রমার ন্যায় তাঁহাদের এক অপূর্ব্ব শোভা হইয়াছিল। অর্থাৎ মহারাজ দিলীপ ও মহিষী সুদক্ষিণা যখন শুদ্ধবেশে একাসনে আসীন হইয়া আশ্রমে গমন করিতেছিলেন, তখন হিমনির্ম্মুক্ত বিমলকান্তি চন্দ্রমা ও চিত্রানক্ষত্র এই উভয়ের যোগে

হিমনির্ম্মুক্তয়োর্যোগে চিত্রাচন্দ্রমসোরিব ॥ ৪৬ ॥
তত্তদ্‌ভূমিপতিঃ পত্ন্যৈ দর্শয়ন্‌ প্রিয়দর্শনঃ।
অপি লঙ্ঘিতমধ্বানং বুবুধে ন বুধোপমঃ ॥ ৪৭ ॥
স দুষ্প্রাপযশাঃ প্রাপদাশ্রমং শ্রান্তবাহনঃ।
সায়ং সংযমিনস্তস্য মহর্ষের্ম্মহিষীসখঃ ॥ ৪৮ ॥

আতশ্চোপসর্গে ইত্যঙ্‌প্রত্যয়ঃ। চিত্রা নক্ষত্রবিশেষঃ। শিশিরাপগমে চৈত্র্যাং চিত্রাপূর্ণচন্দ্রমসোরিবেত্যর্থঃ ॥ ৪৬ ॥

তত্তদিতি। প্রিয়ং দর্শনং স্বকর্ম্মকং যস্যাসৌ প্রিয়দর্শনঃ যোগ্যদর্শনীয় ইত্যর্থঃ ভূমিপতিঃ পত্ন্যৈ তত্তদদ্ভুতং বস্তু দর্শয়ন্‌ লঙ্ঘিতমতিবাহিতমপ্যধ্বানং ন বুবুধে ন জ্ঞাতবান্‌। বুধঃ সৌম্য উপমা উপমানং যস্যেতি বিগ্রহঃ। ইদং বিশেষণং তত্তদ্দর্শয়ন্নিত্যুপযোগিতয়ৈবাস্য জ্ঞাতৃত্বস্থচনার্থম্‌ ॥ ৪৭ ॥

স ইতি। দুষ্প্রাপযশাঃ দুষ্প্রাপমন্যদুর্ল্লভং যশো যস্য স তথোক্তঃ, শ্রান্তবাহনঃ দূরোপগমনাৎ ক্লান্তযুগ্মঃ, মহিষ্যাঃ সখা মহিষীসখঃ। রাজাহঃ সখিভ্যষ্টচ্‌ ইতি টচ্‌প্রত্যয়ঃ। সহায়ান্তরনিরপেক্ষ ইতি ভাবঃ। স রাজা সায়ং সায়ংকালে সংযমিনো নিয়মবতস্তস্য মহর্ষের্ব্বশিষ্ঠস্যাশ্রমং প্রাপৎ প্রাপ পুষাদিত্বাদঙ্‌ ॥ ৪৮ ॥

যেরূপ শোভা হইয়া থাকে, সেইরূপ তাঁহাদেরও এক অপূর্ব্ব শোভা হইয়াছিল ॥ ৪৬ ॥

বুধোপম প্রিয়দর্শন রাজা দিলীপ প্রিয়তমা সুদক্ষিণাকে এইরূপ নানাবিধ অদ্ভুত বস্তু অবলোকন করাইয়া কত পথ অতিক্রম করিয়া আসিলেন, তাহা নির্ণয় করিতে সমর্থ হইলেন না। অর্থাৎ বুধোপম (বৃহস্পতিসম) রাজা দিলীপ পত্নী সুদক্ষিণাকে পথপার্শ্বস্থ নানাবিধ মনোহর বস্তু সকল প্রদর্শনে ব্যাসক্তচিত্ত হইয়া যে পথ অতিক্রম করিলেন, তাহার পরিমাণ করিতে সমর্থ হইলেন না ॥ ৪৭ ॥

দুষ্প্রাপযশাঃ মহারাজ দিলীপ শ্রান্তবাহন হইয়া মহিষীর সহিত সায়ং-[illegible]লে সংযমী বশিষ্ঠমুনির আশ্রমে উপনীত হইলেন। অর্থাৎ অন্যের দুর্ল্লভ [illegible]শঃশালী রাজা দিলীপের রথবদ্ধ অশ্বগণ পরিশ্রান্ত হইয়া উঠিলে, তিনি সায়ংকালে মহিষী সুদক্ষিণার সহিত কুলগুরু বশিষ্ঠের আশ্রমে উপস্থিত হইলেন ॥ ৪৮ ॥

বনান্তরাদুপাবৃত্তৈঃ সমিৎকুশফলাহরৈঃ।
পূর্য্যমাণমদৃশ্যাগ্নিপ্রত্যুদ্যাতৈস্তপস্বিভিঃ ॥ ৪৯ ॥
আকীর্ণমৃষিপত্নীনামুটজদ্বাররোধিভিঃ।
অপত্যৈরিব নীবারভাগধেয়োচিতৈর্ম্মৃগৈঃ ॥ ৫০ ॥

তমাশ্রমং বিশিনষ্টি ;—বনান্তরাদিতি। বনান্তরাদন্যস্মাদ্বনাদুপাবৃত্তৈঃ প্রত্যাগতৈঃ সমিধশ্চ কুশাশ্চ ফলানি চ আহর্ত্তুং শীলং যেষামিতি সমিৎ-কুশফলাহরাস্তৈঃ। আঙি তাচ্ছীল্যে ইতি হরতেরাঙ্‌পূর্ব্বাদচ্‌প্রত্যয়ঃ। অদৃশ্যৈ-র্দ্দর্শনাযোগ্যৈরগ্নিভির্ব্বৈতানিকৈঃ প্রত্যুদ্যাতাঃ প্রত্যুদ্গতাস্তৈস্তপস্বিভিঃ পূর্য্য-মাণম্। "প্রোষ্যাগচ্ছতামাহিতাগ্নীনামগ্নয়ঃ প্রত্যুদ্যান্তী"তি শ্রূয়তে। যথাহ "যামং পিতরং প্রোষিতং বাসপুত্রাঃ প্রত্যাধাবন্তি এব এতমগ্নয়ঃ প্রত্যা-ধাবন্তি, সকলান্ দারূনিবাহরন্নিতি" ॥ ৪৯ ॥

আকীর্ণমিতি। নীবারাণাং ভাগ এব ভাগধেয়ঃ অংশঃ। রূপনাম ভাগে-ভ্যোধেয়ঃ ইতি বক্তব্যসূত্রাৎ স্বাভিধেয়ে ধেয়প্রত্যয়ঃ তস্যোচিতৈঃ অত-এব উটজানাং পর্ণশালানাং দ্বাররোধিভিঃ দ্বাররোধকৈঃ মৃগৈঃ ঋষিপত্নী-নাম্ অপত্যৈরিবাকীর্ণং ব্যাপ্তম্ ॥ ৫০ ॥

যে আশ্রম সমিৎ, কুশ ও ফলাহরণকারী, অদৃশ্য অগ্নিদ্বারা প্রত্যুদ্গত বনান্তর হইতে প্রত্যাগত সাগ্নিক ঋষিগণ কর্ত্তৃক পূর্ণ হইতেছিল। অর্থাৎ তাঁহারা তথায় উপস্থিত হইয়া দেখিলেন, তপস্বিগণ সমিৎ, কুশ এবং ফল আহরণ পূর্ব্বক বনান্তর হইতে প্রত্যাগত হওয়াতে আশ্রম পরিপূর্ণ হইয়া উঠিল এবং যজ্ঞীয় হুতাশন অদৃশ্যভাবে তাঁহাদিগকে প্রত্যুদ্গমন (অভ্যর্থনা) করিতে লাগিলেন ॥ ৪৯ ॥

নীবারধান্যের অংশভাগী, কুটীরদ্বাররোধী, ঋষিপত্নীদিগের সন্তান-সম মৃগগণ কর্ত্তৃক যে আশ্রম পরিব্যাপ্ত ছিল। অর্থাৎ ঋষিগণের আহারার্থ সংগৃহীত নীবারধান্য ভক্ষণকারী যে মৃগসকল ধান্যার্থ পর্ণ-শালার দ্বাররোধ করিয়া থাকে এবং যাহারা ঋষিপত্নীদিগের অপত্য সদৃশ, সেই মৃগগণ আশ্রম-প্রাঙ্গনের চতুর্দ্দিকে সমাকীর্ণ রহিয়াছে ॥ ৫০ ॥

সেকান্তে মুনিকন্যাভিস্তৎক্ষণোজ্‌ঝিতবৃক্ষকম্।
বিশ্বাসায় বিহঙ্গানামালবালাম্বুপায়িনাম্॥ ৫১॥
আতপাত্যয়সংক্ষিপ্তনীবারাসু নিষাদিভিঃ।
মৃগৈর্বর্ত্তিতরোমন্থমুটজাঙ্গনভূমিষু॥ ৫২॥
অভ্যুত্থিতাগ্নিপিশুনৈরতিথীনাশ্রমোন্মুখান্।

সেকান্তেইতি। সেকান্তে বৃক্ষমূলসেচনাবসানে মুনিকন্যাভিঃ সেক্ত্রীভিঃ আলবালেষু জলাধারপ্রদেশেষু যদম্বু তৎপায়িনাম্। "স্যাদালবালমাবালমাবাপ" ইত্যমরঃ। বিহঙ্গানাং পক্ষিণাং বিশ্বাসায় বিশ্রম্ভায়। "সমৌ বিশ্বাসবিশ্রম্ভৌ" ইত্যমরঃ। তৎক্ষণে সেকক্ষণে উজ্‌ঝিতাঃ বৃক্ষকাঃ হ্রস্বা বৃক্ষা যস্মিন্ তম্। হ্রস্বার্থে কপ্রত্যয়ঃ॥ ৫১॥

আতপেতি। আতপস্যাত্যয়ে অপগমে সতি সংক্ষিপ্তা রাশীকৃতাঃ নীবারাস্তৃণধান্যানি যাসু তাসু। "নীবারাস্তৃণধান্যানি" ইত্যমরঃ। উটজানাং পর্ণশালানাম্ অঙ্গনভূমিষু চত্বরভাগেষু। "পর্ণশালোটজোঽস্ত্রিয়াম্" ইতি "অঙ্গনং চত্বরাজিরে" ইতি চামরঃ। নিষাদিভিরুপবিষ্টৈর্মৃগৈর্বর্ত্তিতো নিষ্পাদিতো রোমন্থশ্চর্ব্বিতচর্ব্বণং যস্মিন্ আশ্রমে তম্॥ ৫২॥

অভ্যুত্থিতেতি। অভ্যুত্থিতাঃ প্রজ্বলিতাঃ হোমযোগ্যা ইত্যর্থঃ। "সমিদ্ধেঽগ্নাবাহুতীর্জ্জুহোতি" ইতি বচনাৎ। তেষামগ্নীনাং পিশুনৈঃ সূচকৈঃ পবনো-

যে আশ্রমে আলবাল-জলপায়ী পক্ষিগণের বিশ্বাসের নিমিত্ত ঋষিকন্যাগণ বৃক্ষমূলে জলসেচন করিয়াই তৎক্ষণাৎ বৃক্ষমূল পরিত্যাগ করিতেছেন। অর্থাৎ পক্ষিগণ আলবালস্থ জল পান করিবে বলিয়া ক্ষুদ্র ক্ষুদ্র বৃক্ষমূলস্থ আলবালে জলসেচন করিয়াই জলশোষণ ভয়ে তৎক্ষণাৎ স্থানান্তরে গমন করিতেছেন॥ ৫১॥

যে আশ্রমের উটজাঙ্গন ভূমিতে নীবার ধান্য বেলাবসানে রাশিকৃত হইয়া রহিয়াছে এবং মৃগসকল শয়ন করিয়া রোমন্থন করিতেছে। অর্থাৎ হরিণসকল রৌদ্রাবসানে রাশীকৃত তৃণধান্যসঙ্কীর্ণ অঙ্গনভূমিতে (আঙ্গিনাতে) আসীন হইয়া রোমন্থন (চর্ব্বিত চর্ব্বণ) করিতেছে॥ ৫২॥

যে আশ্রমে প্রজ্বলিত অগ্নিসূচক আহুতিগন্ধপূর্ণ ধূমরাজী বায়ুবেগে উত্থিত হইয়া আশ্রমাভিমুখী অতিথিদিগকে পবিত্র করিতেছে। অর্থাৎ

পুনানং পবনোদ্ধূতৈর্ধূমৈরাহুতিগন্ধিভিঃ ॥ ৫৩ ॥
অথ যন্তারমাদিশ্য ধুর্য্যান্ বিশ্রাময়েতি সঃ।
তামবারোহয়ৎ পত্নীং রথাদবততার চ ॥ ৫৪ ॥
তস্মৈ সভ্যাঃ সভার্য্যায় গোপ্ত্রে গুপ্ততমেন্দ্রিয়াঃ।
অর্হণামর্হতে চক্রুর্মুনয়ো নয়চক্ষুষে ॥ ৫৫ ॥

দ্ধূতৈঃ আহুতিগন্ধো যেষামস্তীত্যাহুতিগন্ধিনঃ তৈর্ধূমৈরাশ্রমোন্মুখান্ অতি-থীন্ পুনানং পবিত্রীকুর্ব্বাণম্॥ কুলকম্॥ ৫৩॥

অথেতি। অথাশ্রমপ্রাপ্ত্যনন্তরং স রাজা যন্তারং সারথিং ধুরং বহন্তি ধুর্য্যাঃ যুগ্যাঃ। ধুরোযড্ঢকৌ ইতি যৎপ্রত্যয়ঃ। "ধুর্ব্বহে ধুর্য্যধৌরেয়-ধুরীণাঃ স্যুর্ধুরন্ধরাঃ" ইত্যমরঃ। ধুর্য্যান্ রথাশ্বান্ বিশ্রাময় বিনীতশ্রমান্ কুর্ব্বিত্যাদিশ্যাজ্ঞাপ্য তাং পত্নীং রথাদবারোহয়ৎ অবতারিতবান্ স্বয়ঞ্চা-বততার। বিশ্রময়েতি হ্রস্বপাঠে জনীজৃষ ইতি মিত্ত্বেমিতাং হ্রস্বঃ। দীর্ঘপাঠে মিতাং হ্রস্ব ইতি সূত্রে বা চিত্তবিরাগে ইত্যতো বেত্যনুবর্ত্ত্য ব্যবস্থিত-বিভাষাশ্রয়ণাৎ হ্রস্বাভাব ইতি বৃত্তিকারঃ॥ ৫৪॥

তস্মৈ ইতি। সভায়াং সাধবঃ সভ্যাঃ। সভায়াং য ইতি যপ্রত্যয়ঃ। গুপ্ত-তমেন্দ্রিয়াঃ অত্যন্তনিয়মিতেন্দ্রিয়াঃ মুনয়ঃ সভার্য্যায় গোপ্ত্রে রক্ষকায় নয়ঃ শাস্ত্রমেব চক্ষুস্তত্ত্বাবেদকং প্রমাণং যস্য তস্মৈ নয়চক্ষুষে অতএবার্হতে প্রশ-স্তায় পূজ্যায়েত্যর্থঃ। অর্হঃ প্রশংসায়াম্ ইতি শতৃপ্রত্যয়ঃ। তস্মৈ রাজ্ঞে অর্হণাং পূজাং চক্রুঃ। "পূজা নমস্যাপচিতিঃ সপর্য্যার্চ্চার্হণাঃ সমাঃ" ইত্য-মরঃ॥ ৫৫॥

যে আশ্রমে প্রজ্বলিত অগ্নিতে আহুতি প্রদত্ত হওয়ায় তাহা হইতে বায়ুবেগে সমুত্থিত আহুতি-গন্ধবিশিষ্ট ধূমরাশি আশ্রমাভিমুখে আগমনকারী অতিথি-দিগের গাত্র স্পর্শ করিতেছে॥ ৫৩॥

অনন্তর রাজা দিলীপ অশ্বদিগকে বিশ্রাম করাইবার নিমিত্ত সারথিকে আদেশ প্রদানপূর্ব্বক মহিষীকে রথ হইতে অবতারিত করিলেন; পরে আপনিও অবতরণ করিলেন॥ ৫৪॥

জিতেন্দ্রিয় সভ্য ঋষিগণ তাঁহাদিগের রক্ষক, পূজ্য এবং নীতিচক্ষুঃ সস্ত্রীক রাজাকে পূজা করিলেন। অর্থাৎ তপোধনগণ আশ্রমে সমাগত রাজা ও রাজমহিষীর যথোচিত সৎকার করিলেন॥ ৫৫॥

বিধেঃ সায়ন্তনস্যান্তে স দদর্শ তপোনিধিম্।
অন্বাসিতমরুন্ধত্যা স্বাহয়েব হবির্ভুজম্॥ ৫৬॥
তয়োর্জগৃহতুঃ পাদান্ রাজা রাজ্ঞী চ মাগধী।
তৌ গুরুর্গুরুপত্নী চ প্রীত্যা প্রতিননন্দতুঃ॥ ৫৭॥

বিধেরিতি। স রাজা সায়ন্তনস্য সায়ন্তুবস্য। সায়ঞ্চিরমিত্যাদিনা ট্যুল্ প্রত্যয়ঃ। বিধের্জ্জপহোমাদ্যনুষ্ঠানস্যান্তেঽবসানে অরুন্ধত্যা অন্বাসিতং পশ্চাদুপবেশনেনোপসেবিতম্। কর্ম্মণি ক্তঃ উপসর্গবশাৎ সকর্ম্মকত্বম্ অন্বাস্যোনামিত্যাদিবদুপপদ্যতে। তপোনিধিং বশিষ্ঠং স্বাহয়া স্বাহাদেব্যা। "অথাগ্নায়ী স্বাহা চ হুতভুক্ প্রিয়ে"ত্যমরঃ। অন্বাসিতং হবির্ভুজমিব দদর্শ। "সমিৎপুষ্পকুশাগ্ন্যম্বুমৃদন্নাক্ষতপাণিকঃ। জপহোমঞ্চ কুর্ব্বাণো নাভিবাদ্যো দ্বিজো ভবেৎ" ইতি অনুষ্ঠানস্য মধ্যে অভিবাদননিষেধাদ্বিধেরন্তে দদর্শেত্যুক্তম্। অন্বাসনঞ্চাত্র পতিব্রতাধর্ম্মত্বেনোক্তং ন তু কর্ম্মাঙ্গত্বেন। বিধেরন্ত ইতি কর্ম্মণঃ সমাপ্ত্যভিধানাৎ॥ ৫৬॥

তয়োরিতি। মাগধী মগধরাজপুত্রী রাজ্ঞী সুদক্ষিণা রাজা চ তয়োররুন্ধতীবশিষ্ঠয়োঃ পাদান্ জগৃহতুঃ। "পাদঃ পদঙ্ঘ্রিশ্চরণোঽস্ত্রিয়াং" ইত্যমরঃ। পাদগ্রহণমভিবাদনম্। গুরুপত্নী গুরুশ্চ কর্ত্তারৌ সা চ স চ তৌ সুদক্ষিণাদিলীপৌ কর্ম্মভূতৌ প্রীত্যা হর্ষেণ প্রতিননন্দতুঃ আশীর্ব্বাদাদিভিঃ সম্ভাবয়াঞ্চক্রতুরিত্যর্থঃ॥ ৫৭॥

মহর্ষি বশিষ্ঠের সায়ংকালোচিত কর্ম্ম (জপহোমাদি) সমাপ্ত হইলে রাজা দিলীপ স্বাহাযুক্ত (সস্ত্রীক) বহ্নির ন্যায় অরুন্ধতীর সহিত একাসনে উপবিষ্ট তপোধন বশিষ্ঠদেবকে দর্শন করিলেন॥ ৫৬॥

বাহ্বিতি। বাহ্বোঃ প্রতিষ্টম্ভেন প্রতিবন্ধেন। "প্রতিবন্ধঃ প্রতিষ্টম্ভ" ইত্যমরঃ। বিবৃদ্ধমন্যুঃ প্রবৃদ্ধরোষো রাজা মন্ত্রৌষধিভ্যাং রুদ্ধবীর্য্যঃ প্রতিবদ্ধশক্তির্ভোগী সর্প ইব। "ভোগী রাজভুজঙ্গয়োঃ" ইতি শাশ্বতঃ। অভ্যর্ণমন্তিকম্। "উপকণ্ঠান্তিকাভ্যর্ণাভ্যগ্রা অপ্যভিতোঽব্যয়ম্" ইত্যমরঃ। আগস্কৃত-

---

সাতিশয় পরাভূত বোধ করিয়া বধ্য কেশরীর সংহারের নিমিত্ত তূণীর হইতে শরগ্রহণ করিতে অভিলাষ করিলেন ॥ ৩০ ॥

প্রহারকারী সেই দিলীপ বাণাধারে হস্ত প্রদান করিলে পর তাঁহার দক্ষিণ করের অঙ্গুলি সকল, নখরাগরঞ্জিত কঙ্কপত্রযুক্ত (মাছরাঙ্গার পক্ষযুক্ত) বাণের মূলদেশে সংসক্ত হওয়ায় হস্ত চিত্রার্পিতের ন্যায় নিশ্চল হইল ॥ ৩১ ॥

এইরূপে বাহু স্তম্ভিত হইলে রাজা রোষপরবশ হইয়া উঠিলেন

রাজা স্বতেজোভিরদহ্যতান্ত-
র্ভোগীব মন্ত্রৌষধিরুদ্ধবীর্য্যঃ ॥ ৩২ ॥
তমার্য্যগৃহ্যং নিগৃহীতধেনু-
র্ম্মনুষ্যবাচা মনুবংশকেতুম্।
বিস্মায়য়ন্ বিস্মিতমাত্মবৃত্তৌ
সিংহোরুসত্বং নিজগাদ সিংহঃ ॥ ৩৩ ॥
অলং মহীপাল! তব শ্রমেণ
প্রযুক্তমপ্যস্ত্রমিতো বৃথা স্যাৎ।

মপরাধকারিণমস্পৃশদ্ভিঃ স্বতেজোহভিরন্তরদহ্যত। "অধিক্ষেপাদ্যসহনং তেজঃ প্রাণাত্যয়েষ্বপি" ইতি যাদবঃ ॥ ৩২ ॥

তমিতি। নিগৃহীতা পীড়িতা ধেনুর্যেন স সিংহঃ আর্য্যাণাং সতাং গৃহ্যং পক্ষম্। পদাস্বৈরিবাহ্যাপক্ষ্যেষু চেতি ক্যপ্। মনুবংশস্য কেতুং চিহ্নং কেতুবদ্ব্যাবর্ত্তকং সিংহ ইব উরুসত্বো মহাবলস্তম্ আত্মনোবৃত্তৌ বাহুস্তম্ভরূপে ব্যাপারে অভূতপূর্ব্বত্বাদ্বিস্মিতম্। কর্ত্তরি ক্তঃ। তং দিলীপং মনুষ্যবাচা করণেন পুনর্ব্বিস্মায়য়ন্ বিস্ময়মাশ্চর্য্যং প্রাপয়ন্ নিজগাদ। স্মিঙীষঙ্গসনইতি ধাতোর্ণিচি বৃদ্ধৌ আয়াদেশে শতৃপ্রত্যয়ে চ সতি বিস্মায়য়ন্নিতি রূপং সিদ্ধম্। বিস্মাপয়ন্নিতি পাঠে পুগাগমমাত্রং বক্তব্যং তচ্চ চিন্ত্যং নিত্যং স্ময়তেরিতি হেতুভয়বিবক্ষায়ামেব। ভীস্ম্যোর্হেতুভয় ইত্যাত্মনেপদে বিস্মাপয়মান ইতি স্যাৎ তস্মাৎ মনুষ্যবাচা বিস্মায়য়ন্নিতি রূপং সিদ্ধং করণবিবক্ষায়াং ন কশ্চিদ্দোষঃ ॥ ৩৩ ॥

অলমিতি। হে মহীপাল! তব শ্রমেণালং সাধ্যাভাবাৎ শ্রমো ন কর্ত্তব্য ইত্যর্থঃ। অত্র গম্যমান-সাধনক্রিয়াপেক্ষয়া শ্রমস্য করণত্বাৎ তৃতীয়া উক্তঞ্চ

এবং নিকটস্থ অপরাধীকে স্পর্শ করিতে না পারিয়া মন্ত্রৌষধি প্রভাবে রুদ্ধবীর্য্য সর্পের ন্যায় স্বীয় তেজে অন্তরে দগ্ধ হইতে লাগিলেন ॥ ৩২ ॥

ধেনু আক্রমণকারী সিংহ, আত্মব্যাপারে বিস্মিত সিংহবিক্রান্ত মনুবংশকেতু সৎপক্ষাবলম্বী দিলীপকে মনুষ্য বাক্য দ্বারা বিস্মিত করিয়া বলিতে লাগিল ॥ ৩৩ ॥

মহারাজ! আর আপনি বৃথা পরিশ্রম করিবেন না। কেন না, আমার

ন পাদপোন্মূলনশক্তি রংহঃ
শিলোচ্চয়ে মূর্চ্ছতি মারুতস্য ॥ ৩৪ ॥
কৈলাসগৌরং বৃষমারুরুক্ষোঃ
পাদার্পণানুগ্রহপূতপৃষ্ঠম্‌।
অবেহি মাং কিঙ্করমষ্টমূর্ত্তেঃ
কুম্ভোদরং নাম নিকুম্ভমিত্রম্‌ ॥ ৩৫ ॥
অমুং পুরঃ পশ্যসি দেবদারুং
পুত্রীকৃতোঽসৌ বৃষভধ্বজেন।

ন্যাসোদ্দ্যোতে "ন কেবলং শ্রূয়মাণৈব ক্রিয়ানিমিত্তকরণভাবস্য অপি তর্হি গম্যমানাপীতি"। "অলং ভূষণপর্য্যাপ্তিশক্তিবারণবাচকম্‌" ইত্যমরঃ। ইতোঽস্মিন্‌ ময়ি। সার্ব্ববিভক্তিকস্তসিঃ। প্রযুক্তমপ্যস্ত্রং বৃথা স্যাৎ তথাহি পাদপোন্মূলনে শক্তির্যস্য তত্তথোক্তং মারুতস্য রংহো বেগঃ শিলোচ্চয়ে পর্ব্বতে ন মূর্চ্ছতি ন প্রসরতি ॥ ৩৪ ॥

কৈলাসেতি। কৈলাস ইব গৌরঃ শুভ্রস্তম্‌। "চামীকরঞ্চ শুভ্রঞ্চ গৌরমাহুর্ম্মনীষিণ" ইতি শাশ্বতঃ। বৃষং বৃষভমারুরুক্ষোঃ আরোঢ়ুমিচ্ছোঃ। স্বস্যোপরি পদং নিক্ষিপ্য বৃষমারোহতীত্যর্থঃ। অষ্টৌ মূর্ত্তয়োযস্য তস্যাষ্টমূর্ত্তেঃ শিবস্য পাদার্পণং পাদন্যাসস্তদেবানুগ্রহঃ প্রসাদস্তেন পূতং পৃষ্ঠং যস্য তং তথোক্তং নিকুম্ভমিত্রং কুম্ভোদরং নাম কিঙ্করং মামবেহি বিদ্ধি। "পৃথিবী সলিলং তেজো বায়ুরাকাশমেব চ। সূর্য্যাচন্দ্রমসৌ সোমযাজী চেত্যষ্টমূর্ত্তয়" ইতি যাদবঃ ॥ ৩৫ ॥

অমুমিতি। পুরোঽগ্রতোঽমুং দেবদারুং পশ্যসীতি কাকুঃ। অসৌ দেব-

প্রতি অস্ত্র প্রক্ষেপ করিলেও নিষ্ফল হইবে; দেখুন বায়ুর বেগ বৃক্ষ উন্মূলন করিতেই সমর্থ হয়। কিন্তু পর্ব্বতের নিকট তাহার সমস্ত বল নিষ্ফল হইয়া যায় ॥ ৩৪ ॥

আমি অষ্টমূর্ত্তি ভগবান্‌ শঙ্করের কিঙ্কর, নিকুম্ভের মিত্র, আমার নাম কুম্ভোদর; প্রভু অনুগ্রহ পূর্ব্বক পদার্পণে আমার পৃষ্ঠদেশ পবিত্র করিয়া কৈলাস-পর্ব্বত সদৃশ শুভ্রবর্ণ বৃষে আরোহণ করিয়া থাকেন ॥ ৩৫ ॥

ঐ যে পুরোভাগে দেবদারু তরু নিরীক্ষণ করিতেছেন, ঐ বৃক্ষটী তাঁহারই

যো হেমকুম্ভস্তননিঃসৃতানাং
স্কন্দস্য মাতুঃ পয়সাং রসজ্ঞঃ ॥ ৩৬ ॥
কণ্ডূয়মানেন কটং কদাচিৎ
বন্যদ্বিপেনোন্মথিতা ত্বগস্য।
অথৈনমদ্রেস্তনয়া শুশোচ
সেনান্যমালীঢ়মিবাসুরাস্ত্রৈঃ ॥ ৩৭ ॥
তদা প্রভৃত্যেব বনদ্বিপানাং
ত্রাসার্থমস্মিন্নহমদ্রিকুক্ষৌ।

দারুঃ বৃষভো ধ্বজো যস্য স তেন শিবেন পুত্রীকৃতঃ পুত্রত্বেন স্বীকৃতঃ অভূত-তদ্ভাবে চ্বিঃ। যো দেবদারুঃ স্কন্দস্য মাতুঃ গৌর্য্যাঃ হেম্নঃ কুম্ভ এব স্তনস্তস্মান্নিঃসৃতানাং পয়সামম্বূনাং রসজ্ঞঃ স্বাদজ্ঞঃ। স্কন্দপক্ষে হেমকুম্ভ এব স্তন ইতি বিগ্রহঃ পয়সাং ক্ষীরাণাম্। “পয়ঃ ক্ষীরং পয়োঽম্বু চ” ইত্যমরঃ। স্কন্দ-সমানপ্রেমাস্পদমিতি ভাবঃ ॥ ৩৬ ॥

কণ্ডূয়মানেনেতি। কদাচিৎ কটং কপোলং কণ্ডূয়মানেন ঘর্ষতা। কণ্ড্বাদিভ্যো যগিতি যক্ ততঃ শানচ্। বন্যদ্বিপেনাস্য দেবদারোস্ত্বগুন্মথিতা অথাদ্রেস্তনয়া গৌরী অসুরাস্ত্রৈরালীঢ়ং ক্ষতং সেনাং নয়তীতি সেনানীঃ স্কন্দঃ। “পার্ব্বতীনন্দনঃ স্কন্দঃ সেনানীঃ” ইত্যমরঃ। সৎসূদ্বিষেত্যাদিনা ক্বিপ্। তমিবৈনং দেবদারুং শুশোচ ॥ ৩৭ ॥

তদেতি। তদা তৎকালঃ প্রভৃতিরাদির্যস্মিন্ কর্ম্মণি তত্তথা তদাপ্রভৃত্যেব বনদ্বিপানাং ত্রাসার্থং ভয়ার্থং শূলভৃতা শিবেন অঙ্কং সমীপম্ আগতাঃ প্রাপ্তাঃ সত্বাঃ প্রাণিনো বৃত্তির্যস্মিন্ তৎ। “অঙ্কঃ সমীপ উৎসঙ্গে চিহ্নে

কৃত্রিম পুত্র। উহা কার্ত্তিকেয়ের মাতার স্বর্ণকুম্ভরূপ স্তননিঃসৃত সলিলের রসাস্বাদন করিয়া থাকে ॥ ৩৬ ॥

যেমন অসুরাস্ত্রে ক্ষত বিক্ষত কার্ত্তিকেয়ের নিমিত্ত তাঁহার মাতা শোক প্রকাশ করিয়া থাকেন, তদ্রূপ কোন সময়ে একটী বন্যহস্তী গণ্ডস্থল ঘর্ষণ করিয়া এই বৃক্ষের ত্বক্ উন্মথিত করিয়াছিল বলিয়া পার্ব্বতী অনুতাপ করিয়াছিলেন ॥ ৩৭ ॥

সেই অবধি শূলপাণি বনহস্তীদিগকে ভয় প্রদর্শন করিবার নিমিত্ত এই

ব্যাপারিতঃ শূলভৃতা বিধায়
সিংহত্বমঙ্কাগতসত্ত্ববৃত্তি ॥ ৩৮ ॥
তস্যালমেষা ক্ষুধিতস্য তৃপ্ত্যৈ
প্রদিষ্টকালা পরমেশ্বরেণ।
উপস্থিতা শোণিতপারণা মে
সুরদ্বিষশ্চান্দ্রমসী সুধেব ॥ ৩৯ ॥
স ত্বং নিবর্ত্তস্ব বিহায় লজ্জাং
গুরোর্ভবান্ দর্শিতশিষ্যভক্তিঃ।
শস্ত্রেণ রক্ষ্যং যদশক্যরক্ষং
ন তদ্যশঃ শস্ত্রভৃতাং ক্ষিণোতি ॥ ৪০ ॥

স্থানাপরাধয়োঃ" ইতি কেশবঃ। সিংহত্বং বিধায় অস্মিন্নদ্রিকুক্ষৌ গুহায়ামহং ব্যাপারিতোনিযুক্তঃ ॥ ৩৮ ॥

তস্যেতি। পরমেশ্বরেণ প্রদিষ্টোনির্দ্দিষ্টঃ কালো ভোজনবেলা যস্যাঃ সা উপস্থিতা প্রাপ্তা এষা গোরূপা শোণিতপারণা রুধিরস্য ব্রতান্ত-ভোজনং সুরদ্বিষোরাহোঃ চন্দ্রমস ইয়ং চান্দ্রমসী সুধেব ক্ষুধিতস্য বুভুক্ষিতস্য তস্য অঙ্কাগতসত্ত্ববৃত্তেঃ মে মম সিংহস্য তৃপ্ত্যৈ অলং পর্য্যাপ্তা। নমঃস্বস্তীত্যাদিনা চতুর্থী ॥ ৩৯ ॥

স ইতি। স এবমুপায়শূন্যস্ত্বং লজ্জাং বিহায় নিবর্ত্তস্ব। ভবান্ ত্বং গুরোর্দ্দর্শিতা প্রকাশিতা শিষ্যস্য কর্ত্তব্যা ভক্তির্যেন স তথোক্তোঽসি। ননু গুরুধনং বিনাশ্য কথং তৎসমীপং গচ্ছেয়মতআহ শস্ত্রেণেতি যৎ রক্ষ্যং ধনং শস্ত্রেণায়ুধেন। "শস্ত্রমায়ুধলোহয়োঃ" ইত্যমরঃ। অশক্যা রক্ষা যস্য

গিরিগহ্বরে আমাকে প্রেরণ করিয়াছেন এবং আমি সমীপাগত প্রাণীদিগকে ভক্ষণ করিব, এইরূপ জীবনোপায়ও নির্দ্দেশ করিয়া দিয়াছেন ॥ ৩৮ ॥

পরমেশ্বর এই সময়ে আমার ভোজনের কাল নির্দ্ধারণ করিয়া দিয়াছেন; সুতরাং এই উপস্থিত শোণিতপারণা রাহুর পক্ষে চান্দ্রমসীসুধার ন্যায় ক্ষুধার সময়ে আমার পক্ষে যথেষ্ট হইবে ॥ ৩৯ ॥

এক্ষণে আপনি নিরুপায়, অতএব লজ্জা পরিত্যাগ করিয়া প্রতিগমন করুন। গুরুর প্রতি শিষ্যের যেরূপ ভক্তি প্রদর্শন করিতে হয়, তাহা কবি-

ইতি প্রগল্‌ভং পুরুষাধিরাজো
মৃগাধিরাজস্য বচো নিশম্য।
প্রত্যাহতাস্ত্রো গিরিশপ্রভাবা-
দাত্মন্যবজ্ঞাং শিথিলীচকার ॥ ৪১ ॥
প্রত্যব্রবীচ্চৈনমিষুপ্রয়োগে
তৎপূর্ব্বভঙ্গে বিতথপ্রযত্নঃ।

তদশক্যরক্ষং রক্ষিতুমশক্যমিত্যর্থঃ তৎ রক্ষ্যং নষ্টমপি শস্ত্রভৃতাং যশো ন ক্ষীণোতি ন হিনস্তি। অশক্যার্থেষ্বপ্রতিবিধানং ন দোষায়েতি ভাবঃ ॥ ৪০ ॥

ইতীতি। পুরুষাণামধিরাজো নৃপঃ ইতি প্রগল্‌ভং মৃগাধিরাজস্য বচো নিশম্য শ্রুত্বা গিরিশস্যেশ্বরস্য প্রভাবাৎ প্রত্যাহতাস্ত্রঃ কুণ্ঠিতাস্ত্রঃ সন্ আত্মনি বিষয়ে অবজ্ঞামপমানং শিথিলী চকার তত্যাজেত্যর্থঃ অবজ্ঞাতোঽহমিতি নির্ব্বেদং ন প্রাপেত্যর্থঃ। সমানেষু হি ক্ষত্রিয়াণামভিমানো ন সর্ব্বেশ্বরং প্রতীতি ভাবঃ ॥ ৪১ ॥

প্রতীতি। স এব পূর্ব্বঃ প্রথমঃ ভঙ্গঃ প্রতিবন্ধো যস্য তস্মিন্ তৎপূর্ব্ব-ভঙ্গে ইষুপ্রয়োগে বিতথপ্রযত্নো বিফলপ্রয়াসোঽতএব বজ্রং কুলিশং মুমুক্ষন্ মোক্তুমিচ্ছন্ অম্বকং লোচনম্। "দৃগ্‌দৃষ্টিনেত্রলোচনচক্ষুর্নয়নাম্বকেক্ষণাক্ষীণি" ইতি হলায়ুধঃ। ত্রীণ্যম্বকানি যস্য স ত্র্যম্বকো হরস্তস্য বীক্ষণেন জড়ীকৃতো নিষ্পন্দীকৃতঃ বজ্রং পাণৌ যস্য স বজ্রপাণিরিন্দ্রঃ। প্রহরণার্থেভ্যঃ পরে নিষ্ঠাসপ্তম্যৌ ভবত ইতি বক্তব্যমিতি পাণেঃ সপ্তম্যন্তস্যোত্তরনিপাতঃ। স

য়াছেন। যদি রক্ষণীয় বস্তু শস্ত্রবলে রক্ষিত না হয়, তাহা হইলে শস্ত্রধারী-দিগের যশ বিনষ্ট হয় না ॥ ৪০ ॥

তখন নরনাথ দিলীপ মৃগরাজ সিংহের এইরূপ প্রগল্‌ভ (অহঙ্কার-সূচক) বাক্য শ্রবণে ভগবান্ গিরিশের প্রভাববলে অস্ত্র প্রতিহত হইয়াছে জানিয়া, আপনার প্রতি অবজ্ঞা মন্দীভূত করিলেন। অর্থাৎ মহারাজ দিলীপ সিংহকে প্রহার করিতে অসমর্থ হওয়ায় সিংহের নিকট অপমানিত হইলেন বলিয়া দুঃখিত হইলেন না। কেন না ঈশ্বর প্রভাবে এই ব্যাপার ঘটিয়াছে; এই প্রভাব সিংহের নহে, ইহা তিনি বুঝিতে পারিয়াছিলেন ॥ ৪১ ॥

দিলীপের অস্ত্রপ্রয়োগ বিষয়ে এই প্রথম প্রতিবন্ধক। তিনি বজ্র প্রয়োগে

জড়ীকৃতস্ত্র্যম্বকবীক্ষণেন
বজ্রং মুমুক্ষন্নিব বজ্রপাণিঃ ॥ ৪২ ॥
সংরুদ্ধচেষ্টস্য মৃগেন্দ্র কামং
হাস্যং বচস্তদ্যদহং বিবক্ষুঃ।
অন্তর্গতং প্রাণভৃতাং হি বেদ
সর্ব্বং ভবান্ ভাবমতোঽভিধাস্যে ॥ ৪৩ ॥
মান্যঃ স মে স্থাবরজঙ্গমানাং
সর্গস্থিতিপ্রত্যবহারহেতুঃ।

ইব স্থিতো নৃপঃ এনং সিংহং প্রত্যব্রবীচ্চ। "বাহুং সবজ্রং শক্রস্য ক্রুদ্ধস্যাস্তম্ভয়ৎ প্রভুঃ" ইতি মহাভারতে ॥ ৪২ ॥

সংরুদ্ধেতি। হে মৃগেন্দ্র! সংরুদ্ধচেষ্টস্য প্রতিবদ্ধব্যাপারস্য মম তৎ বচো বাক্যং কামং হাস্যং পরিহসনীয়ং যদ্বচঃ "স ত্বং মদীয়েনেত্যাদিকম্" অহং বিবক্ষুর্ব্বক্তুমিচ্ছুরস্মি। তর্হি তূষ্ণীং স্থীয়তামিত্যাশঙ্ক্য ঈশ্বরকিঙ্করত্বাৎ সর্ব্বজ্ঞং ত্বাং প্রতি ন হাস্যমিত্যাহ অন্তরিতি। হি যতঃ ভবান্ প্রাণভৃতামন্তর্গতং হৃদ্গতং বাগ্‌বৃত্ত্যা বহিরপ্রকাশিতমেব সর্ব্বং ভাবং বেদ বেত্তি। বিদো লটো বেতি ণলাদেশঃ। অতোঽহমভিধাস্যে বক্ষ্যামি বচ ইতি প্রকৃতং কর্ম্ম সম্বধ্যতে। অন্যে ত্বীদৃগ্বচনমাকর্ণ্যাসম্ভাবিতার্থমেতদিত্যুপহসন্তি অতস্তু মৌনমেব ভূষণন্তত্ত্ব বাঙ্মনসয়োরেকবিধ এবায়মিতি জানাসি অতোঽভিধাস্যে যদ্বচোঽহং বিবক্ষুরিত্যর্থঃ ॥ ৪৩ ॥

মান্য ইতি। সর্গঃ সৃষ্টিঃ। প্রত্যবহারঃ প্রলয়ঃ। স্থাবরাণাং তরুশৈলাদীনাং জঙ্গমানাং মনুষ্যাদীনাং সর্গস্থিতিপ্রত্যবহারেষু হেতুঃ স ঈশ্বরো মে মম মান্যঃ

উদ্যত মহাদেবের কটাক্ষপাতে নিষ্পন্দ বজ্রপাণি ইন্দ্রের ন্যায় বিফল প্রযত্ন হইয়া সিংহকে বলিলেন ॥ ৪২ ॥

হে মৃগেন্দ্র! আমার চেষ্টা সমস্তই বিফল হইয়াছে; সুতরাং এক্ষণে আমি যাহা বলিতে ইচ্ছা করিতেছি, তৎসমুদয়ই হাস্যাস্পদ হইবে; তথাপি তুমি প্রভাববলে জীবগণের মনোগত ভাব জান বলিয়াই আমি কিঞ্চিৎ বলিতে প্রবৃত্ত হইলাম ॥ ৪৩ ॥

স্থাবর জঙ্গমের সৃষ্টি স্থিতি প্রলয়ের কর্ত্তা সেই ঈশ্বর আমার মাননীয়।

গুরোরপীদং ধনমাহিতাগ্নে-
র্নশ্যৎ পুরস্তাদনুপেক্ষণীয়ম্‌ ॥ ৪৪ ॥
স ত্বং মদীয়েন শরীরবৃত্তিং
দেহেন নির্ব্বর্ত্তয়িতুং প্রসীদ ।
দিনাবসানোৎসুকবালবৎসা
বিসৃজ্যতাং ধেনুরিয়ং মহর্ষেঃ ॥ ৪৫ ॥
অথান্ধকারং গিরিগহ্বরাণাং
দংষ্ট্রাময়ূখৈঃ শকলানি কুর্ব্বন্‌ ।

পূজ্যোঽলঙ্ঘ্যশাসন ইত্যর্থঃ। শাসনঞ্চ সিংহত্বমঙ্কাগতসত্ত্ববৃত্তীত্যুক্তরূপম্‌। তর্হি বিসৃজ্য গম্যতাং নেত্যাহ গুরোরপীতি পুরস্তাদগ্রে নশ্যদিদমাহিতাগ্নের্গুরোর্ধনমপি গোরূপমনুপেক্ষণীয়ম্‌। আহিতাগ্নেরিতি বিশেষণেনানুপেক্ষাকারণং হবিঃ সাধনত্বং সূচয়তি ॥ ৪৪ ॥

স ইতি। সোঽঙ্কাগতসত্ত্ববৃত্তিস্ত্বং মদীয়েন দেহেন শরীরস্য বৃত্তিং জীবনং নির্ব্বর্ত্তয়িতুং সম্পাদয়িতুং প্রসীদ দিনাবসানে উৎসুকোমাতা সমাগমিষ্যতীত্যুৎকণ্ঠিতো বালবৎসো যস্যাঃ সা মহর্ষেরিয়ং ধেনুর্ব্বিসৃজ্যতাম্‌॥ ৪৫ ॥

অথেতি। অথ ভূতেশ্বর-পার্শ্ববর্ত্তী অনুচরঃ স সিংহো গিরের্গহ্বরাণাং গুহানাম্‌। দেবখাতবিলে গুহা গহ্বর” মিত্যমরঃ। অন্ধকারং ধ্বান্তং

এ দিকে সাগ্নিক গুরুদেব বশিষ্ঠের এই গোধন আমার সমক্ষে বিনষ্ট হয়, ইহাও উপেক্ষার যোগ্য নহে। অর্থাৎ পূজ্য শূলপাণির আজ্ঞাও লঙ্ঘন করিতে পারি না ; পক্ষান্তরে কুলগুরু বশিষ্ঠদেবের হোমধেনু বিনষ্ট হইতেছে, ইহাও উপেক্ষা করা উচিত নহে। সুতরাং যেরূপেই হউক ইহাঁকে মুক্ত করা অতীব আবশ্যক ॥ ৪৪ ॥

অতএব তুমি আমার এই শরীর দ্বারা জীবিকা নির্ব্বাহ করিয়া আমার প্রতি অনুগ্রহ প্রকাশ কর। দিবাবসান হইলে ইহাঁর বালবৎস উৎকণ্ঠিত হইবে ; অতএব ইহাঁকে পরিত্যাগ কর। অর্থাৎ আমাকে ভক্ষণ করিয়া ধেনু পরিত্যাগ করিলে ভগবান্‌ শূলপাণি তোমাকে যে সমীপাগত প্রাণিগণকে ভক্ষণ করিতে আদেশ প্রদান করিয়াছেন, এই বাক্য প্রতিপালন এবং বশিষ্ঠের ধেনু উদ্ধার, এই উভয় দিক্‌ই রক্ষা হইবে ॥ ৪৫ ॥

ভূয়ঃ স ভূতেশ্বরপার্শ্ববর্ত্তী
কিঞ্চিদ্বিহস্যার্থপতিং বভাষে ॥ ৪৬ ॥

একাতপত্রং জগতঃ প্রভুত্বং
নবং বয়ঃ কান্তমিদং বপুশ্চ।
অল্পস্য হেতোর্ব্বহু হাতুমিচ্ছন্
বিচারমূঢ়ঃ প্রতিভাসি মে ত্বম্ ॥ ৪৭ ॥

দংষ্ট্রাময়ূখৈঃ শকলানি খণ্ডানি কুর্ব্বন্ নিরস্যন্নিত্যর্থঃ কিঞ্চিদ্বিহস্যার্থপতিং নৃপং ভূয়োবভাষে। হাসকারণম্ অল্পস্য হেতোর্ব্বহু হাতুমিচ্ছন্নিতি বক্ষ্যমাণং দ্রষ্টব্যম্ ॥ ৪৬ ॥

একেতি। একাতপত্রমেকচ্ছত্রং জগতঃ প্রভুত্বং স্বামিত্বং নবং বয়ো যৌবনম্ ইদং কান্তং রম্যং বপুশ্চ ইত্যেবং বহু, অল্পস্য হেতোরল্পেন কারণেনাল্পফলায়েত্যর্থঃ। ষষ্ঠী হেতুপ্রয়োগ ইতি ষষ্ঠী। হাতুং ত্যক্তুমিচ্ছন্ ত্বং বিচারে কার্য্যাকার্য্যবিমর্শে মূঢ়ো মূর্খঃ মে মম প্রতিভাসি ॥ ৪৭ ॥

অনন্তর ভূতনাথের অনুচর সেই সিংহ ঈষৎ হাস্য করিয়া দশনপ্রভায় গিরিগহ্বরের অন্ধকার বিচ্ছিন্ন করতঃ পুনর্ব্বার রাজাকে কহিলেন ॥ ৪৬ ॥

মহারাজ! আপনি অল্প কারণে (অল্পবিষয়ের নিমিত্ত) জগতের একাধিপত্য, অভিনব যৌবন এবং কমনীয় কলেবর, এই বহু বস্তু পরিত্যাগে কৃত-সঙ্কল্প হইয়াছেন দেখিয়া আপনাকে কার্য্যাকার্য্য বিবেক-রহিত বলিয়া বোধ হইতেছে। অর্থাৎ আপনার দেহ বিসর্জ্জনের কারণ অতি অল্পই দেখিতেছি; যেহেতু আপনি যদি ক্ষুদ্র রাজা হইতেন, তাহা হইলে মনে করিতে পারিতেন যে, সামান্য রাজা হইয়া জীবনধারণ অপেক্ষা মৃত্যুই শ্রেয়ঃ, তাহাও নহে; সমস্ত জগতে আপনার আধিপত্য রহিয়াছে। দ্বিতীয়তঃ বার্দ্ধক্যবশতঃ মরণের অভিলাষ জন্মে, তাহাও নহে, কারণ আপনার বয়ঃক্রমও অল্প। তৃতীয়তঃ শরীর কুশ্রী হইলে রাজার যোগ্য দেহ নহে বলিয়া দেহত্যাগের বাসনা হইতে পারে, কিন্তু তাহাও দেখিতেছি না; আপনি বিলক্ষণ শ্রীমান্। তবে এক মাত্র ধেনুর জন্য যখন ঈদৃশ মূল্যবান্ দেহ পরিত্যাগ করিতে ইচ্ছা করিতেছেন, তখন নিশ্চয়ই বোধ হইতেছে, আপনি কার্য্যাকার্য্য অবধারণে নিতান্ত অসমর্থ ॥ ৪৭ ॥

ভূতানুকম্পা তব চেদিয়ং গৌ-
রেকা ভবেৎ স্বস্তিমতী ত্বদন্তে।
জীবন্ পুনঃ শশ্বদুপপ্লবেভ্যঃ
প্রজাঃ প্রজানাথ পিতেব পাসি ॥ ৪৮ ॥
অথৈকধেনোরপরাধচণ্ডাদ্-
গুরোঃ কৃশানুপ্রতিমাদ্বিভেষি।

ভূতেতি। তব ভূতেষনুকম্পা কৃপা চেৎ। "কৃপা দয়ানুকম্পা স্যা" দিত্যমরঃ। কৃপৈব বর্ত্ততে চেদিত্যর্থঃ তর্হি ত্বদন্তে তব নাশে সতি ইয়মেকা গৌঃ স্বস্তি ক্ষেমমস্যা অস্তীতি স্বস্তিমতী ভবেজ্জীবেদিত্যর্থঃ। "স্বস্ত্যাশীঃ ক্ষেমপুণ্যাদা" বিত্যমরঃ। হে প্রজানাথ! জীবন্ পুনঃ পিতেব প্রজাঃ উপপ্লবেভ্যোবিঘ্নেভ্যঃ শশ্বৎ সদা। "পুনঃ সদার্থয়োঃ শশ্বদি" ত্যমরঃ। পাসি রক্ষসি। স্বপ্রাণব্যয়েনৈকধেনুরক্ষণাদ্বরং জীবিতেনৈব শশ্বদখিলজগত্রাণমিত্যর্থঃ ॥ ৪৮ ॥

ন ধর্ম্মলোপাদিয়ং প্রবৃত্তিঃ কিন্তু গুরুভয়াদিত্যত আহ;—অথেতি। অথেতি পক্ষান্তরে অথবা একৈব ধেনুর্যস্য তস্মাৎ। অয়ং কোপকারণোপন্যাস ইতি জ্ঞেয়ম্। অতএবাপরাধে গবোপেক্ষালক্ষণে সতি চণ্ডাদতিকোপনাৎ। "চণ্ডস্ত্বত্যন্তকোপন" ইত্যমরঃ। অতএব কৃশানুঃ প্রতিমা উপমা যস্য তস্মাদগ্নিকল্পাদ্-গুরোর্ব্বিভেষীতি কাকুঃ। ভীত্রার্থানাং ভয়হেতুঃ ইত্যপাদানাৎ পঞ্চমী। অল্পবিত্তস্য ধনহানিরতিদুঃসহেতি ভাবঃ। অস্য গুরোর্ম্মন্যুঃ ক্রোধঃ। "মন্যুর্দ্দৈন্যে ক্রতৌ ক্রুধীত্যমরঃ। ঘটাইব উধাংসি যাসাং তা ঘটোধ্নীঃ। উধসোঽনঙ্ ইত্যনঙাদেশঃ বহুব্রীহেরূধসোঙীষিতিঙীষ্। কোটিশঃ গাঃ স্পর্শয়তা প্রতিপাদ-

---

যদি প্রাণিগণের প্রতি নিতান্তই আপনার দয়া থাকে, তাহা হইলে আপনার অভাবে এই একমাত্র ধেনুই জীবিত থাকিবে; কিন্তু হে প্রজানাথ! যদি আপনি জীবিত থাকেন, তাহা হইলে আবার পিতার ন্যায় প্রজাদিগকে বিঘ্নপরম্পরা হইতে সর্ব্বদা রক্ষা করিতে পারিবেন ॥ ৪৮ ॥

অথবা অগ্নিকল্প গুরুর একমাত্র ধেনুর উপেক্ষা অপরাধ-জনিত রোষানলে যদি একান্তই ভীত হইয়া থাকেন, তাহা হইলে ঘটের ন্যায় আপীন সম্পন্ন

শক্যোঽস্য মন্যুর্ভবতা বিনেতুং
গাঃ কোটিশঃ স্পর্শয়তা ঘটোঘ্নীঃ ॥ ৪৯ ॥
তদ্রক্ষ কল্যাণপরম্পরাণাং
ভোক্তারমূর্জ্জস্বলমাত্মদেহম্।
মহীতলস্পর্শনমাত্রভিন্ন-
মৃদ্ধং হি রাজ্যং পদমৈন্দ্রমাহুঃ ॥ ৫০ ॥
এতাবদুক্ত্বা বিরতে মৃগেন্দ্রে
প্রতিস্বনেনাস্য গুহাগতেন।

য়তা। বিশ্রাণনং বিতরণং স্পর্শনং প্রতিপাদন" মিত্যমরঃ। ভবতা বিনেতুমপনেতুং শক্যঃ ॥ ৪৯ ॥

তদিতি। তত্তস্মাৎ কারণাৎ কল্যাণপরম্পরাণাং ভোক্তারম্। কর্ম্মণি ষষ্ঠী। উর্জ্জোবলমস্যাস্তীতি উর্জ্জস্বলম্। জ্যোৎস্নাতমিস্রেত্যাদিনা বলচ্প্রত্যয়ান্তো-নিপাতঃ। আত্মদেহং রক্ষ। ননু গামুপেক্ষ্য আত্মদেহরক্ষণে স্বর্গহানিঃ স্যাদিত্যাহ মহীতলেতি ঋদ্ধং সমৃদ্ধং রাজ্যং মহীতলস্পর্শনমাত্রেণ ভূতলসম্বন্ধ-মাত্রেণ ভিন্নম্ ঐন্দ্রমিন্দ্রসম্বন্ধি পদং স্থানমাহুঃ স্বর্গান্ন ভিদ্যতইত্যর্থঃ ॥ ৫০ ॥

এতাবদিতি। মৃগেন্দ্রে এতাবদুক্ত্বা বিরতে সতি গুহাগতেনাস্য সিংহস্য প্রতিস্বনেন শিলোচ্চয়ঃ শৈলোঽপি প্রীত্যা তমেবার্থং ক্ষিতিপালমুচ্চৈরভাষতে-বেত্যুৎপ্রেক্ষা। ভাষিরয়ং ব্রুবিসমানার্থত্বাৎ দ্বিকর্ম্মকঃ ব্রুবিস্তু দ্বিকর্ম্মকেষু

(পালানযুক্ত) কোটি কোটি ধেনু দান করিয়া অনায়াসে তাঁহার ক্রোধের শান্তি করিতে সমর্থ হইবেন ॥ ৪৯ ॥

অতএব আপনি কল্যাণপরম্পরার উপভোক্তা সবল আত্মদেহ রক্ষা করুন। আপনার সমৃদ্ধি সম্পন্ন রাজ্য কেবল মহীতল স্পর্শ করিয়া আছে বলিয়াই স্বর্গ হইতে পৃথক্; বাস্তবিক উহা ইন্দ্রপদ স্বর্গ বলিয়াই কীর্ত্তিত হইয়া থাকে। অর্থাৎ ধেনুকে উপেক্ষা করিয়া আত্মদেহ রক্ষা করিলে স্বর্গ-হানি হইতে পারে; এই নিমিত্ত দিলীপের রাজ্যের সহিত স্বর্গের কোন ইতর বিশেষ নাই, তাহা প্রদর্শিত হইল; সুতরাং ইন্দ্রলোক প্রাপ্তি না হইলেও ক্ষতি নাই ॥ ৫০ ॥

শিলোচ্চয়োঽপি ক্ষিতিপালমুচ্চৈঃ
প্রীত্যা তমেবার্থমভাষতেব ॥ ৫১ ॥
নিশম্য দেবানুচরস্য বাচং
মনুষ্যদেবঃ পুনরপ্যুবাচ।
ধেন্বা তদধ্যাসিতকাতরাক্ষ্যা
নিরীক্ষ্যমাণঃ সুতরাং দয়ালুঃ ॥ ৫২ ॥
ক্ষতাৎ কিল ত্রায়ত ইত্যুদগ্রঃ
ক্ষত্রস্য শব্দো ভুবনেষু রূঢ়ঃ।

পঠিতঃ তদুক্তং "দুহিযাচিরুধিপ্রচ্ছিভিক্ষিচিঞামুপযোগনিমিত্তমপূর্ব্ববিধৌ। ব্রুবিশাসিগণেন চ যৎসচতে তদকীর্ত্তিতমাচরিতং কবিনে" তি ॥ ৫১ ॥

নিশম্যেতি। দেবানুচরস্যেশ্বরকিঙ্করস্য সিংহস্য বাচং নিশম্য মনুষ্যদেবোরাজা পুনরপ্যুবাচ কিম্ভূতঃ সন্ তেন সিংহেন যদধ্যাসিতং ব্যক্রমণম্। নপুংসকে ভাবে ক্তঃ ইতি ক্তঃ। তেন কাতরে অক্ষিণী যস্যাস্তয়া। বহুব্রীহৌ সক্‌থ্যক্ষ্ণোঃ স্বাঙ্গাৎ ষজিতি ষচ্‌ষিদ্গৌরাদিভ্যশ্চেতি ঙীষ্। কিম্বা অয়ং বক্ষ্যতীতি ভীত্যৈবং স্থিতয়েত্যর্থঃ ধেন্বা নিরীক্ষ্যমাণোঽতএব সুতরাং দয়ালুঃ সন্। সুতরামিত্যত্র দ্বিবচনবিভজ্যেত্যাদিনা সুশব্দাত্তরপ্ কিমেত্তিঙব্যয়েত্যাদিনা আম্প্রত্যয়ঃ তদ্ধিতশ্চাসর্ব্ববিভক্তিরিত্যব্যয়সংজ্ঞা ॥ ৫২ ॥

কিমুবাচেত্যাহ;—ক্ষতাদিতি। ক্ষণু হিংসায়ামিতি ধাতোঃ সম্পদাদিত্বাৎ ক্বিপ্ গমাদীনামিতি বক্তব্যাদনুনাসিকলোপে তুগাগমে চ ক্ষদিতি রূপং সিদ্ধং ক্ষতোনাশাৎ ত্রায়তইতি ক্ষত্রঃ। সুপীতি যোগবিভাগাৎ কঃ। তামেতাং ব্যুৎপত্তিং কবিরর্থতোঽনুক্রামতি ক্ষতাদিত্যাদিনা। উদগ্র উন্নতঃ

মৃগেন্দ্র এইমাত্র বলিয়া বিরত হইলে পর্ব্বতরাজও যেন প্রীত হইয়া গুহাগত প্রতিশব্দে ক্ষিতিপালকে ঐ সকল কথাই কহিলেন ॥ ৫১ ॥

অনন্তর রাজা দিলীপ দেবানুচর সিংহের এই সমস্ত কথা শ্রবণ করিয়া সিংহ-সমাক্রান্ত নন্দিনী কর্ত্তৃক কাতর নয়নে অবলোকিত হওয়ায় অধিকতর কৃপা পরবশ হইয়া পুনর্ব্বার কহিলেন ॥ ৫২ ॥

হে সিংহ! ক্ষত হইতে (বিপদ হইতে) পরিত্রাণ করে, এই বলিয়া ক্ষত্রিয়

রাজ্যেন কিং তদ্বিপরীতবৃত্তেঃ
প্রাণৈরুপক্রোশমলীমসৈর্ব্বা ॥ ৫৩ ॥
কথং নু শক্যোঽনুনয়ো মহর্ষে-
র্বিশ্রাণনাচ্চান্যপয়স্বিনীনাম্‌।
ইমামনূনাং সুরভেরবেহি
রুদ্রৌজসা তু প্রহৃতং ত্বয়াস্যাম্‌ ॥ ৫৪ ॥

ক্ষত্রস্য ক্ষত্রবর্ণস্য শব্দোবাচকঃ ক্ষত্রশব্দইত্যর্থঃ ক্ষতাৎ ত্রায়তে ইতি ব্যুৎপত্ত্যা ভুবনেষু রূঢ়ঃ কিল প্রসিদ্ধঃ খলু নাশ্বকর্ণদিবৎ কেবলরূঢ়ঃ কিন্তু পঙ্কজাদিবদ্যোগরূঢ়ইত্যর্থঃ। ততঃ কিমিত্যত আহ তস্য ক্ষত্রশব্দস্য বিপরীতবৃত্তের্বিরুদ্ধব্যাপারস্য ক্ষতস্ত্রাণমকুর্ব্বতঃ পুংসো রাজ্যেন কিম্‌ উপক্রোশমলীমসৈর্নিন্দামলিনৈঃ। "উপক্রোশো জুগুপ্সা চ কুৎসা নিন্দা চ গর্হণ" ইত্যমরঃ। জ্যোৎস্নাতমিস্রেত্যাদিনা, মলীমসশব্দোনিপাতিতঃ। "মলীমসন্তু মলিনং কচ্চরং মলদূষিত" মিত্যমরঃ। প্রাণৈর্ব্বা কিং নিন্দিতস্য সর্ব্বং ব্যর্থমিত্যর্থঃ। এতেনৈকাতপত্রমিত্যাদিনা শ্লোকদ্বয়েনোক্তং প্রত্যুক্তমিতি বেদিতব্যম্‌ ॥ ৫৩ ॥

অথৈকধেনোরিত্যত্রোত্তরমাহ ;—কথমিতি। অনুনয়ঃ ক্রোধাপনয়ঃ চকারো বাকারার্থঃ। মহর্ষেরনুনয়ো বা অন্যাসাং পয়স্বিনীনাং দোগ্ধ্রীণাং গবাং বিশ্রাণনাৎ দানাৎ। "ত্যাগোবিতরণং দানমুৎসর্জ্জনবিসর্জ্জনে। বিশ্রাণনং বিতরণম্‌" ইত্যমরঃ। কথং নু শক্যো ন শক্যইত্যর্থঃ। অত্র হেতুমাহ ইমাং গাং সুরভেঃ কামধেনোঃ। পঞ্চমী বিভক্ত ইতি পঞ্চমী। অনূনামন্যূনামবেহি জানীহি। তর্হি কথমস্যাঃ পরিভবোঽভূদিত্যাহ রুদ্রৌজসেতি অস্যাং গবি ত্বয়া কর্ত্রা প্রহৃতন্তু প্রহারস্তু। নপুংসকে ভাবে ক্তঃ ইতি ক্তঃ। রুদ্রৌজসা ঈশ্বরসামর্থ্যেন ন তু স্বয়মিত্যর্থঃ। সপ্তম্যধিকরণে চেতি সপ্তমী ॥ ৫৪ ॥

শব্দটী ভুবনে প্রসিদ্ধ আছে ; অতএব যে ব্যক্তি এই শব্দের বিপরীত আচরণ করে, তাঁহার রাজ্যে বা নিন্দা-কলুষিত প্রাণে কি প্রয়োজন ॥ ৫৩ ॥

আমি অন্য ধেনু প্রদান করিয়া কিরূপে মহর্ষির রোষাপনয়ন করিব। এই নন্দিনী কামধেনু সুরভীর অপেক্ষা কোন অংশেই ন্যূন নহেন ; তুমি কেবল রুদ্রের প্রভাববলেই ইহাকে প্রহার করিতে সমর্থ হইয়াছ ॥ ৫৪ ॥

সেয়ং স্বদেহার্পণনিষ্ক্রয়েণ
ন্যায্যা ময়া মোচয়িতুং ভবত্তঃ।
ন পারণা স্যাদ্বিহতা তবৈবং
ভবেদলুপ্তশ্চ মুনেঃ ক্রিয়ার্থঃ॥ ৫৫॥
ভবানপীদং পরবানবৈতি
মহান্ হি যত্নস্তব দেবদারৌ।
স্থাতুং নিয়োক্তুর্ন হি শক্যমগ্রে
বিনাশ্য রক্ষ্যং স্বয়মক্ষতেন॥ ৫৬॥

তর্হি কিং চিকীর্ষিতমিত্যত্রাহ;—সেয়মিতি। সেয়ং গৌর্ময়া নিক্রীয়তে প্রত্যাহ্রিয়তে পরগৃহীতম্ অনেনেতি নিষ্ক্রয়ঃ প্রতিশীর্ষকম্। এরজিতি অচ্-প্রত্যয়ঃ। স্বদেহার্পণমেব নিষ্ক্রয়স্তেন ভবত্তঃ ত্বত্তঃ। পঞ্চম্যাস্তসিল্ ইতি তসিল্। মোচয়িতুং ন্যায্যা ন্যায়াদনপেতা যুক্তেত্যর্থঃ। ধর্ম্মপথ্যর্থেত্যাদিনা যৎপ্রত্যয়ঃ। এবং সতি তব পারণা ভোজনং বিহতা ন স্যাৎ মুনেঃ ক্রিয়া হোমাদিঃ সএবার্থঃ প্রয়োজনং স চালুপ্তো ভবেৎ। স্বপ্রাণব্যয়েনাপি স্বামি-গুরুধনং সংরক্ষ্যমিতি ভাবঃ॥ ৫৫॥

অত্র ভবানেব প্রমাণমিত্যাহ;—ভবানিতি। "পরবান্ স্বামিপরতন্ত্রো-ভবানপি। পরতন্ত্রঃ পরাধীনঃ পরবান্নাথবানপী"ত্যমরঃ। ইদং বক্ষ্যমাণ-মবৈতি ভবতা অনুভূয়তএবেত্যর্থঃ। শেষে প্রথমইতি প্রথমপুরুষঃ। কিমি-ত্যত আহ হি যস্মাদ্ধেতোঃ। "হি হেতাববধারণ" ইত্যমরঃ। তব দেবদারৌ বিষয়ে মহান্ যত্নঃ মহতা যত্নেন রক্ষ্যতইত্যর্থঃ। ইদং শব্দোক্তমর্থং দর্শয়তি স্থাতুমিতি রক্ষ্যং বস্তু বিনাশ্য বিনাশং গময়িত্বা স্বয়মক্ষতেনাব্রণেন নিযুক্তে-নেতি শেষঃ নিয়োক্তুঃ স্বামিনোঽগ্রে স্থাতুং শক্যং ন হি॥ ৫৬॥

অতএব আত্মদেহ সমর্পণরূপ মূল্য দ্বারা এই ধেনুকে তোমার হস্ত হইতে মুক্ত করা আমার অবশ্য কর্ত্তব্য। ইহাতে তোমার ভোজন ব্যাপার অব্যাহত-রূপে সম্পন্ন হয় এবং মহর্ষির এই হোমধেনুও জীবিত থাকেন॥ ৫৫॥

তুমিও পরাধীন, অতএব আমি যাহা বলিতেছি, তাহা তুমি অবশ্যই হৃদয়ঙ্গম করিতে পারিবে। দেখ রক্ষণীয় বস্তু বিনষ্ট করিয়া স্বামী সন্নিধানে

কিমপ্যহিংস্যস্তব চেন্মতোঽহং
যশঃ শরীরে ভব মে দয়ালুঃ।
একান্তবিধ্বংসিষু মদ্বিধানাং
পিণ্ডেষ্বনাস্থা খলু ভৌতিকেষু॥ ৫৭॥
সম্বন্ধমাভাষণপূর্ব্বমাহু-
র্বৃত্তঃ স নৌ সঙ্গতয়োর্ব্বনান্তে।

সর্ব্বথা চৈতদপ্রতিহার্য্যমিত্যাহ;—কিমিতি। কিমপি কিং বা অহং তবাহিংস্যোঽবধ্যোমতশ্চেত্তর্হি মে যশএব শরীরং তস্মিন্ দয়ালুঃ কারুণিকো-ভব। "স্যাদ্দয়ালুঃ কারুণিকঃ" ইত্যমরঃ। ননু মুখ্যমুপেক্ষ্যামুখ্যশরীরে কোঽভিনিবেশ অত আহ একান্তেতি। মদ্বিধানাং মাদৃশানাং বিবেকিনা-মেকান্তবিধ্বংসিষ্ববশ্যবিনাশিষু ভৌতিকেষু পৃথিব্যাদিভূতবিকারেষু পিণ্ডেষু শরীরেষ্বনাস্থা খলু অনপেক্ষৈব। "আস্থা আলম্বনাস্থানযত্নাপেক্ষাসু কথ্যতে" ইতি বিশ্বঃ॥ ৫৭॥

সৌহার্দ্দাদহমনুসরণীয়োঽস্মীত্যাহ;—সম্বন্ধমিতি। সম্বন্ধং সখ্যম্ আভা-ষণমালাপঃ পূর্ব্বং কারণং যস্য তমাহুঃ। "স্যাদাভাষণমালাপঃ" ইত্যমরঃ। স তাদৃক্ সম্বন্ধোবনান্তে সঙ্গতয়োর্নৌ আবয়োর্বৃত্তোজাতঃ তত্ততোহেতোঃ হে

অক্ষত শরীরে ভৃত্যের অবস্থান করা নিতান্ত সুকঠিন। তন্নিবন্ধন এই দেবদারু বৃক্ষে তোমারও অত্যন্ত যত্ন হইয়াছে॥ ৫৬॥

কিম্বা যদি একান্তই আমাকে জীবিত রাখিতে তোমার অভিলাষ হইয়া থাকে, তাহা হইলে আমার যশস্বরূপ শরীরে দয়ালু হও। মাদৃশ ব্যক্তিরা পাঞ্চভৌতিক দেহে নিশ্চয়ই আস্থা শূন্য হইয়া থাকেন। অর্থাৎ হে সিংহ! যদি তুমি আমাকে জীবিত রাখিতে ইচ্ছা কর, তবে আমার প্রতি অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক ধেনুকে পরিত্যাগ করিয়া আমাকে ভক্ষণ কর; তাহা হইলেই আমার যশ রক্ষিত হইবে এবং জীবিত থাকাও হইবে। অতএব নিত্য যশের জন্য অস্থায়ী এই ভৌতিক দেহ অকাতরে বিসর্জ্জন দিতে পারি, কারণ মনুর সন্তানদিগের যশই পরম ধন॥ ৫৭॥

পণ্ডিতগণ বলিয়া থাকেন, আলাপমাত্রেই মিত্রতা জন্মে; সুতরাং বনমধ্যে পরস্পর সমাগমে আমাদিগেরও সখ্যভাব জন্মিয়াছে। অতএব হে ভূতনাথা-

তদ্ভূতনাথানুগ নার্হসি ত্বং
সম্বন্ধিনো মে প্রণয়ং বিহন্তুম্ ॥ ৫৮ ॥
তথেতি গামুক্তবতে দিলীপঃ
সদ্যঃ প্রতিষ্টম্ভবিমুক্তবাহুঃ।
স ন্যস্তশস্ত্রোহরয়ে স্বদেহ-
মুপানয়ৎ পিণ্ডমিবামিষস্য ॥ ৫৯ ॥
তস্মিন্ ক্ষণে পালয়িতুঃ প্রজানা-
মুৎপশ্যতঃ সিংহনিপাতমুগ্রম্।
অবাঙ্মুখস্যোপরি পুষ্পবৃষ্টিঃ
পপাত বিদ্যাধরহস্তমুক্তা ॥ ৬০ ॥

ভূতনাথানুগ! শিবানুচর! এতেন তস্য মহত্ত্বং সূচয়তি অতএব সম্বন্ধিনো মিত্রস্য মে প্রণয়ং যাচ্ঞাম্। "প্রণয়াস্ত্বমী বিশ্রম্ভযাচ্ঞাপ্রেমাণ" ইত্যমরঃ। বিহন্তুং নার্হসি ॥ ৫৮ ॥

তথেতি। তথেতি গামুক্তবতে হরয়ে সিংহায়। "কপৌ সিংহে সুবর্ণে চ বর্ণে বিষ্ণৌ হরিং বিদু" রিতি শাশ্বতঃ। সদ্যস্তৎক্ষণে প্রতিষ্টম্ভাৎ প্রতিবন্ধা-দ্বিমুক্তোবাহুর্যস্য স দিলীপো ন্যস্তশস্ত্রস্ত্যক্তায়ুধঃ সন্ স্বদেহম্ আমিষস্য মাংসস্য। "পললং ক্রব্যমামিষ" মিত্যমরঃ। পিণ্ডং কবলমিব উপানয়ৎ সমর্পিতবান্। এতেন নির্ম্মমত্বমুক্তম্ ॥ ৫৯ ॥

তস্মিন্নিতি। তস্মিন্ ক্ষণে উগ্রং সিংহনিপাতমুৎপশ্যতঃ উৎপ্রেক্ষমাণস্য তর্কয়তোঽবাঙ্মুখস্য অধোমুখস্য। "স্যাদবাঙপ্যধোমুখ" ইত্যমরঃ।

নুচর! আমি তোমার সখা; সুতরাং আমার প্রার্থনা পূর্ণ না করা তোমার পক্ষে উচিত নহে ॥ ৫৮ ॥

অনন্তর মৃগরাজ, রাজার বাক্যে অনুমোদন করিলে স্তম্ভিতবাহু তৎক্ষণাৎ প্রকৃতিস্থ হইল। তিনি তখন শস্ত্র পরিত্যাগ করিয়া আত্মদেহ আমিষ পিণ্ডের (মাংস পিণ্ডের) ন্যায় সিংহকে সমর্পণ করিলেন ॥ ৫৯ ॥

এইরূপে তিনি অধোমুখ হইয়া ভয়ঙ্কর সিংহের আক্রমণ কাল অপেক্ষা

উত্তিষ্ঠ বৎসেত্যমৃতায়মানং
বচো নিশম্যোত্থিতমুত্থিতঃ সন্।
দদর্শ রাজা জননীমিব স্বাং
গামগ্রতঃ প্রস্রবিণীং ন সিংহম্ ॥ ৬১ ॥

তং বিস্মিতং ধেনুরুবাচ সাধো
মায়াং ময়োদ্ভাব্য পরীক্ষিতোঽসি।
ঋষিপ্রভাবান্ময়ি নান্তকোঽপি
প্রভুঃ প্রহর্ত্তুং কিমুতান্যহিংস্রাঃ ॥ ৬২ ॥

প্রজানাং পালয়িতুঃ রাজ্ঞঃ উপরি উপরিষ্টাৎ। উপর্য্যুপরিষ্টাদিতি নিপাতঃ। বিদ্যাধরাণাং দেবযোনিবিশেষাণাং হস্তৈর্ম্মুক্তা পুষ্পবৃষ্টিঃ পপাত ॥ ৬০ ॥

উত্তিষ্ঠেতি। রাজা অমৃতমিবাচরতীতি অমৃতায়মানং তৎ। উপমানাদাচারে ইতি ব্যঙ্ ততঃ শানচ্। উত্থিতমুৎপন্নং হে বৎস! উত্তিষ্ঠ ইতি বচোনিশম্য শ্রুত্বা উত্থিতঃ সন্। অস্তেঃ শতৃপ্রত্যয়ঃ। অগ্রতোঽগ্রে প্রস্রবঃ ক্ষীরস্রাবোঽস্তি যস্যাঃ সা তাং প্রস্রবিণীং গাং স্বাং জননীমিব দদর্শ, সিংহং ন দদর্শ ॥ ৬১ ॥

তমিতি। বিস্মিতমাশ্চর্য্যং গতং কর্ত্তরি ক্তঃ। তং দিলীপং ধেনুরুবাচ। কিমিত্যত্রাহ হে সাধো! ময়া মায়ামুদ্ভাব্য কল্পয়িত্বা পরীক্ষিতোঽসি ঋষিপ্রভাবাৎ ময়ি অন্তকো যমোঽপি প্রহর্ত্তুং ন প্রভুর্ন সমর্থঃ, অন্যে হিংস্রা ঘাতুকাঃ। "শরারুর্ঘাতুকোহিংস্র" ইত্যমরঃ। নমিকম্পীত্যাদিনা রপ্রত্যয়ঃ। কিমুত সুষ্ঠু ন প্রভবইতি যোজ্যম্। "বলবৎ সুষ্ঠু কিমুত স্বত্যতীব চ নির্ভরঃ" ইত্যমরঃ ॥ ৬২ ॥

করিতেছেন, এমন সময়ে বিদ্যাধরীগণ প্রজাপালক দিলীপের উপর পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন ॥ ৬০ ॥

অনন্তর হে বৎস! উত্থিত হও, এই অমৃতায়মান বচন কর্ণগোচর হইবামাত্র রাজা গাত্রোত্থান করিয়া স্বীয় জননীর ন্যায় দুগ্ধ প্রস্রবিণী নন্দিনীকে সম্মুখে দর্শন করিলেন; কিন্তু সিংহকে আর দেখিতে পাইলেন না ॥ ৬১ ॥

তখন নন্দিনী (এই বিস্ময়কর ব্যাপারে) বিস্মিত নরনাথকে সম্বোধন করিয়া কহিলেন, হে সাধো! আমি মায়া উদ্ভাবন করিয়া তোমায় পরীক্ষা

ভক্ত্যা গুরৌ ময্যনুকম্পয়া চ
প্রীতাস্মি তে পুত্র বরং বৃণীষ্ব।
ন কেবলানাং পয়সাং প্রসূতি
মবেহি মাং কামদুঘাং প্রসন্নাম্‌॥ ৬৩॥
ততঃ সমানীয় স মানিতার্থী
হস্তৌ স্বহস্তার্জ্জিতবীরশব্দঃ।
বংশস্য কর্ত্তারমনন্তকীর্ত্তিং
সুদক্ষিণায়াং তনয়ং যযাচে॥ ৬৪॥

ভক্ত্যেতি। হে পুত্র! গুরৌ ভক্ত্যা ময়ি অনুকম্পয়া চ তুভ্যং প্রীতাস্মি। ক্রিয়াগ্রহণমপি কর্ত্তব্যমিতি চতুর্থী। বরং দেবেভ্যোবরণীয়মর্থং। "দেবাদ্‌বৃতে বরঃ শ্রেষ্ঠে ত্রিষু ক্লীবেমনাক্‌প্রিয়" ইত্যমরঃ। বৃণীষ্ব স্বীকুরু। তথাহি মাং কেবলাং পয়সাং প্রসূতিং কারণং ন অবেহি ন বিদ্ধি কিন্তু প্রসন্নাং মাং কামান্‌ দোগ্ধীতি কামদুঘা তামবেহি। দুহঃ কপ্‌ ঘশ্চেতি কপ্‌ প্রত্যয়ঃ॥ ৬৩॥

ততইতি। ততো মানিতার্থী স্বহস্তার্জ্জিতোবীরইতি শব্দোযেন স এতেনাস্য দাতৃত্বং দৈন্যরাহিত্যং চোক্তম্‌। স রাজা হস্তৌ সমানীয় সন্ধায় অঞ্জলিং বদ্ধেত্যর্থঃ। বংশস্য কর্ত্তারং প্রবর্ত্তয়িতারম্‌ অতএব রঘুকুলমিতি প্রসিদ্ধিঃ। অনন্তকীর্ত্তিং স্থিরযশস্কং তনয়ং সুদক্ষিণায়াং যযাচে॥ ৬৪॥

করিলাম। অন্য হিংস্র জন্তুর কথা দূরে থাকুক, মহর্ষি বশিষ্ঠের প্রভাবে কৃতান্তও আমাকে প্রহার করিতে সমর্থ হন্‌ না॥ ৬২॥

আমি তোমার এই গুরুভক্তি এবং আমার প্রতি অনুকম্পা এই উভয় কারণে তোমার প্রতি সাতিশয় প্রীত হইয়াছি। অতএব হে পুত্র! তুমি বর প্রার্থনা কর, আমাকে কেবল দুগ্ধদাত্রী মনে করিও না; যেহেতু আমি প্রসন্ন হইলে সকল প্রকার অভিলাষই পূর্ণ করিতে পারি॥ ৬৩॥

অনন্তর দাতা বীরেন্দ্র রাজা দিলীপ কৃতাঞ্জলিপুটে সহধর্ম্মিণী সুদক্ষিণার গর্ব্ভে বংশ-প্রবর্ত্তক অসীম কীর্ত্তিমান্‌ এক তনয় উৎপন্ন হউক, এই বর প্রার্থনা করিলেন॥ ৬৪॥

সন্তানকামায় তথেতি কামং
রাজ্ঞে প্রতিশ্রুত্য পয়স্বিনী সা।
দুগ্ধ্বা পয়ঃ পত্রপুটে মদীয়ং
পুত্রোপভুঙ্ক্ষ্বেতি তমাদিদেশ ॥ ৬৫ ॥
বৎসস্য হোমার্থবিধেশ্চ শেষ-
মৃষেরনুজ্ঞামধিগম্য মাতঃ।
ঔধস্যমিচ্ছামি তবোপভোক্তুং
ষষ্ঠাংশমুর্ব্ব্যাইব রক্ষিতায়াঃ ॥ ৬৬ ॥

সন্তানেতি। সা পয়স্বিনী গৌঃ সন্তানং কাময়তইতি সন্তানকামঃ কর্ম্মণ্যণ্ তস্মৈ রাজ্ঞে তথেতি কাম্যত ইতি কামো বরঃ। কর্ম্মার্থে ঘঞ্-প্রত্যয়ঃ। তং প্রতিশ্রুত্য প্রতিজ্ঞায় হে পুত্র! মদীয়ং পয়ঃ পত্রপুটে পত্র-নির্ম্মিতে পাত্রে দুগ্ধ্বা উপভুঙ্ক্ষ্ব পিবেতি উপযুঙ্ক্ষ্বেতি বা পাঠঃ তমাদিদেশ আজ্ঞাপিতবতী ॥ ৬৫ ॥

বৎসস্যেতি। হে মাতঃ! বৎসস্য বৎসপীতস্য শেষং বৎসপীতাবশিষ্ট-মিত্যর্থঃ হোমএব অর্থস্তস্য বিধিরনুষ্ঠানং তস্য শেষং হোমাবশিষ্টমিত্যর্থঃ তব ঊধসি ভবম্ ঔধস্যং ক্ষীরম্। শরীরাবয়বাচ্চেতি যৎ প্রত্যয়ঃ। রক্ষিতায়াউর্ব্ব্যাঃ ষষ্ঠাংশং ষষ্ঠভাগমিব ঋষেরনুজ্ঞামধিগম্য উপভোক্তু-মিচ্ছামি ॥ ৬৬ ॥

পয়স্বিনী নন্দিনীও সন্তানার্থী রাজাকে তাহাই হইবে, এই প্রতিশ্রুত হইয়া কহিলেন, পুত্র! তুমি এখন পত্রপুটে আমার দুগ্ধ দোহন করিয়া পান কর ॥ ৬৫ ॥

ভূপতি কহিলেন, মাতঃ! আমি বৎসের পান এবং হোমবিধির পর যে অবশিষ্ট দুগ্ধ থাকিবে, মহর্ষির অনুজ্ঞা গ্রহণপূর্ব্বক স্বভুজরক্ষিত পৃথিবীর ষষ্ঠাং-শের ন্যায় সেই দুগ্ধ পান করিব। অর্থাৎ পূর্ব্বকালে রাজগণ প্রজার নিকট হইতে তাঁহাদের আয়ের ষষ্ঠাংশ করস্বরূপ গ্রহণ করিতেন, এস্থলেও সেই ষষ্ঠাংশ করের ন্যায় রাজা নন্দিনীর দুগ্ধের অংশ মাত্র গ্রহণ করিবেন, সমস্ত দুগ্ধ গ্রহণ করা তাঁহার অভিপ্রেত নহে ॥ ৬৬ ॥

ইত্থং ক্ষিতীশেন বশিষ্ঠধেনু-
র্ব্বিজ্ঞাপিতা প্রীততরা বভূব।
তদন্বিতা হৈমবতাচ্চ কুক্ষেঃ
প্রত্যাযযাবাশ্রমমশ্রমেণ ॥ ৬৭ ॥
তস্যাঃ প্রসন্নেন্দুমুখঃ প্রসাদং
গুরুর্নৃপাণাং গুরবে নিবেদ্য।
প্রহর্ষচিহ্নানুমিতং প্রিয়ায়ৈ
শশংস বাচা পুনরুক্তয়েব ॥ ৬৮ ॥
স নন্দিনীস্তন্যমনিন্দিতাত্মা
সদ্বৎসলো বৎসহুতাবশেষম্।

ইত্থমিতি। ইত্থং ক্ষিতীশেন বিজ্ঞাপিতা বশিষ্ঠস্য ধেনুঃ প্রীততরা পূর্ব্বং শুশ্রূষয়া প্রীতা সম্প্রত্যেনয়া বিজ্ঞাপনয়া প্রীততরা অতি সন্তুষ্টা বভূব তদন্বিতা তেন দিলীপেনান্বিতা হৈমবতাৎ হিমবৎসম্বন্ধিনঃ কুক্ষেঃ গুহায়াঃ সকাশাদশ্রমেণানায়াসেনাশ্রমং প্রত্যাযযৌ আগতা চ ॥ ৬৭ ॥

তস্যাইতি। প্রসন্নেন্দুরিব মুখং যস্য স নৃপাণাং গুরুর্দ্দিলীপঃ প্রহর্ষচিহ্নৈর্মুখরাগাদিভিরনুমিতমূহিতং তস্যা ধেনোঃ প্রসাদমনুগ্রহং প্রহর্ষচিহ্নৈরেব জ্ঞাতত্বাৎ পুনরুক্তয়েব বাচা গুরবে নিবেদ্য বিজ্ঞাপ্য পশ্চাৎ প্রিয়ায়ৈ শশংস। কথিতস্যৈব কথনং পুনরুক্তিঃ ন চেহ তদস্তি কিন্তু চিহ্নৈঃ কথিতপ্রায়ত্বাৎ পুনরুক্তয়েব স্থিতয়েত্যুৎপ্রেক্ষা ॥ ৬৮ ॥

স ইতি। অনিন্দিতাত্মা অগর্হিতস্বভাবঃ সৎসু বৎসলঃ প্রেমবান্ সদ্-

তখন নন্দিনী ভূপাল দিলীপের এই বাক্য শ্রবণ করিয়া অধিকতর প্রীতা হইলেন এবং গিরিগহ্বর হইতে অবিশ্রান্তরূপে আশ্রমাভিমুখে গমন করিতে লাগিলেন, রাজাও তাঁহার পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন ॥ ৬৭ ॥

অনন্তর নির্ম্মল শশাঙ্ক সদৃশ মুখকান্তিসম্পন্ন নরেন্দ্র দিলীপ স্বীয় প্রহর্ষ চিহ্ন দ্বারা ধেনুর প্রসন্নতার বিষয় অনুমিত হইলেও পুনরুক্তির ন্যায় গুরুদেব বশিষ্ঠকে নিবেদন করিয়া মহিষীকে আদ্যোপান্ত সমস্ত কহিলেন ॥ ৬৮ ॥

অনিন্দিত স্বভাব সজ্জনানুরাগী অতি পিপাসিত রাজা দিলীপ, বশিষ্ঠের

পপৌ বশিষ্ঠেন কৃতাভ্যনুজ্ঞঃ
শুভ্রং যশো মূর্ত্তমিবাতিতৃষ্ণঃ ॥ ৬৯ ॥
প্রাতর্যথোক্তব্রতপারণান্তে
প্রাস্থানিকং স্বস্ত্যয়নং প্রযুজ্য।
তৌ দম্পতী স্বাং প্রতি রাজধানীং
প্রস্থাপয়ামাস বশী বশিষ্ঠঃ ॥ ৭০ ॥
প্রদক্ষিণীকৃত্য হুতং হুতাশ-
মনন্তরং ভর্ত্তুররুন্ধতীঞ্চ।

বৎসলঃ। বৎসাংসাভ্যাং কামবলে ইতি লচ্ প্রত্যয়ঃ। বশিষ্ঠেন কৃতাভ্যনুজ্ঞঃ কৃতানুমতিঃ স রাজা বৎসস্য হুতস্য চাবশেষং পীতহুতাবশিষ্টং নন্দিন্যাঃ স্তন্যং ক্ষীরং শুভ্রং মূর্ত্তং পরিচ্ছিন্নং যশইবাতিতৃষ্ণঃ সন্ পপৌ ॥ ৬৯ ॥

প্রাতরিতি। বশী বশিষ্ঠঃ প্রাতঃ যথোক্তস্য পূর্ব্বোক্তস্য ব্রতস্য গোসেবারূপস্যাঙ্গভূতা যা পারণা তস্যাঃ অন্তে প্রাস্থানিকং প্রস্থানকালে ভবং তৎকালোচিতমিত্যর্থঃ। কালাঠ্ঠঞিতি ঠঞ্ প্রত্যয়ঃ। যথা কথঞ্চিৎ গুণবৃত্ত্যাপি কালে বর্ত্তমানাত্তৎপ্রত্যয় ইষ্যতইতি বৃত্তিকারঃ। ইয়তে প্রাপ্যতে অনেনেত্যয়নং স্বস্ত্যয়নং শুভাবহমাশীর্ব্বাদং প্রযুজ্য তৌ দম্পতী স্বাং রাজধানীং পুরীং প্রতি প্রস্থাপয়ামাস ॥ ৭০ ॥

প্রদক্ষিণীকৃত্যেতি। নৃপঃ হুতং তর্পিতং হুতমশ্নাতীতি হুতাশোঽগ্নিঃ কর্ম্মণ্যণ্। তং ভর্ত্তুর্মুনেরনন্তরং প্রদক্ষিণানন্তরমিত্যর্থঃ অরুন্ধতীঞ্চ সবৎসাং ধেনুঞ্চ প্রদক্ষিণীকৃত্য। প্রগতোদক্ষিণং প্রদক্ষিণং তিষ্ঠদ্গুপ্রভৃতীনি চ ইত্যব্যয়ীভাবঃ ততঃ চ্বিঃ। অপ্রদক্ষিণং প্রদক্ষিণং সম্পদ্যমানং কৃত্বা প্রদ-

---

অনুজ্ঞা গ্রহণ করিয়া শুভ্র মূর্ত্তিমান্ যশের ন্যায় বৎসের পান ও হোমের অবশিষ্ট দুগ্ধ পান করিলেন ॥ ৬৯ ॥

অনন্তর জিতেন্দ্রিয় মহর্ষি বশিষ্ঠ, পরদিন প্রাতঃকালে গো সেবা ব্রতের পারণান্তে প্রস্থানকালোচিত আশীর্ব্বাদ প্রয়োগ করিয়া দম্পতি দিলীপ ও সুদক্ষিণাকে স্বীয় রাজধানীতে প্রস্থান করিতে আদেশ করিলেন ॥ ৭০ ॥

ব্রত দুঃখ সহিষ্ণু রাজা দিলীপ হোমাগ্নি, গুরু বশিষ্ঠ, দেবী অরুন্ধতী ও

ধেনুং সবৎসাঞ্চ নৃপঃ প্রতস্থে
সন্মঙ্গলোদগ্রতরপ্রভাবঃ ॥ ৭১ ॥
শ্রোত্রাভিরামধ্বনিনা রথেন
স ধর্ম্মপত্নীসহিতঃ সহিষ্ণুঃ।
যযাবনুদ্ঘাতসুখেন মার্গং
স্বেনেব পূর্ণেন মনোরথেন ॥ ৭২ ॥
তমাহিতৌৎসুক্যমদর্শনেন
প্রজাঃ প্রজার্থব্রতকর্শিতাঙ্গম্।

ক্ষিণীকৃত্য সদ্ভির্মঙ্গলৈঃ প্রদক্ষিণাদিভির্মঙ্গলাচারৈরুদগ্রতরপ্রভাবঃ সন্ প্রতস্থে ॥ ৭১ ॥

শ্রোত্রেতি। ধর্ম্মপত্নীসহিতঃ সহিষ্ণুর্দ্বন্দ্বাদিদুঃখসহনশীলঃ স নৃপঃ শ্রোত্রাভিরামধ্বনিনা কর্ণাহ্লাদকরস্বনেন অনুদ্ঘাতঃ পাষাণাদিপ্রতিঘাতরহিতোঽতএব সুখয়তীতি সুখস্তেন রথেন স্বেন পূর্ণেন সফলেন মনোরথেনেব মার্গমধ্বানং যযৌ। মনোরথপক্ষে অনুদ্ঘাতঃ প্রতিবন্ধনিবৃত্তিঃ ॥ ৭২ ॥

তমিতি। অদর্শনেন প্রবাসনিমিত্তেনাহিতৌৎসুক্যং জনিতদর্শনোৎকণ্ঠং প্রজার্থেন সন্তানার্থেন ব্রতেন নিয়মেন কর্শিতং কৃশীকৃতমঙ্গং যস্য তং নবোদয়ং নবাভ্যুদয়ম্ ওষধীনাং নাথং সোমমিব তং রাজানং প্রজাঃ তৃপ্তিমনাপ্নুবদ্ভিরতিগৃধ্নুভির্নেত্রৈঃ পপুঃ অত্যাসক্ত্যা দদৃশুরিত্যর্থঃ। চন্দ্রপক্ষে অদর্শনং কলাক্ষয়নিমিত্তং প্রজার্থং লোকহিতার্থং ব্রতং দেবতাভ্যঃ কলাদাননিয়মঃ।

সদ্বৎসলা নন্দিনীকে আনুপূর্ব্বিক প্রদক্ষিণ পূর্ব্বক সাধু মঙ্গলাচারে পরিবর্দ্ধিত প্রভাব হইয়া প্রস্থানের আয়োজন করিতে লাগিলেন ॥ ৭১ ॥

পরে সহিষ্ণু রাজা দিলীপ স্বীয় পূর্ণ মনোরথ সদৃশ শ্রবণাহ্লাদকর ধ্বনিসম্পন্ন উদ্ঘাতাদি বিরহিত সুখকর রথে ধর্ম্মপত্নীর সহিত আরোহণ করিয়া আশ্রম হইতে প্রস্থান করিলেন ॥ ৭২ ॥

প্রজাগণ সন্তানার্থ ব্রতানুষ্ঠানে ক্ষীণকলেবর রাজাকে নবোদিত ওষধিপতি চন্দ্রের ন্যায় বহু দিন অদর্শন-জনিত ঔৎসুক্য সহকারে পুনঃ পুনঃ অবলোকন করিতে লাগিল। অর্থাৎ যেমন কৃষ্ণপক্ষান্তে নবোদিত নিশানাথকে দর্শন করিয়া পরিতৃপ্ত হওয়া যায় না বলিয়া মনুষ্যগণ উঁহাকে পুনঃ পুনঃ

নেত্রৈঃ পপুস্তৃপ্তিমনাপ্নুবদ্ভি-
র্নবোদয়ং নাথমিবৌষধীনাম্ ॥ ৭৩ ॥
পুরন্দরশ্রীঃ পুরমুৎপতাকং
প্রবিশ্য পৌরৈরভিনন্দ্যমানঃ।
ভুজে ভুজঙ্গেন্দ্রসমানসারে
ভূয়ঃ স ভূমের্ধুরমাসসঞ্জ ॥ ৭৪ ॥
অথ নয়নসমুত্থং জ্যোতিরত্রেরিব দ্যৌঃ
সুরসরিদিব তেজোবহ্নিনিষ্ঠ্যূতমৈশম্।

"তঞ্চ সোমং পপুর্দ্দেবাঃ পর্য্যায়েণানুপূর্ব্বশঃ" ইতি ব্যাসঃ। উদয় আবির্ভাবঃ অন্যৎ সমানম্ ॥ ৭৩ ॥

পুরন্দরেতি। পুরঃ পুরীরসুরাণাং দারয়তীতি পুরন্দরঃ শক্রঃ। পূঃসর্ব্বয়োর্দ্দারিসহোরিতি খচ্প্রত্যয়ঃ। বাচংযমপুরন্দরৌ চেতি মুমাগমোনিপাতিতঃ। তস্য শ্রীরিব শ্রীর্যস্য সঃ, স নৃপঃ পৌরৈরভিনন্দ্যমানঃ উৎপতাকমুচ্ছ্রিতধ্বজম্। "পতাকা বৈজয়ন্তী স্যাৎ কেতনং ধ্বজমস্ত্রিয়া" মিত্যমরঃ। পুরং প্রবিশ্য ভুজঙ্গেন্দ্রেণ সমানসারে তুল্যবলে। "সারো বলে স্থিরাংশে চ ন্যায্যে ক্লীবং বরে ত্রিষ্বি"ত্যমরঃ। ভুজে ভূয়ো ভূমের্ধুরমাসসঞ্জ স্থাপিতবান্ ॥ ৭৪ ॥

অথেতি। অথ দ্যৌঃ সুরবর্ত্ম। "দ্যৌঃ স্বর্গসুরবর্ত্মনো" রিতি বিশ্বঃ। অত্রের্মহর্ষেঃ নয়নয়োঃ সমুত্থমুৎপন্নং নয়নসমুত্থম্। আতশ্চোপসর্গে কঃ ইতি কপ্রত্যয়ঃ। জ্যোতিরিব চন্দ্রমিবেত্যর্থঃ। "ঋক্ষেশঃ স্যাদত্রিনেত্রপ্রসূত" ইতি হলায়ুধঃ। চন্দ্রস্যাত্রিনেত্রোদ্ভূতত্বমুক্তং হরিবংশে। "নেত্রাভ্যাং বারি সুস্রাব দশধা দ্যোতয়দ্দিশঃ। তদ্গর্ভবিধিনা হৃষ্টা দিশো দেব্যাদধুস্তদা।

দর্শন করিয়া থাকে। তদ্রূপ প্রজাবর্গও বহুদিন পরে সমাগত রাজাকে ঔৎসুক্য বশতঃ সতৃষ্ণ নয়নে পুনঃ পুনঃ দর্শন করিতে লাগিল ॥ ৭৩ ॥

এইরূপে ইন্দ্রতুল্য শ্রীসম্পন্ন রাজা দিলীপ পৌরজন কর্তৃক অভিনন্দিত হইয়া পতাকা-পরিশোভিত পুরমধ্যে প্রবেশ করিয়া ফণীন্দ্র তুল্য সবল স্বীয় হস্তে পুনর্ব্বার ভূভার ধারণ করিলেন ॥ ৭৪ ॥

অনন্তর যেমন সুরবর্ত্ম (নভোমণ্ডল) মহর্ষি অত্রির নয়ন সমুত্থ জ্যোতি সুধাংশুকে ধারণ করে এবং সুরনদী গঙ্গা যেমন বহ্নি পরিত্যক্ত মহেশের

নরপতিকুলভূত্যৈ গর্ভমাধত্ত রাজ্ঞী
গুরুভিরভিনিবিষ্টং লোকপালানুভাবৈঃ ॥ ৭৫ ॥

ইতি শ্রীরঘুবংশে মহাকাব্যে কালিদাসকৃতৌ নন্দিনী-
বরপ্রদানো নাম দ্বিতীয়ঃ সর্গঃ ।

সমেত্য ধারয়ামাসুর্নচ তাং সমশক্নুবন্। স তাভ্যঃ সহসৈবাথ দিগ্‌ভ্যোগর্ভঃ প্রভাবিতঃ। পপাত ভাসয়ন্ লোকান্ শীতাংশুঃ সর্ব্বভাবন” ইতি। সুর-সরিদ্‌গঙ্গা বহ্নিনা নিষ্ঠ্যূতং বিক্ষিপ্তম্। ষ্ঠিবুঃ শূড়নুনাসিকে চ ইত্যনেন নিপূর্ব্বাৎ ষ্ঠীবতের্ব্বকারস্য উট্। “ন্যস্তনুত্তাস্তনিষ্ঠ্যূতাবিদ্ধক্ষিপ্তেরিতাঃ সমাঃ” ইত্যমরঃ। ঐশং তেজঃ স্কন্দমিব। অত্র রামায়ণম্। “তে গত্বা পর্ব্বতং রাম! কৈলাসং ধাতুমণ্ডিতম্। অগ্নিং নিয়োজয়ামাসুঃ পুত্রার্থং সর্ব্বদেবতাঃ। দেবকার্য্যমিদং দেব! সমাধৎস্ব হুতাশন! শৈলপুত্র্যাং মহাতেজো গঙ্গায়াং তেজউৎসৃজ। দেবতানাং প্রতিজ্ঞায় গঙ্গামভ্যেত্য পাবকঃ। গর্ভং ধারয় বৈ দেবি! দেবতানামিদং প্রিয়ম্। ইত্যেতদ্বচনং শ্রুত্বা দিব্যং রূপমধারয়ৎ। স তস্যা প্রতিমাং দৃষ্ট্বা সমন্তাদবকীর্য্য চ। সমন্ততস্তু তাং দেবীমভ্যসিঞ্চত পাবকঃ। সর্ব্বস্রোতাংসি পূর্ণানি গঙ্গায়া রঘুনন্দন!” ইতি। রাজ্ঞী সুদক্ষিণা নরপতের্দ্দিলীপস্য কুলভূত্যৈ সন্ততিলক্ষণায়ৈ গুরুভির্মহদ্ভির্লোকপালানামনু-ভাবৈস্তেজোভিরভিনিবিষ্টমনুপ্রবিষ্টং গর্ভমাধত্ত দধাবিত্যর্থঃ। অত্র মনুঃ “অষ্টানাং লোকপালানাং বপুর্ধারয়তে নৃপ” ইতি। অত্রাধত্তেত্যনেন স্ত্রী-কর্ত্তৃকধারণমাত্রমুচ্যতে তথা চ মন্ত্রে দৃশ্যতে। “যথেয়ং পৃথিবী মহ্যুত্তানগর্ভ-মাদধে এব ত্বং গর্ভমাধেহি দশমে মাসি সূতয়ে” ইত্যাশ্বলায়নানাং সীমন্ত-মন্ত্রে স্ত্রীব্যাপারধারণ আধানশব্দপ্রয়োগদর্শনাদিতি। মালিনীবৃত্তমেতৎ তদুক্তং ননমযযযুতেয়ং মালিনী ভোগিলোকৈরিতি লক্ষণাৎ ॥ ৭৫ ॥

ইতি শ্রীমহামহোপাধ্যায়কোলাচলমল্লিনাথসূরিবিরচিতায়াং রঘুবংশ-
টীকায়াং সঞ্জীবনীসমাখ্যায়াং দ্বিতীয়ঃ সর্গঃ ।

তেজ কার্ত্তিকেয়কে ধারণ করেন, তদ্রূপ রাজ্ঞী সুদক্ষিণা নরপতিকুলের অভ্যুদয়ের নিমিত্ত (দিলীপের বংশ বিস্তারের নিমিত্ত) লোকপালগণের মহাতেজে আবির্ভূত গর্ভ ধারণ করিলেন ॥ ৭৫ ॥

দ্বিতীয় সর্গ সমাপ্ত।

তৃতীয়ঃ সর্গঃ।

অথেপ্সিতং ভর্ত্তুরুপস্থিতোদয়ং
সখীজনোদ্বীক্ষণকৌমুদীমুখম্।
নিদানমিক্ষ্বাকুকুলস্য সন্ততেঃ
সুদক্ষিণা দৌহৃর্দলক্ষণং দধৌ ॥ ১ ॥

উপাধিগম্যোঽপ্যনুপাধিগম্যঃ সমাবলোক্যোঽপ্যসমাবলোক্যঃ।
ভবোঽপি যোঽভূদভবঃ শিবোঽয়ং জগত্যপায়াদপি নঃ স পায়াৎ ॥

রাজ্ঞী গর্ভমাধত্তেত্যুক্তং সম্প্রতি গর্ভলক্ষণানি বর্ণয়িতুং প্রস্তৌতি ;—

অথেতি। অথ গর্ভধারণানন্তরং সুদক্ষিণা উপস্থিতোদয়ং প্রাপ্তকালং ভর্ত্তুর্দ্দিলীপস্য ঈপ্সিতং মনোরথম্। ভাবে ক্তঃ। সখীজনস্যোদ্বীক্ষণানাং দৃষ্টীনাং কৌমুদীমুখং চন্দ্রিকাপ্রাদুর্ভাবম্। যদ্বা কৌমুদী নাম দীপোৎসবতিথিঃ তদুক্তং ভবিষ্যোত্তরে "কৌ মোদন্তে জনা যস্যাং তেনাসৌ কৌমুদী মতে"তি। তস্যা মুখং প্রারম্ভম্, অতএব কেচিৎ "কৌমুদীমহমিতি পাঠং পঠন্তি।" ইক্ষ্বাকুকুলস্য সন্ততেরবিচ্ছেদস্য নিদানং মূলকারণম্। "নিদানস্বাদিকারণ" মিত্যমরঃ। এবম্বিধং দৌহৃর্দলক্ষণং গর্ভচিহ্নং বক্ষ্যমাণং দধৌ। স্বহৃদয়েন গর্ভহৃদয়েন চ দ্বিহৃদয়া গর্ভিণী যথাহ বাগ্‌ভটঃ "মাতৃজস্যস্য হৃদয়ং মাতুশ্চ হৃদয়ঞ্চ তৎ। সম্বদ্ধং তেন গর্ভিণ্যাঃ শ্রেষ্ঠং শ্রদ্ধাভিমানন" মিতি। তৎসম্বন্ধিত্বাদ্গর্ভোদৌহৃর্দমিত্যুচ্যতে সা চ তদ্যোগাৎ দৌহৃর্দিনীতি তদুক্তং সংগ্রহে "দ্বিহৃদয়াং নারীং দৌহৃর্দিনীমাচক্ষত" ইতি। অত্র দৌহৃর্দলক্ষণস্যেপ্সিতত্বেন কৌমুদীমুখত্বেন চ নিরূপণাৎ রূপকালঙ্কারঃ। অস্মিন্ সর্গে বংশস্থং বৃত্তং "জতৌ তু বংশস্থমুদীরিতং জরাবি"তি লক্ষণাৎ ॥ ১ ॥

অনন্তর রাজ্ঞী সুদক্ষিণা ভর্ত্তা দিলীপের সমুদিত মনোরথ স্বরূপ, সখীজনের নয়নানন্দকর চন্দ্রিকা প্রাদুর্ভাব স্বরূপ এবং ইক্ষ্বাকুকুলের সন্ততির নিদান ভূত গর্ভলক্ষণ ধারণ করিলেন। অর্থাৎ রাজা দিলীপের মনোরথ সিদ্ধিসূচক, সখীগণের প্রীতিপ্রদ এবং ইক্ষ্বাকুবংশের বিস্তৃতির কারণ স্বরূপ গর্ভচিহ্ন সকল রাজমহিষী সুদক্ষিণাতে প্রকাশ পাইয়াছিল ॥ ১ ॥

শরীরসাদাদসমগ্রভূষণা
মুখেন সালক্ষ্যত লোধ্রপাণ্ডুনা।
তনুপ্রকাশেন বিচেয়তারকা
প্রভাতকল্পা শশিনেব শর্ব্বরী ॥ ২ ॥
তদাননং মৃৎসুরভি ক্ষিতীশ্বরো
রহস্যুপাঘ্রায় ন তৃপ্তিমাযযৌ।

সম্প্রতি ক্ষামতাখ্যং গর্ভলক্ষণং বর্ণয়তি ;—শরীরেতি। শরীরস্য সাদাৎ কার্শ্যাদসমগ্রভূষণা পরিমিতাভরণা লোধ্রপুষ্পেণেব পাণ্ডুনা মুখেনোপলক্ষিতা সা সুদক্ষিণা বিচেয়া মৃগ্যাস্তারকা যস্যাং সা তথোক্তা বিরলনক্ষত্রেত্যর্থঃ তনুপ্রকাশেনাল্পকান্তিনা শশিনোপলক্ষিতা ঈষদসমাপ্তা প্রভাতা প্রভাতকল্পা প্রভাতাদীষদূনেত্যর্থঃ। তসিলাদিষ্বাকৃত্বসুচ ইতি প্রভাতাশব্দস্য পুম্বদ্ভাবঃ। শর্ব্বরী রাত্রিরিবালক্ষ্যত। শরীরসাদাদি-গর্ভলক্ষণমাহ বাগ্‌ভটঃ "ক্ষামতা গরিমা কুক্ষের্মূর্চ্ছা ছর্দ্দিররোচকম্। জৃম্ভা প্রসেকঃ সদনং রোমরাজ্যাঃ প্রকাশন" মিতি ॥ ২ ॥

তদিতি। ক্ষিতীশ্বরোরহসি মৃৎসুরভি মৃদা সুগন্ধি তস্যা আননং তদাননং সুদক্ষিণামুখম্ উপাঘ্রায় তৃপ্তিং ন আযযৌ। কঃ কমিব শুচিব্যপায়ে গ্রীষ্মাবসানে। "শুচিঃ শুদ্ধেঽনুপহতে শৃঙ্গারাষাঢ়য়োঃ সিতে। গ্রীষ্মে হুতবহেঽপি স্যাদুপধাশুদ্ধমন্ত্রিণী"তি বিশ্বঃ। পয়োমুচাং মেঘানাং পৃষতৈ-

---

তিনি (গর্ভাবস্থায়) শরীরের কৃশতা বশতঃ সমস্ত আভরণ পরিধান করিতে পারেন নাই এবং তাঁহার মুখমণ্ডল লোধ্রকুসুমের ন্যায় পাণ্ডুবর্ণ ধারণ করিয়াছিল ; অতএব ক্ষীণদ্যুতি চন্দ্র এবং বিরল নক্ষত্রযুক্ত আসন্ন প্রভাতা শর্ব্বরীর ন্যায় রাজমহিষী লক্ষিত হইয়াছিলেন। অর্থাৎ রাজমহিষীর অঙ্গযষ্টি কৃশ হইতে লাগিল। সুতরাং তিনি তৎকালে সমগ্র অলঙ্কার ধারণ করিতে পারিলেন না এবং তাঁহার মুখকান্তি লোধ্রপুষ্পের ন্যায় পাণ্ডুবর্ণ হইল। এই সকল কারণে তিনি বিরল নক্ষত্র এবং ক্ষীণকান্তি শশধর সুশোভিত প্রভাত প্রায় শর্ব্বরীর ন্যায় লক্ষিত হইতে লাগিলেন ॥ ২ ॥

হস্তী যেমন গ্রীষ্মাবসান সময়ে মেঘধারাসিক্ত কাননমধ্যগত পল্বলস্থ নূতন জলে মৃত্তিকাগন্ধ প্রাপ্ত হইয়া পরিতৃপ্ত হইতে পারে না, রাজাও

করীব সিক্তং পৃষতৈঃ পয়োমুচাং
শুচিব্যপায়ে বনরাজিপল্বলম্ ॥ ৩ ॥
দিবং মরুত্বানিব ভোক্ষ্যতে ভুবং
দিগন্তবিশ্রান্তরথো হি তৎসুতঃ।
অতোঽভিলাষে প্রথমং তথাবিধে
মনো ববন্ধান্যরসান্ বিলঙ্ঘ্য সা ॥ ৪ ॥

বিন্দুভিঃ। "পৃষন্তি বিন্দুপৃষতা" ইত্যমরঃ। সিক্তং মুক্ষিতং বনরাজ্যাঃ পল্বলমুপাঘ্রায় করী গজইব। অত্র করিবনরাজিপল্বলানাং কান্তকামিনীবদনসমাধিরন্নুসন্ধেয়ঃ। গর্ভিণীনাং মৃত্তক্ষণং লোকপ্রসিদ্ধমেব। এতেন দোহদাখ্যং গর্ভলক্ষণমুচ্যতে ॥ ৩ ॥

দোহদলক্ষণে মৃদ্ভক্ষণে হেত্বন্তরমুৎপ্রেক্ষতে;—দিবমিতি। হি যস্মাৎ দিগন্তবিশ্রান্তরথশ্চক্রবর্ত্তী তস্যাঃ সুতস্তৎসুতো মরুত্বানিন্দ্রঃ। "ইন্দ্রোমরুত্বান্ মঘবে"ত্যমরঃ। দিবং স্বর্গমিব ভুবং ভোক্ষ্যতে। ভুজোঽনবনে ইত্যাত্মনেপদম্। অতঃ প্রথমং সা সুদক্ষিণা তথাবিধে ভূবিকারে মৃদ্রূপে অভিলষ্যত-ইত্যভিলাষো ভোগ্যং বস্তু তস্মিন্। কর্ম্মণি ঘঞ্ প্রত্যয়ঃ। রস্যন্তে স্বাদ্যন্তে ইতি রসাঃ ভোগ্যার্থাঃ অন্যে চ তে রসাশ্চ তান্ বিলঙ্ঘ্য বিহায় মনোববন্ধ

তদ্রূপ নির্জ্জনে প্রিয়তমার মৃৎগন্ধযুক্ত আনন আঘ্রাণ করিয়া তৃপ্তিলাভ করিতে পারেন নাই। অর্থাৎ গজরাজ যেমন গ্রীষ্মজনিত সন্তাপ দূরীকরণার্থ বনস্থান মধ্যবর্ত্তী পল্বলস্থ বৃষ্টির জলে পুনঃপুনঃ অবগাহন করে, সেইপ্রকার নরনাথ দিলীপও সুদক্ষিণার মুখকমল পুনঃপুনঃ আঘ্রাণ করিতেন ॥ ৩ ॥

ইন্দ্র যেমন দেবলোক উপভোগ করিয়া থাকেন, সেইরূপ তাঁহার গর্ভস্থ পুত্রও রাজচক্রবর্ত্তী হইয়া পৃথিবী উপভোগ করিবেন, এই মানসে রাজ্ঞী যেন অন্যান্য রস পরিত্যাগপূর্ব্বক প্রথমেই মৃত্তিকাভক্ষণে প্রবৃত্ত হইয়াছিলেন। অর্থাৎ স্ত্রীলোকেরা স্বভাবতই দগ্ধমৃত্তিকা ভক্ষণ করিয়া থাকে, বিশেষতঃ গর্ভাবস্থায় উহা তাহাদের নিকটে অত্যন্ত প্রিয় বস্তু বলিয়া গণ্য হয়; সুতরাং রাজমহিষী সুদক্ষিণাও সেই কারণেই প্রথমতঃ দগ্ধমৃত্তিকা ভক্ষণ করিতে প্রবৃত্ত হইয়াছিলেন। কিন্তু এস্থলে অধিকতর মৃত্তিকায় অভিলাষী দেখিয়া কবি রহস্য করিয়া বলিতেছেন,—মৃত্তিকা ভক্ষণ করিলেই

ন মে হ্রিয়া শংসতি কিঞ্চিদীপ্সিতং
স্পৃহাবতী বস্তুষু কেষু মাগধী।
ইতি স্ম পৃচ্ছত্যনুবেলমাদৃতঃ
প্রিয়াসখীরুত্তরকোশলেশ্বরঃ ॥ ৫ ॥
উপেত্য সা দোহদদুঃখশীলতাং
যদেব বব্রে তদপশ্যদাহৃতম্।

বিদধাবিত্যর্থঃ। দোহদহেতুকস্ত মৃদ্ভক্ষণস্য পুত্রভূভোগসূচনার্থত্বমুৎপ্রেক্ষতে ॥ ৪ ॥

নেতি। মগধস্য রাজ্ঞোঽপত্যং স্ত্রী মাগধী সুদক্ষিণা। দ্ব্যঞ্মগধকলিঙ্গশূরসনাদণ্ ইত্যণ্প্রত্যয়ঃ। হ্রিয়া কিঞ্চিৎ কিমপি ঈপ্সিতমিষ্টং মে মহ্যং ন শংসতি নাচষ্টে কেষু বস্তুষু স্পৃহাবতীত্যনুবেলমনুক্ষণমাদৃতঃ আদৃতবান্। কর্ত্তরি ক্তঃ। "আদৃতৌ সাদরার্চ্চিতা" বিত্যমরঃ। প্রিয়ায়াঃ সখীঃ সহচরীঃ উত্তরকোশলেশ্বরোদিলীপঃ পৃচ্ছতি স্ম পপ্রচ্ছ। লট্ স্মে ইত্যনেন ভূতার্থে লট্। সখীনাং বিশ্রম্ভভূমিত্বাদিতি ভাবঃ ॥ ৫ ॥

উপেত্যেতি। দোহদং গর্ভিণীমনোরথঃ। "দোহদং দৌর্হৃদং শ্রদ্ধা লালসঞ্চ সমং স্মৃত"মিতি হলায়ুধঃ। সা সুদক্ষিণা দোহদেন গর্ভিণীমনোরথেন দুঃখশীলতাং দুঃখস্বভাবতামুপেত্য প্রাপ্য যদ্বস্তু বব্রে আচকাঙ্ক্ষ তদাহৃতং-

---

আমার পুত্র পৃথিবীর অদ্বিতীয় অধীশ্বর হইতে পারিবেন এই মনে করিয়াই যেন রাজ্ঞী প্রথমেই মৃত্তিকাভক্ষণ করিতে আরম্ভ করিয়াছিলেন ॥ ৪ ॥

মগধরাজপুত্রী লজ্জা-পরবশ হইয়া আমার নিকট ঈপ্সিত বিষয় প্রার্থনা করেন না; অতএব ইনি কোন্ বস্তুতে স্পৃহাবতী, ইহা উত্তরকোশলেশ্বর দিলীপ রাজ্ঞীর সখীদিগকে সর্ব্বদা সাদরে জিজ্ঞাসা করিতেন। অর্থাৎ রাজমহিষী সুদক্ষিণা কোন অভিলাষই রাজার নিকট প্রকাশ করিতেন না বলিয়া রাজা মহিষীর সখীদিগকে সর্ব্বদা আদরের সহিত জিজ্ঞাসা করিতেন যে, তোমাদের সখী কোন্ কোন্ বস্তু প্রাপ্ত হইতে ইচ্ছা করেন, তোমরা বল, তাহা আমি সংগ্রহ করিয়া দিতেছি ॥ ৫ ॥

সেই সুদক্ষিণা দোহদদুঃখ বশতঃ যাহা বলিতেন, তাহাই সমাহৃত দেখিতে পাইতেন। যেহেতু বীরশ্রেষ্ঠ তদীয় পতির অমরভবনেও ইষ্টবস্তু

ন হীষ্টমস্য ত্রিদিবেঽপি ভূপতে-
রভূদনাসাদ্যমধিজ্যধন্বনঃ ॥ ৬ ॥
ক্রমেণ নিস্তীর্য্য চ দোহদব্যথাং
প্রচীয়মানাবয়বা ররাজ সা।
পুরাণপত্রাপগমাদনন্তরং
লতেব সন্নদ্ধমনোজ্ঞপল্লবা ॥ ৭ ॥

মানীতং ভর্ত্রেতি শেষঃ অপশ্যদেব অলভতেত্যর্থঃ। কুতঃ হি যস্মাদস্য ভূপতেঃ ত্রিদিবেঽপি স্বর্গেঽপি ইষ্টং বস্তু অনাসাদ্যম্ অনবাপ্যং নাভূৎ। কিং যাচ্ঞয়া নেত্যাহ অধিজ্যধন্বনইতি। ন হি বীরপত্নীনামলভ্যং নাম কিঞ্চিদস্তীতি ভাবঃ। অত্র বাগ্‌ভটঃ "যাদৃশী র্ভাবিদাহান্তে শ্রদ্ধা চ বিবিধাত্মিকে"তি। এতচ্চ পত্নী মনোরথপূরণাকরণে দৃষ্টদোষসম্ভবাৎ ন তু রাজ্ঞঃ প্রীতিলৌল্যাৎ তদুক্তং "দেয়মপ্যহিতং তস্যৈ হিতায় হিতমল্পকম্। শ্রদ্ধাবিঘাতে গর্ভস্য বিকৃতিশ্চ্যুতিরেব বা।" অন্যচ্চ "দোহদস্যাপ্রদানেন গর্ভো-দোষমবাপ্নুয়া"দিতি ॥ ৬ ॥

ক্রমেণেতি। সা সুদক্ষিণা ক্রমেণ দোহদব্যথাঞ্চ নিস্তীর্য্য প্রচীয়মানাবয়বা পুষ্যমাণাবয়বা সতী পুরাণপত্রাণামপগমান্নাশাদনন্তরং সন্নদ্ধাঃ সঞ্জাতাঃ প্রত্যগ্রত্বাৎ মনোজ্ঞাঃ পল্লবা যস্যাঃ সা লতেব ররাজ ॥ ৭ ॥

দুষ্প্রাপ্য ছিল না। অর্থাৎ গর্ভের প্রথমাবস্থায় অরুচি বশতঃ মধুর, অম্ল ও লবণাদি রসবিশিষ্ট বস্তুর মধ্যে সময়ে সময়ে এক এক প্রকার রসের বস্তু সেবনে ইচ্ছা হয় এবং কোন কোন বস্তুতে বিদ্বেষ জন্মিয়া থাকে; এইরূপে সুদক্ষিণা গর্ভিণীর মনোরথজনিত স্বাভাবিক দুঃখপ্রাপ্ত হইয়া যখন যে বস্তু প্রার্থনা করিতেন, তখনই দেখিতে পাইতেন সেই বস্তু আনীত হইয়াছে; ফলতঃ শরাসনধারী মহারাজ দিলীপের অভিলষিত স্বর্গীয় বস্তুও অপ্রাপ্য ছিল না ॥ ৬ ॥

সুদক্ষিণা ক্রমশঃ দোহদ দুঃখ হইতে উত্তীর্ণ হইলে তাঁহার অবয়ব সকল পরিপুষ্ট হইতে লাগিল। তখন তিনি পুরাতন পত্র পরিত্যাগান্তে অভিনব মনোহর পল্লবযুক্তা লতার ন্যায় অপূর্ব্ব শোভা ধারণ করিলেন। অর্থাৎ গর্ভজনিত স্বাভাবিক অরুচি বশতঃ সুদক্ষিণা প্রথমতঃ কৃশাঙ্গী হইয়াছিলেন,

দিনেষু গচ্ছৎসু নিতান্তপীবরং
তদীয়মানীলমুখং স্তনদ্বয়ম্।
তিরশ্চকার ভ্রমরাভিলীনয়োঃ
সুজাতয়োঃ পঙ্কজকোশয়োঃ শ্রিয়ম্ ॥ ৮ ॥
নিধানগর্ভামিব সাগরাম্বরাং
শমীমিবাভ্যন্তরলীনপাবকাম্।
নদীমিবান্তঃসলিলাং সরস্বতীং
নৃপঃ সসত্বাং মহিষীমমন্যত ॥ ৯ ॥

লক্ষণান্তরং বর্ণয়তি;—দিনেষ্বিতি। দিনেষু দোহদদিবসেষু গচ্ছৎসু নিতান্তপীবরমতিস্থূলম্ আ সমন্তান্নীলে মুখে চূচুকে যস্য তৎ তদীয়ং স্তনদ্বয়ং ভ্রমরৈরভিলীনয়োরভিব্যাপ্তয়োঃ সুজাতয়োঃ সুন্দরয়োঃ পঙ্কজকোশয়োঃ পদ্মমুকুলয়োঃ শ্রিয়ং তিরশ্চকার। অত্র বাগ্‌ভটঃ "অশ্লেষ্টতা স্তনৌ পীনৌ শ্বেতান্তৌ কৃষ্ণচূচুকা"বিতি ॥ ৮ ॥

নিধানেতি। নৃপঃ সসত্বাম্ আপন্নসত্বাং গর্ভিণীমিত্যর্থঃ "আপন্নসত্বা স্যাদ্‌গুর্ব্বিণ্যন্তর্ব্বত্নী চ গর্ভিণী"ত্যমরঃ। মহিষীং নিধানং নিধির্গর্ভে যস্যাস্তাং সাগরাম্বরাং সমুদ্রবসনাং ভূমিমিবেত্যর্থঃ। "ভূতধাত্রী রত্নগর্ভা বিপুলা সাগরাম্বরে"তি কোষঃ। অভ্যন্তরে লীনঃ পাবকো যস্যাস্তাং শমীমিব। শমীতরৌ বহ্নিরস্তীত্যত্র লিঙ্গং "শমীগর্ভাদগ্নিং জনয়তী"তি। অন্তঃসলিলামন্তর্গতজলাং

কিছুদিন পরে সেই অরুচির শান্তি হওয়াতে তিনি পরিপুষ্টাঙ্গ হইয়া এক অপূর্ব্ব শ্রী ধারণ করিয়াছিলেন। ৭ ॥

কতিপয় দিবস অতীত হইলে তাঁহার অত্যন্ত পীবর স্তনদ্বয়ের চুচুকে নীলিমা পতিত হওয়াতে উহা ভ্রমরযুক্ত সুজাত পঙ্কজকোরকের শোভাকে পরাভব করিয়াছিল। অর্থাৎ কালক্রমে গর্ভবতী সুদক্ষিণার স্তনযুগল নিতান্ত স্থূল ও উহার চুচুক নীলবর্ণ হওয়াতে ভ্রমর বিশিষ্ট পদ্মমুকুলের শোভা, সুদক্ষিণার স্তনযুগলের নিকট নিকৃষ্ট বলিয়া বোধ হইয়াছিল ॥ ৮ ॥

মহারাজ দিলীপ রত্নগর্ভা বসুন্ধরার ন্যায়, অগ্নিগর্ভ শমীবৃক্ষের ন্যায়, অন্তঃসলিলা সরস্বতীনদীর ন্যায় গর্ভিণী মহিষীকে মনে করিয়াছিলেন। অর্থাৎ

প্রিয়ানুরাগস্য মনঃসমুন্নতে-
র্ভুজার্জ্জিতানাঞ্চ দিগন্তসম্পদাম্।
যথাক্রমং পুংসবনাদিকাঃ ক্রিয়াঃ
ধৃতেশ্চ ধীরঃ সদৃশীর্ব্ব্যধত্ত সঃ ॥ ১০ ॥

সরস্বতীং নদীমিব অমন্যত। এতেন গর্ভস্য ভাগ্যবত্ত্বতেজস্বিত্বপাবনত্বানি বিবক্ষিতানি ॥ ৯ ॥

প্রিয়েতি। ধীরঃ স রাজা প্রিয়ায়ামনুরাগস্য স্নেহস্য, মনসঃ সমুন্নতে-রৌদার্য্যস্য, ভুজেন ভুজবলেন করেণ বার্জ্জিতানাং ন তু বাণিজ্যাদিনা দিগ-ন্তেষু সম্পদাং, ধৃতেঃ পুত্রো মে ভবিষ্যতীতি সন্তোষস্য চ। "ধৃতির্যোগা-ন্তরে ধৈর্য্যে ধারণাধ্বরতুষ্টিষি"তি বিশ্বঃ। সদৃশীরনুরূপাঃ পুমান্ সূয়তে-ঽনেনেতি পুংসবনং তদাদির্যাসাং তাঃ ক্রিয়াঃ যথাক্রমং ক্রমমনতিক্রম্য ব্যধত্ত কৃতবান্। আদিশব্দেন অনবলোভনসীমন্তোন্নয়নে গৃহ্যেতে। "অত্র মাসি দ্বিতীয়ে তৃতীয়ে বা পুংসবনং যদাহ পুংসা নক্ষত্রেণ চন্দ্রমা যুক্তঃ স্যাং" ইতি পারস্করঃ। "চতুর্থেঽনবলোভন" মিত্যাশ্বলায়নঃ। "ষষ্ঠেঽষ্টমে বা সীমন্ত" ইতি যাজ্ঞবল্ক্যঃ ॥ ১০ ॥

যেমন পৃথিবীর অভ্যন্তরে রত্ন, শমীবৃক্ষের অভ্যন্তরে অগ্নি এবং সরস্বতী নদীর মৃত্তিকাভ্যন্তরে জল থাকে, সেইরূপ মহিষীর কুক্ষিতেও মহাতেজস্বী বিশুদ্ধাত্মা পুত্র বিদ্যমান আছে; রাজা ইহা মনে করিয়াছিলেন ॥ ৯ ॥

রাজা দিলীপ প্রিয়ার অনুরাগের, স্বীয় উদার মনের, স্বভুজবলার্জিত দিগন্ত বিহিত সম্পদের এবং সন্তোষের অনুরূপ পুংসবনাদি ক্রিয়ার অনুষ্ঠান যথাক্রমে করিলেন। অর্থাৎ মহিষীর প্রতি যেরূপ প্রগাঢ় অনুরাগ ছিল, তেমন তাঁহার উন্নত মন এবং মহাসমৃদ্ধিও ছিল; সুতরাং তিনি অভিলাষানু-যায়ী পুংসবন প্রভৃতি ক্রিয়া মহাসমারোহের সহিত সম্পন্ন করিতে সমর্থ হইয়াছিলেন, অন্যথা ধনহীন ও ক্ষুদ্রচেতা ব্যক্তি প্রণয়িনীর প্রতি গাঢ় অনু-রাগ সত্বেও দারিদ্র্য ও নীচতা বশতঃ মহৎ কার্য্যের অনুষ্ঠান করিতে কোন-মতেই সমর্থ হয় না। অতএব দিলীপের অনুরাগানুযায়ী অন্যান্য সম্পত্তিও ছিল, ইহা প্রদর্শনই এই শ্লোকের উদ্দেশ্য ॥ ১০ ॥

স্থরেন্দ্রমাত্রাশ্রিতগর্ভগৌরবাৎ
প্রযত্নমুক্তাসনয়া গৃহাগতঃ।
তয়োপচারাঞ্জলিখিন্নহস্তয়া
ননন্দ পারিপ্লবনেত্রয়া নৃপঃ॥ ১১॥
কুমারভৃত্যাকুশলৈরনুষ্ঠিতে
ভিষগ্‌ভিরাপ্তৈরথ গর্ভভর্ম্মণি।

স্থরেন্দ্রমাত্রেতি। গৃহাগতোনৃপঃ স্থরেন্দ্রাণাং লোকপালানাং মাত্রাভিরংশৈরাশ্রিতস্যানুপ্রবিষ্টস্য গর্ভস্য গৌরবাৎ প্রযত্নেন মুক্তাসনয়া আসনাদুত্থিতয়েত্যর্থঃ। উপচারস্যাঞ্জলাবঞ্জলিকরণে খিন্নহস্তয়া পারিপ্লবনেত্রয়া তরলাক্ষ্যা। "চঞ্চলং তরলঞ্চৈব পারিপ্লবপরিপ্লব" ইত্যমরঃ। তয়া স্থদক্ষিণয়া ননন্দ। স্থরেন্দ্রমাত্রাশ্রিতয়েত্যত্র মনুঃ "অষ্টাভিশ্চ স্থরেন্দ্রাণাং মাত্রাভির্নির্ম্মিতো নৃপ" ইতি॥ ১১॥

কুমারেতি। অথ কুমারভৃত্যা বালচিকিৎসা। সংজ্ঞায়াং সমজনিষদেত্যাদিনা ক্যপ্। তস্যাং কুশলৈঃ কৃতিভিঃ। "কৃতী কুশল" ইত্যমরঃ। আপ্তৈর্হিতৈর্ভিষগ্‌ভির্বৈদ্যৈঃ। "ভিষগ্বৈদ্যৌ চিকিৎসক" ইত্যমরঃ। গর্ভস্য ভর্ম্মণি ভরণে। "ভরণে পোষণে ভর্ম্ম" ইতি হৈমঃ। "ভৃতির্ভর্ম্ম" ইতি শাশ্বতঃ। ভৃঞোমনিন্ প্রত্যয়ঃ। অনুষ্ঠিতে কৃতে সতি কালে দশমে মাসি অন্যত্র গ্রীষ্মাবসানে প্রসবস্য গর্ভমোচনস্যোন্মুখীমাসন্নপ্রসবামিত্যর্থঃ। "স্যাদুৎপাদে ফলে পুষ্পে প্রসবো গর্ভমোচন" ইত্যমরঃ। প্রিয়াং ভার্য্যাম্ অভ্রাণ্যস্যাঃ সঞ্জাতান্যভ্রিতা তাম্। তদস্য সঞ্জাতং তারকাদিভ্য ইতচ্ ইতি

রাজা দিলীপ মহিষীর গৃহে প্রবেশ করিলে চঞ্চল নয়না স্থদক্ষিণা লোকপালগণের অংশ-সমন্বিত গর্ব্ভের গুরুতা বশতঃ যত্ন পূর্ব্বক আসন হইতে উত্থিত হইয়া অতিক্লেশে তাঁহার সম্মানার্থ অঞ্জলি বন্ধন করিতেন। তদ্দর্শনে রাজা অত্যন্ত আনন্দিত হইতেন। অর্থাৎ স্বভাবতই স্ত্রীলোকের গর্ব্ভাবস্থায় আলস্য জন্মিয়া থাকে; স্থতরাং গর্ব্ভিণী অলসতার সহিত যে সমস্ত কার্য্য করেন, তৎসমস্ত কার্য্যই প্রীতিপ্রদ হইয়া থাকে॥ ১১॥

শিশুচিকিৎসা নিপুণ বিশ্বস্ত চিকিৎসক কর্ত্তৃক গর্ব্ভের পোষণ কার্য্য সম্পন্ন হইলে, রাজা দশমমাসে আসন্ন প্রসবা মহিষীকে গ্রীষ্মকালে ধারা-

পতিঃ প্রতীতঃ প্রসবোন্মুখীং প্রিয়াং
দদর্শ কালে দিবমভ্রিতামিব ॥ ১২ ॥
গ্রহৈস্ততঃ পঞ্চভিরুচ্চসংশ্রয়ৈ-
রসূর্য্যগৈঃ সূচিতভাগ্যসম্পদম্।

ইতচ্প্রত্যয়ঃ। দিবমিব পতির্ভর্ত্তা প্রতীতঃ হৃষ্টঃ সন্। "খ্যাতে হৃষ্টে প্রতীত" ইত্যমরঃ। দদর্শ দৃষ্টবান্। গর্ভকর্ম্মণীতি পাঠে গর্ভাধানপ্রতীতাবৌচিত্যভঙ্গঃ ॥ ১২ ॥

গ্রহৈরিতি। ততঃ শচ্যা ইন্দ্রাণ্যা সমা। "পুলোমজা শচীন্দ্রাণী"ত্যমরঃ। সা সুদক্ষিণা সময়ে প্রসূতিকালে সতি দশমে মাসীত্যর্থঃ। "দশমে মাসি জায়তে" ইতি শ্রুতেঃ। উচ্চসংশ্রয়ৈরুচ্চসংস্থৈস্তুঙ্গস্থানগৈরসূর্য্যগৈরনস্তমিতৈঃ কৈশ্চিদ্যথাসম্ভবং পঞ্চভির্গ্রহৈঃ সূচিতা ভাগ্যসম্পদ্ যস্য তং পুত্রং ত্রীণি প্রভাবমন্ত্রোৎসাহাত্মকানি সাধনান্যুৎপাদকানি যস্যাঃ সা ত্রিসাধনা শক্তিঃ। "শক্তয়স্তিস্রঃ প্রভাবোৎসাহমন্ত্রজা" ইত্যমরঃ। অক্ষয়মর্থমিব অসূত। ষূঙ্ প্রাণিগর্ভবিমোচন ইত্যাত্মনেপদিষু পঠ্যতে তস্মাদ্ধাতোঃ কর্ত্তরি লঙ্। অত্রেদমনুসন্ধেয়ম্। অজবৃষভমৃগাঙ্গনাকুলীরা ঝষবণিজৌ চ দিবাকরাদিতুঙ্গাঃ। দশশিখিমনুযুক্ "তিথীন্দ্রিয়াংশৈস্ত্রিনবকবিংশতিভিশ্চ তেঽস্বনীচাঃ" ইতি। সূর্য্যাদীনাং সপ্তানাং গ্রহাণাং মেষবৃষভাদয়োরাশয়ঃ শ্লোকোক্তক্রমবিশিষ্টাঃ উচ্চস্থানানি স্বস্বতুঙ্গাপেক্ষয়া সপ্তমস্থানানি চ নীচানি তত্রোচ্চেষপি দশমাদয়োরাশিত্রিংশাংশাঃ যথাক্রমম্ উচ্চেষু পরমোচ্চা নীচেষু পরমনীচাইতি জাতকশ্লোকার্থঃ। অত্রাংশস্ত্রিংশোভাগঃ যথাহ নারদঃ "ত্রিংশদ্ভাগাত্মকং লগ্ন"মিতি। সূর্য্যপ্রত্যাসত্তির্গ্রহাণামস্তময়ো নাম তদুক্তং লঘুজাতকে "রবিণাস্তময়োযোগোবিয়োগস্ত্দয়োভবে"দিতি। তে চ স্বোচ্চস্থাঃ ফলন্তি

পতনোন্মুখ মেঘযুক্ত নভঃস্থলীর ন্যায় হৃষ্টমনে নিরীক্ষণ করিলেন। অর্থাৎ রাজা দিলীপ রাজমহিষীকে দশমমাসে প্রসবোন্মুখী দেখিয়া হৃষ্টচিত্ত হইয়াছিলেন ॥ ১২ ॥

যেমন প্রভাব, মন্ত্র ও উৎসাহ; এই ত্রিসাধনা শক্তি অক্ষয় অর্থ প্রসব করে, সেইরূপ শচীসমা মহিষী সুদক্ষিণাও যথাসময়ে পুত্র প্রসব করিলেন।

অসূত পুত্রং সময়ে শচীসমা
ত্রিসাধনা শক্তিরিবার্থমক্ষয়ম্ ॥ ১৩ ॥
দিশঃ প্রসেদুর্ম্মরুতোববুঃ সুখাঃ
প্রদক্ষিণার্চ্চি র্হবিরগ্নিরাদদে।
বভূব সর্ব্বং শুভশংসি তৎক্ষণং
ভবো হি লোকাভ্যুদয়ায় তাদৃশাম্ ॥ ১৪ ॥

নাস্তগা নাপি নীচগাঃ তদুক্তং রাজমৃগাঙ্কে "স্বোচ্চে পূর্ণং স্বর্ক্ষকেঽর্দ্ধং সুহৃদ্ভে পাদং দ্বিড্ভেঽল্পং শুভং খেচরেন্দ্রঃ। নীচস্থায়ী নাস্তগো বা ন কিঞ্চিৎ পাদং ন্যূনং স্বত্রিকোণে দদাতী"তি তদিদমাহ কবিঃ উচ্চসংস্থৈরসূর্য্যগৈরিতি চ। এবং সতি যস্য জন্মকালে পঞ্চপ্রভৃতয়ো গ্রহাঃ স্বোচ্চস্থাঃ সএব তুঙ্গো ভবতি তদুক্তং কূটস্থীয়ে "উৎকৃষ্টাঃ স্ত্রীসুখিনঃ প্রকৃষ্টকার্য্যা রাজপ্রতিরূপকাশ্চ। রাজান একদ্বিত্রিচতুর্ভির্জায়ন্তেঽতঃ পরং দিব্যা" ইতি তদিদমাহ পঞ্চভিরিতি ॥ ১৩ ॥

দিশইতি। তৎক্ষণং তস্মিন্ ক্ষণে। কালাধ্বনোরত্যন্তসংযোগে দ্বিতীয়া। দিশঃ প্রসেদুঃ প্রসন্না বভূবুঃ, মরুতোবাতাঃ সুখা মনোহরা ববুঃ, অগ্নিঃ প্রদক্ষিণার্চ্চিঃ সন্ হবিরাদদে স্বীচকার; ইত্থং সর্ব্বং শুভশংসি শুভসূচকং বভূব। তথাহি তাদৃশাং রঘুপ্রকারাণাং ভবো জন্ম লোকাভ্যুদয়ায় ভবতীতি শেষঃ, ততোদেবা অপি সন্তুষ্টাইত্যর্থঃ ॥ ১৪ ॥

সেই সময়ে রবির দূরবর্ত্তী স্থানে সংস্থিত পাঁচটী গ্রহ তুঙ্গস্থানে (অত্যুচ্চস্থানে) অবস্থিত থাকায় কুমারের ভাগ্য সম্পদ্ সূচিত হইয়াছিল ॥ ১৩ ॥

তৎকালে দিক্ সকল প্রসন্ন হইল, সুখস্পর্শ বায়ু প্রবাহিত হইতে লাগিল এবং হোমাগ্নি দক্ষিণাভিমুখী শিখাদ্বারা আহুতি গ্রহণ করিতে লাগিলেন; এইরূপে সেই সময়ে সকলই শুভসূচক হইয়াছিল; ফলতঃ তাদৃশ ব্যক্তির জন্ম লোকের অভ্যুদয়ের নিমিত্তই হইয়া থাকে। অর্থাৎ লোক হিতের নিমিত্ত যাঁহারা জন্মগ্রহণ করেন, তাঁহাদের প্রতি দেবতারা সন্তুষ্ট থাকেন বলিয়া তাঁহাদের প্রসন্নতা সূচক শুভ লক্ষণ সকল ঘটিয়া থাকে ॥ ১৪ ॥

অরিষ্টশয্যাং পরিতো বিসারিণা
স্বজন্মনস্তস্য নিজেন তেজসা।
নিশীথদীপাঃ সহসা হতত্বিষো-
বভূবুরালেখ্যসমর্পিতাইব ॥ ১৫ ॥
জনায় শুদ্ধান্তচরায় শংসতে
কুমারজন্মামৃতসম্মিতাক্ষরম্।
অদেয়মাসীত্রয়মেব ভূপতেঃ
শশিপ্রভং ছত্রমুভে চ চামরে ॥ ১৬ ॥

অরিষ্টেতি। "অরিষ্টং সূতিকাগৃহ" মিত্যমরঃ। অরিষ্টে সূতিকা গৃহে, শয্যাং তল্পং, পরিতোঽভিতঃ। অভিতঃপরিতঃসময়ানিকযাহাপ্রতিযোগেষু দৃশ্যতে ইতি দ্বিতীয়া। বিসারিণা স্বজন্মনঃ শোভনোৎপত্তেঃ। "জনুর্জ্জনন-জন্মানি জনিরুৎপত্তিরুদ্ভব" ইত্যমরঃ। তস্য শিশোর্নিজেন নৈসর্গিকেণ তেজসা সহসা হতত্বিষঃ ক্ষীণকান্তয়োনিশীথদীপাঃ অর্দ্ধরাত্রপ্রদীপাঃ। রাত্রা-হ্বাহাঃ পুংসি। "অর্দ্ধরাত্রনিশীথৌ দ্বা" বিত্যমরঃ। আলেখ্যসমর্পিতাঃ চিত্রার্পিতাইব বভূবুঃ। নিশীথশব্দোদীপানাং প্রভাধিক্যসম্ভাবনার্থঃ ॥ ১৫ ॥

জনায়েতি। ভূপতের্দ্দিলীপস্য অমৃতসম্মিতাক্ষরমমৃতসমানাক্ষরম্। "সরূপ-সমসংমিতা" ইত্যাহ দণ্ডী। কুমারজন্ম পুত্রোৎপত্তিং শংসতে কথয়তে

সূতিকা গৃহস্থিত সেই সুজন্মা শিশুর স্বাভাবিক তেজঃ, শয্যার চারিদিকে বিস্তৃত হওয়াতে ক্ষীণদ্যুতি নিশীথ প্রদীপ সকল চিত্রার্পিতের ন্যায় প্রতীয়-মান হইতে লাগিল। অর্থাৎ অর্দ্ধরাত্রে সদ্যোজাত শিশুর স্বকীয় তেজঃপ্রভাবে সূতিকাগৃহস্থিত প্রদীপ সকল ক্ষীণালোক হইয়া আলেখ্যে (চিত্রপটে) চিত্রিতবৎ প্রতীয়মান হইয়াছিল ॥ ১৫ ॥

অনন্তর, অন্তঃপুরচারী বিশ্বস্ত ব্যক্তি রাজাকে অমৃত তুল্য পুত্র-জন্ম-সংবাদ প্রদান করিলে, রাজা তাহাকে সমস্তই প্রদান করিয়াছিলেন; কেবল শশিপ্রভ ছত্র ও চামরদ্বয় তাঁহার অদেয় হইয়াছিল। অর্থাৎ "মহারাজ! আপনার পুত্র জন্মিয়াছে" এই অমৃত তুল্য সংবাদ রাজাকে যে প্রদান করিয়াছিল, রাজা অত্যন্ত আহ্লাদিত হইয়া সেই সংবাদদাতাকে পারি-

নিবাতপদ্মস্তিমিতেন চক্ষুষা
নৃপস্য কান্তং পিবতঃ সুতাননম্।
মহোদধেঃ পূরইবেন্দুদর্শনাৎ
গুরুঃ প্রহর্ষঃ প্রবভূব নাত্মনি ॥ ১৭ ॥
স জাতকর্ম্মণ্যখিলে তপস্বিনা
তপোবনাদেত্য পুরোধসা কৃতে।

শুদ্ধান্তঃচরায় অন্তঃপুরচারিণে জনায় ত্রয়মেবাদেয়মাসীৎ, কিন্তৎ শশিপ্রভমুজ্জ্বলং ছত্রম্ উভে চামরে চ, ছত্রাদীনাং রাজ্ঞঃ প্রধানাঙ্গত্বাদিতি ভাবঃ ॥১৬॥

নিবাতেতি। নিবাতোনির্ব্বাতপ্রদেশঃ। "নিবাতাবাশ্রয়াবাতৌ" ইত্যমরঃ। তত্র যৎ পদ্মং তদ্বৎ স্তিমিতেন নিষ্পন্দেন চক্ষুষা নেত্রেণ কান্তং সুন্দরং সুতাননং পুত্রমুখং পিবতস্তৃষ্ণয়া পশ্যতো নৃপস্য গুরুরুৎকটঃ প্রহর্ষঃ কর্ত্তা ইন্দুদর্শনাদ্ধেতুর্মহোদধেঃ পূরো জলৌঘ ইব আত্মনি শরীরে ন প্রবভূব স্থাতুং ন শশাক অন্তর্ন মাতি স্মেতি যাবৎ। ন হ্যল্পাধারে অধিকং মীয়তইতি ভাবঃ। যদ্বা হর্ষ আত্মনি স্বস্মিন্ বিষয়ে ন প্রবভূব আত্মানং নিয়ন্তুং ন শশাক কিন্তু বহির্নির্জগামেত্যর্থঃ ॥ ১৭ ॥

স ইতি। স দিলীপসূনুঃ তপস্বিনা পুরোধসা পুরোহিতেন। "পুরোধাস্তু পুরোহিত" ইত্যমরঃ। বশিষ্ঠেন। তপস্বিত্বাত্তদনুষ্ঠিতং কর্ম্ম সবীর্য্যং স্যাদিতি ভাবঃ। তপোবনাদেত্য আগত্য অখিলে সমগ্রে জাতকর্ম্মণি জাতস্য কর্ত্তব্যসংস্কারবিশেষে কৃতে সতি প্রযুক্তঃ সংস্কারঃ শাণোল্লেখনাদির্যস্য স

তোষিক স্বরূপ সমস্ত আভরণই প্রদান করিয়াছিলেন। কেবল রাজচিহ্নের ছত্র এবং চামর মাত্র অবশিষ্ট ছিল ॥ ১৬ ॥

যখন রাজা নির্ব্বাত প্রদেশস্থিত পদ্মের ন্যায় স্থির লোচনে কমনীয় পুত্রমুখ নিরীক্ষণ করিতে লাগিলেন, তখন চন্দ্র দর্শনে সমুদ্র জল যেরূপ উচ্ছ্বসিত হইয়া উঠে, সেইরূপ তাঁহারও অন্তঃকরণে আনন্দ উদ্বেলিত হইয়া উঠিল ॥ ১৭ ॥

তপোবনাগত কুলপুরোহিত বশিষ্ঠ কর্ত্তৃক সমস্ত জাতকর্ম্ম অনুষ্ঠিত হইলে সেই দিলীপাত্মজ শাণোল্লিখিত খনিসম্ভূত মণির ন্যায় শোভা প্রাপ্ত হইলেন। অর্থাৎ বিশুদ্ধ মণি শাণযন্ত্রের দ্বারা মার্জ্জিত হইলে যেরূপ অধিক-

দিলীপসূনুর্ম্মণিরাকরোদ্ভবঃ
প্রযুক্তসংস্কারইবাধিকং বভৌ ॥ ১৮ ॥
সুখশ্রবা মঙ্গলতূর্য্যনিস্বনাঃ
প্রমোদনৃত্যৈঃ সহ বারযোষিতাম্।
ন কেবলং সদ্মনি মাগধীপতেঃ
পথি ব্যজৃম্ভন্ত দিবৌকসামপি ॥ ১৯ ॥

তথোক্তঃ আকরোদ্ভবঃ খনিপ্রভবঃ। "খনিঃস্ত্রিয়ামাকরঃ স্যা" দিত্যমরঃ। মণিরিবাধিকং বভৌ বশিষ্ঠমন্ত্রপ্রভাবাত্তেজিষ্ঠোঽভূদিত্যর্থঃ। অত্র মনুঃ "প্রাঙ্নাভিবর্দ্ধনাৎ পুংসো জাতকর্ম্ম বিধীয়ত" ইতি ॥ ১৮ ॥

সুখশ্রবাইতি। সুখঃ সুখকরঃ শ্রবঃ শ্রবণং যেষাং তে সুখশ্রবাঃ শ্রুতি-সুখাইত্যর্থঃ, মঙ্গলতূর্য্যনিস্বনা মঙ্গলবাদ্যধ্বনয়ো বারযোষিতাং বেশ্যানাম্। "বারস্ত্রী গণিকা বেশ্যা রূপাজীবেত্য"মরঃ। প্রমোদনৃত্যৈঃ হর্ষনর্ত্তনৈঃ সহ মাগধীপতের্দ্দিলীপস্য সদ্মনি কেবলং গৃহএব ন ব্যজৃম্ভন্ত কিন্তু দ্যৌরোকো যেষাং তে দিবৌকসোদেবাঃ। পৃষোদরাদিত্বাৎ সাধুঃ। তেষাং পথি আকাশেঽপি ব্যজৃম্ভন্ত। তস্য দেবাংশত্বাৎ দেবোপকারিত্বাচ্চ দেবদুন্দুভয়োঽপি নেদুরিতি ভাবঃ ॥ ১৯ ॥

তর দীপ্তিশালী হয়, দিলীপনন্দনও সেইরূপ বশিষ্ঠদেব কৃত জাতকর্ম্মে বিশুদ্ধ হইয়া সমধিক শোভা ধারণ করিয়াছিলেন ॥ ১৮ ॥

তৎকালে কেবল যে রাজভবনে শ্রুতিসুখকর মাঙ্গলিক তূর্য্য নিনাদ এবং বারবিলাসিনীগণের প্রমোদ নৃত্য হইয়াছিল, এমন নহে, স্বর্গেও দুন্দুভি-ধ্বনি হইয়াছিল। অর্থাৎ রাজকুমার ভূমিষ্ঠ হইলে কেবল রাজভবনেই যে বাদ্য ও নৃত্যগীতাদি হইয়াছিল, তাহা নহে, ইন্দ্রলোকেও দুন্দুভি-ধ্বনি হইয়াছিল। কারণ, দিলীপনন্দনের লোকপালের অংশে জন্ম; সুতরাং তিনি মহা শৌর্য্য ও বীর্য্যাদি সম্পন্ন বলিয়া স্বর্গবাসী দিগকেও অসুর-ভয় হইতে মুক্ত করিতে সমর্থ হইবেন। এই নিমিত্তই দেবতাগণ তাঁহার জন্ম হওয়াতে হর্ষান্বিত হইয়া দুন্দুভিধ্বনি করিয়াছিলেন ॥ ১৯ ॥

ন সংযতস্তস্য বভূব রক্ষিতু-
র্ব্বিসর্জ্জয়েদ্যং সুতজন্মহর্ষিতঃ।
ঋণাভিধানাৎ স্বয়মেব কেবলং
তদা পিতৄণাং মুমুচে স বন্ধনাৎ ॥ ২০ ॥
শ্রুতস্য যায়াদয়মন্তমর্ভক-
স্তথা পরেষাং যুধি চেতি পার্থিবঃ।
অবেক্ষ্য ধাতোর্গমনার্থমর্থবিৎ
চকার নাম্না রঘুমাত্মসম্ভবম্ ॥ ২১ ॥

নেতি। রক্ষিতুঃ সম্যক্পালনশীলস্য তস্য দিলীপস্য অতএব চৌরাদ্যভাবাৎ সংযতো বদ্ধো ন বভূব নাভূৎ। কিং তেনাত আহ বিসর্জ্জয়েদিতি। সুতজন্মনা হর্ষিতস্তোষিতঃ সন্ সঃ যং বদ্ধং বিসর্জ্জয়েদ্বিমোচয়েৎ। কিন্তু স রাজা তদা পিতৄণাম্ ঋণাভিধানাদ্বন্ধনাৎ কেবলমেকং যথা তথা স্বয়মেব একএবেত্যর্থঃ। "কেবলঃ কৃৎস্ন একশ্চ কেবলশ্চাবধীরিত" ইতি শাশ্বতঃ। মুমুচে। কর্ম্মকর্ত্তরি লিট্। স্বয়মেব মুক্ত ইত্যর্থঃ। অস্মিন্নর্থে "এষ বা অনৃণো যঃ পুত্রী"তি শ্রুতিঃ প্রমাণম্ ॥ ২০ ॥

শ্রুতস্যেতি। অর্থবিৎ শব্দার্থজ্ঞঃ পার্থিবঃ পৃথিবীশ্বরোদিলীপঃ অয়মর্ভকোবালকঃ শ্রুতস্য শাস্ত্রস্যান্তং পারং যায়াৎ তথা যুধি পরেষাং শত্রূণাম্ অন্তং পারঞ্চ যায়াৎ যাতুং শক্নুয়াদিত্যর্থঃ। শকি লিঙ্ চ ইতি শক্ত্যর্থে লিঙ্। ইতি হেতোর্দ্ধাতোঃ অঘিবঘিলঘিগত্যর্থাইতি লঘিধাতোর্গমনাখ্যমর্থমর্থবিত্ত্বাদবেক্ষ্যালোচ্য আত্মসম্ভবং পুত্রং নাম্না রঘুং চকার। লঙ্ঘিবহ্যোর্নলোপশ্চেতি উপ্রত্যয়ে "বালমূললঘ্বলমঙ্গুলীনাং বা লো রত্বমাপদ্যতে" ইতি।

প্রজাপালনে নিপুণ দিলীপের রাজ্যে একব্যক্তিও কারারুদ্ধ ছিল না; অতএব তিনি পুত্রজন্মবশতঃ হর্ষিত হইয়া কোন ব্যক্তিকে কারামুক্ত করিতে পারিলেন না, কেবল আপনিই আপনাকে পিতৃঋণবন্ধন হইতে মুক্ত করিলেন ॥ ২০ ॥

এই বালক শাস্ত্রের ও শত্রু-সাগরের অন্তগামী হইবে বলিয়া ধাতুর অর্থবিৎ দিলীপ লঘ-ধাতুর গমনার্থ বিবেচনা করিয়া পুত্রের নাম রঘু রাখিলেন।

পিতুঃ প্রযত্নাৎ স সমগ্রসম্পদঃ
শুভৈঃ শরীরাবয়বৈর্দ্দিনে দিনে।
পুপোষ বৃদ্ধিং হরিদশ্বদীধিতে-
রনুপ্রবেশাদিব বালচন্দ্রমাঃ ॥ ২২ ॥
উমাবৃষাঙ্কৌ শরজন্মনা যথা
যথা জয়ন্তেন শচীপুরন্দরৌ।

বৈকল্পিকে রেফাদেশে রঘুরিতি রূপং সিদ্ধম্। অত্র শঙ্খঃ "অশৌচে তু ব্যতিক্রান্তে নামকর্ম্ম বিধীয়তে" ইতি ॥ ২১ ॥

পিতুরিতি। স রঘুঃ সমগ্রসম্পদঃ পূর্ণলক্ষ্মীকস্য পিতুর্দ্দিলীপস্য প্রযত্নাৎ শুভৈর্মনোহরৈঃ শরীরাবয়বৈঃ হরিদশ্বদীধিতেঃ সূর্য্যরশ্মেঃ। "ভাস্বদ্বিবস্বৎ-সপ্তাশ্বহরিদশ্বোষ্ণরশ্ময়" ইত্যমরঃ। অনুপ্রবেশাদ্বালচন্দ্রমাইব দিনেদিনে প্রতিদিনম্। নিত্যবীপ্সয়োরিতি দ্বির্ব্বচনম্। বৃদ্ধিং পুপোষ। অত্র বরাহ-সংহিতাবচনম্ "সলিলময়ে শশিনি রবের্দীধিতয়োমূর্চ্ছিতাস্তমো নৈশম্। ক্ষপয়ন্তি দর্পণোদরনিহিতাইব মন্দিরস্যান্তরি"তি ॥ ২২ ॥

উমেতি। উমাবৃষাঙ্কৌ পার্ব্বতীবৃষভধ্বজৌ শরজন্মনা কার্ত্তিকেয়েন। "কার্ত্তিকেয়োমহাসেনঃ শরজন্মা ষড়ানন" ইত্যমরঃ। যথা ননন্দতুঃ শচী-পুরন্দরৌ জয়ন্তেন পাকশাসনিনা। "জয়ন্তঃ পাকশাসনি" রিত্যমরঃ। যথা

অর্থাৎ গমনার্থ লঘ-ধাতু উ-প্রত্যয় করিয়া রঘু, এই পদ নিষ্পন্ন হয়; সুতরাং দিলীপ ধাতুর অর্থানুসারে 'রঘু' এই স্বার্থক নাম রাখিলেন ॥ ২১ ॥

বিপুল ধনশালী পিতার প্রযত্নে রাজকুমার রঘু সুন্দর শরীরাবয়ব দ্বারা সূর্য্যকিরণানুপ্রবিষ্ট শুক্লপক্ষের শশিকলার ন্যায় দিন দিন পরিপুষ্ট হইতে লাগিলেন। অর্থাৎ বিপুল বিভবশালী পিতা দিলীপের প্রযত্নাতিশয়ে সূর্য্য-রশ্মির প্রবেশে নবোদিত নিশাকরের ন্যায় রঘু দিনে দিনে পরিবর্দ্ধিত হইয়া-ছিলেন ॥ ২২ ॥

পার্ব্বতী ও মহাদেব ষড়ানন দ্বারা এবং শচী ও পুরন্দর জয়ন্ত দ্বারা যেরূপ আনন্দিত হইয়াছিলেন, পার্ব্বতী পরমেশ্বর এবং শচী পুরন্দর তুল্য সুদক্ষিণা ও দিলীপ, ষড়ানন ও জয়ন্ত সদৃশ পুত্রদ্বারা সেইরূপ আনন্দ লাভ করিলেন। অর্থাৎ পার্ব্বতী ও মহেশ্বর পুত্র কার্ত্তিকেয়কে প্রাপ্ত হইয়া

তথা নৃপঃ সা চ সুতেন মাগধী
ননন্দতুস্তৎসদৃশেন তৎসমৌ ॥ ২৩ ॥
রথাঙ্গনাম্নোরিব ভাববন্ধনং
বভূব যৎ প্রেম পরস্পরাশ্রয়ম্‌।
বিভক্তমপ্যেকসুতেন তত্তয়োঃ
পরস্পরস্যোপরি পর্য্যচীয়ত ॥ ২৪ ॥

চ ননন্দতুঃ তথা তৎসমৌ তাভ্যাম্‌ উমাবৃষাঙ্কাভ্যাং শচী পুরন্দরাভ্যাঞ্চ সমৌ সমানৌ সা মাগধী নৃপশ্চ তৎসদৃশেন তাভ্যাং কুমারজয়ন্তাভ্যাং সদৃশেন সুতেন ননন্দতুঃ। মাগধী প্রাক্‌ ব্যাখ্যাতা ॥ ২৩ ॥

রথাঙ্গেতি। রথাঙ্গনাম্নী চ রথাঙ্গনামা চ রথাঙ্গনামানৌ চক্রবাকৌ। পুমান্‌ স্ত্রিয়া ইত্যেকশেষঃ। তয়োরিব তয়োর্দ্দম্পত্যো র্ভাববন্ধনং হৃদয়াকর্ষকং পরস্পরাশ্রয়ম্‌ অন্যোন্যবিষয়ং যৎ প্রেম বভূব তৎ একেন কেবলেন তাভ্যামন্যেন বা। "একে মুখ্যান্যকেবলাঃ" ইত্যমরঃ। সুতেন বিভক্তমপি কৃতবিভাগমপি পরস্পরস্যোপরি পর্য্যচীয়ত ববৃধে। কর্ম্মকর্ত্তরি লিট্‌। অকৃত্রিমত্বাৎ স্বয়মেব উপচিতমিত্যর্থঃ। যদেকাধারং বস্তু তদাধারদ্বয়ে বিভজ্যমানং হীয়তে অত্র তু তয়োঃ প্রাগেকৈককর্ত্তৃকমেকৈকবিষয়ং প্রেম সম্প্রতি দ্বিতীয়বিষয়লাভেঽপি নাহীয়ত প্রত্যুতোপচিতমেবাভূদিতি ভাবঃ ॥ ২৪ ॥

এবং শচী ও ইন্দ্র আত্মজ জয়ন্তকে লাভ করিয়া যেরূপ আনন্দিত হইয়াছিলেন; সুদক্ষিণা ও দিলীপ আত্মজ রঘুকে প্রাপ্ত হইয়া সেইরূপ আহ্লাদিত হইয়াছিলেন ॥ ২৩ ॥

চক্রবাক্‌ মিথুনের ন্যায় তাঁহাদের পরস্পরাশ্রিত হৃদয়াকর্ষক যে প্রেম ছিল, সেই প্রেম একমাত্র পুত্রকর্ত্তৃক বিভক্ত হইলেও তাহা পরস্পরের প্রতি ন্যূন না হইয়া বরং বর্দ্ধিতই হইতে লাগিল। অর্থাৎ চক্রবাক্‌ যুগলের ন্যায় সেই রাজা ও রাজমহিষীর পরস্পরাশ্রিত যে অবিচ্ছিন্ন প্রেম ছিল, তাহা পুত্র দ্বারা বিচ্ছিন্ন হইয়া পড়িল। কারণ একাধারগত বস্তু আধারদ্বয়ে স্থাপিত হইলে বিভাগবশতঃ হ্রাস প্রাপ্ত হইয়া থাকে; কিন্তু তাঁহাদের পরস্পরাশ্রিত প্রেম রঘুতে সংক্রামিত হইলেও অমানুষিক গুণগরিমাবশতঃ রাজা ও রাজ-

উবাচ ধাত্র্যা প্রথমোদিতং বচো-
যযৌ তদীয়ামবলম্ব্য চাঙ্গুলিম্।
অভূচ্চ নম্রঃ প্রণিপাতশিক্ষয়া
পিতুর্মুদং তেন ততান সোঽর্ভকঃ॥ ২৫॥
তমঙ্কমারোপ্য শরীরযোগজৈঃ
সুখৈর্নিষিঞ্চন্তমিবামৃতং ত্বচি।
উপান্ত-সম্মীলিতলোচনো নৃপ-
শ্চিরাৎ সুতস্পর্শরসজ্ঞতাং যযৌ॥ ২৬॥

উবাচেতি। সোঽর্ভকঃ শিশুঃ। "পোতঃ পাকোঽর্ভকোডিম্ভঃ পৃথুকঃ শাবকঃ শিশু"রিত্যমরঃ। ধাত্র্যা উপমাত্রা। "ধাত্রী জনন্যামলকী বসুমত্যু-পমাতৃষ্বি"তি বিশ্বঃ। প্রথমমুদিতম্ উপদিষ্টং বচঃ উবাচ, তদীয়াম্ অঙ্গুলিম্ অবলম্ব্য যযৌ চ, প্রণিপাতস্য শিক্ষয়া উপদেশেন নম্রোঽভূচ্চ ইতি যৎ তেন পিতুঃ মুদং ততান॥ ২৫॥

তমিতি। শরীরযোগজৈঃ সুখৈঃ ত্বচি ত্বগিন্দ্রিয়ে অমৃতং নিষিঞ্চন্তং বর্ষন্ত-

---

মহিষী; এই উভয়াশ্রিত প্রেমের কিছুমাত্র হ্রাস হয় নাই, প্রত্যুত বর্দ্ধিতই হইয়াছিল॥ ২৪॥

ধাত্রীর উপদেশে প্রথম বাক্য উচ্চারণ, তাহার অঙ্গুলীগ্রহণপূর্ব্বক গমন এবং প্রণিপাত-শিক্ষা দ্বারা প্রণাম; এই সকল কার্য্য দ্বারা সেই শিশু তদীয় পিতার আনন্দ বর্দ্ধন করিতে লাগিলেন। অর্থাৎ দিলীপ-নন্দন রঘু যখন ধাত্রীর উচ্চারিত বাক্যের অনুকরণ করিতে, তাহার অঙ্গুলীগ্রহণ করিয়া পথ চলিতে এবং তাহারই উপদেশে প্রণাম করিতে শিখিলেন, তখন তদ্দর্শনে তাঁহার পিতার আর আমোদের পরিসীমা থাকিল না॥ ২৫॥

নৃপতি যখন সেই রঘুকে অঙ্কে স্থাপন করিতেন, তখন পুত্র-দেহস্পর্শ-জনিত সুখ তাঁহার গাত্রে অমৃত সিঞ্চন করিত। তিনি নিমীলিত নেত্র হইয়া অধিকক্ষণ সেই সুখের স্বাদগ্রাহী হইতেন। অর্থাৎ রাজা রঘুকে ক্রোড়ে করিয়া উপান্ত মিলিত লোচনে সুতস্পর্শ সুখ অনুভব করিতেন, তাহাতে বোধ হইত যেন শরীরে অমৃত বর্ষণ হইতেছে। সুতরাং

অমংস্ত চানেন পরার্দ্ধ্যজন্মনা
স্থিতেরভেত্তা স্থিতিমন্তমন্বয়ম্।
স্বমূর্ত্তিভেদেন গুণাগ্র্যবর্ত্তিনা
পতিঃ প্রজানামিব সর্গমাত্মনঃ ॥ ২৭ ॥
স বৃত্তচূলশ্চলকাকপক্ষকৈ-
রমাত্যপুত্রৈঃ সবয়োভিরন্বিতঃ।

মিব তং পুত্রম্ অঙ্কম্ আরোপ্য মুদাবির্ভাবাৎ উপান্তয়োঃ প্রান্তয়োঃ সম্মীলিতলোচনঃ সন্ নৃপঃ চিরাৎ সুতস্পর্শরসজ্ঞতাং যযৌ। রসঃ স্বাদঃ ॥ ২৬ ॥

অমংস্তেতি। স্থিতেরভেত্তা মর্য্যাদাপালকঃ স নৃপঃ পরার্দ্ধ্যজন্মনা উৎকৃষ্টজন্মনা অনেন রঘুণা অন্বয়ং বংশং প্রজানাং পতিঃ ব্রহ্মা গুণাঃ সত্ত্বাদয়ঃ তেষু অগ্রো্যণ মুখ্যেন সত্ত্বেন বর্ত্ততে ব্যাপ্রিয়তে ইতি গুণাগ্র্যবর্ত্তী তেন স্বস্য মূর্ত্তিভেদেন অবতারবিশেষেণ বিষ্ণুনা আত্মনঃ সর্গং সৃষ্টিমিব স্থিতিমন্তং প্রতিষ্ঠাবন্তম্ অমংস্ত মন্যতে স্ম। অনুদাত্তত্বাদিট্ প্রতিষেধঃ। অত্রোপমানোপমেয়য়োরিতরেতরবিশেষণানীতরেতরত্র যোজ্যানি, তত্র রঘুপক্ষে গুণা বিদ্যাবিনয়াদয়ঃ। "গুণোঽপ্রধানে রূপাদৌ মৌর্ব্ব্যাং সূদে বৃকোদরে। সত্ত্বে সত্ত্বাদিসন্ধ্যাদিবিদ্যাদিহরিতাদিষ্বি"তি বিশ্বঃ। শেষং সুগমম্ ॥ ২৭ ॥

সইতি। "চূড়া কার্য্যা দ্বিজাতীনাং সর্ব্বেষামেব ধর্ম্মতঃ। প্রথমেঽব্দে তৃতীয়ে বা কর্ত্তব্যা শ্রুতিচোদনাৎ" ইতি মনুস্মরণাৎ তৃতীয়ে বর্ষে বৃত্তচুলো

দিলীপ ঈদৃশ ভাবাপন্ন হওয়ায় পুত্রকে শীঘ্র ক্রোড় হইতে স্থানান্তরিত করিতেন না ॥ ২৬ ॥

যেমন প্রজাপতি ব্রহ্মা স্বীয় মূর্ত্তিবিশেষ সত্ত্বগুণপ্রধান বিষ্ণুদ্বারা আপনার সৃষ্টি স্থিতিশীল বোধ করিয়াছিলেন, তদ্রূপ মর্য্যাদাপালক ভূপাল উৎকৃষ্টজন্মা পুত্রদ্বারা আপনার বংশও স্থিতিশীল বিবেচনা করিলেন। অর্থাৎ যেমন ঈশ্বর স্বীয় রজোগুণপ্রধান ব্রহ্মরূপ মূর্ত্তি পরিগ্রহ করিয়া জগৎ সৃষ্টি করিলেন এবং সেই সৃষ্টিরক্ষার্থ স্বীয় সত্ত্বগুণপ্রধান বিষ্ণুমূর্ত্তি ধারণ করিয়া সৃষ্টিরক্ষা করেন, সেইরূপ দিলীপই বংশরক্ষার নিমিত্ত রঘুরূপে দ্বিতীয় শরীর ধারণ করিলেন ॥ ২৭ ॥

যেমন মকরাদি জলজন্তু নদীমুখ দ্বারা সমুদ্রে প্রবেশ করে, সেইরূপ

লিপের্যথাবদ্‌গ্রহণেন বাঙ্ময়ং
নদীমুখেনেব সমুদ্রমাবিশৎ ॥ ২৮ ॥
অথোপনীতং বিধিবদ্বিপশ্চিতো-
বিনিন্যুরেনং গুরবো গুরুপ্রিয়ম্।
অবন্ধ্য-যত্নাশ্চ বভূবুরত্র তে
ক্রিয়া হি বস্তূপহিতা প্রসীদতি ॥ ২৯ ॥

নিষ্পন্নচূড়াকর্ম্মা সন্। ডলয়োরভেদঃ। স রঘুঃ। "প্রাপ্তে তু পঞ্চমে বর্ষে বিদ্যারম্ভঞ্চ কারয়ে"দিতি বচনাৎ পঞ্চমে বর্ষে চলকাকপক্ষকৈঃ চঞ্চলশিখণ্ডকৈঃ। "বালানান্তু শিখা প্রোক্তা কাকপক্ষঃ শিখণ্ডক" ইতি হলায়ুধঃ। সবয়োভিঃ স্নিগ্ধৈঃ। "স্নিগ্ধোবয়স্যঃ সবয়াঃ" ইত্যমরঃ। অমাত্যপুত্রৈরন্বিতঃ সন্ লিপেঃ পঞ্চাশদ্বর্ণাত্মিকায়া মাতৃকায়া যথাবদ্ গ্রহণেন সম্যগ্বোধেনোপায়ভূতেন বাঙ্ময়ং শব্দজাতং নদ্যামুখং দ্বারম্। "মুখন্তু বদনে মুখ্যারম্ভে দ্বারাভ্যুপায়য়ো"রিতি যাদবঃ। তেন কশ্চিৎ মকরাদিঃ সমুদ্রমিব আবিশৎ প্রবিষ্টঃ জ্ঞাতবানিত্যর্থঃ ॥ ২৮ ॥

অথেতি। "গর্ভাষ্টমেঽব্দে কুর্ব্বীত ব্রাহ্মণস্যোপনয়নম্। গর্ভাদেকাদশে রাজ্ঞো গর্ভাচ্চ দ্বাদশে বিশঃ" ইতি মনুস্মরণাৎ অথ গর্ভৈকাদশেঽব্দে বিধিবদুপনীতং গুরুপ্রিয়মেনং রঘুং বিপশ্চিতোবিদ্বাংসোগুরবোবিনিন্যুঃ শিক্ষিতবন্তঃ। তে গুরবোঽত্র অস্মিন্ রঘৌ অবন্ধ্যযত্নাশ্চ বভূবুঃ তথাহি ক্রিয়া শিক্ষা। "ক্রিয়া তু নিষ্কৃতৌ শিক্ষাচিকিৎসোপায়কর্ম্মস্বি"তি যাদবঃ। বস্তুনি পাত্রভূতে উপহিতা প্রযুক্তা প্রসীদতি ফলতি। "ক্রিয়া হি দ্রব্যং বিনয়তি নাদ্রব্য"মিতি কৌটিল্যঃ ॥ ২৯ ॥

রাজকুমার রঘুর চূড়াকর্ম্ম সম্পন্ন হইলে, তিনি চঞ্চলশিখাধারী সমবয়স্ক অমাত্য পুত্রগণের সহিত মিলিত হইয়া পঞ্চাশৎ বর্ণাত্মক বর্ণমালার সাহায্যে শব্দশাস্ত্ররূপ সমুদ্রে প্রবেশ করিলেন। অর্থাৎ রঘু চূড়াকরণান্তে অমাত্য-পুত্রগণের সহিত শব্দশাস্ত্র অধ্যয়ন করিতে প্রবৃত্ত হইলেন ॥ ২৮ ॥

অনন্তর তাঁহার উপনয়ন সংস্কার বিধিপূর্ব্বক সম্পন্ন হইলে পণ্ডিত অধ্যাপকগণ সেই প্রিয় শিষ্যকে শিক্ষা প্রদান করিতে লাগিলেন। তাঁহাদের

ধিয়ঃ সমগ্রৈঃ স গুণৈরুদারধীঃ
ক্রমাচ্চতস্রশ্চতুরর্ণবোপমাঃ।
ততার বিদ্যাঃ পবনাতিপাতিভি-
র্দিশো হরিদ্ভির্হরিতামিবেশ্বরঃ ॥ ৩০ ॥
ত্বচং স মেধ্যাং পরিধায় রৌরবী-
মশিক্ষতাস্ত্রং পিতুরেব মন্ত্রবৎ।

ধিয়ইতি। অত্র কামন্দকঃ। "শুশ্রূষা শ্রবণঞ্চৈব গ্রহণং ধারণং তথা। উহাপোহার্থবিজ্ঞানং তত্ত্বজ্ঞানঞ্চ ধীগুণা" ইতি। "আন্বীক্ষিকী ত্রয়ী বার্ত্তা দণ্ডনীতিশ্চ শাশ্বতী। এতা বিদ্যাশ্চতস্রস্তু লোকসংস্থিতিহেতবঃ" ইতি চ। উদারধীরুৎকৃষ্টবুদ্ধিঃ স রঘুঃ সমগ্রৈঃ ধিয়োগুণৈঃ চত্বারোঽর্ণবা উপমা যাসাং তাশ্চতুরর্ণবোপমাঃ। তদ্ধিতার্থোত্তরপদসমাহারে চেতি উত্তরপদদ্বিগুসমাসঃ। চতস্রোবিদ্যাঃ হরিতাং দিশাম্ ঈশ্বরঃ সূর্য্যঃ পবনাতিপাতিভিঃ হরিদ্ভি-র্নিজাশ্বৈঃ। "হরিৎ ককুভি বর্ণে চ তৃণবাজিবিশেষয়ো" রিতি বিশ্বঃ। চতস্রোদিশইব ক্রমাৎ ততার। চতুরর্ণবোপমত্বং দিশামপি দ্রষ্টব্যম্ ॥ ৩০ ॥

ত্বচমিতি। স রঘুঃ। "কার্ষ্ণরৌরববাস্তানি চর্ম্মাণি ব্রহ্মচারিণঃ। বসীর-ন্নানুপূর্ব্বেণ শাণক্ষৌমাবিকানি চে"তি মনুস্মরণাৎ মেধ্যাং শুদ্ধাং রৌরবীং রুরুসম্বন্ধিনীম্। "রুরুর্মহাকৃষ্ণসার" ইতি যাদবঃ। ত্বচং চর্ম্ম পরিধায় বসিত্বা মন্ত্রবৎ সমন্ত্রকমস্ত্রম্ আগ্নেয়াদিকং পিতুরেবোপাধ্যায়াৎ অশিক্ষত অভ্যস্তবান্। আখ্যাতোপযোগ ইত্যপাদানসংজ্ঞা। পিতুরেবেত্যবধারণমুপপাদয়তি নেতি

যত্ন বিফল হয় নাই, কারণ শিক্ষা উপযুক্ত পাত্রে প্রযুক্ত হইলে নিশ্চয়ই ফলবতী হইয়া থাকে ॥ ২৯ ॥

যেমন দিবাকর বায়ু অপেক্ষা বেগগামী অশ্বদ্বারা দিঙ্মণ্ডল উত্তীর্ণ হইয়া থাকেন, তদ্রূপ তীক্ষ্ণবুদ্ধি রঘু সমগ্র ধীশক্তি দ্বারা সমুদ্র চতুষ্টয়তুল্য আন্বী-ক্ষিকী, ত্রয়ী (বেদ), বার্ত্তা ও দণ্ডনীতি; এই চারি বিদ্যার শেষ সীমায় উপনীত হইয়াছিলেন ॥ ৩০ ॥

অনন্তর রাজপুত্র পবিত্র রৌরবচর্ম্ম (কৃষ্ণসার মৃগচর্ম্ম) পরিধান করিয়া পিতার নিকট মন্ত্রযুক্ত অস্ত্রশিক্ষা করিতে লাগিলেন। রঘুর পিতা যে কেবল অখণ্ড ভূমণ্ডলের অধীশ্বরই ছিলেন, এরূপ নহে, তিনি পৃথিবীর মধ্যে অদ্বি-

ন কেবলং তদ্‌গুরুরেকপার্থিবঃ
ক্ষিতাবভূদেকধনুর্দ্ধরোঽপি সঃ ॥ ৩১ ॥
মহোক্ষতাং বৎসতরঃ স্পৃশন্নিব
দ্বিপেন্দ্রভাবং কলভঃ শ্রয়ন্নিব।
রঘুঃ ক্রমাদ্যৌবনভিন্নশৈশবঃ
পুপোষ গাম্ভীর্য্যমনোহরং বপুঃ ॥ ৩২ ॥
অথাস্য গোদানবিধেরনন্তরং
বিবাহদীক্ষাং নিরবর্ত্তয়দ্‌গুরুঃ।

তদ্‌গুরুরেকোঽদ্বিতীয়ঃ পার্থিবঃ কেবলং পৃথিবীশ্বরএব নাভূৎ কিন্তু ক্ষিতৌ স দিলীপঃ একধনুর্দ্ধরোঽপ্যভূৎ ॥ ৩১ ॥

মহোক্ষতামিতি। রঘুঃ ক্রমাৎ যৌবনেন ভিন্নশৈশবোনিরস্তশিশুভাবঃ সন্ মহান্ উক্ষা মহোক্ষোমহর্ষভঃ। অচতুরাদিসূত্রেণ নিপাতনাৎ অকারান্তত্বম্। তস্য ভাবঃ তত্তা তাং স্পৃশন্ গচ্ছন্ বৎসতরো দম্যইব। "দম্য-বৎসতরৌ সমা" বিত্যমরঃ। দ্বিপেন্দ্রভাবং মহাগজত্বং শ্রয়ন্ ব্রজন্ কলভঃ করিপোতইব গাম্ভীর্য্যেণাচাপলেন মনোহরং বপুঃ পুপোষ ॥ ৩২ ॥

অথেতি। "গৌর্নাদিত্যে বলীবর্দ্দে ক্রতুভেদর্ষিভেদয়োঃ। স্ত্রী তু স্যাদ্দিশি ভারত্যাং ভূমৌ চ সুরভাবপি। পুংস্ত্রিয়োঃ স্বর্গবজ্রাম্বুরশ্মি দৃগ্বাণলোমসু" ইতি কেশবঃ। গাবোলোমানি কেশাঃ দীয়ন্তে খণ্ড্যন্তেঽস্মিন্ ইতি ব্যুৎপত্ত্যা গোদানং নাম ব্রাহ্মণাদীনাং ষোড়শাদিষু বর্ষেষু কর্ত্তব্যং কেশান্তাখ্যং কর্ম্মোচ্যতে তদুক্তং মনুনা "কেশান্তঃ ষোড়শে বর্ষে ব্রাহ্মণস্য বিধীয়তে।

তীয় ধনুর্দ্ধরও ছিলেন। অর্থাৎ দিলীপ ধনুর্ব্বিদ্যায় পারদর্শী ছিলেন বলিয়া রঘুর অস্ত্রশিক্ষার্থ অন্য ব্যক্তির প্রয়োজন হইল না ॥ ৩১ ॥

কালক্রমে রঘু শৈশব অতিক্রম করিয়া যৌবন প্রাপ্ত হইলে, বৃষভত্বপ্রাপ্ত বৎসতরের ন্যায় এবং দ্বিপেন্দ্র ভাবপ্রাপ্ত হস্তিশাবকের ন্যায় মনোহর শ্রী ধারণ করিলেন ॥ ৩২ ॥

অনন্তর রঘুর গোদান ক্রিয়ানুষ্ঠানের (কেশান্তসংস্কারের) পর রাজা তাঁহার বিবাহ সংস্কার নির্ব্বাহ করিলেন। তাহাতে যেমন দক্ষকন্যাগণ

নরেন্দ্রকন্যাস্তমবাপ্য সৎপতিং
তমোনুদং দক্ষসুতা ইবাবভুঃ ॥ ৩৩ ॥
যুবা যুগব্যায়তবাহুরংসলঃ
কপাটবক্ষাঃ পরিণদ্ধকন্ধরঃ।
বপুঃপ্রকর্ষাদজয়দ্গুরুং রঘু-
স্তথাপি নীচৈর্ব্বিনয়াদদৃশ্যত ॥ ৩৪ ॥

রাজন্যবন্ধোর্দ্বাবিংশে বৈশ্যস্য দ্ব্যধিকে ততঃ” ইতি। অথ গুরুঃ পিতা। “গুরু-র্গীষ্পতিপিত্রাদৌ” ইত্যমরঃ। অস্য গোদানবিধেরনন্তরং বিবাহদীক্ষাং নিরবর্ত্তয়ৎ কৃতবানিত্যর্থঃ। অথ নরেন্দ্রকন্যাস্তং রঘুং দক্ষস্য সুতাঃ রোহিণ্যাদয়ঃ তমোনুদং চন্দ্রমিব। “তমোনুদোঽগ্নিচন্দ্রার্কা” ইতি বিশ্বঃ। সৎপতিম্ অবাপ্য আবভুঃ। রঘুরপি তমোনুৎ। অত্র মনুঃ “বেদানধীত্য বেদৌ বা বেদং বাপি যথাক্রমম্। অবিপ্লুতব্রহ্মচর্য্যো গৃহস্থাশ্রমমাবিশেৎ”ইতি ॥ ৩৩ ॥

সম্প্রতি যৌবরাজ্যযোগ্যতামাহ ;—যুবেতি। যুবা যুগোনাম ধূর্য্যস্কন্ধগঃ সচ্ছিদ্রপ্রান্তো যানাঙ্গভূতোদারুবিশেষঃ। “যানাদ্যঙ্গে যুগঃ পুংসি যুগং যুগ্মে কৃতাদিষু” ইত্যমরঃ। যুগবৎ ব্যায়তৌ দীর্ঘৌ বাহূ যস্য সঃ। অংসাবস্য স্তইত্যংসলো বলবান্। মাংসলশ্চেতি বৃত্তিকারঃ। “বলবান্মাংসলোঽংসল” ইত্যমরঃ। বৎসাংসাভ্যাং কামবল ইতি লচ্প্রত্যয়ঃ। কপাটবক্ষাঃ পরিণদ্ধকন্ধরঃ বিশালগ্রীবঃ। “পরিণাহো বিশালতা” ইত্যমরঃ। রঘুঃ বপুষঃ প্রকর্ষাৎ আধিক্যাৎ যৌবনকৃতাৎ গুরুং পিতরম্ অজয়ৎ তথাপি বিনয়াৎ নম্রত্বেন নীচৈঃ অল্পকোঽদৃশ্যত। অনৌদ্ধত্যঞ্চ বিবক্ষিতম্ ॥ ৩৪ ॥

চন্দ্রকে প্রাপ্ত হইয়া সাতিশয় শোভিত হইয়াছিলেন, তদ্রূপ রাজকুমারীগণও সৎপতি রঘুকে লাভ করিয়া সুশোভিত হইয়াছিলেন ॥ ৩৩ ॥

মহাবল পরাক্রান্ত যুবক রঘুর বাহু-যুগল যুগকাষ্ঠের ন্যায় আয়ত। বক্ষঃস্থল কপাটের ন্যায় বিস্তৃত এবং গ্রীবাদেশ স্থূল ছিল ; তিনি শারীরিক উৎকর্ষে বৃদ্ধ পিতা দিলীপকে পরাজয় করিয়াছিলেন, তথাপি বিনয়গুণে সর্ব্বদা ক্ষুদ্র বলিয়া পরিদৃশ্যমান হইতেন। অর্থাৎ রঘুর যদিও শরীরের পূর্ণায়তন বশতঃ বৃদ্ধভাবাপন্ন দিলীপ পুত্রের নিকটে ক্ষুদ্রকায় বলিয়া প্রতীয়মান হইতেন ; তথাপি বিনয়গুণে রঘুকেই সর্ব্বদা ক্ষুদ্র দেখাইত ॥ ৩৪ ॥

ততঃ প্রজানাং চিরমাত্মনা ধৃতাং
নিতান্তগুর্ব্বীং লঘয়িষ্যতা ধুরম্।
নিসর্গসংস্কারবিনীতইত্যসৌ
নৃপেণ চক্রে যুবরাজশব্দভাক্ ॥ ৩৫ ॥
নরেন্দ্রমূলায়তনাদনন্তরং
তদাস্পদং শ্রীর্যুবরাজসংজ্ঞিতম্।

সম্প্রতি তস্য যৌবরাজ্যমাহ ;—তত ইতি। তত আত্মনা চিরং ধৃতাং নিতান্তগুর্ব্বীম্। বাতো গুণবচনাৎ ইতি ঙীষ্। প্রজানাং ধুরং পালনপ্রয়াসং লঘয়িষ্যতা লঘুং করিষ্যতা। তৎ করোতি তদাচষ্ট ইতি লঘুশব্দাৎ ণিচ্ ততো লৃটঃ সদ্বেতি শতৃপ্রত্যয়ঃ। নৃপেণ দিলীপেন অসৌ রঘুঃ নিসর্গেণ স্বভাবেন সংস্কারেণ শাস্ত্রাভ্যাসজনিতবাসনয়া চ বিনীতো নম্র ইতি হেতোঃ যুবরাজ ইতি শব্দং ভজতীতি তথোক্তম্। ভজোণ্বিঃ ণ্বিপ্রত্যয়ঃ। চক্রে কৃতঃ। "দ্বিবিধোবিনয়ঃ স্বাভাবিকঃ কৃত্রিমশ্চ" ইতি কৌটিল্যঃ। তদুভয়সম্পন্নত্বাৎ পুত্রং যুবরাজং চকারেত্যর্থঃ। অত্র কামন্দকঃ "বিনয়োপগ্রহান্ ভৃত্যৈঃ কুর্ব্বীত নৃপতিঃ স্বতান্। অবিনীতকুমারং হি কুলমাশু বিশীর্য্যতে। বিনীতমৌরসং পুত্রং যৌবরাজ্যেঽভিষেচয়েৎ" ইতি ॥ ৩৫ ॥

নরেন্দ্রেতি। গুণান্ বিনয়াদীন্ সৌরভ্যাদীংশ্চাভিলষ্যতীতি গুণাভিলাষিণী শ্রীঃ রাজ্যলক্ষ্মীঃ পদ্মাশ্রয়া চ নরেন্দ্রো দিলীপ এব মূলায়তনং প্রধানস্থানং তস্মাদপাদানাদনন্তরং সন্নিহিতং যুবরাজ ইতি সংজ্ঞা অস্য সঞ্জাতা যুবরাজসংজ্ঞিতম্। তারকাদিত্বাদিতচ্প্রত্যয়ঃ। আত্মনঃ পদং স্থানম্ আস্পদম্। আস্পদং প্রতিষ্ঠায়াম্ ইতি নিপাতঃ। স রঘুরিত্যাস্পদং তদাস্পদং কমলা-

---

তদনন্তর রাজা দিলীপ চিরাবলম্বিত নিতান্ত গুরু প্রজাপালন-ভার লঘু করিবার মানসে, শাস্ত্রাভ্যাস ও স্বভাববশতঃ বিনীত রঘুকে যৌবরাজ্যে অভিষেক করিলেন ॥ ৩৫ ॥

যেমন শোভা পূর্ব্ববিকশিত কমল হইতে অচিরোৎপন্ন কমল আশ্রয় করে, তদ্রূপ গুণাভিলাষিণী রাজ্যলক্ষ্মীও দিলীপরূপ প্রধান আয়তন হইতে যুবরাজ নামক সন্নিহিত পাত্রে অংশানুসারে গমন করিলেন। অর্থাৎ শোভা যেমন পুরাতন পুষ্প হইতে পুষ্পান্তরে ক্রমশ গমন করে, রাজ্যলক্ষ্মীও সেই-

অগচ্ছদংশেন গুণাভিলাষিণী
নবাবতারং কমলাদিবোৎপলম্ ॥ ৩৬ ॥
বিভাবসুঃ সারথিনেব বায়ুনা
ঘনব্যপায়েন গভস্তিমানিব।
বভূব তেনাতিতরাং সুদুঃসহঃ
কটপ্রভেদেন করীব পার্থিবঃ ॥ ৩৭ ॥
নিযুজ্য তং হোমতুরঙ্গরক্ষণে
ধনুর্দ্ধরং রাজসুতৈরনুদ্রুতম্।

চ্চিরোৎপন্নাৎ নবাবতারম্ অচিরোৎপন্নম্ উৎপলমিব অংশেন অগচ্ছৎ। স্ত্রিয়ো হি যূনি রজ্যন্ত ইতি ভাবঃ ॥ ৩৬ ॥

বিভাবসুরিতি। সারথিনা সহায়ভূতেন। এতদ্বিশেষণমুত্তরবাক্যেষপ্যনুষঞ্জনীয়ম্। বায়ুনা বিভাবসুর্ব্বহ্নিরিব। "সূর্য্যবহ্নী বিভাবসূ" ইত্যমরঃ। ঘনব্যপায়েন সারথিনা গভস্তিমান্ সূর্য্য ইব কটো গণ্ডঃ। "গণ্ডঃ কটো-মদোদানম্" ইত্যমরঃ। তস্য প্রভেদঃ স্ফুটনং মদোদয় ইত্যর্থঃ তেন করীব পার্থিবো দিলীপস্তেন রঘুণা অতিতরামত্যন্তং সুদুঃসহঃ সুষ্ঠু অসহো বভূব ॥ ৩৭ ॥

নিযুজ্যেতি। শতক্রতুঃ ইন্দ্রঃ উপমা যস্য সঃ শতক্রতূপমঃ সঃ দিলীপঃ "শতং বৈ তুল্যা রাজপুত্রা দেবা আশাপালা ইত্যাদি" শ্রুত্যা রাজসুতৈ-

---

রূপ প্রাচীন দিলীপ হইতে ক্রমে ক্রমে যুবরাজ রঘুতে গমন করিতে লাগিলেন ॥ ৩৬ ॥

সমীরণের সাহায্যে হুতাশন, বর্ষার অবসান হইলে দিবাকর এবং মদস্রাব হইলে মাতঙ্গ যেমন নিতান্ত দুঃসহ হইয়া উঠে, ভূপাল দিলীপ আত্মজ রঘুর সাহায্যে তদ্রূপ দুর্দ্ধর্ষ হইয়া উঠিলেন। অর্থাৎ বায়ুবেগে অগ্নি, শরৎকালে সূর্য্য এবং মদস্রাবযুক্ত হস্তী যেমন তেজস্বী হয়, সেইরূপ রঘুর বলে দিলীপও অধিকতর বিক্রমশালী হইয়া উঠিলেন ॥ ৩৭ ॥

ইন্দ্রতুল্য দিলীপ রাজকুমারগণের দ্বারা অনুসৃত ধনুর্দ্ধারী রঘুকে হোমতুরঙ্গরক্ষণে নিযুক্ত করিয়া একোন-শত অশ্বমেধ যজ্ঞ নির্ব্বিঘ্নে সম্পাদন

অপূর্ণমেকেন শতক্রতূপমঃ
শতং ক্রতূনামপবিঘ্নমাপ সঃ ॥ ৩৮ ॥
ততঃ পরং তেন মখায় যজ্বনা
তুরঙ্গমুৎসৃষ্টমনর্গলং পুনঃ।
ধনুর্ভৃতামগ্রতএব রক্ষিণাং
জহার শক্রঃ কিল গূঢ়বিগ্রহঃ ॥ ৩৯ ॥
বিষাদলুপ্তপ্রতিপত্তি বিস্মিতং
কুমারসৈন্যং সপদি স্থিতঞ্চ তৎ।

রনুক্রতম্ অনুগতং ধনুর্দ্ধরং তং রঘুং হোমতুরঙ্গরক্ষণে নিযুজ্য একেন ক্রতুনা অপূর্ণং একোনং ক্রতূনাম্ অশ্বমেধানাং শতম্ অপবিঘ্নম্ অপগতবিঘ্নং যথা তথা আপ ॥ ৩৮ ॥

তত ইতি। ততঃ পরমেকোনশতক্রতুপ্রাপ্ত্যনন্তরং যজ্বনা বিধিনেষ্টবতা তেন দিলীপেন পুনঃ পুনরপি মখায় মখং কর্ত্তুম্ ক্রিয়ার্থোপপদস্যেত্যাদিনা চতুর্থী। উৎসৃষ্টং মুক্তম্ অনর্গলম্ অপ্রতিবন্ধম্ অব্যাহতস্বৈরগতিমিত্যর্থঃ। "অপর্য্যাবর্ত্তয়ন্তোঽশ্বমনুচরন্তী"ত্যাপস্তম্বস্মরণাৎ। তুরঙ্গং ধনুর্ভৃতাং রক্ষিণাং রক্ষকাণাম্ অগ্রতএব শক্রো গূঢ়বিগ্রহঃ সন্ জহার কিলেত্যৈতিহ্যে ॥ ৩৯ ॥

বিষাদেতি। তৎ কুমারসৈন্যং সেনা সপদি বিষাদ ইষ্টনাশকৃতো মনো-

করিলেন। অর্থাৎ মহারাজ দিলীপ রঘুর সাহায্যে একের দ্বারা অপূর্ণ শত (নিরানব্বই) অশ্বমেধ যজ্ঞ অবাধে সম্পন্ন করিলেন ॥ ৩৮ ॥

অনন্তর ইন্দ্র অদৃশ্য শরীর হইয়া যজ্ঞ সম্পাদনার্থ পুনর্ব্বার বিধিবিহিত যাগশীল দিলীপ কর্ত্তৃক উৎসৃষ্ট যদৃচ্ছভাবে গমন-কারী অশ্বকে ধনুর্দ্ধারী রক্ষকদিগের সম্মুখ হইতেই হরণ করিলেন। অর্থাৎ দিলীপ নিরানব্বইটী যজ্ঞ সম্পাদন করিয়া পুনঃ অবশিষ্ট একটিমাত্র যজ্ঞ সম্পাদনার্থ যজ্ঞীয় অশ্বের বন্ধন মুক্ত করিয়া দিলেন। এদিকে ইন্দ্র সেই অব্যাহতগতি তুরঙ্গকে রক্ষকগণের সম্মুখ হইতে অদৃশ্যভাবে হরণ করিয়াছিলেন ॥ ৩৯ ॥

রাজকুমার রঘুর সৈন্যগণ তৎক্ষণাৎ অশ্বনাশজনিত বিষাদে কর্ত্তব্যজ্ঞান-

বশিষ্ঠধেনুশ্চ যদৃচ্ছয়াগতা
শ্রুতপ্রভাবা দদৃশেঽথ নন্দিনী॥ ৪০ ॥
তদঙ্গনিস্যন্দজলেন লোচনে
প্রমৃজ্য পুণ্যেন পুরস্কৃতঃ সতাম্।
অতীন্দ্রিয়েষ্বপ্যুপপন্নদর্শনো
বভূব ভাবেষু দিলীপনন্দনঃ॥ ৪১ ॥
স পূর্ব্বতঃ পর্ব্বতপক্ষশাতনং
দদর্শ দেবং নরদেবসম্ভবঃ।

ভঙ্গঃ তদুক্তং "বিষাদশ্চেতসোভঙ্গ উপায়াভাবনাশয়োঃ" ইতি। তেন লুপ্তা প্রতিপত্তিঃ কর্ত্তব্যজ্ঞানং যস্য তৎ তথোক্তং বিস্মিতম্ অশ্বনাশস্যাকস্মিকত্বা-দাশ্চর্য্যাবিষ্টং সৎ স্থিতং তস্থৌ। অথ শ্রুতপ্রভাবা যদৃচ্ছয়া স্বেচ্ছয়া আগতা। রঘোঃ স্বপ্রসাদলব্ধত্বাদনুজিঘৃক্ষয়েতি ভাবঃ। নন্দিনী নাম বশিষ্ঠধেনুশ্চ দদৃশে। দ্বৌ চকারাববিলম্বসূচকৌ॥ ৪০ ॥

তদিতি। সতাং পুরস্কৃতঃ পূজিতঃ দিলীপনন্দনো রঘুঃ পুণ্যেন তস্যাঃ নন্দিন্যাঃ যদঙ্গং তস্য নিস্যন্দোদ্ভব এব জলং মূত্রমিত্যর্থঃ তেন লোচনে প্রমৃজ্য শোধয়িত্বা অতীন্দ্রিয়েষু ইন্দ্রিয়াণ্যতিক্রান্তেষু। অত্যাদয়ঃ ক্রান্তা-দ্যর্থে দ্বিতীয়য়া ইতি সমাসঃ। দ্বিগুপ্রাপ্তাপন্নালং পূর্ব্বগতিসমাসেষু পরব-ল্লিঙ্গতাপ্রতিষেধাৎ বিশেষ্যনিঘ্নত্বম্। ভাবেষু অপি বস্তুষূপপন্নদর্শনঃ সম্পন্ন-সাক্ষাৎকারশক্তির্বভূবঃ॥ ৪১ ॥

স ইতি। নরদেবঃ সম্ভবো যস্য স রঘুঃ পুনঃ পুনঃ স্তুতেন নিষিদ্ধচাপলং

শূন্য ও বিস্মিত হইয়া রহিল। এই অবসরে বশিষ্ঠ-ধেনু নন্দিনী যদৃচ্ছাক্রমে সেই স্থানে আগতা হইয়া সকলের দৃষ্টিপথে পতিত হইলেন, যে ধেনুর প্রভাব রঘু পূর্ব্বেই অবগত ছিলেন॥ ৪০ ॥

সাধুজন সৎকৃত দিলীপনন্দন সেই নন্দিনীর পবিত্র মূত্রবারি দ্বারা চক্ষু প্রক্ষালন করিলে ইন্দ্রিয়ের অনধিগম্য বিষয়ে তাঁহার দর্শনশক্তি জন্মিল। অর্থাৎ তিনি ধেনুর প্রভাবে অতীন্দ্রিয় পদার্থ সকল অবলোকন করিতে সমর্থ হইয়াছিলেন॥ ৪১ ॥

তখন সেই রাজপুত্র রঘু পূর্ব্বদিকে রথরশ্মি দ্বারা সংরুদ্ধ, সারথি কর্ত্তৃক

পুনঃ পুনঃ সূতনিষিদ্ধচাপলং
হরন্তমশ্বং রথরশ্মিসংযতম্‌ ॥ ৪২ ॥
শতৈস্তমক্ষ্ণামনিমেষবৃত্তিভি-
র্হরিং বিদিত্বা হরিভির্শ্চ বাজিভিঃ।
অবোচদেনং গগনস্পৃশা রঘুঃ
স্বরেণ ধীরেণ নিবর্ত্তয়ন্নিব ॥ ৪৩ ॥
মখাংশভাজাং প্রথমো মনীষিভি-
স্ত্বমেব দেবেন্দ্র! সদা নিগদ্যসে।

নিবারিতৌদ্ধত্যং রথস্য রশ্মিভিঃ প্রগ্রহৈঃ। "কিরণপ্রগ্রহৌ রশ্মী" ইত্যমরঃ। সংযতং বদ্ধম্‌ অশ্বং হরন্তং পর্ব্বতপক্ষাণাং শাতনং ছেদকং দেবমিন্দ্রং পূর্ব্বতঃ পূর্ব্বস্যাং দিশি দদর্শ ॥ ৪২ ॥

শতৈরিতি। রঘুস্তমশ্বহর্ত্তারম্‌ অনিমেষবৃত্তিভিঃ নিমেষব্যাপারশূন্যৈ-রক্ষ্ণাং শতৈঃ হরিভিঃ হরিদ্বর্ণৈঃ। "হরির্ব্বাচ্যবদাখ্যাতো হরিৎকপিলবর্ণয়োঃ" ইতি বিশ্বঃ। বাজিভিঃ অশ্বৈশ্চ হরিমিন্দ্রং বিদিত্বা। "হরির্ব্বাতার্কচন্দ্রেন্দ্রযমো-পেন্দ্রমরীচিষু" ইতি বিশ্বঃ। এনমিন্দ্রং গগনস্পৃশা ব্যোমব্যাপিনা ধীরেণ গভীরেণ স্বরেণ ধ্বনিনৈব নিবর্ত্তয়ন্নিব অবোচৎ ॥ ৪৩ ॥

মখেতি। হে দেবেন্দ্র! মনীষিভিঃ ত্বমেব মখাংশভাজাং যজ্ঞভাগভুজাং প্রথমঃ সদা নিগদ্যসে কথ্যসে তথাপি অজস্রদীক্ষায়াং নিত্যদীক্ষায়াং প্রযতস্য

পুনঃ পুনঃ নিবারিত চাপল্য, সেই যজ্ঞীয় অশ্বাপহারক পর্ব্বতপক্ষচ্ছেদক ইন্দ্রকে দেখিতে পাইলেন। অর্থাৎ দিলীপনন্দন বশিষ্ঠ-ধেনুর প্রভাবে দিব্য-চক্ষু প্রাপ্ত হইয়া অশ্বাপহারী দেবরাজকে যজ্ঞীয় তুরঙ্গ গ্রহণপূর্ব্বক পূর্ব্বদিক্‌ দিয়া প্রস্থান করিতে দেখিতে পাইলেন ॥ ৪২ ॥

রঘু নিমেষশূন্য সহস্রলোচন ও হরিদ্‌বর্ণ অশ্বদ্বারা তাঁহাকে ইন্দ্র নিশ্চয় করিয়া গগনস্পর্শী গম্ভীরস্বরে নিবর্ত্তিত করিয়াই যেন কহিতে লাগি-লেন ॥ ৪৩ ॥

হে দেবেন্দ্র! পণ্ডিতগণ আপনাকে যজ্ঞাংশভোজী দিগের প্রথম (প্রধান)

অজস্রদীক্ষাপ্রযতস্য মদ্‌গুরোঃ
ক্রিয়াবিঘাতায় কথং প্রবর্ত্তসে ॥ ৪৪ ॥
ত্রিলোকনাথেন সদা মখদ্বিষ-
স্ত্বয়া নিয়ম্যা ননু দিব্যচক্ষুষা।
স চেৎ স্বয়ং কর্ম্মসু ধর্ম্মচারিণাং
ত্বমন্তরায়ো ভবসি চ্যুতো বিধিঃ ॥ ৪৫ ॥
তদঙ্গমগ্র্যং মঘবন্‌! মহাক্রতো-
রমুং তুরঙ্গং প্রতিমোক্তুমর্হসি।

মদ্‌গুরোঃ ক্রিয়াবিঘাতায় ক্রতুবিঘাতায় ক্রিয়াং বিহন্তুমিত্যর্থঃ। তুমর্থাচ্চ ভাববচনাৎ ইতি চতুর্থী। কথং প্রবর্ত্তসে ॥ ৪৪ ॥

ত্রিলোকেতি। ত্রয়াণাং লোকানাং নাথস্ত্রিলোকনাথঃ। তদ্ধিতার্থেত্যাদিনা উত্তরপদদ্বিগুসমাসঃ। তেন ত্রৈলোক্যনিয়ামকেন দিব্যচক্ষুষা অতীন্দ্রিয়ার্থদর্শিনা ত্বয়া মখস্য দ্বিষঃ ঘাতকাঃ ক্রতুবিঘাতকাঃ সদা নিয়ম্যাঃ ননু শিক্ষ্যাঃ খলু স ত্বং ধর্ম্মচারিণাং কর্ম্মসু ক্রতুষু স্বয়ম্‌ অন্তরায়ো বিঘ্নো ভবসি চেৎ বিধিঃ অনুষ্ঠানং চ্যুতঃ ক্ষতঃ লোকে সৎকর্ম্মকথৈবাস্তমিয়াদিত্যর্থঃ ॥ ৪৫ ॥

তদিতি। হে মঘবন্‌! তৎ তস্মাৎ কারণাৎ মহাক্রতোঃ অশ্বমেধস্য অগ্র্যং শ্রেষ্ঠম্‌ অঙ্গং সাধনম্‌ অমুং তুরঙ্গং প্রতিমোক্তুং প্রতিদাতুম্‌ অর্হসি তথাহি

বলিয়া সর্ব্বদা নির্দ্দেশ করিয়া থাকেন; তবে কি নিমিত্ত নিরন্তর যাগ-নিরত মদীয় পিতার যজ্ঞ-বিনাশ করিতে প্রবৃত্ত হইতেছেন ॥ ৪৪ ॥

আপনি ত্রিলোকনাথ ও অতীন্দ্রিয়দর্শী; আপনি যজ্ঞ বিঘাতক দিগকে সর্ব্বদা দমন করিবেন; কিন্তু যদি ধার্ম্মিক দিগের কর্ম্মে আপনা হইতেই বিঘ্ন জন্মে, তাহা হইলে সৎকার্য্য একেবারেই বিলুপ্ত হয়। অর্থাৎ কোথায় যজ্ঞবিঘ্নকারিগণ আপনা কর্ত্তৃক শাসিত হইবে, না, আপনি নিজেই সৎকর্ম্মে বিঘ্ন জন্মাইতে লাগিলেন; সুতরাং এরূপ হইলে ধর্ম্মকার্য্য একবারে বিলুপ্ত হইয়া যাইবে ॥ ৪৫ ॥

অতএব হে দেবরাজ! অশ্বমেধ যজ্ঞের প্রধান অঙ্গ স্বরূপ এই তুরঙ্গ প্রত্যর্পণ করা আপনার উচিত হইতেছে; সন্মার্গ-প্রদর্শকেরা কখনও

পথঃ শ্রুতের্দ্দর্শয়িতার ঈশ্বরাঃ
মলীমসামাদদতে ন পদ্ধতিম্ ॥ ৪৬ ॥
ইতি প্রগল্‌ভং রঘুণা সমীরিতং
বচো নিশম্যাধিপতির্দ্দিবৌকসাম্।
নিবর্ত্তয়ামাস রথং সবিস্ময়ঃ
প্রচক্রমে চ প্রতিবক্তুমুত্তরম্ ॥ ৪৭ ॥
যদাত্থ রাজন্যকুমার! তত্তথা
যশস্তু রক্ষ্যং পরতো যশোধনৈঃ।

শ্রুতেঃ পথোদর্শয়িতারঃ সন্মার্গস্য প্রদর্শকা ঈশ্বরা মহান্তঃ মলীমসাং মলিনাং পদ্ধতিং মার্গং নাদদতে ন স্বীকুর্ব্বতে অসন্মার্গং নাবলম্বন্ত ইত্যর্থঃ। "মলীমসন্তু মলিনং কচ্চরং মলদূষিতম্" ইত্যমরঃ॥ ৪৬॥

ইতীতি। ইতি রঘুণা সমীরিতং প্রগল্‌ভং বচোনিশম্য আকর্ণ্য দিবৌকসঃ স্বর্গৌকসঃ। "দিবং স্বর্গেঽন্তরিক্ষে চে"তি বিশ্বঃ। তেষাম্ অধিপতির্দ্দেবেন্দ্রঃ রঘুপ্রভাবাৎ সবিস্ময়ঃ সন্ রথং নিবর্ত্তয়ামাস উত্তরং প্রতিবক্তুং প্রচক্রমে চ॥ ৪৭॥

যদিতি। হে রাজন্যকুমার! ক্ষত্রিয়কুমার! "মূর্দ্ধাভিষিক্তো রাজন্যো বাহুজঃ ক্ষত্রিয়ো বিরাড়ি"ত্যমরঃ। যদ্বাক্যমাত্থ ব্রবীষি। ব্রুবঃ পঞ্চানামিত্যাদিনা আহাদেশঃ। তত্তথা সত্যং কিন্তু যশোধনৈরস্মাদৃশৈঃ পরতঃ শত্রুতো যশো রক্ষ্যম্। ততঃ কিমত আহ ভবদ্‌গুরুস্ত্বৎপিতা জগৎপ্রকাশং

মলিনপথ অবলম্বন করেন না। অর্থাৎ ধর্ম্মপথ প্রবর্ত্তক ব্যক্তিরা গর্হিতকার্য্যে বাধা জন্মাইয়া সৎকার্য্যের সহায় হইয়া থাকেন॥ ৪৬॥

দেবরাজ রঘুর মুখবিনিঃসৃত এই প্রগল্‌ভ বাক্য (সগর্ব্ব বাক্য) কর্ণগোচর করিয়া বিস্মিত হইয়া রথের গতি নিবারণপূর্ব্বক প্রত্যুত্তর প্রদান করিলেন। অর্থাৎ ইন্দ্র রঘুর এইরূপ গর্ব্বিত বাক্য শ্রবণ করিয়া সবিস্ময়ে রথ নিবর্ত্তিত করিয়া উত্তর করিতে লাগিলেন॥ ৪৭॥

হে ক্ষত্রিয়কুমার! তুমি যাহা বলিলে তাহা সত্য বটে; কিন্তু শত্রুর নিকট হইতে যশরক্ষা করা যশস্বীদিগের কর্ত্তব্য। এইক্ষণে তোমার পিতা যজ্ঞ

জগৎপ্রকাশং তদশেষমিজ্যয়া
ভবদ্‌গুরুর্লঙ্ঘয়িতুং মমোদ্যতঃ ॥ ৪৮ ॥
হরির্যথৈকঃ পুরুষোত্তমঃ স্মৃতো-
মহেশ্বরস্ত্র্যম্বকএব নাপরঃ ।
তথা বিদুর্মাং মুনয়ঃ শতক্রতুং
দ্বিতীয়গামী ন হি শব্দএষ নঃ ॥ ৪৯ ॥
অতোঽয়মশ্বঃ কপিলানুকারিণা
পিতুস্ত্বদীয়স্য ময়াপহারিতঃ ।

লোকপ্রসিদ্ধম্ অশেষং সর্ব্বং মম তদযশঃ ইজ্যয়া যাগেন লঙ্ঘয়িতুং তিরস্কর্ত্তুম্ উদ্যত উদ্যুক্তঃ ॥ ৪৮ ॥

কিং তদযশইত্যাহ হরিরিতি। পুরুষেষূত্তমইতি সপ্তমীসমাসঃ। ন নির্দ্ধারণে ইতি ষষ্ঠীসমাসনিষেধাৎ। কর্ম্মধারয়ে তু সন্মহৎপরমোত্তমোৎকৃষ্টাঃ পূজ্যমানৈঃ ইত্যুত্তমপুরুষইতি স্যাৎ। যথা হরির্ব্বিষ্ণুরেকএব পুরুষোত্তমঃ স্মৃতঃ যথা চ ত্র্যম্বকঃ শিব এব মহেশ্বরঃ স্মৃতঃ নাপরঃ অপরঃ পুমান্, ন তথা মাং মুনয়ঃ শতক্রতুং বিদুঃ বিদন্তি। বিদো লটোবা ইতি ঝের্জুসাদেশঃ। নোঽস্মাকং হরিহরয়োর্ম্মম চেত্যর্থঃ এষ ত্রিতয়োঽপি শব্দো দ্বিতীয়গামী ন হি। দ্বিতীয়াপ্রকরণে গমিষাম্যাদীনামুপসংখ্যানাৎ সমাসঃ ॥ ৪৯ ॥

অতইতি। যতঃ অহমেব শতক্রতুরতঃ ত্বদীয়স্য পিতুঃ অয়ং শততমোঽশ্বঃ

দ্বারা আমার লোক-প্রসিদ্ধ অখণ্ড যশ অতিক্রম করিতে উদ্যত হইয়াছেন ॥ ৪৮ ॥

যেমন একমাত্র হরিই পুরুষোত্তম এবং একমাত্র ত্র্যম্বকই মহেশ্বর বলিয়া অভিহিত হন্; তদ্রূপ মুনিগণ কেবল আমাকেই শতক্রতু বলিয়া জানেন। এই শতক্রতু শব্দ দ্বিতীয়পুরুষগামী নহে। অর্থাৎ যেমন পুরুষোত্তম শব্দে বিষ্ণুকে এবং ত্র্যম্বক শব্দে মহেশ্বরকে বুঝায়, অপরকে বুঝায় না; সেইরূপ মুনিগণ শতক্রতু বলিয়া আমাকেই বিদিত আছেন। আমাদের তিনটী শব্দে উক্ত নির্দ্দিষ্ট ব্যক্তি ত্রয়কেই বুঝায়, অপর ব্যক্তিকে বুঝায় না ॥ ৪৯ ॥

অতএব আমি কপিল মুনির ন্যায় তদীয় পিতার অশ্ব অপহরণ করিয়াছি।

অলং প্রযত্নেন তবাত্র মা নিধাঃ
পদং পদব্যাং সগরস্য সন্ততেঃ ॥ ৫০ ॥
ততঃ প্রহস্যাপভয়ঃ পুরন্দরং
পুনর্ব্বভাষে তুরগস্য রক্ষিতা।
গৃহাণ শস্ত্রং যদি সর্গ এষ তে
ন খল্বনির্জ্জিত্য রঘুং কৃতী ভবান্ ॥ ৫১ ॥

কপিলানুকারিণা কপিলমুনিতুল্যেন ময়া অপহারিতোঽপহৃত। অপহারিত ইতি স্বার্থে ণিচ্। তবাত্র অশ্বে প্রযত্নেন অলং প্রযত্নো মাকারীত্যর্থঃ। নিষেধ্যস্য নিষেধং প্রতি করণত্বাৎ তৃতীয়া। সগরস্য রাজ্ঞঃ সন্ততেঃ সন্তানস্য পদব্যাং পদং মা নিধাঃ ন নিধেহি নিপূর্ব্বাৎ ধাঙ্ধাতোর্লুঙ্ ন মাঙ্যোগে ইত্যড়াগমপ্রতিষেধঃ। মহদাস্কন্দনং বিনাশমূলং ভবেদিতি ভাবঃ ॥ ৫০ ॥

ততইতি। ততঃ তুরগস্য রক্ষিতা রঘুঃ প্রহস্য প্রহাসং কৃত্বা অপভয়ঃ নির্ভীকঃ সন্ পুনঃ পুরন্দরং বভাষে কিমিতি, হে দেবেন্দ্র! যদি এষঃ অশ্বা-মোচনরূপস্তে তব সর্গোনিশ্চয়ঃ "সর্গঃ স্বভাবনির্মোক্ষনিশ্চয়াধ্যায়সৃষ্টিষ্বি"ত্য-

---

ইহাকে মোচনার্থ বৃথা চেষ্টা করিতে যাইয়া তুমি সগর সন্ততির পদবীতে পদার্পণ করিও না। অর্থাৎ "পূর্ব্বকালে ইন্দ্র, রাজা সগর কৃত অশ্বমেধযজ্ঞের অশ্বকে অপহরণ করিয়া পাতালভবনে কপিলমুনির নিকটে রাখিয়া দেন; তদনন্তর অশ্বরক্ষক সগরতনয়গণ সমস্ত পৃথিবী পরিভ্রমণ পূর্ব্বক পরিশেষে পিতার আদেশক্রমে নাগভবনে প্রবিষ্ট হইয়া সেই অশ্ব দেখিতে পাইলেন এবং এই তাপসাধমই অশ্ব চুরি করিয়াছে, এই ভাবিয়া কপিল মুনিকে অবমাননা করেন। এই কারণে সেই ঋষি ক্রুদ্ধ হইয়া সগরসন্তানদিগকে ভস্মসাৎ করিয়াছিলেন।" অতএব এই ঐতিহাসিক ঘটনানুসারে রঘুর সতর্ক হওয়া উচিত। এই নিমিত্ত দেবরাজ ইন্দ্র এস্থলে বলিতেছেন, তুমি যদি এই অশ্বকে আমার হস্ত হইতে মুক্ত করিতে প্রয়াস পাও, তাহা হইলে সগরসন্তানগণের যে দশা ঘটিয়াছিল, তোমারও সেইরূপ দশাই হইবে ॥ ৫০ ॥

অনন্তর সেই অশ্বরক্ষিতা রঘু নিঃশঙ্ক হৃদয়ে হাস্যপূর্ব্বক পুনর্ব্বার পুরন্দরকে কহিলেন, যদি আপনার এইরূপ নিশ্চয়ই হইয়া থাকে, তাহা

স এবমুক্ত্বা মঘবন্তমুন্মুখঃ
করিষ্যমাণঃ সশরং শরাসনম্।
অতিষ্ঠদালীঢ়বিশেষশোভিনা
বপুঃ প্রকর্ষেণ বিড়ম্বিতেশ্বরঃ ॥ ৫২ ॥
রঘোরবষ্টম্ভময়েন পত্রিণা
হৃদি ক্ষতো গোত্রভিদপ্যমর্ষণঃ।

মরঃ। তর্হি শস্ত্রং গৃহাণ ভবান্ রঘুং মাম্ অনির্জ্জিত্য কৃতমনেনেতি কৃতী কৃতকৃত্যো ন খলু। ইষ্টাদিভ্যশ্চ ইতি ইনিপ্রত্যয়ঃ। রঘুমিত্যনেনাত্মনো-দুর্জ্জয়ত্বং সূচিতম্ ॥ ৫১ ॥

স ইতি। স রঘুঃ উন্মুখঃ সন্ মঘবন্তম্ ইন্দ্রম্ এবমুক্ত্বা শরাসনং চাপং সশরং করিষ্যমাণঃ আলীঢ়েনালীঢ়াখ্যেন স্থানকভেদেন বিশেষশোভিনা অতিশয়শোভিনা বপুঃপ্রকর্ষেণ দেহৌন্নত্যেন বিড়ম্বিতেশ্বরঃ অনুসৃতপিনাকী সন্ অতিষ্ঠৎ। আলীঢ়লক্ষণমাহ যাদবঃ। "স্থানানি ধন্বিনাং পঞ্চ তত্র বৈশাখ-মস্ত্রিয়াম্। ত্রিবিতস্ত্যন্তরৌ পাদৌ মণ্ডলং তোরণাকৃতি। অন্বর্থং স্যাৎসমপদ-মালীঢ়ন্তু ততোঽগ্রতঃ। দক্ষিণে বামমাকুঞ্চ্য প্রত্যালীঢ়ং বিপর্য্যয়"ইতি ॥ ৫২ ॥

রঘোরিতি। রঘোঃ অবষ্টম্ভময়েন স্তম্ভরূপেণ। "অবষ্টম্ভঃ সুবর্ণে চ স্তম্ভ-প্রারম্ভয়োরপি" ইতি বিশ্বঃ। পত্রিণা বাণেন হৃদি হৃদয়ে ক্ষতো বিদ্ধঃ অত-এব অমর্ষণঃ অসহনঃ ক্রুদ্ধইত্যর্থঃ পর্ব্বতভেত্তা গোত্রভিৎ ইন্দ্রোঽপি। "সম্ভাব-নীয়ে চৌরেঽপি গোত্রঃ ক্ষৌণীধরে মত" ইতি বিশ্বঃ। নবাম্বুদানাম্ অনীকস্য

হইলে শস্ত্র গ্রহণ করুন; রঘুকে পরাজয় না করিয়া আপনি কৃতকার্য্য হইতে পারিবেন না ॥ ৫১ ॥

তিনি এই কথা বলিয়া ঊর্দ্ধমুখ হইয়া শরাসনে শরসন্ধান করিতে প্রবৃত্ত হইলেন। সেই সময়ে তাঁহার দক্ষিণ চরণ অগ্রবর্ত্তী এবং বামচরণ পশ্চাৎদিকে কিঞ্চিৎ আকুঞ্চিত হওয়াতে স্থূল ও উন্নত শরীরের বিশেষ শোভাবশতঃ তিনি ত্রিপুর নামক অসুরের স্বর্গস্থ পুরী দাহনোদ্যত পিনাকীর (মহেশ্বরের) অঙ্গ-ভঙ্গীর অনুকারী হইয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ৫২ ॥

ইন্দ্রও রঘুর স্তম্ভরূপ শর দ্বারা হৃদয়ে আহত ও নিতান্ত ক্রুদ্ধ হইয়া

নবাম্বুদানীকমুহূর্ত্তলাঞ্ছনে
ধনুষ্যমোঘং সমধত্ত সায়কম্ ॥ ৫৩ ॥
দিলীপসূনোঃ স বৃহদ্ভুজান্তরং
প্রবিশ্য ভীমাসুরশোণিতোচিতঃ।
পপাবনাস্বাদিতপূর্ব্বমাশুগঃ
কুতূহলেনেব মনুষ্যশোণিতম্ ॥ ৫৪ ॥
হরেঃ কুমারোঽপি কুমারবিক্রমঃ
সুরদ্বিপাস্ফালনকর্কশাঙ্গুলৌ।

বৃন্দস্য মুহূর্ত্তং ক্ষণমাত্রং লাঞ্ছনে চিহ্নভূতে ধনুষি, দিব্যে ধনুষীত্যর্থঃ অমোঘম্ অবন্ধ্যং সায়কং বাণং সমধত্ত সংহিতবান্ ॥ ৫৩ ॥

দিলীপেতি। ভীমানাং ভয়ঙ্করাণাম্ অসুরাণাং শোণিতে রুধিরে উচিতঃ পরিচিতঃ স ইন্দ্রমুক্তঃ আশুগঃ সায়কঃ দিলীপসূনোঃ রঘোঃ বৃহৎ বিশালং ভুজান্তরং বক্ষঃ প্রবিশ্য অনাস্বাদিতপূর্ব্বং পূর্ব্বমনাস্বাদিতম্। সুপ্ সুপা ইতি সমাসঃ। মনুষ্যশোণিতং কুতূহলেনেব পপৌ ॥ ৫৪ ॥

হরেরিতি। কুমারস্য স্কন্দস্য বিক্রমইব বিক্রমোযস্য স তথোক্তঃ। সপ্তম্যুপমানপূর্ব্বস্য ইত্যাদিনা সমাসঃ। কুমারোরঘুরপি সুরদ্বিপস্যৈরাবতস্যাস্ফালনেন কর্কশাঃ অঙ্গুলয়ো যস্য স তস্মিন্ শচ্যা পত্রবিশেষকৈঃ অঙ্কিতে শচীপত্র-

---

নবজলধরে মুহূর্ত্তক্ষণ প্রকাশমান স্বীয় কার্ম্মুকে অব্যর্থ শর সন্ধান করিলেন ॥ ৫৩ ॥

তখন ভয়ঙ্কর অসুরগণের রুধিরপানে চিরাভ্যস্ত সেই ইন্দ্রসায়ক রঘুর বিশাল বক্ষঃস্থলে প্রবেশ করিয়া যেন কুতূহল সহকারে নরশোণিত পান করিতে লাগিল। অর্থাৎ ইন্দ্রের শর রঘুর বক্ষঃস্থলে নিপতিত হইয়া সংলগ্ন থাকায় বোধ হইতে লাগিল যেন অনাস্বাদিত নরশোণিত লোভেই এইরূপ ভাবে রহিয়াছে ॥ ৫৪ ॥

কুমার-বিক্রম রঘুও ঐরাবতের তাড়নাবশতঃ কর্কশ-কর-শাখাসম্পন্ন, শচীর কপোলতলস্থ পত্ররচনায় অঙ্কিত ইন্দ্রের ভুজে স্বনাম চিহ্নিত বাণ নিখাত করিলেন। অর্থাৎ কার্ত্তিকেয়ের ন্যায় বিক্রমশালী রঘু স্বীয় নামাঙ্কিত

ভুজে শচীপত্রবিশেষকাঙ্কিতে
স্বনামচিহ্নং নিচখান সায়কম্‌॥ ৫৫ ॥
জহার চান্যেন ময়ূরপত্রিণা
শরেণ শক্রস্য মহাশনিধ্বজম্‌।
চুকোপ তস্মৈ স ভৃশং সুরশ্রিয়ঃ
প্রসহ্য কেশব্যপরোপণাদিব ॥ ৫৬ ॥
তয়োরুপান্তস্থিতসিদ্ধসৈনিকং
গরুত্মদাশীবিষভীমদর্শনৈঃ।

বিশেষকাঙ্কিতে হরেরিন্দ্রস্য ভুজে স্বনামচিহ্নং স্বনামাঙ্কিতং সায়কং নিচখান নিখাতবান্‌। নিষ্কণ্টকরাজ্যে তস্যায়ং মহানভিভব ইতি ভাবঃ॥ ৫৫ ॥

জহারেতি। অন্যেন ময়ূরপত্রিণা ময়ূরপত্রবতা শরেণ শক্রস্য ইন্দ্রস্য মহাশনিধ্বজং মহান্তমশনিরূপং ধ্বজং জহার চিচ্ছেদ চ স শক্রঃ সুরশ্রিয়ঃ প্রসহ্য বলাৎকৃত্য কেশানাং ব্যপরোপণাৎ অবতারণাৎ ছেদনাদিব তস্মৈ রঘবে ভৃশম্‌ অত্যর্থং চুকোপ তং হন্তুমিয়েষেত্যর্থঃ। ক্রুধদ্রুহেত্যাদিনা সম্প্রদানত্বাৎ চতুর্থী॥ ৫৬ ॥

তয়োরিতি। জয়ৈষিণোরন্যোন্যজয়াকাঙ্ক্ষিনোস্তয়োরিন্দ্ররঘ্বোঃ গরুত্মন্তঃ

বাণ ইন্দ্রের ভুজদণ্ডে নিক্ষেপ করিলেন, তাহাতে রঘুর নামাক্ষর গুলি ইন্দ্রের বাহুতে প্রতিফলিত হইয়াছিল। যে বাহুতে শচী গ্রীবা ও চন্দনচর্চ্চিত গণ্ডস্থল স্থাপন করেন, সেই বাহুতে রঘুর বাণ নিপতিত হইয়া ব্রণ উৎপাদন করিল, ইহা দেবরাজের পক্ষে অতীব পরাভবের কারণ হইয়াছিল॥ ৫৫ ॥

রঘু ময়ূরপক্ষ শোভিত অপর এক বাণ দ্বারা ইন্দ্রের অশনিধ্বজ ছেদন করিলেন। সুরস্ত্রী শচীর কেশপাশ বলপূর্ব্বক ছেদন করিলে দেবরাজ যাদৃশ কোপাবিষ্ট হইতেন, ধ্বজ ছেদনেও তাদৃশ ক্রুদ্ধ হইলেন। অর্থাৎ কোন ব্যক্তি বলপূর্ব্বক শচীর কেশ ছেদন করিলে, ইন্দ্রের যেরূপ অবমাননা হয়, রঘু কর্ত্তৃক রথস্থ বজ্রধ্বজ ছিন্ন হওয়াতে, ইন্দ্র তাদৃশ অবমানিত হইয়াছিলেন॥ ৫৬ ॥

এইরূপে বিজয়াভিলাষী বীরদ্বয়ের পক্ষযুক্ত আশীবিষের ন্যায় নিতান্ত

বভূব যুদ্ধং তুমুলং জয়ৈষিণো-
রধোমুখৈরূর্দ্ধমুখৈশ্চ পত্রিভিঃ ॥ ৫৭ ॥
অতিপ্রবন্ধপ্রহিতাস্ত্রবৃষ্টিভি-
স্তমাশ্রয়ং দুষ্প্রসহস্য তেজসঃ।
শশাক নির্ব্বাপয়িতুং ন বাসবঃ
স্বতশ্চ্যুতং বহ্নিমিবাদ্ভিরম্বুদঃ ॥ ৫৮ ॥
ততঃ প্রকোষ্ঠে হরিচন্দনাঙ্কিতে
প্রমথ্যমানার্ণবধীরনাদিনীম্।

পক্ষবন্তঃ। "গরুৎপক্ষচ্ছদাঃ পত্রম্" ইত্যমরঃ। আশীবিষা আশিষি দংষ্ট্রায়াং বিষং যেষাং তে আশীবিষাঃ সর্পাঃ। পৃষোদরাদিত্বাৎ সাধুঃ। "স্ত্রী ত্বাশী-র্হিতাশংসাহিদংষ্ট্রয়োঃ" ইত্যমরঃ। তইব ভীমদর্শনাঃ সপক্ষাঃ সর্পাইব ভয়াবহা ইত্যর্থঃ তৈঃ অধোমুখৈরূর্দ্ধমুখৈশ্চ ধন্বিনোরূপর্য্যধোদেশাবস্থিতত্বাদিতি ভাবঃ। পত্রিভির্ব্বাণৈঃ উপান্তস্থিতাস্তটস্থাঃ সিদ্ধাদেবাইন্দ্রস্য সৈনিকাশ্চ রঘোঃ, যস্মিংস্তত্তথোক্তং তুমুলং সঙ্কুলং যুদ্ধং বভূব ॥ ৫৭ ॥

অতীতি। বাসবঃ অতিপ্রবন্ধেন অতিসাতত্যেন প্রহিতাভিঃ প্রযুক্তাভিঃ অস্ত্রবৃষ্টিভিঃ দুষ্প্রসহস্য দুঃখেন প্রসহ্যতইতি দুষ্প্রসহস্তস্য দুঃখেনাপ্যসহ্যস্যেত্যর্থঃ তেজসঃ প্রতাপস্য আশ্রয়ং তং রঘুম্ অম্বুদোঽদ্ভিঃ স্বতশ্চ্যুতং নির্গতং বহ্নিমিব নির্ব্বাপয়িতুং ন শশাক। রঘোরপি লোকপালাত্মকস্যেন্দ্রাংশসম্ভবত্বাদিতি ভাবঃ ॥ ৫৮ ॥

ভীমদর্শন অধোমুখ ও ঊর্দ্ধমুখ শর দ্বারা তুমুল সংগ্রাম হইতে লাগিল। দেবতা ও রঘুর সৈন্যগণ তাঁহাদের নিকটে বিস্ময়াবিষ্ট-চিত্তে দণ্ডায়মান রহিল। অর্থাৎ বীরদ্বয়ের যুদ্ধ সময়ে ইন্দ্রের বাণ অধোমুখে নিক্ষিপ্ত এবং রঘুর বাণ ঊর্দ্ধমুখে উৎক্ষিপ্ত হইতেছিল; তদ্দর্শনে ইন্দ্রের নিকটস্থ দেবতাগণ এবং রঘুর নিকটস্থ সৈন্যগণ বিস্ময়াবিষ্ট-চিত্তে অবস্থিত ছিল ॥ ৫৭ ॥

যেমন মেঘ আত্মসম্ভূত বিদ্যুতাগ্নিকে জলবর্ষণে নির্ব্বাপিত করিতে পারে না, সেইরূপ ইন্দ্রও নিজাংশসম্ভূত দুঃসহ তেজের আধার স্বরূপ রঘুকে অনবরত শরবর্ষণ করিয়াও অভিভূত করিতে সমর্থ হইলেন না ॥ ৫৮ ॥

রঘুঃ শশাঙ্কার্দ্ধমুখেন পত্রিণা
শরাসনজ্যামলুনাদ্বিড়ৌজসঃ ॥ ৫৯ ॥
স চাপমুৎসৃজ্য বিবৃদ্ধমৎসরঃ
প্রণাশনায় প্রবলস্য বিদ্বিষঃ ।
মহীধ্রপক্ষব্যপরোপণোচিতং
স্ফুরৎপ্রভামণ্ডলমস্ত্রমাদদে ॥ ৬০ ॥
রঘুর্ভৃশং বক্ষসি তেন তাড়িতঃ
পপাত ভূমৌ সহ সৈনিকাশ্রুভিঃ ।

ততইতি। ততো রঘুঃ হরিচন্দনাঙ্কিতে প্রকোষ্ঠে মণিবন্ধে প্রমথ্যমানার্ণবধীরনাদিনীং প্রমথ্যমানার্ণবইব ধীরং গম্ভীরং নদতীতি তাং তথোক্তাং বেবেষ্টি ব্যাপ্নোতীতি বিট্ ব্যাপকম্ ওজোযস্য স তস্য বিড়ৌজসঃ ইন্দ্রস্য। পৃষোদরাদিত্বাৎ সাধুঃ। শরাসনজ্যাং ধনুর্মৌর্ব্বীং শশাঙ্কস্য অর্দ্ধঃ খণ্ডইব মুখং ফলং যস্য তেন পত্রিণা অলুনাৎ অচ্ছিনৎ ॥ ৫৯ ॥

সইতি। বিবৃদ্ধমৎসরঃ প্রবৃদ্ধবৈরঃ সইন্দ্রঃ চাপম্ উৎসৃজ্য প্রবলস্য বিদ্বিষঃ শত্রোঃ প্রণাশনায় বধায় মহীং ধারয়ন্তীতি মহীধ্রাঃ পর্ব্বতাঃ। মূলবিভুজাদিত্বাৎ কপ্রত্যয়ঃ। তেষাং পক্ষব্যপরোপণে পক্ষচ্ছেদে উচিতং স্ফুরৎপ্রভামণ্ডলমস্ত্রং বজ্রায়ুধম্ আদদে জগ্রাহ ॥ ৬০ ॥

রঘুরিতি। রঘুস্তেন বজ্রেন ভৃশমত্যর্থং বক্ষসি তাড়িতঃ সন্ সৈনিকানাম্ অশ্রুভিঃ সহ ভূমৌ পপাত তস্মিন্ পতিতে তে রুরুদুরিত্যর্থঃ। নিমেষ-

---

অনন্তর রঘু অর্দ্ধচন্দ্রাকৃতি শর নিক্ষেপ করিয়া ইন্দ্রের হরিচন্দন চর্চ্চিত প্রকোষ্ঠ প্রদেশে, মন্থনকালে আলোড়িত অর্ণবতুল্য গম্ভীরনাদিনী ধনুকের জ্যা (ছিলা) ছেদন করিলেন। অর্থাৎ রঘু অর্দ্ধচন্দ্রাকার বাণ দ্বারা ইন্দ্রের ধনুকের ছিলা চ্ছেদন করিয়া ফেলিলেন ॥ ৫৯ ॥

তখন ইন্দ্র প্রবৃদ্ধবৈর হইয়া ধনুক পরিত্যাগপূর্ব্বক সেই প্রবল শত্রুকে বিনাশ করিবার নিমিত্ত পর্ব্বত পক্ষচ্ছেদী উজ্জ্বল প্রভাবিশিষ্ট বজ্রনামক অস্ত্র গ্রহণ করিলেন ॥ ৬০ ॥

রঘু সেই বজ্র দ্বারা বক্ষঃস্থলে আঘাত প্রাপ্ত হইয়া সেনাগণের অশ্রুবিন্দুর

নিমেষমাত্রাদবধূয় তদ্ব্যথাং
সহোত্থিতঃ সৈনিকহর্ষনিস্বনৈঃ ॥ ৬১ ॥
তথাপি শস্ত্রব্যবহারনিষ্ঠুরে
বিপক্ষভাবে চিরমস্য তস্থুষঃ।
তুতোষ বীর্য্যাতিশয়েন বৃত্রহা
পদং হি সর্ব্বত্র গুণৈর্নিধীয়তে ॥ ৬২ ॥

মাত্রাত্তদ্ব্যথাং দুঃখম্ অবধূয় তিরস্কৃত্য সৈনিকানাং যে হর্ষেণ নিস্বনাঃ ক্ষ্বেড়াঃ তৈঃ সহ উত্থিতশ্চ তস্মিন্নুত্থিতে হর্ষাৎ সিংহনাদাংশ্চক্রুরিত্যর্থঃ ॥ ৬১ ॥

তথাপীতি। তথাপি বজ্রপাতেঽপি শস্ত্রাণাম্ আয়ুধানাং ব্যবহারেণ ব্যাপারেণ নিষ্ঠুরে ক্রূরে বিপক্ষভাবে শাত্রবে চিরং তস্থুষঃ স্থিতবতোঽস্য রঘোঃ বীর্য্যাতিশয়েন বৃত্রং হতবান্ ইতি বৃত্রহা। ব্রহ্মভ্রূণবৃত্রেষু ক্বিপ্। তুতোষ। স্বয়ং বীরএব বীরং জানাতীতি ভাবঃ। কথং শত্রোঃ সন্তোষোঽত আহ গুণৈঃ সর্ব্বত্র শত্রুমিত্রোদাসীনেষু পদম্ অঙ্ঘ্রির্নিধীয়তে গুণৈঃ সর্ব্বত্র সংক্রম্যত ইত্যর্থঃ। গুণাঃ শত্রূনপ্যাবর্জ্জয়ন্তীতি ভাবঃ ॥ ৬২ ॥

সহিত ভূমিতে পতিত হইলেন। পরে নিমেষ মধ্যেই সেই বজ্রাঘাতজনিত ব্যথা দূর করিয়া সৈনিক পুরুষদিগের হর্ষনাদ সহ উত্থিত হইলেন। অর্থাৎ রঘু ইন্দ্রের বজ্রে অত্যন্ত আহত হইয়া ভূতলে পতিত হইয়াছিলেন, তদ্দর্শনে তাঁহার সৈন্যগণ অশ্রুবিসর্জ্জন করিতে লাগিল। কিন্তু মুহূর্ত্ত পরেই তিনি প্রকৃতিস্থ হইয়া উঠিয়াছিলেন। সুতরাং সৈনিক পুরুষগণ হর্ষধ্বনি করিয়াছিল ॥ ৬১ ॥

গুণের পদ (আদর) সর্ব্বত্রই আছে; কারণ তাদৃশ নিষ্ঠুরভাব অবলম্বনকারী রঘুকে বজ্রপ্রহারেও অবিচলিত দর্শন করিয়া বৃত্রাসুর-হন্তা ইন্দ্র সেই দিলীপাত্মজের বীর্য্যাতিশয্যে সন্তুষ্ট হইলেন। অর্থাৎ রঘু ইন্দ্রের প্রতি বাণবর্ষণ বশতঃ অতি নিষ্ঠুর বিপক্ষভাব অবলম্বন করিলেও ইন্দ্র তাঁহার বলবীর্য্যাতিশয় সন্দর্শনে সাতিশয় সন্তুষ্ট হইয়াছিলেন। যেহেতু গুণের সম্মান সর্ব্বত্রই রক্ষিত হইয়া থাকে ॥ ৬২ ॥

অসঙ্গমদ্রিষ্বপি সারবত্তয়া
ন মে ত্বদন্যেন বিসোঢ়মায়ুধম্।
অবেহি মাং প্রীতমৃতে তুরঙ্গমাৎ
কিমিচ্ছসীতি স্ফুটমাহ বাসবঃ ॥ ৬৩ ॥

ততোনিষঙ্গাদসমগ্রমুদ্ধৃতং
সুবর্ণপুঙ্খদ্যুতিরঞ্জিতাঙ্গুলিম্।
নরেন্দ্রসূনুঃ প্রতিসংহরন্নিষুং
প্রিয়ংবদঃ প্রত্যবদৎ সুরেশ্বরম্ ॥ ৬৪ ॥

অসঙ্গমিতি। সারবত্তয়া অদ্রিষ্বপ্যসঙ্গম্ অপ্রতিবন্ধং মে আয়ুধং বজ্রং ত্বদন্যেন ন বিসোঢ়ম্ অতো মাং প্রীতং সন্তুষ্টম্ অবেহি তুরঙ্গমাৎ ঋতে তুরঙ্গং বর্জ্জয়িত্বা। অন্যারাদিতরর্ত্তে ইতি পঞ্চমী। কিমিচ্ছসীতি স্ফুটং বাসবঃ আহ। তুরঙ্গমাদন্যদদেয়ং নাস্তীতি ভাবঃ ॥ ৬৩ ॥

ততইতি। ততঃ নিষঙ্গাৎ তূণীরাৎ অসমগ্রং যথা তথোদ্ধৃতং সুবর্ণপুঙ্খদ্যুতিভিঃ রঞ্জিতা অঙ্গুলয়োযেন তম্ ইষুং প্রতিসংহরন্নিবর্ত্তয়ন্ "নাপ্রহরন্তং প্রহরেৎ" ইতি নিষেধাদিতি ভাবঃ। প্রিয়ং বদতীতি প্রিয়ম্বদঃ প্রিয়বশে বদঃ খচ্ ইতি খচ্‌প্রত্যয়ঃ অরুর্দ্বিষেত্যাদিনা মুমাগমঃ। নরেন্দ্রস্নূঃ রঘুঃ সুরেশ্বরং প্রত্যবদৎ ন তু প্রাহরদিতি ভাবঃ ॥ ৬৪ ॥

তখন বাসব স্পষ্টাক্ষরে বলিলেন, আমার এই আয়ুধ (অস্ত্র) অত্যন্ত সারবান্ বলিয়া পর্ব্বতেও অপ্রতিহতপ্রসর হইয়া আসিতেছে; তোমা ব্যতীত অন্য কেহ ইহা সহ্য করিতে পারে নাই; অতএব আমি তোমার প্রতি প্রীত হইয়াছি, তুমি এই অশ্ব ব্যতিরেকে কি অভিলাষ কর বল? ॥ ৬৩ ॥

অনন্তর প্রিয়ম্বদ রঘু তূণীর হইতে অসম্পূর্ণোদ্ধৃত শর, যাহার সুবর্ণপুঙ্খরাগে গ্রহণকারীর অঙ্গুলী রঞ্জিত হইয়াছিল, সেই শর প্রতিসংহার করিয়া সুররাজ ইন্দ্রকে প্রত্যুত্তর প্রদান করিলেন। অর্থাৎ রঘু ইন্দ্রের বাক্য শ্রবণ করিয়া উদ্ধৃত শর বাণাধারে স্থাপন করিয়া সুমিষ্ট বচনে দেবরাজকে বলিতে লাগিলেন ॥ ৬৪ ॥

অমোচ্যমশ্বং যদি মন্যসে প্রভো!
ততঃ সমাপ্তে বিধিনৈব কর্ম্মণি।
অজস্রদীক্ষাপ্রযতঃ স মদ্গুরুঃ
ক্রতোরশেষেণ ফলেন যুজ্যতাম্ ॥ ৬৫ ॥

যথা চ বৃত্তান্তমিমং সদোগত-
স্ত্রিলোচনৈকাংশতয়া দুরাসদঃ।
তবৈব সন্দেশহরাদ্বিশাম্পতিঃ
শৃণোতি লোকেশ! তথা বিধীয়তাম্ ॥ ৬৬ ॥

অমোচ্যমিতি। হে প্রভো! ইন্দ্র! অশ্বম্ অমোচ্যং মন্যসে যদি তত-স্তর্হি অজস্রদীক্ষায়াং প্রযতঃ স মদ্গুরুর্ম্মম পিতা বিধিনৈব কর্ম্মণি সমাপ্তে সতি ক্রতোর্যৎ ফলং তেন ফলেন অশেষেণ কৃৎস্নেন যুজ্যতাং যুক্তোঽস্তু। অশ্বমেধফললাভে কিমশ্বেনেতি ভাবঃ ॥ ৬৫ ॥

যথেতি। সদোগতঃ সদোগৃহং গতঃ ত্রিলোচনস্যেশ্বরস্য একাংশতয়া অষ্টানামন্যতমমূর্ত্তিত্বাৎ দুরাসদোঽস্মাদৃশৈঃ দুষ্প্রাপ্যোবিশাম্পতিঃ যথা ইমং বৃত্তান্তং তব সন্দেশহরাৎ বার্ত্তাহরাদেব শৃণোতি চ হে লোকেশ! ইন্দ্র! তথা বিধীয়তাম্ ॥ ৬৬ ॥

হে প্রভো! যদি আপনি নিতান্তই অশ্ব পরিত্যাগ না করেন, তাহাহইলে নিরন্তর যাগরত আমার পিতা যাহাতে বিধিপূর্ব্বক অশ্বমেধ সমাপ্ত হইলে যে ফল প্রাপ্ত হওয়া যায়, সেই অখণ্ড ফললাভে অধিকারী হন্, তাহা করুন। অর্থাৎ শত যজ্ঞ করিলে যে ফল হইত; একোনশত যজ্ঞ দ্বারাও যেন আমার পিতা সেই ফলভাগী হন্, এইরূপ উপায় করিয়া দিন্ ॥ ৬৫ ॥

পরন্তু এক্ষণে আমার সভাস্থ পিতা যজ্ঞে ব্রতী হইয়া অষ্টমূর্ত্তির মূর্ত্ত্যন্তর পরিগ্রহ করিয়াছেন বলিয়া সামান্য লোকের অনভিগম্য হইয়াছেন। অতএব আপনার নিজের বার্ত্তাবহের মুখে যাহাতে সেই রাজা এই বৃত্তান্ত শ্রবণ করেন, তাহারও উপায় করুন। অর্থাৎ সভামধ্যে সাধারণের যাওয়ার অধিকার নাই; সুতরাং আপনার সংবাদবাহক দ্বারায় এই সংবাদ সভাস্থ রাজার কর্ণগোচর করিবার উপায় বিধান করিলে ভাল হয় ॥ ৬৬ ॥

তথেতি কামং প্রতিশুশ্রুবান্ রঘো-
র্যথাগতং মাতলিসারথির্যযৌ ।
নৃপস্য নাতিপ্রমনাঃ সদোগৃহং
সুদক্ষিণাসূনুরপি ন্যবর্ত্তত ॥ ৬৭ ॥

তমভ্যনন্দৎ প্রথমং প্রবোধিতঃ
প্রজেশ্বরঃ শাসনহারিণা হরেঃ ।
পরামৃশন্ হর্ষজড়েন পাণিনা
তদীয়মঙ্গং কুলিশব্রণাঙ্কিতম্ ॥ ৬৮ ॥

ইতি ক্ষিতীশোনবতিং নবাধিকাং
মহাক্রতূনাং মহনীয়শাসনঃ ।

তথেতি। মাতলিসারথিরিন্দ্রঃ রঘোঃ সম্বন্ধিনং কামং মনোরথং তথেতি তথাস্ত্বিতি প্রতিশুশ্রুবান্ প্রতিশ্রুতবান্। ভাষায়াং সদবস শ্রুবঃ ইতি ক্বসু-প্রত্যয়ঃ। যথাগতং যযৌ সুদক্ষিণাসূনুঃ রঘুরপি নাতিপ্রমনাঃ বিজয়লাভে-হপ্যশ্বনাশান্নাতীব তুষ্টঃ সন্। নঞর্থস্য নশব্দস্য সুপ্ সুপা ইতি সমাসঃ। নৃপস্য সদোগৃহং প্রতি ন্যবর্ত্তত ॥ ৬৭ ॥

তমিতি। হরেরিন্দ্রস্য শাসনহারিণা পুরুষেণ প্রথমং প্রবোধিতোজ্ঞাপিতো বৃত্তান্তমিতি শেষঃ প্রজেশ্বরোদিলীপঃ হর্ষজড়েন হর্ষশিশিরেণ পাণিনা কুলিশব্রণাঙ্কিতং তস্য রঘোরিদং তদীয়ম্ অঙ্গং শরীরম্ পরামৃশন্ সন্ তং রঘুম্ অভ্যনন্দৎ ॥ ৬৮ ॥

ইতীতি। মহনীয়শাসনঃ পূজনীয়াজ্ঞঃ ক্ষিতীশঃ ইতি অনেন প্রকারেণ। "ইতি হেতুপ্রকরণপ্রকর্ষাদিসমাপ্তিষু" ইত্যমরঃ। মহাক্রতূনাম্ অশ্বমেধানাং

ইন্দ্র তথাস্তু বলিয়া রঘুর অভিলাষ পূর্ণ বিষয়ে প্রতিশ্রুত হইয়া স্বস্থানে প্রস্থান করিলেন। রঘুও নাতিহৃষ্টমনে রাজভবনে প্রত্যাবর্ত্তন করিলেন ॥ ৬৭ ॥

রাজা দিলীপ ইন্দ্রের বার্ত্তাবহের নিকটে পূর্ব্বেই সমস্ত অবগত হইয়া-ছিলেন ; এইক্ষণে তিনি হর্ষশীতল হস্তদ্বারা পুত্রের বজ্রাঘাতজনিত ব্রণাঙ্কিত শরীর স্পর্শপূর্ব্বক অভিনন্দন করিলেন ॥ ৬৮ ॥

এইরূপে অপ্রতিহত শাসন রাজা দিলীপ আয়ুঃক্ষয় হইলে স্বর্গারোহণ

সমারুরুক্ষুর্দ্দিবমায়ুষঃ ক্ষয়ে
ততান সোপানপরম্পরামিব ॥ ৬৯ ॥
অথ স বিষয়ব্যাবৃত্তাত্মা যথাবিধি সূনবে
নৃপতিককুদং দত্ত্বা যূনে সিতাতপবারণম্।
মুনিবনতরুচ্ছায়াং দেব্যা তয়া সহ শিশ্রিয়ে
গলিতবয়সামিক্ষ্বাকূণামিদং হি কুলব্রতম্ ॥ ৭০ ॥

ইতি শ্রীরঘুবংশে মহাকাব্যে কালিদাসকৃতৌ
রঘুরাজ্যাভিষেকো নাম তৃতীয়ঃ সর্গঃ।

নবভিঃ অধিকাং নবতিম্ একোনশতম্ আয়ুষঃ ক্ষয়ে সতি দিবং স্বর্গম্ সমারুরুক্ষুঃ আরোঢ়ুমিচ্ছুঃ সোপানানাং পরম্পরাং পঙ্‌ক্তিমিব ততান ॥ ৬৯ ॥

অথেতি। অথ বিষয়েভ্যোব্যাবৃত্তাত্মা নিবৃত্তচিত্তঃ স দিলীপো যথাবিধি যথাশাস্ত্রং যূনে সূনবে নৃপতিককুদং রাজচিহ্নম্। "ককুদ্বৎ ককুদং শ্রেষ্ঠে বৃষাঙ্গে রাজলক্ষ্মণি" ইতি বিশ্বঃ। সিতাতপবারণং শ্বেতছত্রং দত্ত্বা তয়া দেব্যা সুদক্ষিণয়া সহ মুনিবনতরোঃ ছায়াং শিশ্রিয়ে শ্রিতবান্ বানপ্রস্থাশ্রমং স্বীকৃতবানিত্যর্থঃ। তথাহি গলিতবয়সাং বৃদ্ধানাম্ ইক্ষ্বাকূণাম্ ইক্ষ্বাকোর্গোত্রাপত্যানাম্। তদ্রাজসংজ্ঞকত্বাদণো লুক্। ইদং বনগমনং কুলব্রতম্। দেব্যা সহেত্যনেন সপত্নীকবানপ্রস্থাশ্রমপক্ষ উক্তঃ তথা চ যাজ্ঞবল্ক্যঃ। "সুতবিন্যস্তপত্নীকস্তয়া বানুগতো বনম্। বানপ্রস্থো ব্রহ্মচারী সাগ্নিঃ সোপাসনো ব্রজেদি"তি। হরিণোবৃত্তমেতৎ ॥ ৭০ ॥

ইতি শ্রীমহামহোপাধ্যায়কোলাচলমল্লিনাথসূরিবিরচিতায়াং
রঘুবংশটীকায়াং সঞ্জীবনীসমাখ্যায়াং তৃতীয়ঃ সর্গঃ।

বাসনায় সোপান পরম্পরার ন্যায় একোনশত (নিরানব্বইটী) অশ্বমেধ যজ্ঞ সম্পাদন করিলেন ॥ ৬৯ ॥

অনন্তর সেই রাজা বিষয়-বাসনা পরিত্যাগপূর্ব্বক বিধানানুসারে পুত্রকে রাজচিহ্ন শ্বেতছত্র প্রদান করিয়া দেবী সুদক্ষিণার সহিত তপোবনের তরুচ্ছায়া আশ্রয় করিলেন। ইক্ষ্বাকুবংশীয় নরপতিদিগের বৃদ্ধ বয়সে বানপ্রস্থাশ্রম অবলম্বন করাই কুলব্রত বলিয়া প্রসিদ্ধ আছে॥ ৭০ ॥

তৃতীয় সর্গ সমাপ্ত।

চতুর্থঃ সর্গঃ।

স রাজ্যং গুরুণা দত্তং প্রতিপদ্যাধিকং বভৌ।
দিনান্তে নিহিতং তেজঃ সবিত্রেব হুতাশনঃ ॥ ১ ॥
দিলীপানন্তরং রাজ্যে তং নিশম্য প্রতিষ্ঠিতম্।
পূর্ব্বং প্রধূমিতোরাজ্ঞাং হৃদয়েঽগ্নিরিবোত্থিতঃ ॥ ২ ॥

শারদা শারদাম্ভোজবদনা বদনাম্বুজে।
সর্ব্বদা সর্ব্বদাস্মাকং সন্নিধিং সন্নিধিং ক্রিয়াৎ॥

স ইতি। স রঘুর্গুরুণা পিত্রা দত্তং রাজ্যং রাজ্ঞঃ কর্ম্ম প্রজাপরিপালনাত্মকম্। পুরোহিতাদিত্বাদ্যক্। প্রতিপদ্য প্রাপ্য দিনান্তে সায়ংকালে সবিত্রা সূর্য্যেণ নিহিতং তেজঃ প্রতিপদ্য হুতাশনোঽগ্নিরিব অধিকং বভৌ। সৌরস্তেজঃ সায়মগ্নিং সংক্রমতে। আদিত্যোবা অস্তং যন্ অগ্নিমনুপ্রবিশতি। অগ্নিং বা আদিত্যঃ সায়ং প্রবিশতীত্যাদিঃ শ্রুতিঃ প্রমাণম্ ॥ ১ ॥

দিলীপেতি। দিলীপানন্তরং রাজ্যে প্রতিষ্ঠিতমবস্থিতং তং রঘুং নিশম্যাকর্ণ্য পূর্ব্বং দিলীপকালে রাজ্ঞাং হৃদয়ে প্রকর্ষেণ ধূমোঽস্য সঞ্জাতঃ প্রধূমিতো-

---

যেমন অগ্নি সায়ংকালে সূর্য্যনিহিত তেজঃ প্রাপ্ত হইয়া সমধিক প্রদীপ্ত হইয়া উঠে; তদ্রূপ বীরশ্রেষ্ঠ রঘু পিতৃদত্ত সাম্রাজ্য লাভ করিয়া অধিকতর শোভা ধারণ করিলেন। অর্থাৎ তেজ দ্বারা তেজের হ্রাস হয় বলিয়া দিবসে সূর্য্যকিরণের নিকটে অনলের দীপ্তি পরাভূত হয়। সুতরাং সায়ংকাল হইতে অগ্নি সম্যক্ প্রতিভাত হইতে থাকে। তদ্রূপ পিতার শাসন সময়ে রঘুর বীর্য্যবহ্নির সম্যক্ বিস্ফুরণ হয় নাই, এক্ষণে তাঁহাতে শাসন ভার অর্পিত হওয়ায় সেই পিতৃদত্ত রাজ্য তাঁহার বীর্য্যবহ্নির সম্যক্ বিস্ফুরণ ক্ষেত্র হইয়া উঠিল ॥ ১॥

পূর্ব্বে (দিলীপের সময়ে) বিপক্ষ নরপতিগণের হৃদ্গত সন্তাপানল

পুরুহূতধ্বজস্যেব তস্যোন্নয়নপঙ্‌ক্তয়ঃ।
নবাভ্যুত্থানদর্শিন্যোননন্দুঃ সপ্রজাঃ প্রজাঃ ॥ ৩ ॥
সমমেব সমাক্রান্তং দ্বয়ং দ্বিরদগামিনা।
তেন সিংহাসনং পিত্র্যমখিলঞ্চারিমণ্ডলম্‌ ॥ ৪ ॥
ছায়ামণ্ডললক্ষ্যেণ তমদৃশ্যা কিল স্বয়ম্‌।

হগ্নিঃ সন্তাপাগ্নিরুত্থিত ইব প্রজ্বলিত ইব পূর্ব্বেভ্যোঽধিকসন্তাপোঽভূদিত্যর্থঃ। রাজকর্ত্তৃকস্যাপি নিশমনস্যাগ্নাবুপচারান্ন সমানকর্ত্তৃকত্ববিরোধ ইতি ॥ ২ ॥

পুরুহূতেতি। পুরুহূতধ্বজঃ ইন্দ্রধ্বজঃ। স কিল রাজভির্বৃষ্ট্যর্থং পূজ্যত ইত্যুক্তং ভবিষ্যোত্তরে "এবং যঃ কুরুতে যাত্রামিন্দ্রকেতোর্যুধিষ্ঠির। পর্জ্জন্যঃ কামবর্ষী স্যাত্তস্য রাজ্যে ন সংশয়" ইতি। "চতুরস্রম্‌ ধ্বজাকারং রাজদ্বারে প্রতিষ্ঠিতম্‌। আহুঃ শক্রধ্বজং নাম পৌরলোকে সুখাবহম্‌"। পুরুহূতধ্বজস্যেব তস্য রঘোর্নবমভ্যুত্থানম্‌ অভ্যুন্নতিমভ্যুদয়ঞ্চ পশ্যন্তীতি নবাভ্যুত্থানদর্শিন্যঃ, উৎ ঊর্দ্ধং প্রস্থিতা উল্লসিতাশ্চ নয়নপঙ্‌ক্তয়োযাসাং তাঃ, সপ্রজাঃ সসন্তানাঃ প্রজাঃ জনাঃ। "প্রজা স্যাৎ সন্ততৌ জনে" ইত্যুভয়ত্রাপ্যমরঃ। ননন্দুঃ ॥ ৩ ॥

সমমিতি। দ্বিরদইব দ্বিরদৈশ্চ গচ্ছতীতি দ্বিরদগামিনা। কর্ত্তর্যুপমানে ইতি সুপ্যজাতাবিতি চ ণিনিঃ। তেন রঘুণা সমং যুগপদেব দ্বয়ং সমাক্রান্তম্‌ অধিষ্ঠিতং। কিং তৎ দ্বয়ং পিতুরাগতং পিত্র্যম্‌। পিতুর্যদিতি যৎপ্রত্যয়ঃ। সিংহাসনম্‌ অখিলমরের্মণ্ডলং রাষ্ট্রঞ্চ ॥ ৪ ॥

সিংহাসনারোহণানন্তরং তস্য লক্ষ্মীসন্নিধানমাহ ;—ছায়েতি। অত্র রঘো-

প্রধূমিতাবস্থায় ছিল। কিন্তু এইক্ষণে রঘু রাজপদে অভিষিক্ত হইয়াছেন, ইহা শ্রবণ করিয়া সেই সন্তাপানল এককালে প্রজ্বলিত হইয়া উঠিল ॥ ২ ॥

প্রজাগণ মহারাজ রঘুর ইন্দ্রধ্বজের ন্যায় অভিনব অভ্যুদয় দর্শন করিয়া আহ্লাদ-সাগরে নিমগ্ন হইয়াছিল ॥ ৩ ॥

দ্বিরদগামী রঘু পিতৃ-সিংহাসন ও সমগ্র শত্রুগণ, এই উভয়ই এক সময়ে আক্রমণ করিলেন। অর্থাৎ মহারাজ রঘু রাজপদে প্রতিষ্ঠিত হইয়াই শত্রুগণকে আক্রমণ করিয়াছিলেন ॥ ৪ ॥

তৎকালে যেন রাজলক্ষ্মী স্বয়ং অদৃশ্যভাবে কান্তিপুঞ্জানুমিত পদ্মরূপ

পদ্মা পদ্মাতপত্রেণ ভেজে সাম্রাজ্যদীক্ষিতম্ ॥ ৫ ॥
পরিকল্পিতসান্নিধ্যা কালে কালে চ বন্দিষু।
স্তুত্যং স্তুতিভিরর্থ্যাভিরুপতস্থে সরস্বতী ॥ ৬ ॥
মনুপ্রভৃতিভির্মান্যৈর্ভুক্তা যদ্যপি রাজভিঃ।

স্তেজোবিশেষেণ স্বয়ং সন্নিহিতয়া লক্ষ্ম্যা ছত্রধারণং কৃতমিত্যুৎপ্রেক্ষতে। পদ্মা লক্ষ্মীঃ "লক্ষ্মীঃ পদ্মালয়া পদ্মা কমলা শ্রীর্হরিপ্রিয়ে"ত্যমরঃ। স্বয়মদৃশ্যা কিল। কিলেতি সম্ভাবনায়াম্। সতী ছায়ামণ্ডললক্ষ্যেণ কান্তিপুঞ্জানুমেয়েন স্বরূপতোঽদৃশ্যেন। ছায়ামণ্ডলমিত্যনেনানাতপজ্ঞানং লক্ষ্যতে। "ছায়া সূর্য্যপ্রিয়া কান্তিঃপ্রতিবিম্বমনাতপ" ইত্যুভয়ত্রাপ্যমরঃ। পদ্মাতপত্রেণ পদ্মমেবাতপত্রং তেন করণভূতেন সাম্রাজ্যে সাম্রাজ্যকর্ম্মণি মণ্ডলাধিপত্যে দীক্ষিতম্ অভিষিক্তং তং ভেজে। অন্যথা কথমেতাদৃশী কান্তিসম্পত্তিরিতি ভাবঃ ॥ ৫ ॥

সম্প্রতি সরস্বতীসান্নিধ্যমাহ ;—পরিকল্পিতেতি। সরস্বতী চ কালে কালে সর্ব্বেষ্বপি যোগ্যকালেষু। নিত্যবীপ্সয়োরিতি বীপ্সায়াং দ্বির্ব্বচনম্। বন্দিষু পরিকল্পিতসান্নিধ্যা কৃতসন্নিধানা সতী স্তুত্যং স্তোত্রার্হং তং রঘুম্ অর্থ্যাভির্রর্থাদনপেতাভিঃ। ধর্ম্মপথ্যর্থন্যায়াদনপেত ইতি যৎপ্রত্যয়ঃ। স্তুতিভিঃ স্তোত্রৈঃ উপতস্থে দেবতাবুদ্ধ্যা পূজিতবতীত্যর্থঃ। দেবতাত্বঞ্চ বিষ্ণুঃ পৃথিবীপতিরিতি বা লোকপালাত্মকত্বাদ্বেত্যনুসন্ধেয়ম্। এবঞ্চ সতি উপাদ্দেবপূজাসঙ্গতিকরণমিত্রকরণপথিষু ইতি বক্তব্যাদাত্মনেপদং সিধ্যতি ॥ ৬ ॥

মন্বিতি। বসুন্ধরা মনুপ্রভৃতিভিঃ মন্বাদিভির্মান্যৈঃ পূজ্যৈঃ রাজভিঃ ভুক্তা যদ্যপি ভুক্তৈবেত্যর্থঃ। যদ্যপীত্যবধারণে। অপ্যর্থে যদি বার্থে এবার্থে

আতপত্র দ্বারা সাম্রাজ্যে অভিষিক্ত রঘুর আরাধনা করিতে লাগিলেন। অর্থাৎ রঘুর শারীরিক অবস্থার উন্নতি বশতঃ তাঁহাকে লক্ষ্মীশ্রীসম্পন্ন বলিয়া বোধ হইতে লাগিল ॥ ৫ ॥

দেবী সরস্বতীও যথাসময়ে বন্দিবর্গে আবির্ভূত হইয়া অর্থযুক্ত স্তুতিবাদ দ্বারা স্তুত্য রঘুর উপাসনায় প্রবৃত্ত হইলেন ॥ ৬ ॥

যদিও পৃথিবী মাননীয় মনু প্রভৃতি রাজা কর্ত্তৃক উপভুক্ত হইয়াছিলেন, তথাপি রাজা রঘুর নিকটে অনন্যোপভুক্তার ন্যায় প্রতীয়মান হইতে লাগিলেন। অর্থাৎ কবিগণ রাজা ও পৃথিবীকে স্বামী ও স্ত্রী বলিয়া কল্পনা

তথাপ্যনন্যপূর্ব্বেব তস্মিন্নাসীদ্বসুন্ধরা ॥ ৭ ॥
সহি সর্ব্বস্য লোকস্য যুক্তদণ্ডতয়া মনঃ।
আদদে নাতিশীতোষ্ণো নভস্বানিব দক্ষিণঃ ॥ ৮ ॥
মন্দোৎকণ্ঠাঃ কৃতাস্তেন গুণাধিকতয়া গুরৌ।

স্যাদিতি কেশবঃ। তথাপি তস্মিন্ রাজ্ঞি অন্যঃ পূর্ব্বোযস্যাঃ সা অন্যপূর্ব্বা, সা ন ভবতীত্যনন্যপূর্ব্বা অনন্যোপভুক্তেবাসীৎ তৎ প্রথমপতিকেবানুরক্তবতীত্যর্থঃ ॥ ৭ ॥

অত্র কারণমাহ;—সহীতি। হি যস্মাৎ কারণাৎ স রঘুঃ যুক্তদণ্ডতয়া যথাপরাধদণ্ডতয়া সর্ব্বস্য লোকস্য মন আদদে জহার। ক ইব অতিশীতোঽত্যুষ্ণোবা ন ভবতীতি নাতিশীতোষ্ণঃ। নঞর্থস্য নশব্দস্য সুপ্সুপেতি সমাসঃ। দক্ষিণো দক্ষিণদিগ্‌ভবো নভস্বান্ বায়ুরিব মলয়ানিলইবেত্যর্থঃ। যুক্তদণ্ডতয়েত্যত্র কামন্দকঃ "উদ্‌বেজয়তি তীক্ষ্ণেন মৃদুনা পরিভূয়তে। দণ্ডেন নৃপতিস্তস্মাদ্‌যুক্তদণ্ডঃ প্রশস্যতে" ইতি ॥ ৮ ॥

মন্দেতি। তেন রঘুণা প্রজাঃ গুরৌ দিলীপবিষয়ে সহকারোঽতিসৌরভশ্চূতঃ। "আম্রশ্চূতোরসালোঽসৌ সহকারোঽতিসৌরভ" ইত্যমরঃ। তস্য ফলেন পুষ্পো-

---

করিয়া থাকেন। সুতরাং এস্থলে কবি তাহাই বলিতেছেন যে, রঘুর পূর্ব্ববর্ত্তী রাজগণ পৃথিবীকে ভোগ করিয়াছিলেন বটে; কিন্তু তাহা হইলেও যেমন স্ত্রী প্রথম পতিতে অনুরক্তা হয়, বসুমতী সেইরূপ রঘুতে অনুরক্তা হইয়াছিলেন। অতএব ইহার প্রকৃত তাৎপর্য্য এই যে, মহারাজ রঘুর শাসন সময়ে রাজলক্ষ্মী অটলভাবে ছিলেন ॥ ৭ ॥

নরনাথ রঘু দোষানুসারে দণ্ডবিধান করিয়া নাতিশীতোষ্ণ দক্ষিণ অনিলের ন্যায় সকলেরই চিত্তহরণ করিলেন। অর্থাৎ মলয়বাহী দক্ষিণ বায়ু যেমন সকল লোকেরই মনোহারী হইয়া থাকে; তদ্রূপ রঘুও উপযুক্ত শাসনদ্বারা প্রকৃতিপুঞ্জের নিকটে বিশেষ শ্রদ্ধার ভাজন হইয়াছিলেন ॥ ৮ ॥

যেমন সহকার তরুর ফল হইলে লোক আম্রমুকুল বিস্মৃত হয়, তদ্রূপ রাজা রঘু সমধিক গুণবত্তাপ্রযুক্ত দিলীপের প্রতি প্রজাগণের ঔৎসুক্য হ্রাস করিয়া দিলেন। অর্থাৎ যেমন আম্রমুকুল অপেক্ষা তাহার ফল অধিক গুণের আধার বলিয়া আম্রফলের প্রতিই সকলের মন নিবিষ্ট হয়, মুকুলের প্রতি

ফলেন সহকারস্য পুষ্পোদ্গম ইব প্রজাঃ॥ ৯॥
নয়বিদ্ভির্নবে রাজ্ঞি সদসচ্চোপদর্শিতম্।
পূর্ব্বমেবাভবৎ পক্ষস্তস্মিন্নাভবদুত্তরঃ॥ ১০॥
পঞ্চানামপি ভূতানামুৎকর্ষং পুপুষুর্গুণাঃ।
নবে তস্মিন্মহীপালে সর্ব্বং নবমিবাভবৎ॥ ১১॥

দ্গমে পুষ্পোদয়ে ইব ততোঽপি গুণাধিকতয়া হেতুনা মন্দোৎকণ্ঠাঃ অল্পোৎসুকাঃ কৃতাঃ। গুণোত্তরশ্চ উত্তরোবিষয়ঃ পূর্ব্বং বিস্মারয়তীতি ভাবঃ॥ ৯॥

নয়েতি। নয়বিদ্ভির্নীতিশাস্ত্রজ্ঞৈঃ নবে তস্মিন্ রাজ্ঞি বিষয়ে তমধিকৃত্যেত্যর্থঃ সৎ ধর্ম্মযুদ্ধাদিকম্ অসৎ কূটযুদ্ধাদিকঞ্চ উপদর্শিতং, তস্মিন্ রাজ্ঞি পূর্ব্বঃ পক্ষএবাভবৎ সংক্রান্তইত্যর্থঃ, উত্তরঃ পক্ষোনাভবৎ ন সংক্রান্তইত্যর্থঃ। তত্র সদসতোর্মধ্যে সদেবাভিমতং নাসৎ, তদুদ্ভাবনন্তু জ্ঞানার্থমেবেত্যর্থঃ। পক্ষঃ সাধনযোগ্যার্থঃ। "পক্ষঃ পার্শ্বগরুৎসাধ্যসহায়বলভিত্তিষু" ইতি কেশবঃ॥ ১০॥

পঞ্চানামিতি। পৃথিব্যাদীনাং পঞ্চানাং ভূতানামপি গুণাঃ গন্ধরসাদয়ঃ উৎকর্ষমতিশয়ং পুপুষুঃ। অত্রোৎপ্রেক্ষতে তস্মিন্ রঘৌ নাম নবে মহীপালে সতি সর্ব্বং বস্তুজাতং নবমিবাভবৎ। তদেব ভূতজাতমিদানীমপূর্ব্বগুণযোগাদপূর্ব্বমিবাভবদিতি ভাবঃ॥ ১১॥

আর আসক্তি থাকে না; সেই প্রকার দিলীপাপেক্ষা রঘু অধিকতর গুণের আধার বলিয়া সকলে দিলীপকে বিস্মৃত হইয়া রঘুতে আসক্ত হইয়াছিল॥৯॥

নীতিজ্ঞ সচিবগণ সেই নবীন নৃপতি রঘুকে সৎ ও অসৎ উভয়ই প্রদর্শন করাইতে লাগিলেন। কিন্তু মহারাজ রঘু অসৎ পক্ষ পরিত্যাগপূর্ব্বক সৎপক্ষই অবলম্বন করিলেন। অর্থাৎ নীতিপরায়ণ অমাত্যগণ কর্ত্তৃক সাধু ও অসাধু উভয়বিধ বিষয়ই প্রদর্শিত হইত। কিন্তু সদ্বিবেচক মহারাজ রঘু সাধুবিষয়ই অনুমোদন করিতেন। কারণ, রাজা ও অমাত্যবর্গ পরস্পর অনুকূল থাকিলে সম্পদ্ কথনও রাজাকে পরিত্যাগ করে না॥ ১০॥

ক্ষিতি, অপ্ (জল), তেজঃ (অগ্নি), মরুৎ (বায়ু) ও ব্যোম (আকাশ); এই পঞ্চ মহাভূতের গুণ যথাক্রমে গন্ধ, রস, রূপ, স্পর্শ ও শব্দ; এই সমুদয় উৎকর্ষাতিশয় লাভ করিল; ফলতঃ নবীন রাজা রঘুর সময়ে সকল বস্তুই অভিনব বলিয়া বোধ হইতে লাগিল॥ ১১॥

যথা প্রহ্লাদনাচ্চন্দ্রঃ প্রতাপাত্তপনো যথা।
তথৈব সোঽভূদন্বর্থো রাজা প্রকৃতিরঞ্জনাৎ॥ ১২॥
কামং কর্ণান্তবিশ্রান্তে বিশালে তস্য লোচনে।
চক্ষুষ্মত্তা তু শাস্ত্রেণ সূক্ষ্মকার্য্যার্থদর্শিনা॥ ১৩॥
লব্ধপ্রশমনস্বস্থমথৈনং সমুপস্থিতা।

যথেতি। যথা চন্দয়ত্যাহ্লাদয়তীতি চন্দ্রঃ। চদিধাতোরৌণাদিকো রক্-প্রত্যয়ঃ, প্রহ্লাদনাদাহ্লাদকরণাদন্বর্থোঽনুগতার্থনামকোঽভূৎ যথা চ তপতীতি তপনঃ সূর্য্যঃ। নন্দ্যাদিত্বাল্ল্যুপ্রত্যয়ঃ। প্রতাপাৎ সন্তাপজননাদিত্যর্থঃ, তথৈব স রাজা প্রকৃতিরঞ্জনাৎ অন্বর্থঃ সার্থকরাজশব্দোঽভূৎ। যদ্যপি রাজশব্দো-রাজতের্দীপ্ত্যর্থাৎ কনিন্‌প্রত্যয়ান্তো ন তু রঞ্জেঃ, তথাপি ধাতূনামনেকার্থত্বা-দ্রঞ্জনাদ্রাজেত্যুক্তং কবিনা॥ ১২॥

কামমিতি। বিশালে তস্য রঘোর্লোচনে কামং কর্ণান্তয়োর্ব্বিশ্রান্তে কর্ণ-প্রান্তগতে চক্ষুষ্মত্তা তু চক্ষুঃফলন্তিত্যর্থঃ সূক্ষ্মান্ কার্য্যার্থান্ কর্ত্তব্যার্থান্ দর্শয়তি প্রকাশয়তীতি সূক্ষ্মকার্য্যার্থদর্শিনা শাস্ত্রেণৈব। শাস্ত্রং দৃষ্টির্ব্বিবেকিনামিতি ভাবঃ॥ ১৩॥

লব্ধেতি। অথ লব্ধস্য রাজ্যস্য প্রশমনেন পরিপন্থিনাম্ অনুরঞ্জনপ্রতী-কারাভ্যাং স্থিরীকরণেন স্বস্থং সমাহিতচিত্তমেনং রঘুং পঙ্কজলক্ষণা পদ্মচিহ্না। শ্রিয়োঽপি বিশেষণমেতৎ। শরদ্ দ্বিতীয়া পার্থিবশ্রীঃ রাজলক্ষ্মীরিব সমুপ-

---

যেমন আহ্লাদজনক বলিয়া চন্দ্র এবং তাপপ্রদ বলিয়া তপন; এই স্বার্থক নাম হইয়াছে; তদ্রূপ রঘু প্রজারঞ্জন করেন বলিয়া 'রাজা' এই শব্দের স্বার্থকতা সম্পাদন করিলেন॥ ১২॥

মহারাজ রঘুর বিশাল নয়নযুগল কর্ণপর্য্যন্ত বিস্তৃত ছিল; কিন্তু তিনি সূক্ষ্মকার্য্যার্থদর্শী শাস্ত্রদ্বারাই চক্ষুর ফল প্রাপ্ত হইতেন। অর্থাৎ শাস্ত্রই রঘুর চক্ষুর কার্য্য করিত। কারণ বিবেচক ব্যক্তির শাস্ত্রই চক্ষুস্বরূপ হইয়া থাকে॥ ১৩॥

রঘু এইরূপ লব্ধরাজ্যে শান্তি স্থাপন করিয়া সুস্থচিত্ত হইলে পদ্মলক্ষণা শরৎ, দ্বিতীয় রাজলক্ষ্মীর ন্যায় রঘুর নিকটে উপস্থিত হইল। অর্থাৎ প্রজা-

পার্থিবশ্রীর্দ্বিতীয়েব শরৎ পঙ্কজলক্ষণা ॥ ১৪ ॥
নির্বৃষ্টলঘুভির্মেঘৈর্মুক্তবর্ত্মা সুদুঃসহঃ।
প্রতাপস্তস্য ভানোশ্চ যুগপদ্ব্যানশে দিশঃ ॥ ১৫ ॥
বার্ষিকং সংজহারেন্দ্রোধনুর্জ্জৈত্রং রঘুর্দ্দধৌ।

স্থিতা প্রাপ্তা। রক্ষা পৌরজনস্য দেশনগরগ্রামেষু গুপ্তিস্তথা যোধানামপি সংগ্রহোঽপি তুলয়া মানব্যবস্থাপনম্। সাম্যং লিঙ্গিষু দানবৃত্তিকরণং ত্যাগঃ সমানেঽর্চ্চনং কার্য্যাণ্যেব মহীভুজাং প্রশমনান্যেতানি রাজ্যে নবে ॥ ১৪ ॥

নির্বৃষ্টেতি। নিঃশেষং বৃষ্টা নির্বৃষ্টাঃ। কর্ত্তরি ক্তঃ। অতএব লঘবঃ তৈর্মেঘৈর্মুক্তবর্ত্মা ত্যক্তমার্গঃ অতএব সুদুঃসহঃ তস্য রঘোর্ভানোশ্চ প্রতাপঃ পৌরুষমাতপশ্চ। "প্রতাপৌ পৌরুষাতপা"বিতি যাদবঃ। যুগপৎ দিশোব্যানশে ব্যাপ ॥ ১৫ ॥

বার্ষিকমিতি। ইন্দ্রোবর্ষাসু ভবং বার্ষিকং বর্ষানিমিত্তমিত্যর্থঃ। বর্ষাভ্যষ্ঠক্ ইতি ঠক্প্রত্যয়ঃ। ধনুঃ সঞ্জহার রঘুঃ জৈত্রং জয়শীলম্। জেতৃশব্দাৎ তৃণন্তাৎ প্রজ্ঞাদিভ্যশ্চেতি স্বার্থে অণ্প্রত্যয়ঃ। ধনুর্দধৌ। হি যস্মাৎ তাবিন্দ্ররঘু

রঞ্জনাদি কার্য্য দ্বারা পার্থিবেন্দ্র রঘুর চিত্ত প্রশান্ত হইলে, যে সময়ে পদ্ম সকল প্রস্ফুটিত হইয়া থাকে, সেই শরৎকাল প্রাদুর্ভূত হইল ॥ ১৪ ॥

তৎকালে জলধরপটল বারিবিন্দু-শূন্য ও নিতান্ত লঘু হওয়াতে সূর্য্যকিরণ এবং রঘুর পথ মুক্ত ও কর্দ্দমবিহীন হইয়া উঠিল; তাহাতে সূর্য্যতেজ এবং রঘুর বিক্রম একান্ত দুঃসহ হইয়া যুগপৎ দিঙ্মণ্ডল সমাচ্ছন্ন করিল। অর্থাৎ বর্ষাকালে জলবর্ষণ হওয়াতে শরৎকালের মেঘ নিতান্ত লঘু ও জলবিন্দুবিহীন হইয়া থাকে; সুতরাং তৎকালে সূর্য্য যেমন অত্যন্ত প্রখর কিরণজাল অব্যাহতরূপে বিস্তার করিয়া সমস্ত দিক্ সমাচ্ছন্ন করে, তদ্রূপ নরনাথ রঘুও কালপ্রভাবে পঙ্কিল ও জলময় পথ শুষ্ক হওয়াতে যুদ্ধের উপযুক্ত কাল সমাগত দেখিয়া স্বীয় প্রতাপে সমস্ত দেশ জয় করিবার নিমিত্ত আক্রমণ করিলেন ॥ ১৫ ॥

দেবরাজ ইন্দ্র বর্ষাসম্ভূত শরাসন (ধনু) প্রতিসংহার করিলেন, এদিকে রঘু জয়শীল ধনু গ্রহণ করিলেন। ফলতঃ প্রজার প্রয়োজন সাধনার্থ পর্য্যায়ক্রমে ধনুক গ্রহণ করাই তাঁহাদের কার্য্য ছিল। অর্থাৎ বর্ষাকালে মেঘ-

প্রজার্থসাধনে তৌ হি পর্য্যায়োদ্যতকার্ম্মুকৌ ॥ ১৬ ॥
পুণ্ডরীকাতপত্রস্তং বিকসৎকাশচামরঃ।
ঋতুর্ব্বিড়ম্বয়ামাস ন পুনঃ প্রাপ তচ্ছ্রিয়ম্ ॥ ১৭ ॥

প্রজানামর্থস্য প্রয়োজনস্য বৃষ্টিবিজয়লক্ষণস্য সাধনবিষয়ে পর্য্যায়েণোদ্যতে কার্ম্মুকে যাভ্যাং তৌ পর্য্যায়োদ্যতকার্ম্মুকৌ। পাঠান্তরে পর্য্যায়েণোদ্যমো বিশ্রমশ্চ যয়োস্তৌ পর্য্যায়োদ্যমবিশ্রমৌ। দ্বয়োঃ পর্য্যায়েণ করণাদক্লেশ ইতি ভাবঃ ॥ ১৬ ॥

পুণ্ডরীকেতি। পুণ্ডরীকং সিতাম্ভোজমেবাতপত্রং যস্য স তথোক্তঃ, বিকসন্তি কাশানি কাশাখ্যতৃণকুসুমান্যেব চামরাণি যস্য স তথোক্তঃ, ঋতুঃ শরদৃতুঃ পুণ্ডরীকনিভাতপত্রং কাশনিভচামরং তং রঘুং বিড়ম্বয়ামাস অনুচকার তস্য রঘোঃ শ্রিয়ং পুনঃ শোভান্ত ন প্রাপ। "শোভাসম্পত্তিপদ্মাসু লক্ষ্মীঃ শ্রীরিব দৃশ্যত" ইতি শাশ্বতঃ ॥ ১৭ ॥

মালাতে ধনুকের যে চিহ্ন লক্ষিত হয়, লোকে তাহাকে ইন্দ্র-ধনু বলিয়া থাকে। উক্ত ইন্দ্র-ধনু অন্য সময়ে দৃষ্টিগোচর হয় না; কারণ, জলবিন্দুযুক্ত মেঘের উপরে সূর্য্যকিরণ পতিত হইলেই উহার উৎপত্তি হইয়া থাকে। পক্ষান্তরে বর্ষাকালে যুদ্ধাদির সুবিধা হয় না বলিয়া ভূপালগণ সেই সময়ে ধনু-ধারণ করেন না। এই নিমিত্তই কবি বলিতেছেন, ইন্দ্র ও রঘু যেন পরস্পরের সুবিধার নিমিত্তই পর্য্যায়ক্রমে (পালাক্রমে) ধনুধারণপূর্ব্বক প্রজাপালন করিয়া থাকেন ॥ ১৬ ॥

শ্বেতপদ্মরূপ আতপত্র সম্পন্ন এবং বিকসিত কাশকুসুমরূপ চামরযুক্ত শরৎ ঋতু, পুণ্ডরীক তুল্য আতপত্রযুক্ত এবং কাশসদৃশ চামরযুক্ত রঘুর অনুকরণ করিল; কিন্তু তাঁহার শোভা-লাভে সমর্থ হইল না। অর্থাৎ ছত্র এবং চামর রাজার প্রধান চিহ্ন। এদিকে শরৎ ঋতুতে শতদল শ্বেতপদ্ম ও কাশকুসুম (কেশেফুল) বিকসিত হয়; সুতরাং উক্ত পদ্ম ছত্রের ন্যায় এবং কেশে ফুল চামরের ন্যায় লক্ষিত হয় বলিয়া এস্থলে কবি রঘুর সহিত শরৎ ঋতুর তুল্যতা প্রদর্শন করাইলেন ॥ ১৭ ॥

প্রসাদসুমুখে তস্মিন্ চন্দ্রে চ বিশদপ্রভে।
তদা চক্ষুষ্মতাং প্রীতিরাসীৎ সমরসা দ্বয়োঃ ॥ ১৮ ॥
হংসশ্রেণীষু তারাসু কুমুদ্বৎসু চ বারিষু।
বিভূতয়স্তদীয়ানাং পর্য্যস্তা যশসামিব ॥ ১৯ ॥
ইক্ষুচ্ছায়নিষাদিন্যস্তস্য গোপ্তুর্গুণোদয়ম্।

প্রসাদেতি। প্রসাদেন সুমুখে তস্মিন্ রঘৌ বিশদপ্রভে নির্ম্মলকান্তৌ চন্দ্রে চ দ্বয়োর্ব্বিষয়ে তদা চক্ষুষ্মতাং প্রীতিরনুরাগঃ সমরসা সমস্বাদা তুল্য-ভোগেতি যাবৎ। "রসোগন্ধে রসঃ স্বাদে" ইতি বিশ্বঃ। আসীৎ ॥ ১৮ ॥

হংসেতি। হংসানাং শ্রেণীষু পঙ্ক্তিষু তারাসু নক্ষত্রেষু কুমুদানি সন্তি যেষু কুমুদ্বন্তি। "কুমুদ্বান্ কুমুদপ্রায়" ইত্যমরঃ। কুমুদনড়বেতসেভ্যো ড্মতুপ্ ইতি ড্মতুপ্। তেষু কুমুদপ্রায়েষ্বিত্যর্থঃ বারিষু চ তদীয়ানাং রঘুসম্বন্ধিনাং যশসাং বিভূতয়ঃ সম্পদঃ পর্য্যস্তাইব প্রসারিতাঃ কিমিত্যুৎপ্রেক্ষা। অন্যথা কথমেষাং ধবলিমেতি ভাবঃ ॥ ১৯ ॥

ইক্ষ্বিতি। ইক্ষুণাং ছায়া ইক্ষুচ্ছায়ম্। ছায়া বাহুল্যইতি নপুংসকত্বম্। তত্র নিষণ্ণাঃ ইক্ষুচ্ছায়নিষাদিন্যঃ। স্ত্রীলিঙ্গপাঠে ইক্ষোঃ ছায়া ইতি বিগ্রহঃ অন্যথা

যেমন শরৎ কালের নির্ম্মল শশধর দর্শন করিয়া নয়নের তৃপ্তি জন্মে, রঘুর প্রসন্ন বদন-সুধাকর নিরীক্ষণ করিয়াও লোকের নয়ন সেইরূপ পরিতৃপ্ত হইতে লাগিল ॥ ১৮ ॥

হংসশ্রেণী, নক্ষত্রমালা এবং কুমুদবিরাজিত বারিমধ্যে রঘুর যশঃসম্পত্তি যেন প্রসারিত হইল। অর্থাৎ শরৎকালে হংস সকল মনের উল্লাসে নদী ও তড়াগাদিতে ক্রীড়া করে বলিয়া উহাদের এক অভিনব শ্রী উৎপন্ন হইয়া থাকে; নক্ষত্র সকল নির্ম্মল কান্তি ধারণ করে এবং সলিলরাশিও পরিস্কৃত হইয়া থাকে; সুতরাং সেই সময়ের এই সমস্তই ধবলাকার ধারণ করে। এদিকে যশও শুভ্র বলিয়া অভিহিত হইয়া থাকে। সুতরাং কবি বলিতেছেন, যেন মহারাজ রঘুর যশই হংস প্রভৃতি পদার্থে পতিত হইয়াছে, তাহা না হইলে ঐ সকল পদার্থ এরূপ শুভ্র হইত না ॥ ১৯ ॥

শস্যরক্ষিকা রমণীরা ইক্ষুচ্ছায়ায় নিষণ্ণ হইয়া রঘুর কৌমারাবস্থা হইতে আরম্ভ করিয়া সমগ্র যশোগান করিতে লাগিল। অর্থাৎ মহারাজ রঘু এই-

আকুমারকথোদ্ঘাতং শালিগোপ্যো জগুর্যশঃ ॥ ২০ ॥
প্রসসাদোদয়াদম্ভঃ কুম্ভযোনের্ম্মহৌজসঃ।
রঘোরভিভবাশঙ্কি চুক্ষুভে দ্বিষতাং মনঃ ॥ ২১ ॥
মদোদগ্রাঃ ককুদ্মন্তঃ সরিতাং কূলমুদ্রুজাঃ।

বহুত্বে নপুংসকত্বপ্রসঙ্গাৎ। শালীন্ গোপায়ন্তি রক্ষন্তীতি শালিগোপ্যঃ শস্যপালিকাঃ স্ত্রিয়ঃ। কর্ম্মণ্যণ্ টিড্ঢাণঞিত্যাদিনা ঙীপ্। গোপ্তুঃ রক্ষকস্য তস্য রঘোঃ গুণেভ্যঃ উদয়ো যস্য তদ্গুণোদয়ং গুণোৎপন্নম্, আকুমারং কুমারাদারভ্যঃ কথোদ্ঘাতঃ কথারম্ভো যস্য তৎ কুমারৈরপি স্তূয়মানমিত্যর্থঃ যশো জগুর্গায়ন্তি স্ম। অথবা কুমারস্য সতোরঘোর্যাঃ কথা ইন্দ্রবিজয়াদয়ঃ, ততঃ আরভ্য আকুমারকথম্। তত্রাপ্যভিবিধাবব্যয়ীভাবঃ। আকুমারকথমুদ্ঘাতো যস্মিন্ কর্ম্মণি গানক্রিয়াবিশেষণমেতৎ। "স্যাদভ্যাদানমুদ্ঘাত আরম্ভ" ইত্যমরঃ। আকুমারকথোদ্ভূতমিতি পাঠে কুমারস্য সতস্তস্য কথাভিশ্চরিতৈঃ উদ্ভূতং যদ্যশঃ তদ্যশ আরভ্য যশোজগুরিতি ব্যাখ্যেয়ম্ ॥ ২০ ॥

প্রসসাদেতি। মহৌজসঃ কুম্ভযোনেরগস্ত্যস্য। "অগস্ত্যঃ কুম্ভসম্ভব"ইত্যমরঃ। উদয়াদম্ভঃ প্রসসাদ প্রসন্নং বভূব, মহৌজসোরঘোরুদয়াৎ অভিভবাশঙ্কি দ্বিষতাং মনশ্চুক্ষুভে কালুষ্যং প্রাপ। "অগস্ত্যোদয়ে জলানি প্রসীদন্তীত্যাগমঃ" ॥ ২১ ॥

মদেতি। মদোদগ্রা মদোদ্ধতাঃ ককুদেষামস্তীতি ককুদ্মন্তঃ মহাককুদ

রূপে প্রজারঞ্জন করিতে লাগিলেন যে, তাহাতে শস্যপালিকা সাধারণ স্ত্রীলোকেরাও তাঁহার গুণগান করিতে লাগিল; ইহা রঘুর পক্ষে অতীব গৌরবের বিষয় সন্দেহ নাই ॥ ২০ ॥

মহাতেজস্বী অগস্ত্যের উদয়ে জল স্বচ্ছ হইল এবং মহাপ্রতাপবান্ রঘুর উদয়ে শত্রুগণের মন কলুষিত হইতে লাগিল। অর্থাৎ শরৎকালের যে সময়ে অগস্ত্য নক্ষত্র উদিত হয়, সেই সময় হইতে জল পরিষ্কৃত হইতে থাকে। কিন্তু তৎকালে পথাদি শুষ্ক হয় বলিয়া তাহাই সংগ্রামের উপযুক্ত কাল। সুতরাং এই সময়ে সিংহবিক্রম রঘু দিগ্বিজয়ার্থ বহির্গত হইতে পারেন, এই কারণে রঘুর বিপক্ষগণের অন্তঃকরণে ভয়ের সঞ্চার হইতে লাগিল ॥ ২১ ॥

মহান্ ককুদ্‌শালী মত্ত বৃষভ সকল নদীতীর উৎখননরূপ লীলা দ্বারা

লীলাখেলমনুপ্রাপুর্ম্মহোক্ষাস্তস্য বিক্রমম্ ॥ ২২ ॥
প্রসবৈঃ সপ্তপর্ণানাং মদগন্ধিভিরাহতাঃ ।
অসূয়য়েব তন্নাগাঃ সপ্তধৈব প্রসুস্রুবুঃ ॥ ২৩ ॥
সরিতঃ কুর্ব্বতী গাধাঃ পথশ্চাশ্যানকর্দ্দমান্ ।

ইত্যর্থঃ। যবাদিত্বান্মকারস্য বত্বাভাবঃ। সরিতাং কূলানি উদ্রুজন্তীতি কূলমুদ্রুজাঃ। "উদি কূলে রুজিবহোরি"তি খশ্প্রত্যয়ঃ। অরুর্দ্বিষেত্যাদিনা মুমাগমঃ। মহান্ত উক্ষাণঃ মহোক্ষাঃ। অচতুরেত্যাদিনা নিপাতনাদকারান্তঃ। লীলাখেলং বিলাসসুভগং তস্য রঘোরুৎসাহবতোবপুষ্মতঃ পরভঞ্জকস্য বিক্রমং শৌর্য্যমনুপ্রাপুরনুচক্রুঃ ॥ ২২ ॥

প্রসবৈরিতি। মদস্যেব গন্ধোযেষাং তৈর্ম্মদগন্ধিভিঃ। উপমানাচ্চেতীকারঃ সমাসান্তঃ। সপ্তপর্ণানাং বৃক্ষবিশেষাণাম্। "সপ্তপর্ণো বিশালত্বক্ শারদোবিষমচ্ছদ" ইত্যমরঃ। প্রসবৈঃ পুষ্পৈঃ আহতাস্তস্য রঘোর্নাগা গজাঃ। "গজেঽপি নাগমাতঙ্গাবি"ত্যমরঃ। অসূয়য়েব আহতিনিমিত্তয়া স্পর্দ্ধয়েব সপ্তধৈব প্রসুস্রুবুঃ মদং ববৃষুঃ। প্রতিগজগন্ধাভিমানাদিতি ভাবঃ। "করাৎ কটাভ্যাং মেঢ্রাচ্চ নেত্রাভ্যাঞ্চ মদস্রুতি"রিতি পালকাব্যে। করান্নাসারন্ধ্রাভ্যামিত্যর্থঃ ॥ ২৩ ॥

সরিতইতি। সরিতোগাধাঃ সুপ্রতরাঃ কুর্ব্বতী পথোমার্গাংশ্চ আশ্যানকর্দ্দমান্ শুষ্কপঙ্কান্ কুর্ব্বতী। সংযোগাদেরাতোধাতোর্ণ্বত ইতি শ্যতের্নিষ্ঠাতস্য

রঘুর বিক্রমের অনুকরণ করিতে লাগিল। অর্থাৎ বীরেন্দ্র রঘুর বীর্য্যাতিশয়ে বৃষভগণও (ষাঁড় সকলও) প্রোৎসাহিত হইয়া আনন্দ প্রকাশ করিতে লাগিল ॥ ২২ ॥

নবীন ভূপতি রঘুর মাতঙ্গগণ মদের ন্যায় গন্ধযুক্ত সপ্তপর্ণ কুসুমের আঘ্রাণে আহত ও অসূয়া পরবশ হইয়াই যেন সপ্তধা মদস্রাব করিতে লাগিল অর্থাৎ ছাতিম পুষ্পের আঘ্রাণে প্রতিপক্ষের হস্তীর মদগন্ধ বোধ করিয়া নাসিকাদ্বয়, কটদ্বয় (গণ্ডদ্বয়), মেঢ্র (লিঙ্গনাল) এবং নেত্রদ্বয়; এই সাতপ্রকার পথদিয়া মদস্রাব করিতে লাগিল। সুতরাং ইহাদ্বারা সিংহবিক্রান্ত রঘুর হস্তিগণ রঘুর অনুরূপ বীর্য্যশালী বলিয়াই প্রকাশ পাইতে লাগিল ॥ ২৩ ॥

নদীর জল হ্রাস প্রাপ্ত হইতে লাগিল, পথের কর্দ্দম শুষ্ক হইয়া গেল;

যাত্রায়ৈ চোদয়ামাস তং শক্তেঃ প্রথমং শরৎ ॥ ২৪ ॥
তস্মৈ সম্যক্ হুতো বহ্নির্ব্বাজিনীরাজনাবিধৌ।
প্রদক্ষিণার্চ্চিব্যাজেন হস্তেনেব জয়ং দদৌ ॥ ২৫ ॥
স গুপ্তমূলপ্রত্যন্তঃ শুদ্ধপার্ষ্ণির্য়ান্বিতঃ।

নত্বম্। শরৎ শরদৃতুঃ তং রঘুং শক্তেঃ উৎসাহশক্তেঃ প্রথমং প্রাক্ যাত্রায়ৈ দণ্ডযাত্রায়ৈ চোদয়ামাস (নোদয়ামাসেতি পাঠান্তরম্) প্রেরয়ামাস। প্রভাব-মন্ত্রশক্তিসম্পন্নস্য যাত্রাং শরৎ স্বয়মুৎসাহমুৎপাদয়ামাসেত্যর্থঃ ॥ ২৪ ॥

তস্মাইতি। বাজিনামশ্বানাং নীরাজনাবিধৌ নীরাজনাখ্যে শান্তিকর্ম্মণি সম্যগ্বিধিবৎ হুতোহোমসমিদ্ধোবহ্নিঃ প্রগতা দক্ষিণং প্রদক্ষিণম্। তিষ্ঠদ্গু-প্রভৃতিত্বাদব্যয়ীভাবঃ। প্রদক্ষিণং যার্চ্চি র্জ্বালা তস্যাঃ ব্যাজেন হস্তেনেব তস্মৈ জয়ং দদৌ। উক্তমাহবযাত্রায়াম্ "ইদ্ধঃ প্রদক্ষিণগতোহুতভুক্ নৃপস্য ধাত্রীং সমুদ্ররশনাং বশগাং করোতী"তি। বাজিগ্রহণং গজাদীনামপ্যুপলক্ষণং তেষামপি নীরাজনাবিধানাৎ ॥ ২৫ ॥

সইতি। গুপ্তৌ মূলং স্বনিবাসস্থানং প্রত্যন্তঃ প্রান্তদুর্গঞ্চ যেন স গুপ্ত-মূলপ্রত্যন্তঃ, শুদ্ধপার্ষ্ণিঃ উদ্ধৃতপৃষ্ঠশত্রুঃ সেনয়া রক্ষিতপৃষ্ঠদেশোবা, অয়ান্বিতঃ

সুতরাং শরৎঋতু মহারাজ রঘুকে প্রথমে প্রোৎসাহিত করিয়া যুদ্ধযাত্রায় প্রবৃত্ত করিল। অর্থাৎ শরৎকালে স্বভাবতঃ নদীপ্রভৃতির জল হ্রাস প্রাপ্ত হওয়াতে এবং রাস্তা ও মেঘ জলশূন্য হওয়া নিবন্ধন মহারাজ রঘু যুদ্ধযাত্রার উপযুক্ত সময় মনে করিলেন ॥ ২৪ ॥

তৎকালে অশ্বাদির নীরাজনারূপ শান্তিকর্ম্মোদ্দেশে অগ্নিতে আহুতি প্রদান করিলে হুতাশন দক্ষিণাবর্ত্ত শিখা-ব্যপদেশে যেন বিজয়ার্থী রাজাকে হস্তদ্বারা জয় প্রদান করিতে লাগিলেন। অর্থাৎ হিন্দুরাজগণ যুদ্ধযাত্রাকালে অশ্বাদির মঙ্গলার্থে নীরাজনা নামক শান্তিকর্ম্মের অনুষ্ঠান করিতেন; মহা-রাজ রঘু কর্ত্তৃক সেই শান্তিকর্ম্ম অনুষ্ঠিত হইলে যজ্ঞীয় অগ্নি দক্ষিণদিগ্-গামিনী শিখা বিস্তার করিলেন; তাহাতে সংগ্রামকালে রঘুর কোন বিপদ্ ঘটিবে না, ইহাই প্রতিপন্ন হইল ॥ ২৫ ॥

শুভদৈবান্বিত মহারাজ রঘু আবাসস্থল এবং প্রান্ত-দুর্গের সম্যক্ রক্ষা-বিধানপূর্ব্বক পার্ষ্ণিরক্ষক (পৃষ্ঠ-শত্রুঘাতক) নিয়োগ করিয়া ষড়্বিধ বলের

ষড়্‌বিধং বলমাদায় প্রতস্থে দিগ্‌জিগীষয়া ॥ ২৬ ॥
অবাকিরন্ বয়োর্বৃদ্ধাস্তং লাজৈঃ পৌরযোষিতঃ।
পৃষতৈর্ম্মন্দরোদ্ধূতৈঃ ক্ষীরোর্ম্ময় ইবাচ্যুতম্ ॥ ২৭ ॥
স যযৌ প্রথমং প্রাচীং তুল্যঃ প্রাচীনবর্হিষা।
অহিতাননিলোদ্ধূতৈস্তর্জ্জয়ন্নিব কেতুভিঃ ॥ ২৮ ॥

শুভদৈবান্বিতঃ। "অয়ঃ শুভাবহোবিধিরি"ত্যমরঃ। স রঘুঃ ষড়্‌বিধং মৌল-ভৃত্যাদিরূপং বলং সৈন্যম্। "মৌলং ভৃত্যঃ সুহৃচ্ছ্রেণী দ্বিষদাটবিকং বল"মিতি কোষঃ। আদায় দিশাং জিগীষয়া জেতুমিচ্ছয়া প্রতস্থে চচাল ॥ ২৬ ॥

অবাকিরন্নিতি। বয়োবৃদ্ধাঃ পৌরযোষিতঃ তং রঘুং প্রসাতং লাজৈ-রাচারলাজৈঃ মন্দরোদ্ধূতৈঃ পৃষতৈর্ব্বিন্দুভিঃ ক্ষীরোর্ম্ময়ঃ ক্ষীরসমুদ্রোর্ম্ময়ঃ অচ্যুতং বিষ্ণুমিব অবাকিরন্ পর্য্যক্ষিপন্ ॥ ২৭ ॥

সইতি। প্রাচীনবর্হির্নাম কশ্চিন্মহারাজঃ ইতি কেচিৎ। প্রাচীনবর্হি-রিন্দ্রঃ। "পর্য্যন্যোমঘবা বৃষা হরিহয়ঃ প্রাচীনবর্হিস্তথে"তীন্দ্রপর্য্যায়েষু হলায়ুধা-ভিধানাৎ। তেন তুল্যঃ স রঘুঃ অনিলেনানুকূলবাতেনোদ্ধূতৈঃ কেতুভির্ধ্বজৈঃ অহিতান্ রিপূন্ তর্জ্জয়ন্নিব ভর্ৎসয়ন্নিব। তর্জ্জিভৎর্স্যোরনুদাত্তেত্বেঽপি চ ক্ষিঙোঙিৎকরণেনানুদত্তেন্নিমিত্তস্যাত্মনেপদস্যানিত্যত্বজ্ঞাপনাৎ পরস্মৈপদমিতি বামনঃ। প্রথমং প্রাচীং দিশং যযৌ ॥ ২৮ ॥

সহিত দিগ্বিজয় মানসে প্রস্থান করিলেন। অর্থাৎ দিগ্বিজয়ার্থ যাত্রা করিলে রাজধানী ও নগর-প্রান্তস্থ দুর্গ সকল শত্রু কর্তৃক আক্রান্ত হইতে পারে, এই আশঙ্কায় উহাদিগকে উত্তমরূপে সুরক্ষিত করিয়া পশ্চাৎগামী ও অগ্রগামী ছয় প্রকার সৈন্যের সহিত রাজা রঘু সমস্ত ধরায় একাধিপত্য স্থাপনার্থ যাত্রা করিলেন ॥ ২৬ ॥

যেমন ক্ষীরসমুদ্রের ঊর্ম্মিমালা মন্দরোদ্ধৃত বারিবিন্দু দ্বারা বিষ্ণুকে অভিষিক্ত করিয়াছিল; তদ্রূপ বয়োবৃদ্ধ পৌরস্ত্রীগণ মহারাজ রঘুর উপর লাজ (খৈ) বর্ষণ করিতে লাগিলেন ॥ ২৭ ॥

ইন্দ্রতুল্য রঘু প্রথমতঃ বায়ু কর্ত্তৃক সঞ্চালিত পতাকা দ্বারা যেন বিপক্ষ-দিগকে তর্জ্জন করিয়াই পূর্ব্বদিকে গমন করিতে লাগিলেন ॥ ২৮ ॥

রজোভিঃ স্যন্দনোদ্ধূতৈর্গজৈশ্চ ঘনসন্নিভৈঃ।
ভুবস্তলমিব ব্যোম কুর্ব্বন্ ব্যোমেব ভূতলম্ ॥ ২৯ ॥
প্রতাপোঽগ্রে ততঃ শব্দঃ পরাগস্তদনন্তরম্।
যযৌ পশ্চাদ্রথাদীতি চতুস্কন্ধেব সা চমূঃ ॥ ৩০ ॥
মরুপৃষ্ঠান্যুদম্ভাংসি নাব্যাঃ সুপ্রতরা নদীঃ।

রজোভিরিতি। কিং কুর্ব্বন্ স্যন্দনোদ্ধূতৈঃ রজোভিঃ ঘনসন্নিভৈর্বর্ণতঃ ক্রিয়াতঃ পরিমাণতশ্চ মেঘতুল্যৈঃ গজৈশ্চ যথাক্রমং ব্যোম আকাশং ভুবস্তলমিব ভূতলঞ্চ ব্যোমেব কুর্ব্বন্ যযাবিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥ ২৯ ॥

প্রতাপইতি। অগ্রে প্রতাপস্তেজোবিশেষঃ। "স প্রভাবঃ প্রতাপশ্চ যত্তেজঃ কোষদণ্ডজমি"ত্যমরঃ। ততঃ শব্দঃ সেনাকলকলঃ, তদনন্তরং পরাগোধূলিঃ। "পরাগঃ পুষ্পরজসি ধূলিস্নানীয়য়োরপী"তি বিশ্বঃ। পশ্চাদ্রথাদি চতুরঙ্গবলম্, ইতীত্থং চতুঃস্কন্ধেব চতুর্ব্যূহেব। "স্কন্ধঃ প্রকাণ্ডে কায়াংশে বিজ্ঞানাদিষু পঞ্চসু। নৃপে সমূহে চে"তি হৈমঃ। সা চমূর্যযৌ। রথানীকমিতি পাঠে ইতি শব্দাধ্যাহারেণ যোজ্যম্ ॥ ৩০ ॥

মর্ব্বিতি। স রঘুঃ শক্তিমত্বাৎ সমর্থত্বাৎ মরুপৃষ্ঠানি নির্জ্জলস্থানানি "সমানৌ মরুধন্বানাবি"ত্যমরঃ। উদম্ভ্যাংস্যুদ্ভূতজলানি চকার, নাব্যাঃ নৌভিস্তার্য্যাঃ নদীঃ। "নাব্যং ত্রিলিঙ্গং নৌতার্য্য" ইত্যমরঃ। নৌবয়ো-

রথচক্র-ক্ষুণ্ণ ধূলিপটল ও ঘনঘটা সদৃশ হস্তী সকল ভূতলকে নভোমণ্ডল ও নভোমণ্ডলকে ভূতল তুল্য করিয়া তাঁহার সঙ্গে সঙ্গে চলিল। অর্থাৎ রথের চক্রোত্থিত ধূলিরাশি দ্বারা গগন আচ্ছাদিত হওয়াতে তাহাকে ভূতলের ন্যায় এবং মেঘ সদৃশ হস্তিগণের দ্বারা ভূতল আচ্ছন্ন হওয়াতে ভূপৃষ্ঠ মেঘাচ্ছন্ন আকাশের ন্যায় লক্ষিত হইতে লাগিল ॥ ২৯ ॥

সর্ব্বাগ্রে প্রতাপ, তৎপরে সৈন্যগণের কলরব, তৎপরে ধূলিপটল এবং তদনন্তর রথ প্রভৃতি চতুরঙ্গিণী সেনা; এইরূপে সেই রঘু-সৈন্য যেন চতুর্ব্যূহ-সম্পন্ন হইয়া গমন করিতে লাগিল। অর্থাৎ রঘুর সৈন্যগণই যেন উক্ত চতুর্ব্বিধ আকার ধারণ করিয়া কার্য্য-সম্পন্ন করিতে লাগিল ॥ ৩০ ॥

রাজা রঘু স্বীয় ক্ষমতাবলে মরুভূমি সলিলসম্পন্ন, বনপ্রদেশ বৃক্ষশূন্য এবং নদী সকল সুখে পার হইবার যোগ্য করিয়া গমন করিতে লাগিলেন।

বিপিনানি প্রকাশানি শক্তিমত্ত্বাচ্চকার সঃ ॥ ৩১ ॥
স সেনাং মহতীং কর্ষন্ পূর্ব্বসাগরগামিনীম্।
বভৌ হরজটাভ্রষ্টাং গঙ্গামিব ভগীরথঃ ॥ ৩২ ॥
ত্যাজিতৈঃ ফলমুৎখাতৈর্ভগ্নৈশ্চ বহুধা নৃপৈঃ।
তস্যাসীদুল্বণো মার্গঃ পাদপৈরিব দন্তিনঃ ॥ ৩৩ ॥

ধর্ম্মবিষমূলেত্যাদিনা যৎপ্রত্যয়ঃ। সুপ্রতরাঃ সুখেন তার্য্যাশ্চকার, বিপিনান্য-রণ্যানি। "অটব্যরণ্যং বিপিন"মিত্যমরঃ। প্রকাশানি নির্বৃক্ষাণি চকার। শক্ত্যুৎকর্ষাৎ তস্যাগম্যং কিমপি নাসীদিতি ভাবঃ ॥ ৩১ ॥

স ইতি। মহতীং সেনাং পূর্ব্বসাগরগামিনীং কর্ষন্ স রঘুঃ হরস্য জটাভ্যোভ্রষ্টাং গঙ্গাং কর্ষন্। সাপি পূর্ব্বসাগরগামিনী। ভগীরথ ইব বভৌ। ভগীরথোনাম কশ্চিৎ কপিলদগ্ধানাং সাগরাণাং নপ্তা তৎপাবনায় হরকিরীটাৎ গঙ্গাপ্রবর্ত্তয়িতা রাজা যৎসম্বন্ধাচ্চ গঙ্গা ভাগীরথীতি গীয়তে ॥ ৩২ ॥

ত্যাজিতৈরিতি। "ফলং ফলে ধনে বীজে নিষ্পত্তৌ ভোগলাভয়োঃ"রিতি কেশবঃ। ফলং লাভং বৃক্ষপক্ষে প্রসবঞ্চ। ত্যাজিতৈঃ ত্যজের্ণ্যন্তাৎ দ্বিকর্ম্ম-কাৎ প্রধানে কর্ম্মণি ক্তঃ। উৎখাতৈঃ স্বপদাৎ ত্যাজিতৈঃ অন্যত্রোৎপাটিতৈঃ বহুধা ভগ্নৈঃ রণে জিতৈঃ, অন্যত্র ছিন্নৈঃ, নৃপৈঃ পাদপৈঃ দন্তিনো গজস্যেব তস্য রঘোর্মার্গউল্বণঃ প্রকাশ আসীৎ। "প্রকাশং প্রকটং স্পষ্টমুল্বণং বিশদং স্ফুট"মিতি যাদবঃ ॥ ৩৩ ॥

অর্থাৎ মহারাজ রঘু দিগ্বিজয়কালে যাতায়াতের সুবিধার নিমিত্ত পথ চলিতে চলিতে রাস্তা ও সেতু প্রভৃতি নির্ম্মাণ করাইয়াছিলেন ॥ ৩১ ॥

যেমন ভগীরথ হরজটাভ্রষ্ট গঙ্গা সঙ্গে লইয়া শোভাপ্রাপ্ত হইয়াছিলেন; রঘুরাজ পূর্ব্বসাগরগামিনী সেনা দ্বারাও তদ্রূপ সাতিশয় সুশোভিত হইয়াছিলেন ॥ ৩২ ॥

গজরাজ যেমন বৃক্ষ সকল উন্মূলিত ও ফল পল্লব সকল ছিন্ন ভিন্ন করিয়া গমন করে, তদ্রূপ মহারাজ রঘুও কাহাকে রাজ্যের সত্বভ্রষ্ট, কাহাকে সিংহাসনচ্যুত এবং কোন ব্যক্তিকে বা পরাজিত করিয়া যাইতে লাগিলেন ॥ ৩৩ ॥

পৌরস্ত্যানেবমাক্রামংস্তাংস্তান্ জনপদান্ জয়ী।
প্রাপ তালীবনশ্যামমুপকণ্ঠং মহোদধেঃ ॥ ৩৪ ॥
অনম্রাণাং সমুদ্ধর্তুস্তস্মাৎ সিন্ধুরয়াদিব।
আত্মা সংরক্ষিতঃ সুহ্মৈর্বৃত্তিমাশ্রিত্য বৈতসীম্ ॥ ৩৫ ॥

পৌরস্ত্যানিতি। জয়ী জয়শীলঃ। জিদৃক্ষিবিশ্রীত্যাদিনা ইনিপ্রত্যয়ঃ। স রঘুরেবং পূরোভবান্ পৌরস্ত্যান্ প্রাচ্যান্। দক্ষিণাপশ্চাৎপুরসস্ত্যক্ ইতি ত্যক্‌প্রত্যয়ঃ। তাংস্তান্ সর্ব্বানিত্যর্থঃ। বীপ্সায়াং দ্বিরুক্তিঃ। জনপদান্ দেশান্ আক্রামন্ তালীবনৈঃ শ্যামং মহোদধেঃ উপকণ্ঠমন্তিকং প্রাপ ॥ ৩৪ ॥

অনম্রাণামিতি। অনম্রাণাম্। কর্ম্মণি ষষ্ঠী। সমুদ্ধর্ত্তুঃ উন্মূলয়িতুঃ তস্মাৎ রঘোঃ সকাশাৎ। ভীত্রার্থানাং ভয়হেতুঃ। ইত্যপাদানত্বাৎ পঞ্চমী। সিন্ধুরয়ান্নদীবেগাদিব সুহ্মৈঃ সুহ্মদেশীয়ৈঃ। সুহ্মাদয়ঃ শব্দাঃ জনপদবচনাঃ ক্ষত্রিয়মাচক্ষতে। বৈতসীং বেতসঃ সম্বন্ধিনীং বৃত্তিং প্রণতিমিত্যর্থঃ আশ্রিত্য আত্মা সংরক্ষিতঃ। অত্র কৌটিল্যঃ "বলীয়সাভিযুক্তোদুর্ব্বলঃ সর্ব্বত্রানুপ্রণতো-বেতসধর্ম্মমাতিষ্ঠেৎ" ইতি ॥ ৩৫ ॥

জয়শীল রঘু এইরূপে পূর্ব্বদিকস্থ সমস্ত জনপদ আক্রমণ করিয়া তালীবন-শ্যামল সাগরোপকূলে উপনীত হইলেন ॥ ৩৪ ॥

সুহ্মদেশীয় ক্ষত্রিয় রাজগণ বৈতসীবৃত্তি অবলম্বনপূর্ব্বক উদ্ধতারী রঘুর নিকট আত্মরক্ষা করিতে লাগিলেন। অর্থাৎ বেত্র সকল (বেতগাছ) নদী-স্রোতে তাহাদের মূলপ্রদেশস্থ মৃত্তিকা অন্তর্হিত হইলে যেমন অবনত হইয়া পড়ে, তদ্রূপ সুহ্মদেশীয় নরপতিগণ বীরেন্দ্র রঘুর নিকটে নতশিরাঃ হইয়া পরিত্রাণ পাইয়াছিলেন। ভারতের কোন্ অংশের নাম সুহ্মদেশ, তাহা নির্দ্ধা-রণ করিতে হইলে প্রাচীন পুরাবৃত্তের অনুসরণ করিতে হয়। মহাভারতে লিখিত আছে যে, উশীনরের ভ্রাতা তিতিক্ষুর কুলোদ্ভব বলির ভার্য্যার গর্ভে ও দীর্ঘতমার ঔরসে অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, সুহ্ম এবং পুণ্ড্র; এই পাঁচপুত্র জন্মে। তাঁহাদের যিনি যে দেশে বাস করেন, সেই দেশ তাঁহার নামানুসারে পরিচিত হইয়াছিল; সুতরাং ত্রিপুরা ও আরাকান প্রদেশ রাজা সুহ্মের শাসনাধীনে ছিল বলিয়া উক্ত প্রদেশদ্বয় সুহ্মদেশ বলিয়া অভিহিত হইত ॥ ৩৫ ॥

বঙ্গানুৎখায় তরসা নেতা নৌসাধনোদ্যতান্।
নিচখান জয়স্তম্ভান্ গঙ্গাস্রোতোঽন্তরেষু সঃ ॥ ৩৬ ॥
আপাদপদ্মপ্রণতাঃ কলমা ইব তে রঘুম্।
ফলৈঃ সংবর্দ্ধয়ামাসুরুৎখাতপ্রতিরোপিতাঃ ॥ ৩৭ ॥
স তীর্ত্বা কপিশাং সৈন্যৈর্ব্বদ্ধদ্বিরদসেতুভিঃ।

বঙ্গানিতি। নেতা নায়কঃ স রঘুঃ নৌভিঃ সাধনৈরুদ্যতান্ সন্নদ্ধান্ বঙ্গান্ রাজ্ঞঃ তরসা বলেন। "তরসী বলরংহসী" ইতি যাদবঃ। উৎখায়োন্মূল্য গঙ্গায়াঃ স্রোতসাং প্রবাহাণামন্তরেষু দ্বীপেষু জয়স্তম্ভান্নিচখান স্থাপিতবানিত্যর্থঃ ॥ ৩৬ ॥

আপাদেতি। আপাদপদ্মম্ অঙ্ঘ্রিপদ্মপর্য্যন্তং প্রণতাঃ অতএবোৎখাতাঃ পূর্ব্বমুদ্ধৃতা অপি প্রতিরোপিতাঃ পশ্চাৎ স্থাপিতাঃ তে বঙ্গাঃ কলমাইব শালিবিশেষাইব। "শালয়ঃ কলমাদ্যাশ্চ ষষ্টিকাদ্যাশ্চ পুংস্যমী" ইত্যমরঃ। তেঽপ্যাপাদপদ্মং পাদপদ্মমূলপর্য্যন্তং প্রণতাঃ। "পাদোবুধ্নতুরীয়াংশশৈলপত্যন্তপর্ব্বতাঃ" ইতি বিশ্বঃ। উৎখাতপ্রতিরোপিতাশ্চ। রঘুং ফলৈর্ধনৈঃ অন্যত্র শস্যৈঃ সংবর্দ্ধয়ামাসুঃ। "ফলং ফলে ধনে বীজে নিষ্পত্তৌ ভোগলাভয়োঃ। শস্যে" ইতি কেশবঃ ॥ ৩৭ ॥

সইতি। স রঘুঃ বদ্ধা দ্বিরদাঃ এব সেতবো যৈ স্তৈঃ সৈন্যৈঃ কপিশাং নাম

অনন্তর তরণীরূপ সাধনসম্পন্ন, যুদ্ধার্থ সজ্জীভূত বঙ্গদেশস্থ রাজগণকে বলপূর্ব্বক রাজ্যভ্রষ্ট করিয়া গঙ্গাপ্রবাহ-মধ্যবর্ত্তী দ্বীপে জয়স্তম্ভ সকল প্রোথিত করিলেন। অর্থাৎ বঙ্গদেশস্থ রাজগণ নৌকার সাহায্যে জলপথে রঘুর সহিত সংগ্রামার্থ সুসজ্জিত ছিলেন; এমতাবস্থায় সিংহবিক্রান্ত রঘু তাঁহাদিগকে বলপূর্ব্বক পরাজিত করিয়া বিজয়পতাকা উড্ডীন করিয়াছিলেন ॥ ৩৬ ॥

যেমন কলম ধান্য (রোয়াধান) অগ্রে উৎখাত, পশ্চাৎ প্রতিরোপিত ও নতশিরাঃ হইয়া ফলপ্রদান করে, সেইরূপ বঙ্গীয় ভূপতিগণ অগ্রে রাজ্যভ্রষ্ট, পরে রাজপদে প্রতিষ্ঠিত ও পাদপদ্মে প্রণত হইয়া ধনদ্বারা সম্রাট-রঘুর সংবর্দ্ধনা করিতে লাগিলেন ॥ ৩৭ ॥

অনন্তর রঘু হস্তীদ্বারা সেতু নির্ম্মাণ করিয়া সৈন্যগণের সহিত কপিশা

উৎকলাদর্শিতপথঃ কলিঙ্গাভিমুখো যযৌ ॥ ৩৮ ॥
স প্রতাপং মহেন্দ্রস্য মূর্দ্ধ্নি তীক্ষ্ণং ন্যবেশয়ৎ।
অঙ্কুশং দ্বিরদস্যেব যন্তা গম্ভীরবেদিনঃ ॥ ৩৯ ॥
প্রতিজগ্রাহ কালিঙ্গস্তমস্ত্রৈর্গজসাধনঃ।
পক্ষচ্ছেদোদ্যতং শক্রং শিলাবর্ষীব পর্ব্বতঃ ॥ ৪০ ॥

নদীম্। করভামিতি কেচিৎ পঠন্তি। তীর্ত্বা উৎকলৈঃ রাজভিরাদর্শিত-পথঃ সন্দর্শিতমার্গঃ সন্ কলিঙ্গাভিমুখোযযৌ ॥ ৩৮ ॥

সইতি। স রঘুর্মহেন্দ্রস্য কুলপর্ব্বতবিশেষস্য "মহেন্দ্রোমলয়ঃ সহ্যঃ শক্তিমানৃক্ষপর্ব্বতঃ। বিন্ধ্যশ্চ পারিযাত্রশ্চ সপ্তৈতে কুলপর্ব্বতা" ইতি বিষ্ণুপুরাণাৎ। মূর্দ্ধি তীক্ষ্ণং দুঃসহং প্রতাপং যন্তা সারথিঃ, গম্ভীরবেদিনোদ্বিরদস্য গজবিশেষস্য মূর্দ্ধি তীক্ষ্ণং নিশিতমঙ্কুশমিব ন্যবেশয়ৎ নিক্ষিপ্তবান্। "ত্বগ্‌ভেদাচ্ছোণিতস্রাবাৎ মাংসস্য ক্রথনাদপি। আত্মানং যো ন জানাতি স স্যাদগম্ভীরবেদিতা" ইতি রাজপুত্রীয়ে। "চিরকালেন যো বেত্তি শিক্ষাং পরিচিতামপি। গম্ভীরবেদী বিজ্ঞেয়ঃ স গজো গজবেদিভি" রিতি মৃগচর্ম্মীয়ে ॥ ৩৯ ॥

প্রতীতি। গজসাধনঃ সন্ কালিঙ্গঃ কলিঙ্গানাং রাজা দ্ব্যঞ্মগধকলি-

নদী উত্তীর্ণ হইলেন এবং উৎকলদেশীয় রাজগণের প্রদর্শিত পথ অবলম্বন করিয়া কলিঙ্গদেশাভিমুখে প্রস্থান করিলেন। অর্থাৎ জয়শীল রঘু উড়িষ্যাদেশ হইয়া কলিঙ্গদেশে গমন করিলেন। উৎকলকে উড়িষ্যা এবং উড়িষ্যার দক্ষিণ দ্রাবিড় পর্য্যন্ত সমুদ্রতীরস্থ প্রদেশকে কলিঙ্গ বলে ॥ ৩৮ ॥

যেমন হস্তিচালক গম্ভীরবেদী করীর কুম্ভদেশে অঙ্কুশ নিক্ষেপ করিয়া থাকে, তদ্রূপ জয়শীল রঘু মহেন্দ্রপর্ব্বতে উপস্থিত হইয়া তথায় স্বকীয় দুঃসহ প্রতাপ সন্নিবেশিত করিলেন। অর্থাৎ সিংহবিক্রান্ত রঘু মহেন্দ্রাদ্রিবাসীদিগকে পরাজয় করিয়া তথায় বিজয় স্তম্ভ প্রোথিত করিলেন। উড়িষ্যা, উত্তর সরকার ও গণ্ডোয়ানা পর্য্যন্ত যে পর্ব্বতশ্রেণী ব্যাপ্ত আছে, তাহার নাম মহেন্দ্র পর্ব্বত ॥ ৩৯ ॥

পর্ব্বত যেমন শিলাবর্ষণপূর্ব্বক পক্ষচ্ছেদনে উদ্যত ইন্দ্রের সহিত যুদ্ধ

দ্বিষাং বিষহ্য কাকুৎস্থস্তত্র নারাচদুর্দ্দিনম্ ।
সন্মঙ্গলস্নাত ইব প্রতিপেদে জয়শ্রিয়ম্ ॥ ৪১ ॥
তাম্বূলীনাং দলৈস্তত্র রচিতাপানভূময়ঃ ।
নারিকেলাসবং যোধাঃ শাত্রবঞ্চ পপুর্যশঃ ॥ ৪২ ॥

ঙ্গেত্যাদিনা অণ্‌প্রত্যয়ঃ। অস্ত্রৈরায়ুধৈস্তং রঘুং পক্ষাণাং ছেদে উদ্যতম্ উদ্‌যুক্তং শক্রং শিলাবর্ষী পর্ব্বতইব প্রতিজগ্রাহ প্রত্যভিযুক্তবান্ ॥ ৪০ ॥

দ্বিষামিতি। কাকুৎস্থোরঘুঃ তত্র মহেন্দ্রাদ্রৌ দ্বিষাং নারাচদুর্দ্দিনং নারাচানাং বাণবিশেষাণাং দুর্দ্দিনং লক্ষণয়া বর্ষমুচ্যতে বিষহ্য সহিত্বা সৎ যথাশাস্ত্রং মঙ্গলস্নাতইব বিজয়মঙ্গলার্থমভিষিক্তইব জয়শ্রিয়ং প্রতিপেদে প্রাপ। "যত্তু সর্ব্বৌষধিস্নানং তন্মাঙ্গল্যমুদাহৃতম্" ইতি যাদবঃ ॥ ৪১ ॥

তাম্বূলীনামিতি। তত্র মহেন্দ্রাদ্রৌ যুদ্ধ্যন্ত ইতি যোধাঃ। পচাদ্যচ্। রচিতাঃ কল্পিতাঃ আপানভূময়ঃ পানভূময়ঃ পানযোগ্যপ্রদেশাঃ যৈস্তে তথোক্তাঃ সন্তঃ নারিকেলাসবং নারিকেলমদ্যং তাম্বূলীনাং নাগবল্লীনাং দলৈঃ পপুঃ তত্র বিজহ্রুরিত্যর্থঃ শাত্রবং যশশ্চ পপুঃ জহ্রুরিত্যর্থঃ ॥ ৪২ ॥

করিয়াছিল। গজসাধনসম্পন্ন কলিঙ্গরাজ সেইরূপ বহুবিধ শরপ্রয়োগ পূর্ব্বক রঘুর সহিত সংগ্রাম করিলেন ॥ ৪০ ॥

রঘু সেই মহেন্দ্রাদ্রিতে বিপক্ষগণের নারাচ নামক অস্ত্রবর্ষণ সহ্য করিয়া শাস্ত্রানুযায়ী মঙ্গলার্থ অভিষিক্ত হইয়াই যেন জয়শ্রী প্রাপ্ত হইলেন। অর্থাৎ দিগ্বিজয়ার্থী রঘু পার্ব্বত্য রাজগণ কর্তৃক আক্রান্ত হইয়া আষাঢ়ের ধারার ন্যায় বিবিধ বাণবর্ষণের পর বিজয়লাভ করিয়াছিলেন ॥ ৪১ ॥

রঘুর যোদ্ধৃবর্গ পার্ব্বতীয়দিগের যশোরাশি বিলুপ্ত করিয়া পানযোগ্য স্থান রচনাপূর্ব্বক তাম্বূলীপত্রপুটে নারিকেলাসব পান করিতে লাগিল। অর্থাৎ মদ্যপান করিতে হইলে উপযুক্ত স্থান ও উপযুক্ত উপকরণ হওয়া উচিত; সুতরাং রঘুসৈন্যগণ বৃক্ষলতাদি দ্বারা সুশোভিত এবং রতিক্রিয়োপকরণাদিযুক্ত উপবনে উপবেশন করিয়া নাগবল্লীপত্রপুটে (পানের ঠোঙ্গায়) মদ্যপান করিয়াছিল ॥ ৪২ ॥

গৃহীত-প্রতিমুক্তস্য স ধর্ম্মবিজয়ী নৃপঃ।
শ্রিয়ং মহেন্দ্রনাথস্য জহার ন তু মেদিনীম্॥ ৪৩॥
ততো বেলাতটেনৈব ফলবৎপূগমালিনা।
অগস্ত্যাচরিতামাশামনাশাস্য জয়ো যযৌ॥ ৪৪॥
স সৈন্যপরিভোগেণ গজদানসুগন্ধিনা।

গৃহীতেতি। ধর্ম্মবিজয়ী ধর্ম্মার্থং বিজয়শীলঃ স নৃপোরঘুঃ গৃহীতশ্চাসৌ প্রতিমুক্তস্তস্য মহেন্দ্রনাথস্য কালিঙ্গস্য শ্রিয়ং জহার ধর্ম্মার্থমিতি ভাবঃ। মেদিনীন্তু ন জহার শরণাগতবাৎসল্যাদিতি ভাবঃ॥ ৪৩॥

ততইতি। ততঃ প্রাচীবিজয়ানন্তরং ফলবৎপূগমালিনা ফলিতক্রমুক-শ্রেণীমতা। ব্রীহ্যাদিত্বাদিনিপ্রত্যয়ঃ। বেলায়াঃ সমুদ্রকূলস্য তটেনোপান্তে-নৈব অগস্ত্যেনাচরিতামাশাং দক্ষিণাং দিশম্ অনাশাস্যজয়ঃ অযত্নসিদ্ধত্বাৎ অপ্রার্থনীয়জয়ঃ সন্ যযৌ। "অগস্ত্যোদক্ষিণামাশামাশ্রিত্য নভসি স্থিতঃ। বরুণস্যাত্মজো যোগী বিন্ধ্যবাতাপিমর্দ্দনঃ" ইতি ব্রহ্মপুরাণে॥ ৪৪॥

সইতি। স রঘুঃ গজানাং দানেন মদেন সুগন্ধিনা সুরভিগন্ধিনা। গন্ধ-স্যেৎ ইত্যাদিনা ইকারাদেশঃ সমাসান্তঃ। যদ্যপি গন্ধস্যেত্বে তদেকান্তগ্রহণং

ধর্ম্মবিজয়ী নৃপতি রঘু অগ্রে গৃহীত পশ্চাৎ প্রতিমুক্ত কলিঙ্গনাথের রাজশ্রী হরণ করিলেন না। অর্থাৎ রঘু রাজধর্ম্মের অনুরোধে কলিঙ্গরাজকে একে-বারে রাজ্যভ্রষ্ট না করিয়া বশ্যতা স্বীকার বশতঃ শাসনভার তাঁহার হস্তেই রাখিলেন। সুতরাং কলিঙ্গদেশ রঘুর মিত্ররাজ্যের অন্তর্নিবিষ্ট হইয়াছিল॥ ৪৩॥

অনন্তর মহারাজ রঘু বিজয়লাভে অনভিলাষী হইয়া ফলিত পূগশ্রেণী দ্বারা সমলঙ্কৃত সমুদ্রতীর অবলম্বনপূর্ব্বক অগস্ত্যাধিষ্ঠিত দক্ষিণদিগ্বিভাগে প্রস্থান করিলেন। অর্থাৎ রঘু এইরূপে কলিঙ্গদেশ জয় করিয়া তথা হইতে সমুদ্র-তীর প্রদেশ দিয়া দক্ষিণাভিমুখে যাত্রা করিলেন। কিন্তু তত্রত্য রাজগণের সহিত সংগ্রাম করিতে হইল না। কারণ তাঁহারা বিনা যুদ্ধেই বশ্যতা স্বীকার করিয়াছিলেন॥ ৪৪॥

তিনি গমনকালে গজের মদগন্ধযুক্ত সৈন্যগণের উপভোগ দ্বারা স্রোতঃ-স্বতী-পতি সমুদ্রের মনে কাবেরী নদীর প্রতি ব্যভিচারাশঙ্কা জন্মাইয়া

কাবেরীং সরিতাং পত্যুঃ শঙ্কনীয়ামিবাকরোৎ ॥ ৪৫ ॥
বলৈরধ্যুষিতাস্তস্য বিজিগীষোর্গতাধ্বনঃ।
মারীচোদ্‌ভ্রান্তহারীতা মলয়াদ্রেরুপত্যকাঃ ॥ ৪৬ ॥

কর্ত্তব্যমিতি নৈসর্গিকগন্ধবিবক্ষায়ামেবেকারাদেশস্তথাপি নিরঙ্কুশাঃ কবয়ঃ। তথা চ মাঘকাব্যে "ববুরযুক্‌ছদগুচ্ছসুগন্ধয়ঃ সততগাস্ততগানগিরোঽলিভিঃ"। নৈষধে চ "অপাং হি তৃপ্তায় ন বারিধারা স্বাহুঃ সুগন্ধিঃ স্বদতে তুষারা" ইতি। ন কর্ম্মধারয়ান্মত্বর্থীয়ইতি নিষেধাদিনিপ্রত্যয়পক্ষোঽপি জঘন্যএব। সেনায়াং সমবেতাঃ সৈন্যাঃ। "সেনায়াং সমবেতা যে সৈন্যাস্তে সৈনিকাশ্চ তে" ইত্যমরঃ। সেনায়াবা ইতি ণ্যপ্রত্যয়ঃ। তেষাং পরিভোগেণ কাবেরীং নাম সরিতং সরিতাং পত্যুঃ সমুদ্রস্য শঙ্কনীয়াং ন বিশ্বসনীয়ামিবাকরোৎ। সম্ভোগ-লিঙ্গদর্শনাদ্ভর্ত্তুরবিশ্বাসোভবতীতি ভাবঃ ॥ ৪৫ ॥

বলৈরিতি। বিজিগীষোর্ব্বিজেতুমিচ্ছোঃ গতাধ্বনস্তস্য রঘোঃ বলৈঃ সৈন্যৈঃ। "বলং শক্তির্ব্বলং সৈন্য"মিতি যাদবঃ। মারীচেষু মরীচবনেষু উদ্‌ভ্রান্তাঃ পরিভ্রান্তাঃ হারীতাঃ পক্ষিবিশেষাঃ যাসু তাঃ। "তেষাং বিশেষা হারীতোমদ্‌গুঃ কারণ্ডবঃ প্লবঃ" ইত্যমরঃ। মলয়াদ্রেরুপত্যকাঃ আসন্নভূময়ঃ। "উপত্যকাদ্রেরাসন্না ভূমিরূর্দ্ধ্বমধিত্যকে" ত্যমরঃ। উপাধিভ্যাং ত্যকন্নিত্যা-দিনা ত্যকন্‌প্রত্যয়ঃ। অধ্যুষিতাঃ উপত্যকাস্বুষিতমিত্যর্থঃ। উপান্বধ্যাঙ্‌-বসঃ ইতি কর্ম্মত্বম্‌ ॥ ৪৬

দিলেন। অর্থাৎ যে নদী পশ্চিমঘাটগিরি হইতে নির্গত হইয়া মহীসুর প্রদেশে প্রবাহিত হইতেছে, তাহার নাম কাবেরী। কলিঙ্গদেশ হইতে দক্ষিণ দিকে গমন করিতে হইলে কাবেরী নদী পার হইয়া যাইতে হয়। সুতরাং দিগ্বিজয়ী রঘু সসৈন্যে কাবেরী নদী পার হইয়া মহীসুরের মধ্য দিয়া যাইতে-ছিলেন। এই নিমিত্ত অবগাহন-নিরত গজ ও সৈন্যগণের মদগন্ধে নদীজল সুবাসিত হইয়াছিল বলিয়া রঘু কাবেরীপতি সমুদ্রের মনে, স্বীয় বনিতা কাবেরী হয় ত ব্যভিচারিণী হইয়া পুরুষান্তরের উপভুক্তা হইয়াছে, এই আশঙ্কা জন্মাইয়া দিয়াছিলেন ॥ ৪৫ ॥

এইরূপে বিজয়শীল রঘু অনেক পথ অতিক্রম করিয়া মলয়পর্ব্বতে উপ-নীত হইলেন এবং যে মলয়াদ্রির উপত্যকা প্রদেশের মরীচবনে হারীত

সসঞ্জুরশ্বক্ষুণ্ণানামেলানামুৎপতিষ্ণবঃ।
তুল্যগন্ধিষু মত্তেভকটেষু ফলরেণবঃ ॥ ৪৭ ॥
ভোগিবেষ্টনমার্গেষু চন্দনানাং সমর্পিতম্।
নাস্রসৎ করিণাং গ্রৈবং ত্রিপদীচ্ছেদিনামপি ॥ ৪৮ ॥
দিশি মন্দায়তে তেজো দক্ষিণস্যাং রবেরপি।

সসঞ্জুরিতি। অশ্বৈঃ ক্ষুণ্ণানামেলানামুৎপতিষ্ণবঃ উৎপতনশীলাঃ। অলংকৃঞিত্যাদিনা ইষ্ণুচ্প্রত্যয়ঃ। ফলরেণবঃ ফলরজাংসি তুল্যগন্ধিষু সমানগন্ধিষু। সর্ব্বধনীতিবদিন্যন্তোবহুব্রীহিঃ। মত্তেভানাং কটেষু সসঞ্জুঃ সক্তাঃ। "গজগণ্ডে কটোকটা"বিতি কোষঃ ॥ ৪৭ ॥

ভোগীতি। চন্দনানাং চন্দনক্রমাণাং ভোগিবেষ্টনমার্গেষু সর্পবেষ্টনাং নিম্নেষু সমর্পিতং সঞ্জিতং ত্রিপদীচ্ছেদিনাং পাদশৃঙ্খলচ্ছেদকানামপি। "ত্রিপদী পাদবন্ধন" মিতি যাদবঃ। করিণাং গ্রীবাসু ভবং গ্রৈবং কণ্ঠবন্ধনম্। গ্রীবাভ্যোঽণ্ চ ইত্যণ্প্রত্যয়ঃ। নাস্রসৎ ন স্রস্তমভূৎ। দ্যুদ্ভ্যো লুঙি ইতি পরস্মৈপদে পুষাদিত্বাদঙ্, অনিদিতাম্ ইতি নকারলোপঃ ॥ ৪৮ ॥

দিশীতি। দক্ষিণস্যাং দিশি রবেরপি তেজোমন্দায়তে মন্দং ভবতি।

পক্ষিগণ বিচরণ করে, সেই উপত্যকা প্রদেশে তাঁহার সৈন্যগণ বাস করিতে লাগিল ॥ ৪৬ ॥

সেই স্থানে অশ্বখুরক্ষুণ্ণ উৎপতনশীল এলা-ফলরেণু সকল মদস্রাবী মাতঙ্গগণের তুল্যগন্ধযুক্ত কপোলদেশে সংসক্ত হইল ॥ ৪৭ ॥

ত্রিপদীচ্ছেদনশীল করিগণের গ্রীবাবন্ধন রজ্জু চন্দনতরুর সর্পবেষ্টনপথে অর্পিত হওয়ায় কোন ক্রমেই শিথিল হইতেছে না। অর্থাৎ মহারাজ রঘু সেই উপত্যকা প্রদেশে উপস্থিত হইয়া দেখিলেন, অশ্বখুরাঘাতে চূর্ণীকৃত এলালতার ফলরেণু সকল, হস্তী সকলের গণ্ডস্থলে সংলগ্ন হইতেছে এবং সর্পগণ চন্দনতরুর গাত্রবেষ্টন করিয়া থাকে বলিয়া সেই সকল স্থান নিম্ন (খাদ) হইয়া থাকে। সুতরাং মাতঙ্গগণের বন্ধনরজ্জু সেই সকল চন্দনবৃক্ষের গর্ত্ত স্থানে রুদ্ধ হওয়াতে সেই বন্ধন কিছুতেই শ্লথ হয় নাই ॥ ৪৮ ॥

দক্ষিণদিকে সূর্য্যের তেজও মন্দীভূত হইয়া থাকে; কিন্তু তথায় রঘুর

তস্যামেব রঘোঃ পাণ্ড্যাঃ প্রতাপং ন বিষেহিরে ॥ ৪৯ ॥
তাম্রপর্ণীসমেতস্য মুক্তাসারং মহোদধেঃ।
তে নিপত্য দদুস্তস্মৈ যশঃ স্বমিব সঞ্চিতম্ ॥ ৫০ ॥

লোহিতাদিত্বাৎ ক্যষপ্রত্যয়ঃ বা ক্যষঃ ইত্যাত্মনেপদম্। দক্ষিণায়নে তেজো-মান্দ্যাদিতি ভাবঃ। তস্যামেব দিশি পাণ্ড্যাঃ পাণ্ডূনাং জনপদানাং রাজানঃ পাণ্ড্যাঃ। পাণ্ডোর্ড্যণ্ বক্তব্যঃ ইতি ড্যণ্। রঘোঃ প্রতাপং ন বিষেহিরে ন সোঢ়বন্তঃ। সূর্য্যবিজয়িনোঽপি বিজিতবানিতি নায়কস্য মহানুৎকর্ষো গম্যতে ॥ ৪৯ ॥

তাম্রপর্ণীতি। তে পাণ্ড্যাঃ তাম্রপর্ণ্যা নদ্যা সমেতস্য সঙ্গতস্য মহোদধেঃ সম্বন্ধি সঞ্চিতং মুক্তাসারং মৌক্তিকবরম্। "সারোবলে স্থিরাংশে চ ন্যায্যে ক্লীবং বরে ত্রিষু" ত্যমরঃ। স্বং স্বকীয়ং সঞ্চিতং যশইব তস্মৈ রঘবে নিপত্য প্রণিপত্য দদুঃ। যশসঃ শুভ্রত্বাদৌপম্যম্। তাম্রপর্ণীসঙ্গমে মৌক্তিকোৎপত্তিরিতি প্রসিদ্ধম্ ॥ ৫০ ॥

প্রতাপ সমভাবেই রহিল। সুতরাং পাণ্ড্য নৃপতিগণ তাঁহার সেই প্রতাপ সহ্য করিতে সমর্থ হইলেন না। অর্থাৎ শরৎকাল দক্ষিণায়নের অন্তর্গত বলিয়া সেই সময়ে দক্ষিণদিকে রবির তেজ মন্দীভূত হয়। এদিকে রঘু সেই ক্ষীণ-তেজের সময়ে পাণ্ড্যরাজগণকে আক্রমণ করিয়া তাহাদিগকে পরাজিত করেন। এই নিমিত্তই কবি বলিতেছেন যে, মহাতেজস্বী সূর্য্যের তেজও দক্ষিণদিকস্থ পাণ্ড্যনরপতিদিগের নিকটে ক্ষীণ হইয়া থাকে; কিন্তু রঘুর তেজ হ্রাসপ্রাপ্ত হইল না। সুতরাং তাঁহারা দিগ্বিজয়ী রঘুর পরাক্রম সহ্য করিতে সমর্থ হইলেন না। পাণ্ড্যদেশ দণ্ডকারণ্যের অন্তর্গত। দাক্ষিণাত্য প্রদেশের নাম দণ্ডকারণ্য। পাণ্ড্যদেশের দক্ষিণ সীমা কুমারিকা; উত্তর সীমা বয়রু (বর্‌গু); পূর্ব্ব সীমা সমুদ্র এবং পশ্চিম সীমা মলয়পর্ব্বত ও চেররাজ্য ॥ ৪৯ ॥

বিজিত পাণ্ড্যরাজগণ তাম্রপর্ণী-নদীসঙ্গত মহাসাগরসম্ভূত উৎকৃষ্ট মুক্তা সকল চিরসঞ্চিত স্বীয় যশের ন্যায় বিজেতা রঘুকে প্রণামপূর্ব্বক প্রদান করিতে লাগিলেন ॥ ৫০ ॥

স নির্ব্বিশ্য যথাকামং তটেষ্বালীনচন্দনৌ।
স্তনাবিব দিশস্তস্যাঃ শৈলৌ মলয়দর্দ্দুরৌ ॥ ৫১ ॥
অসহ্যবিক্রমঃ সহ্যং দূরান্মুক্তমুদন্বতা।
নিতম্বমিব মেদিন্যাঃ স্রস্তাংশুকমলঙ্ঘয়ৎ ॥ ৫২ ॥
তস্যানীকৈর্ব্বিসর্পদ্ভিরপরান্তজয়োদ্যতৈঃ।

স ইতি। অসহ্যেতি চ যুগ্মমেতৎ। অসহ্যবিক্রমঃ স রঘুঃ তটেষু সানুষ্বালীনচন্দনৌ ব্যাপ্তচন্দনদ্রুমৌ। "গন্ধসারোমলয়জোভদ্রশ্রীশ্চন্দনোঽস্ত্রিয়া"মিত্যমরঃ। স্তনপক্ষে প্রান্তেষু ব্যাপ্তচন্দনানুলেপৌ তস্যাঃ দক্ষিণস্যাঃ দিশঃ স্তনাবিব স্থিতৌ মলয়দর্দ্দুরৌ নাম শৈলৌ যথাকামং যথেচ্ছং নির্ব্বিশ্যোপভুজ্য। "নির্ব্বেশোভৃতিভোগয়ো" রিত্যমরঃ। উদকান্যস্য সন্তীত্যুদন্বানুদধিঃ। উদন্বানুদধৌ চেতি নিপাতঃ। উদন্বতা দূরান্মুক্তং দূরতস্ত্যক্তম্। স্তোকান্তিকদূরার্থকৃচ্ছ্রাণি ক্তেন ইতি সমাসঃ। পঞ্চম্যাঃ স্তোকাদিভ্যঃ ইত্যলুক্। স্রস্তাংশুকং মেদিন্যাঃ নিতম্বমিব স্থিতং সহ্যং সহ্যাদ্রিম্ অলঙ্ঘয়ৎ প্রাপ্তঃ অতিক্রান্তো বা ॥ ৫১—৫২ ॥

সম্প্রতি প্রতীচীং দিশমভিষযাবিত্যাহ ;—তস্যেতি। অপরান্তানাং পাশ্চাত্যানাং জয়ে উদ্যতৈরুদ্যুক্তৈঃ। "অপরান্তাস্ত পাশ্চাত্যাস্তে চ সূর্য্যরিকাদয়ঃ"

মলয় ও দর্দ্দুর পর্ব্বতের তটপ্রদেশ (সানুপ্রদেশ) চন্দনদ্রুমে পরিব্যাপ্ত এবং সহ্যপর্ব্বতের নিকটে সমুদ্র অবস্থিত। সুতরাং অসহ্য-বিক্রম রঘু দক্ষিণ দিকের (দাক্ষিণাত্য প্রদেশের) স্তনযুগলের ন্যায় তটপ্রদেশে চন্দনতরু সমাচ্ছন্ন মলয় ও দর্দ্দুর পর্ব্বত অভিলষিতরূপে ভোগ করিয়া মেদিনীর স্খলিত বসন নিতম্বদেশের ন্যায় অবস্থিত, সাগর কর্তৃক সুদূরে পরিত্যক্ত সহ্যপর্ব্বতে উপনীত হইলেন। পশ্চিমঘাট গিরির উত্তরাংশের নাম সহ্যপর্ব্বত। এই পর্ব্বত হইতে কৃষ্ণানদী উৎপন্ন হইয়াছে ॥ ৫১—৫২ ॥

যখন রঘুসৈন্যগণ পাশ্চাত্য রাজগণকে জয় করিবার নিমিত্ত উদ্যত হইয়া গমন করিতে লাগিল, তখন বোধ হইল যেন মহাসাগর জামদগ্ন্যের অস্ত্র প্রভাবে সহ্য পর্ব্বতের নিকট হইতে অপসারিত হইলেও পুনরায় তাহার সহিত সংলগ্ন হইয়াছে। অর্থাৎ দিগ্বিজয়ী রঘু যখন দক্ষিণ প্রদেশ জয় করিয়া

রামাস্ত্রোৎসারিতোঽপ্যাসীৎ সহ্যলগ্ন ইবার্ণবঃ ॥ ৫৩ ॥
ভয়োৎসৃষ্টবিভূষাণাং তেন কেরলযোষিতাম্।
অলকেষু চমূরেণুশ্চূর্ণপ্রতিনিধীকৃতঃ ॥ ৫৪ ॥

ইতি যাদবঃ। বিসর্পদ্ভির্গচ্ছদ্ভিঃ তস্য রঘোরনীকৈঃ সৈন্যৈঃ। "অনীকস্তু রণে সৈন্যে" ইতি বিশ্বঃ। অর্ণবোরামস্য জামদগ্ন্যস্যাস্ত্রৈরুৎসারিতঃ পরিসারিতোঽপি সহ্যলগ্ন ইবাসীৎ। সৈন্যং দ্বিতীয়োঽর্ণব ইব দৃশ্যত ইতি ভাবঃ ॥ ৫৩ ॥

ভয়োৎসৃষ্টেতি। তেন রঘুণা ভয়েন উৎসৃষ্টবিভূষাণাং পরিহৃতভূষণানাং কেরলযোষিতাং কেরলাঙ্গনানামলকেষু চমূরেণুঃ সেনারজঃ চূর্ণস্য কুঙ্কুমাদিরজসঃ প্রতিনিধীকৃতঃ। এতেন যোষিতাং পলায়নং চমূনাঞ্চ তদনুধাবনং ধ্বন্যতে ॥ ৫৪ ॥

পশ্চিম দিক্ বিজয়ার্থ সহ্য পর্ব্বতে উপনীত হইয়াছিলেন, তখন তাঁহার সাগর-সম অগণ্য সৈন্যগণ পশ্চিমপ্রদেশীয় রাজগণের সহিত সংগ্রামার্থ সুসজ্জিত হইলে বোধ হইতে লাগিল মহাসাগর যেন সহ্যাদ্রির গাত্রে সংলগ্ন হইয়াছে। প্রথিত আছে যে, পুরাকালে মহাসাগর সহ্য পর্ব্বতের নিকটবর্ত্তী ছিল; কিন্তু জমদগ্নিসুত পরশুরামের কোপানলে পতিত হইয়া তাঁহার অস্ত্রপ্রহারে সুদূরে নিক্ষিপ্ত হইয়াছিল। অতীতসাক্ষী ইতিহাস-পাঠে জানা যায় যে, পশ্চিম ঘাট পর্ব্বতকে মলয় এবং পশ্চিমঘাটের উত্তরাংশকে সহ্যপর্ব্বত বলে ॥ ৫৩ ॥

কেরল দেশীয় মহিলাগণ মহীপাল রঘুর ভয়ে নিতান্ত ভীত হইয়া অলঙ্কার সকল পরিত্যাগ করিল এবং সৈন্যগণের পাদবিক্ষেপোত্থিত ধূলিরাশি উহাদের অলকে নিপতিত হইয়া কুঙ্কুমাদি চূর্ণের প্রতিনিধির কার্য্য করিল। সহ্যাদ্রির নিকটবর্ত্তী স্থানকে কেরল দেশ বলে। কেরল দেশের উত্তর সীমা সহ্যাদ্রি এবং দক্ষিণ সীমা কুমারিকা। ইহাও প্রসিদ্ধ আছে যে, মানাবার বা কানারা প্রদেশের প্রাচীন নাম কেরল। এই ঐতিহাসিক বিবরণ দ্বারা ইহাই প্রতিপন্ন হইতেছে যে, দিগ্বিজয়ী রঘু পূর্ব্ব ও দক্ষিণ দিক্ জয় করিয়া পশ্চিম দিক্ আক্রমণ করিলেন। পক্ষান্তরে এই শ্লোকের তাৎপর্য্য এইরূপ, রঘুর ভয়ে কেরল দেশীয় মহিলাগণ আভরণ পরিত্যাগ করিয়া সতীত্ব রক্ষার্থ

মুরলামারুতোদ্ধূতমগমৎ কৈতকং রজঃ।
তদ্‌যোধবারবাণানামযত্নপটবাসতাম্॥ ৫৫॥
অভ্যভূয়ত বাহানাং চরতাং গাত্রশিঞ্জিতৈঃ।
বর্ম্মভিঃ পবনোদ্ধূতরাজতালীবনধ্বনিঃ॥ ৫৬॥
খর্জ্জূরীস্কন্ধনদ্ধানাং মদোদ্গারসুগন্ধিষু।

মুরলেতি। মুরলা নাম কেরলদেশেষু কাচিন্নদী মুরবীতি কেচিৎ পঠন্তি। তস্যা মারুতেনোদ্ধৃতমুত্থাপিতং কৈতকং কেতকীসম্বন্ধি রজঃ তদ্যোধবারবাণানাং রঘুভটকঞ্চুকানাম্। "কঞ্চুকোবারবাণোঽস্ত্রী"ত্যমরঃ। অযত্নপটবাসতাম্ অযত্নসিদ্ধবস্ত্রবাসনাদ্রব্যত্বমগমৎ। "পিষ্টাতঃ পটবাসক" ইত্যমরঃ॥ ৫৫॥

অভ্যভূয়তেতি। চরতাং গচ্ছতাং বাহানাং বাজিনাম্। "বাজিবাহার্ব্বগন্ধর্ব্বহয়সৈন্ধবসপ্তয়" ইত্যমরঃ। গাত্রশিঞ্জিতৈঃ গাত্রেষু শব্দায়মানৈঃ। কর্ত্তরি ক্তঃ। সঞ্জিতৈরিতি বা পাঠঃ সঞ্জতের্ণ্যন্তাৎকর্ম্মণি ক্তঃ। বর্ম্মভিঃ কবচৈঃ পবনেনোদ্ধূতানাং কম্পিতানাং রাজতালীবনানাং ধ্বনিরভ্যভূয়ত তিরস্কৃতঃ। মর্ম্মরইতি পাঠে বাহানাং গাত্রশিঞ্জিতৈঃ গাত্রধ্বনিভিরিত্যর্থঃ। মর্ম্মরঃ মরমরায়মাণইতি ধ্বনের্ব্বিশেষণম্॥ ৫৬॥

খর্জ্জূরীতি। খর্জ্জূরীণাং তৃণদ্রুমবিশেষাণাম্। "খর্জ্জূরঃ কেতকী তালী

পলায়নপরায়ণা হইয়াছিল। পলায়ন সময়ে পশ্চাৎবর্ত্তী সৈন্যগণ কতদূরে আসিয়াছে, ইহা দর্শনেচ্ছু হইয়া গ্রীবা পরিবর্ত্তন করাতে রঘুসৈন্যের সম্মুখবর্ত্তী রজোরাশি নারীগণের অলকে পতিত হইয়াছিল॥ ৫৪॥

কেতকী পুষ্পের রেণু সকল, মুরলা নদীর শীতল মারুত-হিল্লোলে উত্থিত ও রঘুর যোদ্ধৃবর্গের কঞ্চুকে (অঙ্গত্রাণে) নিপতিত হইয়া, তাহাদের অযত্নসুলভ পটবাসের (গন্ধচূর্ণের) কার্য্য সম্পাদন করিল॥ ৫৫॥

গমন কালে অশ্বগণের গাত্রস্থ বর্ম্ম শব্দায়মান হইয়া বাতকম্পিত রাজতালীবনের মর্ম্মর ধ্বনিকে পরাভূত করিল। অর্থাৎ যুদ্ধের অশ্বগণের শরীর রক্ষার্থ লৌহ পত্রে নির্ম্মিত যে গাত্রাবরণ থাকে, তাহারই শব্দ সেই সময়ে শ্রুত হইতেছিল; কিন্তু তালীবনের ধ্বনি কর্ণগোচর হইল না॥ ৫৬॥

কটেষু করিণাং পেতুঃ পুন্নাগেভ্যঃ শিলীমুখাঃ ॥ ৫৭ ॥
অবকাশং কিলোদন্বান্ রামায়াভ্যর্থিতোদদৌ ।
অপরান্তমহীপালব্যাজেন রঘবে করম্ ॥ ৫৮ ॥

খর্জ্জূরী চ তৃণদ্রুমা" ইত্যমরঃ। স্কন্ধেষু প্রকাণ্ডেষু। "অস্ত্রী প্রকাণ্ডঃ স্কন্ধঃ স্যান্মূলাচ্ছাখাবধেস্তরো" রিত্যমরঃ। নদ্ধানাং করিণাং মদোদ্গারেণ মদস্রাবেণ সুগন্ধিষু। গন্ধস্যেত্যাদিনা ইকারঃ। কটেষু গণ্ডেষু পুন্নাগেভ্যঃ নাগকেশরেভ্যঃ পুন্নাগপুষ্পাণি বিহায়। ল্যব্লোপে পঞ্চমী। শিলীমুখাঃ অলয়ঃ পেতুঃ "অলিবাণৌ শিলীমুখা" বিত্যমরঃ। ততোঽপি সৌগন্ধ্যাতিশয়াদিতি ভাবঃ ॥ ৫৭ ॥

অবকাশমিতি। উদন্বানুদধিঃ রামায় জামদগ্ন্যায় অভ্যর্থিতো যাচিতঃ সন্ অবকাশং স্থানং দদৌ কিলেতি প্রসিদ্ধৌ। রঘবে তু অপরান্তমহীপালব্যাজেন করং বলিং দদৌ। "বলিহস্তাংশবঃ করাঃ" ইত্যমরঃ। অপরান্তানাং সমুদ্রমধ্যদেশবর্ত্তিত্বাৎ তৈর্দ্দত্তে করে সমুদ্রদত্তত্বোপচারঃ। করদানঞ্চ ভীত্যা ন তু যাচ্ঞয়েতি রামাদ্রঘোরুৎকর্ষঃ ॥ ৫৮ ॥

অলিকুল নাগকেশরপুষ্প পরিত্যাগ করিয়া খর্জ্জূরবৃক্ষের স্কন্ধদেশে সংবদ্ধ মাতঙ্গগণের মদস্রাবে সুগন্ধী গণ্ডস্থলে নিপতিত হইতে লাগিল ॥ ৫৭ ॥

রত্নাকর (সমুদ্র) জামদগ্ন্য কর্ত্তৃক প্রার্থিত হইয়াই তাঁহাকে স্থান প্রদান করিয়াছিলেন; কিন্তু দিলীপনন্দন রঘুকে পাশ্চাত্য মহীপালের ছলে যেন সমুদ্র স্বয়ংই করপ্রদান করিলেন। অর্থাৎ সমুদ্র পরশুরামের অস্ত্রাঘাতেই স্থান পরিত্যাগ করিয়া দূরে প্রস্থান করিয়াছিল; কিন্তু রঘুর নাম শ্রবণমাত্রেই ভীত হইয়া বিনা যুদ্ধে কর প্রদান করিলেন। সুতরাং পরশুরামাপেক্ষা রঘুর অধিকতর উৎকর্ষ সূচিত হইল। এই স্থলে এই সন্দেহ উপস্থিত হইতে পারে যে, সমুদ্রের করপ্রদান কি প্রকারে সম্ভবে? সত্য বটে; উহার প্রকৃত তাৎপর্য্য এই যে, পাশ্চাত্য-দেশে গুজ্রাটের নিকটবর্ত্তী সমুদ্রগর্ভে যে দ্বীপ আছে, তত্রত্য রাজগণই বিনাযুদ্ধে রঘুর বশ্যতা স্বীকার করিয়া করপ্রদান করিয়াছিল। সমুদ্রবাসিগণ করপ্রদান করায় সমুদ্রেরই যেন দেওয়া হইল; ইহাই কবির মনের ভাব প্রকাশ পাইতেছে ॥ ৫৮ ॥

মত্তেভরদনোৎকীর্ণব্যক্তবিক্রমলক্ষণম্।
ত্রিকূটমেব তত্রোচ্চৈর্জ্জয়স্তম্ভং চকার সঃ॥ ৫৯॥
পারসীকাংস্ততো জেতুং প্রতস্থে স্থলবর্ত্মনা।
ইন্দ্রিয়াখ্যানিব রিপূংস্তত্ত্বজ্ঞানেন সংযমী॥ ৬০॥
যবনীমুখপদ্মানাং সেহে মধুমদং ন সঃ।

মত্তেতি। তত্র স রঘুঃ মত্তানামিভানাং রদনোৎকীর্ণানি দন্তক্ষতান্যেব ভাবে ক্তঃ। ব্যক্তানি স্ফুটানি বিক্রমলক্ষণানি পরাক্রমচিহ্নানি বিজয়বর্ণাবলি-স্থানানি যস্মিন্ তং তথোক্তং ত্রিকূটমেব উচ্চৈর্জ্জয়স্তম্ভং চকার। গাঢ়প্রকাশ-স্ত্রিকূটোঽদ্রিরেবোৎকীর্ণবর্ণস্তম্ভ ইব রঘোর্জ্জয়স্তম্ভোঽভূদিত্যর্থঃ॥ ৫৯॥

পারসীকানিতি। ততঃ স রঘুঃ সংযমী যোগী তত্ত্বজ্ঞানেনেন্দ্রিয়াখ্যা-নিন্দ্রিয়নামকান্ রিপূনিব পারসীকান্ রাজ্ঞোজেতুং স্থলবর্ত্মনা প্রতস্থে ন তু নির্দ্দিষ্টেনাপি জলপথেন সমুদ্রযানস্য নিষিদ্ধত্বাদিতি ভাবঃ॥ ৬০॥

যবনীতি। স রঘুঃ যবনীনাং যবনস্ত্রীণাম্। জাতেরস্ত্রীবিষয়াদয়োপধাৎ ইতি ঙীষ্। মুখানি পদ্মানীব মুখপদ্মানি উপমিতসমাসঃ, তেষাং মধুনা মদ্যেন যোমদোমদরাগঃ। কার্য্যকারণভাবয়োরভেদেন নির্দ্দেশঃ। তং ন সেহে কমিব

সেই সময়ে উন্নত ত্রিকূটপর্ব্বত রাজা রঘুর জয়স্তম্ভের কার্য্য করিতে লাগিল এবং তাহাতে হস্তিগণের দশন-ক্ষতস্থানই বিজয়বর্ণাবলী বলিয়া স্পষ্ট লক্ষিত হইতে লাগিল॥ ৫৯॥

অনন্তর যেমন যোগী ইন্দ্রিয়াখ্য রিপুগণকে পরাজয় করিবার নিমিত্ত তত্ত্বজ্ঞান অবলম্বন করেন, তদ্রূপ পারস্যদেশীয়দিগকে জয় করিবার নিমিত্ত রঘু স্থলপথে গমন করিলেন। অর্থাৎ তত্ত্বজ্ঞানসম্পন্ন ব্যক্তিগণ জ্ঞানবলে যেরূপ ইন্দ্রিয় জয় করিয়া থাকেন, তদ্রূপ মহারাজ রঘুও স্বকীয় তেজঃপ্রভাবে পারস্যদেশের রাজাদিগকে জয় করিবার নিমিত্ত আফগানিস্থান দিয়া পারস্য দেশে প্রস্থান করিলেন॥ ৬০॥

অকালোদিত জলদমালা যেমন পদ্মের আরক্ত প্রভাসম্পাদক বাল তপ-নের কিরণ সহ্য করিতে সমর্থ হয় না; রঘুও সেইরূপ যবনীগণের বদনকমলের মদ-রাগ সহ্য করিতে পারিলেন না। অর্থাৎ জয়শীল রঘু যবনস্ত্রীদিগের

বালাতপমিবাব্জানামকালজলদোদয়ঃ ॥ ৬১ ॥

সংগ্রামস্তুমুলস্তস্য পাশ্চাত্যৈরশ্বসাধনৈঃ।

শার্ঙ্গকূজিতবিজ্ঞেয়প্রতিযোধে রজস্যভূৎ ॥ ৬২ ॥

অকালে প্রাবৃড়্ব্যতিরিক্তে কালে জলদোদয়ঃ প্রায়েন প্রাবৃষি পদ্মবিকাশস্যাপ্রসক্তত্বাৎ। অব্জানাং সম্বন্ধিনং বালাতপমিব অব্জহিতত্বাদব্জসম্বন্ধিত্বং সৌরাতপস্য ॥ ৬১ ॥

সংগ্রামইতি। তস্য রঘোরশ্বসাধনৈঃ বাজিসৈন্যৈঃ। "সাধনং সিদ্ধিসৈন্যয়ো" রিতি হৈমঃ। পাশ্চাত্যৈর্যবনৈঃ সহ। দক্ষিণাপশ্চাৎপুরসস্ত্যক্ ইতি ত্যক্। সহার্থে তৃতীয়া। শৃঙ্গাণাং বিকারাঃ শার্ঙ্গাণি ধনূংষি তেষাং কূজিতৈঃ শব্দৈঃ। "শার্ঙ্গং পুনর্দ্ধনুষি শার্ঙ্গিণঃ। জয়ে স শৃঙ্গরচিতে চাপেহপ্যাহ বিশেষত" ইতি কেশবঃ। অথবা শার্ঙ্গৈঃ শৃঙ্গসম্বন্ধিভিঃ কূজিতৈঃ বিজ্ঞেয়া অনুমেয়াঃ প্রতিযোধাঃ প্রতিভটা যস্মিন্ তস্মিন্ রজসি তুমুলঃ সংগ্রামঃ সঙ্কুলং যুদ্ধমভূৎ। "তুমুলং রণসঙ্কুল" ইত্যমরঃ ॥ ৬২ ॥

স্বামিগণকে সমরে বধ করিলেন। সুতরাং তাহাদের স্ত্রীগণ স্বামীর শোকে কাতর হইয়া মদ্যপান পরিত্যাগ করিল; এই নিমিত্তই বলা যাইতে পারে যে, যবনস্ত্রীগণের মদ্যপানজনিত মুখের আরক্তিম কান্তি তিনি সহ্য করিতে না পারিয়াই তাহাদের পতিদিগকে নিহত করিয়াছিলেন ॥ ৬১ ॥

পারস্যদেশে অশ্বসেনাসম্পন্ন যবনদিগের সহিত তাঁহার তুমুল সংগ্রাম উপস্থিত হইল। তৎকালে রণস্থল ধূলিরাশি দ্বারা সমাচ্ছন্ন হওয়াতে একমাত্র শরাসনের টঙ্কার শব্দে প্রতিযোদ্ধৃগণ অনুমিত হইতে লাগিল। অর্থাৎ যবনদিগের সহিত ঈদৃশ ঘোরতর সংগ্রাম হইতে লাগিল, তাহাতে অশ্বখুরোৎক্ষিপ্ত ধূলিপটল এইরূপ গাঢ়ভাব ধারণ করিল যে, তৎকর্ত্তৃক সমস্ত দিঙ্মণ্ডল ও সূর্য্যকিরণ অবরুদ্ধ হইল, তন্নিবন্ধন রণস্থলে লোকের দৃষ্টি সংরুদ্ধ হওয়াতে কেবল যে যে স্থানে ধনুকের শব্দ কর্ণগোচর হইতে লাগিল, সেই সেই স্থানে যোদ্ধা বিদ্যমান আছে, এই অনুমান করিয়া প্রতিযোদ্ধার দিকে প্রধাবিত হইতে লাগিল। সুতরাং তথায় স্বপক্ষ ও বিপক্ষের কোনরূপ ভেদ ছিল না ॥ ৬২ ॥

ভল্লাপবর্জ্জিতৈস্তেষাং শিরোভিঃ শ্মশ্রুলৈর্ম্মহীম্।
তস্তার সরঘাব্যাপ্তৈঃ স ক্ষৌদ্রপটলৈরিব ॥ ৬৩ ॥
অপনীতশিরস্ত্রাণাঃ শেষাস্তং শরণং যযুঃ।
প্রণিপাতপ্রতীকারঃ সংরম্ভো হি মহাত্মনাম্ ॥ ৬৪ ॥

ভল্লেতি। স রঘুঃ ভল্লাপবর্জ্জিতৈঃ বাণবিশেষকৃত্তৈঃ। "স্নুহীদল ফলো-ভল্ল"ইতি যাদবঃ। শ্মশ্রুলৈঃ প্রবৃদ্ধমুখরোমবদ্ভিঃ। সিধ্মাদিভ্যশ্চ ইতি লচ্-প্রত্যয়ঃ। তেষাং পাশ্চাত্যানাং শিরোভিঃ সরঘাভির্ম্মধুমক্ষিকাভির্ব্যাপ্তৈঃ "সরঘা মধুমক্ষিকে"ত্যমরঃ। ক্ষুদ্রাঃ সরঘাঃ "ক্ষুদ্রা ব্যঙ্গা নটী বেশ্যা সরঘা কণ্টকারিকে"ত্যমরঃ। ক্ষুদ্রাভিঃ কৃতানি ক্ষৌদ্রাণি মধূনি। "মধু ক্ষৌদ্রং মাক্ষিকাদী"ত্যমরঃ। ক্ষুদ্রাভ্রমরবটরপাদপাদঞ্ ইতি সংজ্ঞায়ামঞ্প্রত্যয়ঃ। তেষাং পটলৈঃ সঞ্চয়ৈরিব। "পটলং তিলকে নেত্ররোগে ছন্দসি সঞ্চয়ে। পিটকে পরিবারে চে"তি হৈমঃ। মহীং তস্তার আচ্ছাদয়ামাস ॥ ৬৩ ॥

অপনীতেতি। শেষাঃ হতাবশিষ্টাঃ অপনীতশিরস্ত্রাণা অপসারিতশীর্ষণ্যাঃ সন্তঃ। "শীর্ষকং শীর্ষণ্যঞ্চ শিরস্ত্রে" ইত্যমরঃ। শরণাগতলক্ষণমেতৎ। তং রঘুং শরণং যযুঃ তথাহি মহাত্মনাং সংরম্ভঃ কোপঃ। "সংরম্ভঃ সম্ভ্রমে কোপ" ইতি বিশ্বঃ। প্রণিপাতঃ প্রণতিরেব প্রতীকারো যস্য সঃ। মহতাং পরকীয়মৌদ্ধত্য-মেবাসহ্যং ন তু জীবিতমিতি ভাবঃ ॥ ৬৪ ॥

অনন্তর রঘু যবনদিগের মধুমক্ষিকা-পরিব্যাপ্ত মধুচক্র (মৌচাক) সদৃশ শ্মশ্রুরাজি-বিরাজিত মুণ্ড সকল ভল্লাস্ত্রে ছেদন করিয়া রণস্থল সমাচ্ছন্ন করি-লেন। অর্থাৎ মধুমক্ষিকা-পরিব্যাপ্ত মধুচক্রের ন্যায় বীরেন্দ্র রঘুর ভল্লাস্ত্রে বিচ্ছিন্ন শ্মশ্রুবিরাজিত মস্তক সকল রণক্ষেত্র আচ্ছন্ন করিল ॥ ৬৩ ॥

হতাবশিষ্ট যবনগণ শিরস্ত্রাণ অপনীত করিয়া তাঁহার শরণাগত হইল। মহাত্মাদিগের ক্রোধ প্রণিপাত দ্বারাই প্রশমিত হইয়া থাকে। অর্থাৎ যবন-দিগের কিছু সৈন্য সংগ্রামে বিনষ্ট হইলে তাহারা রঘুর বশ্যতা স্বীকার করিলে তিনি যুদ্ধ হইতে বিরত হইয়া তাহাদিগকে অভয়প্রদান করিলেন। কারণ শরণাগতের প্রতি অনুগ্রহ প্রকাশই মহাজনের লক্ষণ ॥ ৬৪ ॥

বিনয়ন্তে স্ম তদ্যোধা মধুভির্ব্বিজয়শ্রমম্‌।
আস্তীর্ণাজিনরত্নাসু দ্রাক্ষাবলয়ভূমিষু ॥ ৬৫ ॥
ততঃ প্রতস্থে কৌবেরীং ভাস্বানিব রঘুর্দ্দিশম্‌।
শরৈরুস্রৈরিবোদীচ্যানুদ্ধরিষ্যন্‌ রসানিব ॥ ৬৬ ॥
বিনীতাধ্বশ্রমাস্তস্য সিন্ধুতীরবিচেষ্টনৈঃ।

বিনয়ন্ত ইতি। তস্য রঘোর্যোধাঃ ভটাঃ আস্তীর্ণান্যজিনরত্নানি চর্ম্মশ্রেষ্ঠানি যাসু তাসু দ্রাক্ষাবলয়ানাং ভূমিষু। "মৃদ্বীকা গোস্তনী দ্রাক্ষা স্বাদ্বী মধুরসেতি চে"ত্যমরঃ। মধুভির্দ্রাক্ষাফলপ্রকৃতিকৈর্ম্মদ্যৈঃ বিজয়শ্রমং যুদ্ধখেদং বিনয়ন্তে স্ম অপনীতবন্তঃ। কর্ত্তৃস্থে চাশরীরে কর্ম্মণি ইত্যাত্মনেপদম্‌ লট্‌ স্মে ইতি ভূতার্থে লট্‌॥ ৬৫ ॥

ততইতি। ততোরঘুঃ ভাস্বান্‌ সূর্য্যইব শরৈর্ব্বাণৈঃ উস্রৈঃ কিরণৈরিব। "কিরণোস্রময়ূখাংশুগভস্তিঘৃণিধৃষ্ণয়ঃ" ইত্যমরঃ। উদীচ্যানুদগ্‌ভবান্‌ নৃপান্‌ রসানুদকানীব উদ্ধরিষ্যন্‌ কৌবেরীং কুবেরসম্বন্ধিনীং দিশমুদীচীং প্রতস্থে। অনেকেনেব শব্দেনেয়মুপমা যথাহ দণ্ডী "একানেকেবশব্দত্বাৎ সা বাক্যার্থোপমা দ্বিধে"তি ॥ ৬৬ ॥

বিনীতেতি। সিন্ধুর্নাম কাশ্মীরদেশেষু কশ্চিন্নদবিশেষঃ। "দেশে নদবিশেষেঽব্ধৌ সিন্ধুর্না সরিতি স্ত্রিয়া"মিত্যমরঃ। সিন্ধোস্তীরে বিচেষ্টনৈরঙ্গপরিবর্ত্তনৈর্বিনীতাধ্বশ্রমাঃ তস্য রঘোর্বাজিনোঽশ্বাঃ লগ্নাঃ কুঙ্কুমকেশরাঃ কুঙ্কুম-

---

তদনন্তর রঘুর যোদ্ধৃগণ দ্রাক্ষালতা-বেষ্টিত ভূভাগে উৎকৃষ্ট চর্ম্মাসন বিস্তার করিয়া মদ্যপানে বিজয়শ্রম অপনয়ন করিতে লাগিল ॥ ৬৫ ॥

মহারাজ রঘু কর্ত্তৃক এইরূপে পশ্চিমপ্রদেশ বিজিত হইলে উত্তরাভিমুখী সূর্য্য যেমন কর-নিকরে পৃথিবীর রস আকর্ষণ করেন, রঘুও সেইরূপ শরসমূহে উত্তরদেশীয় ভূপালগণকে পদচ্যুত করিবার নিমিত্ত উত্তরাভিমুখে গমন করিলেন। অর্থাৎ দিগ্বিজয়ী রঘু পশ্চিমদিগস্থ পারস্যদেশ জয় করিয়া ভারতের উত্তর সীমাস্থ রাজগণকে পরাজয় করিবার নিমিত্ত সিন্ধুনদের তীরে উপনীত হইলেন ॥ ৬৬ ॥

তাঁহার অশ্বগণ কাশ্মীরদেশে প্রবাহিত সিন্ধুনদের তীরে গাত্রাবলুণ্ঠন দ্বারা

দুধুবুর্ব্বাজিনঃ স্কন্ধান্ লগ্নকুঙ্কুমকেশরান্ ॥ ৬৭ ॥
তত্র হূণাবরোধানাং ভর্ত্তৃষু ব্যক্তবিক্রমম্।
কপোলপাটলাদেশি বভূব রঘুচেষ্টিতম্ ॥ ৬৮ ॥
কাম্বোজাঃ সমরে সোঢ়ুং তস্য বীর্য্যমনীশ্বরাঃ।

কুঙ্কুমকিঞ্জল্কাঃ যেষাং তান্ যদ্বা লগ্নকুঙ্কুমাঃ কেশরাঃ সটা যেষাং তান্। "অথ কুঙ্কুমং কাশ্মীরজন্মে"ত্যমরঃ। "কেশরোনাগকেশরে তুরঙ্গসিংহয়োঃ স্কন্ধ-কেশেষু বকুলদ্রুমে। পুন্নাগবৃক্ষে কিঞ্জল্কে স্যাৎ" ইতি হৈমঃ। স্কন্ধান্ কায়ান্। "স্কন্ধঃ প্রকাণ্ডে কায়েহংসে বিজ্ঞানাদিষু পঞ্চসু। নৃপে সমূহে ব্যূহে চে"তি হৈমঃ। দুধুবুঃ কম্পয়ন্তি স্ম ॥ ৬৭ ॥

তত্রেতি। তত্রোদীচ্যাং দিশি ভর্ত্তৃষু ব্যক্তবিক্রমং ভর্ত্তৃবধেন স্ফুটপরা-ক্রমমিত্যর্থঃ। রঘুচেষ্টিতং রঘুব্যাপারঃ হূণা জনপদাখ্যাঃ ক্ষত্রিয়াঃ তেষামব-রোধাঃ অন্তঃপুরস্ত্রিয়ঃ তাসাং কপোলেষু পাটলস্য পাটলিম্নঃ তাড়নাদি-কৃতারুণ্যস্য আদেশি উপদেশকং বভূব। অথবা পাটলঃ আদেশী আদেষ্টা যস্য তদ্বভূব স্বয়ং লেখ্যাপ্যত ইত্যর্থঃ ॥ ৬৮ ॥

কাম্বোজাইতি। কাম্বোজা রাজানঃ সমরে তস্য রঘোর্বীর্য্যং প্রভাবম্ "বীর্য্যং তেজঃ প্রভাবয়ো"রিতি হৈমঃ। সোঢ়ুমনীশ্বরাঃ অশক্তাঃ সন্তঃ

পথশ্রম অপনয়ন করিয়া কুঙ্কুমরজে রঞ্জিত কেশর হইয়া স্কন্ধদেশ কম্পিত করিতে লাগিল ॥ ৬৭ ॥

উত্তর দিকে রঘুর পরাক্রম হূণরমণীগণের পতিনিধনে এইরূপ ব্যক্ত হইয়া-ছিল যে, উহাদিগের কপোলদেশে করাঘাতজনিত পাটলবর্ণের কারণ হইয়া-ছিল। অর্থাৎ রঘুর সহিত সংগ্রামে হূণজনপদবাসী ব্যক্তিগণ নিধনপ্রাপ্ত হইলে, তাহাদের অন্তঃপুরচারিণী স্ত্রীগণ রোদনপরায়ণা হইয়া কপোলদেশে করাঘাত করিতে লাগিল। তাহাতে তাহাদের গণ্ডদেশ সকল পাটলবর্ণ ধারণ করে। সুতরাং হূণদেশবাসী ক্ষত্রিয়দিগের প্রতি রঘু কি প্রকার বিক্রম প্রকাশ করিয়াছিলেন, তাহা মহিলাগণের কপোলপ্রদেশ দর্শনেই পরিজ্ঞাত হওয়া যাইত ॥ ৬৮ ॥

কাম্বোজদেশীয় রাজগণ সমরে রঘুর পরাক্রম সহ্য করিতে একান্ত অসমর্থ

গজালানপরিক্লিষ্টৈরক্ষোটৈঃ সার্দ্ধমানতাঃ ॥ ৬৯ ॥
তেষাং সদশ্বভূয়িষ্ঠাস্তুঙ্গা দ্রবিণরাশয়ঃ।
উপদা বিবিশুঃ শশ্বন্নোৎসেকাঃ কোশলেশ্বরম্‌ ॥ ৭০ ॥
ততোগৌরীগুরুং শৈলমারুরোহাশ্বসাধনঃ।

গজানামালানং বন্ধনম্‌। ভাবে ল্যুটি বিভাষা লীয়তে ইত্যাত্বম্‌। তেন পরিক্লিষ্টৈঃ পরিক্ষতৈরক্ষোটৈর্বৃক্ষবিশেষৈঃ সার্দ্ধমানতাঃ ॥ ৬৯ ॥

তেষামিতি। তেষাং কাম্বোজানাং সদ্ভিরশ্বৈঃ ভূয়িষ্ঠা বহুলাস্তুঙ্গাঃ দ্রবিণানাং হিরণ্যানাম্‌। "হিরণ্যং দ্রবিণং দ্যুম্নম্" ইত্যমরঃ। রাশয় এবোপদা উপায়নানি। "উপায়নমুপগ্রাহ্যমুপহারস্তথোপদ" ইত্যমরঃ। কোশলেশ্বরং কোশলদেশাধিপতিং তং রঘুং শশ্বদসকৃৎ। "মুহুঃ পুনঃপুনঃ শশ্বদভীক্ষ্ণমসকৃৎসমা" ইত্যমরঃ। বিবিশুঃ তথাপি উৎসেকাঃ গর্ব্বাস্তু ন বিবিশুঃ সত্যপি গর্ব্বকারণে ন জগর্ব্বেত্যর্থঃ ॥ ৭০ ॥

ততইতি। ততোঽনন্তরম্‌ অশ্বসাধনঃ সন্‌ গৌর্য্যাগুরুং পিতরং শৈলং হিমবন্তম্‌ উদ্ধূতৈরশ্বখুরোদ্ধূতৈঃ ধাতূনাং গৈরিকাদীনাং রেণুভিস্তৎকূটাংস্তস্য

হইয়া তদীয় গজবন্ধনে আনত অক্ষোট বৃক্ষ সকলের ন্যায় তাঁহার নিকটে অবনত হইলেন ॥ ৬৯ ॥

তত্রত্য রাজগণের প্রদত্ত উৎকৃষ্ট অশ্ব এবং হিরণ্যসম্ভারপূর্ণ উপহার নিরন্তর তাঁহার নিকটে আসিতে লাগিল; কিন্তু অহঙ্কার প্রবেশলাভ করিতে সমর্থ হইল না। অর্থাৎ দিগ্বিজয়ী রঘু নানাবিধ বহুমূল্য রত্নরাশি উপঢৌকনস্বরূপ প্রাপ্ত হইয়াও অহঙ্কৃত হইলেন না। বর্ত্তমান সময়ে "কাম্বোজ" এই প্রাচীননামা প্রদেশ নির্ব্বাচন করা সুকঠিন। তবে বহু গবেষণা দ্বারা এই বলা যাইতে পারে যে, হিন্দুকুশ পর্ব্বতে কৌমজি, কামতেজী ও কামোজ প্রভৃতি কতিপয় সিয়াপোষ জাতি বাস করিয়া থাকে, হয়ত তারাই কাম্বোজ। কারণ, এইরূপ জনশ্রুতি আছে যে, উল্লিখিত অধিবাসিগণ মুসলমানদিগের ভয়ে কান্দাহার-সন্নিহিত দেশ হইতে পলায়নপর হইয়া হিন্দুকুশ পর্ব্বতে আশ্রয় লইয়াছে ॥ ৭০ ॥

অনন্তর রঘু অশ্বারোহী সৈন্য সমভিব্যাহারে গৌরীগুরু নামক পর্ব্বতে

বর্দ্ধয়ন্নিব তৎকূটানুদ্ধূতৈর্ধাতুরেণুভিঃ ॥ ৭১ ॥
স ইতি। স গজঃ ছিন্না বন্ধা যৈস্তে ছিন্নবন্ধাঃ দ্রুতাঃ পলায়িতাঃ যুগং বহন্তীতি যুগ্যাঃ বাহাঃ যস্মিন্ স চাসৌ শূন্যশ্চ তং ভগ্না অক্ষাঃ রথাবয়বাঃ দারুবিশেষাঃ। "অক্ষো রথস্যাবয়বে পাশকেঽপ্যক্ষমিন্দ্রিয়ম্" ইতি শাশ্বতঃ। যেষাং তে ভগ্নাক্ষাঃ অতএব পর্য্যস্তাঃ পতিতা রথাঃ যস্মিন্ তং রামাণাং স্ত্রীণাং পরিত্রাণে সংরক্ষণে বিহস্তাঃ ব্যাকুলাঃ। "বিহস্তব্যাকুলৌ সমৌ" ইত্যমরঃ। যোধা যস্মিন্ তং সেনানিবেশং শিবিরং ক্ষণেন তুমুলং সঙ্কুলং চকার॥ ৪৯॥

তমিতি। নৃপতেঃ রাজ্ঞঃ বন্যঃ করী অবধ্য ইতি শ্রুতবান্ শাস্ত্রাৎ জ্ঞাতবান্ কুমারঃ আপতন্তমভিধাবন্তং তং গজং নিবর্ত্তয়িষ্যন্ ন তু প্রহরিষ্যন্ অতএব নাত্যায়তমনতিদীর্ঘম্ যথা স্যাৎ। নঞর্থস্য নশব্দস্য সুপ্সুপেতি সমাসঃ। কৃষ্টশার্ঙ্গং ঈষদাকৃষ্টচাপঃ সন্ বিশিখেন বাণেন কুম্ভে জঘানঃ। অত্র চাক্ষুষঃ "লক্ষ্মীকামোযুদ্ধাদন্যত্র করিবধং ন কুর্য্যাৎ ইয়ং হি শ্রীর্যে করিণ" ইতি। অতএব যুদ্ধাদন্যত্রেতি দ্যোতনার্থমেব বন্যগ্রহণং কৃতম্॥ ৫০॥

অশ্বগণ বন্ধন ছিন্ন করিয়া পলায়ন পরায়ণ হইল; রথ সকল ভগ্নাক্ষ (ভগ্নচক্র) ও ভূতলে পতিত হইল; যোদ্ধৃগণ নারীগণের রক্ষার নিমিত্ত ব্যাকুল হইল; ফলতঃ সেই বন্যহস্তী ক্ষণকাল মধ্যে শিবির স্থানকে বিপদ্গ্রস্ত করিয়া তুলিল॥ ৪৯॥

কুমার অজ বন্যহস্তী রাজাদিগের অবধ্য, ইহা শাস্ত্রজ্ঞান-বলে জানিয়া সেই ধাবমান করীকে নিবর্ত্তিত করিবার নিমিত্ত শরাসন ঈষৎ আকর্ষণপূর্ব্বক উহার কুম্ভদেশে এক শর বিদ্ধ করিলেন॥ ৫০॥

স বিদ্ধমাত্রঃ কিল নাগরূপ-
মুৎসৃজ্য তদ্বিস্মিতসৈন্যদৃষ্টঃ ।
স্ফুরৎপ্রভামণ্ডলমধ্যবর্ত্তি
কান্তং বপুর্ব্যোমচরং প্রপেদে ॥ ৫১ ॥
অথ প্রভাবোপনতৈঃ কুমারং
কল্পদ্রুমোত্থৈরবকীর্য্য পুষ্পৈঃ ।
উবাচ বাগ্মী দশনপ্রভাভিঃ
সংবর্দ্ধিতোরঃস্থলতারহারঃ ॥ ৫২ ॥
মতঙ্গশাপাদবলেপমূলা-
দবাপ্তবানস্মি মতঙ্গজত্বম্ ।

স ইতি। স গজো বিদ্ধমাত্রঃ তাড়িতমাত্রঃ কিল ন তু প্রহৃতঃ তথাপি নাগরূপং গজশরীরমুৎসৃজ্য তেন বৃত্তান্তেন বিস্মিতৈঃ তদ্বিস্মিতৈঃ সৈন্যৈর্দৃষ্টঃ সন্ স্ফুরতঃ প্রভামণ্ডলস্য মধ্যবর্ত্তি কান্তং মনোহরং ব্যোমচরং বপুঃ প্রপেদে প্রাপ ॥ ৫১ ॥

অথেতি। অথ প্রভাবেনোপনতৈঃ প্রাপ্তৈঃ কল্পদ্রুমোত্থৈঃ কল্পবৃক্ষোৎপন্নৈঃ পুষ্পৈঃ কুমারমজমবকীর্য্য অভিবৃষ্য দশনপ্রভাভিঃ দন্তকান্তিভিঃ সংবর্দ্ধিতাঃ উরঃস্থলে যে তারহারাঃ স্থূলমুক্তাহারাস্তে যেন স তথোক্তঃ বাচোঽস্য সন্তীতি বাগ্মী বক্তা। বাচো গ্মিনিঃ ইতি গ্মিনিঃ। স পুরুষঃ উবাচ ॥ ৫২ ॥

মতঙ্গেতি। অবলেপমূলাদ্গর্ব্বহেতুকাৎ। "অবলেপস্তু গর্ব্বে স্যাল্লেপনে

তখন সেই হস্তী বাণবিদ্ধ হইবামাত্র মাতঙ্গ কলেবর পরিত্যাগপূর্ব্বক অজ-সৈন্যদিগের বিস্ময় উৎপাদন করিয়া স্ফুরৎপ্রভামণ্ডল-মধ্যবর্ত্তী (বিকাশমান প্রভাজালের মধ্যগত) রমণীয় ব্যোমচরমূর্ত্তি (গন্ধর্ব্বরূপ) ধারণ করিলেন ॥ ৫১ ॥

অনন্তর সেই বাগ্মী (বচনপটু) গন্ধর্ব্ব, স্বকীয় প্রভাবলব্ধ কল্পদ্রুম-জাত পুষ্পরাশি অজের মস্তকে বর্ষণ করিয়া দশন-প্রভাদ্বারা বক্ষঃস্থলস্থ স্থূল মৌক্তিক হারের দ্যুতি পরিবর্দ্ধিত করিয়া বলিতে লাগিলেন ॥ ৫২ ॥

রাজকুমার! আমি গন্ধর্ব্বপতি প্রিয়দর্শনের তনূজ (পুত্র); আমার নাম

অবেহি গন্ধর্ব্বপতেস্তনূজং
প্রিয়ংবদং মাং প্রিয়দর্শনস্য ॥ ৫৩ ॥
স চানুনীতঃ প্রণতেন পশ্চাৎ
ময়া মহর্ষির্মৃদুতামগচ্ছৎ।
উষ্ণত্বমগ্ন্যাতপসম্প্রয়োগাৎ
শৈত্যং হি যৎ সা প্রকৃতির্জ্জলস্য ॥ ৫৪ ॥
ইক্ষ্বাকুবংশপ্রভবো যদা তে
ভেৎস্যত্যজঃ কুম্ভময়োমুখেন।

দ্বেষণেঽপি চ" ইতি বিশ্বঃ। মতঙ্গস্য মুনেঃ শাপাৎ মতঙ্গজত্বমবাপ্তবানস্মি মাং প্রিয়দর্শনস্য প্রিয়দর্শনাখ্যস্য গন্ধর্ব্বপতেঃ গন্ধর্ব্বরাজস্য তনূজং পুত্রম্। "স্ত্রিয়াং মূর্ত্তিস্তনুস্তনূঃ" ইত্যমরঃ। তন্বাদের্বৈত্যূঙিতি কেচিৎ। প্রিয়ংবদং প্রিয়ংবদাখ্যম্ অবেহি জানীহি। প্রিয়ং বদতীতি প্রিয়ংবদঃ। প্রিয়বশে বদঃ খচ্ ইতি খচ্প্রত্যয়ঃ ॥ ৫৩ ॥

স ইতি। স মহর্ষিশ্চ প্রণতেন ময়া অনুনীতঃ সন্ পশ্চাৎ মৃদুতাং শান্তি-মগচ্ছৎ তথা হি জলস্য উষ্ণত্বমগ্নেরাতপস্য বা সংপ্রয়োগাৎ সম্পর্কাৎ ন তু প্রকৃত্যা উষ্ণত্বং, যৎ শৈত্যং সা প্রকৃতিঃ স্বভাবঃ। বিধেয়প্রাধান্যাৎ সেতি স্ত্রীলিঙ্গনির্দ্দেশঃ। মহর্ষীণাং শান্তিরেব স্বভাবো ন ক্রোধ ইত্যর্থঃ ॥ ৫৪ ॥

প্রিয়ংবদ। আমি স্বীয় অহঙ্কার বশতই মহর্ষি মতঙ্গের শাপে মাতঙ্গযোনি প্রাপ্ত হইয়াছিলাম ॥ ৫৩ ॥

আমি প্রণত হইয়া অনুনয় করিলে পর, সেই মহর্ষির ক্রোধ প্রশমিত হইয়াছিল। কারণ জলের শৈত্যই স্বাভাবিক গুণ; অগ্নি এবং আতপের সংযোগে উহা উষ্ণত্ব প্রাপ্ত হইয়া থাকে। অর্থাৎ যেমন জলের প্রকৃতি শীতলতা; কিন্তু সেই শীতল জলে অগ্নি কিম্বা আতপ সংযোগ করিলে উক্ত স্বাভাবিক শীতল জল উষ্ণত্ব প্রাপ্ত হয় এবং পুনঃ উত্তাপের অভাব হইলে পূর্ব্বাবস্থা প্রাপ্ত হইয়া থাকে; ইহা যেমন প্রাকৃতিক নিয়ম। তদ্রূপ প্রশান্ত-স্বভাব মহর্ষি মতঙ্গ আমার অহঙ্কার বশতই ক্রোধান্বিত হইয়াছিলেন; কিন্তু পুনর্ব্বার অনুনয় করাতে তদীয় সেই ক্রোধ প্রশান্ত হইয়াছিল ॥ ৫৪ ॥

সংযোক্ষ্যসে স্বেন বপুর্ম্মহিম্না
তদেত্যবোচৎ স তপোনিধির্ম্মাম্ ॥ ৫৫ ॥
সংমোচিতঃ সত্ত্ববতা ত্বয়াহং
শাপাচ্চিরপ্রার্থিতদর্শনেন ।
প্রতিপ্রিয়ং চেদ্ভবতো ন কুর্য্যাং
বৃথা হি মে স্যাৎ স্বপদোপলব্ধিঃ ॥ ৫৬ ॥
সংমোহনং নাম সখে ! মমাস্ত্রং
প্রয়োগসংহারবিভক্তমন্ত্রম্ ।

ইক্ষ্বাকিতি। ইক্ষ্বাকুবংশঃ প্রভবো যস্য সঃ অজো যদা তে কুম্ভময়োমুখেন লৌহাগ্রেণ শরেণ ভেৎস্যতি বিদারয়িষ্যতি তদা স্বেন বপুষো মহিম্না পুনঃ সংযোক্ষ্যসে সঙ্গংস্যসে ইতি স তপোনিধির্ম্মাম্ অবোচৎ ॥ ৫৫ ॥

সংমোচিত ইতি। চিরং প্রার্থিতং দর্শনং যস্য তেন সত্ত্ববতা বলবতা ত্বয়া অহং শাপাৎ সংমোচিতঃ মোক্ষং প্রাপিতঃ ভবতঃ। প্রতিপ্রিয়ং প্রত্যুপকারং ন কুর্য্যাং চেৎ মে স্বপদোপলব্ধিঃ স্বস্থানপ্রাপ্তিঃ। "পদং ব্যবসিতত্রাণস্থানলক্ষ্মাঙ্ঘ্রিবস্তুষু" ইত্যমরঃ। বৃথা স্যাদ্ধি। তদুক্তং "প্রতিকর্ত্তুমশক্তস্য জীবিতান্মরণং বরম্" ইতি ॥ ৫৬ ॥

সংমোহনমিতি। হে সখে! সখিশব্দেন সমপ্রাণতোক্তা। যথোক্তম্

সেই প্রশান্তচিত্ত ঋষি আমাকে বলিয়াছিলেন, ইক্ষ্বাকুবংশসম্ভূত অজ যখন লৌহময় শরে তোমার কুম্ভ ভেদ করিবেন, তখন তুমি পুনর্ব্বার স্বকীয় দিব্য কলেবর প্রাপ্ত হইবে ॥ ৫৫ ॥

হে চিরপ্রার্থিত মহাবল! আপনা কর্তৃক আমি শাপ হইতে বিমুক্ত হইলাম, যদি আপনার কিছুমাত্র প্রত্যুপকার না করি, তাহাহইলে আমার স্বপদ-প্রাপ্তি নিতান্ত নিষ্ফল হইবে। অর্থাৎ হে মহাবল! আমি সেই মহর্ষির শাপগ্রস্ত হইয়া বহুকাল আপনার দর্শনলাভের প্রত্যাশা করিতেছিলাম; এক্ষণে আপনিই আমাকে সেই শাপ হইতে মুক্ত করিলেন। সুতরাং আমি যদি আপনার কোন প্রত্যুপকার না করি, তবে আমার এই স্বপদ-লাভ নিশ্চয়ই বৃথা হইবে ॥ ৫৬ ॥

হে সখে! সম্মোহন নামে আমার এক অস্ত্র আছে, প্রয়োগ ও সংহার

গান্ধর্ব্বমাদৎস্ব যতঃ প্রযোক্তু-
র্ন চারিহিংসা বিজয়শ্চ হস্তে ॥ ৫৭ ॥
অলং হ্রিয়া মাং প্রতি যন্মুহূর্ত্তং
দয়াপরোঽভূঃ প্রহরন্নপি ত্বম্‌।

"অত্যাগসহনো বন্ধুঃ সদৈবানুগতঃ সুহৃৎ। একক্রিয়ং ভবেন্মিত্রং সমপ্রাণঃ সখা মতঃ" ইতি। প্রয়োগসংহারয়োর্ব্বিভক্তমন্ত্রং গান্ধর্ব্বং গন্ধর্ব্বদেবতাকং সংমোহ্যতেঽনেনেতি সংমোহনং নাম মমাস্ত্রং আদৎস্ব গৃহাণ যতোঽস্ত্রাৎ প্রয়োক্তুরস্ত্রপ্রয়োগিণোঽরিহিংসা ন চ, বিজয়শ্চ হস্তে হস্তগতো বিজয়ো ভবতীত্যর্থঃ ॥ ৫৭ ॥

বধলজ্জিতঃ কথমস্ত্রগ্রহণপরঃ স্যামিতি চেত্তত্রাহ;—অলমিতি। কিঞ্চ মাং প্রতি হ্রিয়া প্রহারনিমিত্তয়া অলম্‌ কুতঃ যৎ যতো হেতোঃ ত্বং মাং প্রহরন্নপি মুহূর্ত্তং দয়াপরঃ কৃপালুরভূঃ তস্মাদুপচ্ছন্দয়তি প্রার্থয়মানে ময়ি

বিষয়ে উহার মন্ত্র বিভিন্ন। তুমি আমার নিকট হইতে ঐ গান্ধর্ব্ব অস্ত্র গ্রহণ কর। এই অস্ত্র প্রয়োগ করিলে প্রয়োগকর্ত্তার শত্রু হিংসা করা হয় না, অথচ জয়শ্রীও হস্তগত হইয়া থাকে। অর্থাৎ সম্মোহন নামক অস্ত্র প্রয়োগ করিলে শত্রুগণ মোহপ্রাপ্ত হয়; কিন্তু একেবারে নিধন প্রাপ্ত হয় না। সুতরাং প্রয়োগকারী হিংসা না করিয়াই এই অস্ত্রপ্রভাবে বিজয় লাভ করিয়া থাকেন ॥ ৫৭ ॥

আমাকে প্রহার করিয়াছ বলিয়া যে তোমার লজ্জা, এই বৃথা লজ্জা পরিত্যাগ কর। তুমি মুহূর্ত্তমাত্র প্রহার করিয়াও আমার প্রতি দয়াপ্রকাশ করিয়াছ। অতএব আমি স্বয়ং উপযাচক হইয়া যে অস্ত্র গ্রহণ করিতে অনুরোধ করিতেছি; তাহা গ্রহণে অস্বীকার করিয়া রূক্ষতা প্রকাশ করা তোমার উচিত হইবে না। অর্থাৎ হে রাজকুমার! তুমি আমাকে বধ করিবার জন্য অস্ত্র প্রহার করিয়া কি প্রকারে আমার নিকট হইতে অস্ত্র গ্রহণ করিবে; এই কারণে যদি তুমি লজ্জিত হও, তবে ইহা তোমার অন্যায়। কারণ ভাবিয়া দেখ, তুমি যে আমাকে প্রহার করিয়াছ, তাহাতে আমার যথেষ্ট উপকারই হইয়াছে। অতএব যদি উপকারীর প্রত্যুপকারই করিতে না পারি, তাহাহইলে আমার মত ব্যক্তির জীবিত থাকাই বৃথা হইবে। সুতরাং

তস্মাদুপচ্ছন্দয়তি প্রযোজ্যং
ময়ি ত্বয়া ন প্রতিষেধরৌক্ষ্যম্ ॥ ৫৮ ॥
তথেত্যুপস্পৃশ্য পয়ঃ পবিত্রং
সোমোদ্ভবায়াঃ সরিতো নৃসোমঃ।
উদঙ্মুখঃ সোঽস্ত্রবিদস্ত্রমন্ত্রং
জগ্রাহ তস্মান্নিগৃহীতশাপাৎ ॥ ৫৯ ॥
এবং তয়োরধ্বনি দৈবযোগা
দাসেদুষোঃ সখ্যমচিন্ত্যহেতু।

ত্বয়া প্রতিষেধঃ পরিহারঃ স এব রৌক্ষ্যং পারুষ্যং তন্ন প্রযোজ্যং ন কর্ত্তব্যম্ ॥ ৫৮ ॥

তথেতি। না সোমশ্চন্দ্র ইব নৃসোমঃ। উপমিতসমাসঃ। "সোম ওষধি-চন্দ্রয়োঃ" ইতি শাশ্বতঃ। পুরুষশ্রেষ্ঠ ইত্যর্থঃ। অস্ত্রবিদস্ত্রজ্ঞঃ সোঽজস্তথেতি, সোম উদ্ভবো যস্যাঃ সা তস্যাঃ সোমোদ্ভবায়াঃ সরিতো নর্ম্মদায়াঃ। "রেবা তু নর্ম্মদা সোমোদ্ভবা মেখলকন্যকাঃ" ইত্যমরঃ। পবিত্রং পয়ঃ উপস্পৃশ্য পীত্বা আচম্যেত্যর্থঃ। উদঙ্মুখঃ সন্ নিগৃহীতশাপাৎ নিবর্ত্তিতশাপাৎ উপকৃতা-দিত্যর্থঃ। তস্মাৎ প্রিয়ংবদাদস্ত্রমন্ত্রং জগ্রাহ ॥ ৫৯ ॥

এবমিতি। এবমধ্বনি মার্গে দৈবযোগাদ্দৈববশাৎ অচিন্ত্যহেতু অনি-

আমা কর্ত্তৃক প্রদত্ত এই অস্ত্র গ্রহণ করিয়া সখার সমুচিত কার্য্য পালন কর, তাহা হইলে তোমার ধর্ম্মও প্রতিপালিত হইবে ॥ ৫৮ ॥

অনন্তর পুরুষশ্রেষ্ঠ অস্ত্রবিদ্ অজ "তাহাই হউক" বলিয়া, সোমোদ্ভবা নর্ম্মদা নদীর পবিত্র জলে আচমন পূর্ব্বক উত্তরাভিমুখ হইয়া সেই শাপ-বিমুক্ত গন্ধর্ব্বরাজ-তনয়ের নিকট হইতে গান্ধর্ব্বাস্ত্রের মন্ত্র গ্রহণ করিলেন। অর্থাৎ অস্ত্রবিদ্যা-বিশারদ অজ তথাস্তু (তাহাই হউক) বলিয়া গন্ধর্ব্ব রাজকুমার প্রিয়ম্বদের প্রার্থনা বাক্যে সম্মতি প্রকাশ করিলেন এবং যথাবিধানে গান্ধর্ব্বাস্ত্রের প্রয়োগ ও প্রতিসংহার বিষয়ের মন্ত্র গ্রহণ করিলেন ॥ ৫৯ ॥

এইরূপে পথিমধ্যে দৈবযোগে অচিন্ত্য কারণে সখ্যভাব প্রাপ্ত গন্ধর্ব্বরাজ-

একো যযৌ চৈত্ররথপ্রদেশান্
সৌরাজ্যরম্যানপরো বিদর্ভান্ ॥ ৬০ ॥
তং তস্থিবাংসং নগরোপকণ্ঠে
তদাগমারূঢ়গুরুপ্রহর্ষঃ।
প্রত্যুজ্জগাম ক্রথকৈশিকেন্দ্র-
শ্চন্দ্রং প্রবৃদ্ধোর্ম্মিরিবোর্ম্মিমালী ॥ ৬১ ॥

দ্ধার্য্যহেতুকং সখ্যং সখিত্বম্। সখ্যুর্যঃ ইতি যপ্রত্যয়ঃ। আসেদুষোঃ প্রাপ্ত-বতোস্তয়োর্ম্মধ্যে একো গন্ধর্ব্বঃ চৈত্ররথস্য কুবেরোদ্যানস্য প্রদেশান্। "অস্যোদ্যানং চৈত্ররথম্" ইত্যমরঃ। অপরোঽজঃ সৌরাজ্যেন রাজন্বত্তয়া রম্যান্ বিদর্ভান্ বিদর্ভদেশান্ যযৌ ॥ ৬০ ॥

তমিতি। নগরস্যোপকণ্ঠে সমীপে তস্থিবাংসং স্থিতং তমজং তস্যাজস্যা-গমেনাগমনেনারূঢ় উৎপন্নো গুরুঃ প্রহর্ষো যস্য সঃ ক্রথকৈশিকেন্দ্রো বিদর্ভ-রাজঃ প্রবৃদ্ধোর্ম্মির্ব্ব্র্ম্মিমালী সমুদ্রঃ চন্দ্রমিব প্রত্যুজ্জগাম ॥ ৬১ ॥

তনয় ও কুমার অজের মধ্যে এক জন চৈত্ররথ প্রদেশে এবং অপর ব্যক্তি সৌরাজ্যরম্য বিদর্ভদেশে প্রস্থান করিলেন। অর্থাৎ এইরূপে পথিমধ্যে দৈবযোগে অনির্দ্দেশ্য কারণবশতঃ গন্ধর্ব্ব রাজপুত্রের সহিত কুমার অজের সখ্যভাব জন্মিলে দিব্যপুরুষ প্রিয়ম্বদ চৈত্ররথ নামক স্বস্থানে এবং রাজকুমার অজ বিদর্ভনগরে গমন করিয়াছিলেন ॥ ৬০ ॥

যেমন মহাসাগর তরঙ্গমালা বিস্তারপূর্ব্বক চন্দ্রমার প্রত্যুদ্গমন করিয়া থাকে, তদ্রূপ বিদর্ভাধিপতি ভোজ অজের আগমনে আনন্দিত হইয়া নগরোপকণ্ঠে সমাগত কুমার অজের প্রত্যুদ্গমন করিলেন। অর্থাৎ চন্দ্রো-দয়ে উহার আকর্ষণ বলে সমুদ্রের জল যেমন স্ফীত হইয়া উঠে, তদ্রূপ কুমার অজ নগরের উপকণ্ঠে (নগরপ্রান্তে) উপস্থিত হইলেন শ্রবণ করিয়া বিদর্ভরাজ ভোজের হর্ষ অত্যন্ত বর্দ্ধিত হইয়া উঠিল। চন্দ্রের আকর্ষণে সমুদ্রের জল বৃদ্ধি প্রাপ্ত হয় বলিয়া জোয়ারের কারণই চন্দ্রের আকর্ষণ; এই প্রাকৃ-তিক নিয়মের দ্বারাই জোয়ার এবং ভাঁটার কার্য্য নির্ব্বাহ হইতেছে ॥ ৬১ ॥

প্রবেশ্য চৈনং পুরমগ্রযায়ী
নীচৈস্তথোপাচরদর্পিতশ্রীঃ ।
মেনে যথা তত্র জনঃ সমেতো-
বৈদর্ভমাগন্তুমজং গৃহেশম্ ॥ ৬২ ॥
তস্যাধিকার-পুরুষৈঃ প্রণতৈঃ প্রদিষ্টাং
প্রাগ্দ্বারবেদিবিনিবেশিতপূর্ণকুম্ভাম্ ।
রম্যাং রঘুপ্রতিনিধিঃ স নবোপকার্য্যাং
বাল্যাৎপরামিব দশাং মদনোঽধ্যুবাস ॥৬৩॥

প্রবেশ্যেতি। এনমজম্ অগ্রযায়ী সেবাধর্ম্মেণ পুরোগচ্ছন্নিত্যর্থঃ। নীচৈর্নম্রঃ সন্ পুরং প্রবেশ্য প্রবেশং কারয়িত্বা প্রীত্যা অর্পিতশ্রীঃ তথা তেন প্রকারেণোপাচরৎ উপচরিতবান্ যথা যেন প্রকারেণ তত্র পুরে সমেতো মিলিতো জনো বৈদর্ভং ভোজমাগন্তুং প্রাঘুণিকং (অতিথিং) মেনে, অজং গৃহেশং গৃহপতিং মেনে ॥ ৬২ ॥

তস্যেতি। রঘুপ্রতিনিধিঃ রঘুকল্পো রঘুতুল্য ইত্যর্থঃ। উক্তঞ্চ দণ্ডিনা সাদৃশ্যবাচকপ্রস্তাবে। "কল্পদেশীয়দেশ্যাদি প্রখ্যপ্রতিনিধী অপি" ইতি। সোঽজঃ প্রণতৈর্নমস্কৃতবদ্ভিঃ। কর্ত্তরি ক্তঃ। তস্য ভোজস্যাধিকারো নিয়োগঃ তস্য পুরুষৈরধিকৃতৈরিত্যর্থঃ। প্রদিষ্টাং নির্দ্দিষ্টাং প্রাগ্দ্বারস্য বেদ্যাং বিনিবেশিতঃ প্রতিষ্ঠাপিতঃ পূর্ণকুম্ভো যস্যাস্তাং স্থাপিতমঙ্গলকলসামিত্যর্থঃ। রম্যাং রমণীয়াং নবোপকার্য্যাং নূতনং রাজভবনম্। "উপকার্য্যা রাজসদ্মন্যুপচারকৃতেঽন্যবৎ" ইতি বিশ্বঃ। মদনো বাল্যাৎ পরাং শৈশবাদনন্তরাং দশামিব

বিদর্ভাধিপতি ভোজ অজের অগ্রে অগ্রে নম্রভাবে গমনপূর্ব্বক তাঁহাকে নগর মধ্যে প্রবেশ করাইয়া প্রীতমনে স্বকীয় অনুচর, যান, আসন ও শয্যাদি উপভোগ্য বস্তু প্রদান করিয়া তাঁহার এইরূপ পরিচর্য্যা করিলেন যে, সমাগত দর্শকবৃন্দ সেই সময়ে বিদর্ভনাথকে আগন্তুক এবং অজকে গৃহস্বামী বলিয়া অনুমান করিতে লাগিল ॥ ৬২ ॥

যেমন বাল্যকাল অতীত হইলে অভিনব যৌবনে মদন আসিয়া অধিষ্ঠান করেন, তদ্রূপ কন্দর্প সদৃশ যুবরাজ অজ, ভোজরাজার অধিকৃত প্রণত ব্যক্তি কর্ত্তৃক নির্দ্দিষ্ট প্রথম দ্বারবেদি মধ্যে সন্নিবেশিত পূর্ণকুম্ভবিশিষ্ট রমণীয় নূতন

তত্র স্বয়ংবরসমাহৃতরাজলোকং
কন্যাললাম কমনীয়মজস্য লিপ্সোঃ।
ভাবাববোধকলুষা দয়িতেব রাত্রৌ
নিদ্রা চিরেণ নয়নাভিমুখী বভূব ॥ ৬৪ ॥

যৌবনমিবেত্যর্থঃ। অধ্যুবাস অধিষ্ঠিতবান্ তত্রোষিতবানিত্যর্থঃ। "উপান্বধ্যাঙ্‌বসঃ" ইতি কর্ম্মত্বম্ ॥ ৬৩ ॥

তত্রেতি। তত্রোপকার্য্যায়াং স্বয়ম্বরনিমিত্তং সমাহৃতঃ সংমেলিতো রাজলোকো যেন তৎ কমনীয়ং স্পৃহনীয়ং কন্যাললাম কন্যাসু শ্রেষ্ঠম্। "ললামোহস্ত্রী ললামাপি প্রভাবে পুরুষে ধ্বজে। শ্রেষ্ঠভূষাশুণ্ডশৃঙ্গ পুচ্ছচিহ্নাশ্বলিঙ্গিষু" ইতি যাদবঃ। লিপ্সোর্লব্ধুমিচ্ছোঃ। লভেঃ সনন্তাদুপ্রত্যয়ঃ। অজস্য ভাবাববোধে পুরুষস্যাভিপ্রায়পরিজ্ঞানে কলুষা অসমর্থা দয়িতেব রাত্রৌ নিদ্রা চিরেণ নয়নাভিমুখী বভূব। "রাজানং কামিনং চৌরং প্রবিশন্তি প্রজাগরাঃ" ইতি ভাবঃ। অভিমুখীশব্দো ঙীষন্তঃ চ্ব্যন্তোবা (অভিমুখী শব্দঃ ঈবন্তঃ চ্বীপ্রত্যয়ান্তঃ বেত্যর্থঃ) ॥ ৬৪ ॥

রাজভবনে অধিষ্ঠান করিলেন। অর্থাৎ কন্দর্প যেমন লোকের বাল্যাবস্থার পরে অভিনব যৌবনদশাতে বাস করে, সেইরূপ অজও নির্দ্দিষ্ট সুসজ্জিত অভিনব রাজভবনে বাস করিতে লাগিলেন ॥ ৬৩ ॥

পতির অভিপ্রায় পরিজ্ঞানে অসমর্থা প্রমদা যেমন রাত্রিতে পতির নিকটে বিলম্বে আসিয়া উপস্থিত হয়, তদ্রূপ নিদ্রাও নিশাকালে বহু বিলম্বে স্বয়ম্বর সভায় নানাদিগ্‌দেশীয় ভূপালবর্গের আগমনের কারণ-স্বরূপ সেই স্পৃহনীয় কন্যারত্ন-লিপ্সু বিদর্ভনগরে অবস্থিত অজের নয়নাভিমুখী হইল। অর্থাৎ অজ বিদর্ভনগরে উপস্থিত হইয়া ভোজরাজ-নির্দ্দিষ্ট গৃহে বাস করিতে লাগিলেন ; ক্রমে রাত্রি সমাগত হইল এবং আহারাদির ক্রিয়া সম্পন্ন হইলে, সঙ্গিগণ সকলেই নিদ্রায় অভিভূত হইলেন ; কিন্তু স্পৃহনীয় কন্যারত্ন-লাভার্থ নিতান্ত সমুৎসুক কুমার অজের আর নিদ্রাবেশ হয় না, এইরূপে বহুক্ষণ পরে পুরুষের হৃদ্গত ভাব পরিজ্ঞানে অসমর্থা স্ত্রীর ন্যায় নিদ্রা আসিয়া উপস্থিত হইল ॥ ৬৪ ॥

তং কর্ণভূষণনিপীড়িতপীবরাংসং
শয্যোত্তরচ্ছদবিমর্দ্দকৃশাঙ্গরাগম্।
সূতাত্মজাঃ সবয়সঃ প্রথিতপ্রবোধং
প্রাবোধয়ন্নুষসি বাগ্ভিরুদারবাচঃ ॥ ৬৫ ॥
রাত্রির্গতা মতিমতাং বর মুঞ্চ শয্যাং
ধাত্রা দ্বিধৈব ননু ধূর্জ্জগতো বিভক্তা।

তমিতি। কর্ণভূষণাভ্যাং নিপীড়িতৌ পীবরৌ পীনাবংসৌ যস্য তং শয্যায়াং উত্তরচ্ছদস্যোপর্য্যাস্তরণবস্ত্রস্য বিমর্দ্দেন ঘর্ষেণ কৃশো বিরলোঽঙ্গরাগো যস্য তং ন ত্বঙ্গনাসঙ্গাদিতি ভাবঃ। প্রথিতপ্রবোধং প্রকৃষ্টজ্ঞানং তমেনমজং সবয়সঃ সমানবয়স্কাঃ উদারবাচঃ প্রগল্ভগিরঃ সূতাত্মজাঃ বন্দিপুত্রাঃ বৈতালিকা ইতি বা পাঠঃ। "বৈতালিকা বোধকরাঃ" ইত্যমরঃ। বাগ্ভিঃ স্তুতিপাঠৈঃ উষসি প্রাবোধয়ন্ প্রবোধয়ামাসুঃ॥ ৬৫॥

রাত্রিরিতি। হে মতিমতাং বর! নির্দ্ধারণে ষষ্ঠী। রাত্রির্গতা শয্যাং মুঞ্চ বিনিদ্রো ভবেত্যর্থঃ। বিনিদ্রত্বে ফলমাহ ধাত্রেতি। ধাত্রা ব্রহ্মণা জগতোধূর্ভারঃ। "ধূঃ স্যাদ্যানমুখে ভারে" ইতি যাদবঃ। দ্বিধৈব দ্বয়োরেবেত্যর্থঃ। এবকারঃ তৃতীয়নিষেধার্থঃ। বিভক্তা ননু বিভজ্য স্থাপিতা খলু। ততঃ কিমত আহ। তাং ধুরমেকত এককোটৌ তব গুরুঃ পিতা বিনিদ্রঃ সন্ বিভর্ত্তি তস্যাঃ ধুরো ভবান্ ধুরং বহতীতি ধুর্য্যো ভারবাহী তস্য পদং বহনস্থানং অপরং

নিদ্রার আবেশে সেই অজের নিতান্ত স্থূল স্কন্ধযুগল কর্ণভূষণ দ্বারা নিপীড়িত হইতে লাগিল এবং শয্যার আস্তরণ বস্ত্রের সংঘর্ষণে তাঁহার অঙ্গরাগ সকল বিরলভাব ধারণ করিল; পরে প্রভাত সময়ে সুবক্তা সমবয়স্ক বৈতালিক তনয়গণ, সম্যক্জ্ঞান-সম্পন্ন অজকে স্তুতিবাদ দ্বারা প্রবোধিত করিতে প্রবৃত্ত হইল॥ ৬৫॥

হে জ্ঞানিগণাগ্রগণ্য! রাত্রি শেষ হইয়াছে, আপনি শয্যা ত্যাগ করুন; বিধাতা জগতের ভার দুইভাগে বিভক্ত করিয়া দিয়াছেন। তন্মধ্যে আপনার পিতা রঘু বিনিদ্র হইয়া একভাগ ধারণ করিতেছেন; এক্ষণে আপনিও অপর ধুরন্ধরের পদ অবলম্বন করুন। অর্থাৎ উভয় বাহ্যভার এক ব্যক্তির বহন করা উচিত হয় না; সুতরাং আপনি প্রবুদ্ধ হইয়া যুবরাজের পদ

তামেকতস্তব বিভর্ত্তি গুরুর্ব্বিনিদ্র-
স্তস্যা ভবানপরধুর্য্যপদাবলম্বী ॥ ৬৬ ॥
নিদ্রাবশেন ভবতাপ্যনপেক্ষমাণা
পর্য্যুৎসুকত্বমবলা নিশিখণ্ডিতেব।

যদ্ধুর্য্যপদং তদবলম্বী ততো বিনিদ্রো ভবেত্যর্থঃ। ন হ্যুভয়বাহ্যম্ একো· বহতীতি ভাবঃ ॥ ৬৬ ॥

নিদ্রেতি। চন্দ্রারবিন্দরাজবদনাদয়ো লক্ষ্মীনিবাসস্থানানীতি প্রসিদ্ধি-মাশ্রিত্যোচ্যতে। নিদ্রাবশেন নিদ্রাধীনেন স্ত্র্যন্তরাসঙ্গো ধ্বন্যতে। ভবতা পর্য্যুৎসুকত্বমপি ত্বয্যনুরক্তত্বমপীত্যর্থঃ। প্রসিতোৎসুকাভ্যাং তৃতীয়া চ ইতি সপ্তম্যর্থে তৃতীয়া। অপিশব্দস্ত্বদ্বিষয়ানুরাগস্যানুপেক্ষ্যত্বদ্যোতনার্থঃ। নিশি খণ্ডিতা ভর্ত্তুরন্যাসঙ্গজ্ঞানকলুষিতা অবলেব নায়িকেব। "জ্ঞাতেঽন্যাসঙ্গবিকৃতে খণ্ডিতের্ষ্যাকষায়িতা" ইতি দশরূপকে। অনপেক্ষমাণা অবিচারয়ন্তী সতী উপেক্ষ্যমাণেত্যর্থঃ লক্ষ্মীঃ যেন চন্দ্রেণ সহ তদাননসদৃশত্বাদিতি ভাবঃ। বিনোদয়তি বিনোদং করোতি। বিনোদশব্দাৎ তৎ করোতি তদাচষ্টে ইতি ণিচ্। সাদৃশ্যদর্শনাদয়ো হি বিরহিণাং বিনোদস্থানানীতি ভাবঃ। স চন্দ্রো-ঽপি দিগন্তলম্বী পশ্চিমাশাং গতঃ সন্ অস্তং গচ্ছন্নিত্যর্থঃ অতএব ত্বদানন-রুচিং বিজহাতি ত্বন্মুখসাদৃশ্যং ত্যজতীত্যর্থঃ। অতো নিদ্রাং বিহায় তাং লক্ষ্মী-মনন্যশরণাং পরিগৃহাণেতি ভাবঃ। অথবা নিদ্রাবশেন ভবতানপেক্ষ্যমাণা

গ্রহণ করুন। অজ যেন অযোধ্যাভবনেই শায়িত রহিয়াছেন, ইহা মনে করিয়াই বন্দিপুত্রগণ যুবরাজের পদ গ্রহণ করিতে বলিতেছে; বাস্তবিক যে তিনি বিদর্ভনগরে সুপ্ত আছেন, ইহা বৈতালিক-পুত্রদিগের বিস্মৃতি ঘটিয়া-ছিল। অন্যথা উক্তরূপ বর্ণনা সুসঙ্গত হয় না ॥ ৬৬ ॥

আপনি নিশাকালে নিদ্রার অধীন হওয়াতে লক্ষ্মী আপনার প্রতি নিতান্ত অনুরক্তা থাকিলেও উপেক্ষা করিয়া খণ্ডিতা স্ত্রীর ন্যায় চন্দ্রের সহিত চিত্ত-বিনোদন করিতেছিলেন; সেই চন্দ্রও এক্ষণে পশ্চিমদিকের প্রান্তভাগ অবলম্বন পূর্ব্বক ভবদীয় আননসাদৃশ্য পরিত্যাগ করিতেছেন। অর্থাৎ কুমার অজ রাত্রিকালে অন্যস্ত্রীরূপিণী নিদ্রাদেবীর অধীন হওয়াতে, তাঁহার অনুরক্তা স্ত্রীস্বরূপিণী লক্ষ্মী স্বামীর অন্যরমণী সহবাসে নিতান্ত কলুষিতা অবলার ন্যায় কুমারের প্রতি উপেক্ষা প্রদর্শন করিয়া অজের মুখসাদৃশ্যযুক্ত যে চন্দ্রের

লক্ষ্মীর্ব্বিনোদয়তি যেন দিগন্তলম্বী
সোঽপি ত্বদাননরুচিং বিজহাতি চন্দ্রঃ ॥ ৬৭ ॥
তদ্বল্গুনা যুগপদুন্মিষিতেন তাবৎ
সদ্যঃ পরস্পরতুলামধিরোহতাং দ্বে ।
প্রস্পন্দমানপরুষেতরতারমন্ত-
শ্চক্ষুস্তব প্রচলিতভ্রমরঞ্চ পদ্মম্‌ ॥ ৬৮ ॥
বৃন্তাচ্ছ্লথং হরতি পুষ্পমনোকহানাং
সংসৃজ্যতে সরসিজৈররুণাংশুভিন্নৈঃ ।

অনিরীক্ষ্যমাণা কর্ম্মণি শানচ্‌। লক্ষ্মীঃ প্রয়োজককর্ত্রী যেন চন্দ্রেণ প্রযোজ্যেন পর্য্যুৎসুকত্বং ত্বদ্বিরহবেদনাম্‌। "কালাক্ষমত্বমৌৎসুক্যং মনস্তাপজ্বরাদিকৃৎ" ইত্যলঙ্কারঃ। বিনোদয়তি নিরাসয়তীতি যোজনা। শেষং পূর্ব্ববৎ। নাথস্তু অর্থোপপত্তিমপশ্যন্‌ ইমং পক্ষমুপৈক্ষিষ্ট ॥ ৬৭ ॥

তদিতি। তত্তস্মাল্লক্ষ্মীপরিগ্রহণাৎ বল্গুনা মনোজ্ঞেন "বল্গু স্থানে মনোজ্ঞে চ বল্গু ভাষিতমন্যবৎ" ইতি বিশ্বঃ। যুগপত্তাবদুন্মিষিতেন যুগপদেবোন্মীলিতেন সদ্যো দ্বে অপি পরস্পরতুলাম্‌ অন্যোন্যসাদৃশ্যম্‌ অধিরোহতাং প্রাপ্নুতাম্‌। প্রার্থনায়াং লোট্‌। কে দ্বে অন্তঃপ্রস্পন্দমানা চলন্তী পরুষেতরা স্নিগ্ধা তারা কনীনিকা যস্য তথোক্তম্‌। "তারকাক্ষ্ণঃ কনীনিকা" ইত্যমরঃ। তব চক্ষুঃ অন্তঃ প্রচলিতভ্রমরং চলদ্‌ভৃঙ্গং পদ্মঞ্চ। যুগপদুন্মেষে সতি সম্পূর্ণসাদৃশ্যলাভ ইতি ভাবঃ ॥ ৬৮ ॥

বৃন্তাদিতি। বিভাতবায়ুঃ স্বাভাবিকং নৈসর্গিকং তে তব মুখমারুতস্য

সহবাসে বিরহবেদনা অপনোদন করিতেছিলেন, সেই কুমুদিনী-নায়কও তাঁহাকে পরিত্যাগ করিয়া অস্তাচলে গমন করিতেছেন। অতএব সেই অসহায়া লক্ষ্মীকে আশ্রয় প্রদান করুন। এই বলিয়া স্তুতিপাঠকগণ স্তুতিবাদ করিতে লাগিল। খণ্ডিতা স্ত্রী—স্বামীর অন্য স্ত্রীর সহবাস-বোধে কলুষিতা অবলাকে খণ্ডিতা স্ত্রী কহে ॥ ৬৭ ॥

হে রাজকুমার! আপনার অন্তঃপ্রচলিত স্নিগ্ধ তারকাসম্পন্ন নয়ন এবং অভ্যন্তরে ভ্রমরযুক্ত পদ্ম; ইহারা উভয়েই যুগপৎ উন্মেষ দ্বারা অবিলম্বে পরস্পর সাদৃশ্যলাভ করুক ॥ ৬৮ ॥

স্বাভাবিকং পরগুণেন বিভাতবায়ুঃ
সৌরভ্যমীপ্সুরিব তে মুখমারুতস্য ॥ ৬৯ ॥
তাম্রোদরেষু পতিতং তরুপল্লবেষু
নির্দ্ধৌতহারগুলিকাবিশদং হিমাম্ভঃ।
আভাতি লব্ধপরভাগতয়াঽধরোষ্ঠে
লীলাস্মিতং সদশনার্চ্চিরিব ত্বদীয়ম্ ॥ ৭০ ॥

নিশ্বাসপবনস্য সৌরভ্যং তাদৃক্ সৌগন্ধ্যমিত্যর্থঃ পরগুণেনান্যদীয়গুণেন সাঙ্ক্রামিকগন্ধেনেত্যর্থঃ ঈপ্সুরাপ্তুমিচ্ছুরিব। আপজ্ঞপ্যৃধামীত ইতি ঈকারাদেশঃ। অনোকহানাং বৃক্ষাণাং শ্লথং শিথিলং পুষ্পং বৃন্তাৎ পুষ্পবন্ধনাৎ। "বৃন্তং প্রসববন্ধনম্" ইত্যমরঃ। হরতি আদত্তে অরুণাংশুভিন্নৈস্তরণিকিরণোদ্বোধিতৈঃ সরসি জাতৈঃ সরসিজৈঃ কমলৈঃ সহ। তৎপুরুষে কৃতি বহুলম্ ইতি সপ্তম্যা অলুক্। সংসৃজ্যতে সঙ্গচ্ছতে। সৃজের্দৈবাদিকাৎ কর্ত্তরি লট্ ॥ ৬৯ ॥

তাম্রোদরেষ্বিতি। তাম্রোদরেষ্বরুণাভ্যন্তরেষু তরুপল্লবেষু পতিতং নির্দ্ধৌতা যা হারগুলিকা মুক্তামণয়ঃ তদ্বদ্বিশদং হিমাম্ভঃ লব্ধপরভাগতয়া লব্ধোৎকর্ষতয়া। "পরভাগো গুণোৎকর্ষে" ইতি যাদবঃ। অধরোষ্ঠে ত্বদীয়ং সদশনার্চ্চিঃ দন্তকান্তিসহিতং লীলাস্মিতমিবাভাতি শোভতে ॥ ৭০ ॥

প্রভাত সমীরণ পরকীয় গুণদ্বারা ভবদীয় স্বাভাবিক নিশ্বাস-সৌরভ লাভেচ্ছুক হইয়া পাদপগণের শিথিল কুসুম সকল বৃন্ত হইতে হরণ করিতেছে এবং তরুণ অরুণ কিরণে বিকসিত কমলদলে সংসক্ত হইতেছে। অর্থাৎ প্রভাত বায়ু আপনার স্বাভাবিক মুখ মারুতের অনুরূপ সৌরভ লাভ করিবার অভিলাষেই যেন পরগুণ গ্রহণে নিতান্ত লোলুপ হইয়া তরুগণের শ্লথবৃন্ত হইতে কুসুম হরণ করিতেছে এবং সূর্য্যকিরণে বিকসিত পদ্মের দলে সংলগ্ন হইতেছে ॥ ৬৯ ॥

পরিষ্কৃত মুক্তার ন্যায় শুভ্র শিশির বিন্দুসকল বৃক্ষের তাম্রবর্ণ পল্লবে নিপতিত হইয়া গুণোৎকর্ষ লাভপূর্ব্বক আপনার অধরোষ্ঠের দশন কান্তি সহকৃত লীলাজনিত হাস্যের ন্যায় শোভা ধারণ করিতেছে ॥ ৭০ ॥

যাবৎ প্রতাপনিধিরাক্রমতে ন ভানু-
রহ্নায় তাবদরুণেন তমোনিরস্তম্।
আযোধনাগ্রসরতাং ত্বয়ি বীর যাতে
কিংবা রিপূংস্তব গুরুঃ স্বয়মুচ্ছিনত্তি ॥ ৭১ ॥
শয্যাং জহত্যুভয়পক্ষবিনীতনিদ্রাঃ
স্তম্বেরমা মুখরশৃঙ্খলকর্ষিণস্তে।

যাবদিতি। প্রতাপনিধিস্তেজোনিধিঃ ভানুর্যাবন্নাক্রমতে নোদ্গচ্ছতি। আঙ্ উদ্গমনে ইত্যাত্মনেপদম্। ভানাবনুদিতএবেত্যর্থঃ। অহ্নায় ঝটিতি। "দ্রাক্ ঝটিত্যঞ্জসাহ্নায়" ইত্যমরঃ। অরুণেনানূরুণা। "সূরসূতোঽরুণোঽনূরুঃ" ইত্যমরঃ। তাবৎ তমো নিরস্তম্। তথাহি হে বীর! ত্বয়ি আযোধনেষু যুদ্ধেষু। "যুদ্ধমাযোধনং জন্যম্" ইত্যমরঃ। অগ্রসরতাং পুরঃসরতাং যাতে সতি তব গুরুঃ পিতা রিপূন্ স্বয়মুচ্ছিনত্তি কিং বা নোচ্ছিনত্ত্যেবেত্যর্থঃ। ন খলু যোগ্যপুত্রন্যস্তভারাণাং স্বামিনাং স্বয়ং ব্যাপারখেদ ইতি ভাবঃ ॥ ৭১ ॥

শয্যামিতি। উভাভ্যাং পক্ষাভ্যাং পার্শ্বাভ্যাং বিনীতা নিদ্রা যেষাং তে উভয়পক্ষবিনীতনিদ্রাঃ। অত্র সমাসবিষয়ে উভশব্দস্থানে উভয়শব্দপ্রয়োগ এব সাধুঃ ইত্যনুসন্ধেয়ম্। যথাহ কৈয়টঃ উভাদুদাত্তো নিত্যম্ ইতি নিত্যগ্রহণস্যেদং প্রয়োজনং বৃত্তিবিষয়ে উভয়শব্দস্য প্রয়োগো মাভূৎ উভয়শব্দস্যৈব যথা স্যাৎ উভয়পুত্রইত্যাদি ভবতীতি। মুখরাণ্যুত্থানচলনাচ্ছব্দায়মানানি শৃঙ্খলানি নিগড়ানি কর্ষন্তীতি তথোক্তাঃ তে তব স্তম্বে রমন্তীতি স্তম্বেরমাঃ হস্তিনঃ। স্তম্বকর্ণয়োরভিজপোঃ ইত্যচ্ প্রত্যয়ঃ। হস্তিসূচকয়োঃ ইতি বক্তব্যাৎ। "ইভঃ স্তম্বেরমঃ পদ্মী" ইত্যমরঃ। তৎপুরুষে কৃতি বহুলম্ ইতি সপ্তম্যা অলুক্।

প্রভার আকর দিবাকর উদিত না হইতেই অরুণ কর্ত্তৃক সহসা অন্ধকার অন্তর্হিত হইল; হে বীর! আপনি সমরে অগ্রসর হইলে আপনার পিতা কি স্বয়ং আর শত্রু সংহারে প্রবৃত্ত হইবেন? ॥ ৭১ ॥

আপনার মাতঙ্গগণ উভয় পার্শ্ব পরিবর্ত্তন পূর্ব্বক নিদ্রা সমাপ্ত করিয়া মুখের শৃঙ্খল আকর্ষণ করিতেছে; উহাদিগের দন্তকোরক সূর্য্যকিরণ সংযোগে যেন পর্ব্বতের গৈরিকতট বিপাটিত করিয়াছে, এইরূপ প্রতীয়মান হইতেছে। অর্থাৎ হস্তিগণ দন্তদ্বারা পর্ব্বতের গৈরিকময় সানুপ্রদেশ খনন

যেষাং বিভান্তি তরুণারুণরাগযোগাৎ
ভিন্নাদ্রিগৈরিকতটা ইব দন্তকোশাঃ ॥ ৭২ ॥
দীর্ঘেম্বমী নিয়মিতাঃ পটমণ্ডপেষু
নিদ্রাং বিহায় বনজাক্ষ বনায়ুদেশ্যাঃ।
বক্ত্রোষ্মণা মলিনয়ন্তি পুরোগতানি
লেহ্যানি সৈন্ধবশিলাশকলানি বাহাঃ ॥ ৭৩ ॥
ভবতি বিরলভক্তির্ম্লানপুষ্পোপহারঃ
স্বকিরণপরিবেষোদ্ভেদশূন্যাঃ প্রদীপাঃ।

শয্যাং জহতি ত্যজন্তি। যেষাং স্তম্বেরমাণাং দন্তাঃ কোশা ইব দন্তকোশাঃ দন্তকুট্মলাঃ তরুণারুণরাগযোগাৎ বালার্কারুণসম্পর্কাদ্ধেতো ভিন্নাদ্রিগৈরিকতটা ইব বিভান্তি ধাতুরক্তা ইব ভান্তীত্যর্থঃ ॥ ৭২ ॥

দীর্ঘেম্বিতি। হে বনজাক্ষ! নীরজাক্ষ! "বনং নীরং বনং সত্ত্বম্" ইতি শাশ্বতঃ। দীর্ঘেষু পটমণ্ডপেষু নিয়মিতাঃ বদ্ধাঃ বনায়ুদেশ্যাঃ বনায়ুদেশে ভবাঃ। "পারসীকাঃ বনায়ুজাঃ" ইতি হলায়ুধঃ। অমী বাহাঃ অশ্বা নিদ্রাং বিহায় পুরোগতানি লেহ্যানি আস্বাদ্যানি সৈন্ধবশিলাশকলানি। "সৈন্ধবোঽস্ত্রী সিতশিলং মাণিমন্থঞ্চ সিন্ধুজ" ইত্যমরঃ। বক্ত্রোষ্মণা মলিনয়ন্তি মলিনানি কুর্ব্বন্তি। উক্তঞ্চ সিদ্ধযোগসংগ্রহে "পূর্ব্বাহ্নকালে চাশ্বানাং প্রায়শো লবণং হিতম্। শূলমোহবিবন্ধঘ্নং লবণং সৈন্ধবং বরম্" ইত্যাদি ॥ ৭৩ ॥

করিলে দন্ত সকল যেরূপ শোভা পায়, উহাদের দশনে সূর্য্যকিরণ পতিত হওয়াতে সেইরূপ শোভা পাইতেছে ॥ ৭২ ॥

হে কমললোচন! প্রশস্ত পটমণ্ডপে পারস্যদেশীয় এই সমস্ত ঘোটক নিদ্রা পরিত্যাগ করিয়া সম্মুখে লেহনার্থ প্রদত্ত সৈন্ধবশিলা সকল মুখমারুতদ্বারা মলিন করিতেছে। অর্থাৎ অশ্বগণের স্বাস্থ্যের উৎকর্ষের নিমিত্ত প্রাতঃকালে উহাদিগকে সৈন্ধবলবণ সেবন করিতে দেওয়ার রীতি আছে। এক্ষণে ঘোটকসকল তাহাদের নিকটে প্রদত্ত সৈন্ধব-শিলাখণ্ড লেহন করিতেছে; সুতরাং রাত্রি প্রভাত হইয়াছে। হে কমলপত্রাক্ষ! আপনি গাত্রোত্থান করুন। এস্থলে ঘোটকদিগের সৈন্ধব ভক্ষণকাল দ্বারা প্রভাতসময় নির্ণীত হইল ॥ ৭৩ ॥

অয়মপি চ গিরং ন স্ত্বৎপ্রবোধপ্রযুক্তা-
মনুবদতি শুকস্তে মঞ্জুবাক্ পঞ্জরস্থঃ ॥ ৭৪ ॥
ইতি বিরচিতবাগ্‌ভির্ব্বন্দিপুত্রৈঃ কুমারঃ
সপদি বিগতনিদ্রস্তল্পমুজ্‌ঝাঞ্চকার।
মদপটু নিনদদ্ভির্ব্বোধিতোরাজহংসৈঃ
সুরগজইব গাঙ্গং সৈকতং সুপ্রতীকঃ ॥ ৭৫ ॥

ভবতীতি। ম্লানঃ পুষ্পোপহারঃ পুষ্পপূজা ম্লানত্বাদেব বিরলভক্তির্ব্বিরলরচনো ভবতি। প্রদীপাশ্চ স্বকিরণানাং পরিবেষস্য মণ্ডলস্যোচ্ছেদেন স্ফুরণেন শূন্যা ভবন্তি নিস্তেজস্কা ভবন্তীত্যর্থঃ। অপিচ অয়ং মঞ্জুবাক্ মধুরবচনঃ পঞ্জরস্থঃ তে তব শুকঃ ত্বৎপ্রবোধনিমিত্তে প্রযুক্তামুচ্চারিতাং নোঽস্মাকং গিরং বাণীমনুবদতি অনুকৃত্য বদতীত্যর্থঃ। ইত্থং প্রভাতলিঙ্গানি বর্ত্তন্তেঽতঃ প্রবোদ্ধব্যমিতি ভাবঃ ॥ ৭৪ ॥

ইতীতি। ইতীত্থং বিরচিতবাগ্‌ভিঃ বন্দিপুত্রৈঃ বৈতালিকৈঃ। পুত্রগ্রহণং সমানবয়স্কত্বদ্যোতনার্থম্। সপদি বিগতনিদ্রঃ কুমারঃ তল্পং শয্যাম্। "তল্পং শয্যাট্টদারেষু" ইত্যমরঃ। উজ্‌ঝাঞ্চকার বিসসর্জ ইজাদেশ্চ গুরুমতোঽনৃচ্ছঃ ইত্যাম্‌প্রত্যয়ঃ। কথমিব? মদেন পটু মধুরং নিনদদ্ভিঃ রাজহংসৈঃ বোধিতঃ সুপ্রতীকাখ্য সুরগজঃ ঈশানদিগ্‌গজঃ গঙ্গায়া ইদং গাঙ্গং সৈকতং পুলিনমিব। "তোয়োত্থিতং তৎ পুলিনং সৈকতং সিকতাময়ম্" ইত্যমরঃ। সিকতাশর্করাভ্যাং চ ইত্যণ্‌প্রত্যয়ঃ। সুপ্রতীকগ্রহণং প্রায়শঃ কৈলাসবাসিনস্তস্য নিত্যং গঙ্গাতটবিহারসম্ভবাদিত্যনুসন্ধেয়ম্ ॥ ৭৫ ॥

উপহার-লব্ধ কুসুমমালা সকল ম্লান ও তাহাদিগের গ্রন্থনপারিপাট্য শ্লথ হইতেছে; প্রদীপ সকল নিস্তেজ হইয়া স্বীয় প্রভাপুঞ্জের পরিবেষশূন্য হইয়াছে এবং আপনার এই পিঞ্জরবাসী মধুরভাষী শুকপক্ষীও আপনার নিদ্রা ভঙ্গ করিবার উদ্দেশে আমাদের বাক্যের অনুকরণ করিতেছে ॥ ৭৪ ॥

যেমন সুরগজ সুপ্রতীক, রাজহংসগণের মধুর কোলাহলে প্রবোধিত হইয়া সুরতরঙ্গিনী গঙ্গার সিকতাময় পুলিন (বালুকাময় তীর) পরিত্যাগ করে, সেইরূপ কুমার অজ, বন্দিকুমারগণের উল্লিখিত রূপ সুরচিত বাক্যে জাগরিত হইয়া তৎক্ষণাৎ শয্যা পরিত্যাগ করিলেন ॥ ৭৫ ॥

অথ বিধিমবসায্য শাস্ত্রদৃষ্টং
দিবসমুখোচিতমঞ্চিতাক্ষিপক্ষ্মা।
কুশলবিরচিতানুকূলবেশঃ
ক্ষিতিপসমাজমগাৎ স্বয়ংবরস্থম্ ॥ ৭৬ ॥

ইতি শ্রীরঘুবংশে মহাকাব্যে কালিদাসকৃতৌ অজ-
স্বয়ম্বরাভিগমনো নাম পঞ্চমঃ সর্গঃ।

অথেতি। অথোত্থানানন্তরম্ অঞ্চিতানি চারূণ্যক্ষিপক্ষ্মাণি যস্য সোঽজঃ শাস্ত্রে দৃষ্টমবগতং দিবসমুখোচিতং প্রাতঃকালোচিতং বিধিমনুষ্ঠানম্ অবসায্য সমাপ্য। স্যতের্ণ্যন্তাৎ ল্যপ্। কুশলৈঃ প্রসাধনদক্ষৈর্ব্বিরচিতোঽনুকূলঃ স্বয়ংবরোচিতো বেশো নেপথ্যং যস্য স তথোক্তঃ সন্ স্বয়ংবরস্থং ক্ষিতিপসমাজং রাজসমূহম্ অগাৎ অগমৎ। ইণোগালুঙি ইতি গাদেশঃ। পুষ্পিতাগ্রাবৃত্তমেতৎ। তল্লক্ষণম্ "অযুজি ন যুগরেফতোযকারো যুজি চ নজৌ জরগাশ্চ পুষ্পিতাগ্রা" ইতি ॥ ৭৬ ॥

ইতি শ্রীমহামহোপাধ্যায়কোলাচলমল্লিনাথসূরিবিরচিতায়াং রঘু-
বংশব্যাখ্যায়াং সঞ্জীবনীসমাখ্যায়াং পঞ্চমঃ সর্গঃ।

অনন্তর মনোহর অক্ষিপক্ষ্ম-সম্পন্ন অজ, শাস্ত্রানুসারে প্রাতঃকালোচিত ক্রিয়াকলাপ সম্পন্ন করিয়া বেশবিন্যাস-কার্য্যে সুনিপুণ ভৃত্যবর্গ কর্ত্তৃক স্বয়ম্বরোচিত বেশভূষায় সুসজ্জিত হইয়া স্বয়ম্বরস্থ ভূপাল-সমাজে গমন করিলেন ॥ ৭৬ ॥

পঞ্চম সর্গ সমাপ্ত।

ষষ্ঠঃ সর্গঃ।

স তত্র মঞ্চেষু মনোজ্ঞবেশান্
সিংহাসনস্থানুপচারবৎসু।
বৈমানিকানাং মরুতামপশ্য-
দাকৃষ্টলীলান্নরলোকপালান্॥ ১॥
রতের্গৃহীতানুনয়েন কামং
প্রত্যর্পিতস্বাঙ্গমিবেশ্বরেণ।

জাহ্নবী মূর্দ্ধ্নি পাদে বা কালঃ কণ্ঠে বপুষ্যথ।
কামারিং কামতাতং বা কঞ্চিদ্দেবং জগামহে॥

স ইতি। সোঽজঃ তত্র স্থানে উপচারবৎসু রাজোপচারবৎসু মঞ্চেষু পর্য্যঙ্কেষু সিংহাসনস্থান্ মনোজ্ঞবেশান্ মনোহরনেপথ্যান্ বৈমানিকানাং বিমানৈশ্চরতাম্। চরতি ইতি ঠক্ প্রত্যয়ঃ। মরুতামমরাণাম্। "মরুতৌ পবনামরৌ" ইত্যমরঃ। আকৃষ্টলীলান্ গৃহীতসৌভাগ্যান্ আকৃষ্টমরুল্লীলা-নিত্যর্থঃ। সাপেক্ষত্বেপি গমকত্বাৎ সমাসঃ। নরলোকং পালয়ন্তীতি নর-লোকপালাঃ। কর্ম্মণ্যণ্ ইত্যণ্ প্রত্যয়ঃ। তান্ ভূপালান্ অপশ্যৎ। সর্গে-ঽস্মিন্নুপজাতিঃ ছন্দঃ॥ ১॥

রতেরিতি। "রতিঃ স্মরপ্রিয়ায়াঞ্চ রাগে চ সুরতে স্মৃতা" ইতি বিশ্বঃ।

রাজকুমার অজ সেই স্বয়ম্বর সভায় মনোহর বেশধারী, রাজযোগ্য উপচার-যুক্ত মঞ্চে (পর্য্যঙ্কে) সিংহাসনোপরি অধিষ্ঠিত, দেবগণের ন্যায় সৌভাগ্য-শালী ভূপতিদিগকে অবলোকন করিলেন। অর্থাৎ যুবরাজ অজ স্বয়ম্বর সভায় উপস্থিত হইয়া দেখিলেন, রাজযোগ্য উপকরণবিশিষ্ট মঞ্চস্থ সিংহাসনে উজ্জ্বলবেশধারী রাজগণ উপবিষ্ট আছেন॥ ১॥

রতির অনুনয়ে সন্তুষ্ট মহাদেব কর্ত্তৃক প্রত্যর্পিত দেহ কন্দর্পের ন্যায় রূপ-বান্ সেই রঘুকুমারকে অবলোকন করিয়া নৃপতিগণের মন ইন্দুমতীর প্রাপ্তি-

কাকুৎস্থমালোকয়তাং নৃপাণাং
মনো বভূবেন্দুমতীনিরাশম্ ॥ ২ ॥
বৈদর্ভনির্দ্দিষ্টমসৌ কুমারঃ
ক্ল‌ৃপ্তেন সোপানপথেন মঞ্চম্।
শিলাবিভঙ্গৈর্মৃগরাজশাব-
স্তুঙ্গং নগোৎসঙ্গমিবারুরোহ ॥ ৩ ॥
পরার্দ্ধ্যবর্ণাস্তরণোপপন্ন-
মাসেদিবান্ রত্নবদাসনং সঃ।

রতেঃ কামপ্রিয়ায়াঃ গৃহীতাহনুনয়েন স্বীকৃতপ্রার্থনেন গৃহীতরত্যনুনয়েনেত্যর্থঃ। সাপেক্ষত্বেপি গমকত্বাৎ সমাসঃ। ঈশ্বরেণ হরেণ প্রত্যর্পিতস্বাঙ্গং কামমিব স্থিতং কাকুৎস্থমজম্ আলোকয়তাং নৃপাণাং মনঃ ইন্দুমতীনিরাশং বৈদর্ভীনিস্পৃহং বভূব। ইন্দুমতী সৎপতিমেনং বিহায় নাস্মান্ বরিষ্যতীতি নিশ্চিক্যুরিত্যর্থঃ। সর্ব্বাতিশয়সৌন্দর্য্যমস্তেতি ভাবঃ ॥ ২ ॥

বৈদর্ভেতি। অসৌ কুমারো বৈদর্ভেণ ভোজেন নির্দ্দিষ্টং প্রদর্শিতং মঞ্চং পর্য্যঙ্কং ক্ল‌ৃপ্তেন সুবিহিতেন সোপানপথেন মৃগরাজশাবঃ সিংহপোতঃ। "পোতঃ পাকোহর্ভকো ডিম্ভঃ পৃথুকঃ শাবকঃ শিশু"রিত্যমরঃ। শিলানাং বিভঙ্গৈর্ভঙ্গীভিঃ তুঙ্গমুন্নতং নগোৎসঙ্গং শৈলাগ্রমিব আরুরোহ ॥ ৩ ॥

পরার্দ্ধ্যেতি। পরার্দ্ধ্যাঃ শ্রেষ্ঠাঃ বর্ণাঃ নীলপীতাদয়ো যস্ত তেনাস্তরণেন কম্বলাদিনা উপপন্নং সঙ্গতং রত্নবদ্রত্নখচিতমাসনং সিংহাসনম্ আসেদিবান্

বিষয়ে নিরাশ হইল। অর্থাৎ স্বয়ম্বর সভাস্থ নরপালগণ কন্দর্পতুল্য রূপবান্ অজকে দৃষ্টিগোচর করিয়া কন্যারত্ন ইন্দুমতীর লাভ-বিষয়ে বিফল-মনোরথ হইয়াছিলেন ॥ ২ ॥

সিংহ-শিশু যেমন শিলাভঙ্গী দ্বারা তুঙ্গ শৈলশিখরে আরোহণ করে, কুমার অজও তদ্রূপ সুরচিত সোপান দ্বারা বিদর্ভরাজ প্রদর্শিত পর্য্যঙ্কে আরোহণ করিলেন। অর্থাৎ সিংহশাবক যেমন প্রস্তরতরঙ্গ (প্রস্তরের ঢেউ) অবলম্বন করিয়া পর্ব্বতের উচ্চ শিখরদেশে আরোহণ করে, সিংহবিক্রম রঘুতনয়ও সেইরূপ সোপান দ্বারা উচ্চ মঞ্চে আরোহণ করিয়াছিলেন ॥ ৩ ॥

ভূয়িষ্ঠমাসীদুপমেয়কান্তি-
র্ম্ময়ূরপৃষ্ঠাশ্রয়িণা গুহেন ॥ ৪ ॥
তাসু শ্রিয়া রাজপরম্পরাসু
প্রভাবিশেষোদয়দুর্নিরীক্ষ্যঃ।
সহস্রধাত্মা ব্যরুচদ্বিভক্তঃ
পয়োমুচাং পঙ্‌ক্তিষু বিদ্যুতেব ॥ ৫ ॥
তেষাং মহার্হাসনসংস্থিতানা-
মুদারনেপথ্যভৃতাং স মধ্যে।

অধিষ্ঠিতবান্ সোঽজঃ ময়ূরপৃষ্ঠাশ্রয়িণা গুহেন সেনান্যা সহ। "সেনানীরগ্নিভূ-র্গুহ" ইত্যমরঃ। ভূয়িষ্ঠমত্যর্থম্ উপমেয়কান্তিরাসীৎ। ময়ূরস্য বিচিত্ররূপত্বাৎ তৎসাম্যং রত্নাসনস্য তদ্দ্বারা চ তদারূঢ়য়োরপীতি ভাবঃ ॥ ৪ ॥

তাস্বিতি। তাসু রাজপরম্পরাসু শ্রিয়া লক্ষ্ম্যা কর্ত্র্যা পয়োমুচাং মেঘানাং পঙ্‌ক্তিষু বিদ্যুতেব সহস্রধা বিভক্তঃ তরঙ্গেষু তরণিরিব স্বয়মেকএব প্রত্যেকং সঙ্ক্রামিত ইত্যর্থঃ। প্রভাবিশেষস্যোদয়েনাবির্ভাবেন দুর্নিরীক্ষ্যো দুর্দর্শনঃ আত্মা শ্রিয়ঃ স্বরূপং ব্যরুচৎ ব্যদ্যোতিষ্ট। দ্যুদ্ভ্যো লুঙি ইতি পরস্মৈপদং দ্যুতাদিত্বাৎ অঙ্‌প্রত্যয়ঃ। তস্মিন্ সময়ে প্রত্যেকং সংক্রান্তলক্ষ্মীকতয়া তেষাং কিমপি দুরাসদং তেজঃ প্রাদুরাসীদিত্যর্থঃ ॥ ৫ ॥

তেষামিতি। মহার্হাসনসংস্থিতানাং শ্রেষ্ঠসিংহাসনস্থানাম্ উদার-

নীল পীতাদি রাগ-রঞ্জিত উৎকৃষ্ট আস্তরণে সমলঙ্কৃত রত্নখচিত সিংহাসনে সমাসীন অজ, ময়ূরপৃষ্ঠে অধিষ্ঠিত কার্ত্তিকেয়ের ন্যায় দর্শনীয় হইলেন ॥ ৪ ॥

সেই সময়ে শোভাদেবী মেঘমালা মধ্যে বিদ্যুতের ন্যায় প্রভাবিশেষের আবির্ভাবে নিতান্ত দুর্নিরীক্ষ্য ও ভূপাল পরম্পরায় সহস্রধা বিভক্ত হইয়া সমুদ্ভাসিত হইতে লাগিলেন। অর্থাৎ নিবিড় মেঘ-নীলিমায় সমলঙ্কৃত সহস্র সহস্র ভাগে বিভক্ত সৌদাদিনী-সম শোভা-দেবী, সমবেত নরপতিমণ্ডলে সহস্র সহস্র ভাগে বিভক্ত হওয়াতে এরূপ দীপ্যমান প্রভাবিশেষের আবির্ভাব হইল যে, সেই প্রভারাশির জ্যোতি দর্শকবৃন্দের দৃষ্টিপ্রভাকে পরাভূত করিয়া উদ্ভাসিত হইয়াছিল ॥ ৫ ॥

তৎকালে মহার্হ সিংহাসনে সমাসীন উজ্জ্বলবেশধারী মহীপালগণের

ররাজ ধাম্না রঘুসূনুরেব
কল্পদ্রুমাণামিব পারিজাতঃ ॥ ৬ ॥
নেত্রব্রজাঃ পৌরজনস্য তস্মিন্
বিহায় সর্ব্বান্ নৃপতীন্নিপেতুঃ।
মদোৎকটে রেচিতপুষ্পবৃক্ষাঃ
গন্ধদ্বিপে বন্য ইব দ্বিরেফাঃ ॥ ৭ ॥

নেপথ্যভৃতাম্ উজ্জ্বলবেশধারিণাং তেষাং রাজ্ঞাং মধ্যে কল্পদ্রুমাণাং মধ্যে পারিজাতইব সুরদ্রুমবিশেষইব। "পঞ্চৈতে দেবতরবো মন্দারঃ পারিজাতকঃ। সন্তানঃ কল্পবৃক্ষশ্চ পুংসি বা হরিচন্দন"মিত্যমরঃ। স রঘুসূনুরেব ধাম্না তেজসা ররাজ। ভূম্নেতি পাঠেঽতিশয়েনেত্যর্থঃ। অত্র কল্পদ্রুমশব্দঃ পঞ্চান্যতমবিশেষবচনঃ উপকল্পয়ন্তি মনোরথানিতি ব্যুৎপত্ত্যা সুরদ্রুমমাত্রোপলক্ষকতয়া প্রযুক্ত ইত্যনুসন্ধেয়ম্। কল্পা ইতি দ্রুমাঃ কল্পদ্রুমাইতি বিগ্রহঃ॥ ৬॥

নেত্রেতি। পৌরজনস্য নেত্রব্রজাঃ সর্ব্বান্ নৃপতীন্ বিহায় তস্মিন্নজে নিপেতুঃ সএব সর্ব্বোৎকর্ষেণ দদৃশে ইত্যর্থঃ। কথমিব মদোৎকটে মদেনোদ্ভিন্নগণ্ডে নির্ভরমদে বা বন্যে গন্ধদ্বিপে গন্ধপ্রধানে দ্বিপে গজে রেচিতাঃ রিক্তীকৃতাঃ পুষ্পাণাং বৃক্ষাঃ যৈস্তে ত্যক্তপুষ্পবৃক্ষাইত্যর্থঃ দ্বিরেফা ভৃঙ্গাইব। দ্বিপস্য বন্যবিশেষণং দ্বিরেফাণাং পুষ্পবৃক্ষত্যাগসম্ভাবনার্থং কৃতম্॥ ৭॥

মধ্যে কল্পদ্রুমের সমবায়ে পারিজাত বৃক্ষের ন্যায় অজই সমধিক শোভাপ্রাপ্ত হইলেন। অর্থাৎ কল্পবৃক্ষগণের মধ্যে পারিজাত বৃক্ষ যেরূপ শোভিত হয়, সেইরূপ বহুমূল্য সিংহাসনে সংস্থিত মনোহর বেশধারী নরপতিগণের মধ্যে অজেরই সমধিক শোভা উদ্ভাসিত হইয়াছিল॥ ৬॥

মধুব্রত যেমন পুষ্পবৃক্ষ পরিত্যাগ করিয়া মদস্রাবী বন্য গজে পতিত হয়, তদ্রূপ বিদর্ভ-জনপদবাসীদিগের নয়নপংক্তি অন্যান্য মহীপালদিগকে পরিত্যাগ করিয়া অজের প্রতি নিপতিত হইল। অর্থাৎ প্রথমতঃ পৌরগণ স্বয়ম্বর-সমবেত রাজাদিগকে অবলোকন করিতেছিল, পরে যখন সর্ব্বাতিরিক্ত সৌন্দর্য্যশালী অজ তথায় আগমন করিলেন, তখন সমস্ত পুরবাসিগণ একমাত্র তাঁহাকেই একান্ত মনে নিরীক্ষণ করিতে লাগিল॥ ৭॥

অথ স্তুতে বন্দিভিরন্বয়জ্ঞৈঃ
সোমার্কবংশ্যে নরদেবলোকে
সঞ্চারিতে চাগুরুসারযোনৌ
ধূপে সমুৎসর্পতি বৈজয়ন্তীঃ ॥ ৮ ॥
পুরোপকণ্ঠোপবনাশ্রয়াণাং
কলাপিনামুদ্ধতনৃত্যহেতৌ।
প্রধ্মাতশঙ্খে পরিতো দিগন্তান্‌
তূর্য্যস্বনে মূর্চ্ছতি মঙ্গলার্থে ॥ ৯ ॥
মনুষ্যবাহ্যং চতুরস্রযান-
মধ্যাস্য কন্যা পরিবারশোভি।

অথেতি, পুরেতি, মনুষ্যেতি চ ত্রিভির্বিশেষকম্‌। অথ অন্বয়জ্ঞৈঃ রাজবংশাভিজ্ঞৈঃ বন্দিভিঃ স্তুতিপাঠকৈঃ। "বন্দিনঃ স্তুতিপাঠকাঃ" ইত্যমরঃ। সোমার্কবংশ্যে সোমসূর্য্যবংশভবে নরদেবলোকে স্তুতে সতি, বিবেশেত্যুত্তরেণ সম্বন্ধঃ; এবমুত্তরত্রাপি যোজ্যম্‌। সঞ্চারিতে সমন্তাৎ প্রচারিতেঽগুরুসারোযোনিঃ কারণং যস্য তস্মিন্‌ ধূপে চ বৈজয়ন্তীঃ পতাকাঃ সমুৎসর্পতি সতি অতিক্রম্য গচ্ছতি সতি ॥ ৮ ॥

কিঞ্চ, পুরস্যোপকণ্ঠে সমীপে উপবনান্যাশ্রয়োযেষাং তেষাং কলাপিনাং বর্হিণাম্‌ উদ্ধতনৃত্যহেতৌ মেঘধ্বনিসাদৃশ্যাত্তাণ্ডবকারণে প্রধ্মাতাঃ পূরিতাঃ শঙ্খা যত্র তস্মিন্‌ মঙ্গলার্থে মঙ্গলপ্রয়োজনকে তূর্য্যস্বনে বাদ্যঘোষে পরিতঃ সর্ব্বতঃ দিগন্তান্‌ মূর্চ্ছতি ব্যাপ্নুবতি সতি ॥ ৯ ॥

পতিং বৃণোতীতি পতিংবরা স্বয়ংবরা। "অথ স্বয়ংবরা পতিংবরা চ বর্য্যে"ত্যমরঃ। সংজ্ঞায়াং ভৃতৃবৃজীত্যাদিনা খচ্‌প্রত্যয়ঃ। ক্লৃপ্তবিবাহবেশা কন্যা

অনন্তর রাজবংশবেত্তা বন্দিগণ কর্ত্তৃক চন্দ্র ও সূর্য্যবংশীয় ভূপালদিগের স্তুতিবাদ আরম্ভ হইলে; অগুরু সারবিহিত ধূপের ধূম পতাকা অতিক্রম করিয়া উত্থিত হইলে; নগরের প্রান্তপ্রদেশস্থ উপবনবাসী ময়ূরগণের প্রমোদ-সূচক নৃত্যের কারণ-স্বরূপ শঙ্খধ্বনির সহিত তূর্য্যনিনাদ দিগন্ত পরিব্যাপ্ত হইলে; বিবাহযোগ্যবেশধারিণী পরিজনে পরিবেষ্টিতা পতিপ্রার্থিনী কন্যা ইন্দুমতী

বিবেশ মঞ্চান্তররাজমার্গং
পতিংবরা ক্লৃপ্তবিবাহবেশা ॥ ১০ ॥
তস্মিন্ বিধানাতিশয়ে বিধাতুঃ
কন্যাময়ে নেত্রশতৈকলক্ষ্যে।
নিপেতুরন্তঃকরণৈর্নরেন্দ্রাঃ
দেহৈঃ স্থিতাঃ কেবলমাসনেষু ॥ ১১ ॥
তাং প্রত্যভিব্যক্তমনোরথানাং
মহীপতীনাং প্রণয়াগ্রদূত্যঃ।

ইন্দুমতী মনুষ্যৈর্ব্বাহ্যং পরিবারেণ পরিজনেন শোভি চতুরস্রযানং চতুরস্র-বাহনং শিবিকামধ্যাস্য আরুহ্য মঞ্চান্তরে মঞ্চমধ্যে যো রাজমার্গস্তং বিবেশ॥১০॥

তস্মিন্নিতি। নেত্রশতানামেকলক্ষ্যে একদৃশ্যে কন্যাময়ে কন্যারূপে তস্মিন্ বিধাতুর্ব্বিধানাতিশয়ে সৃষ্টিবিশেষে নরেন্দ্রাঃ অন্তঃকরণৈর্নিপেতুঃ আসনেষু দেহৈঃ কেবলং দেহৈরেব স্থিতাঃ, দেহানপি বিস্মৃত্য তত্রৈব দত্ত-চিত্তা বভূবুরিত্যর্থঃ। অন্তঃকরণকর্ত্তৃকে নিপতনে নরেন্দ্রাণাং কর্ত্তৃত্বব্যপদেশঃ আদরাতিশয়ার্থঃ ॥ ১১ ॥

মনুষ্যবাহ্য শিবিকায় আরোহণ করিয়া মঞ্চশ্রেণীর মধ্যবর্ত্তী রাজপথে প্রবেশ করিলেন। অর্থাৎ স্বয়ম্বর-সভাগৃহে সমস্ত মহীপালগণ সমবেত হইলে, রাজচরিতজ্ঞ স্তুতিপাঠকগণ চন্দ্র ও সূর্য্য-বংশ-সম্ভূত নরপালগণের স্তুতিবাদে প্রবৃত্ত হইল; অগুরুসার সমুৎপন্ন ধূনার ধূম পতাকা অতিক্রম করিয়া উত্থিত হইতে লাগিল; শঙ্খধ্বনি ও মাঙ্গলিক তূর্য্যনির্ঘোষে সমস্ত দিগন্ত পরিপূর্ণ হইয়া উঠিল; রাজভবনের সন্নিহিত উপবনবাসী ময়ূর ময়ূরী সকল, সেই শঙ্খ ও তূর্য্যনিনাদ শ্রবণ করিয়া, মেঘধ্বনিবোধে নৃত্য করিতে লাগিল; এমন সময়ে ইন্দুমতী বিবাহযোগ্য মনোহর বেশে, পরিজন-পরিবেষ্টিত মনুষ্যবাহ্য শিবিকায় আরোহণ পূর্ব্বক পতিগ্রহণ মানসে, শ্রেণীবদ্ধ মঞ্চের মধ্যবর্ত্তী যাতায়াত যোগ্য পথে প্রবিষ্ট হইলেন ॥ ৮—১০ ॥

তখন নরপতিগণের অন্তঃকরণ, শত শত নেত্রের একমাত্র লক্ষ্য সেই কন্যারূপ বিধাতার সৃষ্টির অদ্ভুত দৃশ্যে নিপতিত হইল; সিংহাসনে তাঁহাদের দেহ মাত্র অবস্থিত রহিল ॥ ১১ ॥

প্রবালশোভা ইব পাদপানাং
শৃঙ্গারচেষ্টা বিবিধা বভূবুঃ ॥ ১২ ॥
কশ্চিৎ করাভ্যামুপগূঢ়নাল-
মালোলপত্রাভিহতদ্বিরেফম্ ।

তামিতি। তামিন্দুমতীং প্রতি অভিব্যক্তমনোরথানাং প্ররূঢ়াভিলাষাণাং মহীপতীনাং রাজ্ঞাং প্রণয়াগ্রদূত্যঃ। প্রণয়ঃ প্রার্থনা প্রেম বা। "প্রণয়াস্ত্বমী বিস্রম্ভযাচ্ঞাপ্রেমাণ" ইত্যমরঃ। প্রণয়েষ্বগ্রদূত্যঃ প্রথমদূতিকাঃ। প্রণয়প্রকাশকত্বসাম্যাৎ দূতীত্বব্যপদেশঃ। বিবিধাঃ শৃঙ্গারচেষ্টাঃ শৃঙ্গারবিকারাঃ পাদপানাং প্রবালশোভাঃ পল্লবসম্পদ ইব বভূবুঃ উৎপন্নাঃ। অত্র শৃঙ্গারলক্ষণং রসসুধাকরে। "বিভাবৈরনুভাবৈশ্চ স্বোচিতৈর্ব্যভিচারিভিঃ। নীতা সদস্যরস্যত্বং রতিঃ শৃঙ্গার উচ্যতে"। রতিরিচ্ছাবিশেষঃ তচ্চোক্তং তত্রৈব। "যূনোরন্যোন্যবিষয়স্থায়িনীচ্ছা রতিঃ স্মৃতাইতি। চেষ্টাশব্দেন তদনুভাববিশেষা উচ্যন্তে তেঽপি তত্রৈবোক্তাঃ। "ভাবং মনোগতং সাক্ষাৎ স্বহেতুং ব্যঞ্জয়ন্তি যে। তেঽনুভাবা ইতি খ্যাতা ভ্রূবিক্ষেপস্মিতাদয়ঃ"। তে চতুর্দ্ধা চিত্তগাত্রবাগ্‌বুদ্ধ্যারম্ভসম্ভবাইতি। তত্র গাত্রারম্ভসম্ভবান্ চেষ্টাশব্দোক্তাননুভাবান্ কশ্চিদিত্যাদিভিঃ শ্লোকৈর্ব্বক্ষ্যতি। শৃঙ্গারাভাসশ্চায়ম্ একত্রৈব প্রতিপাদনাৎ তদুক্তম্ "একত্রৈবানুরাগশ্চেত্তির্য্যক্‌ম্লেচ্ছগতোঽপি বা। যোষিতাং বহুসক্তিশ্চেৎ রসাভাসস্ত্রিধা মত"ইতি ॥ ১২ ॥

শৃঙ্গারচেষ্টা বভূবুরিত্যুক্তং তাএব দর্শয়তি;—কশ্চিদিতি। কশ্চিদ্রাজা করাভ্যাং পাণিভ্যাম্ উপগূঢ়নালং গৃহীতনালম্, আলোলৈঃ চঞ্চলৈঃ পত্রৈঃ

ইন্দুমতীর প্রতি আকৃষ্টমনাঃ মহীপালগণের প্রথম দূতিকা স্বরূপ নানাবিধ শৃঙ্গারচেষ্টা, বৃক্ষের নবপল্লব শোভার ন্যায় প্রকাশ পাইতে লাগিল। অর্থাৎ কন্যারত্ন লাভের নিমিত্ত নরপতিগণের প্রণয়ের প্রথম দূতীস্বরূপ বিবিধ শৃঙ্গার-লক্ষণ, পাদপগণের অভিনব পল্লব-সম্পত্তির ন্যায় প্রকাশ পাইয়াছিল ॥ ১২ ॥

কোন মহীপাল করযুগল দ্বারা পদ্মের নাল-দণ্ড গ্রহণ করিয়া, বিলাসার্থ ভ্রমণ করাইতে (ঘুরাইতে) লাগিলেন; ঘূর্ণনবেগে উহার পরাগ সমস্ত বিক্ষিপ্ত হইয়া একটি মণ্ডল প্রস্তুত হইল এবং উহার চঞ্চল পত্র (পদ্মের

রজোভিরন্তঃপরিবেষবন্ধি
লীলারবিন্দং ভ্রময়াঞ্চকার ॥ ১৩ ॥
বিস্রস্তমংসাদপরো বিলাসী
রত্নানুবিদ্ধাঙ্গদকোটিলগ্নম্।
প্রালম্বমুৎকৃষ্য যথাবকাশং
নিনায় সাচীকৃতচারুবক্ত্রঃ ॥ ১৪ ॥

অভিহতাস্তাড়িতাঃ দ্বিরেফাঃ ভ্রমরাঃ যেন তত্তথোক্তং, রজোভিঃ পরাগৈরন্তঃপরিবেষং মণ্ডলং বধ্নাতীতি অন্তঃপরিবেষবন্ধি লীলারবিন্দং ভ্রময়াঞ্চকার। করস্থলীলারবিন্দবৎ ত্বয়াহং ভ্রময়িতব্য ইতি নৃপাভিপ্রায়ঃ। হস্তঘূর্ণকোহয়মপলক্ষণক ইতি ইন্দুমত্যভিপ্রায়ঃ ॥ ১৩ ॥

বিস্রস্তমিতি। বিলসনশীলো বিলাসী। বৌ কষলসকত্থস্রম্ভ ইতি ঘিণুন্ প্রত্যয়ঃ। অপরো রাজা অংসাদ্বিস্রস্তং রত্নানুবিদ্ধং রত্নখচিতং যদঙ্গদং কেয়ূরং তস্য কোটিলগ্নং প্রালম্বমৃজুলম্বিনীং স্রজম্। "প্রালম্বমৃজুলম্বি স্যাৎ কণ্ঠা"দিত্যমরঃ। প্রাবারপাঠে উত্তরীয়বস্ত্রম্। উৎকৃষ্যোদ্ধৃত্য সাচীকৃতং তির্য্যক্কৃতং চারু বক্ত্রং যস্য স তথোক্তঃ সন্ যথাবকাশং স্বস্থানং নিনায়। প্রাবারোৎক্ষেপণচ্ছলেনাহং ত্বামেবং পরিরপ্স্যে ইতি নৃপাভিপ্রায়ঃ। গোপনীয়ং কিঞ্চিদঙ্গেঽস্তি ততোঽয়ং প্রাবৃণুত ইতি ইন্দুমত্যভিপ্রায়ঃ ॥ ১৪ ॥

পাপড়ি) ভ্রমরকে অভিঘাত করিল। অর্থাৎ হস্তস্থিত পদ্মের মধুলোভে ভ্রমর উহার উপরে উড়িতেছিল; কিন্তু ঘূর্ণনবেগ ভ্রমরের অবস্থিতির বাধা জন্মাইতে লাগিল। এইরূপে পদ্মদ্বারা ক্রীড়া করিবার তাৎপর্য্য এই যে, যদি ইন্দুমতী আমাকে বরণ করে, তাহা হইলে আমিও তাহা কর্ত্তৃক এই পদ্মের ন্যায় ঘূর্ণিত হইব ॥ ১৩ ॥

কোন বিলাসী নৃপতি স্কন্ধ হইতে স্খলিত রত্ন খচিত কেয়ূরের প্রান্ত লগ্ন মাল্যদাম উত্তোলন পূর্ব্বক মনোহর মুখমণ্ডল ঈষৎ বক্র করিয়া যথাস্থানে সন্নিবেশিত করিলেন। অর্থাৎ কোন রাজা গলদেশস্থ দোদুল্যমান রত্নখচিত হার হস্তে করিয়া উত্তোলন এবং মুখ ঈষৎ বক্রীভূত করিয়া ইন্দুমতীর প্রতি নিরীক্ষণ পূর্ব্বক যথাস্থানে স্থাপন করিলেন। ইহা দ্বারা এই ভাব প্রকাশ পাইতে লাগিল যে, যদি তুমি আমাকে বরণ কর, তাহা হইলে আমি তোমাকে গলার হার করিয়া রাখিব ॥ ১৪ ॥

আকুঞ্চিতাগ্রাঙ্গুলিনা ততোঽন্যঃ
কিঞ্চিৎসমাবর্জ্জিতনেত্রশোভঃ।
তির্য্যগ্বিসংসর্পিনখপ্রভেণ
পাদেন হৈমং বিলিলেখ পীঠম্॥ ১৫॥
নিবেশ্য বামং ভুজমাসনার্দ্ধে
তৎসন্নিবেশাদধিকোন্নতাংসঃ।

আকুঞ্চিতেতি। ততঃ পূর্ব্বোক্তাদন্যোঽপরো রাজা কিঞ্চিৎ সমাবর্জ্জিতনেত্রশোভঃ ঈষদর্বাক্পাতিতনেত্রশোভঃ সন্ আকুঞ্চিতাঃ আভুগ্নাঃ অগ্রাঙ্গুলয়ো যস্য তেন তির্য্যগ্বিসংসর্পিণ্যো নখপ্রভাঃ যস্য তেন চ পাদেন হৈমং হিরণ্ময়ং পীঠং পাদপীঠং বিলিলেখ লিখিতবান্। পাদাঙ্গুলীনামাকুঞ্চনেন ত্বং মৎসমীপমাগচ্ছেতি নৃপাভিপ্রায়ঃ। ভূমিবিলেখকোঽয়মপলক্ষণক ইতি ইন্দুমত্যাশয়ঃ। ভূমিবিলেখনন্তু লক্ষ্মীবিনাশহেতু॥ ১৫॥

নিবেশ্যেতি। কশ্চিদ্রাজা বামং ভুজম্ আসনার্দ্ধে সিংহাসনৈকদেশে নিবেশ্য সংস্থাপ্য তৎসন্নিবেশাৎ তস্য বামভুজস্য সন্নিবেশাৎ সংস্থাপনাৎ অধিকোন্নতোঽংসো বামাংস এব যস্য স তথোক্তঃ, বিবৃত্তে পরাবৃত্তে ত্রিকে ত্রিকপ্রদেশে ভিন্নহারঃ লুণ্ঠিতহারঃ সন্। "পৃষ্ঠবংশাধরে ত্রিক"মিত্যমরঃ। সুহৃৎসমাভাষণতৎপরোঽভূৎ বামপার্শ্ববর্ত্তিনৈব মিত্রেণ সম্ভাষিতুং প্রবৃত্ত ইত্যর্থঃ। অতএব বিবৃত্তত্রিকত্বং ঘটতে। ত্বয়া বামাঙ্গে নিবেশিতয়া সহ এবং বার্ত্তাং

কোন ভূপাল, নয়ন যুগল ঈষৎ অবনত করিয়া, আকুঞ্চিত পাদাঙ্গুলি দ্বারা স্বর্ণময় পাদপীঠ বিলেখন করিতে লাগিলেন। অর্থাৎ পাদাঙ্গুলি আকুঞ্চন ও প্রসারণ দ্বারা ইন্দুমতীকে তাঁহার নিকটে আসিবার সঙ্কেত করা হইতেছিল, ইহাই অঙ্গুলি আকুঞ্চনকারীর মনোগত ভাব॥ ১৫॥

কোন নরপতি আসনৈকদেশে বামবাহু স্থাপন করিয়া, পার্শ্বস্থ বন্ধুর সহিত কথোপকথন করিতে লাগিলেন; সেইরূপে বাহু সন্নিবেশিত হওয়াতে বামস্কন্ধ অধিকতর উন্নত হইল এবং বিবর্ত্তনবশতঃ দোদুল্যমান হার, মেরুদণ্ডের অধোদেশে বিলুণ্ঠিত হইতে লাগিল। অর্থাৎ অপরের সহিত এরূপ ভাবে আলাপ করিবার তাৎপর্য্য এই যে, ইন্দুমতী প্রণয়িনী হইলে, তাঁহাকে

কশ্চিদ্বিবৃত্তত্রিকভিন্নহারঃ
সুহৃৎসমাভাষণতৎপরোঽভূৎ ॥ ১৬ ॥
বিলাসিনী-বিভ্রমদন্তপত্র-
মাপাণ্ডুরং কেতকবর্হমন্যঃ।
প্রিয়ানিতম্বোচিতসন্নিবেশৈ-
র্বিপাটয়ামাস যুবা নখাগ্রৈঃ ॥ ১৭ ॥
কুশেশয়াতাম্রতলেন কশ্চিৎ
করেণ রেখাধ্বজলাঞ্ছনেন।

করিষ্যে ইতি নৃপাভিপ্রায়ঃ। পরং দৃষ্ট্বা পরাঙ্মুখোঽহং ন কার্য্যকর্ত্তা ইতীন্দুমত্যভিপ্রায়ঃ ॥ ১৬ ॥

বিলাসিনীতি। অন্যো যুবা বিলাসিন্যাঃ প্রিয়ায়াঃ বিভ্রমার্থং দন্তপত্রং দন্তপত্রভূতম্ আপাণ্ডুরং কেতকবর্হং কেতকদলম্। "দলেপি বর্হ"মিত্যমরঃ। প্রিয়ানিতম্বে উচিতসন্নিবেশৈঃ অভ্যস্তনিক্ষেপণৈঃ নখাগ্রৈঃ বিপাটয়ামাস বিদারয়ামাস। অহং তব নিতম্বে এবং নখব্রণাদীন্ দাস্যামীতি নৃপাশয়ঃ। তৃণচ্ছেদকবৎ পত্রপাটকোঽয়মপলক্ষণ ইতীন্দুমত্যাশয়ঃ ॥ ১৭ ॥

কুশেশয়েতি। কশ্চিদ্রাজা কুশেশয়ং শতপত্রমিব আতাম্রং তলং যস্য তেন। "শতপত্রং কুশেশয়"মিত্যমরঃ। রেখারূপো ধ্বজো লাঞ্ছনং যস্য তেন করেণ অঙ্গুলিষু ভবাণ্যঙ্গুলীয়ানি উর্ম্মিকাঃ। "অঙ্গুলীয়কমূর্ম্মিকে"ত্যমরঃ।

বামপার্শ্বে উপবেশন করাইয়া এইরূপ ভাবে কথোপকথন করা হইবে; ইহাই ইন্দুমতীকে প্রদর্শন করান, সেই রাজার মনোগত ভাব ॥ ১৬ ॥

কোন যুবা প্রিয়তমার নিতম্বদেশে স্থাপনে অভ্যস্ত নখাগ্র দ্বারা বিলাসিনীগণের বিলাস-কুণ্ডলভূত ঈষৎ পাণ্ডুবর্ণ কেতকীদল খণ্ড খণ্ড করিতে লাগিলেন। অর্থাৎ রাজকুমারীর নিতম্বদেশে এরূপ ভাবে নখাঘাত করিবেন, ইহা ইন্দুমতীকে প্রদর্শনার্থে এই যুবা উল্লিখিত রূপ কেতকী পুষ্পের পত্র নখদ্বারা ছেদন করিতেছিলেন ॥ ১৭ ॥

কোন ভূপাল রক্তোৎপলের ন্যায় ঈষৎ পাটল বর্ণ ধ্বজ ও রেখা-সমন্বিত কর দ্বারা স্বকীয় রত্নাঙ্গুরীয় প্রভায় অনুরঞ্জিত অক্ষ সকল নিক্ষেপ করিতে

রত্নাঙ্গুলীয়প্রভয়ানুবিদ্ধা-
নুদীরয়ামাস সলীলমক্ষান্ ॥ ১৮ ॥
কশ্চিদ্যথাভাগমবস্থিতেঽপি
স্বসন্নিবেশাৎ ব্যতিলঙ্ঘিনীব।
বজ্রাংশুগর্ভাঙ্গুলিরন্ধ্রমেকং
ব্যাপারয়ামাস করং কিরীটে ॥ ১৯ ॥

জিহ্বামূলাঙ্গুলেশ্ছ ইতি ছপ্রত্যয়ঃ। রত্নানামঙ্গুলীয়ানি তেষাং প্রভয়া অনুবিদ্ধান্ ব্যাপ্তানক্ষান্ পাশান্। "অক্ষাস্তু দেবনাঃ পাশকাশ্চ তে" ইত্যমরঃ। সলীলমুদীরয়ামাস উচ্চিক্ষেপ। অহং ত্বয়া সহৈবং রংস্যে ইতি নৃপাভিপ্রায়ঃ। অক্ষচাতুর্য্যে কাপুরুষোঽয়মিতি ইন্দুমত্যভিপ্রায়ঃ। "অক্ষৈর্ম্মাদীব্যে" ইতি শ্রুতিনিষেধাৎ ॥ ১৮ ॥

কশ্চিদিতি। কশ্চিৎ যথাভাগং যথাস্থানম্। অবস্থিতেঽপি স্বসন্নিবেশাৎ ব্যতিলঙ্ঘিনীব স্বস্থানাচ্চলিতে ইব কিরীটে বজ্রাণাং কিরীটগতানামংশবো গর্ভে যেষাং তান্যঙ্গুলিরন্ধ্রাণি যস্য তমেকং করং ব্যাপারয়ামাস। কিরীটবন্মম শিরসি স্থিতামপি ত্বাং ভারং ন মন্যে ইতি নৃপাভিপ্রায়ঃ। শিরসি ন্যস্তহস্তোঽয়মপলক্ষণ ইতীন্দুমত্যভিপ্রায়ঃ ॥ ১৯ ॥

প্রবৃত্ত হইলেন। অর্থাৎ আমি তোমার সহিত এইরূপে ক্রীড়া করিব; ইহা ইন্দুমতীকে প্রদর্শন করাইবার নিমিত্তই উল্লিখিতরূপে অক্ষ ক্ষেপণ ক্রিয়া হইতেছিল ॥ ১৮ ॥

কোন নরপতি, আপনার কিরীট যথাস্থানে সন্নিবিষ্ট থাকিলেও যেন উহা স্বস্থান হইতে কিঞ্চিৎ স্খলিত হইয়াছে, এই ছল করিয়া তিনি উহাতে একটি হস্ত স্থাপন করিলেন; তাহাতে কিরীট নিহিত রত্ন প্রভায় তাঁহার অঙ্গুলিরন্ধ্র সকল রঞ্জিত হইয়া উঠিল। অর্থাৎ ইন্দুমতীকে কিরীটের ন্যায় মস্তকে ধারণ করিয়াও ভার বোধ করিব না; এই নিমিত্তই নরপতি তৎকালে কিরীটে হস্তার্পণ করিয়া ইন্দুমতীকে ইঙ্গিত করিলেন। অথবা ইন্দুমতীকে কিরীটস্থ মণির ন্যায় সাদরে গ্রহণ করিব; এই উদ্দেশেই তিনি রত্নখচিত কিরীটে হস্ত প্রদান করিয়াছিলেন ॥ ১৯ ॥

ততো নৃপাণাং শ্রুতবৃত্তবংশা
পুংবৎ প্রগল্‌ভা প্রতিহাররক্ষী।
প্রাক্ সন্নিকর্ষং মগধেশ্বরস্য
নীত্বা কুমারীমবদৎ সুনন্দা ॥ ২০ ॥
অসৌ শরণ্যঃ শরণোন্মুখানা-
মগাধসত্ত্বো মগধপ্রতিষ্ঠঃ।

ততইতি। ততোহনন্তরং নৃপাণাং শ্রুতবৃত্তবংশা শ্রুতনৃপবৃত্তবংশেত্যর্থঃ। সাপেক্ষত্বেপি গমকত্বাৎ সমাসঃ। প্রগল্‌ভা বাগ্মিনী সুনন্দা সুনন্দাখ্যা প্রতিহারং রক্ষতীতি প্রতিহাররক্ষী দ্বারপালিকা। কর্ম্মণ্যণ্ প্রত্যয়ঃ। টিড্‌ঢাণঞিত্যাদিনা ঙীপ্। প্রাক্ প্রথমং কুমারীমিন্দুমতীং মগধেশ্বরস্য সন্নিকর্ষং সমীপং নীত্বা পুংবৎ পুংসা তুল্যম্। তেন তুল্যং ক্রিয়া চেদ্বতিরিতি বতিপ্রত্যয়ঃ। অবদৎ ॥ ২০ ॥

অসাবিতি। অসৌ রাজা। অসাবিতি পুরোবর্ত্তিনো নির্দ্দেশঃ এবমুত্তরত্রাপি দ্রষ্টব্যম্। শরণোন্মুখানাং শরণার্থিনাং শরণ্যঃ শরণে রক্ষণে সাধুঃ। তত্র সাধুরিতি যৎপ্রত্যয়ঃ। শরণং ভবিতুমর্হঃ শরণ্য ইতি নাথনিরুক্তির্নির্ম্মূলৈব। অগাধসত্ত্বো গম্ভীরস্বভাবঃ। "সত্ত্বং গুণে পিশাচাদৌ বলে দ্রব্যস্বভাবয়োঃ" ইতি বিশ্বঃ। মগধাঃ জনপদাঃ তেষু প্রতিষ্ঠা আস্পদং যস্য স মগধপ্রতিষ্ঠঃ। "প্রতিষ্ঠা কৃত্যমাস্পদঃ" ইত্যমরঃ। প্রজারঞ্জনে লব্ধবর্ণো বিচক্ষণঃ যদ্বা প্রজারঞ্জনেন লব্ধোৎকর্ষঃ পরান্ শত্রূন্ তাপয়তীতি পরন্তপঃ পরন্তপাখ্যঃ। দ্বিষতবয়ো-

---

অনন্তর ভূপালগণের কুল-শীলজ্ঞা প্রগল্‌ভা সুনন্দা নাম্নী দ্বারপালিকা, প্রথমে কুমারী ইন্দুমতীকে মগধরাজের নিকটে উপস্থিত করিয়া পুরুষের ন্যায় কহিতে লাগিল। অর্থাৎ রাজগণের চরিত্র ও বংশ বিষয়ে সম্পূর্ণ অভিজ্ঞা সুনন্দা নাম্নী দ্বারপালিকা স্বয়ম্বরার্থিনী ইন্দুমতীকে সঙ্গে করিয়া সর্ব্ব প্রথমে মগধেশ্বরের সন্নিধানে উপনীত হইয়া পুরুষের ন্যায় নির্ভয়ে বলিতে লাগিল॥২০॥

এই রাজা শরণার্থীদিগের শরণ্য, গম্ভীরস্বভাব এবং প্রজারঞ্জন বিষয়ে বিচক্ষণ; ইনি মগধের সিংহাসন অলঙ্কৃত করিয়াছেন, ইহাঁর পরন্তপ নাম স্বার্থক হইয়াছে। অর্থাৎ এই দরিদ্রপালন ধীরচেতাঃ পুরুষ, মগধের সিংহাসন অলঙ্কৃত করিয়াছেন; ইহার প্রজারঞ্জন গুণে মগধে সর্ব্বদা শান্তি

রাজা প্রজারঞ্জনলব্ধবর্ণঃ
পরন্তপো নাম যথার্থনামা ॥ ২১ ॥
কামং নৃপাঃ সন্তু সহস্রশোঽন্যে
রাজন্বতীমাহুরনেন ভূমিম্।
নক্ষত্রতারাগ্রহসঙ্কুলাপি
জ্যোতিষ্মতী চন্দ্রমসৈব রাত্রিঃ ॥ ২২ ॥
ক্রিয়াপ্রবন্ধাদয়মধ্বরাণা-
মজস্রমাহূতসহস্রনেত্রঃ।

স্তাপেরিতি খচ্প্রত্যয়ঃ। খচি হ্রস্ব ইতি হ্রস্বঃ অরুর্দ্বিষদজন্তস্য মুম্ ইতি মুমাগমঃ। নামেতি প্রসিদ্ধৌ যথার্থনামা শত্রুসন্তাপনাদিতি ভাবঃ ॥ ২১ ॥

কামমিতি। অন্যে নৃপাঃ কামং সহস্রশঃ সন্তু ভূমিমনেন রাজন্বতীং শোভনরাজবতীমাহুঃ নৈতাদৃক্ কশ্চিদস্তীত্যর্থঃ। "সুরাজ্ঞি দেশে রাজন্বান্ স্যাৎ ততোঽন্যত্র রাজবান্"ইত্যমরঃ। রাজন্বান্ সৌরাজ্যে ইতি নিপাতনাৎ সাধুঃ। তথাহি নক্ষত্রৈরশ্বিন্যাদিভিঃ তারাভিঃ সাধারণৈর্জ্জ্যোতির্ভিঃ গ্রহৈর্ভৌমা-দিভিশ্চ সঙ্কুলাপি রাত্রিঃ চন্দ্রমসৈব জ্যোতিরস্যা অস্তীতি জ্যোতিষ্মতী নান্যেন জ্যোতিষেত্যর্থঃ ॥ ২২ ॥

ক্রিয়েতি। অয়ং পরন্তপোঽধ্বরাণাং ক্রতূনাং ক্রিয়াপ্রবন্ধাদনুষ্ঠানসাত-

---

বিরাজ করিতেছে; সুতরাং দুষ্টের দমন ও শিষ্টের পালন, ইহাঁর ব্রত বলিয়া পরন্তপ নামটি স্বার্থকই হইয়াছে ॥ ২১ ॥

এই পৃথিবীতে সহস্র সহস্র রাজা আছেন বটে, কিন্তু রাত্রি নক্ষত্র, তারা ও গ্রহগণ কর্তৃক সমাকীর্ণ হইলেও যেরূপ একমাত্র চন্দ্রের দ্বারা জ্যোতিষ্মতী হইয়া থাকে, তদ্রূপ পৃথিবীও এই একমাত্র মগধাধিপতি দ্বারাই রাজন্বতী বলিয়া পরিগণিত হইয়া থাকেন। অর্থাৎ রাত্রি যেমন নক্ষত্রাদিদ্বারা বিভূষিতা হইয়াও একমাত্র চন্দ্র ভিন্ন দীপ্তিমতী হইতে পারে না, তদ্রূপ বসুমতী অসংখ্য রাজগণে সমলঙ্কৃতা হইয়াও একমাত্র মগধেশ্বর ব্যতীত রাজযুক্তা বলিয়া গণ্য হইতে পারেন না। কারণ সম্রাট বিহীন রাজ্য সর্ব্বদা শ্রীবিহীন হইয়া থাকে ॥ ২২ ॥

এই মগধরাজ পরন্তপ, নিরন্তর যজ্ঞের অনুষ্ঠান করেন বলিয়া,

শচ্যাশ্চিরং পাণ্ডুকপোললম্বান্
মন্দারশূন্যানলকাংশ্চকার ॥ ২৩ ॥
অনেন চেদিচ্ছসি গৃহ্যমাণং
পাণিং বরেণ্যেন কুরু প্রবেশে।
প্রাসাদবাতায়নসংশ্রিতানাং
নেত্রোৎসবং পুষ্পপুরাঙ্গনানাম্ ॥ ২৪ ॥

ত্যাৎ অবিচ্ছিন্নাদনুষ্ঠানাদিত্যর্থঃ অজস্রং নিত্যম্ আহূতসহস্রনেত্রঃ সন্ চিরং শচ্যা অলকান্ পাণ্ডুকপোলয়োর্লম্বান্ স্রস্তান্। পচাদ্যচ্। মন্দারৈঃ কল্পদ্রুমকুসুমৈঃ শূন্যান্ চকার। প্রোষিতভর্ত্তৃকা হি কেশসংস্কারং ন কুর্ব্বন্তি; "প্রোষিতে মলিনা কৃশেতি", "ক্রীড়াং শরীরসংস্কারং সমাজোৎসবদর্শনম্। হাস্যং পরগৃহে যানং ত্যজেৎ প্রোষিতভর্ত্তৃকে"তি চ স্মরণাৎ ॥ ২৩ ॥

অনেনেতি। বরেণ্যেন বরণীয়েন। বৃণোতেরৌণাদিক এণ্যপ্রত্যয়ঃ। অনেন রাজ্ঞা গৃহ্যমাণং পাণিমিচ্ছসি চেৎ পাণিগ্রহণমিচ্ছসি চেদিত্যর্থঃ প্রবেশে প্রবেশকালে প্রাসাদবাতায়নসংশ্রিতানাং রাজভবন-গবাক্ষস্থিতানাং পুষ্পপুরাঙ্গনানাং পাটলীপুরাঙ্গনানাং নেত্রোৎসবং কুরু। সর্ব্বোত্তমানাং তাসামপি দর্শনীয়া ভবিষ্যসীতি ভাবঃ ॥ ২৪ ॥

ইন্দ্রকে সেই যজ্ঞব্যাপারে সর্ব্বদা উপস্থিত থাকিতে হয়; তন্নিবন্ধন তিনি শচীদেবীর পাণ্ডুবর্ণ গণ্ডস্থলে বিলম্বিনী অলকাবলী বহুকাল পর্য্যন্ত মন্দার-কুসুম শূন্য রাখিয়াছেন। অর্থাৎ এই মগধেশ্বর সর্ব্বদাই এইরূপ সৎকর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকেন, যে সদনুষ্ঠানে দেবরাজ ইন্দ্রকেও উপস্থিত থাকিতে হয়। সুতরাং ইহাঁর ন্যায় ধার্ম্মিক রাজা পৃথিবীতে অত্যল্পই দৃষ্টিগোচর হইয়া থাকে। এইরূপে ইন্দ্র দীর্ঘকাল পরন্তপের আলয়ে থাকেন বলিয়া, ইন্দ্রপত্নী শচী কেশ-বিন্যাসাদি সংস্কার করেন না; কারণ স্বামী অবিদ্যমানে বেশভূষা করা নিষিদ্ধ; ইহাতেই প্রোষিতভর্ত্তৃকা স্ত্রীর ধর্ম্মরক্ষা হইয়া থাকে ॥ ২৩ ॥

এই বরণীয় রাজা, যদি তোমার পাণিগ্রহণ করেন, তাহা হইলে নগরে প্রবেশকালে পুষ্পপুরাঙ্গনাগণ প্রাসাদ-বাতায়ন আশ্রয় করিয়া চক্ষুর স্বার্থকতা সম্পাদন করিবেন। অর্থাৎ রাজপুত্রি! তুমি যদি ইহাঁকে বরণ কর, তাহাহইলে পাটলিপুত্র নগরে প্রবেশকালে, বিখ্যাত সুন্দরী পুরাঙ্গনাগণ

এবং তয়োক্তে তমবেক্ষ্য কিঞ্চিৎ-
বিস্রংসিদূর্ব্বাঙ্কমধূকমালা ।
ঋজুপ্রণামক্রিয়য়ৈব তন্বী
প্রত্যাদিদেশৈনমভাষমাণা ॥ ২৫ ॥
তাং সৈব বেত্রগ্রহণে নিযুক্তা
রাজান্তরং রাজসুতাং নিনায় ।
সমীরণোত্থেব তরঙ্গলেখা
পদ্মান্তরং মানসরাজহংসীম্ ॥ ২৬ ॥

এবমিতি। এবং তয়া সুনন্দয়োক্তে সতি তং পরন্তপমবেক্ষ্য কিঞ্চিদ্বিস্রংসিনী দূর্ব্বাঙ্কা দূর্ব্বাচিহ্না মধূকমালা গুড়পুষ্পমালা যস্যাঃ সা। "মধূকে তু গুড়পুষ্পমধুদ্রুমৌ"ইত্যমরঃ। বরণে শিথিলপ্রযত্নেতি ভাবঃ। তন্বী ইন্দুমতী এনং নৃপমভাষমাণা ঋজ্বা ভাবশূন্যয়া প্রণামক্রিয়য়ৈব প্রত্যাদিদেশ পরিজহার ॥ ২৫ ॥

তামিতি। সৈব নাম্না চিত্তজ্ঞত্বাদিতি ভাবঃ। বেত্রগ্রহণে নিযুক্তা দৌবারিকী সুনন্দা তাং রাজসুতাং রাজান্তরম্ অন্যরাজানং নিনায়। নয়তি-

---

তোমাকে সৌধবাতায়ন হইতে নিরীক্ষণ করিয়া অতিশয় আনন্দিত হইবেন। মগধেশ্বর পরন্তপের রাজধানী পাটলিপুত্র নগরে ছিল। অধুনা পাটলিপুত্র নগর পাটনা নামে অভিহিত হইয়া থাকে ॥ ২৪ ॥

সুনন্দা এইরূপ বলিলে, কৃশাঙ্গী ইন্দুমতী পরন্তপকে নিরীক্ষণ পূর্ব্বক বাক্যস্ফূর্ত্তি না করিয়াই ভাবভঙ্গী শূন্য একটী প্রণাম দ্বারা তাঁহাকে প্রত্যাখ্যান করিলেন; প্রণামকালে তাঁহার দূর্ব্বাযুক্ত মধূকমালা কিঞ্চিৎ বিস্রংসিত হইল। অর্থাৎ রাজকুমারী মগধেশ্বরকে প্রণাম করিবার সময়ে তাঁহার কণ্ঠস্থ মধূকমালা (মৌফুলের মালা) কিঞ্চিৎ স্থানচ্যুত হয়। ইন্দুমতীর মস্তক ঈষৎ অবনত হওয়া প্রযুক্ত, কণ্ঠস্থ পুষ্পহারও অত্যল্প দোদুল্যমান হইয়াছিল ॥ ২৫ ॥

সমীরণোত্থিত তরঙ্গমালা যেমন মানসসরোবরস্থ রাজহংসীকে এক পদ্ম হইতে পদ্মান্তরে লইয়া যায়, তদ্রূপ দ্বারপালিকা সুনন্দা রাজনন্দিনী ইন্দুমতীকে

জগাদ চৈনাময়মঙ্গনাথঃ
সুরাঙ্গনাপ্রার্থিতযৌবনশ্রীঃ।
বিনীতনাগঃ কিল সূত্রকারৈ-
রৈন্দ্রং পদং ভূমিগতোঽপি ভুঙ্‌ক্তে ॥ ২৭ ॥

দ্বিকর্ম্মকঃ। কথমিব সমীরণোত্থা বাতোৎপন্না তরঙ্গলেখা ঊর্ম্মিপঙ্‌ক্তিঃ মানসে সরসি যা রাজহংসী তাং পদ্মান্তরমিব ॥ ২৬ ॥

জগাদেতি। এনামিন্দুমতীং জগাদ। কিমিতি অয়মঙ্গনাথোঽঙ্গদেশাধীশ্বরঃ সুরাঙ্গনাভিঃ প্রার্থিতা কামিতা যৌবনশ্রীর্যস্য স তথোক্তঃ। পুরা কিলৈনমিন্দ্রসহায়ার্থমিন্দ্রপুরগামিনম্ অকাময়ন্ত অপ্সরসইতি প্রসিদ্ধিঃ। কিঞ্চ সূত্রকারৈর্গজশাস্ত্রকৃদ্ভিঃ পালকাদিভির্ম্মহর্ষিভি র্ব্বিনীতনাগঃ শিক্ষিতগজঃ। কিলেত্যৈতিহ্যে। অতএব ভূমিগতোঽপি ঐন্দ্রং পদম্ ঐশ্বর্য্যং ভুঙ্‌ক্তে ভূর্লোকএব স্বর্গসুখমনুভবতীত্যর্থঃ। গজাপ্সরোদেবর্ষিসেব্যত্বম্ ঐন্দ্রপদশব্দার্থঃ। পুরা কিল কুতশ্চিচ্ছাপকারণাৎ ভুবমবতীর্ণং দিগ্‌গজবর্গমালোক্য স্বয়মশক্তেরিন্দ্রাভ্যনুজ্ঞয়া আনীতৈর্দেবর্ষিভিঃ প্রণীতেন শাস্ত্রেণ গজান্ বশীকৃত্য ভুবি সম্প্রদায়ং প্রাবর্ত্তয়দিতি কথা গীয়তে ॥ ২৭ ॥

মগধেশ্বরের নিকট হইতে অন্য ভূপালের নিকটে লইয়া গেল। অর্থাৎ মগধেশ্বরের প্রতি ইন্দুমতীর মন আকৃষ্ট না হওয়াতে তিনি তাঁহাকে প্রণাম করিয়া অন্য রাজার নিকটে সুনন্দার সহিত চলিয়া গেলেন ॥ ২৬ ॥

তথায় উপস্থিত হইয়া সুনন্দা বলিতে লাগিল, ইনি অঙ্গদেশের অধীশ্বর; পূর্ব্বে সুরাঙ্গনাগণও ইহাঁর যৌবনশ্রী প্রার্থনা করিয়াছিলেন এবং ইহাঁর হস্তী সকল গজপালন-শাস্ত্রবিৎ মহর্ষিগণ হইতে সুশিক্ষা প্রাপ্ত হইয়াছে; অতএব ইনি ধরণীমণ্ডলে বাস করিয়াও স্বর্গসুখ ভোগ করিয়া থাকেন। অর্থাৎ অঙ্গনাথ ইন্দ্রের সাহায্যার্থ স্বর্গে কখন কখন যাইতেন, সেই সময়ে তাঁহাকে দেখিয়া অপ্সরাগণের মন আকৃষ্ট হইত এবং দেবর্ষিগণের সাহায্যে হস্তীসকল স্বকীয় ভবনে শিক্ষা পাইত; সুতরাং তিনি দেবর্ষি ও অপ্সরাগণ কর্ত্তৃক পরিসেবিত হন্ বলিয়া স্বর্গের সহিত তাঁহার রাজ্যের অনেকাংশে সামঞ্জস্য ছিল, এই সকল কারণে অঙ্গাধিপ স্বর্গ সুখভোগের অধিকারী হইয়াছিলেন ॥ ২৭ ॥

অনেন পর্য্যাসয়তাশ্রুবিন্দূন্
মুক্তাফলস্থূলতমান্ স্তনেষু।
প্রত্যর্পিতাঃ শত্রুবিলাসিনীনা-
মুন্মুচ্য সূত্রেন বিনৈব হারাঃ ॥ ২৮ ॥
নিসর্গভিন্নাস্পদমেকসংস্থ-
মস্মিন্ দ্বয়ং শ্রীশ্চ সরস্বতী চ।
কান্ত্যা গিরা সূনৃতয়া চ যোগ্যা
ত্বমেব কল্যাণি তয়োস্তৃতীয়া ॥ ২৯

অনেনেতি। শত্রুবিলাসিনীনাং স্তনেষু মুক্তাফলস্থূলতমান্ অশ্রুবিন্দূন্। অস্রমশ্রুণীতি বিশ্বঃ। পর্য্যাসয়তা প্রস্তারয়তা ভর্ত্তৃবধাদিতি ভাবঃ। অনেনাঙ্গনাথেন উন্মুচ্যাক্ষিপ্য সূত্রেণ বিনা হারাএব প্রত্যর্পিতাঃ। অবিচ্ছিন্নাশ্রুবিন্দুপ্রবর্ত্তনাত্তৎসূত্রহারার্পণমেব কৃতমিবেত্যুৎপ্রেক্ষা গম্যতে ॥ ২৮ ॥

নিমীলিত হইলে, সরোবরের যে রূপ দৃশ্য হয়; একদিকে হর্ষ-প্রফুল্ল বরপক্ষ এবং অপরদিকে বিষাদ-বিশীর্ণ নৃপতিগণ-সমন্বিত সেই স্বয়ম্বর-সভারও তাদৃশ দৃশ্য হইল। অর্থাৎ [অরুণ-কিরণ-সংযোগে একদিকে বিকসিত কমল, অন্যদিকে নিমীলিত কুমুদ থাকায়, সরোবরের যাদৃশী শোভা হয়, ইন্দুমতীর সমাগমে একদিকে বরপক্ষ প্রফুল্ল এবং অন্যদিকে নৈরাশ্যযুক্ত রাজগণ বিশীর্ণ-বদন হওয়াতে, স্বয়ম্বর-সভাস্থলও তাদৃশী শোভা ধারণ করিয়াছিল ॥ ৮৬ ॥

ষষ্ঠ সর্গ সমাপ্ত।

সপ্তমঃ সর্গঃ।

অথোপযন্ত্রা সদৃশেন যুক্তাং
স্কন্দেন সাক্ষাদিব দেবসেনাম্।
স্বসারমাদায় বিদর্ভনাথঃ
পুরপ্রবেশাভিমুখো বভূব ॥ ১ ॥
সেনানিবেশান্ পৃথিবীক্ষিতোঽপি
জগ্মুর্ব্বিভাতগ্রহমন্দভাসঃ।

ভজেমহি নিপীয়ৈকং মুহুরস্তং পয়োধরম্।
মার্গন্তং বালমালোক্যাশ্বাসতন্তৌ হি দম্পতী ॥

অথেতি। অথ বিদর্ভনাথো ভোজঃ সদৃশেনোপযন্ত্রা বরেণ যুক্তাম্ অতএব সাক্ষাৎ প্রত্যক্ষম্। "সাক্ষাৎপ্রত্যক্ষতুল্যয়ো"রিত্যমরঃ। স্কন্দেনযুক্তাং দেবসেনামিব দেবসেনা নাম দেবপুত্রী স্কন্দপত্নী তামিব স্থিতাং স্বসারং ভগিনীমিন্দুমতীমাদায় গৃহীত্বা পুরপ্রবেশাভিমুখো বভূব। উপজাতিবৃত্তং সর্গেঽস্মিন্ ॥ ১ ॥

সেনেতি। ভোজস্য রাজ্ঞোগোত্রাপত্যং স্ত্রী ভোজ্যা তামিন্দুমতীং প্রতি ব্যর্থমনোরথত্বাৎ রূপেষু আকৃতিষু বেশেষু নেপথ্যেষু চ সাভ্যসূয়াঃ বৃথেতি

অনন্তর বিদর্ভনাথ ভোজ, সাক্ষাৎ কার্ত্তিকেয়ের সহিত দেবসেনার (কার্ত্তিকেয় পত্নীর) ন্যায় অনুরূপ বরের সহযোগে ভগিনী ইন্দুমতীকে লইয়া পুরাভিমুখে গমন করিলেন ॥ ১ ॥

মহীপালগণও, ইন্দুমতী লাভে ব্যর্থ-মনোরথ হইয়া, আপন আপন রূপ ও বেশের নিন্দা করিতে করিতে, প্রভাতকালীয় ক্ষীণজ্যোতি গ্রহের ন্যায় ম্লানভাবে শিবিরে প্রস্থান করিলেন। অর্থাৎ এদিকে স্পৃহণীয় কন্যারত্নলিপ্সু নরপতিগণও, ইন্দুমতী লাভে বিফল-মনোরথ হওয়ায়, স্ব স্ব রূপ ও

ভোজ্যাং প্রতি ব্যর্থমনোরথত্বাৎ
রূপেষু বেশেষু চ সাভ্যসূয়াঃ ॥ ২ ॥
সান্নিধ্যযোগাৎ কিল তত্র শচ্যাঃ
স্বয়ংবরক্ষোভকৃতামভাবঃ।
কাকুৎস্থমুদ্দিশ্য সমৎসরোঽপি
শশাম তেন ক্ষিতিপাললোকঃ ॥ ৩ ॥
তাবৎপ্রকীর্ণাভিনবোপচার-
মিন্দ্রায়ুধদ্যোতিততোরণাঙ্কম্।

নিন্দন্তঃ কিঞ্চ বিভাতে প্রাতঃকালে যে গ্রহাঃ চন্দ্রাদয়স্তে ইব মন্দভাসঃ ক্ষীণকান্তয়ঃ পৃথিবীক্ষিতোনৃপা অপি সেনানিবেশান্ শিবিরাণি জগ্মুঃ ॥ ২ ॥

নন্ব ক্রুদ্ধাশ্চেদ্ যুদ্ধ্যন্তাং তত্রাহ ;—সান্নিধ্যেতি। তত্র স্বয়ংবরক্ষেত্রে শচ্যা ইন্দ্রাণ্যাঃ সন্নিধিরেব সান্নিধ্যং তস্য যোগাৎ সদ্ভাবাদ্ধেতোঃ স্বয়ংবরস্য ক্ষোভকৃতাং বিঘ্নকারিণামভাবঃ কিল। কিলেতি স্বয়ংবরবিঘাতকাঃ শচ্যা বিনাশ্যন্ত ইত্যাগমসূচনার্থম্। তেন হেতুনা কাকুৎস্থমজমুদ্দিশ্য সমৎসরোঽপি ক্ষিতিপাললোকঃ শশাম নাক্ষুভ্যৎ ॥ ৩ ॥

তাবদিতি। "যাবত্তাবচ্চ সাকল্য" ইত্যমরঃ। তাবৎপ্রকীর্ণাঃ সাকল্যেন প্রসারিতাঃ অভিনবাঃ নূতনাঃ উপচারাঃ পুষ্পপ্রকরাদয়ো যস্য তং তথোক্তম্

বেশের প্রতি অনাদর প্রদর্শনপূর্ব্বক, প্রাভাতিক গ্রহের ন্যায় ক্ষীণপ্রভ হইয়া স্বীয় স্বীয় আলয়ে প্রত্যাগমন করিলেন ॥ ২ ॥

স্বয়ম্বর উৎসবে ইন্দ্রপত্নী শচীর অধিষ্ঠান বশতঃ, কেহই সেই উৎসবের বিঘ্ন জন্মাইতে সাহসী হয় নাই ; নরপতিগণ, অজের উপর বিদ্বেষভাবাপন্ন হইলেও তৎকালে তাঁহারা ক্রোধ প্রশমিত রাখিয়াছিলেন। অর্থাৎ শচীদেবী স্বয়ম্বর-বিঘাতকদিগকে বিনাশ করিবার নিমিত্ত, স্বয়ম্বর উৎসবে উপস্থিত থাকেন ; সুতরাং তাঁহার ভয়ে ইন্দুমতী-লিপ্সু রাজগণ কর্ত্তৃক কোনরূপ বিঘ্নের সূত্রপাত হয় নাই ॥ ৩ ॥

বর বধূর সহিত রাজপথে উপনীত হইলেন ; সেই রাজপথের সমস্ত ভাগ পুষ্পাদি উপকরণ দ্বারা সমাকীর্ণ, ইন্দ্রধনু সদৃশ তোরণ দ্বারা সুশোভিত,

বরঃ স বধ্বা সহ রাজমার্গং
প্রাপ ধ্বজচ্ছায়নিবারিতোষ্ণম্‌ ॥ ৪ ॥
ততস্তদালোকনতৎপরাণাং
সৌধেষু চামীকর-জালবৎসু।
বভূবুরিত্থং পুরসুন্দরীণাং
ত্যক্তান্যকার্য্যাণি বিচেষ্টিতানি ॥ ৫ ॥
আলোকমার্গং সহসা ব্রজন্ত্যা
কয়াচিদুদ্বেষ্টনবান্তমাল্যঃ।

ইন্দ্রায়ুধানীব দ্যোতিতানি প্রকাশিতানি তোরণানি অঙ্কা শিচহ্নানি যস্য তং ধ্বজানাং ছায়া ধ্বজচ্ছায়ম্‌। ছায়া বাহুল্য ইতি নপুংসকত্বম্‌। তেন নিবারিত-উষ্ণ আতপো যত্র তং রাজমার্গং স বরো বোঢ়া বধ্বা সহ প্রাপ বিবেশ ॥৪॥

ততইতি। ততস্তদনন্তরং চামীকরজালবৎসু সৌবর্ণগবাক্ষযুক্তেষু সৌধেষু তস্যাজস্যালোকনে তৎপরাণাম্‌ আসক্তানাং পুরসুন্দরীণাম্‌ ইত্থং বক্ষ্যমাণ-প্রকারাণি ত্যক্তান্যন্যকার্য্যাণি কেশবন্ধনাদীনি যেষু তানি বিচেষ্টিতানি ব্যাপারা বভূবুঃ ॥ ৫ ॥

তান্যেবাহ পঞ্চভিঃ শ্লোকৈঃ;—আলোকেতি। সহসা আলোকমার্গং গবাক্ষপথং ব্রজন্ত্যা কয়াচিৎ উদ্বেষ্টনবান্তমাল্যঃ উদ্বেষ্টনো দ্রুতগতিবশাৎ উন্মুক্তবন্ধনঃ অতএব বান্তমাল্য বন্ধবিশ্লেষেণোদ্গীর্ণমাল্যঃ করেণ রুদ্ধো গৃহীতোঽপি চ কেশপাশঃ কেশকলাপঃ। "পাশঃ পক্ষশ্চ হস্তশ্চ কলাপার্থাঃ

এবং পতাকার ছায়ায় আতপ অন্তর্হিত হইয়াছে। অর্থাৎ যে পথ পুষ্প ও দেবদারু পত্রাদি দ্বারা পরিব্যাপ্ত, ইন্দ্রধনু সদৃশ তোরণযুক্ত এবং উড্ডীয়মান পতাকার ছায়াবিশিষ্ট; কুমার অজ, সেই রাজপথ দিয়া বধূর সহিত রাজভবনে যাইতে লাগিলেন ॥ ৪ ॥

সুবর্ণজালাবৃত বাতায়ন-বিশিষ্ট গৃহ সমূহে বরদর্শনে সমুৎসুকা পুরাঙ্গনা-গণ, অনন্যকার্য্য হইয়া, এইরূপ ব্যগ্রতা প্রকাশ করিতে লাগিলেন ॥ ৫ ॥

কোন রমণী, গবাক্ষের দিকে সহসা দ্রুতপদে গমন করিলে, তাহার কবরীর বন্ধন উন্মুক্ত ও তাহা হইতে মাল্য স্খলিত হইয়া পড়িল; তিনি

বন্ধুং ন সম্ভাবিত এব তাবৎ
করেণ রুদ্ধোঽপি চ কেশপাশঃ ॥ ৬ ॥
প্রসাধিকালম্বিতমগ্রপাদ-
মাক্ষিপ্য কাচিৎ দ্রবরাগমেব।
উৎসৃষ্টলীলাগতিরাগবাক্ষা-
দলক্তকাঙ্কাং পদবীং ততান ॥ ৭ ॥
বিলোচনং দক্ষিণমঞ্জনেন
সম্ভাব্য তদ্বঞ্চিতবামনেত্রা।
তথৈব বাতায়নসন্নিকর্ষং
যযৌ শলাকামপরা বহন্তী ॥ ৮ ॥

কচাৎপরে” ইত্যমরঃ। তাবদালোকমার্গপ্রাপ্তিপর্য্যন্তং বন্ধুং বন্ধনার্থং ন সম্ভাবিতো ন চিন্তিতএব ॥ ৬ ॥

প্রসাধিকেতি। কাচিৎ প্রসাধিকয়া অলঙ্কর্ত্র্যা আলম্বিতং রঞ্জনার্থং ধৃতং দ্রবরাগমেব আর্দ্রালক্তকমেব, অগ্রশ্চাসৌ পাদশ্চেত্যগ্রপাদ ইতি কর্ম্মধারয়-সমাসঃ। “হস্তাগ্রাগ্রহস্তাদয়োগুণগুণিনোর্ভেদাভেদাভ্যা”মিতি বামনঃ। তমাক্ষিপ্যাকৃষ্য উৎসৃষ্টলীলাগতিঃ ত্যক্তমন্দগমনা সতী আ গবাক্ষাদ্গবাক্ষপর্য্যন্তং পদবীং পন্থানমলক্তকাঙ্কাং লাক্ষারাগচিহ্নাং ততান বিস্তারয়ামাস ॥ ৭ ॥

বিলোচনমিতি। অপরা স্ত্রী দক্ষিণং বিলোচনমঞ্জনেন সম্ভাব্যালঙ্কৃত্য সম্ভ্রমাদিতি ভাবঃ। তদ্বঞ্চিতং তেনাঞ্জনেন বর্জ্জিতং বামনেত্রং যস্যা সা সতী তথৈব শলাকামঞ্জনতূলিকাং বহন্তী সতী বাতায়নসন্নিকর্ষং গবাক্ষসমীপং যযৌ। দক্ষিণগ্রহণং সম্ভ্রমাৎ ব্যুৎক্রম-করণদ্যোতনার্থং “সব্যং হি পূর্ব্বং মনুষ্যা অঞ্জত”ইতি শ্রুতেঃ ॥ ৮ ॥

সেই উন্মুক্ত কেশপাশ হস্তে ধারণ করিয়া চলিলেন; কিন্তু উহা যে বন্ধন করিতে হইবে, তাহা একবার মনেও উদয় হইল না ॥ ৬ ॥

কোন কামিনী, প্রসাধিকার (বেশকারিণীর) করধৃত আর্দ্র অলক্তকরঞ্জিত চরণ, বলপূর্ব্বক আকর্ষণ করিয়া দ্রুতবেগে বাতায়ন সন্নিধানে গমন করিলেন; তাহাতে অলক্তকরঞ্জিত পাদচিহ্ন গবাক্ষ পর্য্যন্ত বিস্তৃত হইল ॥ ৭ ॥

জালান্তরপ্রেষিতদৃষ্টিরন্যা
প্রস্থানভিন্নাং ন ববন্ধ নীবীম্‌।
নাভিপ্রবিষ্টাভরণপ্রভেণ
হস্তেন তস্থাববলম্ব্য বাসঃ ॥ ৯ ॥
অর্দ্ধাঞ্চিতা সত্বর মুত্থিতায়াঃ
পদে পদে দুর্নিমিতে গলন্তী।

জালেতি। অন্যা স্ত্রী জালান্তরপ্রেষিতদৃষ্টিঃ গবাক্ষমধ্যপ্রেরিত দৃষ্টিঃ সতী প্রস্থানেন গমনেন ভিন্নাং ক্রটিতাং নীবীং বসনগ্রন্থিম্‌। "নীবী পরিপণে গ্রন্থৌ স্ত্রীণাং জঘনবাসস" ইতি বিশ্বঃ। ন ববন্ধ কিন্তু নাভিং প্রবিষ্টা আভরণানাং কঙ্কণাদীনাং প্রভা যস্য তেন। প্রভৈব নাভেরাভরণমভূদিতি ভাবঃ। হস্তেন বাসোঽবলম্ব্য গৃহীত্বা তস্থৌ ॥ ৯ ॥

অর্দ্ধেতি। সত্বরমুত্থিতায়াঃ কস্যাশ্চিৎ অর্দ্ধাঞ্চিতা মণিভিরর্দ্ধগুম্ফিতা দুর্নিমিতে সম্ভ্রমাদ্দুরুৎক্ষিপ্তে। ডুমিঞ্‌ প্রক্ষেপণইতি ধাতোরকর্ম্মণি ক্তঃ।

কোন মহিলা, একমাত্র দক্ষিণ নয়ন অঞ্জন দ্বারা অলঙ্কৃত করিয়া, তদবস্থাতেই অঞ্জন-শলাকা ধারণ পূর্ব্বক গবাক্ষের দিকে গমন করিলেন ॥ ৮ ॥

কোন সুন্দরী, গবাক্ষপথে দৃষ্টিপাত পূর্ব্বক গমন করিতে লাগিলেন; ব্যস্ততাবশতঃ গমনবেগে নীবী (বস্ত্রগ্রন্থি) স্খলিত হইলে, তাহা বন্ধন না করিয়া, হস্তের আভরণ প্রভায় নাভিরন্ধ্র রঞ্জিত করিলেন। অর্থাৎ বধূবরের রাজান্তঃপুরে গমনকালে, বিবিধ বাদ্যধ্বনি হইতে লাগিল, সেই মধুর ধ্বনি শ্রবণ করিয়া, পথপার্শ্বের প্রাসাদস্থিত মহিলাগণ, বরদর্শন মানসে অনন্যকার্য্য হইয়া, বেগে বাতায়নের দিকে দৌড়িতে লাগিল। তন্নিবন্ধন কাহারও সুরচিত কবরী বিপর্য্যস্ত, কাহারও কটীপ্রদেশস্থ বস্ত্র স্খলিত হইয়া পতিত হইতে লাগিল; কিন্তু তাহাতেও তাহাদের গতির বিরাম হইল না; সুতরাং পুরসুন্দরীগণ কেশপাশ এবং স্খলিত বস্ত্রাদি গ্রহণ করিয়াই, গবাক্ষ পথে দণ্ডায়মানা হইয়া, সর্ব্বান্তঃকরণে বরকে অবলোকন করিতে লাগিলেন ॥ ৯ ॥

কোন বিলাসিনী, কাঞ্চী (চন্দ্রহার) গ্রন্থন করিতেছিলেন; কিন্তু গ্রন্থনের অর্দ্ধমাত্র অবশিষ্ট থাকিতেই, অজকে দর্শন করিবার জন্য সহসা উত্থিত

কস্যাশ্চিদাসীদ্রশনা তদানী-
মঙ্গুষ্ঠমূলার্পিতসূত্রশেষা ॥ ১০ ॥
তাসাং মুখৈরাসবগন্ধগর্ভৈ-
র্ব্যাপ্তান্তরাঃ সান্দ্রকুতূহলানাম্ ।
বিলোলনেত্রভ্রমরৈর্গবাক্ষাঃ
সহস্রপত্রাভরণা ইবাসন্ ॥ ১১ ॥
তা রাঘবং দৃষ্টিভিরাপিবন্ত্যো-
নার্য্যো ন জগ্মুর্ব্বিষয়ান্তরাণি ।

পদে পদে প্রতিপদম্। বীপ্সায়াং দ্বির্ভাবঃ। গলন্তী গলদ্রত্না সতী রশনা মেখলা তদানীম্ অঙ্গুষ্ঠমূলেঽর্পিতং সূত্রমেব শেষোযস্যাঃ সা আসীৎ॥ ১০ ॥

তাসামিতি। তদানীং সান্দ্রকুতূহলানাং তাসাং স্ত্রীণাম্ আসব-গন্ধোগর্ভে যেষাং তৈঃ বিলোলানি নেত্রাণ্যেব ভ্রমরাঃ যেষাং তৈর্মুখৈঃ ব্যাপ্তান্তরা-শ্ছন্নাবকাশা গবাক্ষাঃ সহস্রপত্রাভরণাইব কমলালঙ্কতাইব। "সহস্রপত্রং কমলম্" ইত্যমরঃ। আসন্॥ ১১ ॥

তাইতি। তাঃ নার্য্যঃ রঘোরপত্যং রাঘবম্ অজম্। তস্যাপত্যমিত্যণ্-প্রত্যয়ঃ। দৃষ্টিভিরাপিবন্ত্যোঽতিতৃষ্ণয়া পশ্যন্ত্যো বিষয়ান্তরাণি অন্যান্ বিষয়ান্ ন জগ্মুর্ন বিবিদুরিত্যর্থঃ। তথাহি আসাং নারীণাং শেষেন্দ্রিয়বৃত্তিঃ চক্ষু-র্ব্ব্যতিরিক্তশ্রোত্রাদীন্দ্রিয়ব্যাপারঃ সর্ব্বাত্মনা স্বরূপকাৎর্স্ন্যেন চক্ষুঃ প্রবি-

---

হওয়াতে এবং দ্রুতবেগে পদ বিক্ষেপ করাতে, পদে পদে কাঞ্চীস্থ (চন্দ্র হারস্থ) মণি সকল গলিত হইয়া পড়িল, কেবল অঙ্গুষ্ঠমূলে উহার সূত্রমাত্র সম্বদ্ধ রহিল ॥ ১০ ॥

একান্ত কৌতূহলাক্রান্ত সেই পুর-মহিলাগণের আসবগন্ধপূর্ণ ও চঞ্চল নয়নবিশিষ্ট মুখ পরম্পরায় গবাক্ষ পথ ব্যাপ্ত হওয়াতে, বোধ হইতে লাগিল, যেন ভ্রমরবিশিষ্ট কমল সকল প্রাসাদ-শ্রেণীর বাতায়ন প্রদেশে প্রস্ফুটিত হইয়া রহিয়াছে ॥ ১১ ॥

সেই মহিলাগণ তন্মনা হইয়া, রঘুনন্দন অজকে এরূপ সতৃষ্ণ-নয়নে অবলোকন করিতে লাগিলেন, যেন তাঁহাদের অন্যান্য ইন্দ্রিয়শক্তি সর্ব্বতো-ভাবে একমাত্র চক্ষুতে প্রবিষ্ট হইয়াছিল। অর্থাৎ রাজকুমার অজের গন্তব্য

তথাহি শেষেন্দ্রিয়বৃত্তিরাসাং
সর্ব্বাত্মনা চক্ষুরিব প্রবিষ্টা ॥ ১২ ।
স্থানে বৃতা ভূপতিভিঃ পরোক্ষৈঃ
স্বয়ংবরং সাধুমমংস্ত ভোজ্যা ।
পদ্মেব নারায়ণমন্যথাসৌ
লভেত কান্তং কথমাত্মতুল্যম্ ॥ ১৩ ॥

ষ্টৈব । শ্রোত্রাদীনীন্দ্রিয়াণি স্বাতন্ত্র্যেণ গ্রহণাশক্তেঃ চক্ষুরেব প্রবিশ্য কৌতুকাৎ স্বয়মপ্যেনম্ উপলভন্তে কিমু, অন্যথা স্ববিষয়াধিগমঃ কিং ন স্যাদিতি ভাবঃ ॥ ১২ ॥

শৃণ্বন্ কথাইতি বক্ষ্যতি তাঃ কথয়তি ;—স্থানে ইত্যাদিভিস্ত্রিভিঃ । ভোজ্যা ইন্দুমতী পরোক্ষৈরদৃষ্টৈর্ভূপতিভির্বৃতা মমৈবেয়মিতি প্রার্থিতাপি স্বয়ংবরমেব সাধুং হিতমমংস্ত মেনে ন তু পরোক্ষমেব কঞ্চিৎপ্রার্থকং বব্রে, স্থানে যুক্তমেতৎ । "যুক্তে দ্বে সাম্প্রতং স্থানে" ইত্যমরঃ । কুতঃ অন্যথা স্বয়ংবরাভাবে অসাবিন্দুমতী পদ্মমস্যাস্তীতি পদ্মা লক্ষ্মীঃ । অর্শআদিভ্যোঽচ্ ইত্যচ্প্রত্যয়ঃ । নারায়ণমিব আত্মতুল্যং সানুরূপং কান্তং পতিং কথং লভেত ন লভেতৈব সদসদ্বিবেকাসৌকর্য্যাদিতি ভাবঃ ॥ ১৩ ॥

পথের পার্শ্বস্থ প্রাসাদ-শ্রেণীর বাতায়নস্থ মহিলাগণ অজকে এরূপ বাহ্যজ্ঞান রহিত হইয়া নিরীক্ষণ করিতে লাগিলেন, তাহা দেখিয়া বোধ হইতে লাগিল, যেন পুরস্ত্রীগণ চিত্রপুত্তলীর ন্যায় স্থির ও বিস্ফারিত-লোচনে বরকে অবলোকন করিতেছে ॥ ১২ ॥

পুর-স্ত্রীগণ পরস্পর বলিতে লাগিলেন, অনেকেই পরোক্ষে থাকিয়া এই ইন্দুমতীকে প্রার্থনা করিয়াছিলেন ; কিন্তু ইনি যে, স্বয়ম্বর হিতকর জ্ঞান করিয়াছিলেন, তাহা উপযুক্তই হইয়াছে ; তাহা না হইলে, লক্ষ্মী যেমন নারায়ণকে লাভ করিয়াছেন, তদ্রূপ ইনি আত্মতুল্য পতিলাভ করিতে কিরূপে সমর্থা হইতেন ? অর্থাৎ ইন্দুমতী যদি স্বয়ম্বর প্রথার অনুসরণ না করিতেন, তাহা হইলে তিনি কদাচ ঈদৃশ অনুরূপ পতিলাভে সমর্থা হইতেন না, সেই সময়ে পৌরকন্যাগণ এইরূপ পরস্পর কথোপকথন করিতে প্রবৃত্ত হইলেন ॥ ১৩ ॥

পরস্পরেণ স্পৃহণীয়শোভং
ন চেদিদং দ্বন্দ্বমযোজয়িষ্যৎ।
অস্মিন্ দ্বয়ে রূপবিধানযত্নঃ
পত্যুঃ প্রজানাং বিতথোঽভবিষ্যৎ ॥ ১৪ ॥
রতিস্মরৌ নূনমিমাবভূতাং
রাজ্ঞাং সহস্রেষু তথাহি বালা।
গতেয়মাত্মপ্রতিরূপমেব
মনোহি জন্মান্তরসঙ্গতিজ্ঞম্ ॥ ১৫ ॥

পরস্পরেণেতি। স্পৃহণীয়শোভং সর্ব্বাশাস্যসৌন্দর্য্যমিদং দ্বন্দ্বং মিথুনম্। দ্বন্দ্বং রহস্যেত্যাদিনা নিপাতঃ। পরস্পরেণ নাযোজয়িষ্যৎ চেৎ, ন যোজয়েৎ যদি, তর্হি প্রজানাং পত্যুর্ব্বিধাতুঃ অস্মিন্ দ্বয়ে দ্বন্দ্বে রূপবিধানযত্নঃ সৌন্দর্য্য-নির্ম্মাণপ্রয়াসো বিতথোঽভবিষ্যৎ এতাদৃশানুরূপ-স্ত্রীপুংসান্তরাভাবাদিতি ভাবঃ। লিঙ্নিমিত্তে লৃঙ্ ক্রিয়াতিপত্তাবিতি লৃঙ্। কুতশ্চিৎ কারণবৈগুণ্যাৎ ক্রিয়ায়া অনভিনিষ্পত্তিঃ ক্রিয়াতিপত্তিরিতি বৃত্তিকারঃ ॥ ১৪ ॥

রতীতি। রতিস্মরৌ যৌ নিত্যসহচরাবিত্যভিপ্রায়ঃ নূনং তাবেব ইয়ঞ্চ অয়ঞ্চ ইমৌ দম্পতী অভূতাম্ এতদ্রূপেণ উৎপন্নৌ। কুতঃ তথাহি ইয়ং বালা রাজ্ঞাং সহস্রেষু রাজসহস্রমধ্যে সত্যপি ব্যত্যাসকারণে ইতি ভাবঃ। আত্ম-প্রতিরূপং স্বতুল্যমেব। "তুল্যসঙ্কাশনীকাশপ্রকাশপ্রতিরূপকা" ইতি দণ্ডী। গতা প্রাপ্তা। তদপি কথং জাতমত আহ হি যস্মাৎ মনো জন্মান্তরসঙ্গতিজ্ঞং ভবতি। তদেবেদমিতি প্রত্যভিজ্ঞাভাবেঽপি বাসনাবিশেষবশাদনুভূতার্থেষু মনঃপ্রবৃত্তিরস্তীতি ॥ ১৫ ॥

যদি প্রজাপতি এই স্পৃহনীয় শোভাশালী দুই ব্যক্তিকে পরস্পর সংযো-জিত না করিতেন, তাহা হইলে, তিনি যে ইহাঁদিগের রূপ-নির্ম্মাণ বিষয়ে এত যত্ন করিয়াছেন, তাহা নিতান্ত নিষ্ফল হইত ॥ ১৪ ॥

রতি ও কন্দর্প নিশ্চয়ই এই দম্পতি রূপে অবতীর্ণ হইয়াছেন, তাহা না হইলে, ইন্দুমতী সহস্র ভূপালমধ্যে কিরূপে আত্মগুণানুরূপ পতি নির্ব্বাচন করিয়া লইলেন ; অতএব ইহাতে বোধ হইতেছে, মন অবশ্যই জন্মান্তরের সঙ্গতি অবগত হইতে পারে ॥ ১৫ ॥

ইত্যুদ্গতাঃ পৌরবধূমুখেভ্যঃ
শৃণ্বন্ কথাঃ শ্রোত্রসুখাঃ কুমারঃ ।
উদ্ভাসিতং মঙ্গলসংবিধাভিঃ
সম্বন্ধিনঃ সদ্ম সমাসসাদ ॥ ১৬ ॥
ততোঽবতীর্য্যাশু করেণুকায়াঃ
স কামরূপেশ্বরদত্তহস্তঃ ।
বৈদর্ভনির্দ্দিষ্টমথো বিবেশ
নারীমনাংসীব চতুষ্কমন্তঃ ॥ ১৭ ॥
মহার্হসিংহাসনসংস্থিতোঽসৌ
সরত্নমর্ঘ্যং মধুপর্কমিশ্রম্ ।

ইতীতি। ইতি স্থানে ইত্যাদ্যুক্তপ্রকারেণ পৌরবধূমুখেভ্যঃ উদ্গতাঃ উৎপন্নাঃ শ্রোত্রয়োঃ সুখাঃ মধুরাঃ। সুখশব্দোবিশেষ্যনিঘ্নঃ। "পাপপুণ্যসুখাদি চ"ইত্যমরঃ। কথাঃ গিরঃ শৃণ্বন্ কুমারোঽজঃ মঙ্গলসংবিধাভিঃ মঙ্গলরচনাভিঃ উদ্ভাসিতং শোভিতং সম্বন্ধিনঃ কন্যা-দায়িনঃ সদ্ম গৃহং সমাসসাদ প্রাপ ॥ ১৬ ॥

ততইতি। ততোঽনন্তরং করেণুকায়া হস্তিন্যাঃ সকাশাৎ আশু শীঘ্রম্ অবতীর্য্য কামরূপেশ্বরে দত্তো হস্তো যেন সোঽজঃ, অথো অনন্তরং বৈদর্ভেণ নির্দ্দিষ্টং প্রদর্শিতম্ অন্তশ্চতুষ্কং চত্বরং নারীণাং মনাংসীব বিবেশ ॥ ১৭ ॥

মহার্হেতি। মহার্হসিংহাসনে সংস্থিতোঽসৌ অজঃ ভোজেনোপনীতং

গজারোহী কুমার অজ, পুরাঙ্গনাদিগের মুখ-বিনির্গত এইরূপ শ্রুতি-সুখকর কথা শ্রবণ করিতে করিতে মাঙ্গল্য দ্রব্যে সমলঙ্কৃত ভোজ-ভবনে উপনীত হইলেন ॥ ১৬ ॥

অনন্তর অজ কামরূপেশ্বরের হস্ত গ্রহণ পূর্ব্বক করেণু-পৃষ্ঠ (হস্তিনী পৃষ্ঠ) হইতে ভূতলে অবতরণ করিলেন এবং ভোজ-নির্দ্দিষ্ট প্রাঙ্গণে প্রবেশ করিয়া তত্রত্য মহিলাগণের মনোমধ্যেও প্রবেশ করিলেন ॥ ১৭ ॥

অজ, মহার্হ সিংহাসনে উপবিষ্ট হইয়া, ভোজ-প্রদত্ত মধুপর্ক মিশ্রিত সরত্ন অর্ঘ্য ও ক্ষৌম যুগল, পুরাঙ্গনাদিগের কটাক্ষের সহিত গ্রহণ করিলেন। অর্থাৎ কুমার অজ প্রথমতঃ ভোজভবনে মহামূল্য রত্নসিংহাসনে উপবেশন

ভোজোপনীতঞ্চ দুকূলযুগ্মং
জগ্রাহ সার্দ্ধং বনিতাকটাক্ষৈঃ ॥ ১৮ ॥
দুকূলবাসাঃ স বধূসমীপং
নিন্যে বিনীতৈরবরোধরক্ষৈঃ।
বেলাসকাশং স্ফুটফেনরাজি-
র্নবৈরুদন্বানিব চন্দ্রপাদৈঃ ॥ ১৯ ॥
তত্রার্চ্চিতোভোজপতেঃ পুরোধাঃ
হুত্বাগ্নিমাজ্যাদিভিরগ্নিকল্পঃ।

রত্নৈঃ সহিতং সরত্নং মধুপর্কমিশ্রম্ অর্ঘ্যং পূজাসাধনদ্রব্যং দুকূলয়োঃ ক্ষৌময়ো-র্যুগ্মঞ্চ বনিতাকটাক্ষৈঃ অন্তস্ত্রীণামপাঙ্গদর্শনৈঃ সার্দ্ধং জগ্রাহ গৃহীতবান্ ॥ ১৮ ॥

দুকূলেতি। দুকূলবাসাঃ সোঽজঃ বিনীতৈ র্নম্রৈরবরোধরক্ষৈরন্তঃপুরাধি-কৃতৈঃ বধূসমীপং নিন্যে। তত্র দৃষ্টান্তঃ স্ফুটফেনরাজিরুদন্বান্ সমুদ্রঃ নবৈ-র্নূতনৈশ্চন্দ্রপাদৈশ্চন্দ্রকিরণৈঃ বেলায়াঃ সকাশং সমীপমিব। পূর্ণদৃষ্টান্তো-হয়ম্ ॥ ১৯ ॥

তত্রেতি। তত্র সম্যগর্চ্চিতঃ পূজিতোঽগ্নিকল্পোঽগ্নিতুল্যোভোজপতেঃ ভোজদেশাধীশ্বরস্য পুরোধাঃ পুরোহিতঃ। "পুরোধাস্তু পুরোহিতঃ" ইত্যমরঃ।

করিলেন; পরে কন্যাদাতা কর্ত্তৃক সমাহৃত চেলির জোড় ও রত্নাদি নানাবিধ উপকরণ গ্রহণ করিলেন। তৎকালে পুরাঙ্গনাগণ কক্ষবাতায়ন হইতে সতৃষ্ণ অপাঙ্গ দৃষ্টি দ্বারা, অজের রত্নাদি গ্রহণ ব্যাপার নিরীক্ষণ করিতে লাগিলেন ॥ ১৮ ॥

অভিনব চন্দ্রকিরণ যেরূপ ফেনরাজি-বিরাজিত মহাসাগরকে বেলা সন্নিধানে লইয়া যায়, তদ্রূপ অন্তঃপুররক্ষী বিনীত পুরুষগণ, সেই দুকূলধারী অজকে, বধূ ইন্দুমতীর সকাশে লইয়া গেল। অর্থাৎ নবোদিত চন্দ্রকিরণে আকৃষ্ট হইয়া যেমন বারিধির জলরাশি বৃদ্ধিপ্রাপ্ত হইয়া, বেলাভূমির নিকটে গমন করে, সেইরূপ বিনীত অন্তঃপুরচারিগণ কর্ত্তৃক অজ, ইন্দুমতীর নিকটে নীত হইলেন ॥ ১৯ ॥

তথায় অগ্নিতুল্য তেজস্বী রাজপুরোহিত, ভোজ কর্ত্তৃক সৎকৃত হইয়া

তমেব চাধায় বিবাহসাক্ষ্যে
বধূবরৌ সঙ্গময়াঞ্চকার ॥ ২০ ॥
হস্তেন হস্তং পরিগৃহ্য বধ্বাঃ
স রাজসূনুঃ সুতরাং চকাশে ।
অনন্তরাশোকলতাপ্রবালং
প্রাপ্যেব চূতঃ প্রতিপল্লবেন ॥ ২১ ॥
আসীদ্বরঃ কণ্টকিতপ্রকোষ্ঠঃ
স্বিন্নাঙ্গুলিঃ সংববৃতে কুমারী ।

আজ্যাদিভির্দ্রব্যৈরগ্নিং হুত্বা তমেব চাগ্নিং বিবাহসাক্ষ্যে আধায় সাক্ষিণং কৃত্বেত্যর্থঃ বধূবরৌ সঙ্গময়াঞ্চকার যোজয়ামাস ॥ ২০ ॥

হস্তেনেতি। স রাজসূনুঃ হস্তেন স্বকীয়েন বধ্বাঃ হস্তং পরিগৃহ্য অনন্তরায়াঃ সন্নিহিতায়াঃ অশোকলতায়াঃ প্রবালং পল্লবং প্রতিপল্লবেন স্বকীয়েন প্রাপ্য চূত আম্রইব সুতরাং চকাশে ॥ ২১ ॥

আসীদিতি। বরঃ কণ্টকিতঃ পুলকিতঃ প্রকোষ্ঠোযস্য স আসীৎ। "সূচ্যগ্রে ক্ষুদ্রশত্রৌ চ রোমহর্ষে চ কণ্টক" ইত্যমর। কুমারী স্বিন্নাঙ্গুলিঃ সংববৃতে বভূবঃ। অত্রোৎপ্রেক্ষতে তস্মিন্ দ্বয়ে মিথুনে তৎক্ষণমাত্মবৃত্তিঃ সাত্বিকোদয়রূপা বৃত্তিঃ মনোভবেন কামেন সমং বিভক্তেব পৃথক্ কৃতেব। অপরার্দ্ধস্য পাঠান্তরে ব্যাখ্যানান্তরম্। পাণিসমাগমেন পাণ্যোঃ সংস্পর্শেন কর্ত্র্যা। তয়োর্ব্বধূবরয়ো র্ম্মনোভবস্য বৃত্তিঃ স্থিতিঃ সমং বিভক্তেব সমীকৃতেবেত্যর্থঃ। প্রাক্সিদ্ধস্যাপ্যনুরাগসাম্যস্য সম্প্রতি তৎকার্য্যদর্শনাৎ পাণিস্পর্শ-

---

ঘৃতাদি দ্বারা অগ্নিতে আহুতি প্রদান করিলেন এবং সেই অগ্নিকেই সাক্ষী করিয়া, বর বধূকে একত্র সংযোজিত করিয়া দিলেন ॥ ২০ ॥

তখন যেমন সহকার তরু, স্বীয় পল্লব দ্বারা সন্নিহিত অশোক লতার পল্লব প্রাপ্ত হইয়া শোভা ধারণ করে, সেই রাজকুমার অজও, স্বীয় করে বধূর হস্তগ্রহণ করিয়া, সেইরূপ শোভা ধারণ করিলেন ॥ ২১ ॥

বরের প্রকোষ্ঠদেশ কণ্টকিত হইল এবং রাজকুমারের অঙ্গুলি বিন্দু বিন্দু স্বেদ জলে আর্দ্র হইল; তৎকালে ভগবান্ অনঙ্গ যেন সেই দম্পতীতে সাত্বিকভাবের আবির্ভাব-স্বরূপ আত্ম-ব্যাপার সমভাবে বিভক্ত করিয়া

তস্মিন্ দ্বয়ে তৎক্ষণমাত্মবৃত্তিঃ
সমং বিভক্তেব মনোভবেন ॥ ২২ ॥
তয়োরপাঙ্গপ্রতিসারিতানি
ক্রিয়াসমাপত্তিনিবর্ত্তিতানি।
হ্রীযন্ত্রণামানশিরে মনোজ্ঞা-
মন্যোন্যলোলানি বিলোচনানি ॥ ২৩ ॥

ক্তত্বমুৎপ্রেক্ষ্যতে। অত্র বাৎস্যায়নঃ "কন্যা তু প্রথমসমাগমে স্বিন্নাঙ্গুলিঃ স্বিন্নমুখী চ পুরুষস্তু রোমাঞ্চিতো ভবতি এভিরনয়োর্ভাবং পরীক্ষেত" ইতি। স্ত্রীপুরুষয়োঃ স্বেদরোমাঞ্চাভিধানং সাত্ত্বিকমাত্রোপলক্ষণং ন তু প্রতিনিয়মো-বিবক্ষিতঃ এভিরিতি বহুবচনসামর্থ্যাৎ। এবং সতি কুমারসম্ভবে "রোমোদ্গমঃ প্রাদুরভূদুমায়াঃ স্বিন্নাঙ্গুলিঃ পুঙ্গবকেতুরাসীৎ" ইতি ব্যুৎক্রমবচনং ন দোষা-য়েতি ॥ ২২ ॥

তয়োরিতি। অপাঙ্গেষু নেত্রপ্রান্তেষু প্রতিসারিতানি প্রবর্ত্তিতানি ক্রিয়-য়োর্নিরীক্ষণলক্ষণয়োঃ সমাপত্ত্যা যদৃচ্ছাসঙ্গত্যা নিবর্ত্তিতানি প্রত্যাকৃষ্টানি অন্যোন্যস্মিন্ লোলানি সতৃষ্ণানি। "লোলশ্চলসতৃষ্ণয়ো"রিত্যমরঃ। তয়ো-র্দম্পত্যোর্ব্বিলোচনানি দৃষ্টয়ঃ মনোজ্ঞাং রম্যাং হ্রিয়া নিমিত্তেন যন্ত্রণাং সঙ্কোচ-মানশিরে প্রাপুঃ ॥ ২৩ ॥

দিলেন। অর্থাৎ পরস্পরের করস্পর্শে উভয়েরই পরস্পরের প্রতি অনুরাগের সাম্যতা-প্রযুক্ত প্রণয়-সমাগমে কন্যার অঙ্গুলি ও মুখে ঘর্ম্মোদ্গম হয় এবং বর রোমাঞ্চিত হইয়া থাকে। সুতরাং ঘর্ম্ম ও রোমাঞ্চাদি মদন-ব্যাপার সাত্ত্বিকভাব বলিয়া অভিহিত হয় ॥ ২২ ॥

তাঁহাদের সতৃষ্ণ দৃষ্টি অপাঙ্গদেশ পর্য্যন্ত প্রসারিত ও পরস্পর মিলিত হইলে, অমনি নিবর্ত্তিত হইয়া, লজ্জাজনিত এক অপূর্ব্ব যন্ত্রণা প্রাপ্ত হইল। অর্থাৎ বর ও কন্যার পরস্পর দর্শন নিমিত্ত সতৃষ্ণ দৃষ্টি, চক্ষুঃপ্রান্ত পর্য্যন্ত প্রতিসারিত হইল এবং যদৃচ্ছাক্রমে উভয় দৃষ্টি মিলিত হইলে, তৎক্ষণাৎ লজ্জাবশতঃ নিবর্ত্তিত হইয়া, সেই সময়ে এক অভূতপূর্ব্ব শ্রীধারণ করিয়া-ছিল ॥ ২৩ ॥

প্রদক্ষিণপ্রক্রমণাৎ কৃশানো-
রুদর্চ্চিষস্তন্মিথুনং চকাশে।
মেরোরুপান্তেষ্বিব বর্ত্তমান-
মন্যোন্যসংসক্তমহস্ত্রিযামম্ ॥ ২৪ ॥
নিতম্বগুর্ব্বী গুরুণা প্রযুক্তা
বধূর্ব্বিধাতৃপ্রতিমেন তেন।
চকার সা মত্তচকোরনেত্রা
লজ্জাবতী লাজবিসর্গমগ্নৌ ॥ ২৫ ॥

প্রদক্ষিণেতি। তন্মিথুনম্ উদর্চ্চিষ উন্নতজ্বালস্য কৃশানোর্ব্বহ্নেঃ প্রদক্ষিণ-প্রক্রমণাৎ প্রদক্ষিণীকরণাৎ, মেরোরুপান্তেষু সমীপেষু বর্ত্তমানমাবর্ত্তমানং মেরুং প্রদক্ষিণীকুর্ব্বদিত্যর্থঃ অন্যোন্যসংসক্তং পরস্পর-সঙ্গতং মিথুনস্যাপ্যেতদ্বিশেষণম্; অহশ্চ ত্রিযামা চাহস্ত্রিযামং রাত্রিন্দিবমিব। সমাহারে দ্বন্দ্বৈকবদ্ভাবঃ। চকাশে দিদীপে ॥ ২৪ ॥

নিতম্বেতি। নিতম্বেন গুর্ব্বী অলঘ্বী। "গুর্ব্বী" ইতি শাশ্বতঃ। বিধাতৃপ্রতিমেন ব্রহ্মতুল্যেন তেন গুরুণা যাজকেন প্রযুক্তা জুহুধীতি নিযুক্তা, মত্তচকোরস্যেব নেত্রে যস্যাঃ সা লজ্জাবতী সা বধূরগ্নৌ লাজবিসর্গং চকার ॥ ২৫ ॥

সেই দম্পতী, উন্নত শিখাবিশিষ্ট হুতাশনকে প্রদক্ষিণ করিবার সময়ে, সুমেরু পর্ব্বতের সন্নিহিত স্থানে প্রদক্ষিণকারী পরস্পর সংলগ্ন দিবা ও রাত্রির ন্যায় শোভা পাইতে লাগিলেন। অর্থাৎ যেমন দিবস, রজনীকে অগ্রে করিয়া সুমেরুকে প্রদক্ষিণ করে, তদ্রূপ কুমার অজ, ইন্দুমতীকে অগ্রে করিয়া হুতাশনকে প্রদক্ষিণ করিতে লাগিলেন ॥ ২৪ ॥

অনন্তর মত্তচকোরনেত্রা স্থূলনিতম্বা লজ্জাবতী ইন্দুমতী, বিধাতৃতুল্য পুরোহিতের আদেশক্রমে করপুটস্থ খৈ অগ্নিতে নিক্ষেপ করিলেন। অর্থাৎ রূপবতী ইন্দুমতী, যাজ্ঞিকাগ্নি বিধিপূর্ব্বক প্রদক্ষিণ করিয়া, তাহাতে মন্ত্রপূত লাজাঞ্জলি নিক্ষেপ করিলেন। এই যাজ্ঞিকাগ্নির ধূম সংসর্গে ইন্দুমতীর নয়ন-যুগল, কামোন্মত্ত চকোরনেত্রের ন্যায় লোহিতবর্ণ ধারণ করিয়াছিল ॥ ২৫ ॥

হবিঃশমীপল্লবলাজগন্ধী
পুণ্যঃ কৃশানোরুদিয়ায় ধূমঃ।
কপোলসংসর্পিশিখঃ স তস্যাঃ
মুহূর্ত্তকর্ণোৎপলতাং প্রপেদে ॥ ২৬ ॥

তদঞ্জনক্লেদসমাকুলাক্ষং
প্রম্লানবীজাঙ্কুরকর্ণপূরম্।
বধূমুখং পাটলগণ্ডলেখ-
মাচার ধূমগ্রহণাদ্বভূব ॥ ২৭ ॥

তৌ স্নাতকৈর্ব্বন্ধুমতা চ রাজ্ঞা
পুরন্ধ্রিভিশ্চ ক্রমশঃ প্রযুক্তম্।

হবিরিতি। হবিষ আজ্যাদেঃ শমীপল্লবানাং লাজানাঞ্চ গন্ধোঽস্যাস্তীতি হবিঃশমীপল্লবলাজগন্ধী। "শমীপল্লবমিশ্রান্ লাজান্ অঞ্জলিনা বপতি" ইতি কাত্যায়নঃ। পুণ্যোধূমঃ কৃশানোঃ পাবকাদুদিয়ায় উদ্ভূতঃ। কপোলয়োঃ সংসর্পিণী প্রসরণশীলা শিখা যস্য স তথোক্তঃ স ধূমস্তস্যাঃ বধ্বাঃ মুহূর্ত্তং কর্ণোৎপলতাং প্রপেদে ॥ ২৬ ॥

তদিতি। তদ্বধূমুখম্ আচারেণ প্রাপ্তাদ্ধূমগ্রহণাৎ অঞ্জনস্য ক্লেদোঽঞ্জন-ক্লেদঃ অঞ্জনমিশ্রবাষ্পোদকমিত্যর্থঃ। তেন সমাকুলাক্ষং প্রম্লানো বীজাঙ্কুরো যবাঙ্কুরো যবাঙ্কুরএব কর্ণপূরোঽবতংসৌ যস্য তৎ পাটলগণ্ডলেখমরুণগণ্ড-স্থলঞ্চ বভূব ॥ ২৭ ॥

তাবিতি। কনকাসনস্থৌ তৌ কন্যাকুমারৌ স্নাতকৈর্গৃহস্থবিশেষৈঃ।

সেই অগ্নি হইতে ঘৃত, শমীপল্লব ও লাজাদির গন্ধযুক্ত অতি পবিত্র ধূম উত্থিত হইতে লাগিল এবং সেই ধূমশিখা কুমারীর কপোলপ্রদেশ স্পর্শ করিয়া, মুহূর্ত্তকালের নিমিত্ত তাঁহার কর্ণোৎপলের স্থানীয় হইল ॥ ২৬ ॥

আচার ধূম গ্রহণ করাতে, ইন্দুমতীর নয়নযুগল অঞ্জনমিশ্রিত বাষ্পজলে আকুল হইল, যবাঙ্কুরের কর্ণপূর (কর্ণভূষণ) সাতিশয় ম্লান হইয়া গেল এবং গণ্ডস্থল পাটলবর্ণ ধারণ করিল ॥ ২৭ ॥

অনন্তর স্নাতকগণ, সবান্ধব ভূপতি ভোজ এবং পুরন্ধ্রিবর্গ, যথাক্রমে স্বর্ণ-

কন্যাকুমারৌ কনকাসনস্থা-
বার্দ্রাক্ষতারোপণমন্বভূতাম্ ॥ ২৮ ॥
ইতি স্বসুর্ভোজকুলপ্রদীপঃ
সম্পাদ্য পাণিগ্রহণং স রাজা।
মহীপতীনাং পৃথগর্হণার্থং
সমাদিদেশাধিকৃতানধিশ্রীঃ ॥ ২৯ ॥
লিঙ্গৈর্ম্মুদঃ সংবৃতবিক্রিয়াস্তে
হ্রদাঃ প্রসন্না ইব গূঢ়নক্রাঃ।

"স্নাতকস্বাপ্লুতোব্রতী"ত্যমরঃ। বন্ধুমতা বন্ধুপুরঃসরেণেত্যর্থঃ রাজ্ঞা চ পুরন্ধ্রিভিঃ পতিপুত্রবতীভির্নারীভিশ্চ ক্রমশঃ প্রযুক্তং স্নাতকাদীনাং পূর্ব্বপূর্ব্ববৈশিষ্ট্যাৎ ক্রমেণ কৃতমার্দ্রাক্ষতানামারোপণ মন্বভূতামনুভূতবন্তৌ ॥ ২৮ ॥

ইতীতি। অধিশ্রীরধিকসম্পন্নো ভোজকুলপ্রদীপঃ স রাজা ইতি স্বসুরিন্দুমত্যাঃ পাণিগ্রহণং বিবাহং সম্পাদ্য কারয়িত্বা মহীপতীনাং রাজ্ঞাং পৃথগেকৈকশঃ অর্হণার্থং পূজার্থম্ অধিকৃতানধিকারিণঃ সমাদিদেশাজ্ঞাপয়ামাস ॥ ২৯ ॥

লিঙ্গৈরিতি। মুদঃ সন্তোষস্য লিঙ্গৈশ্চিহ্নৈঃ কপটহাসাদিভিঃ সংবৃতবিক্রিয়াঃ নিগূহিতমৎসরাঃ অতএব প্রসন্না বহির্নির্ম্মলাঃ গূঢ়নক্রাঃ অন্তর্লীন-

ময় সিংহাসনে সমাসীন বর ও বধূকে আর্দ্র আতপতণ্ডুল দ্বারা আশীর্ব্বাদ করিলেন। অর্থাৎ কন্যা সম্প্রদানাদি ব্যাপার সম্পন্ন হইলে, সমবেত পৌরবর্গ হৃষ্টমনে আর্দ্র আতপতণ্ডুল, বর ও বধূর মস্তকে প্রদান পূর্ব্বক আশীর্ব্বাদ প্রয়োগ করিলেন ॥ ২৮ ॥

এইরূপে ভোজকুলপ্রদীপ বিদর্ভপতি, ভগিনী ইন্দুমতীর বিবাহ-ব্যাপার সম্পাদন করিয়া, প্রত্যেক মহীপালের সৎকার করিবার নিমিত্ত অনুচরবর্গকে আদেশ প্রদান করিলেন ॥ ২৯ ॥

প্রসন্নসলিল অথচ অভ্যন্তরে গুপ্ত কুম্ভীরযুক্ত হ্রদের ন্যায় মহীপালগণ, অন্তরস্থ ক্রোধ সম্বরণ পূর্ব্বক, বাহ্যিক সন্তোষ চিহ্ন প্রদর্শন করিয়া, বিদর্ভপতি প্রদত্ত দ্রব্য সম্ভার, উপঢৌকন ছলে তাঁহাকেই প্রত্যর্পণ পূর্ব্বক বিদায় গ্রহণ

বৈদর্ভমামন্ত্র্য যযুস্তদীয়াং
প্রত্যর্প্য পূজামুপদাচ্ছলেন ॥ ৩০ ॥
স রাজলোকঃ কৃতপূর্ব্বসংবি-
দারম্ভসিদ্ধৌ সময়োপলভ্যম্।
আদাস্যমানঃ প্রমদামিষং তৎ
অপাবৃত্য পন্থানমজস্য তস্থৌ ॥ ৩১ ॥

গ্রহাঃ হ্রদাইব স্থিতাঃ তে নৃপাঃ, বৈদর্ভং ভোজমামন্ত্র্যাপৃচ্ছ্য তদীয়াং বৈদর্ভীয়াং পূজামুপদাচ্ছলেন উপায়নমিষেণ প্রত্যর্প্য যযুঃ গতবন্তঃ ॥ ৩০ ॥

সইতি। আরম্ভসিদ্ধৌ কার্য্যসিদ্ধৌ বিষয়ে পূর্ব্বং কৃতা কৃতপূর্ব্বা। সুপ্সুপেতি সমাসঃ। কৃতপূর্ব্বা সংবিৎ সঙ্কেতোমার্গাবরোধরূপ উপায়ো যেন স তথোক্তঃ। "সংবিৎ যুদ্ধে প্রতিজ্ঞায়াং সঙ্কেতাচারনামসু" ইতি কেশবঃ। স রাজলোকঃ সময়োপলভ্যম্ অজপ্রস্থানকালে লভ্যং তদা তস্যৈকাকিত্বাদিতি ভাবঃ। সমরোপলভ্যমিতি পাঠে যুদ্ধসাধ্যমিত্যর্থঃ। তৎ প্রমদৈবামিষং ভোগ্যবস্তু। "আমিষং ত্বস্ত্রিয়াং মাংসে তথা স্যাদ্ভোগ্যবস্তুনি" ইতি কেশবঃ। আদাস্যমানোগ্রহীষ্যমাণঃ সন্ অজস্য পন্থানমাবৃত্যাবরুধ্য তস্থৌ ॥ ৩১ ॥

করিলেন। অর্থাৎ স্বয়ম্বরে সমবেত রাজগণ, ইন্দুমতী-লাভে বিফলমনোরথ হওয়াতে, উপঢৌকন প্রদান দ্বারা কপট সন্তোষ প্রকাশ পূর্ব্বক বিদর্ভনাথের নিকটে বিদায় গ্রহণ করিলেন ॥ ৩০ ॥

সেই রাজগণ, কার্য্যসিদ্ধি বিষয়ে পরস্পর বিবেচনা পূর্ব্বক, উপায় স্থির করিয়া, অজের প্রস্থান সময়ে সেই প্রমদারূপ ভোগ্যবস্তুর লাভাশয়ে, তাঁহার গন্তব্য পথ রোধ করিয়া অবস্থান করিতে লাগিলেন। অর্থাৎ কন্যারত্ন লিপ্সু রাজগণ, ভোজরাজের নিকট হইতে বিদায় গ্রহণ পূর্ব্বক, সকলে একত্র সমবেত হইয়া এই স্থির করিলেন যে, অজ ইন্দুমতীকে সঙ্গে লইয়া যে সময়ে স্বদেশে গমন করিবেন, সেই সময়ে আমরা পথিমধ্যে সসৈন্যে আক্রমণ করিয়া, ইন্দুমতীকে বলপূর্ব্বক গ্রহণ করিব; সুতরাং তাঁহারা গুপ্তভাবে থাকিয়া অজের আগমন প্রতীক্ষা করিতে লাগিলেন ॥ ৩১ ॥

ভর্ত্তাপি তাবৎ ক্রথকৈশিকানা-
মনুষ্ঠিতানন্তরজাবিবাহঃ।
সত্ত্বানুরূপাহরণীকৃতশ্রীঃ
প্রাস্থাপয়দ্রাঘবমন্বগাচ্চ ॥ ৩২ ॥
তিস্রস্ত্রীলোকোপ্রথিতেন সার্দ্ধ-
মজেন মার্গে বসতীরুষিত্বা।
তস্মাদপাবর্ত্তত কুণ্ডিনেশঃ
পর্ব্বাত্যয়ে সোম ইবোষ্ণরশ্মেঃ ॥ ৩৩ ॥

ভর্ত্তেতি। অনুষ্ঠিতঃ সম্পাদিতঃ অনন্তরজায়া অনুজায়া বিবাহো যেন স তথোক্তঃ, ক্রথকৈশিকানাং দেশানাং ভর্ত্তা স্বামী ভোজোঽপি তাবত্তদা সত্ত্বানুরূপমুৎসাহানুরূপং যথা তথা আ সমন্তাৎ। অনেনানিয়তবস্তুদানমিত্যর্থঃ। হরণং কন্যায়ৈ দেয়ং ধনম্। "যৌতুকাদি তু যদ্দেয়ং সদায়োহরণঞ্চ তৎ" ইত্যমরঃ। অহরণং হরণীকৃতা শ্রীর্যেন তথোক্তঃ সন্‌ রাঘবমজং প্রাস্থাপয়ৎ প্রস্থাপিতবান্‌ স্বয়মন্বগাৎ অনুজগাম চ ॥ ৩২ ॥

তিস্রইতি। কুণ্ডিনং বিদর্ভনগরং তস্যেশো ভোজঃ ত্রিষু লোকেষু প্রথিতেনাজেন সার্দ্ধং মার্গে পথি তিস্রোবসতী রাত্রীরুষিত্বা। "বসতী রাত্রিবেশ্মনো" রিত্যমরঃ। কালাধ্বনোরত্যন্তসংযোগে ইতি দ্বিতীয়া। পর্ব্বাত্যয়ে দর্শান্তে উষ্ণরশ্মেঃ সূর্য্যাৎ সোমশ্চন্দ্রইব, তস্মাদজাদপাবর্ত্তত তং বিসৃজ্য নিবৃত্তইত্যর্থঃ ॥ ৩৩ ॥

এদিকে বিদর্ভপতি ভোজ, কনিষ্ঠা ভগিনীর বিবাহ-সংস্কার সম্পাদন করিয়া, স্বীয় উৎসাহানুরূপ যৌতুকাদি প্রদানপূর্ব্বক, যুবরাজ অজকে বিদায় দিলেন এবং আপনিও তাঁহাদের অনুগমন করিতে লাগিলেন ॥ ৩২ ॥

বিদর্ভপতি ভোজ, ত্রিলোক বিখ্যাত অজের সহিত পথিমধ্যে তিন দিবস বাস করিয়া, অমাবস্যান্তে চন্দ্র যেমন সূর্য্যের নিকট হইতে প্রতিনিবৃত্ত হয়, তদ্রূপ অজের নিকট হইতে প্রত্যাবর্ত্তন করিলেন। অর্থাৎ মহারাজ ভোজ, কুমার অজের সহিত তিন দিবসের পথ পর্য্যন্ত যাইয়া, তথা হইতে স্বীয় বিদর্ভনগরে প্রত্যাগমন করিলেন এবং অজ বিদর্ভনাথকে বিদায় দিয়া অযোধ্যাভিমুখে চলিলেন ॥ ৩৩ ॥

প্রমন্যবঃ প্রাগপি কোশলেন্দ্রে
প্রত্যেকমাত্তস্বতয়া বভূবুঃ।
অতো নৃপাশ্চক্ষমিরে সমেতাঃ
স্ত্রীরত্নলাভং ন তদাত্মজস্য ॥ ৩৪ ॥
তমুদ্বহন্তং পথি ভোজকন্যাং
রুরোধ রাজন্যগণঃ স দৃপ্তঃ।

প্রমন্যবইতি। নৃপাঃ রাজানঃ প্রাগপি প্রত্যেকমাত্তস্বতয়া দিগ্বিজয়ে গৃহীতধনত্বেন কোশলেন্দ্রে রঘৌ প্রমন্যবো রূঢ়বৈরাঃ বভূবুঃ অতো হেতোঃ সমেতাঃ সঙ্গতাঃ সন্তঃ তদাত্মজস্য রঘুসূনোঃ স্ত্রীরত্নলাভং ন চক্ষমিরে ন সেহিরে ॥ ৩৪ ॥

তমিতি। দৃপ্তঃ উদ্ধতঃ স রাজন্যগণোরাজসঙ্ঘাতো ভোজকন্যামুদ্বহন্তং নয়ন্তং তমজং বলিনা বৈরোচনিনা প্রদিষ্টাং দত্তাং শ্রিয়মাদদানং স্বীকুর্ব্বাণং ত্রিবিক্রমমস্বেমং ত্রৈবিক্রমং পাদমিন্দ্রশত্রুঃ প্রহ্লাদইব পথি রুরোধ। তথা চ

পূর্ব্বে মহারাজ রঘু কর্ত্তৃক হৃত-সম্পত্তি হওয়াতে, রাজগণ বৈর-ভাবাপন্ন ছিলেন; অতএব এক্ষণে তাঁহারা সমবেত হইয়া, তদীয় পুত্র অজের স্ত্রীরত্ন-লাভ সহ্য করিতে পারিলেন না। অর্থাৎ মহারাজ রঘু দিগ্বিজয় সময়ে প্রত্যেক মহীপালের নিকট হইতে অর্থ গ্রহণ করিয়াছিলেন; সুতরাং সেই সময় হইতেই দিগ্বিজয়ী রঘুর প্রতি তাঁহাদের শত্রুভাব বদ্ধমূল হইয়াছিল; এক্ষণে সেই বৈর-ভাবাপন্ন সমবেত রাজগণ, রঘুনন্দন অজের ইন্দুমতী-লাভ সহ্য করিতে অসমর্থ হইয়া, ভোজনন্দিনীকে হরণ করিবার মানসে সকলেই বদ্ধপরিকর হইলেন ॥ ৩৪ ॥

প্রহ্লাদ যেমন দানবরাজ বলিপ্রদত্ত সম্পদ্গ্রহণে প্রবৃত্ত ত্রিবিক্রিম বামনের চরণ অবরোধ করিয়াছিলেন, তদ্রূপ সেই সমবেত রাজগণও অজকে ভোজভগিনী ইন্দুমতীকে লইয়া যাইতে দেখিয়া অবরোধ করিলেন। অর্থাৎ ভগবান্ বিষ্ণু বামনরূপ ধারণ করিয়া, দানবরাজ বলির নিকট হইতে সম্পদ্ গ্রহণপূর্ব্বক চলিয়া যাইবার সময়ে, প্রহ্লাদ যেমন তাঁহার গতিরোধ

বলিপ্রদিষ্টাং শ্রিয়মাদদানং
ত্রৈবিক্রমং পাদমিবেন্দ্রশক্রুঃ ॥ ৩৫ ॥
তস্যাঃ স রক্ষার্থমনল্পযোধ-
মাদিশ্য পিত্র্যং সচিবং কুমারঃ ।
প্রত্যগ্রহীৎ পার্থিববাহিনীং তাং
ভাগীরথীং শোণ ইবোত্তরঙ্গঃ ॥ ৩৬ ॥
পত্তিঃ পদাতিং রথিনং রথেশ-
স্তুরঙ্গসাদী তুরগাধিরূঢ়ম্ ।

ব্রহ্মাণ্ডপুরাণে। "বিরোচনবিরোধেঽপি প্রহ্লাদঃ প্রাক্তনং স্মরন্। বিষ্ণোস্ত্রৈক্রমমাণস্য পাদাম্ভোজং রুরোধ হ" ইতি ॥ ৩৫ ॥

তস্যাইতি। স কুমারোঽজঃ তস্যা ইন্দুমত্যাঃ রক্ষার্থমনল্পযোধং বহুভটং পিতুরাগতং পিত্র্যম্ আপ্তমিত্যর্থঃ সচিবমাদিশ্য আজ্ঞাপ্য তাং পার্থিববাহিনীং রাজসেনাম্। "ধ্বজিনী বাহিনী সেনা" ইত্যমরঃ। ভাগীরথীমুত্তরঙ্গঃ শোণঃ শোণাখ্যো নদইব প্রত্যগ্রহীদভিযুক্তবান্ ॥ ৩৬ ॥

পত্তিরিতি। পত্তিঃ পাদচারো যোদ্ধা পদাতিং পাদচারমভ্যপতৎ। পাদাভ্যামততীতি পদাতিঃ, পাদস্য পদিত্যাদিনা পদাদেশঃ। "পদাতিপত্তিপদগপাদাতিকপদাজয়" ইত্যমরঃ। রথেশো রথিকঃ রথিনং রথারোহমভ্যপতৎ, তুরঙ্গসাদী অশ্বারোহস্তুরগাধিরূঢ়ম্ অশ্বারোহমভ্যপতৎ। "রথিনঃ স্যন্দনারোহাঃ অশ্বারোহাস্তু সাদিন" ইত্যমরঃ। গজস্য যন্তা হস্ত্যারোহো গজস্থং পুরুষমভ্যপতৎ, ইত্থম্ অনেন প্রকারেণ তুল্যপ্রতিদ্বন্দ্বি একজাতীয়প্রতিভটং

করিয়াছিলেন, ইন্দুমতী-প্রার্থী রাজগণও সেইরূপ ভোজভগিনীকে গ্রহণপূর্ব্বক গমনকারী অজকে সসৈন্যে আক্রমণ করিলেন ॥ ৩৫ ॥

কুমার অজ, সমবেত রাজগণ কর্ত্তৃক আক্রান্ত হইয়া, পিতৃসচিবকে বহুসংখ্যক সেনার সহিত ইন্দুমতীর রক্ষার্থ নিযুক্ত করিয়া, উত্তাল-তরঙ্গমালা-সঙ্কুল শোণ নদ, যেরূপ ভাগীরথীকে আক্রমণ করে, সেইরূপ তিনিও সেই রাজ-সেনাগণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥ ৩৬ ॥

এইরূপে পদাতি পদাতির সহিত, রথী রথীর সহিত, অশ্বারোহী অশ্বা-

যন্তা গজস্যাভ্যপতদ্গজস্থং
তুল্যপ্রতিদ্বন্দ্বি বভূব যুদ্ধম্ ॥ ৩৭ ॥
নদৎসু তূর্য্যেষ্ববিভাব্যবাচো-
নোদীরয়ন্তি স্ম কুলোপদেশান্।
বাণাক্ষরৈরেব পরস্পরস্য
নামোর্জ্জিতং চাপভৃতঃ শশংসুঃ ॥ ৩৮ ॥
উত্থাপিতঃ সংযতি রেণুরশ্বৈঃ
সান্দ্রীকৃতঃ স্যন্দনবংশচক্রৈঃ।

যুদ্ধং বভূব। অন্যোন্যং দ্বন্দ্বং কলহোঽস্ত্যেষামিতি প্রতিদ্বন্দ্বিনো যোধাঃ। "দ্বন্দ্বং কলহযুগ্ময়ো"রিত্যমরঃ ॥ ৩৭ ॥

নদৎস্বিতি। তূর্য্যেষু নদৎসু সৎসু অবিভাব্যবাচঃ অনবধার্য্যগিরঃ চাপভৃতো ধানুষ্কাঃ কুলমুপদিশ্যতে প্রখ্যাপ্যতে যৈ স্তে কুলোপদেশা স্তান্ কুলনামানি নোদীরয়ন্তি স্ম নোচ্চারয়ামাসুঃ শ্রোতুমশক্যত্বাদ্বাচো নাব্রুবন্নিত্যর্থঃ। কিন্তু বাণাক্ষরৈর্ব্বাণেষু লিখিতাক্ষরৈরেব পরস্পরস্যান্যোন্যস্য উর্জ্জিতং প্রখ্যাতং নাম শশংসু রূচুঃ ॥ ৩৮ ॥

উত্থাপিতইতি। সংযতি সংগ্রামে অশ্বৈরুত্থাপিতঃ, স্যন্দনবংশানাং রথসমূহানাং চক্রৈঃ রথাঙ্গৈঃ সান্দ্রীকৃতঃ ঘনীকৃতঃ। "বংশঃ পৃষ্ঠাস্থ্নি গেহোর্দ্ধকাষ্ঠে বেণৌ গণে কুলে" ইতি কেশবঃ। কুঞ্জরকর্ণানাং তালৈঃ তাড়নৈ-

---

রোহীর সহিত এবং হস্ত্যারোহী হস্ত্যারোহীর সহিত সংগ্রামে প্রবৃত্ত হইল; সুতরাং তুল্য প্রতিদ্বন্দ্বিতানুসারে যুদ্ধ হইতে লাগিল ॥ ৩৭ ॥

ধনুর্দ্ধারিগণ তূর্য্য-নির্ঘোষে পরস্পরের কথা বুঝিতে অসমর্থ হইয়া, বাণে লিখিত বর্ণাবলী দ্বারা পরস্পরের বিখ্যাত নাম প্রকাশ করিতে লাগিল। অর্থাৎ রণবাদ্যের প্রভাবে যোদ্ধৃবর্গের মধ্যে কেহ কাহারও কথা বুঝিতে সমর্থ হইল না; সুতরাং তাঁহারা স্ব স্ব নাম খোদিত শর দ্বারা পরস্পর পরস্পরের পরিচয় পরিজ্ঞাত হইতে সমর্থ হইয়াছিল ॥ ৩৮ ॥

অশ্বখুরোৎক্ষিপ্ত ধূলি সকল রথচক্রে ঘনীভূত এবং হস্তিগণের কর্ণসঞ্চালনে বিস্তারিত হইয়া, চন্দ্রাতপের ন্যায় সূর্য্যকে রোধ করিল। অর্থাৎ রণক্ষেত্র এরূপ ভীষণ হইয়া উঠিল যে, ধূলিপটল অশ্বখুর দ্বারা উৎক্ষিপ্ত এবং হস্তীদিগের

বিস্তারিতঃ কুঞ্জরকর্ণতালৈ-
র্নেত্রক্রমেণোপরুরোধ সূর্য্যম্‌ ॥ ৩৯ ॥
মৎস্যধ্বজা বায়ুবশাদ্বিদীর্ণৈ-
র্মুখৈঃ প্রবৃদ্ধধ্বজিনীরজাংসি।
বভুঃ পিবন্তঃ পরমার্থমৎস্যাঃ
পর্য্যাবিলানীব নবোদকানি ॥ ৪০ ॥
রথো রথাঙ্গধ্বনিনা বিজজ্ঞে
বিলোলঘণ্টাক্বণিতেন নাগঃ।

বিস্তারিতঃ প্রসারিতোরেণুঃ নেত্রক্রমেণ অংশুকপরিপাট্যা অংশুকমিবেত্যর্থঃ। "স্যাজ্জটাংশুকয়োর্নেত্র"মিতি, "ক্রমোঽঙ্ঘ্রৌ পরিপাট্যাং চ" ইতি চ কেশবঃ। সূর্য্যমুপরুরোধ আচ্ছাদয়ামাস ॥ ৩৯ ॥

মৎস্যেতি। বায়ুবশাদ্বিদীর্ণৈঃ বিবৃতৈ র্মুখৈঃ প্রবৃদ্ধানি ধ্বজিনী-রজাংসি সৈন্যরেণূন্ পিবন্তোগৃহ্ণন্তো মৎস্যধ্বজা মৎস্যাকারা ধ্বজাঃ, পর্য্যাবিলানি পরিতঃ কলুষাণি নবোদকানি পিবন্তঃ পরমার্থমৎস্যা ইব (অকৃত্রিম-মৎস্যা ইব) বভূর্ভান্তি স্ম ॥ ৪০ ॥

রথইতি। সান্দ্রে প্রবৃদ্ধে রজসি রথো রথাঙ্গধ্বনিনা চক্রস্বনেন বিজজ্ঞে জ্ঞাতঃ, নাগো হস্তী বিলোলানাং ঘণ্টানাং ক্বণিতেন নাদেন বিজজ্ঞে। আত্ম-পরাববোধঃ স্বপরবিবেকঃ যোধানামিতি শেষঃ, স্বভর্ত্তৃণাং স্বস্বামিনাং নাম-

---

কর্ণ দ্বারা চালিত হইয়া, গগনতল সমাচ্ছন্ন করিল, ইহাতে অর্ক-কিরণ রুদ্ধ হওয়াতে বোধ হইতে লাগিল, যেন রণ-রাক্ষসী, নর-শোণিত-লোভে অরুণ-কিরণ রোধ করিয়া, অন্তরীক্ষ হইতে সমরক্ষেত্রে অবতীর্ণ হইতেছে ॥ ৩৯ ॥

মহীপালগণের মৎস্যধ্বজ সকল, বায়ুভরে বিদীর্ণ-মুখ হইয়া, সেই ধূলি-পটল পান করিতে লাগিল, তাহাতে বোধ হইতে লাগিল, যেন অকৃত্রিম মৎস্যগণ বর্ষাকালের আবিল জলপানে প্রবৃত্ত হইয়াছে ॥ ৪০ ॥

ক্রমশঃ ধূলিরাশি গাঢ়তর হইলে, চক্রের ঘর্ঘরশব্দে রথ এবং গজের ঘণ্টা-ধ্বনিতে হস্তী অনুমিত হইল; এতদ্ভিন্ন সৈন্যগণ স্ব স্ব স্বামীর নামোচ্চারণ করিয়া আত্মপর বুঝিয়া লইল। অর্থাৎ যুদ্ধক্ষেত্রস্থ ধূলিসাগর, সৈন্য মধ্যে

স্বভর্ত্তৃনামগ্রহণাদ্বভূব
সান্দ্রে রজস্যাত্মপরাববোধঃ ॥ ৪১ ॥
আবৃণ্বতোলোচনমার্গমাজৌ
রজোঽন্ধকারস্য বিজৃম্ভিতস্য।
শস্ত্রক্ষতাশ্ব-দ্বিপ-বীরজন্মা
বালারুণোঽভূদ্রুধিরপ্রবাহঃ ॥ ৪২ ॥
স চ্ছিন্নমূলঃ ক্ষতজেন রেণু-
স্তস্যোপরিষ্টাৎপবনাবধূতঃ।

গ্রহণান্নামোচ্চারণাৎ বভূব রজোঽন্ধতয়া সর্ব্বে স্বং পরঞ্চ শব্দাদেবানুমায় প্রজহ্রুরিত্যর্থঃ ॥ ৪১ ॥

আবৃণ্বত ইতি। লোচনমার্গমাবৃণ্বতো দৃষ্টিপথমুপরুন্ধতঃ আজৌ যুদ্ধে বিজৃম্ভিতস্য ব্যাপ্তস্য রজএবান্ধকারং তস্য, শস্ত্রক্ষতেভ্যোঽশ্ব-দ্বিপ-বীরেভ্যো-জন্ম যস্য স তথোক্তঃ রুধিরপ্রবাহঃ বালারুণোবালার্কোঽভূৎ। "অরুণোভাস্করে-ঽপি স্যা"দিত্যমরঃ। বালবিশেষণং রুধিরসাবর্ণ্যার্থম্ ॥ ৪২ ॥

সইতি। ক্ষতজেন রুধিরেণ ছিন্নমূলঃ ত্যাজিতভূতলসম্বন্ধইত্যর্থঃ। তস্য

তরঙ্গমালা বিস্তার করাতে, যোদ্ধৃবর্গের দৃষ্টি প্রতিরুদ্ধ হইল; সুতরাং তাঁহারা স্বীয় স্বীয় প্রভুর নামোচ্চারণ দ্বারা আত্মপরের ভেদ অনুমান করিয়া লইতে লাগিল ॥ ৪১ ॥

হস্তী, অশ্ব ও সৈন্যগণ অস্ত্রপ্রহারে সমরক্ষেত্রে শায়িত হইতে লাগিল; সুতরাং তাহাদের দেহনির্গত রুধিরপ্রবাহ, সেই দৃষ্টিরোধকারী অন্ধকারের মধ্যে নবোদিত সূর্য্য-স্বরূপ হইল। অর্থাৎ সেই অন্ধকারময় যুদ্ধক্ষেত্রে এত সৈন্য ও অশ্বাদি হত এবং আহত হইতে লাগিল যে, তাহার সংখ্যা করা অসম্ভব হইয়া উঠিল, এমন কি প্রাণিগণের লোহিতারুণ সদৃশ শোণিত-স্রোত প্রবাহিত হওয়াতে, তত্রত্য অন্ধকার সুদূরে পলায়ন করিয়াছিল ॥ ৪২ ॥

শোণিতসম্পাতে ছিন্নমূল ধূলিরাজি, রুধিরের উপরিভাগে বায়ুভরে সঞ্চালিত হওয়াতে, ঐ ধূলিসমূহ অঙ্গারাবশিষ্ট অগ্নির পূর্ব্বোত্থিত ধূমের ন্যায় প্রকাশ পাইতে লাগিল। অর্থাৎ রণক্ষেত্রে শোণিত-স্রোত প্রবাহিত

অঙ্গারশেষস্য হুতাশনস্য
পূর্ব্বোত্থিতোধূমইবাবভাসে ॥ ৪৩ ॥
প্রহারমূর্চ্ছাপগমে রথস্থা
যন্তৄনুপালভ্য নিবর্ত্তিতাশ্বান্ ।
যৈঃ সাদিতা লক্ষিতপূর্ব্বকেতূন্
তানেব সামর্ষতয়া নিজঘ্নুঃ ॥ ৪৪ ॥
অপ্যর্দ্ধমার্গে পরবাণলূনা
ধনুর্ভৃতাং হস্তবতাং পৃষৎকাঃ ।

ক্ষতজস্যোপরিষ্টাৎ পবনাবধূতঃ বাতাহতঃ স রেণুঃ অঙ্গারশেষস্য হুতাশনস্যাগ্নেঃ পূর্ব্বোত্থিতোধূমইব আবভাসে দিদীপে ॥ ৪৩ ॥

প্রহারেতি। রথস্থাঃ রথিনঃ, প্রহারেণ যা মূর্চ্ছা তস্যাঃ অপগমে সতি। মূর্চ্ছিতানামন্যত্র নীত্বা সংরক্ষণং সারথিধর্ম্মইতি কৃত্বা নিবর্ত্তিতাশ্বান্ যন্তৄন্ সারথীনুপালভ্য অসাধু কৃতমিত্যধিক্ষিপ্য পূর্ব্বং যৈঃ স্বয়ং সাদিতাঃ হতাঃ লক্ষিতপূর্ব্বকেতূন্ পূর্ব্বদৃষ্টৈঃ কেতুভিঃ প্রত্যভিজ্ঞাতানিত্যর্থঃ, তানেব সামর্ষতয়া সকোপত্বেন হেতুনা নিজঘ্নুঃ প্রজহ্রুঃ ॥ ৪৪ ॥

অপীতি। অর্দ্ধশ্চাসৌ মার্গশ্চ তস্মিন্নর্দ্ধমার্গে পরেষাং বাণৈর্লূনাঃ ছিন্না অপি হস্তবতাং কৃতহস্তানাং ধনুর্ভৃতাং পৃষৎকাঃ শরাঃ আত্মজবানুবৃত্ত্যা স্ববেগানুবন্ধেন হেতুনা ফলিভির্লোহাগ্রবদ্ভিঃ। "শস্ত্রবাণাগ্রয়োঃ ফল"মিতি

হওয়াতে ভূমির আর্দ্রতা নিবন্ধন আর ধূলি উত্থিত হইল না ; কিন্তু অগ্নিসম বর্ণবিশিষ্ট রুধির প্রবাহের উপর পূর্ব্বোত্থিত বায়ুমিশ্র ধূলি সকল সঞ্চালিত হইতে লাগিল, তাহাতে বোধ হইতে লাগিল, যেন অঙ্গারাবশিষ্ট অগ্নির উপরে ধূম বায়ুভরে ইতস্তত বিচরণ করিতেছে ॥ ৪৩ ॥

রথীদিগকে প্রহার জনিত বেদনায় মূর্চ্ছিত দেখিয়া, সারথিগণ, রণস্থল হইতে রথাশ্ব নিবর্ত্তিত করিয়াছিল, এক্ষণে রথিগণ সংজ্ঞালাভ করিয়া সারথিদিগকে তিরস্কার পূর্ব্বক, ধ্বজাচিহ্নে প্রহারকারীদিগের সন্ধান পাইয়া, রোষভরে তাহাদিগকে প্রহার করিতে প্রবৃত্ত হইল ॥ ৪৪ ॥

শরক্ষেপণে নিপুণ ধনুর্দ্ধরগণের নিক্ষিপ্ত শর সকল, অর্দ্ধপথে বিপক্ষ বাণ

সংপ্রাপুরেবাত্মজবানুবৃত্ত্যা
পূর্ব্বার্দ্ধভাগৈঃ ফলিভিঃ শরব্যম্ ॥ ৪৫ ॥
আধোরণানাং গজসন্নিপাতে
শিরাংসি চক্রৈর্নিশিতৈঃ ক্ষুরাগ্রৈঃ।
হৃতান্যপি শ্যেননখাগ্রকোটি-
ব্যাসক্তকেশানি চিরেণ পেতুঃ ॥ ৪৬ ॥
পূর্ব্বং প্রহর্ত্তা ন জঘান ভূয়ঃ
প্রতিপ্রহারাক্ষমমশ্বসাদী।

বিশ্বঃ। পূর্ব্বার্দ্ধভাগৈঃ শৃণাতীতি শরুঃ তস্মৈ হিতং শরব্যং লক্ষ্যম্। উগবাদিভ্যোযদিতি যৎপ্রত্যয়ঃ। "লক্ষং লক্ষ্যং শরব্য"ঞ্চেত্যমরঃ। সম্প্রাপুরেব নতু মধ্যে পতিতা ইত্যর্থঃ ॥ ৪৫ ॥

আধোরণানামিতি। গজসন্নিপাতে গজযুদ্ধে নিশিতৈঃ অতএব ক্ষুরাগ্রৈঃ ক্ষুরস্যাগ্রমিবাগ্রং যেষাং তৈঃ চক্রৈরায়ুধবিশেষৈঃ হৃতানি ছিন্নান্যপি শ্যেনানাং পক্ষিবিশেষাণাম্। "পক্ষী শ্যেন" ইত্যমরঃ। নখাগ্রকোটিষু ব্যাসক্তাঃ কেশা যেষাং তানি আধোরণানাং হস্ত্যারোহাণাম্। "আধোরণা হস্তিপকা হস্ত্যারোহা নিষাদিন" ইত্যমরঃ। শিরাংসি চিরেণ পেতুঃ পতিতানি। শিরঃপাতাৎ প্রাগেবারুহ্য পশ্চাদুৎপততাং পক্ষিণাং নখেষু কেশসঙ্গশ্চিরপাতহেতুরিতি ভাবঃ ॥ ৪৬ ॥

দ্বারা ছিন্ন হইয়াও, তীব্রবেগ-প্রভাবে ফলকযুক্ত পূর্ব্বার্দ্ধভাগ লক্ষ্যের উপরেই নিপতিত হইতে লাগিল ॥ ৪৫ ॥

গজযুদ্ধে হস্ত্যারোহীদিগের মুণ্ড, শাণিত ক্ষুরাগ্রধার সদৃশ চক্রাস্ত্রে ছিন্ন হইলেও, শ্যেনপক্ষীর নখাগ্রে কেশরাশি সংলগ্ন হওয়াতে বিলম্বে ভূতলে পতিত হইয়াছিল। অর্থাৎ গজারোহীদিগের মস্তকে প্রথমতঃ শ্যেনপক্ষীর পতন, পরে চক্রাস্ত্রে তাহাদের মস্তক ছিন্ন হইয়াছিল। সুতরাং পক্ষীদিগের নখাগ্র সংলগ্ন নরমুণ্ড সকল ভূতলশায়ী হইতে বিলম্ব হইয়াছিল। হস্ত্যারোহীদিগের মস্তকে শ্যেনপক্ষী পতনের কারণ এই যে, যাহাদের মৃত্যু অবশ্যম্ভাবী, তাহাদের মৃত্যুর পূর্ব্বে উল্লিখিত পক্ষীসকল তাহাদের অঙ্গে নিপতিত হইয়া মৃত্যুসূচনা করিয়া দেয় ॥ ৪৬ ॥

তুরঙ্গমস্কন্ধনিষণ্ণদেহং
প্রত্যাশ্বসন্তং রিপুমাচকাঙ্ক্ষ ॥ ৪৭ ॥
তনুত্যজাং বর্ম্মভৃতাং বিকোশৈ-
র্ব্বৃহৎসু দন্তেম্বসিভিঃ পতদ্ভিঃ।
উদ্যন্তমগ্নিং শময়াম্বভূবু-
র্গজা বিবিগ্নাঃ করশীকরেণ ॥ ৪৮ ॥
শিলীমুখোৎকৃত্তশিরঃ ফলাঢ্যা
চ্যুতৈঃ শিরস্ত্রৈশ্চষকোত্তরেব।

পূর্ব্বমিতি। পূর্ব্বং প্রথমং প্রহর্ত্তা অশ্বসাদী তৌরঙ্গিকঃ প্রতিপ্রহারে-ঽক্ষমমশক্তং তুরঙ্গমস্কন্ধে নিষণ্ণদেহং মূর্চ্ছিতমিত্যর্থঃ রিপুং ভূয়ো ন জঘান পুনর্ন প্রজহার কিন্তু প্রত্যাশ্বসন্তং পুনরুজ্জীবন্তমাচকাঙ্ক্ষ। নায়ুধ-ব্যসনং প্রাপ্তং নার্ত্তং নাতিপরিক্ষতমিতি নিষেধাদিতি ভাবঃ ॥ ৪৭ ॥

তনুত্যজামিতি। তনুত্যজাং তনুষু নিস্পৃহাণামিত্যর্থঃ বর্ম্মভৃতাং কব-চিনাং সম্বন্ধিভিঃ বৃহৎসু দন্তেষু পতদ্ভিঃ অতএব, বিকোশৈঃ পিধানাদুদ্ধৃতৈঃ। "কোশোঽস্ত্রী কুট্মলে খড়্গপিধানে" ইত্যমরঃ। অসিভিঃ খড়্গৈরুদ্যন্তমুত্থিত-মগ্নিং বিবিগ্না ভীতাঃ গজাঃ করশীকরেণ শুণ্ডাদণ্ডজলকণেন শময়াম্বভূবুঃ শান্তং চক্রুঃ ॥ ৪৮ ॥

শিলীমুখেতি। শিলীমুখৈর্ব্বাণৈরুৎকৃত্তানি শিরাংস্যেব ফলানি তৈরাঢ্যা সম্পন্না চ্যুতৈর্ভ্রষ্টৈঃ শিরাংসি ত্রায়ন্তইতি শিরস্ত্রাণি শীর্ষণ্যানি। "শীর্ষণ্যঞ্চ

এক পক্ষের অশ্বারোহিগণ অপর পক্ষের অশ্বারোহীদিগকে প্রহারে মূর্চ্ছিত ও অশ্বস্কন্ধে শায়িত দেখিয়া, আর তাহাদিগকে প্রহার না করিয়া, চৈতন্যলাভের প্রতীক্ষা করিতে লাগিল ॥ ৪৭ ॥

বর্ম্মধারী বীরগণ, প্রাণপণে নিষ্কোষিত অসি সঞ্চালন করিতে লাগিল; সেই অসির আঘাতে হস্তীদিগের বিশাল দন্ত হইতে অগ্নিস্ফুলিঙ্গ নির্গত হইতে লাগিল এবং হস্তিগণ তাহাতে ভীত হইয়া, শুণ্ডনিঃসৃত পানীয় দ্বারা সেই অগ্নিস্ফুলিঙ্গ নির্ব্বাণ করিতে লাগিল ॥ ৪৮ ॥

কর্ত্তিত নরমুণ্ড, ভূমিপতিত শিরস্ত্রাণ এবং রুধিরপ্রবাহ দ্বারা রণক্ষেত্র

রণক্ষিতিঃ শোণিতমদ্যকুল্যা
ররাজ মৃত্যোরিব পানভূমিঃ ॥ ৪৯ ॥
উপান্তয়োর্নিষ্কুষিতং বিহঙ্গৈ-
রাক্ষিপ্য তেভ্যঃ পিশিতপ্রিয়াপি।
কেয়ূরকোটিক্ষততালুদেশা
শিবা ভুজচ্ছেদমপাচকার ॥ ৫০ ॥
কশ্চিৎ দ্বিষৎখড়্গহৃতোত্তমাঙ্গঃ
সদ্যোবিমানপ্রভুতামুপেত্য।

শিরস্ত্রে" ইত্যমরঃ। তৈশ্চষকোত্তরা চষকঃ পানপাত্রমুত্তরং যস্যাং সেব। "চষকোঽস্ত্রী পানপাত্র"মিত্যমরঃ। শোণিতান্যেব মদ্যং তস্য কুল্যাঃ প্রবাহাঃ যস্যাং সা। "কুল্যাল্পা কৃত্রিমা সরি"দিত্যমরঃ। রণক্ষিতিঃ যুদ্ধভূমিঃ মৃত্যোঃ পানভূমিরিব ররাজ ॥ ৪৯ ॥

উপান্তয়োরিতি। উপান্তয়োঃ প্রান্তয়োঃ বিহঙ্গৈঃ পক্ষিভিঃ নিষ্কুষিতং খণ্ডিতম্। ইণ্নিষ্ঠায়ামিতীড়াগমঃ। ভুজচ্ছেদং ভুজখণ্ডং তেভ্যোবিহঙ্গেভ্যঃ আক্ষিপ্যাচ্ছিদ্য পিশিতপ্রিয়া মাংসপ্রিয়াপি শিবা ক্রোষ্ট্রী। "শিবঃ কীলঃ শিবা ক্রোষ্ট্রী"ইতি বিশ্বঃ। কেয়ূরকোট্যা অঙ্গদাগ্রেণ ক্ষতস্তালুদেশোযস্যা সা সতী অপাচকার অপসারয়ামাস। কিরতেঃ করোতে র্বা লিট্ ॥ ৫০ ॥

কশ্চিদিতি। দ্বিষতঃ খড়্গেন হৃতোত্তমাঙ্গঃ ছিন্নশিরাঃ কশ্চিদ্বীরঃ সদ্যো-বিমানপ্রভুতাং বিমানাধিপত্যং দেবত্বমিত্যর্থঃ উপেত্য প্রাপ্য বামাঙ্গ-সংসক্তা

ব্যাপ্ত হওয়াতে, রণভূমি যমরাজের পানভূমির ন্যায় প্রতীয়মান হইতে লাগিল। কারণ, ভূতলশায়ী নরমুণ্ডগুলি ফলস্বরূপ, পতিত শিরস্ত্রাণ সকল পানপাত্র-স্বরূপ এবং শোণিত-স্রোতঃ মদ্যের প্রবাহ-স্বরূপ লক্ষিত হইয়াছিল ॥ ৪৯ ॥

নরদেহের উপান্তভাগ ভক্ষণকারী বিহঙ্গের নিকট হইতে শৃগালী বল-পূর্ব্বক, এক ভুজখণ্ড গ্রহণ করিল; কিন্তু সেই শৃগালী পিশিত লোলুপা হইয়াও ভুজসংলগ্ন কেয়ূরাগ্রভাগে (বাজুর অগ্রভাগে) তাহার তালু ক্ষত হওয়াতে, তাহাকে সেই ভুজখণ্ড পরিত্যাগ করিতে হইল ॥ ৫০ ॥

কোন বীরপুরুষ, বিপক্ষের খড়্গে ছিন্নমস্তক হওয়ামাত্র দেবত্ব লাভ

বামাঙ্গসংসক্তসুরাঙ্গনঃ স্বং
নৃত্যৎ কবন্ধং সমরে দদর্শ ॥ ৫১ ॥
অন্যোন্যসূতোন্মথনাদভূতাং
তাবেব সূতৌ রথিনৌ চ কৌচিৎ ।
ব্যশ্বৌ গদাব্যায়তসংপ্রহারৌ
ভগ্নায়ুধৌ বাহুবিমর্দ্দনিষ্ঠৌ ॥ ৫২ ॥
পরস্পরেণ ক্ষতয়োঃ প্রহর্ত্রো-
রুৎক্রান্তবায্বোঃ সমকালমেব ।

সব্যোৎসঙ্গসঙ্গিনী সুরাঙ্গনা যস্য স তথোক্তঃ সন্ সমরে নৃত্যৎ স্বং নিজং কবন্ধং বিশিরস্কং কলেবরং দদর্শ। "কবন্ধোঽস্ত্রী ক্রিয়াযুক্তমপমূর্দ্ধকলেবরম্" ইত্যমরঃ ॥ ৫১ ॥

অন্যোন্যেতি । কৌচিদ্বীরৌ অন্যোন্যস্য সূতয়োঃ সারথ্যোঃ উন্মথনান্নিধনাৎ তাবেব সূতৌ রথিনৌ চ যোদ্ধারাবভূতাং তাবেব ব্যশ্বৌ নষ্টাশ্বৌ সন্তৌ গদাভ্যাং ব্যায়তোদীর্ঘঃ সংপ্রহারোযুদ্ধং যয়োস্তৌ অভূতাং ততোভগ্নায়ুধৌ ভগ্নগদৌ সন্তৌ বাহুবিমর্দ্দে নিষ্ঠা নাশো যয়ো স্তৌ অভূতাম্। "নিষ্ঠা নিষ্পত্তি-নাশান্তা" ইত্যমরঃ ॥ ৫২ ॥

পরস্পরেণেতি। পরস্পরেণ অন্যোন্যং ক্ষতয়োঃ ক্ষততন্বোঃ সমকাল-মেককালং যথা তথা উৎক্রান্তবায্বোঃ যুগপদুদ্গত-প্রাণয়োঃ একৈবাপ্সরাঃ

পূর্ব্বক সুরাঙ্গনাকে বামাঙ্গসঙ্গিনী করিয়া, স্বীয় কবন্ধকে (মস্তকবিহীন দেহকে) রণক্ষেত্রে নৃত্য করিতে দেখিলেন। অর্থাৎ ধর্ম্মশাস্ত্রে এরূপ নির্দ্দিষ্ট আছে, যে সংগ্রামে সহস্র সৈন্য বিনষ্ট হয়, সেই যুদ্ধে এক কবন্ধ নৃত্য করিয়া থাকে। সুতরাং এই সংগ্রামেও সহস্র সৈন্য নিধন প্রাপ্ত হইয়াছিল বলিয়াই মস্তকবিহীন দেহ দেবত্ব প্রাপ্ত হইয়া নৃত্য করিয়াছিল ॥ ৫১ ॥

কোন বীরদ্বয় পরস্পরের সারথি বিনষ্ট হইলে, আপনারাই সারথি ও রথীর কার্য্য করিল ; পরে পরস্পরের রথাশ্ব নিহত হইলে, বহুক্ষণ গদাযুদ্ধ করিল ; কিন্তু পরিশেষে গদা ভগ্ন হওয়াতে পরস্পর বাহুযুদ্ধ করিয়া নিধন প্রাপ্ত হইল ॥ ৫২ ॥

কোন বীরদ্বয় পরস্পরের অস্ত্রে আহত ও উভয়েই এক সময়ে গতাসু

অমর্ত্ত্যভাবেঽপি কয়োশ্চিদাসী-
দেকাপ্সরঃ প্রার্থিতয়োর্ব্বিবাদঃ ॥ ৫৩ ॥
ব্যূহাবুভৌ তাবিতরেতরস্মাৎ
ভঙ্গং জয়ঞ্চাপতুরব্যবস্থম্ ।
পশ্চাৎপুরোমারুতয়োঃ প্রবৃদ্ধৌ
পর্য্যায়বৃত্ত্যেব মহার্ণবোর্ম্মী ॥ ৫৪ ॥
পরেণ ভগ্নেঽপি বলে মহৌজাঃ
যযাবজঃ প্রত্যরিসৈন্যমেব ।

প্রার্থিতা যাভ্যাং তয়োরেকাপ্সরঃ প্রার্থিতয়োঃ প্রার্থিতৈকাপ্সরসোরিত্যর্থঃ। বাহিতাগ্ন্যাদিষ্বিতি পরনিপাতঃ। অথবা একস্যামপ্সরসি প্রার্থিতং প্রার্থনা যয়োরিতি বিগ্রহঃ। স্ত্রিয়াং বহুষপ্সরসইতি বহুত্বাভিধানং প্রায়িকম্। কয়োশ্চিৎপ্রহর্ত্রো র্যোধয়োঃ অমর্ত্ত্যভাবেঽপি দেবত্বেঽপি বিবাদঃ কলহঃ আসীৎ। একামিষাভিলাষোহি মহদ্বৈরবীজমিতি ভাবঃ ॥ ৫৩ ॥

ব্যূহাবিতি। তৌ উভৌ ব্যূহৌ সেনাসঙ্ঘাতৌ। "ব্যূহস্তু বলবিন্যাস" ইত্যমরঃ। পশ্চাৎ পুরশ্চ যৌ মারুতৌ তয়োঃ পর্য্যায়বৃত্ত্যা ক্রমবৃত্ত্যা প্রবৃদ্ধৌ মহার্ণবোর্ম্মী ইব ইতরেতরস্মাদন্যোন্যস্মাৎ অব্যবস্থং ব্যবস্থা-রহিতং অনিয়তং জয়ং ভঙ্গং পরাজয়ং চাপতুঃ প্রাপ্তবন্তৌ ॥ ৫৪ ॥

পরেণেতি। বলে স্বসৈন্যে পরেণ পরবলেন ভগ্নেঽপি মহৌজাঃ মহাবলোঽজঃ অরিসৈন্যং প্রত্যেব যযৌ। তথাহি সমীরণেন বায়ুনা ধূমোনিবর্ত্ত্যেত

হইয়া দেবত্ব লাভ করিয়াও, এক অপ্সরা-লাভার্থী হইয়া বিবাদে প্রবৃত্ত হইল ॥ ৫৩ ॥

পশ্চাৎ ও সম্মুখবর্ত্তী বায়ু-বেগভরে বারিধিতরঙ্গ যেমন পর্য্যায়ক্রমে একবার এদিকে, আরবার তদ্বিপরীতদিকে উন্নত হয়, তেমন অজের ও সমবেত রাজগণের উভয় সেনাদলের পর্য্যায়ক্রমে জয় ও পরাজয় হইতে লাগিল ॥ ৫৪ ॥

মহাবল অজ, শক্রসৈন্য কর্ত্তৃক স্বীয় সৈন্য পরাঙ্মুখীকৃত অবলোকন করিয়া, স্বয়ং শক্রসেনার অভিমুখীন হইলেন। সমীরণ, ধূমকে অপসারিত করিতে

ধূমোনিবর্ত্ত্যেত সমীরণেন
যতস্তু কক্ষস্ততএব বহ্নিঃ ॥ ৫৫ ॥
রথী নিষঙ্গী কবচী ধনুষ্মান্
দৃপ্তঃ স রাজন্যকমেকবীরঃ।
নিবারয়ামাস মহাবরাহঃ
কল্পক্ষয়োদ্বৃত্তমিবার্ণবাম্ভঃ ॥ ৫৬ ॥
স দক্ষিণং তূণমুখেন বামং
ব্যাপারয়ন্ হস্তমলক্ষ্যতাজৌ।

কক্ষাদপসার্য্যেত। বর্ত্ততের্ণ্যন্তাৎ কর্ম্মণি সম্ভাবনায়াং লিঙ্। বহ্নিস্তু যতো যত্র কক্ষস্তৃণম্। "কক্ষৌ তু তৃণবীরুধা"বিত্যমরঃ। ততএব তত্রৈব প্রবর্ত্ততে ইতি শেষঃ। সার্ব্ববিভক্তিকস্তসি ॥ ৫৫ ॥

রথীতি। রথী রথারূঢ়ঃ, নিষঙ্গী তূণীরবান্। "তূণোপাসঙ্গ-তূণীর-নিষঙ্গা-ইষুধির্দ্বয়ো"রিত্যমরঃ। কবচী বর্ম্মধরঃ, ধনুষ্মান্ ধনুর্দ্ধরঃ, দৃপ্তো রণদৃপ্তঃ, এক-বীরঃ অসহায়শূরঃ সোঽজঃ, রাজন্যকং রাজসমূহম্, গোত্রোক্ষেত্রেত্যাদিনা বুঞ্প্রত্যয়ঃ। মহাবরাহো বরাহাবতারো বিষ্ণুঃ, কল্পক্ষয়ে কল্পান্তকালে উদ্বৃত্ত-মুদ্বেলমর্ণবাম্ভ ইব নিবারয়ামাস ॥ ৫৬ ॥

সইতি। সোঽজঃ আজৌ সংগ্রামে, দক্ষিণং হস্তং তূণমুখেন নিষঙ্গ-

সমর্থ হয়; কিন্তু অগ্নি তৃণরাশিতেই থাকিয়া যায়। অর্থাৎ অগ্নি তৃণরাশি মধ্যেই থাকে, ইহার তাৎপর্য্য এই,—বায়ু যেমন ধূমরাশিকে নানাদিকে চালিত করিতে সমর্থ হয়, অগ্নি যে স্থানে থাকিয়া তৃণাদি দগ্ধ করিতে থাকে, সেই স্থানে অবস্থান করিয়াই স্বকার্য্য সম্পাদন করিয়া থাকে; কিন্তু বায়ু অতি প্রবল হইয়াও সেই অগ্নিকে স্থানান্তরিত করিতে সমর্থ হয় না। সেই-রূপ শত্রুসৈন্য, অজসৈন্যদিগকে পশ্চাৎ পদ করিয়াছিল বটে, কিন্তু সিংহ-বিক্রান্ত মহাবল অজকে এক পদও স্থানান্তরিত করিতে সমর্থ হইল না ॥ ৫৫ ॥

প্রলয় কালে বিষ্ণু, বরাহ রূপ ধারণ করিয়া, যেরূপ উদ্বেল জলধির জল প্রশমিত করিয়াছিলেন, সেইরূপ মহাবল অজ একাকী রথী, নিষঙ্গী, কবচী ও ধনুর্দ্ধারী বিপক্ষ সৈন্যদিগের আক্রমণ নিবারণ করিলেন ॥ ৫৬ ॥

তৎকালে অজ, এরূপ দ্রুতহস্তে শরক্ষেপণ করিতে লাগিলেন যে,

আকর্ণকৃষ্টা সকৃদস্য যোদ্ধু-
র্মৌর্ব্বীব বাণান্ সুষুবে রিপুঘ্নান্ ॥ ৫৭ ॥
স রোষদষ্টাধিকলোহিতৌষ্ঠৈ-
র্ব্যক্তোর্দ্ধরেখা ভ্রুকুটীর্ব্বহদ্ভিঃ।
তস্তার গাং ভল্লনিকৃত্তকণ্ঠৈ-
র্হুঙ্কারগর্ভৈর্দ্বিষতাং শিরোভিঃ ॥ ৫৮ ॥
সর্ব্বৈর্বলাঙ্গৈর্দ্বিরদপ্রধানৈঃ
সর্ব্বায়ুধৈঃ কঙ্কটভেদিভিশ্চ।

বিবরেণ, বামমতিসুন্দরম্। "বামং সব্যে প্রতীপে চ দ্রবিণে চাতিসুন্দরে" ইতি বিশ্বঃ। ব্যাপারয়ন্নলক্ষ্যত শরসন্ধানাদয়স্ত দুর্লক্ষ্যা ইত্যর্থঃ। সকৃদাকর্ণকৃষ্টা যোদ্ধুরস্যাজস্য মৌর্ব্বী জ্যা রিপূন্ হন্তীতি রিপুঘ্নাস্তান্। অমনুষ্যকর্ত্তৃকে চেতি টকৃপ্রত্যয়ঃ। বাণান্ সুষুবে ইবেত্যুৎপ্রেক্ষা ॥ ৫৭ ॥

সইতি। সোঽজঃ রোষেণ দষ্টাঃ অতএব অধিকলোহিতাঃ ওষ্ঠাঃ যেষাং তানি তৈঃ ব্যক্তা ঊর্দ্ধা রেখা যাসাং তাঃ ভ্রুকুটীঃ ভ্রুভঙ্গান্ বহদ্ভিঃ ভল্লনিকৃত্তা বাণবিশেষচ্ছিন্নাঃ কণ্ঠা যেষাং তৈঃ হুঙ্কারগর্ভৈঃ হুঙ্কারৈর্হুঙ্কুর্ব্বদ্ভিরিত্যর্থঃ। দ্বিষতাং শিরোভিঃ গাং ভূমিং তস্তার ছাদয়ামাস ॥ ৫৮ ॥

তাহাতে তাঁহার দক্ষিণ হস্ত তূণীরমুখে, তাহার (তূণীরের) শোভা সম্পাদন করিয়া সংলগ্ন রহিয়াছে, ইহাই লক্ষিত হইল; তিনি যে কখন্ শরসন্ধান ও শরক্ষেপণ করেন, ইহা কাহারও নয়নপথে পতিত হইল না; সুতরাং সেই যুদ্ধকুশল অজের ধনুকের জ্যা (ছিলা) একবার মাত্র কর্ণ পর্য্যন্ত আকৃষ্ট হইয়া, যেন নিরন্তর শত্রুনাশক শরনিকর প্রসব করিতে লাগিল ॥ ৫৭ ॥

কুমার অজ, শত্রুগণের রোষভরে দষ্ট লোহিত ওষ্ঠপুট-সম্পন্ন ভ্রুভঙ্গী দ্বারা স্পষ্ট ঊর্দ্ধ-রেখা-বিশিষ্ট কুটিল ও হুঙ্কারযুক্ত মুণ্ডসকল ভল্লাস্ত্রে ছেদন করিয়া ভূপৃষ্ঠ সমাচ্ছন্ন করিলেন। অর্থাৎ শত্রুগণ, অজের অস্ত্রাঘাতে রোষপর-তন্ত্র হইয়া, দন্ত দ্বারা অধরোষ্ঠ দংশন ও ভ্রুভঙ্গী পূর্ব্বক রোষকষায়িত লোচনে নিরীক্ষণ ও হুঙ্কার রবে সিংহনাদ করিতে লাগিল; রণপণ্ডিত কুমার অজ, তাহাদের তাদৃশ মুখভঙ্গী অসহমান হইয়া, ভল্লাত নামক অস্ত্রে তদবস্থাপন্ন মস্তক ছিন্ন করিয়া ভূতল পরিব্যাপ্ত করিলেন ॥ ৫৮ ॥

সর্ব্বপ্রযত্নেন চ ভূমিপালা-
স্তস্মিন্ প্রজহ্রুর্যুধি সর্ব্বএব ॥ ৫৯ ॥
সোঽস্ত্রব্রজৈশ্ছন্নরথঃ পরেষাং
ধ্বজাগ্রমাত্রেণ বভূব লক্ষ্যঃ।
নীহারমগ্নোদিনপূর্ব্বভাগঃ
কিঞ্চিৎপ্রকাশেন বিবস্বতেব ॥ ৬০ ॥
প্রিয়ংবদাৎ প্রাপ্তমসৌ কুমারঃ
প্রাযুঙ্ক্ত রাজস্বধিরাজসূনুঃ।

সর্ব্বৈরিতি। দ্বিরদপ্রধানৈর্গজমুখৈ্যঃ সর্ব্বৈর্ব্বলাঙ্গৈঃ সেনাঙ্গৈঃ। "হস্ত্যশ্বরথপাদাতং সেনাঙ্গং স্যাচ্চতুষ্টয়"মিত্যমরঃ। কঙ্কটভেদিভিঃ কবচভেদিভিঃ। "উরশ্ছদঃ কঙ্কটকোঽজগরঃ কবচোঽস্ত্রীয়া"মিত্যমরঃ। সর্ব্বায়ুধৈশ্চ। বাহুবলমুক্ত্বা আন্তরমাহ সর্ব্বপ্রযত্নেন চ সর্ব্বে এব ভূমিপালাঃ যুধি তস্মিন্নজে প্রজহ্রুঃ তং প্রজহ্রুরিত্যর্থঃ। সর্ব্বত্র সর্ব্বকারকশক্তিসম্ভবাৎ কর্ম্মণোঽপ্যধিকরণবিবক্ষায়াং সপ্তমী। তদুক্তম্ "অনেকশক্তিযুক্তস্য বিশ্বস্যানেককর্ম্মণঃ। সর্ব্বদা সর্ব্বথাভাবাৎ ক্বচিৎ কিঞ্চিদ্বিবক্ষ্যত" ইতি ॥ ৫৯ ॥

সইতি। পরেষাং দ্বিষাম্ অস্ত্রব্রজৈশ্ছন্নরথঃ সোঽজঃ নীহারৈর্হিমৈর্ম্মগ্নোদিনপূর্ব্বভাগঃ প্রাতঃকালঃ কিঞ্চিৎপ্রকাশেনেষল্লক্ষ্যেণ বিবস্বতেব ধ্বজাগ্রমাত্রেণ লক্ষ্যো বভূব ধ্বজাগ্রাদন্যন্ন কিঞ্চিল্লক্ষ্যতে স্মেত্যর্থঃ ॥ ৬০ ॥

প্রিয়ংবদাদিতি। অধিরাজস্য সূনুর্ম্মহারাজপুত্রঃ কুসুমাস্ত্রকান্তো মদনসুন্দরঃ

নরপতিগণ, সেই যুদ্ধে সমগ্র যত্নের সহিত অজের প্রতি গজপ্রধান চতুরঙ্গ বল ও বর্ম্মভেদক সর্ব্বপ্রকার অস্ত্র প্রয়োগ করিলেন। অর্থাৎ সমবেত রাজগণ স্বসৈন্যের ক্ষয়কারী অজের অমানুষিক ব্যাপার দর্শনে শঙ্কিত হইয়া সতর্কতার সহিত সমগ্র শক্তি প্রয়োগ করিলেন ॥ ৫৯ ॥

বিপক্ষগণের শরজালে তাঁহার রথ সমাচ্ছন্ন হইল, একমাত্র রথের ধ্বজা লক্ষিত হইতে লাগিল; সুতরাং কুজ্ঝটিকাবৃত প্রাতঃকালের ন্যায় কুমার অজ পরিলক্ষিত হইতে লাগিলেন ॥ ৬০ ॥

অনন্তর কন্দর্পতুল্য শ্রীসম্পন্ন সতত জাগরূক অজ, গন্ধর্ব্বরাজ প্রিয়ংবদ

গান্ধর্ব্বমস্ত্রং কুসুমাস্ত্রকান্তঃ
প্রস্বাপনং স্বপ্ননিবৃত্তলৌল্যঃ ॥ ৬১ ॥
ততোধনুষ্কর্ষণমূঢ়হস্ত-
মেকাংসপর্য্যস্তশিরস্ত্রজালম্।
তস্থৌ ধ্বজস্তম্ভনিষণ্ণদেহং
নিদ্রাবিধেয়ং নরদেবসৈন্যম্ ॥ ৬২ ॥
ততঃ প্রিয়োপাত্তরসেঽধরোষ্ঠে
নিবেশ্য দধ্মৌ জলজং কুমারঃ।

স্বপ্ননিবৃত্তলৌল্যঃ স্বপ্নবিতৃষ্ণঃ জাগরূকইত্যর্থঃ অসৌ কুমারোঽজঃ প্রিয়ংবদাৎ পূর্ব্বোক্তাদ্গন্ধর্ব্বাৎ প্রাপ্তং গান্ধর্ব্বং গন্ধর্ব্বদেবতাকম্। সাস্য দেবতেত্যণ্। প্রস্বাপয়তীতি প্রস্বাপনং নিদ্রাজনকমস্ত্রং রাজসু প্রাযুঙ্‌ক্ত প্রযুক্তবান্ ॥ ৬১ ॥

ততইতি। ততোধনুঃকর্ষণে মূঢ়হস্তমব্যাপৃতহস্তম্ একস্মিন্নংসে পর্য্যস্তং স্রস্তং শিরস্ত্রাণাং শীর্ষণ্যানাং জালং সমূহো যস্য তৎ ধ্বজস্তম্ভেষু নিষণ্ণা অবষ্টব্ধা দেহাঃ যস্য তৎ নরদেবানাং রাজ্ঞাং সেনৈব সৈন্যম্। চাতুর্ব্বর্ণ্যাদিত্বাৎ-স্বার্থে ষ্যঞ্‌প্রত্যয়ঃ। নিদ্রাবিধেয়ং নিদ্রাপরতন্ত্রং তস্থৌ ॥ ৬২ ॥

ততইতি। ততঃ কুমারোঽজঃ প্রিয়য়া ইন্দুমত্যা উপাত্তরসে আস্বাদিত-মাধুর্য্যে অতিশ্লাঘ্যে ইতি ভাবঃ অধরোষ্ঠে জলজং শঙ্খং নিবেশ্য। "জলজং শঙ্খ-

---

হইতে প্রাপ্ত নিদ্রাজনক সেই গান্ধর্ব্বাস্ত্র প্রয়োগ করিলেন। অর্থাৎ প্রত্যুৎপন্নমতি অজ, সম্মোহন নামক গান্ধর্ব্বাস্ত্র প্রয়োগের উপযুক্ত সময় উপস্থিত দেখিয়া, সেই নিদ্রাকারক অস্ত্র, মন্ত্রপূত করিয়া বিপক্ষ রাজগণের প্রতি ক্ষেপণ করিলেন ॥ ৬১ ॥

ভূপালগণ, সেই অস্ত্র-প্রভাবে সসৈন্যে নিদ্রার শরণাগত হইলেন; সুতরাং তাঁহাদের হস্ত ধনুক আকর্ষণে অসমর্থ হইল; শিরস্ত্রাণ সকল স্কন্ধোপরি হেলিয়া পড়িল এবং দেহ ধ্বজস্তম্ভে নিষণ্ণ রহিল। অর্থাৎ অজের সম্মোহন অস্ত্র-প্রভাবে রাজগণ সসৈন্যে নিদ্রাভিভূত হইলেন; সুতরাং তাঁহারা উন্মূলিত তরুর ন্যায় স্ব স্ব স্থানেই নিপতিত রহিলেন ॥ ৬২ ॥

অনন্তর রাজকুমার অজ, প্রিয়া চুম্বিত স্বীয় অধরোষ্ঠে শঙ্খ স্থাপন করিয়া

তেন স্বহস্তার্জ্জিতমেকবীরঃ
পিবন্ যশোমূর্ত্তমিবাবভাসে ॥ ৬৩ ॥
শঙ্খস্বনাভিজ্ঞতয়া নিবৃত্তা-
স্তং সন্নশত্রুং দদৃশুঃ স্বযোধাঃ ।
নিমীলিতানামিব পঙ্কজানাং
মধ্যে স্ফুরন্তং প্রতিমাশশাঙ্কম্ ॥ ৬৪ ॥
সশোণিতৈস্তেন শিলীমুখাগ্রৈ-
র্নিক্ষেপিতাঃ কেতুষু পার্থিবানাম্ ।

পদ্ময়ো”রিতি বিশ্বঃ। দধ্মৌ মুখমারুতেন পূরয়ামাস তেনৌষ্ঠনিবিষ্টেন শঙ্খেন একবীরঃ সঃ স্বহস্তার্জ্জিতং মূর্ত্তং মূর্ত্তিমৎ যশঃ পিবন্নিবাবভাসে যশসঃ শুভ্রত্বাদিতি ভাবঃ ॥ ৬৩ ॥

শঙ্খেতি। শঙ্খস্বনস্যাজশঙ্খধ্বনেরভিজ্ঞতয়া প্রত্যভিজ্ঞাতত্বান্নিবৃত্তাঃ প্রাক্ পলায্য সম্প্রতি প্রত্যাগতাঃ স্বযোধাঃ সন্নশত্রুং নিদ্রাণশত্রুং তম্ অজং নিমীলিতানাং মুকুলিতানাং পঙ্কজানাং মধ্যে স্ফুরন্তং প্রতিমা চাসৌ শশাঙ্কশ্চ তং প্রতিমাশশাঙ্কং প্রতিবিম্বচন্দ্রমিব দদৃশুঃ ॥ ৬৪ ॥

সশোণিতৈরিতি। সংপ্রতি রাঘবেণ রঘুপুত্রেণ। পূর্ব্বং রঘুণেতি ভাবঃ। হে রাজানঃ! বো যুষ্মাকং যশোহৃতং জীবিতন্তু কৃপয়া ন হৃতং, ন ত্বশক্ত্যেতি

বাজাইলেন ; তাহাতে বোধ হইল, যেন সেই অদ্বিতীয় বীরপুরুষ স্বহস্তার্জ্জিত মূর্ত্তিমান্ যশ পান করিতে লাগিলেন ॥ ৬৩ ॥

তাঁহার সৈন্যগণ, শঙ্খধ্বনি শ্রুত হইয়া, তাঁহারই শঙ্খ নিনাদিত হইতেছে নিশ্চয় করিয়া, রণস্থলে আগমন পূর্ব্বক দেখিল, কুমার অজ, নিদ্রাভিভূত শত্রুগণ মধ্যে, মুকুলিত কমলরাজির মধ্যে প্রতিবিম্বিত শশধরের ন্যায় বিরাজ করিতেছেন। অর্থাৎ কুমার অজের রণবিমুখ সৈন্যগণ, বিজয়সূচক শঙ্খধ্বনি শ্রবণে, স্বীয় প্রভুর শঙ্খ ধ্বনিত হইতেছে মনে করিয়া, দ্রুতপদে তথায় যাইয়া দেখিল, যুদ্ধক্ষেত্রে শায়িত মৃতপ্রায় শত্রুগণের মধ্যে একমাত্র মহারাজ অজই বিজয়মদে মত্ত হইয়া শঙ্খধ্বনি করিতেছেন ॥ ৬৪ ॥

পরে তিনি শোণিত লিপ্ত শরাগ্র দ্বারা নরপালগণের ধ্বজাতে এই বর্ণা-

যশোহৃতং সংপ্রতি রাঘবেণ
ন জীবিতং বঃ কৃপয়েতি বর্ণাঃ ॥ ৬৫ ॥
স চাপকোটীনিহিতৈকবাহুঃ
শিরস্ত্রনিষ্কর্ষণভিন্নমৌলিঃ।
ললাটবদ্ধশ্রমবারিবিন্দু-
র্ভীতাং প্রিয়ামেত্য বচোবভাষে ॥ ৬৬ ॥
ইতঃ পরানর্ভকহার্য্যশস্ত্রান্
বৈদর্ভি পশ্যানুমতা ময়াসি।

ভাবঃ; ইত্যেবংরূপা বর্ণাঃ এতদর্থপ্রতিপাদকং বাক্যমিত্যর্থঃ সশোণিতৈঃ শোণিতদিগ্ধৈঃ শিলীমুখাগ্রৈঃ বাণাগ্রৈঃ সাধনৈঃ তেনাজেন প্রযোজককর্ত্রা পার্থিবানাং রাজ্ঞাং কেতুষু ধ্বজস্তম্ভেষু নিক্ষেপিতাঃ প্রযোজ্যৈরন্যৈর্নিবেশিতাঃ লেখিতা ইত্যর্থঃ। ক্ষিপ্রতের্ণ্যন্তাৎ কর্ম্মণি ক্তঃ ॥ ৬৫ ॥

স ইতি। চাপকোট্যাং নিহিতএকবাহুর্যেন সঃ শিরস্ত্রস্য নিষ্কর্ষণেনাপনয়নেন ভিন্নমৌলিঃ শ্লথকেশবন্ধঃ। "চূড়া কিরীটং কেশাশ্চ সংযতা মৌলয়স্ত্রয়" ইত্যমরঃ। ললাটে বদ্ধাঃ শ্রমবারিবিন্দবো যস্য সঃ সোঽজঃ ভীতাং প্রিয়ামিন্দুমতীম্ এত্যাসাদ্য বচো বভাষে ॥ ৬৬ ॥

কিমিত্যাহ;—ইতইতি। হে বৈদর্ভি! ইন্দুমতি! ইত ইদানীম্ অর্ভক-

বলী সন্নিবেশিত করিলেন;—হে রাজগণ! 'সম্প্রতি রঘুনন্দন অজ, তোমাদের যশ হরণ করিলেন; কিন্তু দয়াপরবশ হইয়া জীবন হরণ করিলেন না' ॥ ৬৫ ॥

অনন্তর অজ শিরস্ত্রাণ অপনয়ন বশতঃ শিথিল কেশবন্ধন হইয়া, ধনুকের একপ্রান্তে বাহুস্থাপন পূর্ব্বক যুদ্ধজনিত ঘর্ম্মাক্ত ললাটে, শত্রুভয়ে ভীতা প্রিয়তমা ইন্দুমতীর নিকটে যাইয়া বলিলেন। অর্থাৎ যুদ্ধশ্রমে তাঁহার প্রশস্ত ললাটদেশ হইতে ঘর্ম্ম বিন্দু নির্গত হইতে লাগিল, শিরস্ত্রাণ (মুকুট) অপনীত করাতে কেশবন্ধন শিথিল হইয়া গেল; সুতরাং সংগ্রাম-বিজয়ী অজ, যুদ্ধবেশেই ভীতা মলিনা ইন্দুমতীর নিকটে উপস্থিত হইয়া বলিতে লাগিলেন ॥ ৬৬ ॥

বিদর্ভরাজপুত্রি! আমি অনুমতি করিতেছি;—তুমি শত্রুদিগের প্রতি

এবংবিধেনাহবচেষ্টিতেন
ত্বং প্রার্থ্যসে হস্তগতা মমৈভিঃ ॥ ৬৭ ॥
তস্যাঃ প্রতিদ্বন্দ্বিভবাদ্বিষাদাৎ
সদ্যোবিমুক্তং মুখমাবভাসে ।
নিশ্বাসবাষ্পাপগমাৎ প্রপন্নঃ
প্রসাদমাত্মীয়মিবাত্মদর্শঃ ॥ ৬৮ ॥
হৃষ্টাপি সা হ্রীবিজিতা ন সাক্ষাৎ
বাগ্‌ভিঃ সখীনাং প্রিয়মভ্যনন্দৎ ।

তবেতি। তব নিঃশ্বসিতানুকারিভিঃ বকুলৈঃ বকুলকুসুমৈঃ ময়া সমং সার্দ্ধম্ অর্দ্ধচিতাম্ অর্দ্ধং যথা তথা রচিতাং বিলাসমেখলাম্ অসমাপ্য কিন্নরস্য দেবযোনিবিশেষস্য কণ্ঠইব কণ্ঠোযস্যাঃ তৎসম্বুদ্ধিঃ হে কিন্নরকণ্ঠি! অঙ্গ-গাত্রকণ্ঠেভ্যশ্চেতি ঙীপ্। কিমিদং সুপ্যতে। বচি স্বপোরিত্যাদিনা সম্প্র-সারণম্। অনুচিতমিদং স্বপনমিত্যর্থঃ॥ ৬৪॥

সমেতি। সখীজনঃ সমদুঃখসুখঃ ত্বদ্দুঃখেন দুঃখী ত্বৎসুখেন সুখীত্যর্থঃ। অয়মাত্মজোবালঃ প্রতিপচ্চন্দ্রনিভঃ দর্শনীয়োবর্দ্ধিষ্ণুশ্চেত্যর্থঃ। প্রতিপচ্ছব্দেন দ্বিতীয়া লক্ষ্যতে প্রতিপদি চন্দ্রস্যাদর্শনাৎ। অহমেকরসোঽভিন্নরাগঃ। "শৃঙ্গারাদৌ বিষে বীর্য্যে গুণে রাগে দ্রবে রস" ইত্যমরঃ। তথাপি জীবিত-সামগ্রীসত্ত্বেঽপীত্যর্থঃ তে তব ব্যবসায়োঽস্মৎ পরিত্যাগরূপোব্যাপারঃ প্রতি-পত্ত্যা নিশ্চয়েন নিষ্ঠুরঃ। "প্রতিপত্তিঃ পদপ্রাপ্তৌ প্রবৃত্তৌ গৌরবেপি চ। প্রাগল্ভে চ প্রবোধে চ" ইতি বিশ্বঃ। স্মর্ত্তুং ন শক্যং কিমুতাধিকর্ত্তুমিতি ভাবঃ॥ ৬৫॥

হে কিন্নরকণ্ঠি! তোমার নিঃশ্বাস-গন্ধের অনুকারী বকুলপুষ্প দ্বারা তুমি আমার সহিত যে বিলাস-মেখলা অর্দ্ধমাত্র গ্রন্থন করিয়াছ, তাহা শেষ না করিয়া, কি নিমিত্ত নিদ্রাভিভূতা হইলে? ॥ ৬৪॥

তোমার এই সখীগণ তোমার দুঃখে দুঃখী, তোমার সুখে সুখী, এই পুত্রও প্রতিপৎ চন্দ্রের ন্যায় প্রিয়দর্শন ও বর্দ্ধনশীল; আর আমিও তোমাতে একান্ত অনুরাগী, তথাপি তুমি যে আমাদিগকে পরিত্যাগ করিয়া গমন করিলে, ইহাতে নিশ্চয়ই নিষ্ঠুরতা প্রকাশ পাইতেছে॥ ৬৫॥

ধৃতিরস্তমিতা রতিশ্চ্যুতা
বিরতং গেয়মৃতুর্নিরুৎসবঃ।
গতমাভরণপ্রয়োজনং
পরিশূন্যং শয়নীয়মদ্য মে ॥ ৬৬ ॥
গৃহিণী সচিবঃ সখী মিথঃ
প্রিয়শিষ্যা ললিতে কলাবিধৌ।
করুণাবিমুখেন মৃত্যুনা
হরতা ত্বাং বদ কিং ন মে হৃতম্ ॥ ৬৭ ॥
মদিরাক্ষি মদাননার্পিতং
মধু পীত্বা রসবৎ কথং নু মে।

ধৃতিরিতি। অদ্য মে ধৃতির্ধৈর্য্যং প্রতীতির্ব্বা অস্তং নাশমিতা, রতিশ্চ্যুতা গতা, গেয়ং গানং বিরতম্, ঋতুর্ব্বসন্তাদির্নিরুৎসবঃ, আভরণানাং প্রয়োজনং গতম্ অপগতং, শেতে অস্মিন্নিতি শয়নীয়ং তল্পম্। কৃত্যল্যুটো-বহুলমিত্যধিকরণার্থেঽনীয়প্রত্যয়ঃ। পরিশূন্যম্। ত্বাং বিনা সর্ব্বমপি নিষ্ফলমিতি ভাবঃ ॥ ৬৬ ॥

গৃহিণীতি। ত্বমেব গৃহিণী দারাঃ, সচিবো বুদ্ধিসহায়ঃ মন্ত্রী, মিথোরহসি সখী নর্ম্মসচিবঃ, ললিতে মনোহরে কলাবিধৌ বাদিত্রাদিচতুঃষষ্টিকলাপ্রয়োগে প্রিয়শিষ্যা, অতস্ত্বাং সমষ্টিরূপাং হরতা অতএব করুণাবিমুখেন কৃপাশূন্যেন মৃত্যুনা মে মৎসম্বন্ধি কিং ন হৃতং বদ সর্ব্বমপি হৃতমিত্যর্থঃ ॥ ৬৭ ॥

মদিরেতি। মাদ্যত্যনয়েতি মদিরা লোকপ্রসিদ্ধা তথাপি নার্য্যো

আজ হইতে আমার ধৈর্য্যচ্যুতি, ভোগস্পৃহার নিবৃত্তি এবং সঙ্গীতে বিরতি হইল; বসন্তাদি ঋতু আমার পক্ষে উৎসব-বিহীন হইল; আমার অঙ্গভূষণ ধারণের প্রয়োজন অন্তর্হিত হইল এবং শয্যা শূন্য হইল ॥ ৬৬ ॥

হে প্রিয়ে! তুমি আমার গৃহিণী, মন্ত্রী, রহস্য-সখী এবং গীতবাদ্য প্রভৃতি সুললিত ক্রিয়া-কলাপে প্রিয় শিষ্য। অতএব নির্দ্দয় কৃতান্ত তোমাকে হরণ করিয়া আমার কি না হরণ করিল বল? ॥ ৬৭ ॥

হে মদিরাক্ষি! আমার পীতাবশিষ্ট উচ্ছিষ্ট মদ্যপান করিয়া, এক্ষণে তুমি

অনুপাস্যসি বাষ্পদূষিতং
পরলোকোপনতং জলাঞ্জলিম্॥ ৬৮॥
বিভবেঽপি সতি ত্বয়া বিনা
সুখমেতাবদজস্য গণ্যতাম্।
অহৃতস্য বিলোভনান্তরৈ-
র্মম সর্ব্বে বিষয়াস্ত্বদাশ্রয়াঃ॥ ৬৯॥
বিলপন্নিতি কোশলাধিপঃ
করুণার্থগ্রথিতং প্রিয়াং প্রতি।

মদিরলোচনা ইত্যাদিপ্রয়োগদর্শনাৎ মাদ্যত্যাভ্যামিতি মদিরে অক্ষিণী যস্যাস্তৎসম্বুদ্ধিঃ হে মদিরাক্ষি! মদাননেনার্পিতং রসবৎস্বাদুতরং মধু মদাৎ পীত্বা বাষ্পদূষিতম্ অশ্রুতপ্তং পরলোকোপনতং পরলোকপ্রাপ্তং মে জলাঞ্জলিং কথং নু অনু অনন্তরং পাস্যসি। তদনন্তরমিদমনর্হমিত্যর্থঃ। যথাহ ভট্টমল্লঃ "অনুপানং হিমজলং যবগোধূমনির্ম্মিতে। দধ্নি মদ্যে বিষে দ্রাক্ষে পিষ্টে মিষ্টময়েঽপি চ" ইতি। তচ্চ ইহৈব যুজ্যতে। ইদং তূষ্ণং লোকান্তরোপযোগি চেত্যায়ুর্ব্বেদবিরোধাৎ কথমনুপাস্যসীতি ভাবঃ॥ ৬৮॥

বিভবেইতি। বিভবে ঐশ্বর্য্যে সত্যপি ত্বয়া বিনা অজস্য এতাবদেব সুখং গণ্যতাম্ যাবৎ ত্বয়া সহ ভুক্তং ততোঽন্যন্ন কিঞ্চিদ্ভবিষ্যতীত্যর্থঃ। কুতঃ বিলোভনান্তরৈর্ব্বিষয়ান্তরৈরহৃতস্য অনাকৃষ্টস্য মম সর্ব্বে বিষয়াঃ ভোগাদয়ঃ ত্বদাশ্রয়াস্ত্বদধীনাঃ ত্বাং বিনা মে ন কিঞ্চিদ্রোচত ইত্যর্থঃ॥ ৬৯॥

পরলোকে উপনীত অশ্রুবিন্দু-মিশ্রিত, মৎপ্রদত্ত জলাঞ্জলি কিরূপে পান করিবে। অর্থাৎ অয়ি কমলপত্রাক্ষি! তুমি আমার সহিত আসব-পানে রত থাকিয়া আরক্ত-লোচনে আমার প্রতি কটাক্ষ-বর্ষণ করতঃ যে সুখ অনুভব করিতে, এক্ষণে সেই অনির্ব্বচনীয় সুখে বঞ্চিত হইয়া পরলোকে কি করিয়া অবস্থান করিবে?॥ ৬৮॥

প্রিয়ে! তোমার বিরহে ঐশ্বর্য্যসত্ত্বেও আজ হইতে অজের সুখ পর্য্যবসিত হইল। অন্য কোনরূপ প্রলোভন আমাকে আকর্ষণ করিতে পারিবে না; অতএব আমার ভোগাদি সমস্তই তোমার অধীন॥ ৬৯॥

অকরোৎ পৃথিবীরুহানপি
স্রুতশাখারসবাষ্পদূষিতান্ ॥ ৭০ ॥
অথ তস্য কথঞ্চিদঙ্কতঃ
স্বজনস্তামপনীয় সুন্দরীম্।
বিসসর্জ্জ তদন্ত্যমণ্ডনা-
মনলায়াগুরুচন্দনৈধসে ॥ ৭১ ॥
প্রমদামনু সংস্থিতঃ শুচা
নৃপতিঃ সন্নিতি বাচ্যদর্শনাৎ।

বিলপন্নিতি। কোশলাধিপোঽজঃ ইতি করুণঃ শোকরসঃ স এবার্থস্তেন গ্রথিতং সম্বদ্ধং যথা তথা প্রিয়াং প্রতি বিলপন্ পৃথিবীরুহান্ বৃক্ষানপি স্রুতাঃ শাখারসা মকরন্দা এব বাষ্পাস্তৈর্দূষিতানকরোৎ। অচেতনানপ্যরোদয়দিত্যর্থঃ ॥ ৭০ ॥

অথেতি। অথ স্বজনো বন্ধুবর্গঃ তস্যাজস্য অঙ্কত উৎসঙ্গাৎ কথঞ্চিদপনীয় তদ্দিব্যকুসুমমেব অন্ত্যং মণ্ডনমলঙ্কারোযস্যাস্তাং তাং সুন্দরীম্ (অত্র কৃতান্ত্যমণ্ডনামিতি পাঠান্তরে কৃতং অন্ত্যং প্রেতোচিতং মণ্ডনং যস্যাঃ তামিতি)। অগুরূণি চন্দনানি এধাংসি যস্য তস্মৈ অনলায়াগ্নয়ে বিসসর্জ্জ বিসৃষ্টবান্। ক্রিয়াগ্রহণমপি কর্ত্তব্যমিতি ক্রিয়ামাত্রপ্রয়োগে সম্প্রদানত্বাচ্চতুর্থী ॥ ৭১ ॥

প্রমদামিতি। নৃপতিঃ সন্নপি বিদ্বানপি শুচা শোকেন প্রমদামনু প্রমদয়া সহ সংস্থিতো মৃত ইতি বাচ্যদর্শনাৎ নিন্দাদর্শনাৎ দেব্যা ইন্দুমত্যা সহ

কোশলাধিপতি অজ, প্রিয়তমা ইন্দুমতীর নিমিত্ত এইরূপে সকরুণ বিলাপ করিতে লাগিলেন। তদ্দর্শনে তত্রত্য পাদপসমূহও নির্যাস বা মকরন্দবিন্দু বর্ষণ করিয়া যেন তাঁহার দুঃখে ক্রন্দন করিতে লাগিল ॥ ৭০ ॥

অনন্তর স্বজনবর্গ, সেই দিব্যকুসুম-রূপ অলঙ্কারে অলঙ্কৃতা সর্ব্বাঙ্গসুন্দরী ইন্দুমতীকে বহু কষ্টে অজের ক্রোড়দেশ হইতে অপনীত করিয়া অগুরু-চন্দনানলে নিক্ষেপ করিলেন ॥ ৭১ ॥

তৎকালে মহারাজ অজ, প্রাণধারণে অনিচ্ছুক হইয়া ইন্দুমতীর সহিত ভস্মসাৎ হইবার অভিলাষ করিয়াছিলেন। কিন্তু রাজা বিদ্বান্ হইয়াও

ন চকার শরীরমগ্নিসাৎ
সহ দেব্যা ন তু জীবিতাশয়া ॥ ৭২ ॥
অথ তেন দশাহতঃ পরে
গুণশেষামুপদিশ্য ভামিনীম্।
বিদুষা বিধয়ো মহর্দ্ধয়ঃ
পুরএবোপবনে সমাপিতাঃ ॥ ৭৩ ॥
স বিবেশ পুরীং তয়া বিনা
ক্ষণদাপায়শশাঙ্কদর্শনঃ।

শরীরম্ অগ্নিসাদগ্ন্যধীনং ন চকার। তদধীন বচনে ইতি সাতিপ্রত্যয়ঃ। জীবিতাশয়া প্রাণনেচ্ছয়া তু ন ॥ ৭২ ॥

অথেতি। অথ বিদুষা তেনাজেন গুণাএব শেষা যস্যাস্তাং গুণশেষাং ভামিনীমিন্দুমতীমুপদিশ্যোদ্দিশ্য দশানামহ্নাং সমাহারোদশাহঃ। তদ্ধিতার্থে-ত্যাদিনা সমাসঃ, সমাহারস্যৈকত্বাদেকবচনম্, রাজাহঃ সখিভ্যষ্টজিতি টচ্, রাত্রাহ্নাহাঃ পুংসীতি পুংবৎ, ততস্তসিল্। তস্মাৎ দশাহতঃ পরে কর্ত্তব্যাঃ মহর্দ্ধয়ো মহাসমৃদ্ধয়ো বিধয়ঃ ক্রিয়াঃ পুরঃ পুর্য্যা উপবনে এব সমাপিতাঃ সম্পূর্ণমনুষ্ঠিতাঃ। দশাহত ইত্যত্র বিপ্রঃ শুদ্ধ্যেদ্দশাহেন দ্বাদশাহেন ভূমিপ ইতি বচনবিরোধো নাশঙ্কনীয়ঃ তস্য নির্গুণক্ষত্রিয়বিষয়ত্বাৎ। গুণবৎক্ষত্রিয়স্য দশাহেন শুদ্ধিমাহ পরাশরঃ, "ক্ষত্রিয়স্তু দশাহেন স্বধর্ম্মনিরতঃ শুচি"রিতি। সূচ্যতেঽস্যাপি গুণবত্ত্বং বিদুষেত্যনেন ॥ ৭৩ ॥

সইতি। তয়েন্দুমত্যা বিনা ক্ষণদায়া রাত্রেরপায়েঽপগমে যঃ শশাঙ্কঃ চন্দ্রঃ সইব দৃশ্যতে ইতি কর্ম্মার্থে ল্যুট্। প্রাতঃকালিকচন্দ্র ইব দৃশ্যমানইত্যর্থঃ

শোকাবেগে দয়িতার সহিত দেহ বিসর্জ্জন করিলেন, এই লোকাপবাদ-ভয়ে সহমরণ হইতে নিবৃত্ত রহিলেন ॥ ৭২ ॥

অনন্তর দশ দিবস অতীত হইলে, বিদ্বান্ অজ, গুণমাত্রাবশিষ্ট প্রিয়তমা ইন্দুমতীর উদ্দেশে উপবনমধ্যেই মহাসমারোহে তাঁহার শ্রাদ্ধাদি ঔর্দ্ধ-দৈহিক-ক্রিয়া সম্পাদন করিলেন ॥ ৭৩ ॥

পরে তিনি ইন্দুমতীর বিরহে প্রভাতকালীন শশাঙ্কের ন্যায় ক্ষীণকান্তি হইয়া, পুরাঙ্গনাগণের অশ্রুজলে যেন স্বকীয় শোকের উচ্ছ্বাস দেখিয়া পুরমধ্যে

পরিবাহমিবাবলোকয়ন্
স্বশুচঃ পৌরবধূমুখাশ্রুষু ॥ ৭৪ ॥
অথ তং সবনায় দীক্ষিতঃ
প্রণিধানাদ্গুরুরাশ্রমস্থিতঃ।
অভিষঙ্গজড়ং বিজজ্ঞিবা-
নিতি শিষ্যেণ কিলান্ববোধয়ৎ ॥ ৭৫ ॥
অসমাপ্তবিধির্যতোমুনি-
স্তব বিদ্বানপি তাপকারণম্।

সোঽজঃ পৌরবধূমুখাশ্রুষু স্বশুচঃ স্বশোকস্য পরিবাহং জলোচ্ছ্বাসমিবাবলোকয়ন্। "জলোচ্ছ্বাসাঃ পরীবাহা" ইত্যমরঃ। স্বদুঃখপূরাতিশয়মিব পশ্যন্ পুরীং বিবেশ। বধূগ্রহণাৎ তস্যামিন্দুমত্যাং সখ্যাভিমানাৎ অজসমানদুঃখ-সূচকপরিবাহোক্তির্নির্ব্বহতি ॥ ৭৪ ॥

অথেতি। অথ সবনায় যাগায় দীক্ষিতো গুরুর্ব্বশিষ্ঠঃ আশ্রমে স্বকীয়াশ্রমে স্থিতঃ সন্ তমজমভিষঙ্গজড়ং দুঃখমোহিতং প্রণিধানাৎ চিত্তৈকাগ্র্যাৎ বিজজ্ঞিবান্ জ্ঞাতবান্। ক্বস্বশ্চেতি ক্বসু প্রত্যয়ঃ। ইতি বক্ষ্যমাণপ্রকারেণ-শিষ্যেণ অন্ববোধয়ৎ কিল। বুধের্ণ্যন্তাল্লিচি লঙ্॥ ৭৫ ॥

বশিষ্ঠশিষ্য আহ;—অসমাপ্তেতি। যতোহেতোর্মুনিরসমাপ্তবিধিঃ অসমাপ্তক্রতুঃ ততঃ তব তাপকারণং দুঃখহেতুং কলত্রনাশরূপং বিদ্বান্ জানন্নপি। বিদেঃ শতুর্ব্বসুরিতি বস্বাদেশঃ, ন লোকেত্যাদিনা ষষ্ঠীপ্রতিষেধঃ।

প্রবেশ করিলেন। অর্থাৎ মহারাজ অজ, শোকসন্তপ্ত-হৃদয়ে ও দীন-মনে স্বীয় আবাস-ভবনে প্রবেশ করিলে, পুরস্ত্রীগণের ক্রন্দনরোলে দিগন্ত পরিপূর্ণ হইল ॥ ৭৪ ॥

এদিকে কুলগুরু বশিষ্ঠ আশ্রমে অবস্থান করিয়াই যোগবলে অজকে শোকে অভিভূত জানিয়া, তাঁহাকে উপদেশ দিবার জন্য এক শিষ্য প্রেরণ করিলেন ॥ ৭৫ ॥

বশিষ্ঠ প্রেরিত সেই শিষ্য, রাজভবনে উপস্থিত হইয়া বলিলেন, মুনি আরব্ধযজ্ঞ সমাপন করিতে না পারাতে, আপনার সন্তাপের কারণ অবগত

ন ভবন্তমুপস্থিতঃ স্বয়ং
প্রকৃতৌ স্থাপয়িতুং পথশ্চ্যুতম্‌ ॥ ৭৬ ॥
ময়ি তস্য সুবৃত্ত বর্ত্ততে
লঘুসন্দেশপদা সরস্বতী।
শৃণু বিশ্রুতসত্ত্বসার তাং
হৃদি চৈনামুপধাতুমর্হসি ॥ ৭৭ ॥
পুরুষস্য পদেষ্বজন্মনঃ
সমতীতঞ্চ ভবচ্চ ভাবি চ।
সহি নিষ্প্রতিঘেন চক্ষুষা
ত্রিতয়ং জ্ঞানময়েন পশ্যতি ॥ ৭৮ ॥

পথশ্চ্যুতং স্বভাবাদ্‌ভ্রষ্টং ভবন্তং প্রকৃতৌ স্বভাবে স্থাপয়িতুং সমাশ্বাসয়িতুম্‌ ইত্যর্থঃ স্বয়ং নোপস্থিতঃ নাগতঃ ॥ ৭৬ ॥

ময়ীতি। হে সুবৃত্ত সদাচার! সন্দিশ্যতইতি সন্দেশঃ সন্দেষ্টব্যার্থঃ তস্য পদানি বাচকানি লঘূনি সংক্ষিপ্তানি সন্দেশপদানি যস্যাং সা লঘুসন্দেশ-পদা তস্য মুনেঃ সরস্বতী বাক্‌ ময়ি বর্ত্ততে হে বিশ্রুতসত্ত্বসার! প্রখ্যাত-ধৈর্য্যাতিশয় তাং সরস্বতীং শৃণু এনাং বাচং হৃদি উপধাতুং ধর্ত্তুং চার্হসি ॥৭৭॥

বক্ষ্যমাণার্থানুগুণং মুনেঃ সর্ব্বজ্ঞত্বং তাবদাহ;—পুরুষস্যেতি। অজন্মনঃ পুরুষস্য পুরাণপুরুষস্য ভগবতস্ত্রিবিক্রমস্য পদেষু বিক্রমেষু ত্রিভুবনেষ্বপীত্যর্থঃ সমতীতং ভূতঞ্চ ভবৎ বর্ত্তমানঞ্চ ভাবি ভবিষ্যচ্চেতি ত্রিতয়ং স মুনিঃ নিষ্প্রতিঘেন অপ্রতিবন্ধেন জ্ঞানময়েন চক্ষুষা জ্ঞানদৃষ্ট্যা পশ্যতি হি অত-স্তদুক্তিষু ন সংশয়িতব্যমিত্যর্থঃ ॥ ৭৮ ॥

হইয়াও আপনাকে প্রকৃতিস্থ করিবার নিমিত্ত স্বয়ং উপস্থিত হইতে পারি-লেন না ॥ ৭৬ ॥

হে সুশীল! আমি তাঁহার সংক্ষিপ্ত উপদেশ বাক্য বহন করিয়া আপনার নিকট আসিয়াছি। হে ধীরাগ্রগণ্য! আপনি সেই উপদেশ বাক্যগুলি শ্রবণ এবং হৃদয়েও স্থান প্রদান করুন ॥ ৭৭ ॥

সেই মহর্ষি, জ্ঞান-চক্ষু দ্বারা অনাদি-পুরুষ ত্রিবিক্রমের (বিষ্ণুর) বিক্রমস্থান

চরতঃ কিল দুশ্চরং তপ-
স্তৃণবিন্দোঃ পরিশঙ্কিতঃ পুরা।
প্রজিঘায় সমাধিভেদিনীং
হরিরস্মৈ হরিণীং সুরাঙ্গনাম্ ॥ ৭৯ ॥
স তপঃপ্রতিবন্ধমন্যুনা
প্রমুখাবিষ্কৃতচারুবিভ্রমাম্।
অশপদ্ভব মানুষীতি তাং
শমবেলাপ্রলয়োর্ম্মিণা ভুবি ॥ ৮০ ॥

চরতইতি। পুরা কিল দুশ্চরং তীব্রং তপশ্চরতঃ তৃণবিন্দোস্তৃণবিন্দু-নামকাৎ কস্মাচ্চিদৃষেঃ পরিশঙ্কিতঃ ভীতঃ। কর্ত্তরি ক্তঃ। ভীত্রার্থানাং ভয়-হেতুরিত্যপাদানাৎ পঞ্চমী। হরিরিন্দ্রঃ সমাধিভেদিনীং তপোবিঘাতিনীং হরিণীং নাম সুরাঙ্গনাম্ অস্মৈ তৃণবিন্দবে প্রজিঘায় প্রেরিতবান্ ॥ ৭৯ ॥

সইতি। স মুনিঃ শমঃ শান্তিরেব বেলা মর্য্যাদা তস্যাঃ প্রলয়োর্ম্মিণা প্রলয়কালতরঙ্গেণ শমবিঘাতকেনেত্যর্থঃ। "অব্ধ্যম্বু বিকৃতৌ বেলা কাল-মর্য্যাদয়োরপি" ইত্যমরঃ। তপসঃ প্রতিবন্ধেন বিঘ্নেন যো মন্যুঃ ক্রোধস্তেন হেতুনা প্রমুখে অগ্রে আবিষ্কৃতচারুবিভ্রমাং প্রকাশিতমনোহরবিলাসাস্তাং হরিণীং ভুবি ভূলোকে মানুষী মনুষ্যস্ত্রী ভবেত্যশপৎ ॥ ৮০ ॥

এই ত্রিলোকমধ্যে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই ত্রিবিধ বিষয়ই অব্যাহত-রূপে অবলোকন করিতেছেন ॥ ৭৮ ॥

পূর্ব্বে দেবরাজ ইন্দ্র, তৃণবিন্দু নামক কোন এক ঋষির অতি কঠোর তপশ্চরণে ভীত হইয়া, তাঁহার ধ্যান ভঙ্গ করিবার নিমিত্ত হরিণী নামক এক অপ্সরাকে প্রেরণ করেন ॥ ৭৯ ॥

সেই হরিণী মহর্ষি সমক্ষে উপস্থিত হইয়া অঙ্গভঙ্গী প্রভৃতি লীলাজাল বিস্তার পূর্ব্বক তপস্যার বিঘ্ন জন্মাইতে লাগিল; তখন মহর্ষি তৃণবিন্দু তপস্যার বিঘ্নজনিত শান্তি-বিলোপকারী ক্রোধে একান্ত অধীর হইয়া "তুমি মর্ত্ত্য-লোকে মানবী হইয়া থাক" এই অভিসম্পাত হরিণীকে প্রদান করিলেন ॥৮০॥

ভগবন্ পরবানয়ং জনঃ
প্রতিকূলাচরিতং ক্ষমস্ব মে ।
ইতি চোপনতাং ক্ষিতিস্পৃশং
কৃতবানাসুরপুষ্পদর্শনাৎ ॥ ৮১ ॥

ক্রথকৈশিকবংশসম্ভবা
তব ভূত্বা মহিষী চিরায় সা ।
উপলব্ধবতী দিবশ্চ্যুতং
বিবশা শাপনিবৃত্তিকারণম্ ॥ ৮২ ॥

ভগবন্নিতি। হে ভগবন্ মহর্ষে! অয়ং জনঃ পরোঽস্যাস্তীতি স্বামিত্বেন পরবান্ পরাধীনঃ। অয়মিতি আত্মনির্দ্দেশঃ অহং পরাধীনেত্যর্থঃ। মে মম প্রতিকূলাচরিতমপরাধং ক্ষমস্ব ইতি অনেন প্রকারেণোপনতাং শরণাগতাং চ হরিণীম্ আ সুরপুষ্পদর্শনাৎ সুরপুষ্পদর্শনপর্য্যন্তং ক্ষিতিং স্পৃশতীতি ক্ষিতিস্পৃক্ তাং ক্ষিতিস্পৃশং মানুষীং কৃতবান্ দিব্যপুষ্পদর্শনং শাপাবধিরিত্যনুগৃহীতয়ানিত্যর্থঃ ॥ ৮১ ॥

ক্রথেতি। ক্রথকৈশিকানাং রাজ্ঞাং বংশে সম্ভবোযস্যাঃ সা হরিণী তব মহিষী অভিষিক্তা স্ত্রী। "কৃতাভিষেকা মহিষী"ত্যমরঃ। ভূত্বা চিরায় দিবঃ স্বর্গাৎ চ্যুতং শাপনিবৃত্তিকারণং সুরপুষ্পরূপম্ উপলব্ধবতী বিবশা অভূদিতি শেষঃ মৃতেত্যর্থঃ ॥ ৮২ ॥

অনন্তর সেই শাপভীতা হরিণী, তাঁহার শরণাপন্ন হইয়া কহিল, হে ভগবন্! আমি পরাধীনা ; সুতরাং আপনি আমার এইরূপ প্রতিকূল আচরণে ক্ষমা প্রদর্শন করুন। মহর্ষি তখন তাহার অনুনয়ে প্রীত হইয়া কহিলেন, "হে সুরাঙ্গনে! তুমি দিব্য কুসুম দর্শন করিবামাত্র মানবীরূপ পরিত্যাগ করিয়া দেবলোক প্রাপ্ত হইবে" ; সুতরাং এইরূপে তাহার ক্ষিতিতলে সুরপুষ্প দর্শন পর্য্যন্ত অবস্থান নিরূপিত হইয়াছিল ॥ ৮১ ॥

সেই হরিণী ক্রথকৈশিক বংশে (ভোজবংশে) জন্মগ্রহণ করিয়া আপনার মহিষী হইয়াছিলেন ; এক্ষণে বহুদিন পরে শাপমোচনের কারণ-স্বরূপ স্বর্গচ্যুত পুষ্প দর্শন করিয়া, তিনি দেহ পরিত্যাগ করিয়াছেন ॥ ৮২ ॥

তদলং তদপায়চিন্তয়া
বিপদুৎপত্তিমতামুপস্থিতা।
বসুধেয়মবেক্ষ্যতাং ত্বয়া
বসুমত্যা হি নৃপাঃ কলত্রিণঃ ॥ ৮৩ ॥
উদয়ে মদবাচ্যমুজ্ঝতা
শ্রুতমাবিষ্কৃতমাত্মবৎ ত্বয়া।

তদিতি। তত্তস্মাৎ তস্যাঃ অপায়চিন্তয়ালং তস্যা মরণং ন চিন্ত্যমিত্যর্থঃ। নিষেধক্রিয়াং প্রতি করণত্বাৎ চিন্তয়েতি তৃতীয়া। কুতো ন চিন্ত্যমতআহ উৎপত্তিমতাং জন্মবতাং বিপদ্বিপত্তিরুপস্থিতা সিদ্ধা জাতস্য হি ধ্রুবোমৃত্যুরিত্যর্থঃ। তথাপি কলত্ররহিতস্য কিং জীবিতেন তত্রাহ ত্বয়া ইয়ং বসুধা ভূমিরবেক্ষ্যতাং পাল্যতাং হি যস্মাৎ নৃপাঃ বসুমত্যা পৃথিব্যা কলত্রিণঃ কলত্রবন্তঃ অতো ন শোচিতব্যমিত্যর্থঃ ॥ ৮৩ ॥

অতএব তাহার মৃত্যুর জন্য চিন্তিত হওয়া নিষ্ফল; জন্মগ্রহণ করিলেই মরণ হইবে, ইহা নিশ্চয়। মহীপালগণ বসুমতী দ্বারাই কলত্রবান্ হইয়া থাকেন; অতএব আপনি সেই বসুন্ধরাকেই প্রতিপালন করুন। অর্থাৎ রাজন্! শোকে এরূপ অভিভূত হওয়া আপনার ন্যায় জ্ঞানী ব্যক্তির উচিত হইতেছে না; প্রিয়বিয়োগ ও অপ্রিয় সংযোগ শোকের কারণ, সন্দেহ নাই; কিন্তু তাহা বলিয়া ভবাদৃশ মহানুভবদিগের একমাত্র শোক-মোহে অভিভূত হওয়া কোনক্রমেই বিধেয় নহে; সাধারণ লোকেই শোকে বিচেতন হইয়া থাকে। অতএব আপনি ধৈর্য্য অবলম্বন পূর্ব্বক রাজকার্য্যে মনোনিবেশ করুন। বিশেষতঃ আপনি বিজ্ঞ, সকলই বুঝিতে পারেন, যাহা বিধিনির্ব্বন্ধ ছিল, তাহাই ঘটিয়াছে; তাহা না হইলে, অকারণে অথবা সামান্য কারণে যে মৃত্যু ঘটিবে, তাহা কে বলিতে পারে। প্রণিধানপূর্ব্বক বিবেচনা করিয়া দেখুন, সংসারে কিছুই চিরদিনের জন্য নহে; বৃদ্ধি হইলে ক্ষয় আছে, উন্নতি হইলেই পতন হয়, সংযোগ হইলেই বিয়োগ ঘটে, জীবন হইলেই মৃত্যু ঘটিয়া থাকে; এই অবশ্যম্ভাবী সাংসারিক নিয়ম অপরিবর্ত্তনীয়; এই নিয়মের অন্যথাভাব কোন কালেও পরিলক্ষিত হয় না। এই সকল পর্য্যালোচনা করিয়া আপনার শোক সংবরণ করা উচিত ॥ ৮৩ ॥

মনসস্তদুপস্থিতে জ্বরে
পুনরক্লীবতয়া প্রকাশ্যতাম্ ॥ ৮৪ ॥
রুদতা কুতএব সা পুন-
র্ভবতা নানুমৃতাপি লভ্যতে।

উদয়ইতি। উদয়েঽভ্যুদয়ে সতি মদেন যদ্বাচ্যং নিন্দা তদুজ্ঝতা পরিহরতা সত্যপি মদহেতাবমাদ্যতা ত্বয়া যৎ আত্মবৎ অধ্যাত্ম-প্রচুরং শ্রুতং শাস্ত্রং তজ্জনিতং জ্ঞানমিতি যাবৎ আবিষ্কৃতং প্রকাশিতং তৎ শ্রুতং মনসোজ্বরে সন্তাপে উপস্থিতে প্রাপ্তে অক্লীবতয়া ধৈর্য্যেণ লিঙ্গেন পুনঃ প্রকাশ্যতাং বিদুষা সর্ব্বাস্ববস্থাস্বপি ধীরেণ ভবিতব্যমিত্যর্থঃ ॥ ৮৪ ॥

ইতোঽপি ন রোদিতব্যমিত্যাহ ;—রুদতেতি। রুদতা ভবতা সা কুতএব লভ্যতে ন লভ্যতএব অনুম্রিয়ত ইত্যনুমৃৎ ক্বিপ্ তেন অনুমৃতা অনুমৃত-

---

আপনি অভ্যুদয় কালে প্রমত্ত না হইয়া, অবিকৃত মনস্বিতা প্রদর্শন পূর্ব্বক বহুল শাস্ত্রজ্ঞানের পরিচয় প্রদান করিয়াছেন; এক্ষণে এই মানসিক-সন্তাপ-কালে ধৈর্য্য অবলম্বন করিয়া পুনর্ব্বার সেই মহানুভাবকতা প্রকাশ করুন। অর্থাৎ আপনি রাজসিংহাসনে প্রতিষ্ঠিত হইয়া, রাজ্যের উন্নতি বিষয়ে কৃতসঙ্কল্প ও সসাগরা সদ্বীপা পৃথিবীর অদ্বিতীয় অধীশ্বর হইয়া এই অখণ্ড ভূমণ্ডলে যেরূপ একাধিপত্য বিস্তার করিয়াছেন, পূর্ব্ববর্ত্তী কোনও মহীপতি সেরূপ করিতে পারেন নাই; সুতরাং ঈদৃশ অবস্থায় গর্ব্বের কারণ সত্ত্বেও যখন আপনি অবিচলিত-চিত্তে প্রজারঞ্জন করিয়াছেন, তাহা অদৃষ্টচর ও অশ্রুতপূর্ব্ব। এক্ষণে আপনি শোকে একান্ত অভিভূত হইলে, রাজকার্য্যে মনোনিবেশ করিতে পারিবেন না; সুতরাং প্রজাপালন কার্য্যে উপেক্ষা প্রদর্শন করিলে, রাজধর্ম্ম প্রতিপালন হয় না। অতএব এক্ষণে শোক ও মনস্তাপ সংবরণ পূর্ব্বক চিত্তের স্থৈর্য্য সম্পাদন করিয়া, পুনর্ব্বার সেই অপ্রমেয় ধীরতার পরিচয় প্রদান করুন। অতীত বিষয়ের অনুশোচনায় কাল হরণ করা কোন ক্রমেই সদ্বিবেচনার কর্ম্ম নহে ॥ ৮৪ ॥

আপনি শোকাকুল হইয়া কি করিবেন? এক্ষণে অনুমৃত হইলেও মহিষীকে পুনর্ব্বার লাভ করিতে পারিবেন না। কারণ জীবসকল লোকান্তর প্রাপ্ত হইলে, স্ব স্ব কর্ম্মফলে ভিন্ন ভিন্ন গতি-লাভ করিয়া থাকে। অর্থাৎ মহা-

পরলোকজুষাং স্বকর্ম্মভি-
র্গতয়োভিন্নপথা হি দেহিনাম্ ॥ ৮৫ ॥
অপশোকমনাঃ কুটুম্বিনী-
মনুগৃহ্লীষ্ব নিবাপদত্তিভিঃ।
স্বজনাশ্রু কিলাতিসন্ততং
দহতি প্রেতমিতি প্রচক্ষতে ॥ ৮৬ ॥

বতাপি ভবতা পুনঃ ন লভ্যতে। কথং ন লভ্যতে ইত্যাহ পরলোকজুষাং লোকান্তরভাজাং দেহিনাং গম্যন্তইতি গতয়োগম্যস্থানানি স্বকর্ম্মভিঃ পূর্ব্বা-চরিতপুণ্যপাপৈঃ ভিন্নপথাঃ পৃথক্‌কৃতমার্গাঃ হি। পরত্রাপি স্বস্বধর্ম্মানুরূপ-ফলভোগায় ভিন্নদেহগমনান্ন মৃতেনাপি লভ্যতইত্যর্থঃ ॥ ৮৫ ॥

অপেতি। কিন্তু অপশোকমনাঃ নির্দুঃখচিত্তঃ সন্ কুটুম্বিনীং পত্নীং নিবাপদত্তিভিঃ পিণ্ডোদকাদিদানৈঃ অনুগৃহ্লীষ্ব তর্পয়েত্যর্থঃ অন্যথা দোষ-মাহ অতিসন্ততমবিচ্ছিন্নং স্বজনানাং বন্ধূনাম্। "বন্ধুস্বস্বজনাঃ সমা" ইত্য-মরঃ। অশ্রু কর্ত্তৃ প্রেতং মৃতং দহতীতি প্রচক্ষতে কিল। অত্র যাজ্ঞবল্ক্যঃ

রাজ! আপনি যদি রাজমহিষীর বিরহে তাঁহাকে পুনর্ব্বার লাভ করিবার জন্য এখন দেহও পরিত্যাগ করেন, তথাপিও তাঁহাকে পাইতে পারিবেন না; কারণ পরলোকে স্বকর্ম্মানুরূপ ফলভোগ করিতে হয় বলিয়া, ভিন্ন ভিন্ন দেহ প্রাপ্তি হইয়া থাকে। সুতরাং আপনি বা রাজমহিষী পুনর্ব্বার মনুষ্যরূপেই জন্ম গ্রহণ করিবেন, কি দেবযোনি প্রাপ্ত হইবেন, তাহার স্থিরতা কি ॥ ৮৫ ॥

আপনি শোক পরিত্যাগ পূর্ব্বক জলপিণ্ডাদি প্রদান দ্বারা পত্নীর প্রতি অনুগ্রহ প্রকাশ করুন; পণ্ডিতগণ বলিয়া থাকেন, স্বজনগণের অজস্র অশ্রু-ধারা লোকান্তরিত ব্যক্তিকে দগ্ধ করে। অর্থাৎ যাজ্ঞবল্ক্য বলেন,—বন্ধুগণ প্রিয় ব্যক্তির বিয়োগে শোকসন্তপ্ত-হৃদয়ে যে শ্লেষ্মা ও অশ্রু বিসর্জ্জন করে, অবশ (ইন্দ্রিয়াদিরহিত) প্রেত ব্যক্তি সেই শ্লেষ্মাদি ভক্ষণ করিয়া থাকে; এজন্য রোদন না করিয়া যথোচিত ঔর্দ্ধদৈহিক ক্রিয়াদি করা কর্ত্তব্য। সুতরাং সামান্য লোকের ন্যায় শোক প্রকাশ করা আপনার ন্যায় বিজ্ঞ ব্যক্তির কদাচও কর্ত্তব্য নহে। প্রিয় বস্তুর বিয়োগ বা অপ্রিয় সংযোগ শোকের কারণ হইলেও, পণ্ডিত ব্যক্তিগণ শাস্ত্র-প্রবৃদ্ধ জ্ঞান বলে উচ্ছ্বসিত শোক প্রশমিত করিয়া,

মরণং প্রকৃতিঃ শরীরিণাং
বিকৃতির্জ্জীবিতমুচ্যতে বুধৈঃ।
ক্ষণমপ্যবতিষ্ঠতে শ্বসন্
যদি জন্তুর্ননু লাভবানসৌ ॥ ৮৭ ॥
অবগচ্ছতি মূঢ়চেতনঃ
প্রিয়নাশং হৃদি শল্যমর্পিতম্।

"শ্লেষ্মাশ্রু বন্ধুভির্মুক্তং প্রেতোভুঙ্‌ক্তে যতোঽবশঃ। অতো ন রোদিতব্যং হি ক্রিয়াঃ কার্য্যাঃ স্বশক্তিত" ইতি ॥ ৮৬ ॥

মরণমিতি। শরীরিণাং মরণং প্রকৃতিঃ স্বভাবঃ ধ্রুবমিত্যর্থঃ, জীবিতং বিকৃতির্যাদৃচ্ছিকং বুধৈরুচ্যতে এবং স্থিতে জন্তুঃ প্রাণী ক্ষণমপি। অত্যন্ত-সংযোগে দ্বিতীয়া। শ্বসন্ জীবন্ অবতিষ্ঠতে যদি অসৌ ক্ষণজীবী লাভবান্ ননু। জীবনে যথালাভং সন্তোষ্টব্যম্ অলভ্যলাভাৎ, মরণে তু ন শোচিতব্যম্ অস্য স্বাভাব্যাদিতি ভাবঃ ॥ ৮৭ ॥

অবেতি। মূঢ়চেতনোভ্রান্তবুদ্ধিঃ প্রিয়নাশমিষ্টনাশং হৃদি অর্পিতং নিখাতং

বিষয়ান্তরে মনোনিবেশ করিয়া থাকেন, তাহা না হইলে মূর্খ ও পণ্ডিতের ইতর বিশেষ কি ? ॥ ৮৬ ॥

পণ্ডিতগণ বলিয়া থাকেন, প্রাণিগণের মরণ প্রকৃতি এবং জীবনই বিকৃতি; অতএব জীব যদি জীবিতাবস্থায় ক্ষণকালও অবস্থান করে, তাহাই তাহার পরম লাভ। অর্থাৎ মহারাজ! আরও দেখুন, আজই হউক বা শত বর্ষান্তেই হউক প্রাণীর মৃত্যু অবশ্যম্ভাবী; সুতরাং ইহাই প্রাকৃতিক নিয়ম। প্রণিধান পূর্ব্বক দেখিলে ইহা প্রতিপন্ন হইবে যে, মিলিত পঞ্চভূত হইতে জীবের সৃষ্টি; সুতরাং ঐ যৌগিক অবস্থা, পঞ্চভূতের বিকৃত অবস্থা, ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে; তাহা হইলে প্রাণী পঞ্চত্ব প্রাপ্ত হইলে অর্থাৎ ভূমির সহিত ভূমি, জলের সহিত জল, তেজের সহিত তেজ, বায়ুর সহিত বায়ু এবং আকাশের সহিত আকাশ মিশ্রিত হইলে, স্বাভাবিক অবস্থাই তাহারা প্রাপ্ত হইল; সুতরাং ইহাতে আর দুঃখের কারণ কি আছে? পক্ষান্তরে জীবিতাবস্থায় অলভ্য লাভবশতঃ সন্তুষ্ট থাকাই মানবের উচিত ॥ ৮৭ ॥

মূঢ় ব্যক্তিগণই প্রিয়জনের বিয়োগকে হৃদয়-নিহিত শল্য-স্বরূপ মনে করিয়া

স্থিরধীস্তু তদেব মন্যতে
কুশলদ্বারতয়া সমুদ্ধৃতম্ ॥ ৮৮ ॥
স্বশরীরশরীরিণাবপি
শ্রুতসংযোগবিপর্য্যয়ৌ যদা।
বিরহঃ কিমিবানুতাপয়েৎ
বদ বাহ্যৈর্ব্বিষয়ৈর্ব্বিপশ্চিতম্ ॥ ৮৯ ॥

শল্যং শঙ্কুমবগচ্ছতি মন্যতে স্থিরধীর্বিদ্বাংস্তু তদেব শল্যং সমুদ্ধৃতমুৎখাতং মন্যতে প্রিয়নাশে সতীতি শেষঃ, কুতঃ কুশলদ্বারতয়া প্রিয়নাশস্য মোক্ষোপায়তয়েত্যর্থঃ। বিষয়লাভবিনাশয়োর্যথাক্রমং হিতাহিতসাধনত্বাভিমানঃ পামরাণাং বিপরীতস্তু বিপশ্চিতামিতি ভাবঃ ॥ ৮৮ ॥

স্বেতি। স্বস্য শরীর-শরীরিণৌ দেহাত্মানাবপি যদা যতঃ শ্রুতৌ শ্রুত্যবগতৌ সংযোগবিপর্য্যয়ৌ সংযোগবিয়োগৌ যয়ো স্তৌ তথোক্তৌ তদা বাহ্যৈর্বিষয়ৈঃ পুত্রকলত্রাদিভির্বিরহোবিপশ্চিতং বিদ্বাংসং কিমিবানুতাপয়েদ্ ত্বং বদ ন কিঞ্চিদিত্যর্থঃ। অথবা স্বশব্দস্য শরীরেণৈব সম্বন্ধঃ ॥ ৮৯ ॥

থাকে; কিন্তু স্থিরচিত্ত বুদ্ধিমান্ ব্যক্তিগণ, প্রিয়-বিনাশ মঙ্গলের দ্বার বোধে (মোক্ষের উপায় বোধে) হৃদয়-নিহিত শল্যের উদ্ধার জ্ঞান করিয়া থাকেন। অর্থাৎ প্রিয়জনের মরণে মোক্ষলাভের প্রতিবন্ধক অপনীত হইল, এই ভাবিয়া প্রকৃত জ্ঞানিগণ হৃষ্টচিত্ত হইয়া থাকেন। দেখুন প্রিয় ব্যক্তির জন্য মনুষ্য, কি না দুষ্কর্ম্ম করিতে বাধ্য হয় ॥ ৮৮ ॥

যখন স্বীয় দেহের সহিত আত্মার সংযোগ ও বিয়োগ ঘটিতেছে, প্রত্যক্ষ করিতেছেন, তখন বলুন দেখি, পুত্র কলত্রাদি বাহ্য বিষয়ের বিচ্ছেদ কি পণ্ডিত ব্যক্তিদিগকে সন্তাপিত করিতে সমর্থ হয়? অর্থাৎ সংযোগ হইলেই বিয়োগ ঘটে, জন্ম হইলেই মরণ হইয়া থাকে, ইহা সার্ব্বকালিক নিয়ম; এই নিয়মের পরিবর্ত্তন কোনকালেও সম্ভাবিত নহে; বিশেষতঃ স্বীয় স্বীয় শরীরের সহিত আত্মার বিচ্ছেদ ঘটিতেছে, ইহা নিশ্চয় জানিয়াও যখন লোক বিচলিত হইতেছে না, তখন অপরের বিয়োগ দর্শন করিয়া তাহার নিমিত্ত বিচলিত হওয়া বুদ্ধিমানের কখনই কর্ত্তব্য নহে ॥ ৮৯ ॥

न পৃথগ্‌জনবচ্ছুচোবশং
বশিনামুত্তম গন্তুমর্হসি ।
দ্রুমসানুমতাং কিমন্তরং
যদি বায়ৌ দ্বিতয়েঽপি তে চলাঃ ॥ ৯০ ॥
স তথেতি বিনেতুরুদারমতেঃ
প্রতিগৃহ্য বচো বিসসর্জ্জ মুনিম্ ।
তদলব্ধপদং হৃদি শোকঘনে
প্রতিযাতমিবান্তিকমস্য গুরোঃ ॥ ৯১ ॥

নেতি। হে বশিনামুত্তম ! জিতেন্দ্রিয়বর্য্য ! পৃথগ্‌জনবৎ (প্রাকৃতজনবৎ) শুচঃ শোকস্য বশং গন্তুং নার্হসি। তথাহি দ্রুমসানুমতাং তরুশিখরিণাং কিমন্তরং কো বিশেষঃ বায়ৌ সতি দ্বিতয়েঽপি দ্বিপ্রকারা অপি। প্রথমচরমেত্যাদিনা জসি বিভাষয়া সর্ব্বনামসংজ্ঞা। তে দ্রুমসানুমন্তশ্চলা যদি সানুমতামপি চলনে দ্রুমবত্তেষামপি অচলসংজ্ঞা ন স্যাদিত্যর্থঃ ॥ ৯০ ॥

সইতি। সোঽজঃ উদারমতের্বিনেতুর্গুরোঃ বশিষ্ঠস্য বচঃ তচ্ছিষ্যমুখেরিতং তথেতি প্রতিগৃহ্যাঙ্গীকৃত্য মুনিং বশিষ্ঠশিষ্যং বিসসর্জ্জ প্রেষয়ামাস। কিন্তু তদ্বচঃ শোকঘনে দুঃখসান্দ্রেঽস্যাজস্য হৃদি অলব্ধপদমপ্রাপ্তাবকাশং

হে ধীরাগ্রগণ্য ! সামান্য লোকের ন্যায় শোকপরবশ হওয়া, আপনার উপযুক্ত কার্য্য হইতেছে না ; বায়ুবেগে বৃক্ষ ও পর্ব্বত উভয়ই যদি বিচলিত হয়, তাহা হইলে, বৃক্ষ ও পর্ব্বতের পার্থক্য কি ? মহীধরের অচল নামেরই তাৎপর্য্য থাকে না ॥ ৯০ ॥

রাজা অজ, এইরূপে উদারমতি কুলগুরু বশিষ্ঠের বাক্য যথাজ্ঞা বলিয়া গ্রহণপূর্ব্বক তাঁহার শিষ্যকে বিদায় দিলেন ; কিন্তু তাঁহার সেই শোক-ঘনীভূত-হৃদয়ে ঋষি-বাক্য স্থান প্রাপ্ত না হইয়া, যেন গুরুর নিকটেই পুনর্ব্বার প্রতিগমন করিল। অর্থাৎ মহর্ষি বশিষ্ঠ-শিষ্য, উপদেশ প্রদানপূর্ব্বক চলিয়া গেলে, মহারাজ অজ পুনর্ব্বার শোকে আকুলিত হইলেন ; সুতরাং মহর্ষির উপদেশ, তাঁহার শোকসন্তাপ অপনয়ন করিতে পারিল না ; মহারাজ যে গুরুর উপদেশ গ্রহণ করিলেন না, এরূপ নহে ; উপদেশ বাক্যই যেন,

তেনাষ্টৌ পরিগমিতাঃ সমাঃ কথঞ্চিৎ
বালত্বাদবিতথসূনৃতেন সূনোঃ।
সাদৃশ্যপ্রতিকৃতিদর্শনৈঃ প্রিয়ায়াঃ
স্বপ্নেষু ক্ষণিকসমাগমোৎসবৈশ্চ ॥ ৯২ ॥
তস্য প্রসহ্য হৃদয়ং কিল শোকশঙ্কুঃ
প্লক্ষপ্ররোহইব সৌধতলং বিভেদ।

সদ্গুরোর্ব্বশিষ্ঠস্যান্তিকং প্রতিযাতমিব প্রতিনিবৃত্তং কিমু ইত্যুৎপ্রেক্ষা। তোটকবৃত্তমেতৎ। ইহ তোটকমম্বুধিসৈঃ প্রথিতমিতি তল্লক্ষণম্॥ ৯১॥

তেনেতি। অবিতথং যথার্থং সূনৃতং প্রিয়বচনং যস্য তেনাজেন সূনোঃ পুত্রস্য বালত্বাদ্রাজ্যাক্ষমত্বাদিত্যর্থঃ প্রিয়ায়াঃ ইন্দুমত্যাঃ সাদৃশ্যং বস্ত্বন্তরগতমাকারসাম্যং প্রতিকৃতিশ্চিত্রং তয়োর্দ্দর্শনৈঃ স্বপ্নেষু ক্ষণিকাঃ ক্ষণভঙ্গুরাঃ যে সমাগমোৎসবাঃ তৈশ্চ কথঞ্চিৎ কৃচ্ছ্রেণ অষ্টৌ সমাঃ বৎসরাঃ। "সংবৎসরো বৎসরোঽব্দো হায়নোঽস্ত্রী শরৎ সমা" ইত্যমরঃ। পরিগমিতাঃ অতিবাহিতাঃ। উক্তঞ্চ "বিয়োগাবস্থাসু প্রিয়জনসদৃক্ষানুভবনং ততশ্চিত্রং কর্ম্ম স্বপনসময়ে দর্শনমপি। তদঙ্গস্পৃষ্টানামুপগতবতাং স্পর্শনমপি প্রতীকারঃ কামব্যথিতমনসাং কোঽপি কথিত" ইতি। প্রকৃতে সাদৃশ্যাদিত্রিতয়াভিধানং তদঙ্গস্পৃষ্টপদার্থস্পৃষ্টেরপ্যুপলক্ষণম্। প্রহর্ষিণী বৃত্তমেতৎ॥ ৯২॥

তস্যেতি। শোকএব শঙ্কুঃ কীলঃ। "শঙ্কুঃ কীলে শিবে চে"তি বিশ্বঃ।

তাঁহার শোকপূর্ণ-হৃদয়ে প্রবেশ লাভ করিতে না পারিয়া যাঁহার বাক্য, তাঁহারই নিকটে চলিয়া গেল॥ ৯১॥

সত্য ও প্রিয়বাদী অজ, পুত্রের বাল্যদশার জন্য প্রিয়তমার সাদৃশ্য ও প্রতিকৃতি দর্শনে এবং স্বপ্নাবস্থায় তৎসহ ক্ষণ-সহবাস সুখের আস্বাদনে অতি ক্লেশের সহিত আট বৎসর অতিবাহিত করিলেন। অর্থাৎ মহারাজ অজ, আত্মজ দশরথের বয়সের অল্পতাপ্রযুক্ত রাজ্যভার বহনে অসমর্থ দেখিয়া অতি ক্লিষ্ট-মনে রাজকার্য্য-পর্য্যালোচনা পূর্ব্বক আট বৎসর অতিবাহিত করিলেন॥ ৯২॥

অনন্তর প্লক্ষ (পাকুড়) প্ররোহ যেমন সৌধতল ভেদ করিয়া থাকে'

প্রাণান্তহেতুমপি তং ভিষজামসাধ্যং
লাভং প্রিয়ানুগমনে ত্বরয়া স মেনে ॥ ৯৩ ॥
সম্যগ্বিনীতমথ বর্ম্মহরং কুমার-
মাদিশ্য রক্ষণবিধৌ বিধিবৎ প্রজানাম্।
রোগোপসৃষ্টতনুদুর্ব্বসতিং মুমুক্ষুঃ
প্রায়োপবেশনমতির্নৃপতির্ব্বভূব ॥ ৯৪ ॥

তস্যাজস্য হৃদয়ং প্লক্ষপ্ররোহঃ সৌধতলমিব প্রসহ্য বলাৎ কিল বিভেদ। সোঽজঃ প্রাণান্তহেতুং মরণকারণমপি ভিষজামসাধ্যমপ্রতিসমাধেয়ং তং শোকশঙ্কুং রোগপর্য্যবসিতং প্রিয়ায়া অনুগমনে ত্বরয়োৎকণ্ঠয়া লাভং মেনে তদ্বিরহস্যাতিদুঃসহত্বাৎ তৎপ্রাপ্তিকারণং মরণমেব বরমিত্যমন্যতেত্যর্থঃ ॥৯৩॥

সম্যগিতি। অথ নৃপতিরজঃ সম্যগ্বিনীতং নিসর্গসংস্কারাভ্যাং বিনয়-বন্তং বর্ম্ম হরতীতি বর্ম্মহরঃ কবচধারণার্হবয়স্কঃ। বয়সি চেত্যচ্প্রত্যয়ঃ। তং কুমারং দশরথং প্রজানাং রক্ষণবিধৌ রাজ্যে বিধিবদ্বিধ্যর্হং যথাশাস্ত্রমিত্যর্থঃ। তদর্হমিতি বতিপ্রত্যয়ঃ। আদিশ্য নিযুজ্য রোগেণোপসৃষ্টায়া ব্যাপ্তায়াস্তনোঃ শরীরস্য দুর্ব্বসতিং দুঃখাবস্থিতিং মুমুক্ষুঃ জিহাসুঃ সন্ প্রায়োপবেশনেঽনশনা-বস্থানে মতির্যস্য স বভূব। "প্রায়শ্চানশনে মৃত্যৌ তুল্যবাহুল্যয়োরপি" ইতি বিশ্বঃ। অত্র পুরাণবচনং "সমাসক্তোভবেদ্যস্তু পাতকৈর্ম্মহদাদিভিঃ। দুশ্চি-কিৎস্যৈর্ম্মহারোগৈঃ পীড়িতোবা ভবেত্তু যঃ। স্বয়ং দেহবিনাশস্য কালে প্রাপ্তে মহামতিঃ। আব্রাহ্মণং বা স্বর্গাদিমহাফলজিগীষয়া। প্রবিশেজ্জ্বলনং দীপ্তং কুর্য্যাদনশনং তথা। এতেষামধিকারোঽস্তি নান্যেষাং সর্ব্বজন্তুষু। নরাণামথ নারীণাং সর্ব্ববর্ণেষু সর্ব্বদা" ইতি। অনয়োর্ব্বসন্ততিলকাচ্ছন্দঃ তল্লক্ষণম্ উক্তা বসন্ততিলকা তভজাজগৌ গ ইতি ॥ ৯৪ ॥

তদ্রূপ সেই শোকশঙ্কু (শোকরূপ শেল) বলপূর্ব্বক তাঁহার হৃদয় বিদীর্ণ করিল। সেই শোকশঙ্কু চিকিৎসকগণের অসাধ্য এবং প্রাণনাশের কারণ হইলেও প্রিয়তমার অনুগমন-বিষয়ে আশু-কার্য্যকারী বলিয়া, তিনি হৃদয়ে সেই বিদ্ধ-শেলকে উপকারী বলিয়াই মনে করিতে লাগিলেন ॥ ৯৩ ॥

অনন্তর রাজা অজ, পুত্রকে সম্যক্ বিনীত ও বর্ম্মধারণক্ষম দেখিয়া, তাঁহার হস্তে যথাবিধি রাজ্যভার সমর্পণ করিলেন এবং রুগ্ন শরীর ধারণের

তীর্থে তোয়ব্যতিকরভবে জহ্নুকন্যাসরয্বো-
র্দ্দেহত্যাগাদমরগণনালেখ্যমাসাদ্য সদ্যঃ।
পূর্ব্বাকারাধিকতররুচা সঙ্গতঃ কান্তয়াসৌ
লীলাগারেষ্বরমত পুনর্নন্দনাভ্যন্তরেষু ॥ ৯৫ ॥

ইতি শ্রীরঘুবংশে মহাকাব্যে কালিদাসকৃতৌ
অজবিলাপোনাম অষ্টমঃ সর্গঃ।

তীর্থ ইতি। অসাবজো জহ্নুকন্যাসরয্বো স্তোয়ানাং জলানাং ব্যতিকরেণ সম্ভেদেন ভবে তীর্থে গঙ্গাসরযূসঙ্গমে দেহত্যাগাৎ সদ্যএবামরগণনায়াং লেখ্যং লেখনম্। তয়োরেব কৃত্যক্তখলর্থাইতি ভাবার্থে ণ্যৎ প্রত্যয়ঃ। আসাদ্য প্রাপ্য পূর্ব্বস্মাদাকারাদধিকতরা রুক্ যস্যাঃ তয়া কান্তয়া রমণ্যা সঙ্গতঃ সন্ নন্দনস্য ইন্দ্রোদ্যানস্য অভ্যন্তরেষু অন্তর্ব্বর্ত্তিষু লীলাগারেষু ক্রীড়াভবনেষু পুনররমত। যথাকথঞ্চিত্তীর্থেঽস্মিন্ দেহত্যাগং করোতি যঃ। তস্যাত্মঘাতদোষো ন প্রাপ্নুয়াদীপ্সিতান্য পীতি স্কান্দে। মন্দাক্রান্তা ছন্দঃ তল্লক্ষণং মন্দাক্রান্তা জলধিষড়গৈর্ম্ভৌ ভনৌ তাদ্‌গুরু চেদিতি ॥ ৯৫ ॥

ইতি শ্রীমহামহোপাধ্যায়কোলাচলমল্লিনাথসূরিবিরচিতায়াং রঘুবংশ-
ব্যাখ্যায়াং সঞ্জীবনীসমাখ্যায়াম্ অষ্টমঃ সর্গঃ।

ক্লেশ মোচনেচ্ছু হইয়া, প্রায়োপবেশন ব্রত (অনশন ব্রত) অবলম্বন করিলেন ॥ ৯৪ ॥

এইরূপে তিনি গঙ্গা ও সরযূর সঙ্গমতীর্থে কলেবর পরিত্যাগপূর্ব্বক তৎক্ষণাৎ অমরত্ব প্রাপ্ত হইলেন এবং পূর্ব্বাপেক্ষা (ইন্দুমতীর অপেক্ষা) অধিকতর সুন্দরী কান্তার সহিত মিলিত হইয়া নন্দনকানন-মধ্যবর্ত্তী ক্রীড়াভবনে প্রীতমনে পুনর্ব্বার বিহার করিতে লাগিলেন ॥ ৯৫ ॥

অষ্টম সর্গ সমাপ্ত।

নবমঃ সর্গঃ।

পিতুরনন্তরমুত্তরকোশলান্
সমধিগম্য সমাধিজিতেন্দ্রিয়ঃ।
দশরথঃ প্রশশাস মহারথো-
যমবতামবতাঞ্চ ধুরি স্থিতঃ॥ ১॥
অধিগতং বিধিবদ্যদপালয়ৎ
প্রকৃতিমণ্ডলমাত্মকুলোচিতম্।

একলোচনমেকার্দ্ধে সার্দ্ধলোচনমন্যতঃ।
নীলার্দ্ধং নীলকণ্ঠার্দ্ধং মহঃ কিমপি মন্মহে॥

পিতুরিতি। সমাধিনা সংযমেন জিতেন্দ্রিয়ঃ। "সমাধির্নিয়মে ধ্যানে" ইতি কোষঃ। যমবতাং সংযমিনাম্ অবতাং রক্ষতাং চ ধুরি অগ্রেস্থিতো মহারথঃ। "একো দশ সহস্রাণি যোধয়েৎ যস্তু ধন্বিনাম্। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ স মহারথ উচ্যতে"। দশরথঃ পিতুরনন্তরম্ উত্তর কোশলান্ জনপদান্ সমধিগম্য প্রশশাস। অত্র মনুঃ। "ক্ষত্রিয়স্য পরোধর্ম্মঃ প্রজানাং পরিপালন"মিতি। দ্রুতবিলম্বিতমেতদ্বৃত্তং তল্লক্ষণং দ্রুতবিলম্বিতমাহ নভৌ ভরাবিতি॥ ১॥

সমাধি-জিতেন্দ্রিয়, সংযমী ও রক্ষকদিগের অগ্রগণ্য, মহারথ দশরথ, পিতার লোকান্তর গমনের পর, উত্তর কোশলের পৈতৃক সিংহাসন প্রাপ্ত হইয়া শাসন করিতে লাগিলেন। অর্থাৎ দশরথ শস্ত্র ও শাস্ত্রে বিশেষ উৎকর্ষ লাভ করিয়া দশ সহস্র ধনুর্দ্ধারী সৈন্যের সহিত একাকী যুদ্ধ করিতে সমর্থ হইলেন, এজন্য তিনি মহারথী বলিয়া অভিহিত হন্, এবং সমাধিবলে ইন্দ্রিয়গণকে বশীভূত করিয়া সন্ন্যাসী ও রাজগণকে অতিক্রম করিলেন। সুতরাং তৎকালে তাঁহার ন্যায় সর্ব্বগুণ-সম্পন্ন রাজা ভূমণ্ডলে আর পরিলক্ষিত হয় নাই॥ ১॥

অভবদস্য ততোগুণবত্তরং
সনগরং নগরন্ধ্রকরৌজসঃ ॥ ২ ॥
উভয়মেব বদন্তি মনীষিণঃ
সময়বর্ষিতয়া কৃতকর্ম্মণাম্।

অধিগতমিতি। অধিগতং প্রাপ্তম্ আত্মকুলোচিতং স্বকুলাগতং সনগরং নগরজনসহিতং প্রকৃতিমণ্ডলং জানপদমণ্ডলম্। অত্র প্রকৃতিশব্দেন প্রজামাত্রবাচিনা নগরশব্দযোগাদ্গোবলীবর্দ্দন্যায়েন জানপদমাত্রম্ উচ্যতে। যদ্যস্মাদ্বিধিবদ্যথাশাস্ত্রমপালয়ৎ ততো হেতোরন্ধ্রং করোতীতি রন্ধ্রকরঃ রন্ধ্রহেতুরিত্যর্থঃ। কৃঞোহেতুতাচ্ছীল্যানুলোম্যেষ্বিতি টপ্রত্যয়ঃ। নগস্য রন্ধ্রকরঃ নগরন্ধ্রকরঃ "কুমারঃ। কুমারঃ ক্রৌঞ্চদারণ" ইত্যমরঃ। তদোজসস্তত্তুল্যবলস্যাস্য দশরথস্য গুণবত্তরমভবৎ তৎ পৌরজানপদমণ্ডলং তস্মিন্নতীব সক্তমভূদিত্যর্থঃ ॥ ২ ॥

উভয়মিতি। মনস ঈষিণোমনীষিণো বিদ্বাংসঃ। পৃষোদরাদিত্বাৎ সাধুঃ। বলনিষূদনম্ ইন্দ্রং দণ্ডস্য ধরো রাজা মনুরিতি যো দণ্ডধরঃ সএবান্বয়ঃ কূটস্থোযস্য তমর্থপতিং দশরথং চেত্যুভয়মেব সময়েঽবসরে জলং ধনং

সেই কুমারসম (কার্ত্তিকেয়-সদৃশ) তেজস্বী দশরথ, পৈতৃক রাজ্যভার গ্রহণ পূর্ব্বক, এইরূপ সুনিয়মে প্রজাপালন করিতে লাগিলেন যে, তাহাতে প্রজাবর্গও তাঁহার উপর অনুরক্ত হইয়া উঠিল। অর্থাৎ দশরথের শাসনকালে বসুমতী ধন-ধান্যে পরিপূর্ণা হইলেন; সুতরাং তাঁহার প্রজাগণ অচিরে সুখ ও সমৃদ্ধিসম্পন্ন হইয়া উঠিল। ফলতঃ তাঁহার শাসন-গুণে পৌর ও জানপদ-বাসিগণ এরূপ সুখস্বচ্ছন্দে কালযাপন করিতে লাগিল যে, তৎকালে এই মহীমণ্ডলে আর কোনও দেশে কোনও রাজার শাসন সময়ে তাদৃশ দৃষ্টিগোচর হয় নাই ॥ ২ ॥

মনুবংশ-সম্ভূত রাজা দশরথ ও সুররাজ ইন্দ্র উভয়েই যথাসময়ে অর্থ ও বারিবর্ষণ করিতেন বলিয়া, বিজ্ঞ ব্যক্তিগণ তাঁহাদিগকে স্বকার্য্যে প্রবৃত্ত ব্যক্তিদিগের শ্রমাপহারী বলিয়া নির্দ্দেশ করিতেন। অর্থাৎ প্রজারঞ্জন বিষয়ে নিপুণ রাজা দশরথ, প্রয়োজনানুসারে অর্থ প্রদান করিয়া প্রকৃতিপুঞ্জের অভাবমোচন করিতেন। এ দিকে দেবরাজ ইন্দ্র, যথাসময়ে জল বর্ষণ করিয়া

বলনিষূদনমর্থপতিঞ্চ তং
শ্রমনুদং মনুদণ্ডধরান্বয়ম্ ॥ ৩ ॥
জনপদে ন গদঃ পদমাদধা-
বভিভবঃ কুতএব সপত্নজঃ।
ক্ষিতিরভূৎ ফলবত্যজনন্দনে
শমরতেঽমরতেজসি পার্থিবে ॥ ৪ ॥
দশদিগন্তজিতা রঘুণা যথা
শ্রিয়মপুষ্যদজেন ততঃপরম্।

চ বর্ষতীতি সময়বর্ষী তস্য ভাবেন সময়বর্ষিতয়া হেতুনা কৃতকর্ম্মণাং স্বকর্ম্ম-কারিণাং নুদতীতি নুদম্। ইগুপধজ্ঞা প্রীকিরঃ ক ইতি কপ্রত্যয়ঃ। শ্রমস্য নুদং শ্রমনুদম্। ক্বিবন্তত্বে নপুংসকলিঙ্গেনোভয়শব্দেন সামানাধিকরণ্যং ন স্যাদিতি। বদন্তি ॥ ৩ ॥

জনপদইতি। শমরতে শান্তিপরে অমরতেজসি অজনন্দনে দশরথে পার্থিবে পৃথিব্যাঃ ঈশ্বরে সতি। তস্যেশ্বর ইত্যণ্প্রত্যয়ঃ। জনপদে দেশে গদোব্যাধিঃ। "উপতাপ রোগব্যাধিগদাময়া" ইত্যমরঃ। পদং নাদধৌ নাচ-ক্রামেত্যর্থঃ সপত্নজঃ শত্রুজন্য অভিভবঃ কুতএব অসম্ভাবিতএবেত্যর্থঃ ক্ষিতিঃ ফলবত্যভূচ্চ ॥ ৪ ॥

দশেতি। মহী দশদিগন্তান্ জিতবানিতি দশদিগন্তজিৎ তেন রঘুণা যথা

পৃথিবীর উর্ব্বরা শক্তির বর্দ্ধন করিতেন। সুতরাং দশরথ ও ইন্দ্রের সাহায্যে মহীতলস্থ প্রাণিগণ সুখস্বচ্ছন্দে কালযাপন করিতে লাগিল ॥ ৩ ॥

সেই প্রশান্তচিত্ত দেবতুল্য দশরথের শাসন সময়ে শত্রু-কৃত পরাভব দূরে থাকুক, ব্যাধিও জনপদ মধ্যে স্থান প্রাপ্ত হইল না ; সুতরাং পৃথিবী অব্যাহত-রূপে প্রচুর ফলপুষ্প প্রসব করিতে লাগিল। অর্থাৎ রাজ্যমধ্যে শত্রু ও ব্যাধি প্রভৃতির বল পরিচালিত হইলে, ধনজনাদি অনেক অংশে হ্রাস প্রাপ্ত হইয়া থাকে। কিন্তু মহারাজ দশরথের শাসন গুণে তাদৃশ কোনরূপ বিঘ্নের সঞ্চার হয় নাই বলিয়া, বসুমতী ধনজনে পরিপূর্ণা হইলেন ॥ ৪ ॥

বিশ্ববিজয়ী রঘু এবং তৎপরবর্ত্তী মহারাজ অজের রাজত্বকালে পৃথিবী

তমধিগম্য তথৈব পুনর্ব্বভৌ
ন ন মহীনমহীনপরাক্রমম্ ॥ ৫ ॥
সমতয়া বসুবৃষ্টিবিসর্জ্জনৈ-
র্নিয়মনাদসতাঞ্চ নরাধিপঃ।
অনুযযৌ যমপুণ্যজনেশ্বরৌ
সবরুণাবরুণাগ্রসরং রুচা ॥ ৬ ॥

শ্রিয়ং কান্তিমপুষ্যৎ ততঃপরং রঘোরনন্তরম্ অজেন চ শ্রিয়মপুষ্যৎ। তথৈব অহীনপরাক্রমং ন হীনঃ পরাক্রমোযস্য তম্ অন্যূনপরাক্রমং তং দশরথম্ ইমং স্বামিনম্ অধিগম্য পুনর্ন বভাবিতি ন বভাবেবেত্যর্থঃ। দ্বৌ নঞৌ প্রকৃতমর্থং গময়তঃ ॥ ৫ ॥

সমতয়েতি। নরাধিপোদশরথঃ সমতয়া সমবর্ত্তিত্বেন মধ্যস্থত্বেনেত্যর্থঃ বসুবৃষ্টৈর্ধনবৃষ্টৈর্ব্বিসর্জ্জনৈঃ অসতাং দুষ্টানাং নিয়মনান্নিগ্রহাচ্চ সবরুণৌ বরুণসহিতৌ যমপুণ্যজনেশ্বরৌ যমকুবেরৌ যমকুবেরবরুণান্ যথাসংখ্যমনুযযৌ অনুচকার। রুচা তেজসা অরুণাগ্রসরম্ অরুণসারথিং সূর্য্যম্ অনুযযৌ ॥ ৬ ॥

যেরূপ সুশোভিত হইয়াছিল, এক্ষণে অহীন-পরাক্রম রাজা দশরথের হস্তগত হইয়াও পুনর্ব্বার তাদৃশী শোভাই ধারণ করিল ॥ ৫ ॥

রাজা দশরথ, সকলের প্রতি সমদৃষ্টি বিতরণে কৃতান্তের, ধনবৃষ্টিবর্ষণে কুবেরের, দুষ্টনিগ্রহে বরুণের এবং তেজঃপুঞ্জ-প্রভাবে সূর্য্যের অনুকরণ করিলেন। অর্থাৎ কৃতান্ত যেমন কি ধনী, কি নির্ধন সকল ব্যক্তিকে সমভাবে দর্শন করিয়া করাল-কবলে নিপাতিত করেন, তদ্রূপ মহারাজ দশরথও প্রজাপুঞ্জদিগকে সর্ব্বত্র সমভাবে প্রতিপালন করিতেন; যেমন ধনাধিপতি কুবের ধনদান দ্বারা রাজা ও ঋষিগণের অভাব মোচন করিতেন, সেই প্রকার দশরথও প্রয়োজনানুসারে আর্থিক সাহায্য করিয়া প্রকৃতিপুঞ্জের আন্তরিক শ্রদ্ধার ভাজন হইয়াছিলেন; যেমন জলাধিপতি বরুণ দুষ্টকে সমুচিত শাস্তি প্রদান করিতেন, রাজা দশরথও সেই প্রকার দুষ্টকে দমন করিয়া রাজ্যমধ্যে শান্তিস্থাপন করিতেন; যদ্রূপ সূর্য্যদেব স্বীয় তেজ-প্রভাবে অন্ধকারকে বিদূরিত করেন, তদ্রূপ দশরথও নিজ বাহুবলে শত্রুদিগকে পরাভূত করিয়া পৃথিবীকে অরি-শূন্য করিয়াছিলেন ॥ ৬ ॥

ন মৃগয়াভিরতি র্ন দুরোদরং
ন চ শশিপ্রতিমাভরণং মধু।
তমুদয়ায় ন বা নবযৌবনা
প্রিয়তমা যতমানমপাহরৎ ॥ ৭ ॥

তস্য ব্যসনাসক্তির্নাসীদিত্যাহ ;—নেতি। উদয়ায় যতমানমভ্যুদয়ার্থং ব্যাপ্রিয়মাণং তং দশরথং মৃগয়াভিরতিরাখেটব্যসনং নাপাহরৎ নাচকর্ষ। "আচ্ছোদনং মৃগব্যং স্যাদাখেটো মৃগয়া স্ত্রিয়া"মিত্যমরঃ। দুষ্টম্ আ সমন্তাদুদরমস্যেতি দুরোদরং দ্যূতং ন চাপাহরৎ। "দুরোদরোদ্যূতকারে পণে দ্যূতে দুরোদর"মিত্যমরঃ। শশিনঃ প্রতিমা প্রতিবিম্বম্ আভরণং যস্য তন্মধু নাপাহরৎ। নেতি পদচ্ছেদঃ, বাশব্দঃ সমুচ্চয়ে। নবযৌবনা নবং নূতনং যৌবনং তারুণ্যং যস্যাস্তাদৃশী প্রিয়তমা স্ত্রী নাপাহরৎ। জাতাবেকবচনম্। অত্র মনুঃ। "পান মক্ষাঃ স্ত্রিয়শ্চেতি মৃগয়া চ যথাক্রমম্। এতৎ কষ্টতমং বিদ্যাচ্চতুষ্কং কামজে গণে" ইতি ॥ ৭ ॥

এইরূপে তিনি যখন অভ্যুদয়াকাঙ্ক্ষী হইয়া উন্নতি-সোপানে আরোহণ করিতে লাগিলেন, তখন মৃগয়ানুরাগ, দ্যূতক্রীড়া, শশাঙ্ক-সদৃশ নির্ম্মল মদিরা এবং নবযৌবন-সম্পন্না কামিনী, ইহারা তাঁহার চিত্ত আকর্ষণ করিতে সমর্থ হয় নাই। অর্থাৎ মৃগয়া কার্য্যে সর্ব্বদা লিপ্ত থাকিতেন না, মৃগয়া দ্বারা শরীরের লঘুতা সম্পাদিত হয় এবং বিচলিত লক্ষ্যে শরক্ষেপণ বিষয়ে শক্তি জন্মে, এজন্য তিনি সময়ে সময়ে পশু শিকার করিতেন; দ্যূতক্রীড়া দ্বারা ধন-হানি ও কার্য্য-ক্ষতি হয় বলিয়া মহারাজ উক্ত ক্রীড়া একেবারে পরিত্যাগ করিয়াছিলেন। মদিরা পানে উন্মত্ত হইয়া লোক-বিগর্হিত কার্য্য করিয়া লোকের বিরাগভাজন হইতে হয়; এবং উহা উন্নতির কণ্টক-স্বরূপ বলিয়া তিনি ইহা পানে বিরত ছিলেন। সন্তানার্থী হইয়া স্ত্রী-সম্ভোগ করা উচিত; রাজা দশরথ এই নীতির অনুসরণ করিতেন বলিয়া, নবযৌবন-সম্পন্না মনো-মুগ্ধকরী রমণীগণও তাঁহার চিত্ত আকর্ষণ করিতে সমর্থ হয় নাই। অতএব এইরূপ উন্নতির বিরোধী ক্রিয়াকলাপ তাঁহার গতিরোধ করিতে পারে নাই ॥ ৭ ॥

ন কৃপণা প্রভবত্যপি বাসবে
ন বিতথা পরিহাসকথাস্বপি।
ন চ সপত্নজনেষ্বপি তেন বাক্
অপরুষা পরুষাক্ষরমীরিতা ॥ ৮ ॥
উদয়মস্তময়ঞ্চ রঘূদ্বহা-
দুভয়মানশিরে বসুধাধিপাঃ।
স হি নিদেশমলঙ্ঘয়তামভূৎ
সুহৃদয়োহৃদয়ঃ প্রতিগর্জ্জতাম্ ॥ ৯ ॥

নেতি। তেন রাজ্ঞা প্রভবতি প্রভৌ সতি বাসবেঽপি কৃপণা দীনা বাক্ নেরিতা নোক্তা পরিহাসকথাস্বপি বিতথা অনৃতা বাক্ নেরিতা, কিঞ্চ অপরুষা রোষশূন্যেন তেন সপত্নজনেষ্বপি পরুষাক্ষরং নিষ্ঠুরাক্ষরং যথা তথা বাক্ নেরিতা কিমুতান্যত্রেতি সর্ব্বত্রাপি-শব্দার্থঃ। কিন্ত্বদীনা সত্যা মধুরৈব বাগুক্তেতি ফলিতার্থঃ ॥ ৮ ॥

উদয়মিতি। বসুধাধিপা রাজানঃ উদ্বহতীত্যুদ্বহোনায়কঃ পচাদ্যচ্ রঘূণামুদ্বহোরঘুনায়কস্তস্মাদ্রঘুনায়কাৎ উদয়ং বৃদ্ধিম্ অস্তময়ং নাশং চেত্যুভয়মানশিরে লেভিরে। কুতঃ হি যস্মাৎ স দশরথো নিদেশমাজ্ঞাম্ অলঙ্ঘয়তাং শোভনং হৃদয়মস্যেতি সুহৃন্মিত্রমভূৎ। সুহৃদ্দুর্হৃদৌ মিত্রামিত্রয়োরিতি নিপাতঃ। প্রতিগর্জ্জতাং প্রতিস্পর্দ্ধিনাম্ অয়ইব হৃদয়ং যস্যেতি অয়োহৃদয়ঃ কঠিনচিত্তোঽভূৎ আজ্ঞাকারিণো রক্ষতি অন্যান্মারয়তীত্যর্থঃ ॥ ৯ ॥

দশরথ, প্রভু-শক্তি-সম্পন্ন ইন্দ্রকেও উচিত কথা বলিতে সঙ্কুচিত হইতেন না; পরিহাসস্থলেও মিথ্যা কথা এবং শত্রুর প্রতিও কর্কশ বাক্য প্রয়োগ করিতেন না ॥ ৮ ॥

তিনি আদেশ-পালনকারীদিগের মিত্র এবং প্রতিদ্বন্দ্বীদিগের পক্ষে কঠিন-হৃদয় শত্রু-স্বরূপ হইয়া উঠিলেন। সুতরাং মহীপালগণ নরনাথ দশরথ হইতে উন্নতি ও অবনতি উভয়ই লাভ করিতে লাগিলেন। অর্থাৎ মহারাজ দশরথের রাজ্যাস্তর্গত রাজগণের মধ্যে যাহারা মহারাজের সহিত মন্ত্রণা করিয়া কার্য্য করিতেন, মহারাজ বন্ধুবোধে সর্ব্বান্তঃকরণে তাহাদের উন্নতির

অজয়দেকরথেন স মেদিনী-
মুদধিনেমিমধিজ্যশরাসনঃ ।
জয়মঘোষয়দস্য তু কেবলং
গজবতী জবতীব্রহয়া চমূঃ ॥ ১০ ॥
অবনিমেকরথেন বরূথিনা
জিতবতঃ কিল তস্য ধনুর্ভৃতঃ ।
বিজয়দুন্দুভিতাং যযুরর্ণবা
ঘনরবা নরবাহনসম্পদঃ ॥ ১১ ॥
শমিতপক্ষবলঃ শতকোটিনা
শিখরিণাং কুলিশেন পুরন্দরঃ ।

অজয়দিতি। অধিজ্যশরাসনঃ স দশরথঃ উদধিনেমিং সমুদ্রবেষ্টনাম্ মেদিনীমেকরথেনাজয়ৎ স্বয়মেকরথেনাজৈষীদিত্যর্থঃ। গজবতী গজযুক্তা জবেন তীব্রাঃ জবাধিকাঃ হয়াঃ যস্যাঃ সা চমূস্তু অস্য নৃপস্য কেবলং জয়মঘোষয়ৎ অপ্রথয়ৎ। স্বয়মেকবীরস্য চমূরুপকরণ মাত্রমিতি ভাবঃ ॥ ১০ ॥

অবনিমিতি। বরূথিনা গুপ্তিমতা। "বরূথোরথগুপ্তির্যা তিরোধত্তে রথস্থিতি"মিতি সজ্জনঃ।একরথেন অবনিং জিতবতো ধনুর্ভৃতো নরবাহনসম্পদঃ কুবেরশ্রীকস্য তস্য দশরথস্য ঘনরবাঃ মেঘসমঘোষাঃ অর্ণবাঃ বিজয়দুন্দুভিতাং যযুঃ অর্ণবাস্তবিজয়ীত্যর্থঃ ॥ ১১ ॥

শমিতেতি। পুরন্দরঃ ইন্দ্রঃ, শতকোটিনা শতাস্রিণা, কুলিশেন বজ্রেণ,

---

কামনা করিতেন। আর যাহারা প্রতিকূলে কার্য্য করিত, তিনি তাহাদের উন্নতির পথে কণ্টক প্রদান করিতেন ॥ ৯ ॥

অনন্তর দশরথ একমাত্র রথে আরোহণ ও শরাসনে জ্যা যোজনা পূর্ব্বক এই সাগররূপ পরিখাবেষ্টিত ধরণীকে জয় করিবার জন্য বহির্গত হইলেন। তৎকালে মাতঙ্গ ও শীঘ্রগামী তুরঙ্গম-সম্পন্ন সৈন্যগণ কেবল তাঁহার জয় ঘোষণা করিতে লাগিল ॥ ১০ ॥

এতদ্ভিন্ন সমুদ্র-চতুষ্টয়ও মেঘ গম্ভীরনির্ঘোষে সেই কুবের-সদৃশ ধনশালী ধনুর্দ্ধারী ভূপতির বিজয়-দুন্দুভির কার্য্য সম্পাদন করিতে লাগিল ॥ ১১ ॥

যেমন শচীপতি ইন্দ্র, শত শত কোটি বজ্রাস্ত্র দ্বারা পর্ব্বতের পক্ষচ্ছেদন

স শরবৃষ্টিমুচা ধনুষা দ্বিষাং
স্বনবতা নবতামরসাননঃ ॥ ১২ ॥
চরণয়োর্নখরাগসমৃদ্ধিভি-
র্মুকুটরত্নমরীচিভিরস্পৃশন্।
নৃপতয়ঃ শতশো মরুতো যথা
শতমখং তমখণ্ডিতপৌরুষম্ ॥ ১৩ ॥
নিববৃতে স মহার্ণবরোধসঃ
সচিবকারিতবালসুতাঞ্জলীন্।

শিখরিণাং পর্ব্বতাণাং, শমিতপক্ষবলঃ বিনাশিতপক্ষসারঃ, নবতামরসাননঃ নবপঙ্কজাননঃ। "পঙ্কেরুহস্তামরস"মিত্যমরঃ। স দশরথঃ শরবৃষ্টিমুচা স্বনবতা ধনুষা দ্বিষাং শমিতঃ নাশিতঃ পক্ষঃ সহায়োবলঞ্চ যেন স তথোক্তঃ। "পক্ষঃ সহায়োঽপী"ত্যমরঃ ॥ ১২ ॥

চরণয়োরিতি। শতশোনৃপতয়োঽখণ্ডিতপৌরুষং তং দশরথং মরুতো-দেবাঃ শতমখং যথা শতক্রতুমিব নখরাগেণ চরণনখকান্ত্যা সমৃদ্ধিভিঃ সম্পাদিতর্দ্ধিভিঃ মুকুটরত্নমরীচিভিঃ চরণয়োরস্পৃশন্ প্রণেমুরিত্যর্থঃ ॥ ১৩ ॥

নিববৃতইতি। স দশরথঃ সচিবৈঃ সম্প্রযোজ্যৈঃ কারিতাঃ বালসুতানা-মঞ্জলয়োযৈস্তান্ স্বয়মসম্মুখাগতানিত্যর্থঃ অনলকান্ হতভর্ত্তৃকতয়া অলক-

---

করিয়াছিলেন, তদ্রূপ পদ্মের ন্যায় মুখকান্তিবিশিষ্ট রাজা দশরথ, শরনিকর-বর্ষী শব্দায়মান মহাশরাসন দ্বারা শত্রুপক্ষের বল বিনষ্ট করিলেন ॥ ১২ ॥

যেমন দেবতাগণ ইন্দ্রের নিকটে প্রণত হইয়া থাকেন, তদ্রূপ সহস্র সহস্র নৃপতিগণ সেই অপ্রতিহত-প্রভাব রাজা দশরথের চরণে প্রণত হইতে লাগি-লেন। প্রণামকালে তাঁহার চরণ-যুগলের নখ-প্রভায় নরপতিগণের কিরীটস্থ মণি-সমূহের জ্যোতি পরিবর্দ্ধিত হইয়াছিল। অর্থাৎ রাজগণ সেই সিংহ-বিক্রান্ত দশরথের বিক্রম সহ্য করিতে অসমর্থ হইয়া তাঁহার নিকট বশ্যতা স্বীকার করিলেন ॥ ১৩ ॥

বিজয়ী দশরথ, যে সকল রাজগণকে নিহত করিয়াছিলেন, তাঁহাদিগের অলক-সংস্কার-শূন্য মহিলাগণ, অমাত্যগণের দ্বারা স্বীয় শিশুসন্তানদিগকে বিজয়ী মহারাজের নিকট প্রেরণ করিতে লাগিল। সেই শিশুগণ সচিবদিগের

সমনুকম্প্য সপত্নপরিগ্রহা-
ননলকানলকানবমাং পুরীম্ ॥ ১৪ ॥
উপগতোঽপি চ মণ্ডলনাভিতা-
মনুদিতান্যসিতাতপবারণঃ ।

সংস্কারশূন্যান্ সপত্নপরিগ্রহান্ শত্রুপত্নীঃ। "পত্নীপরিজনাদানমূলশাপাঃ পরিগ্রহা" ইত্যমরঃ। সমনুকম্প্যানুগৃহ্য অলকানবমাম্ অলকানগরাৎ অন্যূনাং পুরীমযোধ্যাং প্রতি মহার্ণবানাং রোধসঃ পর্য্যন্তান্নিববৃতে। শরণাগতবৎসল ইতি ভাবঃ ॥ ১৪ ॥

উপগতইতি। অনুদিতমনুচ্ছ্রিতম্ অন্যৎ স্বচ্ছত্রাতিরিক্তং সিতাতপবারণং শ্বেতচ্ছত্রং যস্য সঃ অনলসোময়োরগ্নিচন্দ্রয়োঃ সমে দ্যুতী তেজঃকান্তী যস্য স তথোক্তঃ শ্রিয়ং লক্ষ্মীং রন্ধ্রে অন্যায়ালস্যাদিরূপে ছলে চলাং চঞ্চলামবেক্ষ্যা-

---

আদেশে কৃতাঞ্জলিপুটে তাঁহার নিকট দণ্ডায়মান রহিল। তখন রাজা দশরথ তাহাদিগের প্রতি যথেষ্ট অনুগ্রহ প্রদর্শনপূর্ব্বক সেই সমুদ্রতীর হইতে অলকাপুরী সদৃশ অযোধ্যা-নগরে প্রত্যাবর্ত্তন করিলেন। অর্থাৎ বিজয়শীল দশরথ দিগ্বিজয়ে বহির্গত হইয়া বীরদর্পে বসুমতীকে কম্পিত করিতে লাগিলেন; তদ্দর্শনে কোন কোন বিপক্ষ রাজা ভীত ও কম্পিত-কলেবর হইয়া মহারাজের শরণাগত হইল; কেহ বা রণসাজে সজ্জিত হইয়া দিগ্বিজয়ী দশরথের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইল; এইরূপে যাহারা রণবেশে সিংহ-বিক্রান্ত দশরথের সহিত আলিঙ্গন করিতে অগ্রসর হইয়াছিল, তাঁহারা সম্মুখ-সংগ্রামে দেহ বিসর্জ্জনে স্বর্গ আশ্রয় করিল। সুতরাং তাহাদের রোদন-পরায়ণা বিধবা পত্নীগণ অনন্যোপায় হইয়া, তাহাদের শিশুসন্তানদিগকে সমর-বিজয়ী মহারাজের নিকটে প্রেরণ করিয়া শরণাগতা হইলেন। মহারাজ বিপক্ষ শিশুসন্তান কর্ত্তৃক পূজিত ও অনুরুদ্ধ হইয়া তাহাদের গৃহীত রাজ্য তাহাদিগকে প্রত্যর্পণ করিলেন। এইরূপে অমিততেজা বীরশ্রেষ্ঠ দশরথ সমস্ত দেশ আপনার করায়ত্ত করিয়া জয়ঢক্কা ও বিবিধ রণবাদ্যে এবং সৈন্য কোলাহলে চতুর্দ্দিক পরিপূরিত করিয়া অযোধ্যা-নগরীতে প্রত্যাগমন করিলেন ॥ ১৪ ॥

এইরূপে সেই অগ্নি-সম তেজস্বী শশাঙ্ক-প্রতিম রাজা দশরথ, সসাগরা

শ্রিয়মবেক্ষ্য স রন্ধ্রচলামভূ-
দনলসোঽনলসোমসমদ্যুতিঃ ॥ ১৫ ॥
তমপহায় ককুৎস্থকুলোদ্ভবং
পুরুষমাত্মভবঞ্চ পতিব্রতা।

বলোক্য। শ্রীর্হি কেনচিন্মিষেণ পুমাংসং পরিহরতি। স দশরথো মণ্ডলস্য নাভিতাং দ্বাদশরাজমণ্ডলস্য প্রধানমহীপতিত্বমুপগতোঽপি চক্রবর্ত্তী সন্ন-পীত্যর্থঃ। "অথ নাভিস্ত্রী জন্ত্বঙ্গে যস্য সংজ্ঞা প্রতারিকা। রথচক্রস্য মধ্যস্থ-পিণ্ডিকায়াঞ্চ না পুনঃ। আদ্য ক্ষত্রিয়ভেদে তু মনোর্মুখ্যমহীপতা"বিতি কেশবঃ। পাঠান্তরে। অজিতং নৃপাস্পদমস্তীতি বুদ্ধ্যা অনলসোঽপ্রমত্তো-ঽভূৎ বিজিতনিখিলজেতব্যোপি পুনর্জেতব্যান্তরবানিব জাগরূকএবাবতিষ্ঠ-তেত্যর্থঃ। দ্বাদশরাজমণ্ডলন্তু কামন্দকেনোক্তম্। "অরির্মিত্রমরের্মিত্রং মিত্র-মিত্রমতঃপরম্। তথারিমিত্রমিত্রঞ্চ বিজিগীষোঃ পুরঃসরাঃ। পার্ষ্ণিগ্রাহস্ততঃ পশ্চাদাক্রন্দস্তদনন্তরম্। আসারাবনয়োশ্চৈব বিজিগীষোস্তু পৃষ্ঠতঃ। অরেশ্চ বিজিগীষোশ্চ মধ্যমোভূম্যনন্তরঃ। অনুগ্রহে সংহতয়োঃ সমর্থোব্যস্তয়োর্বধে। মণ্ডলাদ্বহিরেতেষামুদাসীনো বলাধিকাঃ। অনুগ্রহে সংহতানাং ব্যস্তানাঞ্চ বধে প্রভু"রিতি। "অরিমিত্রাদয়ঃ পঞ্চ বিজিগীষোঃ পুরঃসরাঃ। পার্ষ্ণিগ্রাহা-ক্রন্দ পার্ষ্ণিগ্রাহাসারাক্রন্দাসারাঃ" ইতি পৃষ্ঠতঃ চত্বারঃ। মধ্যমোদাসীনৌ দ্বৌ বিজিগীষুরেকইত্যেবং দ্বাদশরাজমণ্ডলম্। তত্রোদাসীনমধ্যমোত্তরশ্চক্রবর্ত্তী দশরথশ্চৈতাদৃগিতি তাৎপর্য্যার্থঃ ॥ ১৫ ॥

তমিতি। পত্যৌ ব্রতং নিয়মো যস্যাঃ সা পতিব্রতা সকমলা কমলহস্তা দেবতা লক্ষ্মীরর্থিষু বিষয়েঽলাঘবং লঘুত্বরহিতম্ অপরাঙ্মুখমিত্যর্থঃ ককুৎস্থ-

---

ধরাকে করতলস্থ করিয়া রাজচক্রবর্ত্তী হইলেন; কিন্তু সমগ্র পৃথিবীর অধীশ্বর হইয়াও সতর্কতার সহিত রাজ্যশাসন করিতে লাগিলেন; কারণ চঞ্চলা রাজ্যলক্ষ্মী আলস্যাদি কোনরূপ ছল অবলম্বন করিয়া অন্যকে আশ্রয় করিয়া থাকেন ॥ ১৫ ॥

পতিব্রতা লক্ষ্মী, পরমপুরুষ বিষ্ণু ও বদান্যপ্রবর রাজা দশরথকে পরিত্যাগ করিলেন না। অর্থাৎ যেমন লক্ষ্মী নারায়ণকে পরিত্যাগ করেন না, তদ্রূপ রাজ্যলক্ষ্মীও দশরথকে পরিত্যাগ করিলেন না। ইহার প্রকৃত তাৎপর্য্য এই

নৃপতিমন্যমসেবত দেবতা
সকমলা কমলাঘবমর্থিষু ॥ ১৬ ॥
তমলভন্ত পতিং পতিদেবতাঃ
শিখরিণামিব সাগরমাপগাঃ।

কুলোদ্ভবং তং দশরথম্ আত্মভবং পুরুষং বিষ্ণুঞ্চ অপহায় ত্যক্ত্বা অন্যং কং নৃপতিমসেবত কমপি নাসেবতেত্যর্থঃ। বিষ্ণাবিব বিষ্ণু-তুল্যে তস্মিন্নপি শ্রীঃ স্থিরাভূদিত্যর্থঃ ॥ ১৬ ॥

তমিতি। পতিরেব দেবতা যাসাং তাঃ পতিদেবতাঃ পতিব্রতাঃ মগধাশ্চ কোশলাশ্চ কেকয়াশ্চ তান্ জনপদান্ শাসতীতি তচ্ছাসিনঃ তেষাং রাজ্ঞাং দুহিতরঃ পুত্র্যঃ সুমিত্রাকৌশল্যাকৈকেয্য ইত্যর্থঃ। অত্র ক্রমো ন বিবক্ষিতঃ। অহিতরোপিতমার্গণং শত্রুনিখাতশরম্। "কদম্ব মার্গণশরা"

যে রাজ্যলক্ষ্মী চঞ্চলা হইলেও মহারাজ দশরথের শাসন সময়ে তাঁহার রাজ্যমধ্যে কোন প্রকার অশান্তির কারণ ঘটে নাই। নবীন রাজা দশরথ কুলোচিত রাজনীতি অবলম্বন পূর্ব্বক রাজ্যশাসন করিতে লাগিলেন;—তিনি কাম ক্রোধাদি শারীরিক ছয়রিপু জয় করিয়া বিনীত হইলেন; মহানুভব মনুপ্রদর্শিত প্রজাপালন-পদ্ধতি অবলম্বন করিলেন; আলস্য-রহিত ও উদ্যোগী হইয়া দিবা ও রাত্রির বিভাগ অনুসারে কার্য্য বিভাগ করিয়া লইলেন; অহঙ্কার-শূন্য হইয়া অকপট চিত্তে আশ্রিত কর্ম্মচারী-দিগকে বন্ধুর ন্যায় দেখিতে লাগিলেন; সুহৃদ্ ও বন্ধুদিগের হস্তে শাসন-ভার অর্পণ করিলেন; অনাশক্ত হইয়া ধর্ম্ম, অর্থ ও কামের সেবা করিতে লাগিলেন; লুব্ধ ব্যক্তিকে অর্থ, সাধুকে বিনীতভাব প্রদর্শন এবং পণ্ডিত-দিগকে শাস্ত্র-লব্ধ জ্ঞানানুষ্ঠান দ্বারা বশীভূত করিলেন; সৎক্রিয়াতে প্রচুর অর্থদান, সমাহিত-চিত্তে সামান্য ব্যক্তি ও পুত্রে সমান দণ্ডবিধান করিয়া দুষ্ট ও শিষ্ট ব্যক্তিতে পক্ষ-পাত বিহীন হইলেন; এই সকল কারণে মহারাজ দশরথের রাজ্য মহীধরের ন্যায় অটলভাব ধারণ করিয়াছিল ॥ ১৬ ॥

অনন্তর গিরিতরঙ্গিণী সকল যেমন জলধিকে প্রাপ্ত হয়, তদ্রূপ মগধ, কোশল ও কেকয় দেশীয় পতিব্রতা রাজকুমারীগণ; শত্রুহন্তা রাজা দশ-রথকে পতিরূপে প্রাপ্ত হইলেন। অর্থাৎ মগধরাজপুত্রী সুমিত্রা, কোশলরাজ-

মগধকোশলকেকয়শাসিনাং
দুহিতরোঽহিতরোপিতমার্গণম্ ॥ ১৭ ॥
প্রিয়তমাভিরসৌ তিসৃভির্ব্বভৌ
তিসৃভিরেব ভুবং সহ শক্তিভিঃ।
উপগতো বিনিনীষুরিব প্রজাঃ
হরিহয়োঽরিহযোগবিচক্ষণঃ ॥ ১৮ ॥
স কিল সংযুগমূর্দ্ধ্নি সহায়তাং
মঘবতঃ প্রতিপদ্য মহারথঃ।

ইত্যমরঃ। তং দশরথং শিখরিণাং ক্ষ্মাভৃতাং দুহিতরঃ, আ সমন্তাদপগচ্ছন্তীতি অথবা আপেন অপ্সম্বন্ধিনা বেগেন গচ্ছন্তীতি আপগা ইতি ক্ষীরস্বামী। নদ্যঃ সাগরমিব, পতিং ভর্ত্তারমলভন্ত প্রাপুঃ ॥ ১৭ ॥

প্রিয়তমাভিরিতি। অরীন্ ঘ্নন্তীতি অরিহা রিপুঘ্নাঃ। হন্তেঃ ক্বিপ্ ব্রহ্মভ্রূণবৃত্তেষু ক্বিবিতি নিয়মস্য প্রায়িকত্বাৎ। যথাহ ন্যাসকারঃ প্রায়িকশ্চায়ং নিয়মঃ কচিদন্যস্মিন্নপ্যুপপদে দৃশ্যতে মধুহা প্রায়িকত্বঞ্চ বক্ষ্যমাণস্য বহুলগ্রহণস্য পুরস্তাদপকর্ষাল্লভ্যতইতি। তেষু যোগেষূপায়েষু বিচক্ষণঃ দক্ষঃ। "যোগঃ সন্নহনোপায়ধ্যানসঙ্গতি যুক্তিষ্বি"ত্যমরঃ। ইন্দ্রেঽপি যোজ্যমেতৎ। অসৌ দশরথঃ তিসৃভিঃ প্রিয়তমাভিঃ সহ, প্রজাঃ বিনিনীষুর্বিনেতুমিচ্ছুঃ তিসৃভিঃ শক্তিভিঃ প্রভুমন্ত্রোৎসাহশক্তিভিরেব সহ ভুবমুপগতো হরিহয়ঃ ইন্দ্রইব বভৌ ॥ ১৮ ॥

সইতি। মহারথঃ স দশরথঃ সংযুগমূর্দ্ধ্নি রণাঙ্গনে মঘবতঃ ইন্দ্রস্য

নন্দিনী কৌশল্যা ও কেকয়রাজকুমারী কৈকেয়ী ইহাঁরা দশরথের মহিষী হইলেন। ইহাদের মধ্যে কৌশল্যা পাটরাণী ও সর্ব্ব জ্যেষ্ঠা এবং সুমিত্রা সর্ব্ব কনিষ্ঠা ছিলেন ॥ ১৭ ॥

রিপু-বিজয়ী রাজা দশরথও পতিপরায়ণা সেই সুমিত্রা প্রভৃতিকে লাভ করিয়া এইরূপ সুশোভিত হইলেন, যেন ত্রিদশাধিপতি ইন্দ্র প্রজাপালন অভিলাষে উৎসাহ, প্রভাব ও মন্ত্র; এই ত্রিসাধনা শক্তির সহিত ভূমণ্ডলে অবতীর্ণ হইয়াছেন ॥ ১৮ ॥

একদা মহারাজ দশরথ, দেবাসুর-সংগ্রামে দেবরাজ ইন্দ্রের সাহায্য প্রাপ্ত

স্বভুজবীর্য্যমগাপয়দুচ্ছ্রিতং
সুরবধূরবধূতভয়াঃ শরৈঃ ॥ ১৯ ॥
ক্রতুষু তেন বিসর্জ্জিতমৌলিনা
ভুজসমাহৃতদিগ্বসুনা কৃতাঃ।
কনকযূপসমুচ্ছ্রয়শোভিনো-
বিতমসা তমসাশরযূতটাঃ ॥ ২০ ॥
অজিনদণ্ডভৃতং কুশমেখলাং
যতগিরং মৃগশৃঙ্গপরিগ্রহাম্।

সহায়তাং প্রতিপদ্য প্রাপ্য শরৈরবধূতভয়াঃ নিবর্ত্তিতত্রাসাঃ সুরবধূঃ উচ্ছ্রিতং স্বভুজবীর্য্যম্ অগাপয়ৎ কিল খলু। গায়তেঃ শব্দকর্ম্মত্বাদ্গতিবুদ্ধীত্যাদিনা সুরবধূনামপি কর্ম্মত্বম্ ॥ ১৯ ॥

ক্রতুষ্বিতি। ক্রতুষশ্বমেধেষু বিসর্জ্জিতমৌলিনা অবরোপিতকিরীটেন। যাবদযজ্ঞমধ্বর্য্যুরেব রাজা ভবতীতি রাজচিহ্নত্যাগবিধানাদিত্যভিপ্রায়ঃ। "মৌলিঃ কিরীটে ধম্মিল্ল" ইতি বিশ্বঃ। ভুজসমাহৃতদিগ্বসুনা ভুজার্জ্জিত-দিগন্তসম্পদা। অনেন ক্ষত্রিয়স্য বিজিতমিত্যুক্তং নিয়মার্জ্জিতধনত্বং সদ্বিনি-য়োগকারিত্বঞ্চ সূচ্যতে। বিতমসা তমোগুণরহিতেন তেন দশরথেন তমসা চ শরযূশ্চ নদ্যৌ তয়োস্তটাঃ কনকযূপানাং সমুচ্ছ্রয়েণ সমুন্নমনেন শোভিনঃ কৃতাঃ। কনকময়ত্বঞ্চ যূপানাং শোভার্থং বিধ্যভাবাৎ। "হেমযূপস্তু শোভিক" ইতি যাদবঃ ॥ ২০ ॥

অজিনেতি। ঈশ্বরোভগবান্ অষ্টমূর্ত্তিঃ অজিনং কৃষ্ণাজিনং দণ্ডমৌদুম্বরং

হইয়া শরনিকরে সুরাঙ্গনাদিগের ভয় দূর করেন; সুতরাং সেই অসুর-বিজয়ী রাজা তাঁহাদিগের মুখে স্বকীয় যশোগাথা গীতি শ্রবণ করিলেন ॥ ১৯ ॥

মহারথ দশরথ বাহুবল আশ্রয় করিয়া দিগন্ত হইতে অর্থ সংগ্রহপূর্ব্বক অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠানে প্রবৃত্ত হইলেন এবং তিনি যজ্ঞীয় কনক যূপ নিখাত করিয়া তমসা ও সরযূর (শরযূর) তীরভূমি সমুজ্জ্বল করিলেন। অর্থাৎ যজ্ঞ দ্বারা দেবঋণ হইতে মুক্তি পাইতে পারা যায় বলিয়া, অশ্বমেধ নামক এক মহাযজ্ঞের অনুষ্ঠান করিলেন ॥ ২০ ॥

যজ্ঞানুষ্ঠান সময়ে তিনি আচারার্থ মৌনাবলম্বনপূর্ব্বক কৃষ্ণসার চর্ম্ম,

অধিবসংস্তনুমধ্বরদীক্ষিতা-
মসমভাসমভাসয়দীশ্বরঃ ॥ ২১ ॥
অবভৃথপ্রযতো নিয়তেন্দ্রিয়ঃ
সুরসমাজসমাক্রমণোচিতঃ।
নময়তি স্ম স কেবলমুন্নতং
বনমুচে নমুচেররয়ে শিরঃ ॥ ২২ ॥
অসকৃদেকরথেন তরস্বিনা
হরিহয়াগ্রসরেণ ধনুর্ভৃতা।

বিভর্ত্তীতি তাম্ অজিনদণ্ডভৃতং, কৃষ্ণাজিনং দীক্ষয়তি ঔদুম্বরং দণ্ডং যজমানায় প্রযচ্ছতীতি বচনাৎ। কুশময়ী মেখলা যস্যাস্তাং কুশমেখলাং শরময়ী মৌঞ্জী বা মেখলা তয়া যজমানং দীক্ষয়তীতি বিধানাৎ। প্রকৃতে কুশগ্রহণং ক্বচিৎ প্রতিনিধিদর্শনাৎ কৃতম্। যতগিরং বাচং যমাং বাচং যচ্ছতীতি শ্রুতেঃ। মৃগশৃঙ্গং পরিগ্রহঃ কণ্ডূয়নসাধনং যস্যাস্তাং কৃষ্ণবিষাণয়া কণ্ডূয়ত ইতি শ্রুতেঃ। অধ্বরদীক্ষিতাং সংস্কারবিশেষযুক্তাং তনুং দাশরথীমধিবসন্ অধি-তিষ্ঠন্ সন্ অসমা ভাসা দীপ্ত্যা যস্মিন্ কর্ম্মণি তদ্যথা তথা অভাসয়ৎ ভাসয়তি স্ম ॥ ২১ ॥

অবভৃথেতি। অবভৃথেন প্রযতোনিয়তেন্দ্রিয়ঃ সুরসমাজসমাক্রমণোচিতঃ দেবসভাধিষ্ঠানার্হঃ স দশরথঃ উন্নতং শিরো বনমুচে জলবর্ষিণে। "জলং নীরং বন"মিতি শাশ্বতঃ। নমুচেররয়ে কেবলমিন্দ্রায়ৈব নময়তি স্ম ন কস্মৈচিদন্যস্মৈ মানুষায়েত্যর্থঃ ॥ ২২ ॥

অসকৃদিতি। একরথেনাদ্বিতীয়রথেন তরস্বিনা বলবতা হরিহয়স্যেন্দ্রস্যাগ্র-

---

দণ্ড (ডুমুরের যষ্টি), কুশময়ী মেখলা ও মৃগশৃঙ্গ ধারণ করিলেন। সেই সময়ে ভগবান্ শূলপাণি, সেই যজ্ঞ-দীক্ষিত দশরথে অধিষ্ঠান করিয়া তাঁহার অলোক-সামান্য শোভার কারণ হইলেন ॥ ২১ ॥

জিতেন্দ্রিয় সেই রাজা দশরথ, যজ্ঞ সমাপনান্তে স্নান করিয়া বিশুদ্ধাত্মা হইলেন; তিনি সসাগরা ধরার অদ্বিতীয় অধীশ্বর বলিয়া, তাঁহাকে কোন মহীপালের নিকটে মস্তক অবনত করিতে হয় নাই, একমাত্র দানব-বিজেতা দেবরাজ ইন্দ্রের নিকটেই তিনি আপনার উন্নত মস্তক অবনত করেন ॥ ২২ ॥

দিনকরাভিমুখা রণরেণবো-
রুরুধিরে রুধিরেণ সুরদ্বিষাম্ ॥ ২৩ ॥
অথ সমাববৃতে কুসুমৈর্নবৈ-
স্তমিব সেবিতুমেকনরাধিপম্ ।
যমকুবেরজলেশ্বরবজ্রিণাং
সমধুরং মধুরঞ্চিতবিক্রমম্ ॥ ২৪ ॥
জিগমিষুর্দ্ধনদাধ্যুষিতাং দিশং
রথযুজা পরিবর্ত্তিতবাহনঃ ।

সরেণ ধনুর্ভৃতা দশরথেন অসকৃদ্বহুশো দিনকরস্যাভিমুখাঃ অভিমুখস্থিতা ইত্যর্থঃ। রণরেণবঃ সুরদ্বিষাং দৈত্যানাং রুধিরেণ রুরুধিরে নিবারিতাঃ ॥২৩॥

অথেতি। অথ যমকুবেরজলেশ্বরবজ্রিণাং ধর্ম্মরাজধনদবরুণামরেন্দ্রাণাং সমা ধূর্ভারো যস্য স সমধুরঃ মাধ্যস্থবিতরণসন্নিয়মনৈশ্বর্য্যৈস্তুল্যকক্ষ ইত্যর্থঃ। ঋক্পূরীত্যাদিনা সমাসান্তঃ। তং সমধুরম্ অঞ্চিতবিক্রমং পূজিত-পরাক্রমমেকনরাধিপং তং দশরথং সেবিতুমিব মধুর্ব্বসন্তঃ। "অথ পুষ্পরসে মধুঃ দৈত্যে চৈত্রে বসন্তে চ মধু"রিতি বিশ্বঃ। নবৈঃ কুসুমৈরুপলক্ষিতঃ সন্ সমাববৃতে সমাগতঃ। রিক্তহস্তেন নোপেয়াদ্রাজানং দেবতাং গুরুমিতি বচনাৎ পুষ্পসমেতোরাজানং সেবিতু মাগতইত্যর্থঃ ॥ ২৪ ॥

মহাবল পরাক্রান্ত অদ্বিতীয় রথী সেই দশরথ শরাসন গ্রহণপূর্ব্বক দেব-রাজের অগ্রবর্ত্তী হইয়া সূর্য্যমণ্ডল অভিমুখে উত্তোলিত রণক্ষেত্রের ধূলিরাশি অসুরগণের রুধির-প্রবাহ দ্বারা নিবারিত করেন। এইরূপ পুনঃ পুনঃ করাতে সুরলোকে বিশেষ প্রতিষ্ঠার ভাজন হয়েন। অর্থাৎ বীরেন্দ্র দশরথের বীর্য্য-বহ্নি ভূমণ্ডলে কোন বীরপুরুষ সহ্য করিতে সমর্থ হয় নাই। এমন কি, তিনি সুরলোকেও স্বীয় অসাধারণ বীরত্বের পরিচয় দিয়াছিলেন ॥ ২৩ ॥

অনন্তর বসন্তকাল সমাগত হইলে বোধ হইল যেন যম, কুবের, বরুণ ও ইন্দ্রতুল্য প্রভাবশালী অদ্বিতীয় রাজা দশরথকে শুশ্রূষা করিবার নিমিত্তই বসন্ত নবকুসুমরাজী বিকসিত করিয়া আবির্ভূত হইয়াছে। অর্থাৎ যম ও কুবেরাদিতুল্য মহারাজ দশরথ পৈতৃক সিংহাসনে অধিষ্ঠিত হইয়া রাজ্যশাসন করিতে করিতে বসন্তকাল সমাগত হইল ॥ ২৪ ॥

দিনমুখানি রবির্হিমনিগ্রহৈ-
র্বিমলয়ন্ মলয়ন্নগমত্যজৎ ॥ ২৫ ॥
কুসুমজন্ম ততো নবপল্লবা-
স্তদনু ষট্পদকোকিলকূজিতম্ ।
ইতি যথাক্রমমাবিরভূন্মধু-
দ্রু‍র্মবতীমবতীর্য্য বনস্থলীম্ ॥ ২৬ ॥

জিগমিষুরিতি। ধনদাধ্যুষিতাং কুবেরাধিষ্ঠিতাং দিশং জিগমিষুঃ গন্তুমিচ্ছুঃ রথযুজা সারথিনা অরুণেন পরিবর্ত্তিতবাহনঃ নিবর্ত্তিতাশ্বোরবিঃ হিমস্ত নিগ্রহৈঃ নিরাকরণৈর্দ্দিনমুখানি প্রভাতানি বিমলয়ন্ বিশদয়ন্ মলয়ং নগং মলয়াচলমত্যজৎ দক্ষিণাং দিশমত্যাক্ষীদিত্যর্থঃ ॥ ২৫ ॥

কুসুমেতি। আদৌ কুসুমজন্ম ততো নবপল্লবাঃ তদনুঃ। অনুর্লক্ষণে ইতি কর্ম্মপ্রবচনীয়ত্বাদ্দ্বিতীয়া। যথাসংখ্যং তদুভয়ানন্তরং ষট্পদানাং কোকিলানাঞ্চ কূজিতমিত্যেবংপ্রকারেণ যথাক্রমং ক্রমমনতিক্রম্য দ্রুমবতীং

তখন দিবাকর উত্তরদিকে গমন করিবার নিমিত্ত সারথি অরুণদ্বারা স্বকীয় রথাশ্ব পরিবর্ত্তিত করিয়া, দিবাগ্রভাগ হিম-নির্ম্মুক্ত করিয়া মলয়-পর্ব্বত পরিত্যাগ করিলেন। অর্থাৎ বসন্তকালের আরম্ভ হইতে উষ্ণরশ্মি ভগবান্ সূর্য্যদেব দক্ষিণ অয়নান্তবৃত্ত বা মকরক্রান্তি হইতে উত্তরাভিমুখে চলিতে আরম্ভ করেন; এই গতির প্রথম সময় হইতে বসন্ত, গ্রীষ্ম ও প্রাবৃট্ ঋতু ক্রমশঃ প্রকাশ পাইতে থাকে; সুতরাং এই ঋতুত্রয়াত্মক কাল উত্তরায়ন কাল বলিয়া অভিহিত হইয়া থাকে। উত্তরায়নের প্রথম আরম্ভ হইতেই উত্তরায়নান্তবৃত্তস্থ গ্রীষ্মমণ্ডলে (সম্ভবতঃ ভারতে) রাত্রির মান ক্রমশঃ হ্রাস ও দিবসের মান ক্রমশঃ বৃদ্ধি পাইতে থাকে। এই হ্রাস বৃদ্ধির কারণ এই যে, সূর্য্যদেব গ্রীষ্মমণ্ডলের দিকে সমাগত হওয়াতে, উল্লিখিত স্থানে (সম্ভবতঃ ভারতে) তপন-কিরণ সরল ভাবে পতিত হইয়া অধিককাল স্থায়ী হয়, এজন্য দিবসের পরিমাণ বর্দ্ধিত হইয়া থাকে; সুতরাং দিবসের মান বৃদ্ধি হইলেই রাত্রির মানও হ্রাস হইবে, সন্দেহ নাই ॥ ২৫ ॥

প্রথমতঃ পুষ্পোদ্গম, তদনন্তর নবপল্লব নির্গত হইতে লাগিল; তৎপরে ভ্রমরগণ ঝঙ্কার ও কোকিল সকলে কুহুধ্বনি করিতে লাগিল; এইরূপে

নয়গুণোপচিতামিব ভূপতেঃ
সদুপকারফলাং শ্রিয়মর্থিনঃ।
অভিযযুঃ সরসো মধুসম্ভৃতাং
কমলিনীমলি-নীরপতত্রিণঃ ॥ ২৭ ॥

কুসুমমেব ন কেবলমার্ত্তবং
নবমশোকতরোঃ স্মরদীপনম্‌।
কিসলয়প্রসবোঽপি বিলাসিনাং
মদয়িতা দয়িতাশ্রবণার্পিতঃ ॥ ২৮ ॥

দ্রুমভূয়িষ্ঠাং বনস্থলীমবতীর্য্য মধুঃ বসন্তঃ আবিরভূৎ। কেষাঞ্চিৎ দ্রুমাণাং পল্লবপ্রাথম্যাৎ কেষাঞ্চিৎ কুসুমপ্রাথম্যান্নোক্তক্রমস্য দৃষ্টবিরোধঃ ॥ ২৬ ॥

দেবগণ তথায় গমন করিবামাত্র আদিপুরুষ বিষ্ণুও যোগনিদ্রা পরিত্যাগ করিলেন; ফলতঃ এইরূপ আশুকারিতা ভাবীকার্য্য সিদ্ধির শুভলক্ষণ সন্দেহ নাই। অর্থাৎ দেবগণ সমুদ্রতীরে উপস্থিত হওয়ামাত্র ভগবান্ বিষ্ণুর নিদ্রাভঙ্গ হইল, সুতরাং তাঁহাদের মনোগত ভাব প্রকাশের আর কোনরূপ বিঘ্ন ঘটিল না বলিয়া নিশ্চয়ই কার্য্য সুসিদ্ধ হইবে, ইহা সহজেই অনুমিত হইল; কিন্তু যদি তিনি যোগনিদ্রায় (বিষয়ান্তরে চিত্তের একাগ্রতায়) অভিভূত থাকিতেন, তাহা হইলে নিদ্রাভঙ্গের কাল পর্য্যন্ত অপেক্ষা করিতে হইত বলিয়া অবশ্যই কার্য্যে বিলম্ব ঘটিত; সুতরাং উক্ত কালবিলম্বকেই কার্য্যসিদ্ধির অশুভ লক্ষণ বলা যাইতে পারে ॥ ৬ ॥

দেবগণ দেখিলেন, নারায়ণ নাগরাজ বাসুকির তনুশয্যায় শয়ান হইয়া রহিয়াছেন এবং বাসুকির ফণা-মণ্ডল-শোভী উজ্জ্বল মণিসমূহের প্রভাজালে তাঁহার শরীর সমুদ্ভাসিত হইতেছে ॥ ৭ ॥

শ্রিয়ঃ পদ্মনিষণ্ণায়াঃ ক্ষৌমান্তরিতমেখলে।
অঙ্কে নিক্ষিপ্তচরণমাস্তীর্ণকরপল্লবে ॥ ৮ ॥
প্রবুদ্ধপুণ্ডরীকাক্ষং বালাতপনিভাংশুকম্।
দিবসং শারদমিব প্রারম্ভসুখদর্শনম্ ॥ ৯ ॥
প্রভানুলিপ্তশ্রীবৎসং লক্ষ্মীবিভ্রমদর্পণম্।
কৌস্তুভাখ্যমপাং সারং বিভ্রাণং বৃহতোরসা ॥ ১০ ॥

শ্রিয়ইতি। কীদৃশং বিষ্ণুং পদ্মে নিষণ্ণায়াঃ উপবিষ্টায়াঃ শ্রিয়ঃ ক্ষৌমান্তরিতা দুকূলব্যবহিতা মেখলা যস্য তস্মিন্ আস্তীর্ণৌ করপল্লবৌ যস্মিন্। বিশেষণদ্বয়েনাপি চরণয়োঃ সৌকুমার্য্যাৎ কটিমেখলাস্পর্শাসহত্বং সূচ্যতে। তস্মিন্নঙ্কে নিক্ষিপ্তৌ চরণৌ যেন তম্॥ ৮॥

প্রবুদ্ধেতি। পুনঃ কীদৃশং প্রবুদ্ধে বিকসিতে পুণ্ডরীকে ইবাক্ষিণী যস্য তং দিবসে তু পুণ্ডরীকমেবাক্ষি যস্যেতি বিগ্রহঃ বালাতপনিভমংশুকং যস্য তং পীতাম্বরধরমিত্যর্থঃ অন্যত্র বালাতপব্যাজাংশুকমিত্যর্থঃ। "নিভোব্যাজসদৃক্ষয়ো"রিতি বিশ্বঃ। প্রকৃষ্ট আরম্ভো যোগো যেষাং তে প্রারম্ভা যোগিনঃ তেষাং সুখদর্শনম্। অন্যত্র প্রারম্ভে আদৌ সুখদর্শনং শারদং শরৎসম্বন্ধিনং দিবসমিব স্থিতম্॥ ৯ ॥

প্রভেতি। পুনঃ কিংবিধং প্রভয়ানুলিপ্তমনুরঞ্জিতং শ্রীবৎসং নাম লাঞ্ছনং যেন তং লক্ষ্ম্যাঃ বিভ্রমদর্পণং কৌস্তুভইতি আখ্যা যস্য তম্ অপাং সামুদ্রাণাং সারং স্থিরাংশং মণিমিত্যর্থঃ বৃহতা উরসা বিভ্রাণম্॥ ১০ ॥

আরও দেখিলেন, পদ্মাসনা দেবী লক্ষ্মী, দুকূলনিহিত (বস্ত্রোপরি বিন্যস্ত) মেখলাদামোপরি অলঙ্কৃত করপল্লব সন্নিবেশিত করিয়া বিষ্ণুর চরণদ্বয় ধারণ করিয়া আছেন॥ ৮॥

তরুণ-অরুণ-কিরণ-সদৃশ পীতবসন পরিধায়ী পদ্মলোচন, সেই পরমপুরুষ, শারদীয় প্রাতঃকালের ন্যায় অতিশয় সুখদর্শন হইয়াছেন॥ ৯॥

তাঁহার বিশাল বক্ষঃস্থলে কমলার (লক্ষ্মীর) বিলাসদর্পণ-স্বরূপ সমুদ্রের সারভূত কৌস্তুভ মণি থাকায়, তাহার প্রভাপুঞ্জে ভগবানের শ্রীবৎস চিহ্ন (বিষ্ণুর বক্ষঃস্থিত শুক্লবর্ণের দক্ষিণাবর্ত্ত-লোমরাজি) অনুরঞ্জিত হইতেছে॥১০॥

বাহুভির্ব্বিটপাকারৈর্দ্দিব্যাভরণভূষিতৈঃ।
আবির্ভূতমপাং মধ্যে পারিজাতমিবাপরম্॥ ১১॥
দৈত্যস্ত্রীগণ্ডলেখানাং মদরাগবিলোপিভিঃ।
হেতিভিশ্চেতনাবদ্ভিরুদীরিতজয়স্বনম্॥ ১২॥
মুক্তশেষবিরোধেন কুলিশব্রণলক্ষ্মণা।
উপস্থিতং প্রাঞ্জলিনা বিনীতেন গরুত্মতা॥ ১৩॥

বাহুভিরিতি। বিটপাকারৈঃ শাখাকারৈঃ দিব্যাভরণভূষিতৈঃ বাহুভিরুপলক্ষিতম্ অতএব অপাং সৈন্ধবীনাং মধ্যে আবির্ভূতমপরং দ্বিতীয়ং পারিজাতমিব স্থিতম্॥ ১১॥

দৈত্যেতি। দৈত্যস্ত্রীগণ্ডলেখানাম্ অসুরাঙ্গনাগণ্ডস্থলীনাং যো মদরাগঃ তং বিলুম্পন্তি হরন্তীতি মদরাগবিলোপিনঃ তৈশ্চেতনাবদ্ভিঃ সজীবৈর্হেতিভিঃ সুদর্শনাদিভিঃ শস্ত্রৈঃ। "রবেরর্চ্চিশ্চ শস্ত্রঞ্চ বহ্নিজ্বালা চ হেতয়" ইত্যমরঃ। উদীরিতজয়স্বনং জয়শব্দমুদ্ঘোষয়ন্তীভিঃ মূর্ত্তিমতীভিঃ অস্ত্রদেবতাভিরুপাস্যমানমিত্যর্থঃ॥ ১২॥

মুক্তেতি। মুক্তো ভগবৎসন্নিধানাৎ ত্যক্তঃ শেষেণ সহ বিরোধঃ সহজমপি বৈরং যেন তেন কুলিশব্রণা অমৃতাহরণকালে ইন্দ্রযুদ্ধে যে বজ্রপ্রহারাস্ত এব লক্ষ্মাণি যস্য স তেন প্রবদ্ধঃ অঞ্জলির্যেন তেন প্রাঞ্জলিনা প্রবদ্ধাঞ্জলিনেত্যর্থঃ বিনীতেনানুদ্ধতেন গরুত্মতা উপস্থিতম্ উপাসিতম্। পুরা কিল তেন বিষ্ণুনা প্রাঞ্জলি-প্রার্থিতেন দুহিতুর্গুণকেশ্যাঃ পত্যুঃ কস্যচিৎ সর্পস্য গরুড়াদভয়দানে কৃতে স্ববিপক্ষরক্ষণক্ষুভিতং পক্ষিরাজং ত্বদ্বোঢ়াহং ত্বত্তো-

---

সেই স্বর্গীয় পুরুষের বাহুসকল বিটপাকার এবং বিবিধ ভূষণে বিভূষিত; সুতরাং সেই সময়ে তাঁহাকে দেখিয়া বোধ হইল, যেন অপর একটী পারিজাত বৃক্ষ জলধি-গর্ভে আবির্ভূত হইয়াছে॥ ১১॥

দেবগণ আরও দেখিলেন, যাহারা অসুরাঙ্গনাদিগের গণ্ডস্থল হইতে মদরাগ বিলুপ্ত করিয়াছিল; সেই সুদর্শন প্রভৃতি সজীব অস্ত্রসকল তাঁহার নিকট জয়ধ্বনি করিতেছে॥ ১২॥

কুলিশ-ব্রণশোভী-দেহধারী বিনতানন্দন গরুড়, বাসুকির সহিত চিরবিরোধ পরিত্যাগ করিয়া কৃতাঞ্জলিপুটে বিনীতভাবে অবস্থিত আছে॥ ১৩॥

যোগনিদ্রান্তবিষদৈঃ পাবনৈরবলোকনৈঃ।
ভৃগ্বাদীননুগৃহ্ণন্তং সৌখশায়নিকানৃষীন্॥ ১৪ ॥
প্রণিপত্য সুরাস্তস্মৈ শময়িত্রে সুরদ্বিষাম্।
অথৈনং তুষ্টুবুস্তুত্যমবাঙ্মনসগোচরম্॥ ১৫ ॥
নমো বিশ্বসৃজে পূর্ব্বং বিশ্বং তদনু বিভ্রতে।
অথ বিশ্বস্য সংহর্ত্রে তুভ্যং ত্রেধা স্থিতাত্মনে॥ ১৬ ॥

বলাঢ্যইতি গর্ব্বিতং স্ববামতর্জ্জনীভারেণৈব ভগবান্ বিনিনায়েতি মহাভারতীয়াং কথাং সূচয়তি বিনীতেনেত্যনেন॥ ১৩ ॥

যোগেতি। যোগো মনসোবিষয়ান্তরব্যাবৃত্তিঃ তদ্রূপা যা নিদ্রা তস্যা অন্তে অবসানে বিষদৈঃ প্রসন্নৈঃ পাবনৈঃ শোধনৈঃ অবলোকনৈঃ সুখশয়নং পৃচ্ছন্তীতি সৌখশায়নিকাঃ তান্। পৃচ্ছতৌ সুস্নাতাদিভ্য ইত্যুপসংখ্যানাট্ঠক্ প্রত্যয়ঃ। ভৃগ্বাদীনৃষীননুগৃহ্ণন্তম্॥ ১৪ ॥

প্রণিপত্যেতি। অথ দর্শনানন্তরং সুরাঃ সুরদ্বিষামসুরাণাং শময়িত্রে বিনাশকায় তস্মৈ বিষ্ণবে প্রণিপত্য স্তুত্যং স্তোত্রার্হম্। এতিস্তু শাথৃদৃজুষঃ ক্যপ্ ইতি ক্যপ্প্রত্যয়ঃ। বাক্‌চ মনশ্চ বাঙ্মনসে। অচতুরে ত্যচ্প্রত্যয়ান্তো- নিপাতঃ। তয়োর্গোচরোবিষয়ো ন ভবতীত্যবাঙ্মনসগোচরস্তম্ এনং বিষ্ণুং তুষ্টুবুঃ॥ ১৫ ॥

নমইতি। পূর্ব্বমাদৌ বিশ্বসৃজে বিশ্বস্রষ্ট্রে তদনু স্বর্গানন্তরং বিশ্বং বিভ্রতে

যে ভৃগু প্রভৃতি মহর্ষিগণ, সেই লোকনাথ বিষ্ণুকে সুষুপ্তি নিদ্রার বিষয় জিজ্ঞাসা করিবার জন্য সমাগত হইয়াছেন, তিনিও যোগনিদ্রার অবসানে পবিত্র ও প্রসন্ন দৃষ্টিপাত দ্বারা তাঁহাদের প্রতি অনুগ্রহ প্রকাশ করিলেন॥১৪॥

অনন্তর দেবগণ, অসুর-সংহারকারী বাক্য ও মনের অতীত স্তুত্য ভগবান্ বিষ্ণুকে প্রণিপাতপূর্ব্বক স্তব করিতে প্রবৃত্ত হই ন॥ ১৫ ॥

ভগবন্! তুমি অগ্রে এই পরিদৃশ্যমান বিশ্বসংসার সৃষ্টি করিয়াছ, পরে ইহা প্রতিপালন করিতেছ, পরিশেষে ইহাকে সংহার করিবে; অতএব তুমি সত্ত্ব, রজ ও তমোময়, তোমাকে নমস্কার। অর্থাৎ হে ভগবন্! তোমাতে সৃষ্টি, স্থিতি ও প্রলয়রূপ ত্রিবিধ শক্তি বর্ত্তমান আছে, সুতরাং

রসান্তরাণ্যেকরসং যথা দিব্যং পয়োঽশ্নুতে।
দেশে দেশে গুণেষ্বেবমবস্থাস্ত্বমবিক্রিয়ঃ ॥ ১৭ ॥
অমেয়ো মিতলোকস্ত্বমনর্থী প্রার্থনাবহঃ।
অজিতো জিষ্ণুরত্যন্তমব্যক্তোব্যক্তকারণম্ ॥ ১৮ ॥

অথ বিশ্বস্য সংহর্ত্রে এবং ত্রেধা সৃষ্টিস্থিতিসংহারকর্ত্তৃত্বেন স্থিত আত্মা স্বরূপং যস্য তস্মৈ ব্রহ্মবিষ্ণুহরাত্মনে তুভ্যং নমঃ॥ ১৬॥

নন্থ কূটস্থস্য কথং ত্রৈরূপ্যমিত্যাশঙ্ক্যোপাধিকমিত্যাহ ;—রসান্তরাণীতি। একরসং মধুরৈকরসং দিবি ভবং দিব্যং পয়ঃ বর্ষোদকং দেশে দেশে উষরাদি-দেশে অন্যান্ রসান্ রসান্তরাণি লবণাদীনি যথা অশ্নুতে প্রাপ্নোতি এবম-বিক্রিয়োনির্ব্বিকারঃ একরূপইত্যর্থঃ ত্বং গুণেষু সত্ত্বাদিষু অবস্থাঃ স্রষ্টৃত্বাদিরূপা অশ্নুষে॥ ১৭॥

অমেয়ইতি। হে দেব! ত্বমমেয়ো লোকৈরিয়ত্তয়া ন পরিচ্ছেদ্যঃ মিত-লোকঃ পরিচ্ছিন্নলোকঃ অনর্থী নিস্পৃহঃ। আবহতীতি আবহঃ। পচাদ্যচ্। প্রার্থনানাম্ আবহঃ কামদঃ। অজিতঃ অন্যৈর্ন জিতঃ। জিষ্ণুর্জ্জয়শীলঃ। অত্যন্তমব্যক্তঃ অতিসূক্ষ্মরূপঃ ব্যক্তস্য স্থূলস্য কারণম্॥ ১৮॥

তুমি এই বিশ্বসংসার সত্ত্বগুণে সৃষ্টি, রজোগুণে পালন ও তমোগুণে সংহার করিয়া থাক॥ ১৬॥

যেমন দিব্য জল (বৃষ্টির জল) একমাত্র মধুররসবিশিষ্ট হইলেও দেশভেদে তাহার বিভিন্ন আস্বাদ হইয়া থাকে, তদ্রূপ তুমি অদ্বিতীয় হইলেও সত্ত্ব, রজ ও তমঃ এই গুণত্রয়ভেদে মূর্ত্তিত্রয় ধারণ করিতেছ। অর্থাৎ যেমন মধুররস-বিশিষ্ট বৃষ্টির জল সমুদ্র প্রভৃতি পাত্রবিশেষে পতিত হইয়া লবণ প্রভৃতি রস প্রাপ্ত হইয়া থাকে, তদ্রূপ তুমিও একমাত্র নির্ব্বিকার হইয়া সৃষ্টি, স্থিতি ও প্রলয়; এই বিশেষ বিশেষ কার্য্যের নিমিত্ত সত্ত্ব, রজ ও তমঃ, এই ত্রিবিধ অবস্থা প্রাপ্ত হইয়া থাক॥ ১৭॥

তোমার সমস্ত সৃষ্ট বস্তুরই সীমা আছে, কিন্তু তোমার সীমা নির্দ্ধারণ করা অতি সুকঠিন; তোমার কোন বিষয়েই স্পৃহা নাই, কিন্তু তুমি সক-লেরই অভিলাষ পূর্ণ করিতেছ; তুমি জয়শীল, তোমাকে কেহ পরাজয় করিতে সমর্থ হয় না; তুমি অতি সূক্ষ্ম হইয়াও স্থূল পদার্থের সৃষ্টিকর্ত্তা॥১৮॥

হৃদয়স্থমনাসন্নমকামং ত্বাং তপস্বিনম্।
দয়ালুমনঘস্পৃষ্টং পুরাণমজরং বিদুঃ॥ ১৯॥
সর্ব্বজ্ঞস্ত্বমবিজ্ঞাতঃ সর্ব্বযোনিস্ত্বমাত্মভূঃ।
সর্ব্বপ্রভুরনীশস্ত্বমেকস্ত্বং সর্ব্বরূপভাক্॥ ২০॥

হৃদয়েতি। হে দেব! ত্বাং হৃদয়স্থং সর্ব্বান্তর্যামিতয়া নিত্যসন্নিহিতং তথাপ্যনাসন্নম্ অগম্যরূপত্বাৎ বিপ্রকৃষ্টঞ্চ বিদুঃ তথা অকামং ন কামোঽভিলাষোঽস্য তং পরিপূর্ণত্বান্নিঃস্পৃহত্বাচ্চ নিষ্কামং তথাপি তপস্বিনং প্রশস্ততপোযুক্তং বিদুঃ, যোনিষ্কামঃ স কথং তপঃ কুরুতইতি বিরোধঃ পরিহারস্তু ঋষিরূপেণ দুস্তরং তপস্তপ্যতে। দয়ালুং পরদুঃখপ্রহরণপরং তথাপ্যনঘস্পৃষ্টং নিত্যানন্দস্বরূপত্বাদদুঃখিনং বিদুঃ। "অঘং দুরিতদুঃখয়ো"রিতি বিশ্বঃ। দয়ালুরদুঃখী চেতি বিরোধঃ। "ঈর্ষী ঘৃণী ত্বসন্তুষ্টঃ ক্রোধনোনিত্যশঙ্কিতঃ। পরভাগ্যোপজীবী চ ষড়েতে নিত্যদুঃখিতা"ইতি মহাভারতে। পুরাণমনাদিমজরং নির্ব্বিকারত্বাদক্ষরং বিদুঃ চিরন্তনং ন জীর্য্যতইতি বিরোধালঙ্কারঃ। উক্তঞ্চ "আভাসত্বে বিরোধস্য বিরোধালঙ্কৃতির্ম্মতে"তি। বিরোধেন চালৌকিকং মহিমত্বং ব্যজ্যতে॥ ১৯॥

সর্ব্বজ্ঞইতি। ত্বং সর্ব্বং জানাতীতি সর্ব্বজ্ঞঃ। ইগুপধেতি কপ্রত্যয়ঃ। অবিজ্ঞাতো ন কেনাপি বিজ্ঞাতইত্যর্থঃ। ত্বং সর্ব্বস্য যোনিঃ কারণং ত্বমাত্মনএব ভবতীত্যাত্মভূঃ ন তে কিঞ্চিৎ কারণমস্তীত্যর্থঃ। ত্বং সর্ব্বস্য প্রভুঃ ত্বমনীশঃ ত্বমেকঃ সর্ব্বরূপভাক্ ত্বমেক এব সর্ব্বাত্মনা বর্ত্তসে॥ ২০॥

হে দেব! তুমি সর্ব্বদা হৃদয়মধ্যে অবস্থান করিয়াও সুদূরে অবস্থিতি করিতেছ, তুমি স্বয়ং নিষ্কাম হইয়াও তপোনুষ্ঠান করিতেছ, তুমি অতি দয়ালু হইয়াও সর্ব্বদা নিত্যানন্দ-স্বরূপ; সুতরাং তোমাতে দুঃখের লেশমাত্র নাই; তুমি অতি প্রাচীন হইয়াও কখনই জীর্ণ হও না॥ ১৯॥

তুমি সর্ব্বজ্ঞ, কিন্তু তোমার অবস্থা কেহ বিদিত হইতে সমর্থ হয় না; তুমি স্বয়ম্ভু, কিন্তু তোমা হইতেই সমস্ত উৎপন্ন হইয়াছে; তুমি সকলের প্রভু, কিন্তু তোমার উপর কেহ আধিপত্য করিতে সমর্থ হয় না; তুমি একমাত্র (অদ্বিতীয়) হইয়াও সমস্ত পদার্থেই অবস্থান করিতেছ॥ ২০॥

সপ্তসামোপগীতং ত্বাং সপ্তার্ণবজলেশয়ম্।
সপ্তার্চ্চির্ম্মুখমাচখ্যুঃ সপ্তলোকৈকসংশ্রয়ম্॥ ২১॥
চতুর্ব্বর্গফলং জ্ঞানং কালাবস্থাশ্চতুর্যুগাঃ।
চতুর্ব্বর্ণময়ো লোকস্ত্বত্তঃ সর্ব্বং চতুর্ম্মুখাৎ॥ ২২॥
অভ্যাসনিগৃহীতেন মনসা হৃদয়াশ্রয়ম্।

সপ্তেতি। হে দেব! ত্বাং সপ্তভিঃ সামভিঃ রথন্তরাদিভিরুপগীতম্। তদ্ধিতার্থেত্যুত্তরপদসমাসঃ। সপ্তানামর্ণবানাং জলং সপ্তার্ণবজলং পূর্ব্ববৎ সমাসঃ। তত্র শেতে যঃ স সপ্তার্ণবজলেশয়ঃ তম্। শয়বাসবাসিষ্বকালাদিত্য-লুক্। সপ্তার্চ্চির্মুখং যস্য তম্। অগ্নিমুখা বৈ দেবা ইতি শ্রুতেঃ। সপ্তানাং লোকানাং ভূর্ভুবঃস্বরাদীনাম্ একসংশ্রয়ম্ এবংভূতমাচখ্যুঃ॥ ২১॥

চতুরিতি। চতুর্ণাং ধর্ম্মার্থকামমোক্ষাণাং বর্গঃ চতুর্ব্বর্গঃ। "ত্রিবর্গো ধর্ম্ম-কামার্থৈশ্চতুর্ব্বর্গঃ সমোক্ষকৈ"রিত্যমরঃ। তৎফলকং যৎ জ্ঞানং চত্বারি যুগানি কৃতত্রেতাদীনি যাসু তাঃ চতুর্যুগাঃ কালাবস্থাঃ কালপরিমাণং চত্বারোবর্ণাঃ প্রকৃতাঃ উচ্যন্তে যস্মিন্নিতি চতুর্ব্বর্ণময়ঃ চাতুর্ব্বর্ণ্যপ্রচুরইত্যর্থঃ। তৎপ্রকৃত-বচনে ময়ট্। তদ্ধিতার্থেতি তদ্ধিতার্থে বিষয়ে তৎপুরুষঃ। স লোকঃ ইত্যেবং রূপং সর্ব্বং চতুর্মুখাৎ চতুর্মুখরূপিণঃ ত্বত্তঃ জাতমিতি শেষঃ। ইদং সর্ব্বমসৃজত যদিদং কিঞ্চিদিতি শ্রুতেঃ॥ ২২॥

অভ্যাসেতি। অভ্যাসেন নিগৃহীতং বিষয়ান্তরেভ্যো নিবর্ত্তিতং তেন

তুমি সপ্ত সাগরের জলমধ্যে শয়ন করিয়া আছ, সপ্তাঙ্গ-সমন্বিত সাম-বেদ তোমার মহিমা কীর্ত্তন করিতেছে; তুমি সপ্ত ভুবনের একমাত্র আশ্রয়, কিন্তু সকলে তোমাকে অগ্নিমুখ বলিয়া থাকে॥ ২১॥

ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ; ইহাদের ফলজ্ঞান এবং সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি, এই যুগচতুষ্টয়-সম্পন্ন কালের পরিমাণ ও ব্রাহ্মণাদি চতুর্ব্বর্ণাত্মক লোকসকল তোমা হইতেই উৎপন্ন হইয়াছে। অর্থাৎ প্রত্যক্ষ, অনুমান ও শাব্দ; এই ত্রিবিধ প্রমাণ দ্বারা যাহা কিছু নির্দ্দেশ করিয়া লওয়া যাইতেছে, তৎসমস্তই তোমা হইতে উৎপন্ন হইয়াছে॥ ২২॥

তুমি চতুর্ম্মুখ, যোগিগণ মোক্ষপদ-লাভার্থ বিষয়ান্তর হইতে মন আকর্ষণ

জ্যোতির্ম্ময়ং বিচিন্বন্তি যোগিনস্ত্বাং বিমুক্তয়ে ॥ ২৩ ॥
অজস্য গৃহ্নতো জন্ম নিরীহস্য হতদ্বিষঃ।
স্বপতো জাগরূকস্য যাথার্থ্যং বেদ কস্তব ॥ ২৪ ॥
শব্দাদীন্ বিষয়ান্ ভোক্তুং চরিতুং দুশ্চরং তপঃ।
পর্য্যাপ্তোঽসি প্রজাঃ পাতুমৌদাসীন্যেন বর্ত্তিতুম্ ॥ ২৫ ॥

মনসা যোগিনো হৃদয়াশ্রয়ং হৃৎপদ্মস্থং জ্যোতির্ম্ময়ং ত্বাং বিমুক্তয়ে মোক্ষার্থং বিচিন্বন্তি অন্বিষ্যন্তি ধ্যায়ন্তীত্যর্থঃ ॥ ২৩ ॥

অজস্যেতি। ন জায়তইত্যজঃ। অন্যেষপি দৃশ্যতইতি ডপ্রত্যয়ঃ। তস্যাজস্য জন্মশূন্যস্যাপি জন্ম গৃহ্নতঃ মৎস্যাদিরূপেণ জায়মানস্য নিরীহস্য চেষ্টারহিতস্যাপি হতদ্বিষঃ (হতা দ্বিষঃ) শত্রুঘাতিনঃ জাগরূকস্য সর্ব্বসাক্ষিতয়া নিত্যপ্রবুদ্ধস্যাপি স্বপতো যোগনিদ্রামনুভবতঃ ইত্থং বিরুদ্ধচেষ্টস্য তব যাথার্থ্যং কো বেদ বেত্তি। বিদোলটোবেতি ণলাদেশঃ ॥ ২৪ ॥

শব্দাদীনিতি। শব্দাদীন্ বিষয়ান্ ভোক্তুং নরনারায়ণাদিরূপেণ দুশ্চরং তপশ্চরিতুং তথা দৈত্যমর্দ্দনেন প্রজাঃ পাতুম্ ঔদাসীন্যেন তাটস্থ্যেন বর্ত্তিতুঞ্চ পর্য্যাপ্তঃ সমর্থোঽসি। ভোগতপসোঃ পালনৌদাসীন্যয়োশ্চ পরস্পরবিরুদ্ধয়োরাচরণে ত্বদন্যঃ কঃ সমর্থ ইত্যর্থঃ ॥ ২৫ ॥

করিয়া জ্যোতিঃস্বরূপে হৃৎপদ্ম মধ্যে অবস্থানকারী তোমাকে ধ্যান করিয়া থাকেন ॥ ২৩ ॥

তুমি জন্মহীন হইলেও জন্মপরিগ্রহ করিতেছ, নিরীহ (চেষ্টা রহিত) হইলেও শত্রু বিনাশ করিয়া থাক, সতত জাগরূক হইয়াও যোগনিদ্রা অবলম্বন করিয়া আছ। সুতরাং তোমার মহিমা কোন্ ব্যক্তি পরিজ্ঞাত হইতে সমর্থ হইয়া থাকে? ॥ ২৪ ॥

তুমি শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ; এই সকল বিষয় উপভোগ, অতি কঠোর তপ অনুষ্ঠান এবং প্রজাপালন করিতে পার, এই সমস্ত বিষয় তোমাতে বিদ্যমান থাকিলেও, তুমি আবার উদাসীন ভাবে অবস্থান করিতে পার ॥ ২৫ ॥

বহুধাপ্যাগমৈর্ভিন্নাঃ পন্থানঃ সিদ্ধিহেতবঃ ।
ত্বয্যেব নিপতন্ত্যোঘা জাহ্নবীয়া ইবার্ণবে ॥ ২৬ ॥
ত্বয্যাবেশিতচিত্তানাং ত্বৎসমর্পিতকর্ম্মণাম্ ।
গতিস্ত্বং বীতরাগাণামভূয়ঃ সন্নিবৃত্তয়ে ॥ ২৭ ॥
প্রত্যক্ষোঽপ্যপরিচ্ছেদ্যো মহ্যাদির্মহিমা তব ।

বহুধেতি। আগমৈস্ত্রয়ীসাঙ্খ্যাদিভির্দর্শনৈর্ব্বহুধা ভিন্না অপি সিদ্ধিহেতবঃ পুরুষার্থসাধকাঃ পন্থান উপায়াঃ, জাহ্নব্যা ইমে জাহ্নবীয়াঃ গঙ্গাঃ। বৃদ্ধাচ্ছইতি ছপ্রত্যয়ঃ। ওঘাঃ প্রবাহাঃ তেঽপ্যাগমৈঃ আগতিভির্ব্বহুধা ভিন্নাঃ সিদ্ধির্হেতবশ্চ অর্ণবইব ত্বয্যেব নিপতন্তি প্রবিশন্তি যেন কেনাপি রূপেণ ত্বামেবোপযান্তীত্যর্থঃ। যথাহুরাচার্য্যাঃ কিং বহুনা কারবোঽপি বিশ্বকর্ম্মেত্যুপাসতে ॥ ২৬ ॥

ত্বয়ীতি। ত্বয্যাবেশিতং নিবেশিতং চিত্তং যৈস্তেষাং তুভ্যং সমর্পিতানি কর্ম্মাণি যৈস্তেষাম্। "মন্মনা ভব মদ্ভক্তো মদ্যাজী মাং নমস্কুরু। মামেবৈষ্যসি কৌন্তেয় প্রতিজানে প্রিয়োঽসি মে" ইতি ভগবদ্বচনাৎ। বীতরাগাণাং বিরক্তানাম্ অভূয়ঃ সন্নিবৃত্তয়ে অপুনরাবৃত্তয়ে মোক্ষায়েত্যর্থঃ ত্বমেব গতিঃ সাধনম্, ত্বমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়েতি শ্রুতেরিত্যর্থঃ ॥ ২৭ ॥

প্রত্যক্ষইতি। প্রত্যক্ষঃ প্রত্যক্ষপ্রমাণগম্যোঽপি তব মহ্যাদিঃ পৃথি-

---

মুক্তি-সাধনের উপায় সাঙ্খ্যাদি দর্শন শাস্ত্রভেদে বিভিন্ন প্রকার হইলেও সাগরগামিনী ভাগিরথীর প্রবাহের ন্যায় তোমাতেই নিপতিত হইতেছে ॥ ২৬ ॥

বিষয়ানুরাগবিহীন যে সকল মহাশয় তোমাতেই মন ও কর্ম্ম সমর্পণ করেন, তুমিই তাহাদিগের সংশয়-শৃঙ্খল ছেদ করিবার একমাত্র গতি ॥ ২৭ ॥

আপ্তবাক্য ও অনুমান দ্বারা তোমাকে প্রাপ্ত হওয়া যায়; সুতরাং তোমার কথা দূরে থাকুক, পৃথিবী প্রভৃতি পরিদৃশ্যমান স্থূল পদার্থগুলিরও ইয়ত্তা করা অতীব দুরূহ ব্যাপার। অর্থাৎ ঈশ্বরতত্ত্ব পরিজ্ঞাত হইতে হইলে আপ্তবাক্য ও অনুমান, এই প্রমাণ-দ্বয়ের সাহায্য গ্রহণ করিতে হয়, সুতরাং বহু গবেষণা দ্বারা ঈশ্বর বিষয় যথাকথঞ্চিৎ রূপে অবগত হইতে

আপ্তবাগনুমানাভ্যাং সাধ্যং ত্বাং প্রতি কা কথা ॥ ২৮ ॥

ব্যাদির্ম্মহিমা ঐশ্বর্য্যমপরিচ্ছেদ্যঃ ইয়ত্তয়া নাবধার্য্যঃ, আপ্তবাগ্বেদঃ যতো বা ইমানীত্যাদিঃ শ্রুতিঃ অনুমানং ক্ষিত্যাদিকং সকর্তৃকং কার্য্যত্বাদ্ঘটবদিত্যাদি তাভ্যাং সাধ্যং গম্যং ত্বাং প্রতি কা কথা প্রত্যক্ষমপি ত্বৎকৃতং জগদপরিচ্ছেদ্যং তৎকারণমপ্রত্যক্ষস্ত্বম্ অপরিচ্ছেদ্য ইতি কিমু বক্তব্যমিত্যর্থঃ ॥ ২৮ ॥

পারা যায়, কিন্তু তাঁহার সৃষ্ট পদার্থ পৃথিবী প্রভৃতি যাহা আমরা প্রত্যক্ষ করিতেছি, জ্ঞানের আয়ত্তাধীনে তাহাই আনিতে সমর্থ হওয়া যায় না, তাহাতে আবার অপ্রত্যক্ষ বিষয়ে (ঈশ্বর বিষয়ে) জ্ঞানলাভ করা ত অনেক দূরের কথা। প্রত্যক্ষ, অনুমান, উপমান ও শাব্দ ; এই প্রমাণ চতুষ্টয়ের সাহায্যে বস্তু বা পদার্থ নির্ণীত হইয়া থাকে। তন্মধ্যে কোথাও একটী কোথা বা দুই বা ততোধিক প্রমাণের আবশ্যক হইয়া থাকে। প্রস্তাবিত গ্রন্থে এই সকল বিষয়ের সম্যক্ অবতারণা করিতে গেলে গ্রন্থবাহুল্য দোষ ঘটিতে পারে, এই ভয়ে এস্থলে অতি সংক্ষেপে উহাদের বিষয় বর্ণন করিয়া পাঠকদিগের চিত্তের আবেগ কথঞ্চিৎ শান্তি করিব, ইহাতে হয় ত কেহ কেহ বিরক্তি বা অসন্তোষ প্রকাশ করিতে পারেন ; অতএব যাঁহাদের নিকটে কটুবোধ হইবে, তাঁহারা যেন এই অংশটুকু বাদ দিয়া পাঠ করেন।

প্রমাণ কাহাকে বলে ? ইহা জানিতে হইলে, 'জ্ঞান' কি ? প্রথমতঃ তাহাই জানা আবশ্যক। কারণ জ্ঞানের প্রকৃত তাৎপর্য্য জানা না থাকিলে, প্রমাণ জ্ঞান হইতে পারে না ; সুতরাং অগ্রে 'জ্ঞান' লইয়াই আলোচনা করা যাউক। জ্ঞান ;—নদীপ্রবাহের ন্যায় জ্ঞানপ্রবাহ হইতে কোন্‌টী প্রকৃত 'জ্ঞান' তাহা পরীক্ষা করিয়া লইতে হইবে। তন্নিবন্ধন প্রকৃত জ্ঞানের একটী সূত্র বা লক্ষণ বলা যাইতেছে। যথা ;—জলকে জল বলিয়া যে জ্ঞান জন্মে, তাহাকেই 'প্রকৃত জ্ঞান' বলা যাইতে পারে। কারণ পরীক্ষা করিলেও এই জ্ঞানের বাধা জন্মে না ; সুতরাং এই অব্যাহত জ্ঞানই প্রকৃত জ্ঞান বলিয়া নির্দ্ধারণ করিতে হইবে। মনে কর, অপরিস্ফুট আলোকে রজ্জু দর্শন করিয়া, উহাকে আমাদের সময়ে সময়ে সর্প বলিয়া প্রতীতি জন্মিতে পারে ; কিন্তু সেই রজ্জুকে সর্প বলিয়া যে জ্ঞান জন্মে, সেই 'জ্ঞান' প্রকৃত জ্ঞান নহে, উহাকে ভ্রমজ্ঞান বলা যায়। কারণ সর্পাকার জ্ঞানের অব্যবহিত পরে যদি যষ্টিদ্বারা আঘাত করা যায়, তাহা হইলে, তৎক্ষণাৎ ভ্রমাত্মক

কেবলং স্মরণেনৈব পুনাসি পুরুষং যতঃ ।

কেবলমিতি। স্মরণেন কেবলম্ কৃৎস্নম্। "কেবলঃ কৃৎস্নএকশ্চ" ইতি

বিষয়টী প্রত্যক্ষ অনুমিত হয়। তখন ইহা সর্প নহে, রজ্জু, এইরূপ বলিয়া নির্ণীত হয়। সুতরাং পরবর্ত্তী জ্ঞান প্রমা বা প্রকৃত জ্ঞান, আর পূর্ব্ববর্ত্তী জ্ঞান ভ্রম, এইরূপ নির্দ্দেশ করিতে হইবে। অতএব যদ্দ্বারা সাক্ষাৎ সম্বন্ধে প্রমা বা প্রকৃত জ্ঞান উৎপন্ন হয়, তাহাকে প্রমাণ কহে। প্রমাণের এইরূপ লক্ষণ করা যাইতে পারে; এই প্রমাণ দ্বারা বস্তুর যাথার্থ্য নিরূপিত হইয়া থাকে।

১। প্রত্যক্ষ,—ইন্দ্রিয়-জন্য প্রমাণকে প্রত্যক্ষ-প্রমাণ কহে। বস্তু ও ইন্দ্রিয় এই উভয়ের সংযোগে প্রত্যক্ষ জ্ঞান জন্মে।

২। অনুমান,—অনুমান বা অনুমিতি, ইহারা একার্থ-বোধক শব্দ। "পৃথক্ পৃথক্ বা একত্রিত অথবা পূর্ব্বাপরিভাবে (কার্য্য-কারণভাবে) অবস্থান করে, ঈদৃশ অনেক পদার্থই লক্ষিত হয়; তন্মধ্যে যাহার সহিত যাহার অবিনাভাব সম্বন্ধ অর্থাৎ পরস্পর অবিযুক্ত বা অপৃথক্ ভাবে গ্রথিত থাকা স্বাভাবিক বলিয়া অবধারিত আছে, তাহার একটীর উপলব্ধি হইবামাত্র অন্যটীর সহিত যে স্বাভাবিক সম্বন্ধ আছে, মনোমধ্যে সেই সম্বন্ধের স্মরণাত্মক জ্ঞান উপস্থিত হইয়া যে তদ্বিষয়ে মনের পরীক্ষাত্মক ক্রিয়া উপস্থিত হয়, তাহার নাম যুক্তি এবং সেই যুক্তির ফল বা তজ্জনিত জ্ঞান অনুমান বা অনুমিতি বলিয়া অভিহিত হয়"।

৩। উপমান,—কোন প্রসিদ্ধ সাদৃশ্য দ্বারা দূরবর্ত্তী পদার্থের সাধর্ম্ম্য সাধনকে উপমান বলে। যথা;—মাষকের ন্যায় মাষক রোগ। এস্থলে মাষক রোগের বর্ণ ও পরিমাণগত সাদৃশ্য প্রসিদ্ধ মাষকলাইতে আছে; সুতরাং মাষকের (মাষকলাইয়ের) জ্ঞান দ্বারা মাষকরোগের জ্ঞান জন্মে।

৪। শাব্দ,—'শব্দ' এইটী আগম, শাস্ত্র, আপ্তবাক্, উপদেশ ও বাক্য প্রভৃতি নামে অভিহিত হইয়া থাকে। এই শব্দ বা আগম হইতে যে জ্ঞান জন্মে, তাহার নাম 'শাব্দজ্ঞান'। যে পুরুষে ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সাদি না থাকে, তাহাকে আপ্তপুরুষ কহে। সেই আপ্তপুরুষের উপদেশাত্মক বাক্যের নাম 'শব্দ' বা আগম (বেদ); এবং সেই শব্দ শ্রবণ করিয়া যে জ্ঞান জন্মে, তাহাকে শাব্দজ্ঞান বলে। সুতরাং এই অব্যভিচারী শাব্দজ্ঞানকে অভ্রান্ত বলিয়া স্বীকার করা উচিত॥ ২৮॥

অনেন বৃত্তয়ঃ শেষা নিবেদিতফলাস্ত্বয়ি ॥ ২৯ ॥
উদধেরিব রত্নানি তেজাংসীব বিবস্বতঃ।
স্তুতিভ্যো ব্যতিরিচ্যন্তে দূরাণি চরিতানি তে ॥ ৩০ ॥
অনবাপ্তমবাপ্তব্যং ন তে কিঞ্চন বিদ্যতে।
লোকানুগ্রহএবৈকো হেতুস্তে জন্মকর্ম্মণোঃ ॥ ৩১ ॥

শাশ্বতঃ। পুরুষং স্মর্ত্তারং জনং পুনাসি যতোযদিত্যর্থঃ, অনেনৈব স্মৃতি-কার্য্যেণৈব ত্বয়ি ত্বদ্বিষয়ে যাঃ অবশিষ্টাঃ বৃত্তয়ো দর্শনস্পর্শনাদয়ো ব্যাপারাস্তা নিবেদিতফলাঃ জ্ঞাপিতকার্য্যাঃ তব স্মরণস্যৈব এতৎফলং দর্শনাদীনাস্তু কিয়দিতি নাবধারয়ামঃ ইতি ভাবঃ ॥ ২৯ ॥

উদধেরিতি। উদধেঃ রত্নানীব বিবস্বতস্তেজাংসীব দূরাণি অবাঙ্মনস-গোচরাণি তে চরিতানি স্তুতিভ্যো ব্যতিরিচ্যন্তে নিঃশেষং স্তোতুং ন শক্যন্ত-ইত্যর্থঃ ॥ ৩০ ॥

অনবাপ্তমিতি। অনবাপ্তমপ্রাপ্তম্ অবাপ্তব্যং তে তব কিঞ্চন কিঞ্চিদপি ন বিদ্যতে নিত্যপরিপূর্ণত্বাদিতি ভাবঃ। তর্হি কিং নিবন্ধনে জন্মকর্ম্মণী তত্রাহ লোকেতি। একঃ লোকানুগ্রহ এব তে জন্মকর্ম্মণোর্হেতুঃ পরমকারু-ণিকস্য তে পরার্থৈব প্রবৃত্তির্ন স্বার্থেত্যর্থঃ ॥ ৩১ ॥

তুমি যখন স্মরণমাত্রেই লোকদিগকে পবিত্র করিয়া থাক, তখন ইহা দ্বারাই তোমার সাক্ষাৎকার লাভ প্রভৃতি অবশিষ্ট কার্য্যের ফলসমূহ সম্যক্‌-রূপে সপ্রমাণিত হইতেছে ॥ ২৯ ॥

সাগরের অনন্ত রত্নরাশির ন্যায় এবং সূর্য্যের কিরণজালের ন্যায়, বাক্য ও মনের অগোচর ভবদীয় ক্রিয়াকলাপ স্তুতিবাদ দ্বারা প্রকাশ করা যায় না। অর্থাৎ যেমন সমুদ্রগর্ভ-নিহিত রত্নরাশির ইয়ত্তা করা যাইতে পারে না এবং অরুণ-কিরণাবলীর পরিমাণ করা যাইতে পারে না, তদ্রূপ তোমার কার্য্য সমুদয়ও বাক্য ও মনের অতীত বলিয়া কিছুতেই সম্যক্‌রূপে বর্ণিত হইতে পারে না ॥ ৩০ ॥

তোমার অপ্রাপ্ত বা প্রাপ্তব্য কিছুই নাই; সুতরাং লোকের প্রতি অনুগ্রহ প্রদর্শনই তোমার জন্মগ্রহণ ও কর্ম্মানুষ্ঠানের একমাত্র কারণ। অর্থাৎ তুমি পূর্ণ; সুতরাং এ জগতে এমন কোন পদার্থ নাই যে, তোমার

মহিমানং যদুৎকীর্ত্ত্য তব সংহ্রিয়তে বচঃ।
শ্রমেণ তদশক্ত্যা বা ন গুণানামিয়ত্তয়া ॥ ৩২ ॥
ইতি প্রসাদয়ামাসুস্তে সুরাস্তমধোক্ষজম্।
ভূতার্থব্যাহৃতিঃ সা হি ন স্তুতিঃ পরমেষ্ঠিনঃ ॥ ৩৩ ॥
তস্মৈ কুশলসংপ্রশ্ন-ব্যঞ্জিত-প্রীতয়ে সুরাঃ।

মহিমানমিতি। তব মহিমানমুৎকীর্ত্ত্য বচঃ সংহ্রিয়তে ইতি যৎ তৎ বচঃসংহরণং শ্রমেণ বাগ্ব্যাপারশ্রান্ত্যা অশক্ত্যা কার্ৎস্ন্যেন বক্তুমশক্যত্বাদ্বা গুণানামিয়ত্তয়া এতাবন্মাত্রতয়া ন, তেষামানন্ত্যাদিতি ভাবঃ ॥ ৩২ ॥

ইতীতি। ইতি তে সুরাঃ তম্ অধোভূতমক্ষজমিন্দ্রিয়জং জ্ঞানং যস্মিংস্তমধোক্ষজং বিষ্ণুং প্রসাদয়ামাসুঃ প্রসন্নং চক্রুঃ হি যস্মাৎ পরমেষ্ঠিনঃ সর্ব্বোত্তমস্য তস্য দেবস্য সা দেবৈঃ কৃতা ভূতার্থব্যাহৃতিঃ ভূতস্য সত্যস্যার্থস্য ব্যাহৃতিরুক্তিঃ। "যুক্তে ক্ষ্মাদাবৃতে ভূত"মিত্যমরঃ। ন স্তুতি র্ন প্রশংসামাত্রম্। মহান্তোহি যথাকথঞ্চিন্ন সুলভাইতি ভাবঃ। পরমে স্থানে তিষ্ঠতীতি পরমেষ্ঠী, পরমে কিতিদিত্যুণাদিসূত্রেণ তিষ্ঠতেরিনিঃ, তৎপুরুষে কৃতি বহুলমিতি সপ্তম্যা অলুক্, স্থাস্থিন্ স্থৃণামিতি বক্তব্যাৎ ষত্বম্ ॥ ৩৩ ॥

তস্মাইতি। সুরাঃ দেবাঃ কুশলস্য সংপ্রশ্নেন ব্যঞ্জিতা প্রকটীকৃতা প্রীতির্যস্য তস্মৈ লক্ষিতপ্রসাদায়েত্যর্থঃ। অন্যথা অনবসরবিজ্ঞপ্তির্মুখরাণামিব

প্রয়োজনে লাগিবে; কিন্তু এমতাবস্থায় তোমার শরীর পরিগ্রহ ও অসুর বধাদি ক্রিয়া করার প্রয়োজন কি? প্রণিধানপূর্ব্বক দেখিলে ইহাই প্রতিপন্ন হইবে যে, পরম কারুণিকদিগের জন্ম, পরোপকারের নিমিত্তই হইয়া থাকে ॥ ৩১ ॥

বাক্য যে তোমার মহিমা কীর্ত্তন করিয়া বিরত হয়, তাহা কেবল শ্রান্তি বা অসামর্থ্য নিবন্ধন; ফলতঃ উহা যে তোমার মহিমার ইয়ত্তা করিয়া ক্ষান্ত হয়, তাহা নহে ॥ ৩২ ॥

দেবগণ, এইরূপ স্বার্থক বাক্য দ্বারা সেই ভগবান্ বিষ্ণুকে প্রসন্ন করিলেন; অমরগণ প্রকৃত গুণ বর্ণন করেন বলিয়াই ভগবান্ প্রসন্ন হইলেন, কারণ অযথা স্তুতিবাদ মহাত্মগণের প্রকোপের কারণই হইয়া থাকে ॥ ৩৩ ॥

অনন্তর তাঁহারা কুশল প্রশ্ন জিজ্ঞাসা দ্বারা নারায়ণের প্রীতি বর্দ্ধন করিয়া

ভয়মপ্রলয়োদ্বেলাদাচখ্যুর্নৈর্ঋতোদধেঃ ॥ ৩৪ ॥
অথ বেলাসমাসন্ন-শৈলরন্ধ্রানুনাদিনা।
স্বরেণোবাচ ভগবান্ পরিভূতার্ণবধ্বনিঃ ॥ ৩৫ ॥
পুরাণস্য কবেস্তস্য বর্ণস্থানসমীরিতা।
বভূব কৃতসংস্কারা চরিতার্থৈব ভারতী ॥ ৩৬ ॥
বভৌ সদশনজ্যোৎস্না সা বিভোর্ব্বদনোদ্গতা।

নিষ্ফলা স্যাদিতি ভাবঃ। তস্মৈ বিষ্ণবে অপ্রলয়ে প্রলয়াভাবেঽপ্যুদ্বেলাদুন্মর্য্যাদাৎ নৈর্ঋতো রাক্ষসঃ স এবোদধিস্তস্মাৎ ভয়ম্ আচখ্যুঃ কথিতবন্তঃ ॥৩৪॥

অথেতি। অথ বেলায়াম্ অব্ধিকূলে সমাসন্নানাং সন্নিকৃষ্টানাং শৈলানাং রন্ধ্রেষু গহ্বরেষু অনুনাদিনা প্রতিধ্বনিমতা স্বরেণ পরিভূতার্ণবধ্বনিঃ তিরস্কৃতসমুদ্রঘোষঃ ভগবান্ উবাচ ॥ ৩৫ ॥

পুরাণস্যেতি। পুরাণস্য চিরন্তনস্য কবেস্তস্য ভগবতো বর্ণস্থানেষূরঃকণ্ঠাদিষু সমীরিতা সম্যগুচ্চারিতা অতএব কৃতঃ সম্পাদিতঃ সংস্কারঃ সাধুত্বস্পষ্টতাদিপ্রযত্নো যস্যাঃ সা ভারতী বাণী চরিতার্থা কৃতার্থা বভূবৈব। এবকারস্ত্বসম্ভাবনাবিপরীতভাবনাব্যুদাসার্থঃ ॥ ৩৬ ॥

বভাবিতি। বিভোর্বিষ্ণোর্বদনাদুদ্গতা নিঃসৃতা সদশনজ্যোৎস্না দন্তকান্তিসহিতা, ইদঞ্চ বিশেষণং ধাবল্যাতিশয়ার্থম্, অতএব সা ভারতী চরণাদভ্যে্র্নির্যাতা চাসৌ শেষা চ নির্যাতশেষা নিঃসৃতাবশিষ্টেত্যর্থঃ। স্ত্রিয়াঃ পুংবদিত্যনুবর্ত্ত্য পুংবৎ কর্ম্মধারয়েতি পুংবদ্ভাবঃ। নির্যাতশব্দস্য যা নির্যাতা সাবশেষা সা গঙ্গেবেতি সমানাধিকরণ্য নির্ব্বাহঃ, নির্যাতায়াঃ শেষেতি

কহিলেন, ভগবন্! রাক্ষসরূপ সমুদ্র অকালে উদ্বেল হওয়াতে আমাদিগের অন্তঃকরণে ভয়ের সঞ্চার হইতেছে ॥ ৩৪ ॥

অনন্তর নারায়ণ গম্ভীরস্বরে জলধির ধ্বনি পরাভব ও তীরসন্নিহিত গিরিগুহা প্রতিধ্বনিত করিয়া কহিতে লাগিলেন ॥ ৩৫ ॥

তৎকালে সেই প্রাচীন কবির কণ্ঠ-বিনিঃসৃতা ভারতী (বাণী) অতি বিশুদ্ধভাবে উচ্চারিতা হওয়াতে বোধ হইল যেন সেই ভারতী চরিতার্থতা লাভ করিল ॥ ৩৬ ॥

সেই ভারতী (বাক্য) তাঁহার শ্বেতদশনপ্রভার সহিত মুখমধ্য হইতে

নির্যাতশেষা চরণাৎ গঙ্গেবোর্দ্ধপ্রবর্ত্তিনী ॥ ৩৭ ॥
জানে বো রক্ষসাক্রান্তাবনুভাবপরাক্রমৌ।
অঙ্গিনাং তমসেবোভৌ গুণৌ প্রথমমধ্যমৌ ॥ ৩৮ ॥
বিদিতং তপ্যমানঞ্চ তেন মে ভুবনত্রয়ম্‌।
অকামোপনতেনেব সাধোর্হৃদয়মেনসা ॥ ৩৯ ॥
কার্য্যেষু চৈককার্য্যত্বাদভ্যর্থ্যোঽস্মি ন বজ্রিণা।

বিগ্রহে পুংবত্তাবো দুর্ঘটএব। ঊর্দ্ধপ্রবর্ত্তিনী ঊর্দ্ধবাহিনী গঙ্গেব বভাবিত্যুৎ-প্রেক্ষা ॥ ৩৭ ॥

যদাহ ভগবান্ তদাহ;—জানইতি। হে দেবাঃ! বো যুষ্মাকম্ অনুভাব-পরাক্রমৌ মহিমপুরুষকারৌ রক্ষসা রাবণেন অঙ্গিনাং শরীরিণাং প্রথম-মধ্যমৌ উভৌ গুণৌ সত্বরজসী তমসেব তমোগুণেনেব আক্রান্তৌ জানে। বাক্যার্থঃ কর্ম্ম ॥ ৩৮ ॥

বিদিতমিতি। কিঞ্চ অকামেন অনিচ্ছয়া উপনতেন প্রমাদাদাগতেন এনসা পাপেন সাধোঃ সজ্জনস্য হৃদয়মিব তেন রক্ষসা তপ্যমানং সন্তপ্য-মানম্। তপেস্তৌবাদিকাৎ কর্ম্মণি শানচ্। ভুবনত্রয়ং মে বিদিতং ময়া জ্ঞায়তইত্যর্থঃ। গতিবুদ্ধীত্যাদিনা বর্ত্তমানে ক্তঃ, ক্তস্য চ বর্ত্তমানইতি ষষ্ঠী ॥ ৩৯ ॥

কার্য্যেম্বিতি। কিঞ্চ, এককার্য্যত্বাদাবয়োঃ এককার্য্যকত্বাদ্ধেতোঃ কার্য্যেষু কর্ত্তব্যার্থেষু বিষয়েষু বজ্রিণেন্দ্রেণ অভ্যর্থ্য ইদং কুর্ব্বিতি প্রার্থনীয়ো নাস্মি,

---

বিনির্গত হওয়াতে বোধ হইল যেন, তাঁহার পাদনিঃসৃতাবশিষ্ট-সুর-তরঙ্গিণী ঊর্দ্ধ-বাহিনী হইয়াছেন ॥ ৩৭ ॥

দেবগণ! যেমন তমোগুণে প্রাণীদিগের সত্ব ও রজোগুণকে আক্রমণ করে, তদ্রূপ রাক্ষস রাবণ তোমাদিগের মহিমা ও পৌরুষ পরাভূত করি-য়াছে, ইহা আমি বিদিত আছি ॥ ৩৮ ॥

অতর্কিত ভাবে উপস্থিত পাপভরে সজ্জনের হৃদয় যেমন দগ্ধ হইতে থাকে, তদ্রূপ সেই নিশাচর রাবণ এ ত্রিলোককে সন্তপ্ত করিতেছে, ইহাও আমি পরিজ্ঞাত আছি ॥ ৩৯ ॥

এই কর্ত্তব্য কার্য্যে ইন্দ্রের যেরূপ মনোনিবেশ করা উচিত, আমারও

স্বয়মেব হি বাতোহগ্নেঃ সারথ্যং প্রতিপদ্যতে ॥ ৪০ ॥
স্বাসিধারাপরিহৃতঃ কামং চক্রস্য তেন মে।
স্থাপিতো দশমো মূৰ্দ্ধা লভ্যাংশ ইব রক্ষসা ॥ ৪১ ॥
স্রষ্টুর্ব্বরাতিসর্গাত্তু ময়া তস্য দুরাত্মনঃ।
অত্যারূঢ়ং রিপোঃ সোঢ়ং চন্দনেনেব ভোগিনঃ ॥ ৪২ ॥

তথা হি বাতঃ স্বয়মেবাগ্নেঃ সারথ্যং সাহায্যং প্রতিপদ্যতে প্রাপ্নোতি ন তু বহ্নিপ্রার্থনয়া ইত্যেবকারার্থঃ। প্রেক্ষাবতাং স্বার্থেষু স্বতএব প্রবৃত্তিঃ ন তু পরপ্রার্থনয়া স্বার্থশ্চায়ং মমাপীত্যর্থঃ ॥ ৪০ ॥

পুরা কিল ত্রিপুরারিপ্রীণনায় স্বশিরাংসি ছিন্দতা দশকন্ধরেণ যদ্দশমং শিরোহবশেষিতং তন্মচ্চক্রার্থমিত্যাহ ;—স্বেতি। স্বাসিধারয়া স্বখড়্গধারয়া পরিহৃতোহচ্ছিন্ন ইত্যর্থঃ। দশমোমূর্দ্ধা মে মম চক্রস্য কামং পর্য্যাপ্তো লভ্যাংশঃ প্রাপ্তব্য ভাগইব তেন রক্ষসা স্থাপিতঃ। সর্ব্বথা তমহং হনিষ্যা-মীত্যর্থঃ ॥ ৪১ ॥

তর্হি কিং প্রাগুপেক্ষিতমত আহ ;—স্রষ্টুরিতি। কিন্তু স্রষ্টুর্ব্রহ্মণো বরাতি-সর্গাৎ বরদানাদ্ধেতোঃ ময়া তস্য দুরাত্মনো রিপোঃ রাবণস্য অত্যারূঢ়মত্যা-রোহণমতিবৃদ্ধিরিত্যর্থঃ। নপুংসকে ভাবে ক্তঃ। ভোগিনঃ সর্পস্যাত্যারূঢ়ং চন্দনেনেব সোঢ়ম্। চন্দনস্যাপি তথা সহনং স্রষ্টুর্নিয়তেরিতি দ্রষ্টব্যম্ ॥ ৪২ ॥

সেইরূপ মনোযোগ করা কর্ত্তব্য; কিন্তু ইন্দ্রের প্রার্থনানুসারেই যে এ কার্য্যে যোগ দিব, তাহা নহে, কারণ বায়ু স্বয়ংই অগ্নির সাহায্য করিয়া থাকে, কিন্তু অগ্নির প্রার্থনার অপেক্ষা করে না ॥ ৪০ ॥

পূর্ব্বে সেই নিশাচর রাবণ, ব্রহ্মাকে প্রসন্ন করিবার নিমিত্ত স্বহস্তে স্বীয় নয়টী মস্তকছেদন করিয়া অনলে আহুতি প্রদান করিয়াছিল, তৎকালে সেই রাক্ষস অবশিষ্ট দশম মস্তক ছেদন না করিয়া যেন আমারই চক্রের লভ্যাংশস্বরূপ রাখিয়া দিয়াছে ॥ ৪১ ॥

যদি বল, দুরাত্মা রাক্ষসের আচরিত সমস্ত অবগত থাকিয়াও কি নিমিত্ত এতকাল তাহাকে উপেক্ষা করিলেন ; তাহার কারণ এই যে, যেমন চন্দনতরু ভুজঙ্গগণের দৌরাত্ম্য সহ্য করে, তদ্রূপ ব্রহ্মা উহাকে বরদান করিয়াছেন বলিয়া, আমিও উহার এই অত্যাচার সহ্য করিয়া আসিতেছি ॥ ৪২ ॥

ধাতারং তপসা প্রীতং যযাচে স হি রাক্ষসঃ।
দৈবাৎ সর্গাদবধ্যত্বং মর্ত্ত্যেষ্বাস্থাপরাঙ্মুখঃ ॥ ৪৩ ॥
সোঽহং দাশরথির্ভূত্বা রণভূমের্ব্বলিক্ষমম্‌।
করিষ্যামি শরৈস্তীক্ষ্ণৈস্তচ্ছিরঃ কমলোচ্চয়ম্‌ ॥ ৪৪ ॥
অচিরাদ্যজ্বভির্ভাগং কল্পিতং বিধিবৎ পুনঃ।

সম্প্রতি বরস্বরূপমাহ ;—ধাতারমিতি। স রাক্ষসস্তপসা প্রীতং সন্তুষ্টং ধাতারং ব্রহ্মাণং মর্ত্ত্যেষু বিষয়ে আস্থাপরাঙ্মুখঃ আদরবিমুখঃ সন্‌ মর্ত্ত্যাননাদৃত্যেত্যর্থঃ দৈবাদষ্টবিধাৎ সর্গাৎ দৈবসৃষ্টেরবধ্যত্বং যযাচে হি ॥ ৪৩ ॥

তর্হি কা গতিরিত্যাশঙ্ক্য মনুষ্যাবতারেণ হনিষ্যামীত্যাহ ;—সোঽহমিতি। সোঽহং দশরথস্য অপত্যং পুমান্‌ দাশরথিঃ। অত ইঞ্‌ ইতি ইঞ্‌ প্রত্যয়ঃ। রামো ভূত্বা তীক্ষ্ণৈঃ শরৈঃ তস্য রাবণস্য শিরাংস্যেব কমলানি তেষামুচ্চয়ং রাশিং রণভূমের্ব্বলিক্ষমং পূজার্হং করিষ্যামি। পুষ্পবিষদা হি পূজেতি ভাবঃ ॥ ৪৪ ॥

অচিরাদিতি। হে দেবাঃ যজ্বভির্যাজ্ঞিকৈঃ বিধিবৎ কল্পিতমুপহৃতং ভাগং হবির্ভাগং মায়াবিভিঃ মায়াবদ্ভিঃ। অস্মায়ামেধাস্রজোবিনিরিতি বিনি-

---

যখন দশানন তপোবলে ব্রহ্মাকে প্রসন্ন করে, তখন তাঁহার নিকটে কেবল দেবগণ হইতে আপনার অবধ্যত্ব প্রার্থনা করে, মনুষ্য দ্বারা যে তাহার কোনরূপ অনিষ্ট হইতে পারে, ইহা তাহার মনেও স্থান প্রাপ্ত হয় নাই ॥ ৪৩ ॥

অতএব এক্ষণে আমি মহীতলস্থ রাজা দশরথের ঔরসে জন্মগ্রহণ করিয়া সুতীক্ষ্ণ শরে তাহার মস্তকরূপ উৎপলপত্র ছেদন করিয়া রণভূমিকে বলিরূপে উপহার দিব ॥ ৪৪ ॥

অতঃপর যাজ্ঞিকগণ বিধিবৎ সংগৃহীত হবির অংশ অবিলম্বেই অধিকার করিবেন, মায়াবী নিশাচরগণ উহার স্বাদ গ্রহণে সমর্থ হইবে না। অর্থাৎ দুর্ম্মতি নিশাচর রাবণ, দেবগণের অবধ্য বলিয়া এ পর্য্যন্ত শক্তি প্রকাশ করিতে সমর্থ হইয়াছে। কিন্তু এক্ষণে সেই দুরাত্মার গুরুভারে পৃথিবী নিপীড়িতা হইয়াছে। সুতরাং উহাকে বধ করিয়া ভূভার হরণ করা অবশ্য কর্ত্তব্য হইয়াছে ; এই নিশাচর নিধন প্রাপ্ত হইলেই যজ্ঞাদি শাস্ত্র-বিহিত

মায়াবিভিরনালীঢ়মাদাস্যধ্বে নিশাচরৈঃ ॥ ৪৫ ॥
বৈমানিকাঃ পুণ্যকৃতস্ত্যজন্তু মরুতাং পথি।
পুষ্পকালোকসংক্ষোভং মেঘাবরণতৎপরাঃ ॥ ৪৬ ॥
মোক্ষ্যধ্বে স্বর্গবন্দীনাং বেণীবন্ধানদূষিতান্।
শাপযন্ত্রিতপৌলস্ত্য-বলাৎকারকচগ্রহৈঃ ॥ ৪৭ ॥
রাবণাবগ্রহক্লান্তমিতি বাগমৃতেন সঃ।

প্রত্যয়ঃ। নিশাচরৈঃ রক্ষোভিরনালীঢ়মনাস্বাদিতং যথা তথা অচিরাৎ পুনরাদাস্যধ্বে গ্রহীষ্যধ্বে ॥ ৪৫ ॥

বৈমানিকাইতি। মরুতাং দেবানাং পথি ব্যোম্নি বৈমানিকাঃ বিমানৈশ্চরন্তীতি। চরতীতি ঠক্প্রত্যয়ঃ। মেঘাবরণতৎপরাঃ রাবণভয়ান্মেঘেষন্তর্দ্ধানতৎপরাঃ পুণ্যকৃতঃ সুকৃতিনঃ পুষ্পকালোকেন যদৃচ্ছয়া রাবণবিমানদর্শনেন যঃ সংক্ষোভঃ ভয়চকিতং তং ত্যজন্তু "সংক্ষোভোভয়চকিত" মিতি শব্দার্ণবঃ ॥ ৪৬ ॥

মোক্ষ্যধ্বেইতি। হে দেবাঃ! যূয়ং শাপেন নলকূবরশাপেন যন্ত্রিতাঃ প্রতিবদ্ধাঃ পৌলস্ত্যস্য রাবণস্য বলাৎকারেণ যে কচগ্রহাঃ কেশাকর্ষাস্তৈরদূষিতানমুপহতান্ স্বর্গবন্দীনাং হৃতস্বর্গাঙ্গনানাং বেণীবন্ধান্ মোক্ষ্যধ্বে। পুরা কিল নলকূবরেণ আত্মানম্ অভিসরন্ত্যা রম্ভয়া বলাৎকারেণ সম্ভোগাৎ ক্রুদ্ধেন দুরাত্মা রাবণঃ সপ্তঃ,—স্ত্রীণাং বলাদ্গ্রহণে মূর্দ্ধা তে শতধা ভবিষ্যতীতি ভারতীয়া কথানুসন্ধেয়া ॥ ৪৭ ॥

রাবণেতি। সঃ কৃষ্ণো বিষ্ণুঃ সএব মেঘঃ নীলমেঘশ্চ, বিশ্রবসোঽপত্যং

ক্রিয়াকলাপের আর কোনরূপ বিঘ্ন ঘটিবে না; সুতরাং দেবতা, ঋষি ও দেবর্ষিগণ নির্ব্বিঘ্নে যজ্ঞীয় হবি পান করিয়া পরিতৃপ্ত হইবেন ॥ ৪৫ ॥

পুণ্যবানেরা ব্যোমযানে আরোহণ পূর্ব্বক গগনমণ্ডলে পরিভ্রমণ কালে রাবণের পুষ্পক রথ অবলোকন পূর্ব্বক সভয়ে মেঘান্তরালে লুক্কায়িত হইতেন, এক্ষণে তাঁহারা সেই ভয় পরিত্যাগ করুন ॥ ৪৬ ॥

দেবগণ! রাবণ, নলকূবরের শাপ-প্রভাবে ক্ষীণশক্তি হইয়া বন্দীভাবে অবস্থিত সুরাঙ্গনাদিগের বেণীবন্ধন গ্রহণ ও দূষিত করিতে সমর্থ হয় নাই, এক্ষণে তোমরা তাহা উন্মোচন করিবে ॥ ৪৭ ॥

সেই নীলজলধর সম ভগবান্ বিষ্ণু, রাবণ প্রভাবে নিতান্ত ক্ষীণকান্তি

অভিবৃষ্য মরুৎশস্যং কৃষ্ণমেঘস্তিরোদধে ॥ ৪৮ ॥

পুরুহূতপ্রভৃতয়ঃ সুরকার্য্যোদ্যতং সুরাঃ ।

অংশৈরনুযযুর্বিষ্ণুং পুষ্পৈর্ব্বায়ুমিব দ্রুমাঃ ॥ ৪৯ ॥

অথ তস্য বিশাম্পত্যুরন্তে কাম্যস্য কর্ম্মণঃ ।

পুমানিতি বিগ্রহে রাবণঃ। বিশ্রবঃশব্দাৎ শিবাদিত্বাদণি বিশ্রবসো বিশ্র-বণরবণাবিত্যন্তর্গণসূত্রেণ বিশ্রবঃশব্দস্য বৃত্তিবিষয়ে রবণাদেশে রাবণইতি সিদ্ধম্। সএবাবগ্রহো বর্ষপ্রতিবন্ধঃ তেন ক্লান্তং ম্লানং মরুতো দেবাএব শস্যং তৎ ইতি এবংরূপেণ বাগমৃতেন বাক্সলিলেন। "অমৃতং যজ্ঞশেষে স্যাৎ পীযূষে সলিলেঽমৃত" মিতি বিশ্বঃ। অভিবৃষ্য অভিষিচ্য তিরোদধে অন্তর্দ্দধে ॥ ৪৮ ॥

পুরুহূতেতি। পুরুহূতপ্রভৃতয়ঃ ইন্দ্রাদ্যাঃ সুরাঃ সুরকার্য্যে রাবণ-বধরূপে উদ্যতং বিষ্ণুম্ অংশৈর্মাত্রাভিঃ দ্রুমাঃ পুষ্পৈঃ স্বাংশৈর্ব্বায়ুমিবানুযযুঃ। সুগ্রীবাদিরূপেণ বানরযোনিষু জাতা ইত্যভিপ্রায়ঃ ॥ ৪৯ ॥

অথেতি। অথ তস্য বিশাংপত্যুঃ দশরথস্য সম্বন্ধিনঃ কামস্য কর্ম্মণঃ পুত্রকামেষ্টেরন্তেঽবসানে অগ্নেঃ পাবকাৎ পুরুষঃ কশ্চিৎ দিব্যঃ পুমান্

দেবগণকে এইরূপে আশ্বাসিত করিয়া অন্তর্দ্ধান (অদৃশ্য) হইলেন। অর্থাৎ যেমন অনাবৃষ্টি প্রভাবে নিতান্ত শুষ্কভাবাপন্ন শস্য সকল বৃষ্টি-বারি দ্বারা সতেজ হইয়া উঠে, তদ্রূপ রাবণ পীড়িত ক্ষীণদ্যোতি দেবগণ ভগবান্ বিষ্ণুর বাক্যামৃতে অভিষিক্ত হইয়া পরিতৃপ্ত হইলেন ॥ ৪৮ ॥

যেমন পাদপ সকল কুসুমদ্বারা সমীরণের অনুসরণ করিয়া থাকে। তদ্রূপ ইন্দ্রাদি দেবগণ স্ব স্ব অংশানুসারে সেই দেবকার্য্য-সাধনে উদ্যত নারায়ণের অনুগমন করিলেন। অর্থাৎ বৃক্ষের অংশ স্বরূপ পুষ্প যেমন বায়ু-ভরে স্খলিত হইয়া বায়ুর সঙ্গে সঙ্গে গমন করে, অথচ বৃক্ষ যথাস্থানেই থাকিয়া যায়, তদ্রূপ ইন্দ্রাদি দেবগণের অংশ অলক্ষিত ভাবে নারায়ণে সংক্রামিত হইয়া তাঁহার সহিত চলিয়া গেল, অথচ ইন্দ্রাদি দেবগণ যথা-স্থানেই থাকিলেন ॥ ৪৯ ॥

এ দিকে মহারাজ দশরথের সেই পুত্রেষ্টি যজ্ঞ সমাপনান্তে এক স্বর্গীয়

পুরুষঃ প্রবভূবাগ্নের্ব্বিস্ময়েন সহর্ত্বিজাম্ ॥ ৫০ ॥
হেমপাত্রগতং দোর্ভ্যামাদধানঃ পয়শ্চরুম্।
অনুপ্রবেশাদাদ্যস্য পুংসস্তেনাপি দুর্ব্বহম্ ॥ ৫১ ॥
প্রাজাপত্যোপনীতং তদন্নং প্রত্যগ্রহীন্নৃপঃ।
বৃষেব পয়সাং সারমাবিষ্কৃতমুদন্বতা ॥ ৫২ ॥
অনেন কথিতা রাজ্ঞো গুণাস্তস্যান্যদুর্লভাঃ।

ঋত্বিজাং বিস্ময়েন সহ প্রবভূব প্রাদুর্ব্বভূব তদাবির্ভাবাত্তেষামপি বিস্ময়োঽভূদিত্যর্থঃ ॥ ৫০ ॥

তমেব পুরুষং বিশিনষ্টি;—হেমপাত্রেতি। আদ্যস্য পুংসোঽনুপ্রবেশাদধিষ্ঠানাদ্ধেতোঃ তেন দিব্যপুরুষেণাপি দুর্ব্বহং চতুর্দ্দশভুবনোদরস্য ভগবতোহরেরতিগরীয়স্ত্বাদ্বোঢুমশক্যং হেমপাত্রগতং পয়সি পক্কং চরুং পয়শ্চরুং পায়সান্নং দোর্ভ্যামাদধানোবহন্। অনল্পাগ্নিভিরুষ্মপক্ক ওদনশ্চরুরিতি যাজ্ঞিকাঃ ॥ ৫১ ॥

প্রাজাপত্যেতি। নৃপো দশরথঃ প্রাজাপত্যেন প্রজাপতিসম্বন্ধিনা পুরুষেণোপনীতং ন তু বশিষ্ঠেন, "প্রাজাপত্যং নরং বিদ্ধি মামিহাভ্যাগতং নৃপ" ইতি রামায়ণাৎ। তদন্নং পায়সান্নম্ উদন্বতোদধিনাবিষ্কৃতং প্রকাশিতং পয়সাং সারমমৃতং বৃষা বাসবইব। "বাসবোবৃত্রহা বৃষে"ত্যমরঃ। প্রত্যগ্রহীৎ স্বীচকার ॥ ৫২ ॥

অনেনেতি। তস্য রাজ্ঞো দশরথস্য অন্যৈর্দুর্লভাঃ অসাধারণাঃ গুণাঃ

পুরুষ পায়সান্নযুক্ত স্বর্ণপাত্র গ্রহণ পূর্ব্বক হুতাশন মধ্য হইতে সহসা উত্থিত হইলেন ॥ ৫০ ॥

সেই পায়সান্নে ভগবান্ বিষ্ণুর অধিষ্ঠান বশতঃ সেই হেমপাত্রবহনকারী দিব্য পুরুষ, হস্তদ্বয়ে পাত্র গ্রহণ করিয়া গুরুভারে ক্লেশ অনুভব করিতে লাগিলেন ॥ ৫১ ॥

অনন্তর যেমন দেবরাজ ইন্দ্র রত্নাকর প্রদত্ত অমৃত গ্রহণ করিয়াছিলেন, তদ্রূপ মহারাজ দশরথ প্রজাপতি-প্রেরিত পুরুষ কর্ত্তৃক আনীত পায়সান্ন গ্রহণ করিলেন ॥ ৫২ ॥

জগৎপাবন বিশ্বস্রষ্টা নারায়ণ যখন মহারাজ দশরথের ঔরসে জন্মগ্রহণ

প্রসূতিং চকমে তস্মিন্ ত্রৈলোক্যপ্রভবোঽপি যৎ ॥ ৫৩ ॥
স তেজো বৈষ্ণবং পত্ন্যোর্ব্বিভেজে চরুসংজ্ঞিতম্।
দ্যাবাপৃথিব্যোঃ প্রত্যগ্রমহর্পতিরিবাতপম্ ॥ ৫৪ ॥
অর্চ্চিতা তস্য কৌশল্যা প্রিয়া কেকয়বংশজা।

অনেন কথিতাঃ যদযস্মাৎ ত্রয়োলোকাস্ত্রৈলোক্যং চাতুর্ব্বর্ণ্যাদিত্বাৎ স্বার্থে ষ্যঞ্। তস্য প্রভবঃ কারণং বিষ্ণুরপি তস্মিন্ রাজ্ঞি প্রসূতিমুৎপত্তিং চকমে কামিতবান্। ত্রিভুবনকারণস্যাপি কারণমিতি পরমাবধিগুণসমাশ্রয়ইত্যর্থঃ ॥ ৫৩ ॥

সইতি। স নৃপঃ চরুসংজ্ঞাস্য সঞ্জাতা চরুসংজ্ঞিতং বৈষ্ণবং তেজঃ পত্ন্যোঃ কৌশল্যাকৈকয্যোঃ দ্যৌশ্চ পৃথিবী চ দ্যাবাপৃথিব্যৌ। দিবসশ্চ পৃথিব্যামিতি চকারাদ্দিবশব্দস্য দ্যাবাদেশঃ। তয়োর্দ্যাবাপৃথিব্যোঃ অহ্নঃ পতিরহর্পতিঃ। অহরাদীনাং পত্যাদিষু বা রেফঃ ইত্যুপসংখ্যানাদ্বৈকল্পিকোরেফস্য রেফাদেশোবিসর্গাপবাদঃ। প্রত্যগ্রমাতপং বালাতপমিব বিভেজে বিভজ্য দদাবিত্যর্থঃ ॥ ৫৪ ॥

পত্নীত্রয়ে সতি দ্বয়োরেব বিভাগে কারণমাহ;—অর্চ্চিতেতি। তস্য রাজ্ঞঃ, কৌ পৃথিব্যাং সলতি গচ্ছতীতি কোসলঃ। সল গতৌ পচাদ্যচ্ কুশব্দস্য পৃষোদরাদিত্বাদ্গুণঃ। কোসলস্য রাজ্ঞোঽপত্যং স্ত্রী কৌসল্যা। বৃদ্ধেৎকোসলজাদাঞ্ঞ্যঙিতি ঞ্যঙ্, যঙশ্চাবিতি চাপ্। অতএব সূত্রে

করিতে অভিলাষ করিয়াছেন, তখন নরদেব দশরথের অনন্যসাধারণ গুণগ্রামের বিষয় আর বিশেষ করিয়া বর্ণন করিবার প্রয়োজন নাই ॥ ৫৩ ॥

যেমন দিবাকর ভূমণ্ডলে ও নভোমণ্ডলে স্বকীয় তরুণ কিরণ বিভাগ করিয়া দেন, তদ্রূপ রাজা দশরথ বৈষ্ণবতেজ-স্বরূপ সেই পায়সান্ন কৌশল্যা ও কৈকয়ীকে বিভাগ করিয়া দিলেন। অর্থাৎ মহারাজ দশরথ যজ্ঞলব্ধ চরু নামক বিষ্ণুর তেজ কৌশল্যা ও কৈকয়ীকে সমভাগে বিভক্ত করিয়া দিলেন ॥ ৫৪ ॥

কৌশল্যা তাঁহার প্রধানা মহিষী এবং কৈকয়ী প্রেয়সী ছিলেন, এই নিমিত্ত তিনি তাহাদিগের দ্বারা সুমিত্রাকে সেই পায়সান্নের অংশ প্রদানপূর্ব্বক সম্মানিতা করিতে অভিলাষী হইলেন। অর্থাৎ মহারাজ দশরথ মহিষীত্রয় বিদ্যমানে দুই মহিষীকে চরু দান করিলেন, ইহার কারণ এই যে,

অতঃ সম্ভাবিতাং তাভ্যাং সুমিত্রাবৈচ্ছদীশ্বরঃ ॥ ৫৫ ॥
তে বহুজ্ঞস্য চিত্তজ্ঞে পত্ন্যৌ পত্যুর্ম্মহীক্ষিতঃ।

নির্দ্দেশাৎ কোসলশব্দোদন্ত্যসকারমধ্যকঃ। (কৌ পৃথিব্যাং সলতি গচ্ছতীতি ব্যুৎপত্ত্যা কোসলশব্দেন রাজা কথিতঃ, তস্যাপত্যং স্ত্রী এতদর্থক-ঞ্চপ্রত্যয়েন মল্লিনাথেন দন্ত্যসকারমধ্যক-কোসল্যাপদং নিষ্পাদিতম্। অপরকৃত-বহুটীকায়াং তালব্যশকারমধ্যক কৌশল্যাপদদর্শনাৎ অস্মিন্ গ্রন্থে নবমসর্গে সাক্ষাৎ সরস্বতী-পুত্র-কালিদাসীয়ে "মগধ-কোশল-কেকয়শাসিনাং দুহিতর" ইতি শ্লোকে চ তালব্যশকারমধ্যক-কৌশল্যাপদ-ব্যুৎপত্তিদর্শনাচ্চ তদ্বিরুদ্ধাধুনিক-মল্লিনাথকৃত-দন্ত্যসকারমধ্যক-কৌসল্যাপদ-নির্দ্দেশো যুক্তিবিরুদ্ধ ইতি সুধীভির্ভাব্যম্। কৌ পৃথিব্যাং সলতি গচ্ছতীতি ব্যুৎপত্ত্যা যৎ কোসলপদং নিষ্পাদ্য তস্যাপত্যং স্ত্রীত্যর্থে ঞ্চপ্রত্যয়েন কৌসল্যাপদং নিষ্পাদিতং, তৎপক্ষে কাচিদপি যুক্তি র্ন দৃশ্যতে, যুক্ত্যভাবে হেতুস্ত উচ্যতে কৌ পৃথিব্যাং গমনং মনুষ্যাদিপশু-সাধারণং; তেন ন রাজমাত্রং প্রতীয়তে। উক্ত যোগার্থেন রূঢ্যর্থেন বা রাজমাত্রানবগমাৎ দেশবিশেষবাচক-তালব্যশকারমধ্যক-কোশলপদস্য তু দেশবাচকত্বং রাজবাচকত্বঞ্চ সর্ব্ববাদিসিদ্ধং আম্রাদি শব্দবৎ। অতো তালব্যশকারমধ্যক-কৌশল্যাপদং কালিদাস-শ্লোকপ্রাপ্তং পরিত্যজ্য আধুনিক-নির্যৌক্তিক-মল্লিনাথ-ব্যাখ্যাসিদ্ধ-দন্ত্যসকারমধ্যক-কৌসল্যাপদ-নির্ণয়ঃ কথঞ্চিদপি সুধিয়াং হৃদ্যো ন ভবতীতি জ্ঞাতব্যম্।) অর্চ্চিতা জ্যেষ্ঠা মান্যা, কেকয়বংশজা কৈকয়ী প্রিয়া ইষ্টা অতোহেতোরীশ্বরোভর্ত্তা নৃপঃ সুমিত্রাং তাভ্যাং কৌশল্যাকৈকয়ীভ্যাং সম্ভাবিতাং ভাগদানেন মানিতাম্ ঐচ্ছদিচ্ছতিস্ম। এবঞ্চ সামান্যং তিসৃণাঞ্চ ভাগপ্রাপণমিতি রাজ্ঞি উচিতজ্ঞতা কৌশলঞ্চ লভ্যতে ॥ ৫৫ ॥

তে ইতি। বহুজ্ঞস্য সর্ব্বজ্ঞস্য উচিতজ্ঞস্যেত্যর্থঃ পত্যুর্ম্মহীক্ষিতঃ ক্ষিতীশ্বরস্য

কৌশল্যা জ্যেষ্ঠা মহিষী এবং কৈকয়ী প্রিয় মহিষী ছিলেন, সুতরাং কৌশল্যা ও কৈকয়ী ইহারা স্বীয় স্বীয় ভাগ হইতে চরুর অংশ অবশ্যই প্রিয়সখী সুমিত্রাকে প্রদান করিবে, এজন্য তিনি আর চরু তিনভাগ করিয়া দিলেন না; রাজা দশরথ এই উপযুক্ত কৌশল অবলম্বন করিয়া প্রকৃত বুদ্ধিমত্তার পরিচয় দিয়াছিলেন ॥ ৫৫ ॥

চরোরর্দ্ধার্দ্ধভাগাভ্যাং তামযোজয়তামুভে ॥ ৫৬ ॥
সা হি প্রণয়বত্যাসীৎ সপত্ন্যোরুভয়োরপি।
ভ্রমরী বারণস্যেব মদনিস্যন্দরেখয়োঃ ॥ ৫৭ ॥
তাভির্গর্ভঃ প্রজাভূত্যৈ দধ্রে দেবাংশসম্ভবঃ।

বিশেষণত্রয়েণ রাজ্ঞোঽনুসরণীয়তামাহ। চিত্তজ্ঞে অভিপ্রায়জ্ঞে তে উভে পত্ন্যৌ কৌশল্যাকৈকয্যৌ চরোর্যাবর্দ্ধভাগৌ সমভাগৌ তয়োর্যাবর্দ্ধৌ তৌ চ তৌ ভাগৌ চেত্যর্দ্ধভাগৌ একদেশৌ তাভ্যামর্দ্ধার্দ্ধভাগাভ্যাম্। "পুংস্যর্দ্ধোঽর্দ্ধং সমেঽংশকে" ইত্যমরঃ। তাং সুমিত্রামযোজয়তাং যুক্তাঞ্চক্রতুঃ। অয়ঞ্চ বিভাগো ন রামায়ণসংবাদী। তত্র চরোরর্দ্ধং কৌশল্যায়ৈ অবশিষ্টার্দ্ধং কৈকয্যৈ শিষ্টং পুনঃ সুমিত্রায়াইত্যভিধানাৎ। কিন্তু পুরাণান্তরসংবাদো দ্রষ্টব্যঃ উক্তঞ্চ নারসিংহে "তে পিণ্ডপ্রাশনে কালে সুমিত্রায়ৈ মহীপতেঃ। পিণ্ডাভ্যামল্পমল্পন্তু স্বভগিন্যৈ প্রযচ্ছত" ইতি। এবমন্যত্রাপি বিরোধে পুরাণান্তরাৎ সমাধাতব্যম্ ॥ ৫৬ ॥

নচৈবং সত্যপীর্ষ্যা স্যাদিত্যাহ;—সা হীতি। সা সুমিত্রা উভয়োরপি সমান একঃ পতির্যয়োঃ তয়োঃ সপত্ন্যোঃ। নিত্যং সপত্ন্যাদিম্বিতি ঙীপ্ নকারাদেশশ্চ। ভ্রমরী ভৃঙ্গাঙ্গনা বারণস্য গজস্য মদনিস্যন্দরেখয়োরিব গণ্ডদ্বয়গতয়োরিতি ভাবঃ। প্রণয়বতী প্রেমবতী আসীৎ। সপত্ন্যোরিত্যত্র সমাসান্তর্গতস্য পত্যুরুপমানং বারণস্যেতি ॥ ৫৭ ॥

তাভিরিতি। তাভিঃ কৌশল্যাদিভিঃ প্রজানাং ভূত্যৈ অভ্যুদয়ায় দেবস্য বিষ্ণোরংশঃ সম্ভবঃ কারণং যস্য স গর্ভঃ সূর্য্যস্যেমা সৌর্য্যঃ তাভিঃ সৌরীভিঃ। সূর্য্যতিষ্যেত্যুপধায়যকারস্য লোপঃ। অমৃতাইত্যাখ্যা যাসাং তাভিঃ জলবহন-

---

তখন কৌশল্যা ও কৈকয়ী সেই সর্ব্বজ্ঞ রাজা দশরথের মনোগত ভাব অবগত হইয়া স্ব স্ব পায়সান্নের অর্দ্ধাংশ সুমিত্রাকে প্রদান করিলেন ॥ ৫৬ ॥

যেমন মধুকরী মাতঙ্গের গণ্ডযুগলবাহিনী মদধারার প্রণয়-ভাগিনী হইয়া থাকে, তদ্রূপ সুমিত্রা সেই সপত্নীদ্বয়ের (কৌশল্যা ও কৈকয়ীর) অত্যন্ত প্রণয়পাত্রী ছিলেন ॥ ৫৭ ॥

যেমন সূর্য্যের অমৃতাখ্যা নাড়ী সকল (রশ্মিজাল) জলময় গর্ভধারণ করে, তদ্রূপ কৌশল্যা, কৈকয়ী ও সুমিত্রা; এই তিন রাজমহিষী প্রজার উন্নতির নিমিত্ত দেবাংশসম্ভূত গর্ভধারণ করিলেন। অর্থাৎ তপন কিরণ

সৌরীভিরিব নাড়ীভিরমৃতাখ্যাভিরম্ময়ঃ ॥ ৫৮ ॥
সমমাপন্নসত্বাস্তা রেজুরাপাণ্ডুরত্বিষঃ।
অন্তর্গতফলারম্ভাঃ শস্যানামিব সম্পদঃ ॥ ৫৯ ॥
গুপ্তং দদৃশুরাত্মানং সর্ব্বাঃ স্বপ্নেষু বামনৈঃ।
জলজাসিগদাশার্ঙ্গচক্রলাঞ্ছিতমূর্ত্তিভিঃ ॥ ৬০ ॥

সাম্যাৎ নাড়ীভিরিব নাড়ীভিঃ বৃষ্টিবিসর্জ্জনীভিঃ দীধিতিভিঃ অপাং বিকারঃ অম্ময়ো জলময়োগর্ভইব দধ্রে ধৃতঃ জাতাবেকবচনং গর্ভা দধিরে ইত্যর্থঃ। অত্র যাদবঃ "তাসাং শতানি চত্বারি রশ্মীনাং বৃষ্টিসর্জ্জনে। শতত্রয়ং হিমোৎসর্গে তাবদ্গর্ভস্য সর্জ্জনে। আনন্দাশ্চ হি মেধ্যাশ্চ ভূতনাঃ পূতনা" ইতি। চতুঃশতং বৃষ্টিবাহাঃ তাঃ সর্ব্বা অমৃতাঃ স্ত্রিয় ইতি ॥ ৫৮ ॥

সমমিতি। সমং যুগপদাপন্নাঃ গৃহীতাঃ সত্বাঃ যাভিস্তাঃ আপন্নসত্বাঃ গর্ভিণ্যঃ। "আপন্নসত্বা স্যাদ্গুর্বিণ্যন্তর্ব্বত্নী চ গর্ভিণী"ত্যমরঃ। অতএব আপাণ্ডুরত্বিষঃ পাণ্ডুরবর্ণাঃ তাঃ রাজপত্ন্যঃ অন্তর্গতাঃ ফলারম্ভাঃ ফলপ্রাদুর্ভাবাঃ যাসাং তাঃ, শস্যানাং সম্পদইব রেজুঃ বভুঃ ॥ ৫৯ ॥

সম্প্রতি তাসাং স্বপ্নদর্শনমাহ;—গুপ্তমিতি। সর্ব্বাস্তাঃ স্বপ্নেষু জলজঃ শঙ্খঃ জলজাসিগদাশার্ঙ্গচক্রৈঃ লাঞ্ছিতা মূর্ত্তয়ো যেষাং তৈ র্বামনৈঃ হ্রস্বৈঃ পুরুষৈঃ গুপ্তং রক্ষিতম্ আত্মানং স্বরূপং দদৃশুঃ ॥ ৬০ ॥

প্রভাবে জলীয়াংশ বাষ্পাকারে পরিণত হইয়া ঊর্দ্ধে উন্নীত হয়, সেই বাষ্প শীতল বায়ুর সংস্পর্শে মেঘরূপে পরিণত হইয়া বায়ুর উপরে ভাসমান থাকে; ইহাকেই অমৃতানাম্নী সূর্য্যকিরণ-রাজির গর্ভ বলা যাইতে পারে; সুতরাং এস্থলে সূর্য্যকিরণরাজির গর্ভধারণের সহিত কৌশল্যা প্রভৃতির গর্ভধারণের সামঞ্জস্য আছে বলিয়াই, এস্থলে কবি কালিদাস মেঘের অবতারণা করিয়াছেন ॥ ৫৮ ॥

তৎকালে রাজমহিষীগণ এককালে সসত্বা ও পাণ্ডুবর্ণা হইয়া ফলগর্ভ শস্য সম্পত্তির ন্যায় শোভাধারণ করিলেন ॥ ৫৯ ॥

অনন্তর একদা তাঁহারা স্বপ্নযোগে দেখিলেন যে, কতিপয় খর্ব্বাকার পুরুষ শঙ্খ, চক্র, গদা, খড়্গ ও ধনু ধারণ করিয়া তাঁহাদিগকে রক্ষা করিতেছেন ॥ ৬০ ॥

হেমপক্ষপ্রভাজালং গগনে চ বিতন্বতা।
উহ্যমানস্ম সুপর্ণেন বেগাকৃষ্টপয়োমুচা॥ ৬১ ॥
বিভ্রত্যা কৌস্তুভন্যাসং স্তনান্তরবিলম্বিনম্।
পর্য্যুপাস্যন্ত লক্ষ্ম্যা চ পদ্মব্যজনহস্তয়া॥ ৬২ ॥
কৃতাভিষেকৈর্দিব্যায়াং ত্রিস্রোতসি চ সপ্তভিঃ।
ব্রহ্মর্ষিভিঃ পরং ব্রহ্ম গৃণদ্ভিরুপতস্থিরে॥ ৬৩ ॥
তাভ্যস্তথাবিধান্ স্বপ্নান্ শ্রুত্বা প্রীতো হি পার্থিবঃ।

হেমেতি। কিঞ্চেতি চার্থঃ। হেম্নঃ সুবর্ণস্য পক্ষাণাং প্রভাজালং কান্তি-পুঞ্জং বিতন্বতা বিস্তারয়তা বেগেনাকৃষ্টাঃ পয়োমুচোমেঘাঃ যেন তেন সুপর্ণেন গরুত্মতা গগনে তা উহ্যমানস্ম উঢ়াঃ॥ ৬১॥

বিভ্রত্যেতি। কিঞ্চ স্তনয়োরন্তরে মধ্যে বিলম্বিনং লম্বমানং ন্যস্যতইতি ন্যাসঃ কৌস্তুভ এব ন্যাসস্তং পত্যা ন্যস্তং কৌস্তুভমিত্যর্থঃ বিভ্রত্যা পদ্মমেব ব্যজনং হস্তে যস্যাঃ তয়া লক্ষ্ম্যা পর্য্যুপাস্যন্ত উপাসিতাঃ॥ ৬২॥

কৃতেতি। কিঞ্চ দিবি ভবায়াং দিব্যায়াং ত্রিস্রোতসি আকাশগঙ্গায়াং কৃতাভিষেকৈঃ কৃতাবগাহৈঃ পরং ব্রহ্ম বেদরহস্যং গৃণদ্ভিঃ পঠদ্ভিঃ সপ্তভিঃ ব্রহ্মর্ষিভিঃ কশ্যপপ্রভৃতিভিরুপতস্থিরে উপাসনাঞ্চক্রিরে॥ ৬৩॥

তাভ্য ইতি। পার্থিবোদশরথস্তাভ্যঃ পত্নীভ্যঃ। আখ্যাতোপযোগ-ইত্যপাদানত্বাৎ পঞ্চমী। তথাবিধান্ উক্তপ্রকারান্ স্বপ্নান্ শ্রুত্বা প্রীতঃ সন্

আরও দেখিলেন, পক্ষিরাজ গরুড় মেঘমালা আকর্ষণ ও গগনমণ্ডলে স্বর্ণময় পক্ষের প্রভা-বিস্তারপূর্ব্বক তাঁহাদিগকে বহন করিতেছে॥ ৬১॥

লক্ষ্মী স্তনদ্বয়ের মধ্যবর্ত্তীস্থানে বিলম্বিত কৌস্তুভমণি ধারণপূর্ব্বক পক্ষ-ব্যজন বীজনকরত তাঁহাদিগের শুশ্রূষা করিতেছেন॥ ৬২॥

আরও দেখিলেন কশ্যপ প্রভৃতি ব্রহ্মর্ষিগণ মন্দাকিনীতে স্নান করিয়া বেদোচ্চারণ পূর্ব্বক তাঁহাদিগের উপাসনা করিতেছেন॥ ৬৩॥

রাজা দশরথ মহিষীদিগের নিকটে এইরূপ স্বপ্ন বৃত্তান্ত কর্ণগোচর করিয়া জগৎপিতা বিষ্ণুর পিতা হইলেন বলিয়া আপনাকে সর্ব্বোৎকৃষ্ট বলিয়া মনে করিলেন। অর্থাৎ অভিজ্ঞ দশরথ মহিষীদিগের স্বপ্ন বৃত্তান্ত অবগত হইয়া জগদ্‌গুরু বিষ্ণুর পিতা হইবেন বলিয়া আপনাকে অসাধারণ সৌভাগ্যশালী

মেনে পরার্দ্ধ্যমাত্মানং গুরুত্বেন জগদ্‌গুরোঃ ॥ ৬৪ ॥

আত্মানং জগদ্‌গুরোর্বিষ্ণোরপি গুরুত্বেন হেতুনা পরার্দ্ধ্যং সর্ব্বোৎকৃষ্টং মেনে হি ॥ ৬৪ ॥

বলিয়া মনে করিলেন। এস্থলে বিচার্য্য বিষয় এই যে, স্বপ্নে যাহা কিছু লক্ষিত হয়, তাহা কখনও সত্য হইতে পারে না; কারণ যাহা কিছু অবলোকন করা যায় ও শ্রুত হওয়া যায় এবং অনুভব, প্রার্থনা ও কল্পনা করা যায়; তাহাই নিদ্রিত হইয়া সময়ে সময়ে দেখা গিয়া থাকে। এতদ্ভিন্ন বাত, পিত্ত ও কফ দুষিত হইলেও নানাবিধ বিষয় স্বপ্নে দেখিতে পাওয়া যায়। অতএব ইহা দ্বারা সপ্রমাণিত হইতেছে যে, স্বপ্নবৃত্তান্ত সফল হইতে পারে না। তবে বিজ্ঞতম দশরথ কি সূত্র বা প্রমাণ অবলম্বন করিয়া স্বপ্ন বৃত্তান্ত যথার্থ বলিয়া অবধারণ করিলেন। এ বিষয়ে শারীর-তত্ত্ববিৎ মহর্ষি চরক বলেন "অল্প নিদ্রাবস্থায় ইন্দ্রিয়গণের চালক মন দ্বারা প্রাণিগণ সফল ও নিষ্ফল বহুবিধ স্বপ্ন দেখিয়া থাকে। সেই স্বপ্ন সাত প্রকার যথা;—দৃষ্ট, শ্রুত, অনুভূত, প্রার্থিত, কল্পিত, প্রবল বাতাদি দোষজ এবং ভাবিক। তন্মধ্যে দৃষ্ট, শ্রুত, অনুভূত, প্রার্থিত ও কল্পিত স্বপ্ন নিষ্ফল; কারণ, যাহা জাগ্রত অবস্থায় দেখা যায়, শুনা যায় ও অনুভবাদি করা যায়, তাহাই নিদ্রিতাবস্থায় স্বপ্নরূপে অনুভূত হইয়া থাকে। আর বিকৃত বাতাদি দোষজনিত স্বপ্ন দ্বারা শারীরিক অশুভ লক্ষণ সূচিত হয়। শেষোক্ত সপ্তম ভাবিক স্বপ্ন, ভাবী শুভাশুভ ফলসূচক স্বপ্ন বলিয়া অভিহিত হয়।

পূর্ব্বোক্ত পাঁচ প্রকার স্বপ্ন এবং দিবা স্বপ্ন, অতি হ্রস্ব ও অতি দীর্ঘ স্বপ্ন নিষ্ফল বলিয়া জানিবে। যে স্বপ্ন প্রথম রাত্রে দৃষ্ট হয়, তাহার ফল অতি অল্প এবং যে স্বপ্ন রাত্রি শেষে দেখিয়া নিদ্রাভঙ্গ হইলে পুনঃ নিদ্রাবেশ না হয়, সেই স্বপ্নই মহাফলপ্রদ হইয়া থাকে।

যে সুস্থ ব্যক্তি স্বপ্নে অশুভ বা সৌম্য ও শুভাকার স্বপ্ন দর্শন করে, সেই স্বপ্ন নিশ্চয়ই সফল হইয়া থাকে।

আয়ুর্বিজ্ঞানবিদ্‌ মহর্ষি চরকোপদিষ্ট বিষয়, প্রণিধান পূর্ব্বক বিবেচিত হইলে, তদ্দ্বারা সুস্পষ্টই পরিলক্ষিত হইবে যে, কৌশল্যা প্রভৃতি মহিষীগণ যে শুভস্বপ্ন দর্শন করিয়াছিলেন, তাহা অবশ্যই ভাবী শুভসূচক স্বপ্ন; সুতরাং উহা শাস্ত্রানুমত বলিয়া বিদ্বান্‌ দশরথ তাহাতে বিশ্বাস স্থাপন পূর্ব্বক আনন্দিত হইলেন।

বিভক্তাত্মা বিভুস্তাসামেকঃ কুক্ষিষ্বনেকধা।
উবাস প্রতিমাচন্দ্রঃ প্রসন্নানামপামিব ॥ ৬৫ ॥
অথাগ্র্যমহিষী রাজ্ঞঃ প্রসূতিসময়ে সতী।

বিভক্তেতি। একঃ একরূপোবিভুর্বিষ্ণুঃ তাসাং রাজপত্নীনাং কুক্ষিষু গর্ভেষু, প্রসন্নানাং নির্ম্মলানামপাং কুক্ষিষু প্রতিমাচন্দ্রঃ প্রতিবিম্বচন্দ্র ইব অনেকধা বিভক্তাত্মা সন্ উবাস ॥ ৬৫ ॥

অথেতি। অথ রাজ্ঞো দশরথস্য সতী পতিব্রতা অগ্র্যা চাসৌ মহিষী চাগ্র্যমহিষী কৌশল্যা প্রসূতিসময়ে প্রসূতিকালে, ওষধির্নক্তং রাত্রিসময়ে তমোঽপহন্তীতি তমোপহম্। অপে ক্লেশতমসোরিতি ডপ্রত্যয়ঃ। জ্যোতিরিব তমোপহং তমোনাশকরং পুত্রং লেভে প্রাপ। (যদুক্তং বাল্মীকিনা "ততো যজ্ঞে সমাপ্তে তু ঋতূনাং ষট্‌সমত্যযুঃ। ততশ্চ দ্বাদশে মাসে চৈত্রে নাবমিকে তিথৌ। নক্ষত্রেঽদিতি-দৈবত্যে স্বোচ্চসংস্থেষু পঞ্চসু। গ্রহেষু কর্কটে লগ্নে বাক্‌পতা বিন্দুনা সহ। প্রোদ্যমানে জগন্নাথং সর্ব্বলোকনমস্কৃতং। কৌশল্যা জনয়দ্রামং দিব্যলক্ষণসংযুতং। বিষ্ণোরর্দ্ধং মহাভাগং পুত্রমৈক্ষ্বাকুনন্দনম্। লোহিতাক্ষং মহাবাহুং রক্তোষ্ঠং দুন্দুভিস্বনম্"। তথেত্যাদীনামন্বয়মর্থঃ ;—

কেহ কেহ বলিয়া থাকেন যে, ব্যাধি-পীড়িত, শোকার্ত্ত, চিন্তাগ্রস্ত ও দুরাকাঙ্ক্ষ ব্যক্তির স্বপ্ন নিরর্থক হইয়া থাকে। পতিপরায়ণা রাজমহিষীদিগের পক্ষে উল্লিখিত কারণের কিছুমাত্র বিদ্যমান ছিল না ; সুতরাং স্বপ্ন বিশ্বাস-যোগ্য না হইবার কোন কারণই লক্ষিত হয় নাই ॥ ৬৪ ॥

বিষ্ণু চারি অংশে বিভক্ত হইয়া স্বচ্ছসলিলমধ্যে প্রতিবিম্বিত শশাঙ্কের ন্যায় রাজমহিষীদিগের কুক্ষিমধ্যে বাস করিতে লাগিলেন ॥ ৬৫ ॥

অনন্তর যেমন রজনীযোগে ওষধি অন্ধকারনাশক জ্যোতি প্রসব করে, তদ্রূপ দশরথের প্রধান মহিষী পতিব্রতা কৌশল্যা, যথাসময়ে এক পুত্র প্রসব করিলেন। অর্থাৎ পায়সান্ন ভোজনের পর ছয় ঋতু অতীত ও দ্বাদশ মাস পূর্ণ হইলে চৈত্রমাসের নবমী তিথিতে পুনর্ব্বসু নক্ষত্রে, রবি, মঙ্গল, শনি, শুক্র ও গুরু এই পঞ্চগ্রহের মেষ, মকর, তুলা, কর্কট ও মীন, এই পঞ্চ রাশিতে সঞ্চার এবং বৃহস্পতি চন্দ্রের সহিত কর্কট রাশিতে উদিত হইলে রাজমহিষী কৌশল্যা বিষ্ণুর অর্দ্ধাংশভূত, সর্ব্বলোকনমস্কৃত, দিব্যলক্ষণাক্রান্ত

পুত্রং তমোপহং লেভে নক্তং জ্যোতিরিবৌষধিঃ ॥ ৬৬ ॥
রামইত্যভিরামেণ বপুষা তস্য চোদিতঃ।
নামধেয়ং গুরুশ্চক্রে জগৎপ্রথমমঙ্গলম্ ॥ ৬৭ ॥
রঘুবংশপ্রদীপেন তেনাপ্রতিমতেজসা।
রক্ষাগৃহগতা দীপাঃ প্রত্যাদিষ্টা ইবাভবন্ ॥ ৬৮ ॥
শয্যাগতেন রামেণ মাতা শাতোদরী বভৌ।
সৈকতাম্ভোজবলিনা জাহ্নবীব শরৎকৃশা ॥ ৬৯ ॥

অদিতি-দৈবত্যে পুনর্ব্বসৌ। পঞ্চসু রবি-ভৌম-শনি-গুরু-শুক্রেষু। উচ্চসংস্থেষু মেষ-মকর-তুলা-কর্কট-মীনস্থেষু। সচন্দ্রগুরৌ কর্কটলগ্নে স্থিতে সতি) ॥ ৬৬ ॥

রামইতি। অভিরমতে অত্রেতি অভিরামং মনোহরম্। অধিকরণার্থে ঘঞ্। তেন বপুষা চোদিতঃ প্রেরিতো গুরুঃ পিতা দশরথঃ তস্য পুত্রস্য জগতাং প্রথমং মঙ্গলং সুলক্ষণং রামইতি নামধেয়ং চক্রে। অভিরামত্বমেব রামশব্দপ্রবৃত্তিনিমিত্তমিত্যর্থঃ ॥ ৬৭ ॥

রঘ্বিতি। রঘুবংশস্য প্রদীপেন প্রকাশকেন অপ্রতিমতেজসা তেন রামেণ রক্ষাগৃহগতাঃ সূতিকাগৃহগতাঃ দীপাঃ প্রত্যাদিষ্টাঃ প্রতিবদ্ধা ইব অভবন্। মহাদীপসমীপে নাল্পাঃ স্ফুরন্তীতি ভাবঃ ॥ ৬৮ ॥

শয্যেতি। শাতোদরী গর্ভমোচনাৎ কৃশোদরী মাতা শয্যাগতেন রামেণ সৈকতে পুলিনে যোঽম্ভোজবলিঃ পদ্মোপহারস্তেন শরদি কৃশা জাহ্নবী গঙ্গেব বভৌ ॥ ৬৯ ॥

মহাভাগ, মহাবাহু, রক্তৌষ্ঠ, আরক্তলোচন, দশরথের আনন্দবর্দ্ধন, দুন্দুভি-তুল্য গম্ভীরস্বর, জগতের অধীশ্বর রামকে প্রসব করিলেন ॥ ৬৬ ॥

পিতা দশরথ পুত্রের মনোহর শরীর-সৌন্দর্য্য সন্দর্শন করিয়া জগতের প্রথম মঙ্গলভূত "রাম" এই নাম রাখিলেন। অর্থাৎ রাম জন্মগ্রহণ করিলে একাদশ দিবস অতীতে তাঁহার নামকরণ হইল ॥ ৬৭ ॥

তৎকালে (কৌশল্যানন্দন ভূমিষ্ঠ হইলে) রঘুকুল-প্রদীপ নবজাত শিশুর অলৌকিক তেজঃপুঞ্জপ্রভাবে সূতিকা গৃহস্থিত প্রদীপ সকল যেন প্রভাশূন্য হইল ॥ ৬৮ ॥

তখন সূতিকা-গৃহে শয্যাশায়ী অভিনবজাত শিশু কর্ত্তৃক কৃশোদরী

কৈকেয্যাস্তনয়ো জজ্ঞে ভরতো নাম শীলবান্ ।
জনয়িত্রীমলঞ্চক্রে যঃ প্রশ্রয়ইব শ্রিয়ম্ ॥ ৭০ ॥
সুতৌ লক্ষ্মণশত্রুঘ্নৌ সুমিত্রা সুষুবে যমৌ ।

কৈকেয্যাইতি। কেকয়স্য রাজ্ঞোঽপত্যং স্ত্রী কৈকেয়ী। তস্যাপত্যমিত্যণি কৃতে কেকয়মিত্রয়ুপ্রলয়ানাং যাদেরিয় ইতীয়াদেশঃ। তস্যাঃ ভরতোনাম শীলবান্ তনয়ো জজ্ঞে জাতঃ, যস্তনয়ঃ প্রশ্রয়োবিনয়ঃ শ্রিয়মিব জনয়িত্রীং মাতরমলঞ্চক্রে। (অত্র যদুক্তং বাল্মীকিনা,—"পুষ্যে জাতস্তু ভরতো মীনলগ্নে প্রসন্নধীঃ। সর্পে জাতৌ তু সৌমিত্রী কুলীরেঽভ্যুদিতে রবৌ"। পুষ্যে ইত্যাদি বচনস্যায়মর্থঃ—সর্পঃ অশ্লেষা। কুলীরঃ কর্কটঃ। অভ্যুদিতে ইত্যস্য উচ্চস্থে ইত্যর্থঃ। সৌমিত্রীতি দ্বিবচনেন তয়োর্যমজত্বং সূচ্যতে) ॥ ৭০ ॥

সুতাবিতি। সুমিত্রা লক্ষ্মণশত্রুঘ্নৌ নাম যমৌ যুগ্মজাতৌ সুতৌ পুত্রৌ

কৌশল্যা, যেন তীরভূমিতে অবস্থিত বিকশিত কমল দ্বারা সুশোভিত শারদীয়া কৃশাঙ্গী জাহ্নবীর ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৬৯ ॥

তৎপরে এক দিবস কৈকয়ী ভরত নামে এক সুশীল পুত্র প্রসব করিয়া, বিনয় দ্বারা সুশোভিত সম্পদের ন্যায় সমলঙ্কৃতা হইলেন। অর্থাৎ ধনবান্ ব্যক্তি বিনয়ী হইলে যেরূপ সুশোভিত হইয়া থাকে, তদ্রূপ বিনয়নম্রা কৈকয়ী পুত্রধন লাভ করিয়া সমধিক সুশোভিতা হইলেন। নির্ম্মলবুদ্ধি ভরত পুষ্যানক্ষত্র ও মীনলগ্নে জন্মগ্রহণ করেন ॥ ৭০ ॥

অনন্তর যেমন সম্যক্ আরাধিতা বিদ্যা, তত্ত্বজ্ঞান ও বিনয় উৎপাদন করিয়া থাকে, তদ্রূপ সুমিত্রা, লক্ষ্মণ ও শত্রুঘ্ন নামে দুই যমজ পুত্র প্রসব করিলেন। অর্থাৎ লক্ষ্মণ ও শত্রুঘ্ন কর্কটে সূর্য্য উদিত হইলে, অশ্লেষা নক্ষত্রে সুমিত্রার গর্ভ হইতে আবির্ভূত হইলেন।

এইরূপে মহাত্মা রাজা দশরথের অসাধারণ গুণসম্পন্ন প্রিয়দর্শন চারি পুত্র উৎপন্ন হইলেন। গন্ধর্ব্বগণ সুমধুর সঙ্গীত ও অপ্সরাগণ নৃত্য করিতে লাগিলেন। দেবলোকে দুন্দুভিধ্বনি ও নভোমণ্ডল হইতে পুষ্প-বৃষ্টি হইতে লাগিল। অযোধ্যাবাসী সকলে সমবেত হইয়া বিবিধ প্রকার উৎসব আরম্ভ করিল। রাজপথসকল নট-নর্ত্তকী ও লোকাকীর্ণ হইয়া উঠিল। উহার কোন স্থলে গায়কেরা গান ও বাদকেরা বাদন করিতে লাগিল। শ্রোতৃবর্গ তাহাদের সন্তোষ সাধনের নিমিত্ত রাশি রাশি রত্ন প্রদানে প্রবৃত্ত হইল, এইরূপে সেই

সম্যগারাধিতা বিদ্যা প্রবোধবিনয়াবিব ॥ ৭১ ॥
নির্দ্দোষমভবৎ সর্ব্বমাবিষ্কৃতগুণং জগৎ।
অন্বগাদিব হি স্বর্গো গাং গতং পুরুষোত্তমম্ ॥ ৭২ ॥
তস্যোদয়ে চতুর্ম্মূর্ত্তেঃ পৌলস্ত্যচকিতেশ্বরাঃ।

সম্যগারাধিতা স্বভ্যস্তা বিদ্যা প্রবোধবিনয়ৌ তত্ত্বজ্ঞানেন্দ্রিয়জয়াবিব সুষুবে। (অত্রৈবমুক্তং মহর্ষিবাল্মীকিনা "অতীত্যৈকাদশাহস্তু নামকর্ম্ম তথাকরোৎ। জ্যেষ্ঠং রামং মহাত্মানং ভরতং কৈকেয়ীসুতম্। সৌমিত্রিং লক্ষ্মণমিতি শত্রুঘ্নমপরস্তথা। বশিষ্ঠঃ পরমপ্রীতো নামানি কুরুতে তদা) ॥ ৭১ ॥

নির্দ্দোষমিতি। সর্ব্বং জগৎ ভূলোকো নির্দ্দোষং দুর্ভিক্ষাদিদোষরহিতম্ আবিষ্কৃতগুণং প্রকটীকৃতারোগ্যাদিগুণং চাভবৎ। অত্রোৎপ্রেক্ষ্যতে, গাং ভুবং গতমবতীর্ণং পুরুষোত্তমং বিষ্ণুং স্বর্গোঽপ্যন্বগাদিব, স্বর্গোহি গুণবান্নির্দ্দোষশ্চেত্যাগমঃ স্বর্গতুল্যমভূদিত্যর্থঃ ॥ ৭২ ॥

তস্যেতি। চতুর্মূর্ত্তেঃ রামাদিরূপেণ চতূরূপস্য সতঃ তস্য হরেরুদয়ে সতি পৌলস্ত্যাদ্রাবণাচ্চকিতাঃ ভীতাঃ ঈশ্বরাঃ নাথাঃ ইন্দ্রাদয়ো যাসাং তাঃ দিশশ্চ-

---

সমস্ত রাজপথ অপূর্ব্ব শোভা ধারণ করিল। রাজা দশরথ সূত, মাগধ ও বন্দিদিগকে পারিতোষিক প্রদান পূর্ব্বক ব্রাহ্মণদিগকে গোধন এবং প্রার্থনাধিক অর্থদান করিতে লাগিলেন। রামায়ণ পাঠে অবগত হওয়া যায় যে, একাদশ দিবস অতীত হইলে মহর্ষি বশিষ্ঠ হৃষ্টমনে রাজকুমারদিগের নাম-করণ করিলেন। জ্যেষ্ঠের নাম রাম, কৈকয়ীর (কৈকেয়ীর) পুত্রের নাম ভরত, সুমিত্রার পুত্রদ্বয়ের নাম লক্ষ্মণ (লক্ষণ) ও শত্রুঘ্ন। কিন্তু ৬৭ সংখ্যক শ্লোকে লিখিত আছে যে গুরু (পিতা দশরথ) জ্যেষ্ঠ-পুত্রের নাম রাম রাখিলেন। অতএব কবি কালিদাসের বাক্যের সহিত রামায়ণের বিরোধ লক্ষিত হইতেছে। এই নিমিত্ত টীকাতে রামায়ণের কতিপয় শ্লোক প্রমাণস্বরূপ উদ্ধৃত করিয়া দেওয়া হইল ॥ ৭১ ॥

তখন (রাম ও লক্ষ্মণাদি ভূমিষ্ঠ হইলে) জগৎ দুর্ভিক্ষাদি-দোষশূন্য ও আরোগ্যাদি গুণসম্পন্ন হইল ; ইহাতে বোধ হইল, যেন পুরুষোত্তম নারায়ণ ভূমণ্ডলে অবতীর্ণ হইয়াছেন বলিয়া স্বর্গও তাঁহার অনুগমন করিয়াছে ॥ ৭২ ॥

বায়ু ধূলিবর্জ্জিত হইয়া প্রবাহিত হইতে লাগিল। তদ্দর্শনে বোধ হইতে

বিরজস্কৈর্নভস্বদ্ভির্দ্দিশ উচ্ছ্বসিতা ইব ॥ ॥ ৭৩ ॥
কৃশানুরপধূমত্বাৎ প্রসন্নত্বাৎ প্রভাকরঃ।
রক্ষোবিপ্রকৃতাবাস্তামপবিদ্ধশুচাবিব ॥ ৭৪ ॥
দশাননকিরীটেভ্যস্তৎক্ষণং রাক্ষসশ্রিয়ঃ।
মণিব্যাজেন পর্য্যস্তাঃ পৃথিব্যামশ্রুবিন্দবঃ ॥ ৭৫ ॥

তস্রঃ বিরজস্কৈরপধূলিভিঃ নভস্বদ্ভিঃ বায়ুভিঃ মিষেণোচ্ছ্বসিতা ইবেত্যুৎপ্রেক্ষা। শ্বসেঃ কর্ত্তরি ক্তঃ। স্বনাথশরণলাভসন্তুষ্টানাং দিশামুচ্ছ্বাসবাতাইব বাতা ববুরিত্যর্থঃ। চতুর্দ্দিগীশ-রক্ষণং মূর্ত্তিচতুষ্টয়প্রয়োজনমিতি ভাবঃ ॥ ৭৩ ॥

কৃশানুরিতি। রক্ষসা রাবণেন বিপ্রকৃতৌ পীড়িতাবিত্যর্থঃ কৃশানুরগ্নিঃ প্রভাকরঃ সূর্য্যশ্চ যথাসঙ্খ্যম্ অপধূমত্বাৎ প্রসন্নত্বাচ্চ অপবিদ্ধশুচৌ নিরস্ত-দুঃখাবিবাস্তামভবতাম্ ॥ ৭৪ ॥

দশাননেতি। তৎক্ষণং তস্মিন্ ক্ষণে রামোৎপত্তিসময়ে রাক্ষসশ্রিয়ঃ অশ্রুবিন্দবঃ দশাননকিরীটেভ্যঃ মণীনাং ব্যাজেন মিষেণ পৃথিব্যাং পর্য্যস্তাঃ পতিতাঃ রামোদয়ে সতি তদ্বধ্যস্য রাবণস্য কিরীটমণিভ্রংশলক্ষণং দুর্নিমিত্ত-মভূদিত্যর্থঃ ॥ ৭৫ ॥

লাগিল, যেন দশানন ভয়ে ভীত দিক্‌পালগণ, মূর্ত্তিত্রয়-সম্পন্ন বিষ্ণুর আবির্ভাবে নিঃশঙ্ক হইয়া বায়ুর ছলে উচ্ছ্বাস পরিত্যাগ করিতে লাগিল ॥ ৭৩ ॥

হুতাশন ধূমশূন্য এবং সূর্য্যদেব প্রসন্ন হওয়াতে বোধ হইতে লাগিল যেন তাঁহারা দশাননের ভয় হইতে মুক্ত হইয়া সুখ অনুভব করিতেছেন ॥ ৭৪ ॥

তখন দশাননের কিরীটস্থ মণিসকল স্থানচ্যুত হইয়া ভূমিতে পতিত হইল। তদ্দর্শনে বোধ হইল, যেন রাক্ষস-রাজ-লক্ষ্মীর মণিব্যপদেশে (মণির ছলে) অশ্রুবিন্দু পতিত হইল। অর্থাৎ দশরথ-নন্দন রাম যখন ভূমিষ্ঠ হইলেন, তখন রাক্ষসরাজ রাবণের কিরীটস্থ মণি সকল বিগলিত হইয়া পড়িল; এইরূপ কিরীটস্থ মণির স্খলনদ্বারা রাবণের ভাবী অমঙ্গল সূচিত হইল। সুতরাং রাম কর্ত্তৃক রাবণ নিহত হইবে বলিয়া রাক্ষস-রাজলক্ষ্মীর অশ্রু বিসর্জ্জন সঙ্গত বোধে এস্থলে কবি কর্ত্তৃক মণি-পতনই অশ্রুবিন্দুর মধ্যে পরিগণিত হইল ॥ ৭৫ ॥

পুত্রজন্মপ্রবেশ্যানাং তূর্য্যাণাং তস্য পুত্রিণঃ।
আরম্ভং প্রথমং চক্রুর্দ্দেবদুন্দুভয়ো দিবি ॥ ৭৬ ॥
সন্তানকময়ী বৃষ্টির্ভবনে চাস্য পেতুষী।
সন্মঙ্গলোপচারাণাং সৈবাদিরচনাভবৎ ॥ ৭৭ ॥
কুমারাঃ কৃতসংস্কারাস্তে ধাত্রীস্তন্যপায়িনঃ।
আনন্দেনাগ্রজেনেব সমং ববৃধিরে পিতুঃ ॥ ৭৮ ॥

পুত্রেতি। পুত্রিণোজাতপুত্রস্য তস্য দশরথস্য পুত্রজন্মনি প্রবেশ্যানাং প্রবেশয়িতব্যানাং বাদনীয়ানামিত্যর্থঃ তূর্য্যাণাং বাদ্যানাম্ আরম্ভমুপক্রমং প্রথমং দিবি দেবদুন্দুভয়ঃ চক্রুঃ পিতুর্দ্দশরথাদপি দেবা অধিকং প্রহৃষ্টা ইত্যর্থঃ ॥ ৭৬ ॥

সন্তানকেতি। অস্য রাজ্ঞোভবনে সন্তানকানাং কল্পবৃক্ষকুসুমানাং বিকারঃ সন্তানকময়ী বৃষ্টিশ্চ পেতুষী পপাত। ক্বসুশ্চেতি ক্বসু প্রত্যয়ঃ, উগিতশ্চেতি ঙীপ্। সা বৃষ্টিরেব সন্তঃ পুত্রজন্মন্যাবশ্যকাঃ যে মঙ্গলোপচারাস্তেষামাদিরচনা প্রথমক্রিয়া অভবৎ ॥ ৭৭ ॥

কুমারা ইতি। কৃতাঃ সংস্কারা জাতকর্ম্মাদয়ো যেষাং তে ধাত্রীণাম্ উপমাতৄণাং স্তন্যানি পয়াংসি পিবন্তীতি তথোক্তাঃ তে কুমারাঃ অগ্রজেন জ্যেষ্ঠেনেব স্থিতেন পিতুরানন্দেন সমং ববৃধিরে কুমারবৃদ্ধ্যা পিতা মহান্তমানন্দমবাপেত্যর্থঃ। কুমারজন্মনঃ প্রাগেব জাতত্বাদগ্রজত্বোক্তিরানন্দস্য ॥ ৭৮ ॥

দেবলোকে দুন্দুভিধ্বনি হইতে লাগিল; সুতরাং রাজা দশরথের পুত্রজন্মোৎসবের বাদ্যের প্রথম সূচনা করিয়া দিল ॥ ৭৬ ॥

দেবগণ স্বর্গ হইতে পারিজাত কুসুমরাশি বর্ষণ করিতে লাগিলেন; সুতরাং তাহাই তৎকালে সেই মহীপালের পুত্রজন্ম-সম্বন্ধীয় মাঙ্গলিক ব্যাপারের প্রথম পুষ্পরচনা হইল ॥ ৭৭ ॥

ধাত্রীস্তন্যপায়ী দশরথাত্মজগণের জাতকর্ম্মাদি সম্পন্ন হইলে, সেই কুমারগণ অগ্রজের ন্যায় অবস্থিত পিতার আনন্দের সহিত দিন দিন পরিবর্দ্ধিত হইতে লাগিল। অর্থাৎ কুমারগণ ভূমিষ্ঠ হইবার পূর্ব্বে মহিষীদিগের গর্ভদর্শনে দশরথের যে আনন্দ জন্মিয়াছিল, সন্তানগণ ভূমিষ্ঠ হইয়া যেমন দিন দিন পরিবর্দ্ধিত হইতে লাগিল, তদ্দর্শনে দশরথের সেই পূর্ব্বজাত আনন্দও ক্রমশঃ বৃদ্ধিপ্রাপ্ত হইতে লাগিল ॥ ৭৮ ॥

স্বাভাবিকং বিনীতত্বং তেষাং বিনয়কর্ম্মণা।
মুমূর্চ্ছ সহজং তেজো হবিষেব হবির্ভুজাম্॥ ৭৯॥
পরস্পরাবিরুদ্ধাস্তে তদ্রঘোরনঘং কুলম্।
অলমুদ্যোতয়ামাসু র্দেবারণ্যমিবর্ত্তবঃ॥ ৮০॥
সমানেঽপি হি সৌভ্রাত্রে যথোভৌ রামলক্ষ্মণৌ।
তথা ভরতশত্রুঘ্নৌ প্রীত্যা দ্বন্দ্বং বভূবতুঃ॥ ৮১॥
তেষাং দ্বয়োর্দ্বয়োরৈক্যং বিভিদে ন কদাচন।

স্বাভাবিকমিতি। তেষাং কুমারাণাং সম্বন্ধি স্বাভাবিকং সহজং বিনীতত্বং বিনয়কর্ম্মণা শিক্ষয়া হবির্ভুজামগ্নীনাং সহজং তেজো হবিষা আজ্যাদিকেনেব মুমূর্চ্ছ ববৃধে নিসর্গসংস্কারাভ্যাং বিনীতাঃ ইত্যর্থঃ॥ ৭৯॥

পরস্পরেতি। পরস্পরমবিরুদ্ধাঃ অবিদ্বিষ্টাঃ সৌভ্রাত্রগুণবন্ত ইত্যর্থঃ তে কুমারাঃ তৎ প্রসিদ্ধম্ অনঘং নিষ্পাপং রঘোঃ কুলম্, ঋতবো বসন্তাদয়ো-দেবারণ্যং নন্দনমিব। সহজবিরোধিনামপি ঋতূনাং সহাবস্থানসম্ভাবনার্থং দেববিশেষণম্। অলমত্যন্তমুদ্যোতয়ামাসুঃ প্রকাশয়ামাসুঃ। সৌভ্রাত্রবন্তঃ কুলভূষণায়ন্তে ইতি ভাবঃ॥ ৮০॥

সমানইতি। শোভনাঃ স্নিগ্ধাঃ ভ্রাতরো যেষাং তে সুভ্রাতরঃ। নদ্যৃতশ্চেতি কপ্ ন ভবতি বন্দিতে ভ্রাতুরিতি নিষেধাৎ। তেষাং ভাবঃ সৌভ্রাত্রম্। যুবাদিত্বাদণ্। তস্মিন্ সমানে চতুর্ণাং তুল্যেঽপি যথা উভৌ রামলক্ষ্মণৌ প্রীত্যা দ্বন্দ্বং বভূবতুঃ তথা ভরতশত্রুঘ্নৌ প্রীত্যা দ্বন্দ্বং দ্বৌ দ্বৌ সাহচর্য্যেণাভিব্যক্তৌ। দ্বন্দ্বং রহস্যমর্য্যাদেতি নিপাতঃ। ক্বচিৎ কস্যচিৎ স্নেহোঽতিরিচ্যত ইতি ভাবঃ॥ ৮১॥

যেমন ঘৃত দ্বারা অগ্নির নৈসর্গিক তেজ বর্দ্ধিত হয়, তদ্রূপ কুমারদিগের স্বাভাবিক বিনীত স্বভাব সুশিক্ষা-প্রভাবে পরিবর্দ্ধিত হইতে লাগিল॥ ৭৯॥

যেমন বসন্তাদি ঋতু সকল, নন্দনকাননকে উদ্ভাসিত করিয়া থাকে, তদ্রূপ সেই সমস্ত সৌভ্রাত্রগুণসম্পন্ন ভ্রাতৃগণ নির্ম্মল রঘু-কুলকে সমুজ্জ্বল করিতে লাগিলেন॥ ৮০॥

ভ্রাতৃস্নেহ পরস্পরের একরূপ হইলেও রাম ও লক্ষ্মণের ন্যায় ভরত এবং শত্রুঘ্নও প্রীতি বশতঃ পরস্পর সহচর হইলেন॥ ৮১॥

যথা বায়ুবিভাবস্বো র্যথা চন্দ্রসমুদ্রয়োঃ ॥ ৮২ ॥
তে প্রজানাং প্রজানাথাস্তেজসা প্রশ্রয়েণ চ।
মনো জহ্রুর্নিদাঘান্তে শ্যামাভ্রা দিবসাইব ॥ ৮৩ ॥
স চতুর্দ্ধা বভৌ ব্যস্তঃ প্রসবঃ পৃথিবীপতেঃ।
ধর্ম্মার্থকামমোক্ষাণামবতার ইবাঙ্গবান্ ॥ ৮৪ ॥
গুণৈরারাধয়ামাসুস্তে গুরুং গুরুবৎসলাঃ।
তমেব চতুরন্তেশং রত্নৈরিব মহার্ণবাঃ ॥ ৮৫ ॥

তেষামিতি। তেষাং চতুর্ণাং মধ্যে দ্বয়োর্দ্বয়োঃ রাম-লক্ষ্মণয়োর্ভরত-শত্রুঘ্নয়োশ্চেত্যর্থঃ। যথা 'বায়ুবিভাবস্বোর্ব্বাতবহ্ন্যোরিব যথা চন্দ্রসমুদ্রয়োরিব ঐক্যমৈকমত্যং কদাচন ন বিভিদে। এককার্য্যত্বং সমানসুখদুঃখত্বঞ্চ ক্রমাদুপমাদ্বয়াল্লভ্যতে, সহজঃ সহকারী হি বহ্নের্ব্বায়ুঃ, চন্দ্রবৃদ্ধৌ হি বর্দ্ধতে সিন্ধুঃ তৎক্ষয়ে চ ক্ষীয়তইতি ॥ ৮২ ॥

তইতি। প্রজানাথাস্তে কুমারাঃ তেজসা প্রভাবেণ প্রশ্রয়েণ বিনয়েন চ নিদাঘান্তে গ্রীষ্মান্তে শ্যামান্যভ্রাণি যেষাং তে শ্যামাভ্রাঃ নাতিশীতোষ্ণাইত্যর্থঃ দিবসাইব, প্রজানাং মনোজহ্রুঃ ॥ ৮৩ ॥

সইতি। স চতুর্দ্ধা। সংখ্যায়াবিধার্থে ইত্যনেন ধাপ্রত্যয়ঃ। ব্যস্তোবিভক্তঃ পৃথিবীপতেঃ দশরথস্য প্রসবঃ সন্তানঃ চতুর্দ্ধা অঙ্গবান্ মূর্ত্তিমান্ ধর্ম্মার্থকামমোক্ষাণাম্ অবতারইব বভৌ ॥ ৮৪ ॥

অগ্নি ও বায়ুর ন্যায় এবং শশাঙ্ক ও জলধির ন্যায় তাঁহাদের সেই একতা কখনও অপনীত হয় নাই। অর্থাৎ যে স্থানে অগ্নি সেই স্থানে বায়ু প্রবল বেগে বহিতে থাকে এবং চন্দ্র বৃদ্ধিপ্রাপ্ত হইলে সমুদ্র জল বর্দ্ধিত হয় এবং চন্দ্র ক্ষয়প্রাপ্ত হইলে সমুদ্র (সমুদ্র জল) হ্রাস প্রাপ্ত হইয়া থাকে, ইহা যেমন স্বাভাবিক সম্বন্ধ, এই সম্বন্ধের কোনকালেও পরিবর্ত্তন ঘটে না, তদ্রূপ রাম ও লক্ষ্মণ এবং ভরত ও শত্রুঘ্নের স্বাভাবিক একতা কদাচও বিলুপ্ত হয় নাই ॥ ৮২ ॥

রাজকুমারগণ গ্রীষ্মাবসানে নাতিশীতোষ্ণ দিবসের ন্যায় স্বকীয় তেজ ও বিনয় দ্বারা সমস্ত প্রকৃতিপুঞ্জের চিত্ত হরণ করিলেন ॥ ৮৩ ॥

দশরথাত্মজ চারি অঙ্গে বিভক্ত হইয়া ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষের মূর্ত্তিমান্ অবতারের ন্যায় অপূর্ব্ব শোভা ধারণ করিলেন ॥ ৮৪ ॥

সুরগজ ইব দন্তৈর্ভগ্নদৈত্যাসিধারৈ-
র্নয় ইব পণবন্ধব্যক্তযোগৈরুপায়ৈঃ।
হরিরিব যুগদীর্ঘৈর্দোর্ভিরংশৈস্তদীয়ৈঃ
পতিরবনিপতীনাং তৈশ্চকাশে চতুর্ভিঃ॥ ৮৬॥

ইতি শ্রীরঘুবংশে মহাকাব্যে কালিদাসকৃতৌ
রামাবতারো নাম দশমঃ সর্গঃ।

গুণৈরিতি। গুরুবৎসলাঃ পিতৃভক্তাঃ তে কুমারাঃ গুণৈর্বিনয়াদিভিঃ গুরুং পিতরম্, চতুরন্তানাং দিগন্তানামীশং চতুরন্তেশম্। তদ্ধিতার্থেত্যাদিনা উত্তরপদসমাসঃ। তং দশরথমেব মহার্ণবাশ্চত্বারোরত্নৈরিব আরাধয়ামাসুঃ॥৮৫॥

সুরগজইতি। ভগ্না দৈত্যানামসিধারা যৈস্তৈঃ চতুর্ভির্দন্তৈঃ সুরগজঃ ঐরাবতইব পণবন্ধেন ফলসিদ্ধ্যা ব্যক্তযোগৈরনুমিতপ্রয়োগৈরুপায়ৈশ্চতুর্ভিঃ সামাদিভিঃ নয়ো নীতিরিব যুগবদ্দীর্ঘৈশ্চতুর্ভির্দোর্ভির্ভুজৈঃ হরির্বিষ্ণুরিব তদীয়ৈঃ হরিসম্বন্ধিভিরংশৈরংশভূতৈশ্চতুর্ভিস্তৈঃ পুত্রৈঃ অবনিপতীনাং পতিঃ রাজরাজো দশরথ শ্চকাশে বিদিদ্যুতে॥ ৮৬॥

ইতি শ্রীমহামহোপাধ্যায়কোলাচলমল্লিনাথসূরিবিরচিতায়াং রঘুবংশ-
ব্যাখ্যায়াং সঞ্জীবনীসমাখ্যায়াং দশমঃ সর্গঃ।

যেমন চতুঃসমুদ্র রত্নরাশি দ্বারা সসাগরা ধরার অধীশ্বর দশরথকে আরাধনা করে, তদ্রূপ পিতৃবৎসল কুমারগণ, গুণরাশি দ্বারা পিতাকে সন্তুষ্ট করিতে লাগিলেন॥ ৮৫॥

যে দন্তে অসুরাস্ত্র বিকুণ্ঠিত হয়, সেই সুদৃঢ় দন্তদ্বারা সুরগজ যেরূপ সুশোভিত হয়, ফলসিদ্ধি দ্বারা যাহার প্রয়োগ অনুমিত হয়, সেই সাম প্রভৃতি উপায় চতুষ্টয় দ্বারা নীতি যে প্রকার শোভান্বিত হয় এবং যুগ-কাষ্ঠের ন্যায় সুদীর্ঘ ভুজচতুষ্টয় দ্বারা বিষ্ণু যেমন শোভাশালী হইয়া থাকেন, তদ্রূপ রাজাধিরাজ দশরথ, রাম প্রভৃতি পুত্রচতুষ্টয় দ্বারা সুশোভিত হই-লেন। অর্থাৎ অসুরাস্ত্রের তীক্ষ্ণতা পরাভবকারী দন্তচতুষ্টয়-বিশিষ্ট ঐরাবতের ন্যায়, সামাদি (সাম, দান, ভেদ ও নিগ্রহ) ফলবান উপায় চতুষ্টয় বিশিষ্ট নীতির ন্যায় এবং আজানুলম্বিত বাহুচতুষ্টয়-শোভী ভগবান্ বিষ্ণুর ন্যায় বিক্রমশালী পুত্রচতুষ্টয় দ্বারা দশরথ শোভাধারণ করিলেন॥ ৮৬॥

দশম সর্গ সমাপ্ত।

একাদশঃ সর্গঃ ।

কৌশিকেন স কিল ক্ষিতীশ্বরো
রামমধ্বরবিঘাতশান্তয়ে ।
কাকপক্ষধরমেত্য যাচিত-
স্তেজসাং হি ন বয়ঃ সমীক্ষ্যতে ॥ ১ ॥

রামচন্দ্রচরণারবিন্দয়োরন্তরঙ্গচরভৃঙ্গলীলয়া ।
তত্র সন্তি হি রসাশ্চতুর্বিধাস্তান্ যথারুচি সদৈব নির্বিশ ॥

কৌশিকেনেতি । কৌশিকেন কুশিকাপত্যেন বিশ্বামিত্রেণ এত্য অভ্যাগত্য স ক্ষিতীশ্বরো দশরথঃ অধ্বরবিঘাতশান্তয়ে যজ্ঞবিঘ্নবিধ্বংসায় কাকপক্ষধরং বালকোচিতশিখাধরম্ । "বালানান্তু শিখা প্রোক্তা কাকপক্ষঃ শিখণ্ডক" ইতি হলায়ুধঃ । রামং যাচিতঃ কিল প্রার্থিতঃ খলু । যাচের্দ্বিকর্ম্মকাদপ্রধানে কর্ম্মণি ক্তঃ অপ্রধানে দুহাদীনামিতি বচনাৎ । নায়ং বালাধিকার ইত্যাশঙ্ক্যাহ তেজসাং তেজস্বিনাং বয়ো বাল্যাদি ন সমীক্ষ্যতে হি অপ্র-

---

অনন্তর কুশিকনন্দন মহর্ষি বিশ্বামিত্র, রাজা দশরথের নিকটে উপস্থিত হইয়া যজ্ঞের বিঘ্নশান্তির নিমিত্ত বালবয়স্ উচিত শিখাধারী রামচন্দ্রকে লইয়া যাইবার নিমিত্ত প্রার্থনা করিলেন ; মহাত্মগণ তেজস্বীদিগের বয়সের অল্পতার বিষয়ে বিচার করেন না। অর্থাৎ মারীচ ও সুবাহু নামক যজ্ঞবিঘাতক রাক্ষসদ্বয় কর্ত্তৃক প্রপীড়িত হইয়া মহর্ষি বিশ্বামিত্র, মহারাজ দশরথের নিকটে আসিয়া বলিলেন, মহারাজ ! রাক্ষসগণ আমাদিগের যাগানুষ্ঠানের নিয়ত বিঘ্ন জন্মাইতেছে ; অতএব আপনার জ্যেষ্ঠতনয় রামচন্দ্রকে আমার হস্তে সমর্পণ করুন ; যদিও রাজীবলোচন রাম বয়সে শিশু, তথাপি আমি দিব্যচক্ষে দেখিতেছি, মহাতেজস্বী রামচন্দ্রের নিকটে সেই ত্রিভুবনবিখ্যাত রাক্ষসবীর্য্য পরাভূত হইবে ; আপনি ইঁহার নিমিত্ত কিছুমাত্র ভীত

কৃচ্ছ্রলব্ধমপি লব্ধবর্ণভাক্

যোজকমিত্যর্থঃ। অত্র সর্গে রথোদ্ধতা বৃত্তম্ উক্তঞ্চ রান্নরাবিহ রথোদ্ধতা লগাবিতি॥ ১॥

কৃচ্ছ্রলব্ধমিতি। লব্ধাঃ বর্ণাঃ প্রসিদ্ধয়োযৈস্তে লব্ধবর্ণা বিচক্ষণাঃ। "লব্ধবর্ণোবিচক্ষণ" ইত্যমরঃ। তান্ ভজতে ইতি লব্ধবর্ণভাক্ বিদ্বৎসেবী-ত্যর্থঃ। স রাজা কৃচ্ছ্রলব্ধমপি সলক্ষ্মণং তং রামং মুনয়ে দিদেশ অতিসৃষ্ট-বান্। তথাহি অসুপ্রণয়িনাং প্রাণার্থিনামপি অর্থিতা যাজ্ঞা রঘোঃ কুলে কদাচিৎ ন ব্যহন্যত ন বিহতা ন বিফলীকৃতেত্যর্থঃ। যৈরর্থিভ্যঃ প্রাণা অপি সমর্প্যস্তে তেষাং পুত্রাদিত্যাগো ন বিস্ময়াবহ ইতি ভাবঃ। (অস্মিন্ বিষয়ে মহর্ষিবাল্মীকি-বিরচিতে রামায়ণে এবং দৃশ্যতে,—"তস্য চিন্তয়মানস্য মন্ত্রি-মধ্যে মহাত্মনঃ। অভ্যাগচ্ছন্মহাতেজা বিশ্বামিত্রো মহামুনিঃ॥ স রাজ্ঞো

হইবেন না; ইনি আমার প্রযত্নে রক্ষিত হইয়া স্বকীয় দিব্য তেজঃপ্রভাবে মারীচ প্রভৃতি যজ্ঞবিঘ্নকারীদিগকে সংহার করিতে সমর্থ হইবেন॥ ১॥

তখন বিদ্বজ্জনসেবী রাজা দশরথ, রামচন্দ্রকে বহুক্লেশে লাভ করিলেও লক্ষ্মণের সহিত মহর্ষির হস্তে সমর্পণ করিলেন; ইহা প্রসিদ্ধই আছে যে, রঘুবংশীয়দিগের নিকটে কোন ব্যক্তি প্রাণ প্রার্থী হইয়া উপস্থিত হইলেও কদাচ বিফল মনোরথ হয় না।

এ বিষয়ে উদারমতি আদি কবি মহর্ষি বাল্মীকি কিরূপ কবিত্ব শক্তির পরিচয় প্রদান করিয়াছেন, তাহা পাঠকগণের অবগতির নিমিত্ত এস্থলে প্রদর্শিত হইল।—

একদা রাজা দশরথ, মন্ত্রী ও মিত্রবর্গের সহিত মিলিত হইয়া পুত্র-গণের বিবাহ দিবার নিমিত্ত চিন্তা করিতেছেন, ইত্যবসরে মহাতেজা মহর্ষি বিশ্বামিত্র, তাঁহার সহিত সাক্ষাৎ করিবার মানসে দ্বারদেশে আসিয়া দ্বাররক্ষকদিগকে কহিলেন, ওহে দ্বারপালগণ! আমি কুশিক-তনয় বিশ্বামিত্র। তোমরা অবিলম্বে মহারাজকে আমার আগমন সংবাদ প্রদান কর। তখন দ্বারপালগণ এই বাক্য শ্রবণে ভীত ও অতিমাত্র ব্যগ্র হইয়া রাজভবনাভিমুখে ধাবমান হইল এবং নরপালের নিকটে উপস্থিত হইয়া নিবেদন করিল, মহারাজ! কুশিকনন্দন মহর্ষি বিশ্বামিত্র দ্বারদেশে উপস্থিত হইয়া আপনার প্রতীক্ষা করিতেছেন। ভূপতি এই সংবাদ পাইবা-

তং দিদেশ মুনয়ে সলক্ষ্মণম্।

দর্শনাকাঙ্ক্ষী দ্বারাধ্যক্ষানুবাচ হ। শীঘ্রমাখ্যাত মাং প্রাপ্তং কৌশিকং গাধিনঃ সুতম্॥ তচ্ছ্রুত্বা বচনং তস্য রাজ্ঞো বেশ্ম প্রদুদ্রুবুঃ। সম্ভ্রান্তমনসঃ সর্ব্বে তেন বাক্যেন চোদিতাঃ॥ তে গত্বা রাজভবনং বিশ্বামিত্রমৃষিং তদা। প্রাপ্তমাবেদয়ামাসু র্নৃপায়েক্ষ্বাকবে তদা॥ তেষাং তদ্বচনং শ্রুত্বা সপুরোধাঃ সমাহিতঃ। প্রত্যুজ্জগাম সংহৃষ্টো ব্রহ্মাণমিব বাসবঃ॥ স দৃষ্ট্বা জ্বলিতং দীপ্ত্যা তাপসং সংশিতব্রতং। প্রহৃষ্টবদনো রাজা ততোঽর্ঘ্যমুপহারয়ৎ॥ স রাজ্ঞঃ প্রতিগৃহ্যার্ঘ্যং শাস্ত্রদৃষ্টেন কর্ম্মণা। কুশলং চাব্যয়ং চৈব পর্য্যপৃচ্ছন্নরাধিপম্॥ পুরে কোশে জনপদে বান্ধবেষু সুহৃৎসুচ। কুশলং কৌশিকো

মাত্র সত্বরে পুরোহিতগণের সহিত একত্রে হৃষ্টান্তঃকরণে সেই কঠোরব্রত তেজঃপ্রদীপ্ত তপোধনের প্রত্যুদ্গমন পূর্ব্বক তাঁহাকে অর্ঘ্য প্রদান করিলেন। ধর্ম্মপরায়ণ বিশ্বামিত্র রাজ-প্রদত্ত অর্ঘ্য গ্রহণ পূর্ব্বক তাঁহাকে এবং কোশলনগর, জনপদ ও বন্ধুবান্ধবের কুশল জিজ্ঞাসা করিয়া কহিলেন, মহারাজ! সামন্ত নৃপতিগণ আপনার নিকট নত এবং শত্রুগণ পরাজিত আছে ত? দৈব এবং মানুষকার্য্য ত সম্যক্ সম্পাদিত হইতেছে?

অনন্তর বিশ্বামিত্র, মহর্ষি বশিষ্ঠ ও অন্যান্য মুনিগণের সন্নিহিত হইয়া পরম্পরাগত শিষ্টাচার অনুসারে তাঁহাদিগের কুশল জিজ্ঞাসা করিলেন। পরে তাঁহারা সকলে রাজভবনে প্রবেশপূর্ব্বক পরম সমাদরে সৎকৃত হইয়া উপবিষ্ট হইলেন। তাঁহারা উপবেশন করিলে উদারচেতা দশরথ হৃষ্টমনে বিশ্বামিত্রকে বহুমান পূর্ব্বক কহিলেন, তপোধন! আপনার আগমন সুধারস লাভের ন্যায়, জনশূন্য প্রদেশে বারিবর্ষণের ন্যায়, অপুত্রকের অনুরূপ ভার্য্যার গর্ভে পুত্রোৎপত্তির ন্যায়, প্রনষ্ট পদার্থের পুনঃপ্রাপ্তির ন্যায় এবং উৎসবকালীন হর্ষের ন্যায় আমার প্রীতিকর হইতেছে। আপনি ত নির্ব্বিঘ্নে আসিয়াছেন? আপনার অভিলাষ কি? আদেশ করুন? আমি সন্তোষের সহিত কি উপায়ে আপনার কি কার্য্য সম্পাদন করিব? আপনি সেবার যোগ্যপাত্র, আমার শুভাদৃষ্টবশতঃ অদ্য আপনি আমার আলয়ে উপস্থিত হইয়াছেন, অদ্য জন্ম সফল, জীবনেরও সম্যক্ ফললাভ হইল। আজি আমার রজনী সুপ্রভাত হইয়াছিল, কারণ অদ্য ভবাদৃশ মহাত্মার সন্দর্শন লাভ করিলাম। আপনি অগ্রে অতি কঠোর তপস্যায় রাজর্ষিত্ব, তৎপরে ব্রহ্মর্ষিত্ব

অপ্যস্থপ্রণয়িনাং রঘোঃ কুলে

রাজ্ঞঃ পর্য্যপৃচ্ছৎ সুধার্ম্মিকঃ॥ অপি তে সন্নতাঃ সর্ব্বে সামন্তারিপবো জিতাঃ। দৈবঞ্চ মানুষঞ্চৈব কর্ম্ম তে সাধ্বনুষ্ঠিতম্‌॥ বশিষ্ঠঞ্চ সমাগম্য কুশলং মুনিপুঙ্গবঃ। ঋষীংশ্চ তান্‌ যথান্যায়ং মহাভাগ উবাচ হ॥ তে সর্ব্বে হৃষ্টমনসস্তস্য রাজ্ঞো নিবেশনম্‌। বিবিশুঃ পূজিতা স্তেন নিষেদুশ্চ যথার্হতঃ॥ অথ হৃষ্টমনা রাজা বিশ্বামিত্রং মহামুনিম্‌। উবাচ পরমোদারো হৃষ্টস্তমভিপূজয়ন্‌॥ যথামৃতস্য সম্প্রাপ্তির্যথা বর্ষমনূদকে। যথা সদৃশ-দারেষু পুত্রজন্মা প্রজস্য বৈ॥ প্রনষ্টস্য যথালাভো যথা হর্ষো মহোদয়ঃ। তথৈবাগমনং মন্যে স্বাগতং তে মহামুনে॥ কঞ্চ তে পরমং কামং করোমি কিমু হর্ষিতঃ। পাত্র-

---

প্রাপ্ত হন; অতএব আপনি বহু প্রকারে আমার আরাধ্য হইতেছেন। আপনার এই পরম পবিত্র আগমন আমার অতিশয় বিস্ময় উৎপাদন করিতেছে। হে প্রভো! আপনার দর্শনমাত্র আমার দেহ পবিত্র হইয়াছে, এক্ষণে আপনি যে অভিপ্রায়ে এখানে আগমন করিয়াছেন, তাহা নির্দ্দেশ করুন, আমি আপনার অভিলষিত বিষয় সাধন করিয়া অনুগৃহীত হইতে বাসনা করি। এ বিষয়ে আপনার কিছুমাত্র সঙ্কোচ করিবার আবশ্যকতা নাই। আমি অবশ্যই আপনার নিদেশ শিরোধার্য্য করিয়া লইব। আপনিই আমার পরম দেবতা, আপনার আগমনে আমার যে ধর্ম্ম সঞ্চয় হইল, ইহা আমার পক্ষে মহান্‌ অভ্যুদয়, সন্দেহ নাই।

প্রখ্যাতগুণ যশস্বী মহর্ষি বিশ্বামিত্র, মহাত্মা দশরথের এই শ্রবণমধুর হৃদয়হারী বিনীত বাক্য শ্রবণ করিয়া পরম হর্ষান্বিত হইলেন। মহাতেজা মহর্ষি বিশ্বামিত্র মহীপাল দশরথের এইরূপ বিস্ময়কর বাক্যে পুলকিত হইয়া কহিলেন, মহারাজ! আপনি অতি মহৎ কুলে জন্মগ্রহণ করিয়াছেন, বিশেষতঃ স্বয়ং তপোধন বশিষ্ঠ আপনার মন্ত্রী, সুতরাং এরূপ বাক্য প্রয়োগ আপনার উপযুক্তই হইয়াছে। আপনি ভিন্ন অন্য কেহ এরূপ বাক্য কহিতে পারেন না। এক্ষণে আমি যে কার্য্যের প্রসঙ্গ করিব, আপনাকে তৎসাধনে অঙ্গীকার করিতে হইবে।

মহারাজ! আমি সম্প্রতি এক যজ্ঞানুষ্ঠানার্থ দীক্ষিত হইয়াছি। ঐ যজ্ঞ সমাপ্ত হইতে না হইতেই মারীচ ও সুবাহুনামে কামরূপী মহাবল দুই রাক্ষস উহার নানাপ্রকার বিঘ্ন আচরণ করিতেছে। উহারা আমার যজ্ঞবেদিতে

ন ব্যহন্যত কদাচিদর্থিতা ॥ ২ ॥

ভূতোহসি মে ব্রহ্মন্ দিষ্ট্যা প্রাপ্তোহসি মানদ ॥ অদ্য মে সফলং জন্ম জীবিতঞ্চ সুজীবিতম্। যস্মাদ্বিপ্রেন্দ্র মদ্রাক্ষং সুপ্রভাতা নিশা মম ॥ পূর্ব্বং রাজর্ষিশব্দেন তপসা দ্যোতিতপ্রভঃ। ব্রহ্মর্ষিত্ব মনুপ্রাপ্তঃ পূজ্যোহসি বহুধা ময়া ॥ তদদ্ভুত মভূদ্বিপ্র পবিত্রং পরমং মম। শুভক্ষেত্রে গতশ্চাহং তব সন্দর্শনাৎ প্রভো ॥ ব্রূহি যৎ প্রার্থিতং তুভ্যং কার্য্যমাগমনং প্রতি। ইচ্ছাম্যনুগৃহীতোহহং ত্বদর্থপরিবৃদ্ধয়ে ॥ কার্য্যস্য ন বিমর্শঞ্চ গন্তুমর্হসি সুব্রত। কর্ত্তা চাহমশেষেণ দৈবতং হি ভবান্মম ॥ মম চায়মনুপ্রাপ্তো মহানভ্যুদয়ো দ্বিজ। তবাগমনজঃ কৃৎস্নো ধর্ম্মশ্চানুত্তমো দ্বিজ ॥ ইতি হৃদয়সুখং নিশম্য বাক্যং

মাংসখণ্ড নিক্ষেপ ও রুধিরধারা বর্ষণ করিয়াছে। উহাদিগকে আমার সঙ্কল্পের এইরূপ ব্যাঘাত ও যজ্ঞনষ্ট করিতে দেখিয়া আমি তথা হইতে নিষ্ক্রান্ত হইয়াছি। হা! এই কার্য্যে আমার যথোচিত পরিশ্রম হইয়াছে; কিন্তু এইক্ষণে তাহার বিঘ্ন দেখিয়া অতিশয় ভগ্নোৎসাহ হইতেছি। এই যজ্ঞসাধন সময়ে কাহাকেও অভিশাপ প্রদান করা কর্ত্তব্য নহে। এই কারণে আমি ঐ রাক্ষসদ্বয়ের উপর রোষ প্রকাশ করি নাই। এক্ষণে প্রার্থনা এই যে, আপনি কাকপক্ষধারী মহাবীর রামচন্দ্রকে আমার হস্তে সমর্পণ করুন। ইনি আমার প্রযত্নে রক্ষিত হইয়া স্বীয় দিব্য তেজঃপ্রভাবে ঐ সমস্ত যজ্ঞবিঘ্নকারী নিশাচরদিগকে সংহার করিতে সমর্থ হইবেন। মহারাজ! যাহাতে রাম ত্রিলোকে বিখ্যাত হইতে পারেন, আমা হইতে ইহাঁর সেই শ্রেয়োলাভ হইবে। আপনি ইহাঁর নিমিত্ত ভীত হইবেন না, মারীচ ও সুবাহু ইহাঁর সহিত রণস্থলে কখনই তিষ্ঠিতে পারিবে না, উহারা বলদর্পে মৃত্যুপাশের বশীভূত হইয়াছে। রাম বিনা ঐ দুরাচারদিগকে বিনাশ করিতে আর কাহারই সাধ্য নাই। আমি কহিতেছি, তাহারা কোন অংশেই রামের বলবীর্য্য সহ্য করিতে সমর্থ হইবে না। আমি নিশ্চয়ই কহিতেছি, ঐ নিশাচরদ্বয় রামশরে সমরে শয়ন করিবে। আমি এবং মহর্ষি বশিষ্ঠ ও অন্যান্য তাপস, আমরা সকলেই সত্যপরাক্রম রামকে বিলক্ষণ জানি, এক্ষণে বশিষ্ঠ প্রভৃতি মন্ত্রিগণ যদি এ বিষয়ে সম্মত হন এবং ইহলোকে যদি আপনার ধর্ম্মলাভ ও অক্ষয় যশোলাভের অভিলাষ থাকে, তাহা হইলে রাজীবলোচন রামকে আমার হস্তে সমর্পণ করুন। আমি রামচন্দ্রকে স্বকার্য্য সাধনার্থ প্রার্থনা করিতেছি।

শ্রুতিসুখমাত্মবতা বিনীতমুক্তম্। প্রথিতগুণযশা গুণৈর্বিশিষ্টঃ পরমঋষিঃ পরমং জগাম হর্ষম্॥ তচ্ছ্রুত্বা রাজসিংহস্য বাক্যমদ্ভুতবিস্তরম্। হৃষ্টরোমা মহাতেজা বিশ্বামিত্রোঽভ্যভাষত॥ সদৃশং রাজশার্দ্দূল তবৈবং ভুবি নান্যতঃ। মহাবংশ-প্রসূতস্য বশিষ্ঠ-ব্যপদেশিনঃ॥ যত্তু মে হৃদ্গতং বাক্যং তস্য কার্য্যস্য নিশ্চয়ম্। কুরুষ রাজশার্দ্দূল ভব সত্যপ্রতিশ্রবঃ॥ অহং নিয়ম-মাতিষ্ঠে বিধ্যর্থং পুরুষর্ষভ। তস্য বিঘ্নকরৌ দ্বৌ তু রাক্ষসৌ কামরূপিণৌ॥ ব্রতে তু বহুশশ্চীর্ণে সমাপ্ত্যাং রাক্ষসাবিমৌ। মারীচশ্চ সুবাহুশ্চ যজ্ঞবিঘ্ন-করাবুভৌ। তৌ মাংস-রুধিরৌঘেণ বেদিস্তামভ্যবর্ষতাম্॥ অবধূতে তথা-

---

বাল্যকাল অতীত হইয়াছে বলিয়া রামেরও পিতা মাতার প্রতি আর তাদৃশ আসক্তি নাই। অতএব এক্ষণে ইহাঁকে যজ্ঞের দশরাত্রির নিমিত্ত আমার সহিত প্রেরণ করুন। যাহাতে আমার এই যজ্ঞকাল অতীত না হয়, আপনি তাহাই করুন; মহারাজ! শোকাকুল হইবেন না। মহাতেজা মহামতি বিশ্বামিত্র এইরূপ ধর্ম্মার্থ-সঙ্গত বাক্য প্রয়োগ করিয়া মৌনাবলম্বন করিলেন।

রাজা দশরথ, মহর্ষি-বিশ্বামিত্রের এইরূপ বাক্য শ্রবণ করিয়া শোকাকুলিত-চিত্তে কম্পিত-কলেবরে মূর্চ্ছিত হইলেন। পরে সংজ্ঞালাভ পূর্ব্বক গাত্রো-ত্থান করিয়া ভয়ে যৎপরোনাস্তি বিষণ্ণ হইলেন।

মহীপাল দশরথ, মহর্ষি বিশ্বামিত্রের বাক্য শ্রবণ করিয়া মুহূর্ত্তকাল যেন হতজ্ঞান হইয়াছিলেন। তৎপরে চেতনা লাভ করিয়া তাঁহাকে বলিলেন, ভগবন্! এক্ষণে পদ্মপলাশলোচন রামের বয়ঃক্রম প্রায় ষোড়শবর্ষ। রাক্ষসের সহিত যুদ্ধ করা ইহার সাধ্যায়ত্ত নহে। আমি এই অক্ষৌহিণী সেনার অধীশ্বর, এই সেনা সমভিব্যাহারে গমন করিয়া আমিই নিশাচরগণের সহিত সংগ্রাম করিব। আর এই সমস্ত অস্ত্রবিশারদ মহাবল পরাক্রান্ত বীর আমার ভৃত্য। রাক্ষসদিগের সহিত যুদ্ধ করিতে ইহারাও সম্যক্ সমর্থ হইবে। অতএব আপনি রামকে লইয়া যাইবেন না। আমি স্বয়ং শরাসন ধারণপূর্ব্বক আপনার যজ্ঞরক্ষা করিব এবং যতক্ষণ দেহে প্রাণ থাকিবে, ততক্ষণ রাক্ষসগণের সহিত যুদ্ধ করিব। আমি গমন করিলে আপনার যজ্ঞও নির্ব্বিঘ্নে সম্পন্ন হইবে; অতএব আপনি রামকে লইয়া যাইবেন না। রাম নিতান্ত বালক, অকৃতবিদ্য, অস্ত্রশিক্ষায় ও যুদ্ধে আজিও ইহার পটুতা জন্মে নাই; এবং ইনি বিপক্ষের বলাবল বিচারেও সমর্থ নহেন। বিশেষতঃ রাক্ষসেরা কূটযোধী, সুতরাং রামকে কোনমতেই তাহাদিগের

ভূতে তস্মিন্নিয়মনিশ্চয়ে। কৃতশ্রমো নিরুৎসাহস্তস্মাদ্দেশাদপাক্রমে॥ নচ মে ক্রোধমুৎস্রষ্টুং বুদ্ধির্ভবতি পার্থিব। তথা ভূতা হি সা চর্য্যা ন শাপস্তত্র বিদ্যতে॥ স্বপুত্রং রাজশার্দ্দূল রামং সত্যপরাক্রমং। কাকপক্ষধরং বীরং জ্যেষ্ঠং মে দাতুমর্হসি॥ শক্তোহ্যেষ ময়া গুপ্তো দিব্যেন স্বেন তেজসা। রাক্ষসা যে বিকর্ত্তার স্তেষামপি বিনাশনে॥ শ্রেয়শ্চাস্মৈ প্রদাস্যামি বহুরূপং ন সংশয়ঃ। ত্রয়াণামপি লোকানাং যেন খ্যাতিং গমিষ্যতি॥ ন চ তৌ রাম-

---

প্রতিদ্বন্দ্বী হইবার যোগ্য বোধ হইতেছে না। হে তপোধন! রাম ব্যতীত মুহূর্ত্তকাল প্রাণধারণ করাও আমার দুষ্কর হইবে; অতএব আপনি রামকে লইয়া যাইবেন না। যদি আপনার রামের জন্য এতই আগ্রহ হইয়া থাকে, তাহা হইলে চতুরঙ্গিণী সেনার সহিত আমাকেও সঙ্গে লউন। হে কুশিক-নন্দন! ষষ্টিসহস্র বৎসর আমার বয়ঃক্রম হইয়াছে, আমি এই বয়সে অতি ক্লেশে রামকে প্রাপ্ত হইয়াছি, পুত্রচতুষ্টয়ের মধ্যে সর্ব্বজ্যেষ্ঠ ধর্ম্মপ্রধান রামেরই প্রতি আমার বিশেষ প্রীতি আছে; অতএব আপনি রামকে লইয়া যাইবেন না। হে তপোধন! সেই রাক্ষসেরা কে? কাহার পুত্র? তাহাদিগের আকার কি প্রকার? এবং পরাক্রমই বা কিরূপ? আর কেই বা ঐ সকল রাক্ষসকে রক্ষা করিয়া থাকে? এবং রাম বা আমি অথবা আমার সেনা, আমরা কি প্রকারে সেই সমস্ত কপট যোদ্ধাদিগের প্রতিকার করিতে সমর্থ হইব? উহারা বীর্য্যমদে উন্মত্ত ও দুষ্টস্বভাব। আমি কি উপায়েই বা উহাদিগের সহিত রণস্থলে অবস্থান করিব? এইক্ষণে আপনি এই সকল নির্দ্দেশ করিয়া দিউন।

মহর্ষি-বিশ্বামিত্র দশরথের এইরূপ বাক্য শ্রবণ করিয়া কহিলেন, মহারাজ! আমরা শুনিয়াছি, রাবণ নামে পুলস্ত্যবংশ-প্রসূত মহাবল মহাবীর্য্য এক রাক্ষস আছে। সেই রাবণ পিতামহ ব্রহ্মার নিকটে বরলাভ করিয়া বহুসংখ্যক রাক্ষসের সহিত ত্রিলোককে অতিশয় পীড়ন করিতেছে। সে, মহর্ষি বিশ্বশ্রবার পুত্র এবং যক্ষরাজ কুবেরের ভ্রাতা; শুনিলাম, সে স্বয়ং অবজ্ঞা করিয়া যজ্ঞের বিঘ্নসম্পাদনে আগমন করিবে না; মারীচ ও সুবাহু নামে দুই দুর্দ্দান্ত রাক্ষস তাহারই নিয়োগে আমাদিগের যজ্ঞ নষ্ট করিতে আসিবে।

তখন রাজা দশরথ মহর্ষি-বিশ্বামিত্রের এইরূপ বাক্য শ্রবণ করিয়া কহিলেন, তপোধন! আমি সেই দুরাত্মা রাবণের সহিত যুদ্ধ করিতে পারিব না;

মাসাদ্য শক্তৌ স্থাতুং কথঞ্চন। ন চ তৌ রাঘবাদন্যো হন্তুমুৎসহতে পুমান্॥ বীর্য্যোৎসিক্তৌ হি তৌ পাপৌ কাল-পাশ-বশঙ্গতৌ। রামস্য রাজশার্দ্দূল ন পর্য্যাপ্তৌ মহাত্মনঃ॥ ন চ পুত্ত্রগতং স্নেহং কর্ত্তুমর্হসি পার্থিব। অহন্তে প্রতিজানামি হতৌ তৌ বিদ্ধি রাক্ষসৌ॥ অহং বেদ্মি মহাত্মানং রামং সত্য পরাক্রমং। বশিষ্ঠোঽপি মহাতেজা যে চেমে তপসি স্থিতাঃ॥ যদি তে ধর্ম্ম-

---

আমি নিতান্ত মন্দভাগ্য, এক্ষণে আমার পুত্ত্র রামের প্রতি আপনি প্রসন্ন হউন। আপনি আমার পরম দেবতা ও গুরু। হে কৌশিক! সেই রাক্ষসাধিপতি রাবণের শক্তি অতি অদ্ভুত, মনুষ্যের কথা দূরে থাকুক, দেব, দানব, যক্ষ, গন্ধর্ব্ব, পতগ ও পন্নগেরাও তাহার পরাক্রম সহ্য করিতে পারে না। রাবণ রণক্ষেত্রে অতি বলবান্ দিগেরও বলক্ষয় করিয়া থাকে। সুতরাং তাহার বা তাহার সৈন্যদিগের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইতে আমার কদাচই সাহস হয় না। আর আপনি সসৈন্যই হউন বা আমার তনয়গণকেই সঙ্গে লউন, উঁহার সহিত সংগ্রামে কখনই তিষ্ঠিতে পারিবেন না। দেবতার ন্যায় প্রিয়দর্শন রাম, একে ত বালক, দ্বিতীয়তঃ সে আজিও যুদ্ধের কিছুই জানে না; সুতরাং আমি তাহাকে কোন্ সাহসে আপনার হস্তে সমর্পণ করিব। সুন্দ ও উপসুন্দের পুত্ত্র মারীচ ও সুবাহু কালান্তক যমের ন্যায় অতিশয় ভীমদর্শন, তাহারাই আপনার যজ্ঞনষ্ট করিবে; সুতরাং আমি রামকে কোনমতেই আপনার হস্তে দিতে পারি না। বরং যদি বলেন, আমিই সবান্ধবে স্বয়ং গিয়া ঐ দুই মহাবল পরাক্রম রাক্ষসের অন্যতরের সহিত যুদ্ধ করিয়া আসি, অন্যথা আমরা সকলেই অনুনয়পূর্ব্বক আপনাকে কহিতেছি, আপনি রামের প্রসঙ্গ পরিত্যাগ করুন।

রাজা দশরথ বিশ্বামিত্রকে এইরূপে হতাশ করিলে, তিনি প্রজ্জ্বলিত হুতাশনের ন্যায় ক্রোধভরে প্রদীপ্ত হইয়া উঠিলেন। মহর্ষি বিশ্বামিত্র মহীপাল দশরথের এইরূপ স্নেহ-গদগদ বাক্য শ্রবণ করিয়া কোপাকুলিত-চিত্তে কহিতে লাগিলেন, মহারাজ! তুমি প্রথমে আমার প্রার্থনা পূরণ করিবে বলিয়া অঙ্গীকার করিয়াছিলে, এক্ষণে তদ্বিষয়ে পরাঙ্মুখ হইতেছ; ফলতঃ এইরূপ ব্যবহার রঘুবংশীয়দিগের অনুরূপ হইতেছে না। তোমার এই অত্যাচারে নিশ্চয়ই এই বংশ ধ্বংশ হইবে। এক্ষণে যদি প্রতিজ্ঞা ভঙ্গ ও কুলক্ষয় তোমার অভিমত হয়, তবে বল? আমি যথাস্থানে চলিয়া যাই। আর তুমি আমাকে বঞ্চনা করিয়া সুহৃদগণের সহিত সুখে কালহরণ কর।

লাভস্ত যশশ্চ পরমং ভুবি। স্থিরমিচ্ছসি রাজেন্দ্র রামং মে দাতু মর্হসি॥ যদ্যভ্যনুজ্ঞাং কাকুৎস্থ দদতে তব মন্ত্রিণঃ। বশিষ্ঠপ্রমুখাঃ সর্ব্বে ততোরামং বিসর্জ্জয়॥ অভিপ্রেতমসংসক্তমাত্মজং দাতুমর্হসি। দশরাত্রং হি যজ্ঞস্ত রামং রাজীবলোচনম্॥ নাত্যেতি কালো যজ্ঞস্থ যথায়ং মম রাঘব। তথা

এইরূপে কুশিকতনয় বিশ্বামিত্রের ক্রোধবেগ উদ্বেল হইলে, সমগ্র ধরাতল বিচলিত হইয়া উঠিল; দেবগণেরও হৃদয়ে ভয়সঞ্চার হইতে লাগিল। তখন সুধীর বশিষ্ঠ, ত্রিলোক একান্ত আকুলিত দেখিয়া দশরথকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, মহারাজ! আপনি দ্বিতীয় ধর্ম্মের ন্যায় ইক্ষ্বাকু-বংশে জন্মগ্রহণ করিয়াছেন, আপনি অতি ধীর ও ব্রতপরায়ণ; ধর্ম্ম পরিত্যাগ করা ভবাদৃশ লোকের কর্ত্তব্য নহে। দেখুন, আপনাকে ধর্ম্মশীল বলিয়া লোকে সর্ব্বত্র ঘোষণা করিয়া থাকে; এক্ষণে প্রতিজ্ঞা রক্ষা করুন, অধর্ম্ম-ভার বহন করা আপনার উচিত হইতেছে না। যদি আপনি অঙ্গীকার করিয়া পালন না করেন, নিশ্চয়ই আপনার ইষ্টাপূর্ত্ত (যজ্ঞফল ও বাপী প্রভৃতির খনন ফল) বিনষ্ট হইবে। মহারাজ! রাম অস্ত্রশিক্ষা করুন আর নাই করুন, হুতাশন যেমন অমৃতের, বিশ্বামিত্র সেইরূপ রামের রক্ষক হইলে, রাক্ষসেরা কদাচই তাঁহার বীর্য্য সহ্য করিতে পারিবে না; অতএব রামকে প্রেরণ করুন। রাম মূর্ত্তিমান ধর্ম্মের ন্যায় পৃথিবীতে অবতীর্ণ হইয়াছেন। তিনি সর্ব্বাপেক্ষা বলবান্, সর্ব্বাপেক্ষা বিদ্বান্, তপস্যার আশ্রয় ও অস্ত্রজ্ঞ। এই চরাচর জগতের মধ্যে কোন ব্যক্তিই তাঁহাকে জানে না এবং কোন কালে কেহ জানিতেও পারিবে না। দেবতা, ঋষি, রাক্ষস, গন্ধর্ব্ব, যক্ষ, কিন্নর এবং উরগেরাও তাঁহাকে জ্ঞাত হইতে পারে নাই। আর এই যে মহর্ষিকে দেখিতেছেন, ইনিও সামান্য নহেন। পূর্ব্বে যখন এই কুশিকনন্দন রাজ্যশাসন করিতেন, তৎকালে ভগবান্ শূলপাণি ইহাঁকে কতকগুলি অস্ত্র প্রদান করেন, ঐ সমস্ত অস্ত্র কৃশাশ্বের পুত্র এবং প্রজাপতি দক্ষের কন্যা জয়া ও সুপ্রভার গর্ভসম্ভূত। পূর্ব্বে জয়া বরলাভ করিয়া অসুরসৈন্য সংহারার্থ অদৃশ্যরূপ পঞ্চাশৎ এবং সুপ্রভাও সংহার নামে উৎকৃষ্ট পঞ্চাশৎ অস্ত্র প্রসব করেন। ঐ সকল অস্ত্রের আকার নানাপ্রকার, উহারা নিতান্ত দুঃসহ, মহাবীর্য্য, দীপ্তিশীল ও বিজয়প্রদ এবং উহাদের শক্তির পরিসীমা করা যায় না। এই কুশিকতনয় বিশ্বামিত্র, সেই সমস্ত অস্ত্র শস্ত্র সমগ্র জ্ঞাত আছেন; ইনি অপূর্ব্ব অস্ত্রবিদ্যা বিশেষের সৃষ্টি করিতে পারেন। ভূত, ভবিষ্যৎ ও

কুরুষ ভদ্রন্তে মা চ শোকে মনঃ কৃথাঃ ॥ ইত্যেবমুক্ত্বা ধর্ম্মাত্মা ধর্ম্মার্থ-সহিতং বচঃ। বিররাম মহাতেজা বিশ্বামিত্রো মহামতিঃ ॥ স তন্নিশম্য রাজেন্দ্রো বিশ্বামিত্র-বচঃ শুভম্। শোকেন মহতাবিষ্টশ্চচাল চ মুমোহ চ ॥ লব্ধসংজ্ঞস্ততোত্থায় ব্যষীদত ভয়ান্বিতঃ ॥ ইতি স হৃদয়-মনো বিদারণং মুনিবচনং

বর্ত্তমান ইহাঁর কিছুই অবিদিত নাই। মহারাজ! এই ধর্ম্মপরায়ণ মহাযশা মহর্ষির প্রভাব এইরূপই জানিবেন। অতএব আপনি ইহাঁর সমভিব্যাহারে রামচন্দ্রকে প্রেরণ করিতে কিছুমাত্র সঙ্কোচ করিবেন না। স্বয়ং বিশ্বামিত্রই সেই নিশাচরগণকে বিনাশ করিতে পারেন; কেবল রামের হিতার্থই আপনার নিকট আসিয়া রামকে প্রার্থনা করিতেছেন।

বশিষ্ঠদেব এইরূপ কহিলে মহীপাল দশরথ যৎপরোনাস্তি আনন্দিত হইলেন। অতঃপর বিশ্বামিত্রের সহিত রামকে প্রেরণ করিতে তাঁহার আর কিছুমাত্র আশঙ্কা হইল না।

এই সংসার মায়াময়। জীব এই মায়ার বশবর্ত্তী হইয়া অনবরত ঘুরিয়া বেড়াইতেছে। মায়া হইতেই জীবের আসক্তি। স্নেহ, ভালবাসা, এই মায়ার প্রধান অঙ্গ। এই স্নেহ প্রভৃতির এতদূর শক্তি যে উহারা মনুষ্যকে একেবারে অন্ধ করিয়া ফেলে এবং কর্ত্তব্যে বিস্মৃতি জন্মাইয়া দেয়। এই স্নেহ প্রভৃতি আবার অবস্থাভেদে ন্যূনাধিক হইতে দেখা যায় এবং উহাদের ন্যূনাধিক্যের সহিত মনুষ্যের অন্ধতা ও কর্ত্তব্য-বিস্মৃতিরও ন্যূনাধিক্য লক্ষিত হয়। আগ্রহাতিশয় থাকা সত্ত্বে ও বহুকাল কাম্য বস্তুতে বঞ্চিত থাকিয়া পরে তাহা প্রাপ্ত হইলে, তাহার প্রতি আসক্তি স্বতঃই অধিক হইতে দেখা গিয়া থাকে। পুত্রবাৎসল্য মনুষ্যের স্বভাব-সুলভ; কিন্তু যথাকালে লব্ধপুত্র-ব্যক্তি অপেক্ষা, পুত্রে হতাশ হইয়া অবশেষে বৃদ্ধ বয়সে লব্ধপুত্র-ব্যক্তির পুত্রস্নেহ অধিক হওয়াই স্বাভাবিক। আদিকবি বাল্মীকি দশরথ-প্রমুখাৎ রামকে বিশ্বামিত্র সহ প্রেরণ করা সম্বন্ধে নানা প্রকার আপত্তি প্রদর্শন করিয়া মনুষ্য প্রকৃতির এই স্বাভাবিক ধর্ম্মই দেখাইয়াছেন; দশরথের চরিত্র এইরূপে চিত্রিত করায় আবার ভবিষ্যতে অত্যধিক পুত্রবাৎসল্য নিবন্ধন পুত্রশোকে দশরথের প্রাণত্যাগের সহিতও সামঞ্জস্য লক্ষিত হইতেছে। যদিও প্রথমে পুত্রস্নেহ হেতু অন্ধতা প্রযুক্ত দশরথের কর্ত্তব্যচ্যুতি হইল বটে; কিন্তু আবার কুলগুরু বশিষ্ঠের মন্ত্রণায় দশরথের জ্ঞানের অবতারণা দ্বারা তাঁহার চরিত্রের নির্ম্মলতা রক্ষা করিয়া কবিগুরু তাঁহার

তদতীব শুশ্রুবান্। নরপতিরভবন্মহান্মহাত্মা ব্যথিতমনাঃ প্রচচাল চাসনাৎ॥ তচ্ছ্রুত্বা রাজশার্দ্দূলো বিশ্বামিত্রস্য ভাষিতম্। মুহূর্ত্তমিব নিঃসংজ্ঞঃ সংজ্ঞাবানিদমব্রবীৎ॥ ঊনষোড়শবর্ষো মে রামো রাজীবলোচনঃ। ন যুদ্ধ-যোগ্যতামস্য পশ্যামি সহ রাক্ষসৈঃ॥ ইয়মক্ষৌহিণী সেনা যস্যাহং পতি-

---

অসীম ক্ষমতার পরিচয় দিয়াছেন। মহর্ষি বাল্মীকির এই বর্ণনার সহিত কালিদাসের বর্ণনা হঠাৎ তুলনা করিতে গেলে শেষোক্তটি অতি জঘন্য বলিয়াই বোধ হয়। তাঁহার বর্ণনায় দশরথচরিত্রে মনুষ্য-স্বভাব-সুলভ পুত্র-বাৎসল্য দৃষ্ট হয় না, বরং তাঁহার শেষোক্ত বাক্যটিতে তাহার বিপরীতই বোধ হয়। কালিদাস বলিতেছেন,—"রঘুবংশীয়দিগের নিকটে কোন ব্যক্তি প্রাণপ্রার্থী হইয়া উপস্থিত হইলেও কদাচ বিফল-মনোরথ হয় না।" ইহা হইতে এই ভাবার্থ গ্রহণই সম্ভব যে, যাঁহারা প্রার্থীকে প্রাণ পর্য্যন্ত দান করিতেও কুণ্ঠিত নহেন, তাঁহাদের পক্ষে পুত্রপ্রদান অতি তুচ্ছ বিষয়। এতদ্দ্বারা দশরথ যে পুত্রাপেক্ষা স্বীয় প্রাণকে অধিক বিবেচনা করিতেন, ইহাই সূচিত হইতেছে; এরূপ মানসিকভাব নিতান্ত মনুষ্যপ্রকৃতিবিরুদ্ধ। ইহা আবার পৌরাণিক ঘটনার সহিতও অসংলগ্ন। রামায়ণে দেখা যায়,—রাজা দশরথ, পুত্রশোকে প্রাণত্যাগ করেন; কিন্তু উপরের ভাব গ্রহণ করিলে ইহা কোনপ্রকারেই সম্ভবপর হইতে পারে না। সুতরাং প্রথম দৃষ্টিতে উহা দোষ পূর্ণ বলিয়া বোধ হওয়াই সম্ভব; কিন্তু মহাকবি কালিদাস এরূপ অসংলগ্ন লিখিবার পাত্র নহেন। প্রণিধান পূর্ব্বক চিন্তা করিয়া দেখিলে স্পষ্টই প্রতীয়মান হইবে যে, তাঁহার বর্ণনাই শ্রেষ্ঠতর। তিনি দশরথের মনুষ্য-প্রকৃতি-সুলভ পুত্রবাৎসল্যের কোন কার্য্য প্রদর্শন করেন নাই বটে; কিন্তু তাহাতে দশরথের চরিত্র আরও উন্নতই করা হইয়াছে। বাল্মীকি দশরথকে প্রাকৃতজনবৎ বর্ণনা করিয়াছেন; কিন্তু কালিদাস তাঁহাকে অমানুষিক ক্ষমতাশালী কর্ত্তব্য-পরায়ণ ক্ষত্ররাজের ন্যায় বর্ণনা করিয়াছেন। যাহা সাধারণ লোককে বিচলিত করে, তাহা দশরথের তুল্য রাজাকে বিচলিত করা উচিত নহে, ইহাই কালিদাসের বর্ণনার তাৎপর্য্য। বর্ণাশ্রম পালন করাই রাজার ধর্ম্ম। কালিদাস স্থানান্তরে এ বিষয়ে বলিতেছেন,—

"নৃপস্য বর্ণাশ্রম-পালনং যৎ
স এব ধর্ম্মো মনুনা প্রণীত" ইত্যাদি।

সুতরাং মহর্ষি বিশ্বামিত্রের তপশ্চর্য্যার ব্যাঘাত নিবারণ করা রাজধর্ম্মা-

যাবদাদিশতি পার্থিবস্তয়ো-
র্নির্গমায় পুরমার্গসংক্রিয়াম্ ।

রীশ্বরঃ। অনয়া সহিতো গত্বা যোদ্ধাহন্তৈ নিশাচরৈঃ॥ ইমে শূরাশ্চ বিক্রান্তা ভৃত্যা মেঽস্ত্রবিশারদাঃ। যোগ্যা রক্ষোগণৈর্যোদ্ধুং ন রামং নেতুমর্হসি” ইত্যাদি)॥ ২ ॥

যাবদিতি। পার্থিবঃ পৃথিবীশ্বরঃ তয়োঃ রামলক্ষ্মণয়োঃ নির্গমায় নিষ্ক্র-

নুসারে মহারাজ দশরথের নিতান্ত কর্ত্তব্য কার্য্য; ইহা হইতে ক্ষণমাত্র বিচলিত হইলেও তিনি নিন্দার্হ। বাল্মীকি তাঁহার বর্ণনায় রাজা দশরথকে এই নিন্দার পাত্র করিয়াছেন, কিন্তু কালিদাসের বর্ণনায় তিনি অনিন্দ্য। আবার দশরথ যে স্বীয় প্রাণকে পুত্রাপেক্ষা অধিক দেখিতেন, চিন্তা করিয়া দেখিলে, ইহাও শ্লোকের তাৎপর্য্য বলিয়া বোধ হয় না। বাল্মীকির বর্ণনায় দশরথকে মুনি বিশ্বামিত্রের কথার প্রতি সন্দেহপরবশ বলিয়া বর্ণিত হইয়াছে, কিন্তু কালিদাসের বর্ণনায় সে সন্দেহ নাই, দশরথ মুনিতে সম্পূর্ণ আস্থাপূর্ণ। বাল্মীকির বর্ণনায় মুনির প্রতি অনাস্থা হেতু দশরথ পুত্রের অমঙ্গল আশঙ্কা করিতেছেন, কিন্তু কালিদাসের বর্ণনায় সে আশঙ্কা দশরথের মনে স্থানও পাইতেছে না। তবে কবি যে বলিতেছেন “রঘুবংশীয়দিগের নিকটে কোন ব্যক্তি প্রাণ-প্রার্থী হইয়া উপস্থিত হইলেও কদাচ বিফলমনোরথ হয় না” ইহার তাৎপর্য্য এই যে, যাঁহারা প্রার্থীকে জীবন পর্য্যন্ত দান করিতে পরাঙ্মুখ নহেন, তাঁহারা যে কর্ত্তব্যানুষ্ঠানে পরাঙ্মুখ হইবেন, ইহা কোনমতেই সম্ভবপর নহে। বস্তুতঃ প্রাণের সহিত পুত্রের তুলনার অবতারণাই করা হয় নাই। বিশ্বামিত্রের প্রার্থনা দশরথকে কর্ত্তব্য কার্য্য করিবার অনুরোধ ভিন্ন অপর কিছুই নহে। সুতরাং প্রাণের সহিত কোন বস্তু তুলনা করিতে হইলে, কর্ত্তব্যানুষ্ঠানের সহিত তুলনা করাই সঙ্গত। এই সকল বিষয় পর্য্যালোচনা করিয়া দেখিলে স্পষ্টই প্রতীতি হইবে যে, বাল্মীকির বর্ণনা সাধারণ ব্যক্তির বর্ণনার পক্ষে অত্যুৎকৃষ্ট হইলেও রাজা দশরথের বর্ণনার উপযোগী হয় নাই এবং কালিদাস রাজা দশরথের চরিত্রে অমানুষিক উচ্চভাব দেখাইয়া স্বনামোচিত ক্ষমতারই পরিচয় প্রদান করিয়াছেন॥ ২ ॥

মহারাজ দশরথ পুত্রদ্বয়ের তপোবন গমনের নিমিত্ত যেই (যে মুহূর্ত্তে)

তাবদাশু বিদধে মরুৎসখৈঃ
সা সপুষ্পজলবর্ষিভির্ঘনৈঃ ॥ ৩ ॥
তৌ নিদেশকরণোদ্যতৌ পিতু-
র্ধন্বিনৌ চরণয়োর্নিপেততুঃ।
ভূপতেরপি তয়োঃ প্রবৎস্যতো-
র্নম্রয়োরুপরি বাষ্পবিন্দবঃ ॥ ৪ ॥
তৌ পিতুর্নয়নজেন বারিণা
কিঞ্চিদুক্ষিতশিখণ্ডকাবুভৌ।
ধন্বিনৌ তমৃষিমন্বগচ্ছতাং
পৌরদৃষ্টিকৃতমার্গতোরণৌ ॥ ৫ ॥

মায় পুরমার্গসংস্ক্রিয়াং ধূলিসংমার্জ্জনগন্ধোদকসেচন-পুষ্পোপহাররূপসংস্কারং যাবদাদিশতি আজ্ঞাপয়তি তাবৎ মরুৎসখৈর্ব্বায়ুসখৈঃ, অনেন ধূলিসংমার্জ্জনং গম্যতে, সপুষ্পজলবর্ষিভিঃ পুষ্পসহিতজলবর্ষিভির্ঘনৈঃ সা মার্গসংস্ক্রিয়া আশু বিদধে বিহিতা। এতেন দেবকার্য্যপ্রবৃত্তয়োর্দ্দৈবানুকূল্যং সূচিতম্ ॥ ৩ ॥

তাবিতি। নিদেশকরণোদ্যতৌ পিত্রাজ্ঞাকরণোদ্যুক্তৌ ধন্বিনৌ ধনুষ্মন্তৌ তৌ কুমারৌ পিতুশ্চরণয়োঃ নিপেততুঃ প্রণতাবিত্যর্থঃ। ভূপতেরপি বাষ্পবিন্দবঃ প্রবৎস্যতোঃ প্রবাসং করিষ্যতোঃ অতএব নম্রয়োঃ প্রণতয়োঃ। নমিকম্পীতি রপ্রত্যয়ঃ। তয়োরুপরি নিপেতুঃ পতিতাঃ ॥ ৪ ॥

তাবিতি। পিতুর্নয়নজেন বারিণা কিঞ্চিদুক্ষিতশিখণ্ডকৌ ঈষৎ সিক্তচূড়ৌ। "শিখা চূড়া শিখণ্ডঃ স্যা"দিত্যমরঃ। শেষাদ্বিভাষেতি কপ্প্রত্যয়ঃ।

নগরের পথ সংস্কারের আদেশ প্রদান করিলেন, সেই মুহূর্ত্তেই (তৎক্ষণাৎ) বায়ু ও মেঘ, পুষ্প ও জল বর্ষণ করিয়া অত্যল্প সময়ের মধ্যেই পথ সংস্কার করিল। সুতরাং তাঁহাদের দৈবই অনুকূল হইলেন ॥ ৩ ॥

পিতার আদেশ-পালনে উদ্যত সেই রাম ও লক্ষ্মণ ধনুর্গ্রহণ পূর্ব্বক পিতার চরণে প্রণত হইলেন, দশরথেরও অশ্রুবারি প্রবাসগমনোদ্যত প্রণত পুত্রদ্বয়ের উপর নিপতিত হইল ॥ ৪ ॥

পিতার নেত্রজলে ঈষৎ আর্দ্র শিখাসমন্বিত ধনুর্দ্ধারী কুমারদ্বয়, মহর্ষি বিশ্বামিত্রের অনুসরণে প্রবৃত্ত হইলেন, পুরবাসিগণ তাঁহাদিগের প্রতি দৃষ্টি-

লক্ষ্মণানুচরমেব রাঘবং
নেতুমৈচ্ছদৃষিরিত্যসৌ নৃপঃ।
আশিষং প্রযুযুজে ন বাহিনীং
সা হি রক্ষণবিধৌ তয়োঃ ক্ষমা ॥ ৬ ॥

মাতৃবর্গচরণস্পৃশৌ মুনে-
স্তৌ প্রপদ্য পদবীং মহৌজসঃ।
রেজতু র্গতিবশাৎ প্রবর্ত্তিনৌ
ভাস্করস্য মধুমাধবাবিব ॥ ৭ ॥

ধন্বিনৌ তাবুভৌ পৌরদৃষ্টিভিঃ কৃতানি মার্গতোরণানি সম্পাদ্যানি কুবলয়ানি যয়োস্তৌ তথোক্তৌ সংঘশো নিরীক্ষ্যমাণাবিত্যর্থঃ। তমৃষিমন্বগচ্ছতাম্ ॥ ৫ ॥

লক্ষ্মণেতি। ঋষিঃ লক্ষ্মণানুচরমেব লক্ষ্মণমাত্রানুচরং তং রাঘবং নেতুমৈচ্ছৎ ইতি হেতোঃ অসৌ নৃপঃ আশিষং প্রযুযুজে প্রযুক্তবান্ বাহিনীং সেনাং ন প্রযুযুজে ন প্রেষিতবান্ হি যস্মাৎ সা আশীরেব তয়োঃ কুমারয়োঃ রক্ষণবিধৌ ক্ষমা শক্তা ॥ ৬ ॥

মাতৃবর্গেতি। মাতৃবর্গস্য চরণান্ স্পৃশতইতি মাতৃবর্গচরণস্পৃশৌ কৃতমাতৃবর্গনমস্কারাবিত্যর্থঃ। স্পৃশোঽনুদকে ক্বিন্নিতি কিন্ প্রত্যয়ঃ। তৌ মহৌজসোমুনেঃ পদবীং প্রপদ্য মহৌজসো ভাস্করস্য গতিবশাৎ মেষাদিরাশিসংক্রান্ত্যনুসারাৎ প্রবর্ত্তিনৌ মধুমাধবাবিব চৈত্রবৈশাখাবিব রেজতুঃ। ফণাঞ্চ সপ্তানামিতি বৈকল্পিকাবেত্বাভ্যাসলোপৌ। "স্যাচ্চৈত্রে চৈত্রকোমধুঃ, বৈশাখে মাধবোরাধ" ইতি চামরঃ ॥ ৭ ॥

পাত করায় তাহাদের নয়নপংক্তি রাজপথের তোরণ দ্বারের ন্যায় সুশোভিত হইল ॥ ৫ ॥

মহর্ষি বিশ্বামিত্র, কেবল লক্ষ্মণের সহিত রামচন্দ্রকে লইয়া যাইতে ইচ্ছা প্রকাশ করায় দশরথ উঁহাদিগের রক্ষা বিষয়ে কেবল আশীর্ব্বাদ প্রয়োগ করিলেন ; কিন্তু সৈন্য প্রেরণ করা আবশ্যক বোধ করিলেন না ॥ ৬ ॥

যেমন চৈত্র ও বৈশাখ মাস, মেষাদি রাশি সংক্রমন বশতঃ সূর্য্যের অনুগমন করে বলিয়া সুদৃশ্য হইয়া থাকে, তদ্রূপ রাম ও লক্ষ্মণ মাতৃবর্গের চরণ বন্দনা করিয়া মহর্ষির অনুসরণ করায় সুশোভিত হইলেন ॥ ৭ ॥

বীচিলোলভুজয়োস্তয়োর্গতং
শৈশবাচ্চপলমপ্যশোভত।
তোয়দাগমইবোদ্ধ্যভিদ্যয়ো-
র্নামধেয়সদৃশং বিচেষ্টিতম্ ॥ ৮ ॥
তৌ বলাতিবলয়োঃ প্রভাবতো-
বিদ্যয়োঃ পথি মুনিপ্রদিষ্টয়োঃ।
মম্লতু র্ন মণিকুট্টিমোচিতৌ
মাতৃপার্শ্বপরিবর্ত্তিনাবিব ॥ ৯ ॥

বীচীতি। বীচিলোলভুজয়োঃ তরঙ্গচঞ্চলবাহ্বোঃ। ইদং বিশেষণং নদোপমানসিদ্ধ্যর্থং বেদিতব্যম্। তয়োঃ চপলং চঞ্চলমপি গতং গতিঃ শৈশবাদ্ধেতোরশোভত। কিমিব তোয়দাগমে বর্ষাসময়ে উজ্ঝত্যুদকমিত্যুদ্ধ্যঃ, ভিনত্তি কূলমিতি ভিদ্যঃ। ভিদ্যোদ্ধ্যৌ নদে ইতি ক্যবন্তৌ নিপাত্যৌ। উদ্ধ্যভিদ্যয়োর্নদবিশেষয়ো র্নামধেয়সদৃশং নামানুরূপং বিচেষ্টিতমিব উদকোজ্ঝনকূলভেদনরূপব্যাপার ইব। সময়োৎপন্নং চাপলমপি শোভত ইতি ভাবঃ ॥ ৮ ॥

তাবিতি। মণিকুট্টিমোচিতৌ মণিবদ্ধভূমিসঞ্চারোচিতৌ তৌ মুনিপ্রদিষ্টয়োঃ কৌশিকেনোপদিষ্টয়োঃ বলাতিবলয়োঃ বিদ্যয়োঃ বলাতিবলাখ্যয়োর্ম্মন্ত্রয়োঃ প্রভাবতঃ সামর্থ্যাৎ মাতৃপার্শ্বপরিবর্ত্তিনাবিব পথি ন মম্লতুঃ ন

গমনকালে সেই রাজকুমারদিগের বাহু, জলতরঙ্গের ন্যায় সঞ্চালিত হইতে লাগিল, তাঁহাদের সেই চঞ্চল গমন বালকত্ব-নিবন্ধন বর্ষাকালীয় উদ্ধ্য ও ভিদ্য নামক নদদ্বয়ের স্বীয় নামানুরূপ কার্য্যের ন্যায় রমণীয় হইয়া উঠিল। অর্থাৎ রাম ও লক্ষ্মণ বালকত্বপ্রযুক্ত এরূপ হেলিয়া দুলিয়া চলিতে লাগিলেন, তাহাতে বোধ হইতে লাগিল, সলিলবহন ও কূলভেদন কার্য্যে পটুবশতঃ উদ্ধ্য ও ভিদ্য স্বার্থক নামপ্রাপ্ত নদদ্বয়ের ন্যায় শোভাধারণ করিলেন ॥ ৮ ॥

রাম ও লক্ষ্মণের মণিময় ভূমিতে বিচরণ করিবার অভ্যাস থাকিলেও তপোবনে গমনকালে মহর্ষি বিশ্বামিত্রের অনুগ্রহে বলা ও অতিবলা নামে দুই বিদ্যা অভ্যাস করিলেন ; সুতরাং সেই বিদ্যাপ্রভাবে পথপর্য্যটন শ্রমে

পূর্ব্ববৃত্তকথিতৈঃ পুরাবিদঃ
সানুজঃ পিতৃসখস্য রাঘবঃ ।
উহ্যমান ইব বাহনোচিতঃ
পাদচারমপি ন ব্যভাবয়ৎ ॥ ১০ ॥

তৌ সরাংসি রসবদ্ভিরম্বুভিঃ
কূজিতৈঃ শ্রুতিসুখৈঃ পতত্রিণঃ ।
বায়বঃ সুরভিপুষ্পরেণুভি-
শ্ছায়য়া চ জলদাঃ সিষেবিরে ॥ ১১ ॥

ম্লানাবিত্যর্থঃ। অত্র রামায়ণশ্লোকঃ ;—"ক্ষুৎপিপাসে ন তে রাম ভবিষ্যেতে নরোত্তম। বলামতিবলাঞ্চৈব পঠতঃ পথি রাঘব" ॥ ৯ ॥

পূর্ব্বেতি। বাহনোচিতঃ সানুজো রাঘবঃ পুরাবিদঃ পূর্ব্ববৃত্তাভিজ্ঞস্য পিতৃসখস্য মুনেঃ পূর্ব্ববৃত্তকথিতৈঃ পুরাবৃত্তকথাভিরুহ্যমান ইব বাহনেন প্রাপ্যমাণইব। বহের্ধাতোঃ কর্ম্মণি শানচ্। পাদচারমপি ন ব্যভাবয়ৎ ন জ্ঞাতবান্ ॥ ১০ ॥

তাবিতি। তৌ রাঘবৌ কর্ম্মভূতৌ সরাংসি কর্তৃণি রসবদ্ভির্ম্মধুরৈরম্বুভিঃ সিষেবিরে, পতত্রিণঃ পক্ষিণঃ সুখয়ন্তীতি সুখানি পচাদ্যচ্। শ্রুতীনাং সুখানি তৈঃ কূজিতৈঃ, বায়বঃ সুরভিপুষ্পরেণুভিঃ, জলদাঃ ছায়য়া চ, সিষেবিরে ইতি সর্ব্বত্র সম্বধ্যতে ॥ ১১ ॥

ক্লান্ত হইলেন না ; বরং যেন জননীর পার্শ্বেই অবস্থান করিতেছেন, এইরূপ তাঁহারা মনে করিতে লাগিলেন ॥ ৯ ॥

রাজকুমারদিগের যানে গমনাগমন করিবার অভ্যাস থাকিলেও সেই পুরাবৃত্ত-কীর্ত্তনে দক্ষ পিতৃসখা কুশিকনন্দন বিশ্বামিত্রের সুমধুর বাক্য শ্রবণে পথক্লেশ কিছুমাত্র অনুভব হইল না ; বরং তাঁহারা যানারোহণ সুখই অনুভব করিতে লাগিলেন ॥ ১০ ॥

সরোবর সকল সুরস সলিল দ্বারা, বিহঙ্গমগণ শ্রোত্রাভিরাম মধুর ধ্বনি দ্বারা এবং সুশীতল সমীরণ সুগন্ধি কুসুমরেণু বর্ষণ ও মেঘমালা ছায়া বিস্তার করিয়া রাজকুমারদ্বয়ের সেবা করিতে লাগিল ॥ ১১ ॥

নাম্ভসাং কমলশোভিনাং তথা
শাখিনাঞ্চ ন পরিশ্রমচ্ছিদাম্।
দর্শনেন লঘুনা যথা তয়োঃ
প্রীতিমাপুরুভয়োস্তপস্বিনঃ ॥ ১২ ॥
স্থাণুদগ্ধবপুষস্তপোবনং
প্রাপ্য দাশরথিরাত্তকার্ম্মুকঃ।

নেতি। তপ এষামস্তীতি তপস্বিনঃ। তপঃসহস্রাভ্যাং বিনিরিতি বিনি-প্রত্যয়ঃ। লঘুনা ইষ্টেন। "ত্বিষ্বিষ্টেঽপি লঘু"রিত্যমরঃ। তয়োরুভয়োঃ কর্ম্মভূতয়োর্দ্দর্শনেন যথা প্রীতিমাপুঃ তথা কমলশোভিনামম্ভসাং দর্শনেন নাপুঃ, পরিশ্রমচ্ছিদাং শাখিনাং দর্শনেন চ নাপুঃ ॥ ১২ ॥

স্থাণ্বিতি। স আত্তকার্ম্মুকঃ দশরথস্যাপত্যং পুমান্ দাশরথী রামঃ। অত ইঞিতি ইঞ্ প্রত্যয়ঃ। স্থাণুর্হরঃ। "স্থাণুঃ কোলে হরে স্থিরে" ইতি বিশ্বঃ। তেন দগ্ধবপুষোমদনস্য তপোবনং প্রাপ্য চারুণা বিগ্রহেণ কায়েন। "বিগ্রহঃ সমরে কায়ে" ইতি বিশ্বঃ। প্রতিনিধিঃ প্রতিকৃতিঃ সদৃশোঽভবৎ, কর্ম্মণা ন পুনঃ। দেহেন মদনসুন্দর ইতি ভাবঃ। (মদনস্য তপোবনমুক্তং রামায়ণে যথা—"তং দৃষ্ট্বা পরমপ্রীতৌ রাঘবৌ পুণ্যমাশ্রমং। ঊচতুস্তং মহাত্মানং বিশ্বামিত্র মিদং বচঃ॥ কস্যায়মাশ্রমঃ পুণ্যঃ কোন্বস্মিন্ বসতে পুমান্। ভগবন্ শ্রোতুমিচ্ছাবঃ পরং কৌতূহলং হি নৌ॥ তয়োস্তদ্বচনং শ্রুত্বা প্রহস্য মুনিপুঙ্গবঃ। অব্রবীচ্ছ্রূয়তাং রাম যস্যায়ং পূর্ব্ব আশ্রমঃ॥ কন্দর্পো মূর্ত্তিমানাসীৎ কাম ইত্যুচ্যতে বুধৈঃ॥ তপস্যন্তমিহ স্থাণুং নিয়মেন সমাহিতম্। কৃতোদ্বাহন্ত

তপস্বিগণ সেই রাজকুমারদিগের মনোহর মূর্ত্তি অবলোকন করিয়া যেরূপ প্রীত হইলেন, কমল-সুশোভিত সলিল ও শ্রমাপহারী বৃক্ষ নিরীক্ষণ করিয়াও তদ্রূপ প্রীতিলাভ করেন না॥ ১২ ॥

তাঁহারা হরকোপানলে দগ্ধ-কলেবর অনঙ্গের তপোবনে উপস্থিত হইয়া অঙ্গসৌষ্ঠবেই কন্দর্পের প্রতিনিধি হইলেন; কিন্তু কার্য্যতঃ হইলেন না। অর্থাৎ কন্দর্প-দর্শনে যেমন লোকের চিত্তবিকার জন্মে, কুমারদ্বয়ের দর্শনে তাদৃশ চিত্তবৈকল্য ঘটে নাই। ইহাই কার্য্যতঃ বৈষম্য। লোকে যাঁহাকে কাম বলিয়া নির্দ্দেশ করে, পূর্ব্বে সেই অনঙ্গদেব মূর্ত্তিমান ছিলেন। তাঁহার

বিগ্রহেণ মদনস্য চারুণা
সোঽভবৎ প্রতিনিধির্ন কর্ম্মণা ॥ ১৩ ॥
তৌ সুকেতুসুতয়া খিলীকৃতে
কৌশিকাদ্বিদিতশাপয়া পথি।
নিন্যতুঃ স্থলনিবেশিতাটনী
লীলয়ৈব ধনুষী অধিজ্যতাম্ ॥ ১৪ ॥

দেবেশং গচ্ছন্তং সমরুদ্গণম্॥ ধর্ষয়ামাস দুর্ম্মেধা হুঙ্কৃতশ্চ মহাত্মনা। অবধ্যাতশ্চ রুদ্রেণ চক্ষুষা রঘুনন্দন॥ ব্যশীর্য্যন্ত শরীরাৎ স্বাৎ সর্ব্বগাত্রাণি দুর্ম্মতেঃ॥ তত্র গাত্রং হতং তস্য নির্দগ্ধস্য মহাত্মনা। অশরীরঃ কৃতঃ কামঃ ক্রোধাদ্দেবেশ্বরেণ হ। অনঙ্গ ইতি বিখ্যাতস্তদাপ্রভৃতি রাঘব॥ স চাঙ্গবিষয়ঃ শ্রীমান্ যত্রাঙ্গং স মুমোচ হ॥ তস্যায়মাশ্রমঃ পুণ্যস্তস্যেমে মুনয়ঃ পুরা") ॥ ১৩ ॥

তাবিতি। অত্র রামায়ণবচনম্;—"অগস্ত্যঃ পরমঃ ক্রুদ্ধস্তাড়কামভিশপ্তবান্। পুরুষাদী মহাযক্ষী বিকৃতা বিকৃতাননা। ইদং রূপমপহায় দারুণং রূপমস্তু তে" ইতি। তদেতদাহ বিদিতশাপয়েতি। কৌশিকাদাখ্যাতুঃ। আখ্যাতোপযোগইত্যপাদানাৎ পঞ্চমী। বিদিতশাপয়া সুকেতুসুতয়া তাড়কয়া খিলীকৃতে পথি। "খিলমপ্রহতং স্থান"মিতি হলায়ুধঃ। তৌ রামলক্ষ্মণৌ স্থলে নিবেশিতে অটনী ধনুষ্কোটী যাভ্যাং তৌ তথোক্তৌ। "কোটিরস্যাটনি"রিত্যমরঃ। লীলয়ৈব ধনুষী অধিকৃতে জ্যে মৌর্ব্ব্যৌ যয়োস্তে অধিজ্যে।

এক আশ্রম ছিল। একদা কৈলাসনাথ শঙ্কর সমাধিভঙ্গ করিয়া দেবগণের সহিত বিলাসস্থানে যাইতেছিলেন, এমন সময়ে সেই কামদেব তাঁহার চিত্তবিকার উৎপাদন করেন। এই অপরাধে মহাত্মা ভবানীপতি, রোষকলুষিত-লোচনে হুঙ্কারপূর্ব্বক তাঁহার প্রতি দৃষ্টিপাত করিয়াছিলেন। তাঁহার দৃষ্টিমাত্র কন্দর্পের অঙ্গপ্রত্যঙ্গ সমুদায় স্খলিত ও ভস্মীভূত হইয়া যায়। মদন স্বকীয় তপোবনেই হরকোপানলে ভস্মীভূত হন্, এই আশ্রম মদনের তপোবন বলিয়া অভিহিত হয় ॥ ১৩ ॥

অনন্তর বিশ্বামিত্রের নিকট হইতে অগস্ত্য প্রদত্ত সুকেতুতনয়া তাড়কার

জ্যানিনাদমথ গৃহ্নতী তয়োঃ
প্রাদুরাস বহুলক্ষপাচ্ছবিঃ।
তাড়কা চলকপালকুণ্ডলা
কালিকেব নিবিড়া বলাকিনী ॥ ১৫ ॥
তীব্রবেগধুতমার্গবৃক্ষয়া
প্রেতচীবরবসা স্বনোগ্রয়া।
অভ্যভাবি ভরতাগ্রজস্তয়া
বাত্যয়েব পিতৃকাননোত্থয়া ॥ ১৬ ॥

"জ্যা মৌর্ব্বী মাতৃভূমিষু" ইতি বিশ্বঃ। তয়োর্ভাবস্তত্তামধিজ্যতাং নিন্যতুঃ নীতবন্তৌ। নয়তির্দ্বিকর্ম্মকঃ ॥ ১৪ ॥

জ্যেতি। অথ তয়োর্জ্যানিনাদং গৃহ্নতী জানতী শৃণ্বতীত্যর্থঃ। বহুলক্ষপাচ্ছবিঃ কৃষ্ণপক্ষরাত্রিবর্ণা। "বহুলঃ কৃষ্ণপক্ষে চ" ইতি বিশ্বঃ। চলে কপালে এব কুণ্ডলে যস্যাঃ সা তথোক্তা তাড়কা, নিবিড়া সান্দ্রা বলাকিনী বলাকাবতী। ব্রীহ্যাদিভ্যশ্চেতীনিঃ। কালিকেব ঘনাবলীব। "কালিকা যোগিনীভেদে কার্ষ্ণ্যে গৌর্য্যাং ঘনাবলা"বিতি বিশ্বঃ। প্রাদুরাস প্রাদুর্ব্বভূব ॥ ১৫ ॥

তীব্রেতি। তীব্রবেগেন ধুতাঃ কম্পিতাঃ মার্গবৃক্ষাঃ যয়া তথোক্তয়া প্রেতচীবরাণি বস্তে ইতি প্রেতচীবরবাঃ তয়া প্রেতচীবরবসা। বসতেরাচ্ছাদনার্থাৎ ক্বিপ্। স্বনেন সিংহনাদেন উগ্রয়া তয়া তাড়কয়া পিতৃকাননে শ্মশানে উত্থা উৎপন্না। আতশ্চোপসর্গে ইতি উৎপূর্ব্বাত্তিষ্ঠতেঃ কর্ত্তরি

অভিশাপ বৃত্তান্ত অবগত হইয়া নিশাচরী কর্ত্তৃক রুদ্ধপথে উভয়েই মহীতলে ধনুষ্কোটি রাখিয়া অবলীলাক্রমে ধনুকে জ্যা আরোপিত করিলেন ॥ ১৪ ॥

তাঁহাদিগের সেই জ্যানিনাদ শ্রবণ করিয়া কৃষ্ণপক্ষের রজনীর ন্যায় ঘোর কৃষ্ণবর্ণা তাড়কা রাক্ষসী উপস্থিত হইল, তাহার কর্ণস্থ নৃকপাল-বিনির্ম্মিত কুণ্ডল গমনবেগে দোলায়মান হইতে লাগিল, সুতরাং সেই রাক্ষসীকে দেখিয়া বোধ হইল যেন, বকশ্রেণীবিভূষিত নিবিড় মেঘমালা গগনমণ্ডলে আবির্ভূত হইয়াছে ॥ ১৫ ॥

প্রেতবসন পরিধানা সেই রাক্ষসী, বিকট শব্দ করিতে করিতে অতিবেগে

উদ্যতৈকভুজযষ্টিমায়তীং
শ্রোণিলম্বিপুরুষান্ত্রমেখলাম্ ।
তাং বিলোক্য বনিতাবধে ঘৃণাং
পত্রিণা সহ মুমোচ রাঘবঃ ॥ ১৭ ॥
যচ্চকার বিবরং শিলাঘনে
তাড়কোরসি স রামসায়কঃ ।
অপ্রবিষ্টবিষয়স্য রক্ষসাং
দ্বারতামগমদন্তকস্য তৎ ॥ ১৮ ॥

কপ্রত্যয়ঃ। তয়া বাত্যয়েব বাতসমূহেনেব। পাশাদিভ্যো য ইতি যঃ। ভরতাগ্রজো রামোঽভ্যভাবি অভিভূতঃ। কর্ম্মণি লুঙ্। তীব্রবেগেত্যাদি-বিশেষণানি বাত্যায়ামপি যোজ্যানি ॥ ১৬ ॥

উদ্যতেতি। উদ্যতা উন্নমিতা একো ভুজএব যষ্টির্যস্যাস্তাম্ আয়তী-মায়ান্তীম্। ইণোধাতোঃ শতরি উগিতশ্চেতি ঙীপ্। শ্রোণিলম্বিনী পুরুষাণা-মন্ত্রাণ্যেব মেখলা যস্যাস্তাম্। বিশেষণদ্বয়েনাপি আততায়িত্বং সূচিতম্। অতএব তাং বিলোক্য রাঘবো বনিতাবধে ঘৃণাং জুগুপ্সাং করুণাং বা। "জুগুপ্সাকরুণে ঘৃণে" ইত্যমরঃ। পত্রিণা ইষুণা সহ। "পত্রী রোপ ইষুর্দ্বয়ো" রিত্যমরঃ। মুমোচ মুক্তবান্। আততায়িবধে মনুঃ;—"আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চন" ইতি ॥ ১৭ ॥

যদিতি। স রামসায়কঃ শিলাবৎ ঘনে সান্দ্রে তাড়কোরসি যদ্বিবরং রন্ধ্রং চকার তদ্বিবরং রক্ষসামপ্রবিষ্টবিষয়স্য অপ্রবিষ্টরক্ষোদেশস্যেত্যর্থঃ। সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসঃ। "বিষয়ঃ স্যাদিন্দ্রিয়ার্থে দেশে জনপদে-

---

পথপার্শ্ববর্ত্তী বৃক্ষ সকল কম্পিত করিয়া শ্মশানোত্থ ঝঞ্ঝাবাতের ন্যায় ভরতা-গ্রজ রামকে আক্রমণ করিতে উদ্যত হইল ॥ ১৬ ॥

নিতম্বলম্বিত পুরুষান্ত্রকৃত মেখলা তাড়কাকে ঊর্দ্ধবাহু হইয়া অগ্রসর হইতে দেখিয়া স্ত্রীবধে ঘৃণাপরিহার পূর্ব্বক রাম, তাহার প্রতি শরক্ষেপণ করিলেন ॥ ১৭ ॥

রাম-নিক্ষিপ্ত শর, তাড়কার শিলা-সদৃশ সুদৃঢ় বক্ষঃস্থলে নিপতিত হইয়া

বাণভিন্নহৃদয়া নিপেতুষী
সা স্বকাননভুবং ন কেবলাম্।
বিষ্টপত্রয়পরাজয়স্থিরাং
রাবণশ্রিয়মপি ব্যকম্পয়ৎ॥ ১৯॥
রামমন্মথশরেণ তাড়িতা
দুঃসহেন হৃদয়ে নিশাচরী।
গন্ধবদ্রুধিরচন্দনোক্ষিতা
জীবিতেশবসতিং জগাম সা॥ ২০॥

হপি চ" ইতি বিশ্বঃ। অন্তকস্য যমস্য দ্বারতাম্ অগমৎ। ইয়ং প্রথমা রক্ষোমৃতিরিতি ভাবঃ॥ ১৮॥

বাণেতি। বাণভিন্নহৃদয়া নিপেতুষী নিপতিতা সতী। ক্বসুশ্চেতি ক্বসুপ্রত্যয়ঃ, উগিতশ্চেতি ঙীপ্। সা কেবলামেকাম্। "নির্ণীতে কেবলমিতি ত্রিলিঙ্গং ত্বেককৃৎস্নয়ো"রিত্যমরঃ। স্বকাননভুবং ন ব্যকম্পয়ৎ কিন্তু বিষ্টপত্রয়স্য লোকত্রয়স্য পরাজয়েন স্থিরাং রাবণশ্রিয়মপি ব্যকম্পয়ৎ। তাড়কাবধশ্রবণেন রাবণস্যাপি ভয়মুৎপন্নমিতি ভাবঃ॥ ১৯॥

অত্র তাড়কায়াঃ অভিসারিকায়াঃ সমাধিরভিধীয়তে;—রামেতি। সা নিশাসু চরতীতি নিশাচরী রাক্ষসী অভিসারিকা চ দুঃসহেন সোঢুমশক্যেন রামএব মন্মথঃ অন্যত্রাভিরামো মন্মথস্তস্য শরেণ হৃদয়ে উরসি মনসি চ। "হৃদয়ং মনউরসো"রিতি বিশ্বঃ। তাড়িতা বিদ্ধা গন্ধবৎ দুর্গন্ধি যদ্রুধিরম্ অসৃক্ তদেব চন্দনং তেনোক্ষিতা লিপ্তা অপরত্র গন্ধবতী সুগন্ধিনী যে রুধিরচন্দনে কুঙ্কুমচন্দনে তাভ্যামুক্ষিতা। "রুধিরং কুঙ্কুমাসৃজো"রিত্যুভয়ত্রাপি বিশ্বঃ। জীবিতেশস্যান্তকস্য প্রাণেশ্বরস্য চ বসতিং জগাম॥ ২০॥

যে বিবর করিল, তাহাই যেন রাক্ষসদেশে প্রবেশে অসমর্থ যমের দ্বারস্বরূপ হইল॥ ১৮॥

রামবাণে ভিন্ন-হৃদয়া তাড়কা রাক্ষসী পতিত হইয়া কেবল সেই বনই যে কম্পিত করিল, তাহা নহে, পরন্তু ত্রিভুবন পরাজয় দ্বারা অচলা রাবণের রাজ্য-লক্ষ্মীকেও বিকম্পিত করিল॥ ১৯॥

তদনন্তর সেই নিশাচরী রামরূপ মন্মথের শরে হৃদয়ে আহত ও দুর্গন্ধি

নৈঋ্র্তঘ্নমথ মন্ত্রবন্মুনেঃ
প্রাপদস্ত্রমবদানতোষিতাৎ।
জ্যোতিরিন্ধননিপাতি ভাস্করাৎ
সূর্য্যকান্তইব তাড়কান্তকঃ ॥ ২১ ॥
বামনাশ্রমপদং ততঃ পরং
পাবনং শ্রুতমৃষেরুপেয়িবান্।
উন্মনাঃ প্রথমজন্মচেষ্টিতা-
ন্যস্মরন্নপি বভূব রাঘবঃ ॥ ২২ ॥

নৈঋ্র্তেতি। অথানন্তরং তাড়কান্তকোরামঃ অবদানং পরাক্রমঃ। "পরাক্রমোঽবদানং স্যা"দিতি ভাগুরিঃ। তেন তোষিতাৎ মুনেঃ নৈঋ্র্তান্ রাক্ষসান্ হন্তীতি নৈঋ্র্তঘ্নম্। অমনুষ্যকর্তৃকে চেতি টক্। মন্ত্রবন্মন্ত্রযুক্তম্ অস্ত্রং সূর্য্যকান্তো মণিবিশেষঃ ভাস্করাৎ ইন্ধনানি নিপাতয়তীতি ইন্ধননিপাতি কাষ্ঠদাহকং জ্যোতিরিব প্রাপৎ প্রাপ্তবান্ ॥ ২১ ॥

বামনেতি। ততঃপরং রাঘবঃ ঋষেঃ কৌশিকাদাখ্যাতুঃ শ্রুতং পাবনং শোধনং বামনস্য স্বপূর্ব্বাবতারবিশেষস্য আশ্রমপদমুপেয়িবান্ উপগতঃ সন্। উপেয়িবাননাশ্বাননূচানশ্চেতি নিপাতঃ। প্রথমজন্মচেষ্টিতানি রামবাম-

---

রক্তরূপ চন্দনে লিপ্ত কলেবর হইয়া জীবিতেশ-সদনে (যমালয়ে) গমন করিল ॥ ২০ ॥

অনন্তর যেমন সূর্য্যকান্তমণি সূর্য্যের নিকট হইতে ইন্ধনবিনাশী তেজ প্রাপ্ত হয়, সেইরূপ তাড়কান্তক রামও স্বকীয় পরাক্রমে পরিতোষিত মহামুনি বিশ্বামিত্রের নিকট হইতে সমন্ত্রক রক্ষোঘ্ন অস্ত্র লাভ করিলেন ॥ ২১ ॥

রাম, ঋষিপ্রবর বিশ্বামিত্রের নিকট হইতে বামনাশ্রমের কথা শুনিয়া সেই বামনাশ্রমে উপস্থিত হইয়া, স্বকীয় পূর্ব্বজন্মবৃত্তান্ত স্মৃতিপথে আরূঢ় না হওয়াতেই অত্যন্ত উন্মনা হইয়া উঠিলেন। অর্থাৎ স্মর্ত্তব্য বিষয় স্মৃতিপথে না আসিলে, স্বভাবত মনে উদ্বেগ জন্মিয়া থাকে। এই নিমিত্ত রাম পূর্ব্বে বামনরূপে অবতীর্ণ হইয়া যে আশ্রমে অবস্থিতি করিয়াছিলেন, এক্ষণে সেই বিষ্ণুই রামরূপে সেই আশ্রমে উপস্থিত হইয়া, কোন এক ব্রাহ্মণীর অভিশাপ

আসসাদ মুনিরাত্মনস্ততঃ
শিষ্যবর্গপরিকল্পিতার্হণম্

দর্শনোন্মুখমৃগং তপোবনম্ ॥ ২৩ ॥
তত্র দীক্ষিতমৃষিং ররক্ষতু-
র্বিঘ্নতো দশরথাত্মজৌ শরৈঃ।
লোকমন্ধতমসাৎ ক্রমোদিতৌ
রশ্মিভিঃ শশিদিবাকরাবিব ॥ ২৪ ॥

নয়োরৈক্যাৎ স্মৃতিযোগ্যাঽপি রামস্যাজ্ঞানাবতারত্বেন সংস্কারদৌর্ব্বল্যাদস্মরন্নপি উন্মনা উৎসুকো বভূব ॥ ২২ ॥

আসসাদেতি। ততোমুনিঃ শিষ্যবর্গেণ পরিকল্পিতা সজ্জিতা অর্হণা পূজাসামগ্রী যস্মিন্ তত্তথোক্তং বদ্ধাঃ পল্লবপুটা এব অঞ্জলয়োযৈস্তে তথাভূতাঃ ক্রমা যস্মিন্ তত্তথোক্তং দর্শনেন মুনিদর্শনেন উন্মুখাঃ মৃগাঃ যস্মিংস্তৎ আত্মনস্তপোবনম্ আসসাদ। এতেন বিশেষণত্রয়েণাতিথিসৎকারতাচ্ছীল্যবিনয়শান্তয়ঃ সূচিতাঃ ॥ ২৩ ॥

তত্রেতি। তত্র তপোবনে দশরথাত্মজৌ দীক্ষিতং দীক্ষাসংস্কৃতম্ ঋষিং শরৈঃ বিঘ্নতোবিঘ্নেভ্যঃ, ক্রমেণ পর্য্যায়েণ রাত্রিদিবসয়োঃ উদিতৌ শশিদিবাকরৌ রশ্মিভিঃ অন্ধতমসাদ্গাঢ়ধ্বান্তাৎ। "ধ্বান্তে গাঢ়েঽন্ধতমস"মিত্যমরঃ। অবসমন্ধেভ্যস্তমস ইতি সমাসান্তোঽচ্ প্রত্যয়ঃ। লোকমিব ররক্ষতুঃ রক্ষণপ্রবৃত্তাবভূতামিত্যর্থঃ ॥ ২৪ ॥

বশতঃ বামনাবতারের বৃত্তান্ত স্মরণ না হওয়াতে প্রাকৃত ব্যক্তির ন্যায় উন্মনস্ক হইলেন ॥ ২২ ॥

অনন্তর মহর্ষি বিশ্বামিত্র স্বকীয় আশ্রমে উপস্থিত হইয়া দেখিলেন, শিষ্যগণ পূর্ব্বেই অর্ঘ্য সুসজ্জিত করিয়া রাখিয়াছেন ; বৃক্ষ সকল কৃতাঞ্জলি-পুটে তাঁহাদের অভ্যর্থনা করিতেছে, আর মৃগকুল তাঁহাদের দর্শন লালসায় উন্মুখ হইয়া প্রতীক্ষা করিতেছে ॥ ২৩ ॥

যেমন চন্দ্র ও সূর্য্য ক্রমে উদিত হইয়া লোচনের অবরোধকারী অন্ধকার

বীক্ষ্য বেদিমথ রক্তবিন্দুভি-
র্বন্ধুজীবপৃথুভিঃ প্রদূষিতাম্ ।
সম্ভ্রমোঽভবদপোঢ়কর্ম্মণা-
মৃত্বিজাং চ্যুতবিকঙ্কতস্রুচাম্ ॥ ২৫ ॥
উন্মুখঃ সপদি লক্ষ্মণাগ্রজো-
বাণমাশ্রয়মুখাৎ সমুদ্ধরন্ ।
রক্ষসাং বলমপশ্যদম্বরে
গৃধ্রপক্ষপবনেরিতধ্বজম্ ॥ ২৬ ॥

বীক্ষ্যেতি। অথ বন্ধুজীবপৃথুভিঃ বন্ধুজীবকুসুমস্থূলৈঃ। "রক্তকস্তু বন্ধূকো-বন্ধুজীবকঃ" ইত্যমরঃ। রক্তবিন্দুভিঃ প্রদূষিতাম্ উপহতাং বেদিং বীক্ষ্য অপোঢ়কর্ম্মণাং ত্যক্তব্যাপারাণাং চ্যুতাঃ বিকঙ্কতস্রুচোযেভ্যস্তেষাম্ ঋত্বিজাং যাজকানাং সম্ভ্রমোঽভবৎ। বিকঙ্কতগ্রহণং খদিরাদ্যুপলক্ষণং স্রুগাদীনাং খদিরাদিপ্রকৃতিকত্বাৎ স্রুগাদিপাত্রস্যৈব বিকঙ্কতপ্রকৃতিকত্বাৎ। "বিকঙ্কতঃ স্রুচাবৃক্ষ" ইত্যমরঃ। যদ্বা স্রুঙ্মাত্রস্য বিকঙ্কতপ্রকৃতিকত্বমস্তু উভয়ত্রাপি শাস্ত্র-সম্ভবাৎ। যথাহ ভগবানাপস্তম্বঃ। "খাদিরস্রুচঃ পর্ণময়ীর্জুহুয়াৎ বৈকঙ্কতীঃ স্রুচো বা" ইতি ॥ ২৫ ॥

উন্মুখইতি। সপদি লক্ষ্মণাগ্রজো রামো বাণম্ আশ্রয়মুখাৎ তূণীরমুখাৎ সমুদ্ধরন্ উন্মুখঃ ঊর্দ্ধমুখঃ। অম্বরে গৃধ্রপক্ষপবনৈরীরিতাঃ কম্পিতা ধ্বজা যস্য তত্তথোক্তম্। রক্ষসাং দুর্নিমিত্তসূচনমেতৎ। তদুক্তং শকুনার্ণবে। "আসন্ন-

---

হইতে লোকদিগকে রক্ষা করেন, তদ্রূপ দশরথতনয় রাম এবং লক্ষ্মণও স্বীয় স্বীয় শরসমূহ দ্বারা যজ্ঞে দীক্ষিত মহর্ষি বিশ্বামিত্রকে রক্ষা করিলেন ॥ ২৪ ॥

অনন্তর সহসা বন্ধুজীব পুষ্পের ন্যায় স্থূল রক্তবিন্দু সকল দ্বারা বেদি দূষিত দেখিয়া ঋত্বিক্ (পুরোহিত) দিগের হস্ত হইতে স্রুক্ সকল স্খলিত হইল, সুতরাং তাঁহারা সসম্ভ্রমে যজ্ঞকার্য্য পরিত্যাগ করিলেন ॥ ২৫ ॥

লক্ষ্মণাগ্রজ রাম তৎক্ষণাৎ ঊর্দ্ধমুখ হইয়া তূণীর হইতে বাণ উত্তোলন করিতে করিতে গগনমণ্ডলে দেখিতে পাইলেন, রাক্ষস-সৈন্য সকল নভো-

তত্র যাবধিপতী মখদ্বিষাং
তৌ শরব্যমকরোৎ স নেতরান্।
কিং মহোরগবিসর্পিবিক্রমো-
রাজিলেষু গরুড়ঃ প্রবর্ত্ততে ॥ ২৭ ॥
সোঽস্ত্রমুগ্রজবমস্ত্রকোবিদঃ
সন্দধে ধনুষি বায়ুদৈবতম্।
তেন শৈলগুরুমপ্যপাতয়ৎ
পাণ্ডুপত্রমিব তাড়কাসুতম্ ॥ ২৮ ॥

মৃত্যো নিকটে চরন্তি গৃধ্রাদয়ো মূর্দ্ধ্নি গৃহোর্দ্ধভাগে” ইতি। রক্ষসাং বলমপশ্যৎ ॥ ২৬ ॥

তত্রেতি। স রামঃ তত্র রক্ষসাং বলে যৌ মখদ্বিষামধিপতী তৌ সুবাহুমারীচৌ শরব্যং লক্ষ্যমকরোৎ। “বেধ্যং লক্ষ্যং শরব্যং চ” ইতি হলায়ুধঃ। ইতরান্নাকরোৎ। তথাহি মহোরগবিসর্পিবিক্রমো গরুড়ো গরুত্মান্ রাজিলেষু জলব্যালেষু প্রবর্ত্ততে কিং, ন প্রবর্ত্ততে ইত্যর্থঃ। “অলগর্দ্দো জলব্যালঃ সমৌ রাজিলডুণ্ডুভৌ” ইত্যমরঃ ॥ ২৭ ॥

সইতি। অস্ত্রকোবিদোঽস্ত্রজ্ঞঃ স রামঃ উগ্রজবম্ উৎকটজবং বায়ুদৈবতং বায়ুর্দৈবতং যস্য তদ্বায়ব্যমস্ত্রং ধনুষি সন্দধে সংহিতবান্। কর্ত্তরি লিট্। তেনাস্ত্রেণ শৈলবদ্গুরুমপি তাড়কাসুতং মারীচং পাণ্ডুপত্রমিব পরিণতপর্ণমিবেত্যর্থঃ অপাতয়ৎ পাতিতবান্ ॥ ২৮ ॥

মণ্ডলে অবস্থান করিতেছে এবং উহাদের ধ্বজা সকল গৃধ্রদিগের পক্ষপবনে সঞ্চালিত হইতেছে ॥ ২৬ ॥

রাম ও লক্ষ্মণ অন্যান্য রাক্ষসকে উপেক্ষা করিয়া, কেবল যজ্ঞবিঘ্নকারীদিগের অধিপতি মারীচ ও সুবাহু নামক রাক্ষসদ্বয়কে লক্ষ্য করিলেন, বস্তুতঃ গরুড় মহাসর্পের উপরেই স্বীয় বিক্রম প্রকাশ করিয়া থাকে, কিন্তু ডুণ্ডুভকে (ঢোঁড়াশাপকে) আক্রমণ করিতে তাহার প্রবৃত্তি হয় না ॥ ২৭ ॥

অনন্তর অস্ত্রবিদ্যা-বিশারদ রাম, তীব্রগতিশীল এক বায়ব্যাস্ত্র শরাসনে সন্ধান (সংযোজিত) করিলেন এবং সেই অস্ত্রপ্রভাবে তাড়কাসুত মারীচ

যঃ সুবাহুরিতি রাক্ষসোঽপর-
স্তত্র তত্র বিসসর্প মায়য়া।
তং ক্ষুরপ্রশকলীকৃতং কৃতী
পত্রিণাং ব্যভজদাশ্রমাদ্বহিঃ॥ ২৯॥
ইত্যপাস্তমখবিঘ্নয়োস্তয়োঃ
সাংযুগীনমভিনন্দ্য বিক্রমম্।
ঋত্বিজঃ কুলপতের্যথাক্রমং
বাগ্যতস্য নিরবর্ত্তয়ন্ ক্রিয়াঃ॥ ৩০॥
তৌ প্রণামচলকাকপক্ষকৌ
ভ্রাতরাববভৃথাপ্লুতো মুনিঃ।

যইতি। সুবাহুরিতি যোঽপরো রাক্ষসঃ তত্র তত্র মায়য়া শম্বরবিদ্যয়া বিসসর্প সঞ্চচার, ক্ষুরপ্রৈঃ শকলীকৃতং খণ্ডীকৃতং তং সুবাহুং কৃতী কুশলো রামঃ। "কৃতী চ কুশলঃ সমা"বিত্যমরঃ। আশ্রমাদ্বহিঃ পত্রিণাং পক্ষিণাম্। "পত্রিণৌ শরপক্ষিণৌ" ইত্যমরঃ। ব্যভজৎ বিভজ্য দত্তবানিত্যর্থঃ॥ ২৯॥

ইতীতি। ইতি অপাস্তমখবিঘ্নয়োস্তয়োঃ রাঘবয়োঃ সংযুগে সাধুঃ সাংযুগীনঃ তম্। প্রতিজনাদিভ্যঃ খঞিতি খঞ্প্রত্যয়ঃ। "সাংযুগীনো রণে সাধু" রিত্যমরঃ। বিক্রমমভিনন্দ্য ঋত্বিজো যাজ্ঞিকাঃ বাচি যতো বাগ্যতো মৌনী তস্য কুলপতেঃ মুনিকুলেশ্বরস্য ক্রিয়াঃ ক্রতুক্রিয়াঃ যথাক্রমং নিরবর্ত্তয়ন্ নিষ্পাদিতবন্তঃ॥ ৩০॥

হিমগিরির ন্যায় গুরু হইলেও তাহাকে পাণ্ডুপত্রের (সুপক্ক পত্রের) ন্যায় ভূতলে নিপাতিত করিলেন॥ ২৮॥

সুবাহু নামে অপর এক রাক্ষস মায়া প্রভাবে (শম্বরবিদ্যাবলে) ইতস্ততঃ বিচরণ করিতে লাগিল; কিন্তু কুশলী রামও ক্ষুরপ্র অস্ত্রে তাহাকে খণ্ড খণ্ড করিয়া আশ্রমের বহির্ভাগে পক্ষীদিগকে বিভাগ করিয়া দিলেন॥২৯॥

এইরূপে সেই যজ্ঞের বিঘ্নশান্তি হইলে পুরোহিতগণ, রাম ও লক্ষ্মণের সাংগ্রামিক বিক্রমের সবিশেষ প্রশংসা করিয়া মৌনাবলম্বী কুলপতি বিশ্বামিত্রের যজ্ঞ যথাবিধানে সম্পন্ন করিলেন॥ ৩০॥

আশিষামনুপদং সমস্পৃশৎ
দর্ভপাটিততলেন পাণিনা ॥ ৩১ ॥
তং ন্যমন্ত্রয়ত সম্ভৃতক্রতু-
র্মৈথিলঃ স মিথিলাং ব্রজন্ বশী।
রাঘবাবপি নিনায় বিভ্রতৌ
তদ্ধনুঃশ্রবণজং কুতূহলম্ ॥ ৩২ ॥
তৈঃ শিবেষু বসতির্গতাধ্বভিঃ
সায়মাশ্রমতরুষ্বগৃহ্যত।

তাবিতি। অবভৃথে দীক্ষান্তে আপ্লুতঃ স্নাতো মুনিঃ। "দীক্ষান্তোঽবভৃথোযজ্ঞ" ইত্যমরঃ। প্রণামেন চলকাকপক্ষকৌ চঞ্চলচূড়ৌ তৌ ভ্রাতরৌ আশিষামনুপদম্ অন্বক্ দর্ভপাটিততলেন কুশক্ষতান্তঃপ্রদেশেন পবিত্রেণেত্যর্থঃ পাণিনা সমস্পৃশৎ সংস্পৃষ্টবান্ সন্তোষাদিতি ভাবঃ ॥ ৩১ ॥

তমিতি। সম্ভৃতক্রতুঃ সঙ্কল্পিতসম্ভারঃ মিথিলায়াং ভবো মৈথিলো জনকঃ তং বিশ্বামিত্রং ন্যমন্ত্রয়ত আহূতবান্, বশী স মুনিঃ মিথিলাং জনকনগরীং ব্রজন্ তস্য জনকস্য যদ্ধনুঃ তচ্ছ্রবণজং কুতূহলং বিভ্রতৌ রাঘবাবপি নিনায় নীতবান্ ॥ ৩২ ॥

তৈরিতি। গতাধ্বভিস্তৈস্ত্রিভিঃ সায়ং শিবেষু রম্যেষু আশ্রমতরুষু বসতিঃ স্থানমগৃহ্যত, যেষ্বাশ্রমতরুষু দীর্ঘতপসোগৌতমস্য পরিগ্রহঃ পত্নী।

আরব্ধ-যজ্ঞের পরিসমাপ্তির পর কুলপতি মহর্ষি বিশ্বামিত্র স্নান করিলে রাম ও লক্ষ্মণ তাঁহাকে প্রণাম করিলেন, প্রণতি দ্বারা মস্তক অবনত হওয়ায় তাঁহাদের কাকপক্ষ (মস্তকস্থ শিখা) সঞ্চালিত হইল, তখন মহর্ষি আশীর্ব্বাক্য প্রয়োগ পূর্ব্বক করতলে কুশক্ষত চিহ্নযুক্ত পাণি-দ্বারা প্রণত-কুমারদ্বয়ের গাত্র স্পর্শ করিলেন ॥ ৩১ ॥

অনন্তর মিথিলাধিপতি জনক, এক যজ্ঞের অনুষ্ঠান করিয়া মহর্ষি বিশ্বামিত্রকে নিমন্ত্রণ করিলেন; সেই জিতেন্দ্রিয় মুনি মিথিলায় গমনকালে জনকের ধনুর্ভঙ্গপণ শ্রবণে একান্ত কৌতূহলাক্রান্ত রাম এবং লক্ষ্মণকেও সঙ্গে লইলেন ॥ ৩২ ॥

তাঁহারা অনেক পথ অতিক্রম পূর্ব্বক সায়ংকালে এক আশ্রম-তরুতলে

যেষু দীর্ঘতপসঃ পরিগ্রহো-
বাসবক্ষণকলত্রতাং যযৌ ॥ ৩৩ ॥
প্রত্যপদ্যত চিরায় যৎ পুন-
শ্চারু গৌতমবধূঃ শিলাময়ী ।
স্বং বপুঃ স কিল কিল্বিষচ্ছিদাং
রামপাদরজসামনুগ্রহঃ ॥ ৩৪ ॥
রাঘবান্বিতমুপস্থিতং মুনিং
তং নিশম্য জনকো জনেশ্বরঃ ।
অর্থকামসহিতং সপর্য্যয়া
দেহবদ্ধমিব ধর্ম্মমভ্যগাৎ ॥ ৩৫ ॥

কৈকয়ী কহিলেন, বৎস ভরত! সত্যপ্রিয় মহারাজ কালধর্ম্মের বশবর্ত্তী হইয়া ইহলোক পরিত্যাগ পূর্ব্বক স্বর্গধামে গমন করিয়াছেন। পিতৃভক্ত ভরত মাতৃমুখ-বিনির্গত মর্ম্মপীড়ক সংবাদ কর্ণগোচর করিয়া হা পিতঃ! বলিয়া ভূতলশায়ী হইলেন এবং উচ্চৈঃস্বরে রোদন করিতে করিতে কহিলেন, হায়! আমি কি হতভাগ্য, সন্তান হইয়া অন্তিমকালে পিতার কোন কার্য্যই করিতে পারিলাম না, পিতা যে সাদর স্নেহ সম্ভাষণে কতই ভাল বাসিতেন, তাহা এ জন্মের মত শেষ হইল, কি পরিতাপের বিষয়! যে পুত্রের ক্ষণিক অদর্শনে জগৎ শূন্যময় নিরীক্ষণ করিতেন, সেই প্রিয়তম পুত্রকে পিতা অন্তিমসময়ে সমক্ষে না দেখিতে পাইয়া না জানি কতই ব্যাকুল হইয়াছিলেন, আমার জীবনে ধিক্। এইরূপ বহুবিধ বিলাপ করিয়া ভরত পরিশেষে অশ্রুমার্জ্জন পূর্ব্বক কহিলেন, মাতঃ! এমন কি দুরপনেয় কালব্যাধি পিতাকে আক্রমণ করিয়াছিল? এইরূপে ভরত-জননী কৈকয়ী জিজ্ঞাসিতা হইয়া মহারাজের মৃত্যুকারণ আদ্যোপান্ত বর্ণন

করিয়া কহিলেন, বৎস! আমি কত ষড়যন্ত্র করিয়া তোমার নিমিত্ত রাজ্য রাখিয়াছি। এক্ষণে শোক সম্বরণ পূর্ব্বক রাজ্যভার স্বহস্তে গ্রহণ পূর্ব্বক প্রজা-পালন করিতে প্রবৃত্ত হও। তোমাকে রাজসিংহাসনে সমাসীন দেখিয়া আমার চিত্ত-চকোর পরিতৃপ্ত হউক।

একে পিতৃ-বিয়োগজনিত শোকে ভরত নিতান্ত অভিভূত হইয়াছিলেন, তাহাতে আবার সহসা রাম নির্ব্বাসনের কথা শুনিবামাত্র নিতান্ত অধীর হইয়া হা হতোঽস্মি বলিয়া ভূতলে নিপতিত ও মূর্চ্ছিত হইলেন; সুতরাং তাঁহার পক্ষে পিতৃশোকাপেক্ষা ভ্রাতৃ-বিরহ-শোক শতগুণে ক্লেশদায়ক হইল। কিছুকাল পরে তাঁহার চেতনা লাভ হইলে, তিনি কিয়ৎক্ষণ শূন্য নয়নে জননীর মুখ নিরীক্ষণ করিতে লাগিলেন। অনন্তর সহসা রোষান্বিত হইয়া জননীকে অনেক তিরস্কার ও ভর্ৎসনা করিয়া শোকসন্তপ্ত-হৃদয়ে বলিতে লাগিলেন, হা বিধাতঃ! আমি জন্মজন্মান্তরে কত পাপসঞ্চয় করিয়াছিলাম যে, তন্নিবন্ধনই নররূপিণী রাক্ষসীর দগ্ধোদরে জন্মগ্রহণ করিয়াছি। রে দগ্ধজীবন! তুই মোহ পরবশ হইয়াছিলি, সেই মোহই যদি, চির-মোহে পরিণত হইত, তবে তাহাই শতগুণে শ্রেয়স্কর ছিল, এই দুর্ব্বিসহ মর্ম্মবেদনা ভোগ করিতে হইবে বলিয়াই তুই ফিরিয়া আসিয়াছিস্, তোকে ধিক্! আমি এখনও জীবিত রহিয়াছি! হা সর্ব্বগুণাকর রঘুবীর! এই হতভাগ্যের নিমিত্তই আপনাকে এই দুর্ব্বহ-ক্লেশ ভোগ করিতে হইতেছে। এই মন্দভাগ্যই আপনার সকল অনর্থের মূল। আমি যদি জন্ম-গ্রহণ না করিতাম, তাহা হইলে এরূপ বিষম অনর্থ সংঘটিত হইত না। হা মাতঃ! তুমি একি বিষমকাণ্ড ঘটাইলে, তোমার এই অপযশ জগতে মহাপ্রলয়ের পূর্ব্বপর্য্যন্ত বর্ত্তমান থাকিবে। তুমি যে রাজ্যের লোভে অশ্রুতপূর্ব্ববিষয়ের সংঘটন করিয়াছ, সে রাজ্যে আমার প্রয়োজন নাই। এ যাঁহার রাজ্য, আমি তাঁহাকে রাজসিংহাসনে বসাইয়া প্রভুভক্ত ভৃত্যের ন্যায় তাঁহার পাদসেবা করিব। হা আর্য্য রামচন্দ্র! হা আর্য্যে সীতে! হা প্রাণের ভাই লক্ষ্মণ! তোমরা রাজভবন শূন্য করিয়া কোথায় গেলে? এখানে পিতৃদেব তোমাদের বিরহে প্রাণত্যাগ করিয়াছেন। আহা! যাহা হইতে অশ্রুতপূর্ব্ব বিষম অনর্থ সজ্ঘটিত হইল, সেই পাপীয়সীর গর্ভজাত বলিয়া লোকে আমাকে কত নিন্দা, কত ঘৃণা করিতেছে। কি করিয়াই বা আমি লোকসমাজে মুখ দেখাইব? এই বলিয়া ভরত উচ্চৈঃস্বরে

সসৈন্যশ্চান্বগাদ্রামং দর্শিতানাশ্রমালয়ৈঃ।
তস্য পশ্যন্ সসৌমিত্রেরুদশ্রুর্ব্বসতিদ্রুমান্॥ ১৪॥
চিত্রকূটবনস্থঞ্চ কথিতস্বর্গতির্গুরোঃ।

সসৈন্যইতি। সসৈন্যো ভরতঃ রামমন্বগাচ্ছ, কিং কুর্ব্বন্ আশ্রমালয়ৈর্ব্বনবাসিভির্দ্দর্শিতান্ এতে রামনিবাসা ইতি কথিতান্ সসৌমিত্রের্লক্ষ্মণসহিতস্য তস্য রামস্য বসতিদ্রুমান্ নিবাসবৃক্ষান্ পশ্যন্ উদশ্রুঃ কাঁদন্॥ ১৪॥

চিত্রেতি। চিত্রকূটবনস্থং তং রামঞ্চ গুরোঃ পিতুঃ কথিতস্বর্গতিঃ কথিতপিতৃমরণঃ সন্নিত্যর্থঃ অনুচ্ছিষ্টা অনমুভূতশিষ্টা সম্পৎ গুণোৎকর্ষো

রোদন করিতে করিতে অবিরল ধারায় অশ্রু বিমোচন করিতে লাগিলেন॥ ১৩॥

অনন্তর ক্রন্দন-পরায়ণ ভরত বনবাসিগণ কর্ত্তৃক প্রদর্শিত রাম লক্ষ্মণের বাসস্থানস্থ বৃক্ষ সকল অবলোকন করিতে করিতে সসৈন্যে রামের অনুগমন করিতে লাগিলেন। অর্থাৎ এক্ষণে আর্য্যের নিকট গমন করিয়া যেমন করিয়া পারি, তাঁহাকে অযোধ্যানগরীতে আনয়ন করিব এবং রাজসিংহাসনে উপবেশন করাইয়া নিরন্তর তাঁহার সেবা ও শুশ্রূষা করিয়া কালযাপন করিব; এইরূপ স্থির করিয়া ভ্রাতৃপরায়ণ ভরত, ভ্রাতৃ উদ্দেশে দীনবেশে সসৈন্যে অরণ্যযাত্রা করিলেন। তৎকালে অরণ্যবাসিগণ কর্ত্তৃক প্রদর্শিত রামের বসতিস্থান সকল অবলোকন করিয়া ভরতের শোকসাগর অতিমাত্র উদ্বেল হইয়া উঠিতে লাগিল॥ ১৪॥

ভরত চিত্রকূট পর্ব্বতে উপস্থিত হইয়া অগ্রে রামের সমীপে গলদশ্রুলোচনে পিতার স্বর্গ গমন-সংবাদ নিবেদন করিলেন; পরে আর্য্য! আপনি গৃহে আসিয়া অনুচ্ছিষ্ট রাজলক্ষ্মী উপভোগ করুন; এই প্রার্থনা করিলেন। অর্থাৎ ভরত যথাসময়ে চিত্রকূটে উপস্থিত হইলে, রামের পর্ণকুটীর তাঁহার নয়নের পথবর্ত্তী হইল। তখন তিনি অতি দীনমনে কুটীরদ্বারের সন্নিহিত হইয়া দেখিলেন, রামচন্দ্র পবিত্র এণ চর্ম্মাসনে উপবেশন করিয়া লক্ষ্মণের সহিত মধুরালাপে সময় অতিবাহিত করিতেছেন। রামের মস্তকে অভিনব জটাজাল, সর্ব্বাঙ্গ ভস্মানুলিপ্ত, হস্তে কুশাঙ্গুরীয় এবং পরিধান বল্কল। তাঁহার ঈদৃশী দশা অবলোকনে ভরতের শোকাবেগ উচ্ছ্বসিত হইয়া উঠিল; সুতরাং তিনি গললগ্নীকৃতবাসে

লক্ষ্ম্যা নিমন্ত্রয়াঞ্চক্রে তমনুচ্ছিষ্টসম্পদা ॥ ১৫ ॥

সহি প্রথমজে তস্মিন্নকৃতশ্রীপরিগ্রহে।

পরিবেত্তারমাত্মানং মেনে স্বীকরণাদ্ভুবঃ ॥ ১৬ ॥

তমশক্যমপাক্রষ্টুং নিদেশাৎ স্বর্গিণঃ পিতুঃ।

যযাচে পাদুকে পশ্চাৎ কর্ত্তুং রাজ্যাধিদেবতে ॥ ১৭ ॥

যস্যাঃ সা। "সম্পৎ গুণোৎকর্ষ" ইতি কেশবঃ। তয়া লক্ষ্ম্যা করণেন নিমন্ত্রয়াঞ্চক্রে আহূতবান্ ॥ ১৫ ॥

সইতি। স হি ভরতঃ প্রথমজেঽগ্রজে তস্মিন্ রামে অকৃতশ্রীপরিগ্রহে সতি স্বয়ং ভুবঃ স্বীকরণাৎ আত্মানং পরিবেত্তারং মেনে। "পরিবেত্তানুজোঽনূঢ়ে জ্যেষ্ঠে দারপরিগ্রহা"দিত্যমরঃ। ভূপরিগ্রহোঽপি দারপরিগ্রহসম ইতি ভাবঃ ॥ ১৬ ॥

তমিতি। স্বর্গিণঃ পিতুঃ নিদেশাৎ অপাক্রষ্টুং নিবর্ত্তয়িতুমশক্যং তং রামং পশ্চাদ্রাজ্যাধিদেবতে স্বামিন্যৌ কর্ত্তুং পাদুকে যযাচে ॥ ১৭ ॥

সাশ্রুনয়নে হা আর্য্য! বলিয়া রামচন্দ্রের পাদযুগল গ্রহণ পূর্ব্বক উচ্চৈঃস্বরে রোদন করিতে করিতে কহিলেন, আর্য্য! আমাকে মাপ করুন। এই হতভাগ্যের, নরাধমের জন্যই আপনার এরূপ শোচনীয় অবস্থা ঘটিয়াছে। হায়! আমি যদি রাক্ষসীর দগ্ধোদরে জন্ম গ্রহণ না করিতাম, অথবা যদি ভূমিষ্ঠ হইবামাত্রই আমার মৃত্যু ঘটিত, তাহা হইলে আর আর্য্যের এ দশা সঙ্ঘটিত হইত না। আর্য্য! যদি পাপীয়সীর সন্তানকে জীবিত রাখিতে বাসনা থাকে, তাহা হইলে এই তপস্বিবেশ পরিত্যাগ পূর্ব্বক গৃহে গমন করুন, এবং রাজ্যভার গ্রহণ করিয়া প্রকৃতিপুঞ্জের দুঃখাপনোদনে যত্নবান্ হউন ॥ ১৫ ॥

রাম ভরতের প্রার্থনায় কিছুতেই সম্মত হইলেন না, সুতরাং অগত্যা ভরতই রাজলক্ষ্মী (রাজ্যভার) গ্রহণ করিলেন। তিনি জ্যেষ্ঠ ভ্রাতা বিদ্যমানে স্ত্রী-স্বরূপিণী রাজলক্ষ্মী গ্রহণ করিলেন বলিয়া আপনাকে পরিবেত্তা (অবিবাহিতা জ্যেষ্ঠভ্রাতা বিদ্যমানে কনিষ্ঠ দারপরিগ্রহ করিলে, সেই বিবাহিত কনিষ্ঠকে পরিবেত্তা কহে) বলিয়া মনে করিলেন ॥ ১৬ ॥

অনন্তর ভরত রামচন্দ্রকে লোকান্তরিত পিতার আদেশ পালনে বিরত

স বিসৃষ্টস্তথেত্যুক্ত্বা ভ্রাত্রা নৈবাবিশৎ পুরীম্।
নন্দিগ্রামগতস্তস্য রাজ্যং ন্যাসমিবাভুনক্ ॥ ১৮ ॥
দৃঢ়ভক্তিরিতি জ্যেষ্ঠে রাজ্যতৃষ্ণাপরাঙ্মুখঃ।

সইতি। স ভরতো ভ্রাত্রা রামেণ তথেত্যুক্ত্বা বিসৃষ্টঃ সন্ পুরীম্ অযোধ্যাং নাবিশদেব, কিন্তু নন্দিগ্রামগতঃ সন্ তস্য রামস্য রাজ্যং ন্যাসমিব নিক্ষেপমিবাভুনক্ অপালয়ৎ নতুপভুক্তবানিত্যর্থঃ। অন্যথা ভুজোঽনবনইত্যাত্মনেপদপ্রসঙ্গাৎ। ভুজের্লঙ্ ॥ ১৮ ॥

দৃঢ়েতি। জ্যেষ্ঠে দৃঢ়ভক্তিঃ রাজ্যতৃষ্ণাপরাঙ্মুখো ভরতঃ ইতি পূর্ব্বোক্তানুষ্ঠানেন মাতুঃ পাপস্য প্রায়শ্চিত্তম্ অপনোদকং কর্ম্ম অকরোদিবেত্যুৎ-

---

করিতে অসমর্থ হইয়া রাজ্যের অধিষ্ঠাত্রী দেবতা করিবার জন্য পশ্চাৎ তাঁহার পাদুকাদ্বয় প্রার্থনা করিলেন। অর্থাৎ ভ্রাতৃ-পরায়ণ ভরত, অগ্রজকে অযোধ্যা গমনে নিতান্ত অনিচ্ছুক দেখিয়া অবনত মুখে অশ্রু বিসর্জ্জন করিতে লাগিলেন। অনন্তর দুঃখাবেগ কথঞ্চিৎ সম্বরণ করিয়া যে পর্য্যন্ত তিনি অযোধ্যায় প্রত্যাগমন না করেন, সেই পর্য্যন্ত তাঁহার প্রতিনিধি স্বরূপ থাকিয়া রাজকার্য্য পর্য্যালোচনা করিবেন, এইরূপ সিদ্ধান্ত করিয়া তিনি রাম ও জানকীকে ভক্তিভাবে প্রণাম পূর্ব্বক পাদুকাদ্বয় প্রার্থনা করিলেন। পরে ভ্রাতৃ-ভক্তির অসামান্য প্রমাণস্বরূপ অগ্রজের পাদুকাদ্বয় মস্তকে ধারণ পূর্ব্বক অযোধ্যাভিমুখে গমন করিলেন ॥ ১৭ ॥

রাম ভরতের প্রার্থনায় সম্মত হইয়া তাঁহাকে বিদায় দিলেন। ভরত তথা হইতে বহির্গত হইয়া পৈত্রিক রাজধানী অযোধ্যায় প্রবেশ না করিয়া নন্দিগ্রামে অবস্থান পূর্ব্বক গচ্ছিতধনের ন্যায় অগ্রজের রাজ্যপালন করিতে লাগিলেন। অর্থাৎ পিতৃসত্য পালনকারী রামচন্দ্র ভরতের প্রার্থনানুযায়ী কার্য্য করিলে, ভরত তথা হইতে অযোধ্যাভিমুখে যাত্রা করিলেন। পথে আসিতে আসিতে অগ্রজের প্রতি প্রগাঢ় ভক্তি থাকা নিবন্ধন তাঁহার চিত্তে ভাবান্তরের উদয় হইল। সুতরাং তিনি রামশূন্য অযোধ্যানগরে প্রবেশ না করিয়া নন্দিগ্রামে উপস্থিত হইলেন এবং তথায় স্বর্ণ সিংহাসনোপরি অগ্রজের পাদুকাদ্বয় সংস্থাপন করিয়া অমাত্যবর্গের সহিত যথা নিয়মে রাজকার্য্য পর্য্যালোচনা করিতে লাগিলেন ॥ ১৮ ॥

মাতুঃ পাপস্য ভরতঃ প্রায়শ্চিত্তমিবাকরোৎ ॥ ১৯ ॥
রামোঽপি সহ বৈদেহ্যা বনে বন্যেন বর্ত্তয়ন্।
চচার সানুজঃ শান্তো বৃদ্ধেক্ষ্বাকুব্রতং যুবা ॥ ২০ ॥
প্রভাবস্তম্ভিতচ্ছায়মাশ্রিতঃ স বনস্পতিম্।
কদাচিদঙ্কে সীতায়াঃ শিশ্যে কিঞ্চিদিব শ্রমাৎ ॥ ২১ ॥

প্রেক্ষা। দৃঢ়ভক্তিরিত্যত্র দৃঢ়শব্দস্য স্ত্রিয়াঃ পুংবদিত্যাদিনা পুংবদ্ভাবো দুর্ঘটঃ অপ্রিয়াদিষ্বিতি নিষেধাৎ ভক্তিশব্দস্য প্রিয়াদিষু পাঠাৎ, অতো দৃঢ়ং ভক্তিরস্যেতি নপুংসকপূর্ব্বপদো বহুব্রীহিঃ ইতি গণব্যাখ্যানে দৃঢ়ভক্তিরিত্যেবমাদিষু পূর্ব্বপদস্য নপুংসকত্বস্য বিবক্ষিতত্বাৎ সিদ্ধমিতি সমাধেয়ম্। বৃত্তিকারাশ্চ দীর্ঘনিবৃত্তিমাত্রপরো দৃঢ়ভক্তিশব্দো। লিঙ্গবিশেষস্যানুপকারত্বাৎ স্ত্রীত্বমবিবক্ষিতমেব তস্মাদস্ত্রীলিঙ্গত্বাৎ দৃঢ়ভক্তিশব্দস্যায়ং প্রয়োগইত্যভিপ্রায়ঃ। ন্যাসকারোঽপ্যেবম্। ভোজরাজস্তু কর্ম্মসাধনস্যৈব ভক্তিশব্দস্য প্রিয়াদিপাঠাৎ ভবানীভক্তিরিত্যাদৌ কর্ম্মসাধনত্বাৎ পুংবদ্ভাবপ্রতিষেধঃ, দৃঢ়ভক্তিরিত্যাদৌ ভাবসাধনত্বাৎ পুংবদ্ভাবসিদ্ধিঃ পূর্ব্বপদস্যেত্যাহ ॥ ১৯ ॥

রামইতি। সানুজঃ শান্তো রামোঽপি বৈদেহ্যা সহ বনে বন্যেন বনভবেন কন্দমূলাদিনা বর্ত্তয়ন্ বৃত্তিং কুর্ব্বন্ জীবন্ বৃদ্ধেক্ষ্বাকূণাং ব্রতং বনবাসাত্মকং যুবা যৌবনস্থএব চচার ॥ ২০ ॥

প্রভাবেতি। স রামঃ কদাচিৎ প্রভাবেণ স্বমহিম্না স্তম্ভিতা স্থিরীকৃতা ছায়া যস্য তং বনস্পতিমাশ্রিতঃ সন্ কিঞ্চিদীষৎ শ্রমাদিব সীতায়া অঙ্কে শিশ্যে সুষ্বাপ ॥ ২১ ॥

এইরূপে ভ্রাতৃ-পরায়ণ ভরত রাজ্যলোভ পরিত্যাগ পূর্ব্বক যেন স্বীয় জননী কৈকয়ীর পাপেরই প্রায়শ্চিত্ত করিলেন ॥ ১৯ ॥

এদিকে প্রশান্ত-প্রকৃতি যুবা রামও অনুজ লক্ষ্মণ ও জানকীর সহিত বন্য ফল মূল ভক্ষণ করিয়া বনে বনে ভ্রমণ এবং বৃদ্ধ ইক্ষ্বাকুদিগের বনবাসরূপ ব্রত অবলম্বন করিলেন ॥ ২০ ॥

একদা রামচন্দ্র স্বকীয় প্রভাববলে ছায়া স্তম্ভিত করিয়া কিঞ্চিৎ পরিশ্রান্ত হইয়াই যেন তরুতলে সীতার অঙ্ক-শয্যায় শয়ন করিয়া নিদ্রিত হইলেন ॥ ২১ ॥

ঐন্দ্রিঃ কিল নখৈস্তস্যা বিদদারস্তনৌ দ্বিজঃ।
প্রিয়োপভোগচিহ্নেষু পৌরোভাগ্যমিবাচরন্ ॥ ২২ ॥
তস্মিন্নাস্থদিষীকাস্ত্রং রামো রামাববোধিতঃ।
আত্মানং মুমুচে তস্মাদেকনেত্রব্যয়েন সঃ ॥ ২৩ ॥
রামস্ত্বাসন্নদেশত্বাৎ ভরতাগমনং পুনঃ।
আশঙ্ক্যোৎসুকসারঙ্গাং চিত্রকূটস্থলীং জহৌ ॥ ২৪ ॥

ঐন্দ্রিরিতি। ঐন্দ্রিরিন্দ্রস্য পুত্রো দ্বিজঃ পক্ষী কাকঃ তস্যাঃ সীতায়াঃ স্তনৌ প্রিয়স্য রামস্যোপভোগচিহ্নেষু তৎকৃতনখক্ষতেষ্বিত্যর্থঃ পুরোভাগিনো দোষৈকদর্শিনঃ কর্ম্ম পৌরোভাগ্যম্। "দোষৈকদৃক্ পুরোভাগী"ত্যমরঃ। দুঃশ্লিষ্টদোষঘাতমাচরন্ কুর্ব্বন্নিব নখৈর্ব্বিদদার বিলিলেখ। কিলেত্যৈতিহ্যে ॥ ২২ ॥

তস্মিন্নিতি। রাময়া সীতয়া অববোধিতো রামস্তস্মিন্ কাকে ইষীকাস্ত্রং কাশাস্ত্রম্। "ইষীকা কাশমুচ্যত" ইতি হলায়ুধঃ। আস্থৎ অস্যতি স্ম। অসু ক্ষেপণইতি ধাতোর্লুঙ্, অস্যতিবক্তিখ্যাতিভ্যোঽঙিত্যঙ্প্রত্যয়ঃ, অস্যতেস্থুগিতি থুগাগমঃ। স কাকঃ একনেত্রস্য ব্যয়েন দানেন তস্মাদস্ত্রাদাত্মানং মুমুচে মুক্তবান্। মুচেঃ কর্ত্তরি লিট্। ধেনুং মুমোচেতিবৎ প্রয়োগঃ ॥ ২৩ ॥

রামইতি। রামস্ত্বাসন্নদেশত্বাদ্ধেতোঃ পুনর্ভরতাগমনমাশঙ্ক্য উৎসুকসারঙ্গাম্ উৎকণ্ঠিতহরিণাং চিত্রকূটস্থলীং জহৌ তত্যাজ। আসন্নশ্চাসৌ দেশশ্চেতি বিগ্রহঃ ॥ ২৪ ॥

ইত্যবসরে এক কাকপক্ষী রামের উপভোগচিহ্নে (স্তন যুগলে নখক্ষতচিহ্নে) দোষ দর্শন করিয়াই যেন সীতার স্তনযুগল নখ দ্বারা লেখন করিল ॥ ২২ ॥

রাম তৎক্ষণাৎ জানকীর প্রযত্নে জাগরিত হইয়া সেই কাকের প্রতি ইষীকাস্ত্র প্রয়োগ করিলেন; কিন্তু সেই কাক একমাত্র চক্ষু প্রদান করিয়া সেই ইষীকাস্ত্র হইতে মুক্তিলাভ করিল ॥ ২৩ ॥

অযোধ্যা চিত্রকূটের অনতিদূরবর্ত্তী বলিয়া ভরতের পুনরাগমন আশঙ্কায় রামচন্দ্র অবিলম্বে চিত্রকূট পরিত্যাগ করিলেন; তত্রত্য হরিণগণ তাঁহাদের বিরহে নিতান্ত উৎকণ্ঠিত হইল ॥ ২৪ ॥

প্রযযাবাতিথেয়েষু বসন্নৃষিকুলেষু সঃ।
দক্ষিণাং দিশমৃক্ষেষু বার্ষিকেষ্বিব ভাস্করঃ॥ ২৫॥
বভৌ তমনুগচ্ছন্তী বিদেহাধিপতেঃ সুতা।
প্রতিষিদ্ধাপি কৈকেয্যা লক্ষ্মীরিব গুণোন্মুখী॥ ২৬॥
অনুসূয়াতিসৃষ্টেন পুণ্যগন্ধেন কাননম্।
সা চকারাঙ্গরাগেণ পুষ্পোচ্চলিতষট্পদম্॥ ২৭॥

প্রযযাবিতি। স রামঃ অতিথিষু সাধূন্যাতিথেয়ানি। পথ্যতিথিবসতিস্বপতেঠ্ঞিতি ঠঞ্ প্রত্যয়ঃ। তেষু ঋষিকুলেষু ঋষ্যাশ্রমেষু। "কুলং কুল্যে গণে দেহে গেহে জনপদেঽন্বয়"ইতি হৈমঃ। বর্ষাসু ভবানি বার্ষিকাণি। বর্ষাভ্যষ্ঠগিতি ঠক্‌প্রত্যয়ঃ। তেষু ঋক্ষেষু নক্ষত্রেষু রাশিষু বা ভাস্করইব, বসন্ দক্ষিণাং দিশং প্রযযৌ॥ ২৫॥

বভাবিতি। তং রামমনুগচ্ছন্তী বিদেহাধিপতেঃ সুতা সীতা কৈকেয্যা প্রতিষিদ্ধা নিবারিতাপি গুণোন্মুখী গুণোৎসুকা লক্ষ্মীঃ রাজলক্ষ্মীরিব বভৌ॥ ২৬॥

অনুসূয়েতি। সা সীতা অনুসূয়য়া অত্রিভার্য্যয়া অতিসৃষ্টেন দত্তেন পুণ্যগন্ধেনাঙ্গরাগেণ কাননং বনং পুষ্পেভ্যঃ উচ্চলিতাঃ নির্গতাঃ ষট্‌পদা যস্মিংস্তত্তথাভূতং চকার॥ ২৭॥

যেমন দিবাকর বর্ষাকালীন নক্ষত্র-নিচয়ের মধ্যে অবস্থিতি করিয়া দক্ষিণ দিকে গমন করেন, তদ্রূপ রামচন্দ্র আতিথ্য সৎকারে কুশল মহর্ষিদিগের আশ্রম পরম্পরায় অবস্থান করিয়া দক্ষিণাভিমুখে গমন করিতে লাগিলেন॥ ২৫॥

তৎকালে সীতা রামের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন, তাহাতে বোধ হইল, যেন রামগুণানুরাগিণী রাজলক্ষ্মী কৈকয়ী কর্ত্তৃক নিবারিতা হইয়াও স্বয়ংই রামের অনুগামিনী হইয়াছেন॥ ২৬॥

মহর্ষি অত্রিপত্নী অনসূয়া জানকীর অঙ্গরাগ রচনা করিয়া দিলেন; উহার পবিত্র গন্ধপ্রভাবে কাননস্থ অলিকুল পুষ্পপরিত্যাগ পূর্ব্বক তৎপ্রতি ধাবমান হইল॥ ২৭॥

সান্ধ্যাভ্রকপিশস্তস্য বিরাধো নাম রাক্ষসঃ।
অতিষ্ঠন্মার্গমাবৃত্য রামস্যেন্দোরিব গ্রহঃ ॥ ২৮ ॥
স জহার তয়োর্ম্মধ্যে মৈথিলীং লোকশোষণঃ।
নভোনভস্যয়ো র্বৃষ্টিমবগ্রহ ইবান্তরে ॥ ২৯ ॥
তং বিনিষ্পিষ্য কাকুৎস্থৌ পুরা দূষয়তি স্থলীম্।
গন্ধেনাশুচিনা চেতি বসুধায়াং নিচখ্নতুঃ ॥ ৩০ ॥
পঞ্চবট্যাং ততো রামঃ শাসনাৎ কুম্ভজন্মনঃ।

সান্ধ্যেতি। সান্ধ্যাভ্রকপিশো বিরাধোনাম রাক্ষসঃ গ্রহো রাহুরিবেন্দোঃ তস্য রামস্য মার্গমধ্বানমাবৃত্যাবরুধ্যাতিষ্ঠৎ ॥ ২৮ ॥

সইতি। লোকস্য শোষণঃ শোষকঃ স রাক্ষসঃ তয়োঃ রামলক্ষ্মণয়োর্ম্মধ্যে মৈথিলীং নভোনভস্যয়োঃ শ্রাবণভাদ্রপদয়োরন্তরে মধ্যে বৃষ্টিমবগ্রহো বর্ষ-প্রতিবন্ধইব জহার। "বৃষ্টির্ব্বর্ষং তদ্বিঘাতেঽবগ্রাহাবগ্রহৌ সমা"বিত্যমরঃ ॥২৯॥

তমিতি। ককুৎস্থস্য গোত্রাপত্যে পুমাংসৌ কাকুৎস্থৌ রামলক্ষ্মণৌ তং বিরাধং বিনিষ্পিষ্য হত্বা, অশুচিনা অপবিত্রেণ গন্ধেন স্থলীমাশ্রমভুবং পুরা দূষয়তি দূষয়িষ্যতীতি হেতোঃ। যাবৎপুরানিপাতয়োর্লড়িতি ভবিষ্য-দর্থে লট্। বসুধায়াং নিচখ্নতুঃ ভূমৌ খনিত্বা নিক্ষিপ্তবন্তৌ চ ॥ ৩০ ॥

পঞ্চবট্যামিতি। ততো রামঃ কুম্ভজন্মনোঽগস্ত্যস্য শাসনাৎ পঞ্চানাং

সান্ধ্য-মেঘের ন্যায় কপিশবর্ণ-বিশিষ্ট বিরাধ নামক এক রাক্ষস, শশাঙ্ক-পথ অবরোধকারী রাহুর ন্যায় রামের গমনপথ রোধ করিয়া রহিল ॥ ২৮ ॥

অনন্তর সেই লোক-শোষণকারী রাক্ষস, শ্রাবণ ও ভাদ্রমাসের মধ্যগতা বৃষ্টির অপহরণকারী অবগ্রহের (বৃষ্টি বিলুপ্তকারী গ্রহের) ন্যায় রাম ও লক্ষ্মণের মধ্যবর্ত্তিনী সীতাকে অপহরণ করিল ॥ ২৯ ॥

তখন ককুৎস্থ-কুলতিলক রাম ও লক্ষ্মণ রোষভরে তর্জ্জন করিতে করিতে সেই সীতাপহরণকারী রাক্ষসকে বিনাশ করিলেন এবং শবের গন্ধে (দুর্গন্ধে) আশ্রম স্থান দূষিত হইবে বলিয়া উহা ভূগর্ভে নিখাত করি-লেন ॥ ৩০ ॥

অনন্তর মহর্ষি অগস্ত্যের প্রভাবে যেমন বিন্ধ্যগিরি পরিবর্দ্ধিত না হইয়া

অনপোঢ়স্থিতিস্তস্থৌ বিন্ধ্যাদ্রিঃ প্রকৃতাবিব ॥ ৩১ ॥

বটানাং সমাহারঃ পঞ্চবটী। তদ্ধিতার্থেতি তৎপুরুষঃ, সংখ্যাপূর্ব্বোদ্বিগুরিতি দ্বিগুসংজ্ঞায়াং দ্বিগোরিতি ঙীপ্, দ্বিগুরেকবচনমিতি একবচনম্। তস্যাং পঞ্চবট্যাং বিন্ধ্যাদ্রিঃ প্রকৃতৌ বৃদ্ধেঃ পূর্ব্বাবস্থায়ামিব অনপোঢ়স্থিতিরনতিক্রান্তমর্য্যাদঃ তস্থৌ ॥ ৩১ ॥

প্রকৃতাবস্থায়ই অবস্থান করিয়াছিল, তদ্রূপ রামচন্দ্র পঞ্চবটীর সীমা অতিক্রম না করিয়া তথায়ই অবস্থান করিতে লাগিলেন। অর্থাৎ রাম ও লক্ষ্মণ সীতার সহিত মহর্ষি অগস্ত্যের আশ্রমে কিছুকাল অবস্থিতি করিয়া মহর্ষির প্রমুখাৎ দক্ষিণারণ্য বৃত্তান্ত সবিশেষ অবগত হইলেন। তখন তাঁহারা অগস্ত্যঋষির নিকটে বিদায় গ্রহণপূর্ব্বক দক্ষিণারণ্যে প্রস্থান করিলেন। তাঁহারা কিছুদূর অগ্রসর হইলে অরণ্যজাত বৃক্ষপ্রভৃতি পদার্থ সকল স্বভাবসিদ্ধ সংস্কার-বশতঃ তাঁহাদিগকে পূজা করিতে লাগিল। তদ্দর্শনে অরণ্যসহচরী সীতা অঙ্গুলী সঙ্কেতপূর্ব্বক কহিতে লাগিলেন, নাথ! দেখুন দেখুন, আপনাকে সমাগত দেখিয়া বনস্পতি ছায়াবিস্তার, তরু সকল ফল পুষ্প, নির্ঝরিণী সুশীতল পানীয়, গন্ধবহ শ্রান্তিদূর, দূর্ব্বাদলপূর্ণ শ্যামলক্ষেত্র রত্নাসন, মধুকর বীণাবাদন, কোকিল সুললিতগান ও ময়ূর ময়ূরীগণ নৃত্য করিয়া আপনার অভ্যর্থনা করিতেছে। এইরূপে তাঁহারা প্রকৃতির অপূর্ব্ব শোভা সন্দর্শন করিতে করিতে নানা বন, উপবন, গিরি, নদী, প্রান্তর অতিক্রম করিয়া পরিশেষে তমাল, তাল ও হিন্তাল প্রভৃতি পাদপশোভী জনস্থান মধ্যবর্ত্তী পঞ্চবটীকাননে উপস্থিত হইলেন, সে স্থানে প্রসন্নসলিলা গোদাবরী তরঙ্গমালা বিস্তারপূর্ব্বক প্রস্রবণগিরির পাদদেশ বিধৌত করিয়া প্রবলবেগে প্রবাহিত হইতেছে। তত্তীর প্ররূঢ় পাদপশ্রেণী রসাল ফলভরে অবনত হইয়া মৃদু মন্দ সমীরণভরে ঈষৎ কম্পিত হইতেছে। হরিণ সকল শ্যামল দূর্ব্বাদল ভক্ষণ করিতে করিতে ইতস্ততঃ বিচরণ করিতেছে। যে স্থানের কুসুমকানন, কুঞ্জকানন ও লতামণ্ডপ সকল মধুপানমত্ত অলিবৃন্দের গুন্ গুন্ রবে এবং মদমত্ত বিহঙ্গমগণের সুললিত কাকলীতে সতত শব্দায়মান। রাম সেই প্রদেশের মনোমুগ্ধকর অপূর্ব্ব শোভা সন্দর্শন করিয়া লক্ষ্মণ ও জানকীকে উদ্দেশ করিয়া বলিলেন, দেখ দেখ, এস্থলটী কি রমণীয়! দর্শনমাত্রে আমার চিত্তহরণ করাতে অন্যত্র গমনে আর প্রবৃত্তি হইতেছে না, এ তপস্বি-

রাবণাবরজা তত্র রাঘবং মদনাতুরা।
অভিপেদে নিদাঘার্ত্তা ব্যালীব মলয়দ্রুমম্ ॥ ৩২ ॥
সা সীতাসন্নিধাবেব তং বব্রে কথিতান্বয়া।
অত্যারূঢ়ো হি নারীণামকালজ্ঞো মনোভবঃ ॥ ৩৩ ॥
কলত্রবানহং বালে কনীয়াংসং ভজস্ব মে।

রাবণাবরজেতি। তত্র পঞ্চবট্যাং মদনাতুরা রাবণাবরজা শূর্পণখা। পূর্ব্বপদাৎ সংজ্ঞায়ামগইতি ণত্বম্। রাঘবম্, নিদাঘার্ত্তা ঘর্ম্মতপ্তা ব্যাকুলা ব্যালী ভুজঙ্গী মলয়দ্রুমং চন্দনদ্রুমমিব, অভিপেদে প্রাপ ॥ ৩২।

সেতি। সা শূর্পণখা সীতাসন্নিধাবেব কথিতান্বয়া কথিতবংশা সতী তং রামং বব্রে বৃতবতী, তথাহি অত্যারূঢ়োঽতিপ্রবৃদ্ধো নারীণাং মনোভবঃ কামঃ কালজ্ঞোঽবসরজ্ঞো ন ভবতীতি অকালজ্ঞো হি ॥ ৩৩ ॥

কলত্রবানিতি। বৃষঃ পুমান্। "বৃষঃ স্যাদ্বাসবে ধর্ম্মে সৌরভেয়ে চ শুক্রলে। পুংরাশিভেদয়োরপী"তি বিশ্বঃ। বৃষং পুরুষম্ আত্মার্থমিচ্ছতীতি বৃষস্যন্তী কামুকী। "বৃষস্যন্তী চ কামুকী"ত্যমরঃ। সুপ আত্মনঃ ক্যজিতি ক্যচ্প্রত্যয়ঃ, অশ্বক্ষীরবৃষলবণানামাত্মপ্রীতৌ ক্যচীতি অসুগাগমঃ, ততঃ লটঃ শত্রাদেশঃ, উগিতশ্চেতি ঙীপ্। শ্লোকার্থস্তু, বৃষস্কন্ধো রামঃ বৃষস্যন্তীং তাং

জনসেব্য মনোরম স্থান পরিত্যাগ করিয়া যাওয়া উচিত হইতেছে না। অনন্তর তাঁহারা সেই পঞ্চবটীতে পর্ণশালা নির্ম্মাণ করিয়া মনের সুখে কালযাপন করিতে লাগিলেন ॥ ৩১ ॥

একদা রাক্ষসরাজ দশাননের অনুজা শূর্পণখা মদনশরে নিতান্ত পীড়িত হইয়া দুঃসহ গ্রীষ্মনিপীড়িতা সর্পী যেমন চন্দন তরুমূলে গমন করে, তদ্রূপ রামচন্দ্রের নিকটে উপস্থিত হইল ॥ ৩২ ॥

সেই মায়াবিনী শূর্পণখা রামের নিকটে আত্মপরিচয় প্রদানপূর্ব্বক জানকীর সমক্ষেই স্বীয় মনোরথ পূরণার্থ রামচন্দ্রকে পতিত্বে বরণ করিবার ইচ্ছা প্রকাশ করিল। ইহা প্রসিদ্ধই আছে যে, নারীগণের কামপ্রবৃত্তি অতিমাত্র প্রবল হইলে, তাহাদের কালাকালের অপেক্ষা থাকে না ॥ ৩৩ ॥

তখন রামচন্দ্র মদনবিহ্বলা শূর্পণখাকে সম্বোধন করিয়া কহিলেন,

ইতি রামো বৃষস্যন্তীং বৃষস্কন্ধঃ শশাস তাম্ ॥ ৩৪ ॥
জ্যেষ্ঠাভিগমনাৎ পূর্ব্বং তেনাপ্যনভিনন্দিতা ।
সাভূদ্রামাশ্রয়া ভূয়ো নদীবোভয়কূলভাক্ ॥ ৩৫ ॥
সংরম্ভং মৈথিলীহাসঃ ক্ষণসৌম্যাং নিনায় তাম্ ।
নিবাতস্তিমিতাং বেলাং চন্দ্রোদয় ইবোদধেঃ ॥ ৩৬ ॥
ফলমস্যোপহাসস্য সদ্যঃ প্রাপ্স্যসি পশ্য মাম্ ।

রাক্ষসীং হে বালে! অহং কলত্রবান্ মে কনীয়াংসং কনিষ্ঠং ভজস্বেতি শশাস আজ্ঞাপিতবান্ ॥ ৩৪ ॥

জ্যেষ্ঠাভিগমনাদিতি। পূর্ব্বং জ্যেষ্ঠাভিগমনাৎ তেন লক্ষ্মণেনাপি অনভিনন্দিতা নাঙ্গীকৃতা ভূয়ো রামাশ্রয়া সা রাক্ষসী উভে কূলে ভজতীত্যুভয়কূলভাক্ নদীবাভূৎ। সা হি যাতায়াতাভ্যাং পর্য্যায়েণ কূলদ্বয়গামিনী নদীসদৃশ্যভূদিত্যর্থঃ ॥ ৩৫ ॥

সংরম্ভমিতি। মৈথিলীহাসঃ ক্ষণং সৌম্যাং সৌম্যাকারাং তাং রাক্ষসীম্, নিবাতেন স্তিমিতাং নিশ্চলামুদধের্বেলাম্ অম্বুবিকৃতিম্ অম্বুপূরমিত্যর্থঃ। "অব্ধ্যম্বুবিকৃতৌ বেলে"ত্যমরঃ। চন্দ্রোদয়ইব, সংরম্ভং সংক্ষোভং নিনায় ॥৩৬॥

ফলমিতি। শ্লোকদ্বয়েনান্বয়ঃ, অস্যোপহাসস্য ফলং সদ্যঃ সম্প্রত্যেব

বালে! আমি সস্ত্রীক; অতএব তুমি আমার কনিষ্ঠ লক্ষ্মণকে প্রার্থনা কর ॥ ৩৪ ॥

অনন্তর শূর্পণখা লক্ষ্মণের নিকট উপস্থিত হইলে, তিনিও জ্যেষ্ঠ ভ্রাতাকে অগ্রে প্রার্থনা করিয়াছিল বলিয়া, সেই নিশাচরীর মনোবাঞ্ছা পূর্ণ করিলেন না; সুতরাং সেই রাক্ষসী পুনর্ব্বার রামের নিকটে গমন করিল; এইরূপ রাম ও লক্ষ্মণের নিকট যাতায়াত করাতে, উভয়কূলগামিনী স্রোতস্বতীর ন্যায় লক্ষিত হইতে লাগিল ॥ ৩৫ ॥

শূর্পণখার অবস্থা দর্শনে সীতা হাস্যবেগ সম্বরণ করিতে পারিলেন না, সুতরাং যেমন চন্দ্রোদয়ে নির্ব্বাত-স্তম্ভিত জলধিপ্রবাহ সংক্ষোভিত হয়, সেইরূপ জানকীর হাসিতে ক্ষণকালের জন্য শান্তভাবধারিণী শূর্পণখার ক্রোধবেগ উদ্বেলিত হইয়া উঠিল ॥ ৩৬ ॥

সেই রাক্ষসী সীতাকে লক্ষ্য করিয়া বলিল, তুই যেমন মৃগী হইয়া

মৃগ্যাঃ পরিভবো ব্যাঘ্র্যামিত্যবেহি ত্বয়া কৃতম্ ॥ ৩৭ ॥
ইত্যুক্ত্বা মৈথিলীং ভর্ত্তুরঙ্কে নিবিশতীং ভয়াৎ।
রূপং শূর্পণখা নাম্নঃ সদৃশং প্রত্যপদ্যত ॥ ৩৮ ॥
লক্ষ্মণঃ প্রথমং শ্রুত্বা কোকিলামঞ্জুবাদিনীম্।
শিবাঘোরস্বনাং পশ্চাদ্‌বুবুধে বিকৃতেতি তাম্ ॥ ৩৯ ॥
পর্ণশালামথ ক্ষিপ্রং বিকৃষ্টাসিঃ প্রবিশ্য সঃ।
বৈরূপ্যপৌনরুক্ত্যেন ভীষণাং তামযোজয়ৎ ॥ ৪০ ॥

প্রাপ্স্যসি মাং পশ্য, ত্বয়া কর্ত্র্যা কৃতম্ উপহাসরূপং করণং ব্যাঘ্র্যাং বিষয়ে মৃগ্যাঃ কর্ত্র্যাঃ পরিভব ইত্যবেহি ॥ ৩৭ ॥

ইতীতি। ভয়াদ্ভর্ত্তুরঙ্কে নিবিশতীমালিঙ্গন্তীং মৈথিলীম্ ইত্যুক্ত্বা শূর্পণখা নাম্নঃ সদৃশং শূর্পাকারনখযুক্তমিত্যর্থঃ রূপমাকারং প্রত্যপদ্যত স্বীচকার অদর্শয়দিত্যর্থঃ ॥ ৩৮ ॥

লক্ষ্মণইতি। লক্ষ্মণঃ প্রথমং কোকিলাবন্মঞ্জুবাদিনীং পশ্চাৎ শিবাবদ্ঘোরস্বনাং তাং শূর্পণখাং শ্রুত্বা তস্যাঃ স্বনং শ্রুত্বেত্যর্থঃ বিকৃতা মায়াবিনীতি বুবুধে বুদ্ধবান্। কর্ত্তরি লিট্ ॥ ৩৯ ॥

পর্ণশালামিতি। অথ স লক্ষ্মণো বিকৃষ্টাসিঃ কোষোদ্ধৃতখড়্গঃ সন্ ক্ষিপ্রং পর্ণশালাং প্রবিশ্য ভীষয়তীতি ভীষণাম্। নন্দ্যাদিত্বাৎ ল্যুঃ কর্ত্তরি। তাং রাক্ষসীং বৈরূপ্যস্য পৌনরুক্ত্যং দ্বৈগুণ্যং লক্ষণয়া, তেনাযোজয়ৎ যোজিতবান্। স্বভাবতএব বিকৃতাং তাং কর্ণাদিচ্ছেদেন পুনরতিবিকৃতামকরোদিত্যর্থঃ ॥ ৪০ ॥

ব্যাঘ্রীকে উপহাস করিলি, তেমনি তাহার সমুচিত ফল সদ্যই প্রাপ্ত হইবি; এক্ষণে আমার প্রভাব দেখ্ ॥ ৩৭ ॥

শূর্পণখা এই কথা বলিবামাত্র জানকী ভয়ে স্বামীর অঙ্কে প্রবেশ করিতে লাগিলেন; এদিকে সেই রাক্ষসীও স্বীয় নামানুযায়ী রূপ ধারণ করিল ॥৩৮॥

লক্ষ্মণ প্রথমতঃ শূর্পণখার কণ্ঠস্বর কোকিল-কণ্ঠধ্বনির ন্যায় সুললিত শুনিয়াছিলেন, পরে শৃগালীর ন্যায় উহার ভয়ঙ্কর শব্দ শ্রবণ করিয়া তাহাকে মায়াবিনী বলিয়া জানিতে পারিলেন ॥ ৩৯ ॥

লক্ষ্মণ তৎক্ষণাৎ কোষ হইতে অসি নিষ্কাসিত করিয়া অগ্রজের পর্ণকুটীরে

সা বক্রনখধারিণ্যা বেণুকর্কশপর্ব্বয়া।
অঙ্কুশাকারয়াঙ্গুল্যা তাবতর্জ্জয়দম্বরে ॥ ৪১ ॥
প্রাপ্য চাশু জনস্থানং খরাদিভ্যস্তথাবিধম্‌।
রামোপক্রমমাচখ্যৌ রক্ষঃপরিভবং নবম্‌ ॥ ৪২ ॥
মুখাবয়বলূনাং তাং নৈঋ৴তা যৎ পুরো দধুঃ।

সেতি। সা বক্রনখং ধারয়তীতি বক্রনখধারিণী তয়া বেণুবৎ কর্কশ-পর্ব্বয়া অতএবাঙ্কুশস্যাকারইবাকারো যস্যাঃ সা তয়া অঙ্গুল্যা তৌ রাঘবৌ অম্বরে ব্যোম্নি স্থিতা। "অম্বরং বোম্নি বাসসী"ত্যমরঃ। অতর্জ্জয়ৎ অভৎ৴-সয়ৎ। তর্জ্জ ভৎ৴সনইতিধাতোশ্চৌরাদিকাদনুদাত্তেত্ত্বাদাত্মনেপদেন ভাব্যং তথাপি চক্ষিঙোঙিৎকরণাৎ জ্ঞাপকাদনুদাত্তেত্ত্বনিমিত্তস্যাত্মনেপদস্যানিত্য-ত্বাৎ পরস্মৈপদমুহ্যমিত্যুক্তম্‌ আখ্যাতচন্দ্রিকায়াং তর্জ্জয়তে ভৎ৴সয়তে তর্জ্জয়তীত্যপি দৃশ্যতে কবিম্বিতি ॥ ৪১ ॥

প্রাপ্যেতি। সা আশু জনস্থানং প্রাপ্য খরাদিভ্যো রাক্ষসেভ্যস্তথাবিধং স্বাঙ্গচ্ছেদাত্মকম্‌ উপক্রম্যত ইত্যুপক্রমঃ। কর্ম্মণি ঘঞ্‌প্রত্যয়ঃ, রামস্য কর্ত্তু-রুপক্রমঃ রামোপক্রমং রামেণাদাবুপক্রান্তমিত্যর্থঃ, উপজ্ঞোপক্রমং তদাদ্যা-চিখ্যাসায়ামিতি ক্লীবত্বম্‌। তন্নবং রক্ষসাং কর্ম্মভূতানাং পরিভবমাচখ্যৌ চ ॥ ৪২ ॥

মুখেতি। নৈঋ৴তা রাক্ষসাঃ। "নৈঋ৴তো যাতুরক্ষসী" ইত্যমরঃ। মুখা-

প্রবেশপূর্ব্বক স্বভাববিকৃতা সেই নিশাচরীর কর্ণ ও নাসিকা ছেদন করিয়া তাহাকে অধিকতর ভয়ঙ্কর বিকৃত রূপ করিয়া দিলেন ॥ ৪০ ॥

তখন রাক্ষসী শূর্পণখা ত্বরাপূর্ব্বক শূন্যমার্গে উত্থিত হইয়া বেণুর ন্যায় (বাঁশের ন্যায়) কর্কশপর্ব্ব ও বক্রনখবিশিষ্ট অঙ্গুলিদ্বারা রাম ও লক্ষ্মণকে তর্জ্জন করিতে লাগিল ॥ ৪১ ॥

অনন্তর সেই রাক্ষসী অবিলম্বে জনস্থানে উপস্থিত হইয়া খর ও দূষণ প্রভৃতিকে রাক্ষসদিগের রামকৃত অভিনব পরাভবের সংবাদ প্রদান করিল ॥ ৪২ ॥

রাক্ষসগণ সেই পরাভব বৃত্তান্ত শ্রবণ করিয়া রামের সহিত যুদ্ধার্থ ধাব-

রামাভিযায়িনাং তেষাং তদেবাভূদমঙ্গলম্ ॥ ৪৩ ॥
উদায়ুধানাপততস্তান্ দৃপ্তান্ প্রেক্ষ্য রাঘবঃ।
নিদধে বিজয়াশংসাং চাপে সীতাঞ্চ লক্ষ্মণে ॥ ৪৪ ॥
একো দাশরথিঃ কামং যাতুধানাঃ সহস্রশঃ।
তে তু যাবন্ত এবাজৌ তাবাংশ্চ দদৃশে স তৈঃ ॥ ৪৫ ॥
অসজ্জনেন কাকুৎস্থঃ প্রযুক্তমথ দূষণম্।
ন চক্ষমে শুভাচারঃ স দূষণমিবাত্মনঃ ॥ ৪৬ ॥

বয়বেষু কর্ণাদিষু লূনাং ছিন্নাং তাং পুরো দধুঃ অগ্রে চক্রুরিতি যৎ তদেব রামাভিযায়িনাং রামমভিদ্রবতাং তেষামমঙ্গলমভূৎ ॥ ৪৩ ॥

উদিতি। উদায়ুধান্ উদ্যতায়ুধান্ আপতত আগচ্ছতো দৃপ্তাংস্তান্ খরাদীন্ প্রেক্ষ্য রাঘবশ্চাপে বিজয়স্যাশংসাম্ আশাং লক্ষ্মণে সীতাঞ্চ নিদধে। সীতারক্ষণে লক্ষ্মণং নিযুজ্য স্বয়ং যুদ্ধায় সন্নদ্ধইতি ভাবঃ ॥ ৪৪ ॥

একইতি। দাশরথী রামঃ একোঽদ্বিতীয়ঃ যাতুধানাঃ কামং সহস্রশঃ সন্তীতি শেষঃ, তৈর্যাতুধানৈস্তু স রামঃ আজৌ তে যাতুধানাঃ যাবন্তো যাবৎসংখ্যকাএব তাবাংস্তাবৎসংখ্যকশ্চ দদৃশে ॥ ৪৫ ॥

অসদিতি। অথ শুভাচারো রণে সাধুচারী সদ্বৃত্তশ্চ স কাকুৎস্থঃ অসজ্জনেন দুর্জ্জনেন রক্ষোজনেন চ প্রযুক্তং প্রেষিতম্ উচ্চারিতঞ্চ দূষণং দূষণাখ্যং রাক্ষসম্ আত্মনো দূষণং দোষমিব ন চক্ষমে ন সেহে প্রতিকর্ত্তুং প্রবৃত্তইত্যর্থঃ ॥ ৪৬ ॥

মান হইল; গমনকালে বিকৃতবদনা (ছিন্ননাসা, ছিন্নকর্ণা) শূর্পণখাকে যে অগ্রবর্ত্তিনী করিয়া লইল, তাহাই উহাদের অমঙ্গলের কারণ হইল ॥ ৪৩ ॥

অনন্তর গর্ব্বিত রাক্ষসগণকে অস্ত্রশস্ত্রের সহিত আগমন করিতে দেখিয়া রামচন্দ্র সীতার ভার লক্ষ্মণের হস্তে এবং বিজয়-আশা স্বীয় ধনুকে স্থাপন করিলেন ॥ ৪৪ ॥

রাম একাকী এবং রাক্ষস সহস্র সহস্র; কিন্তু তাহা হইলে কি হইবে, রাক্ষসেরা সংখ্যায় যত ছিল, তাহারা সংগ্রামে তত সংখ্যক রাম দেখিতে লাগিল ॥ ৪৫ ॥

বিশুদ্ধাচারী রামচন্দ্র দুর্জ্জন-প্রযুক্ত স্বীয় দোষের ন্যায় রাক্ষস-প্রেরিত

তং শরৈঃ প্রতিজগ্রাহ খরত্রিশিরসৌ চ সঃ।
ক্রমশস্তে পুনস্তস্য চাপাৎ সমমিবোদযযুঃ ॥ ৪৭ ॥
তৈস্ত্রয়াণাং শিতৈর্বাণৈর্যথাপূর্ব্ববিশুদ্ধিভিঃ।
আয়ুর্দেহাতিগৈঃ পীতং রুধিরন্তু পতত্রিভিঃ ॥ ৪৮ ॥
তস্মিন্ রামশরোৎকৃত্তে বলে মহতি রক্ষসাম্।
উত্থিতং দদৃশেঽন্যচ্চ কবন্ধেভ্যো ন কিঞ্চন ॥ ৪৯ ॥

তমিতি। স রাম স্তং দূষণং খরত্রিশিরসৌ চ শরৈঃ প্রতিজগ্রাহ প্রতিজহারেত্যর্থঃ। ক্রমশঃ যথাক্রমং প্রযুক্তা অপীতি শেষঃ তস্য তে শরাঃ পুনঃ চাপাৎ সমং যুগপদিবোদযযুঃ। অতিলঘুহস্ত ইতি ভাবঃ ॥ ৪৭ ॥

তৈরিতি। দেহমতীত্য ভিত্ত্বা গচ্ছন্তীতি দেহাতিগাঃ তৈঃ যথা স্থিতা পূর্ব্ববিশুদ্ধির্যেষাং তৈঃ অতিবেগত্বেন দেহভেদাৎ প্রাগিব রুধিরলেপরহিতৈরিত্যর্থঃ শিতৈ স্তীক্ষ্ণৈঃ তৈর্ব্বাণৈঃ ত্রয়াণাং খরাদীনাম্ আয়ুঃ পীতং রুধিরন্তু পতত্রিভিঃ পীতম্ ॥ ৪৮ ॥

তস্মিন্নিতি। তস্মিন্ রামশরৈরুৎকৃত্তে ছিন্নে মহতি রক্ষসাং বলে উত্থিতম্ উত্থানক্রিয়াবিশিষ্টং প্রাণিনাং কবন্ধেভ্যঃ শিরোহীনশরীরেভ্যঃ।

দূষণ নামক রাক্ষসকে সহ্য করিতে পারিলেন না। অর্থাৎ রাম দূষণকে দেখিয়া তাহার সহিত সংগ্রাম না করিয়া থাকিতে পারিলেন না ॥ ৪৬ ॥

তৎকালে তিনি খর, দূষণ ও ত্রিশিরা নামক রাক্ষসদিগের উপর শরবর্ষণ করিতে লাগিলেন; তাঁহার শর সমূহ ক্রমশঃ প্রযুক্ত হইলেও দেখিয়া বোধ হইতে লাগিল, যেন সায়ক সকল শরাসন হইতে এককালেই নির্গত হইতেছে ॥ ৪৭ ॥

রাম প্রযুক্ত শাণিত শরসকল খর, দূষণ ও ত্রিশিরার দেহভেদ করিয়া তাহাদের আয়ু পান করিল এবং পরে পক্ষিগণ রুধির পান করিল। রামচন্দ্রের শরসকল উহাদের দেহ অতি তীব্রবেগে ভেদ করিয়া বহির্গত হওয়াতে তাহাদের (শরসমূহের) গাত্রে শোণিত সংলগ্ন হয় নাই বলিয়া উহাদিগকে পূর্ব্ববৎ বিশুদ্ধ বলিয়াই বোধ হইল ॥ ৪৮ ॥

তখন রামাস্ত্র-ছিন্ন রাক্ষস-সৈন্যমধ্যে কবন্ধ ব্যতীত (মস্তকবিহীন শরীর ভিন্ন) উত্থানক্রিয়াবিশিষ্ট অপর কিছুই দৃষ্টিগোচর হয় নাই ॥ ৪৯ ॥

সা বাণবর্ষিণং রামং যোধয়িত্বা সুরদ্বিষাম্।
অপ্রবোধায় সুষ্বাপ গৃধ্রচ্ছায়ে বরূথিনী ॥ ৫০ ॥
রাঘবাস্ত্রবিদীর্ণানাং রাবণং প্রতি রক্ষসাম্।
তেষাং শূর্পণখৈবৈকা দুষ্প্রবৃত্তিহরাভবৎ ॥ ৫১ ॥
নিগ্রহাৎ স্বসুরাপ্তানাং বধাচ্চ ধনদানুজঃ।
রামেণ নিহিতং মেনে পদং দশসু মূর্দ্ধসু ॥ ৫২ ॥

"কবন্ধোঽস্ত্রী ক্রিয়াযুক্তমপমূর্দ্ধকলেবর"মিত্যমরঃ। অন্যচ্চ অন্যৎ কিঞ্চন ন দদৃশে। কবন্ধেভ্যইত্যত্রান্যারাদিতি পঞ্চমী। নিঃশেষং হতমিত্যর্থঃ ॥ ৪৯ ॥

সেতি। সা সুরদ্বিষাং বরূথিনী বাণবর্ষিণং রামং যোধয়িত্বা যুদ্ধং কারয়িত্বা গৃধ্রাণাং ছায়া গৃধ্রচ্ছায়ম্। ছায়াবাহুল্যে ইতি ক্লীবত্বম্। তস্মিন্ অপ্রবোধায় অপুনর্ব্বোধায় সুষ্বাপ মমারেত্যর্থঃ। অত্র সুরতশ্রান্তকান্তাসমাধির্ধ্বন্যতে ॥ ৫০ ॥

রাঘবেতি। একা শূর্পবন্নখানি যস্যাঃ সা শূর্পণখা। পূর্ব্বপদাৎ সংজ্ঞায়ামিতি ণত্বম্, নখমুখাৎ সংজ্ঞায়ামিতি ঙীপ্‌প্রতিষেধঃ। সৈব রাবণং প্রতি রাঘবাস্ত্রৈর্ব্বিদীর্ণানাং হতানাং তেষাং রক্ষসাং খরাদীনাং দুষ্প্রবৃত্তির্দুর্ব্বার্ত্তা তাং হরতি প্রাপয়তীতি দুষ্প্রবৃত্তিহরাভবৎ। হরতেরনুদ্যমনেঽজিত্যচ্ প্রত্যয়ঃ ॥ ৫১ ॥

নিগ্রহাদিতি। স্বসুঃ শূর্পণখায়া নিগ্রহাদঙ্গচ্ছেদাৎ আপ্তানাং বন্ধূনাং খরাদীনাং বধাচ্চ কারণাৎ ধনদানুজো রাবণো রামেণ দশসু মূর্দ্ধসু পদং পাদং নিহিতং মেনে ॥ ৫২ ॥

এইরূপে সেই সমস্ত রাক্ষসসৈন্য বাণবর্ষী রামের সহিত সংগ্রাম করিয়া গৃধ্রগণের পক্ষছায়ায় চিরনিদ্রার অধীন হইল ॥ ৫০ ॥

সেই সময়ে একমাত্র শূর্পণখাই রামশরে বিদীর্ণ দেহবিশিষ্ট রাক্ষসদিগের অমঙ্গল-বার্ত্তা বহন করিয়া লঙ্কাধিপতি রাবণের নিকটে গমন করিল ॥ ৫১ ॥

তদনন্তর লঙ্কাধিপতি দশানন, ভগিনী শূর্পণখার ছিন্ন নাসাকর্ণ অবলোকন এবং খর দূষণ প্রভৃতি স্বজনগণের বিনাশ-সংবাদ শ্রবণ করিয়া ভাবিলেন, যেন রামচন্দ্র তাঁহার দশ মস্তকেই পদাঘাত করিয়াছে ॥ ৫২ ॥

রক্ষসা মৃগরূপেণ বঞ্চয়িত্বা স রাঘবৌ।

রক্ষসেতি। স রাবণঃ মৃগরূপেণ রক্ষসা মারীচেন রাঘবৌ বঞ্চয়িত্বা প্রতার্য্য পক্ষীন্দ্রস্য জটায়ুষঃ প্রয়াসেন যুদ্ধরূপেণ ক্ষণং বিঘ্নিতঃ সঞ্জাতবিঘ্নঃ সন্ সীতাং জহার। (অত্রৈবং বাল্মীকিবিরচিতে রামায়ণে দৃশ্যতে ;—অবতীর্য্য-রথাত্তস্মাত্ততঃ কাঞ্চনভূষণাৎ। হস্তে গৃহীত্বা মারীচং রাবণো বাক্যমব্রবীৎ॥ এতদ্রামাশ্রমপদং দৃশ্যতে কদলীবৃতম্। ক্রিয়তাং তৎ সখে শীঘ্রং যদর্থং বয়-মাগতাঃ॥ স রাবণ-বচঃ শ্রুত্বা মারীচো রাক্ষসস্তদা। মৃগো ভূত্বাশ্রমদ্বারি রামস্য বিচচার হ। স তু রূপং সমাস্থায় মহদদ্ভুতদর্শনম্॥ মণিপ্রবরশৃঙ্গাগ্রঃ সিতাসিতমুখাকৃতিঃ। রক্তপদ্মোৎপলমুখ ইন্দ্রনীলোৎপলশ্রবঃ॥ কিঞ্চিদভ্যু-ন্নতগ্রীব ইন্দ্রনীলনিভোদরঃ। মধূকনিভপার্শ্বশ্চ কঞ্জকিঞ্জল্কসন্নিভঃ॥ বৈদূর্য্য-সঙ্কাশখুরস্তনুজঙ্ঘঃ সুসংহিতঃ। ইন্দ্রায়ুধ-সবর্ণেন পুচ্ছেনোর্দ্ধং বিরাজিতঃ॥

অনন্তর তিনি মৃগরূপী মারীচের প্রযত্নে রাম ও লক্ষ্মণকে বঞ্চনা করিয়া জটায়ু কর্ত্তৃক ক্ষণমাত্র বাধা প্রাপ্ত হইয়া জানকীকে হরণ করিলেন। অর্থাৎ রাক্ষসপতি দশানন পূর্ব্ব হইতেই তাড়কান্তকারী রামের উপর জাতক্রোধ ও ঈর্ষাপরবশ হইয়াছিলেন। এক্ষণে প্রাণসমা সহোদরা শূর্পণখার ঈদৃশ মর্ম্মপীড়ক বিকৃত অবস্থা অবলোকন করিয়া সাতিশয় ব্যথিতহৃদয় হইলেন এবং তদীয় মুখে সীতার অনুপম রূপলাবণ্যের বিষয় শুনিয়া সীতাহরণ-রূপ বৈরনির্যাতন-মানসে প্রিয়-সহচর মারীচকে জনস্থান ভূভাগে প্রেরণ করিয়া স্বয়ং রথে আরোহণপূর্ব্বক প্রচ্ছন্নবেশে তথায় উপস্থিত হইয়া দেখিলেন, জানকী একাকিনী পর্ণ-কুটীরমধ্যে রহিয়াছেন; সুতরাং সেই দুষ্টাত্মা নিঃসহায়া জানকীকে বলপূর্ব্বক রথে আরোহণ করাইয়া প্রস্থান করিল।

এবিষয়ে আদিকবি মহর্ষি বাল্মীকি অদ্ভুত কবিত্বের পরিচয় প্রদান করিয়াছেন; সুতরাং এস্থলে তাহা উদ্ধৃত করিয়া দেখান যাইতেছে।

রাবণের অনুমত্যানুসারে তাড়কাতনয় মারীচ রাক্ষসরূপ পরিত্যাগ করিয়া শত শত রৌপ্যবিন্দুচিত্রিত সুবর্ণময় মৃগরূপ ধারণ করিল। তদনন্তর সেই মায়াকুরঙ্গ সীতার মনোহরণ করিবার নিমিত্ত পর্ণকুটীরের সন্নিহিত হইয়া মনোহর গতিতে বিচরণ করিতে লাগিল। এইরূপে রাক্ষস মারীচ সুখসম্ভোগ বিরত, ধর্ম্মপথে অবস্থিত, প্রতিজ্ঞাপালনে নিরত, অমিততেজা রাজকুমার রামচন্দ্রের দৃষ্টিপথে উপস্থিত হইল।

জহার সীতাং পক্ষীন্দ্রপ্রয়াসক্ষণবিস্মিতঃ ॥ ৫৩ ॥

মনোহর-স্নিগ্ধবর্ণো রত্নৈর্নানাবিধৈর্বৃতঃ। ক্ষণেন রাক্ষসো জাতো মৃগঃ পরম শোভনঃ ॥ বনং প্রজ্বলয়ন্ রম্যং রামাশ্রমপদঞ্চ তৎ। মনোহরং দর্শনীয়ং রূপং কৃত্বা স রাক্ষসঃ ॥ প্রলোভনার্থং বৈদেহ্যা নানা ধাতুবিচিত্রিতম্। বিচরন্ গচ্ছতে শষ্পং শাদ্বলানি সমন্ততঃ ॥ রৌপ্যৈর্বিন্দুশতৈশ্চিত্রং ভূত্বা চ প্রিয়নন্দনঃ। বিটপিনাং কিশলয়ান্ ভক্ষয়ন্ বিচচার হ ॥ কদলীগৃহকং গত্বা কর্ণিকারানিতস্ততঃ। তমাশ্রমং মন্দগতিং সীতাসন্দর্শনং ততঃ ॥ রাজীবচিত্রপৃষ্ঠঃ স বিররাজ মহামৃগঃ। রামাশ্রমপদাভ্যাসে বিচচার যথাসুখম্ ॥ পুনর্গত্বা নিবৃত্তশ্চ বিচচার মৃগোত্তমঃ। গত্বা মুহূর্ত্তং ত্বরয়া পুনঃ প্রতিনিবর্ত্ততে ॥ বিক্রীড়ংশ্চ পুনর্ভূমৌ পুনরেব নিষীদতি। আশ্রমদ্বারমাগম্য মৃগযূথানি গচ্ছতি ॥ মৃগযূথৈরনুগতঃ পুনরেব নিবর্ত্ততে। সীতাদর্শনমাকাঙ্ক্ষন্ রাক্ষসো মৃগতাং গতঃ। পরিভ্রমতি চিত্রাণি মণ্ডলানি বিনিষ্পতন্ ॥ সমুদ্বীক্ষ্য চ সর্ব্বে তং মৃগা যেঽন্যে বনেচরাঃ। উপাগম্য সমাঘ্রায় বিদ্রবন্তি দিশো দশ ॥ রাক্ষসঃ সোঽপি তান্ বন্যান্ মৃগান্ মৃগবধে রতঃ। প্রচ্ছাদনার্থং ভাবস্য ন ভক্ষয়তি সংস্পৃশন্ ॥ তস্মিন্নেব ততঃকালে বৈদেহী শুভলোচনা। কুসুমা-

স্বর্ণকান্তিসম্পন্ন, পার্শ্বদ্বয়ে রজত ও কনকবিন্দু দ্বারা বিচিত্রিত, মণি-সদৃশ সুশোভিত সমুজ্জ্বল শৃঙ্গদ্বয়ে বৈদূর্য্যসমপ্রভ কর্ণযুগলে বিভূষিত সূক্ষ্মরোমমণ্ডিত সূক্ষ্মচর্ম্মাবৃত, বিবিধ রত্নখচিত সেই অদ্ভুত কনক মৃগ জানকীর নয়নপথে পতিত হওয়াতে তিনি নিতান্ত বিস্মিত হইয়া অঙ্গুলি সঙ্কেতপূর্ব্বক প্রিয়পতিকে সহাস্যবদনে কহিলেন, আর্য্যপুত্র! দেখুন, দেখুন, কেমন একটী কনক কুরঙ্গ তরুতলে গাত্রকণ্ডূয়ন করিতেছে। আহা! ইহার গণ্ড ও মুখ ইন্দ্রনীলমণি ও সূর্য্য সদৃশ উজ্জ্বল, রোমকান্তি তপ্ত কাঞ্চনতুল্য, চরণ-চতুষ্টয় বিদ্রুমসদৃশ, শরীর চিক্কণ, উদর শঙ্খ ও মুক্তার ন্যায় শুভ্র। বোধ হয় যেন ইহার দেহপ্রভায় বনপ্রদেশ আলোকময় হইয়াছে। নাথ! দণ্ডকারণ্য মধ্যে যদি এরূপ স্বর্ণ-মৃগের আবাস থাকে, তাহা হইলে অরণ্য যে পৃথিবীর শোভা, তাহার অণুমাত্রও সন্দেহ নাই। এই কনক কুরঙ্গ দর্শনে আমার আনন্দ ও তৎসহযোগে লোভও উৎপন্ন হইয়াছে। আর্য্যপুত্র! এ পর্য্যন্ত আমি আপনার নিকটে কোন প্রার্থনা করি নাই; কিন্তু আমার এই অভিলাষ জন্মিয়াছে যে এই মৃগের বিচিত্র চর্ম্মাসনে শয়ন করি। অতএব আপনাকে এই অভি-

পচয়ে ব্যগ্রা পাদপানত্যবর্ত্তত॥ কর্ণিকারানশোকাংশ্চ চূতাংশ্চ মদিরেক্ষণা। কুসুমান্যবচিণ্বতী চচার রুচিরাননা॥ অনর্হা বনবাসস্য সা তং রত্নময়ং মৃগং। মুক্তা-মণি-বিচিত্রাঙ্গং দদর্শ পরমাঙ্গনা॥ তং বৈ রুচিরদন্তোষ্ঠং রূপ্যধাতুতনূরুহং। বিস্ময়োৎফুল্লনয়না সস্নেহং সমুদৈক্ষত॥ স চ তাং রামদয়িতাং পশ্যন্ মায়াময়ো মৃগঃ। বিচচার ততস্তত্র দীপয়ন্নিব তদ্বনম্॥ অদৃষ্টপূর্ব্বং দৃষ্ট্বা তং নানারত্নময়ং মৃগম্। বিস্ময়ং পরমং সীতা জগাম জনকাত্মজা॥ সা তং সংপ্রেক্ষ্য সুশ্রোণী কুসুমানি বিচিন্বতী। হেমরাজতবর্ণাভ্যাং পার্শ্বাভ্যা মুপশোভিতম্॥ প্রহৃষ্টা চানবদ্যাঙ্গী মৃষ্টহাটকবর্ণিনী। ভর্ত্তারমভিচক্রন্দ লক্ষ্মণঞ্চৈব সায়ুধম্॥ আহূয়াহূয় চ পুনস্তং মৃগঞ্চাভিবীক্ষতে। আগচ্ছাগচ্ছ শীঘ্রং বৈ আর্য্যপুত্র সহানুজ॥ তাবাহূতৌ নরব্যাঘ্রৌ বৈদেহ্যা রামলক্ষ্মণৌ। বীক্ষমাণৌ তু তং দেশং তদা দদৃশতুর্ম্মৃগম্॥ শঙ্কমানস্তু তং দৃষ্ট্বা লক্ষ্মণো বাক্যমব্রবীৎ। তমেবৈনমহং মন্যে মারীচং রাক্ষসং মৃগম্॥ চরন্তো মৃগয়াং হৃষ্টাঃ পাপেনোপাধিনা বনে। অনেন নিহতা রাম রাজানঃ পাপরূপিণা॥ অস্য মায়াবিদো মায়ামৃগরূপমিদং কৃতম্। ভানুমৎ পুরুষব্যাঘ্র গন্ধর্ব্বপুরসন্নিভম্॥

লাষ পূর্ণ করিতে হইবে। আমি স্ত্রীলোকের অনুচিত নিষ্ঠুর বাক্য বলিলাম বটে, কিন্তু এই মৃগের পরম রমণীয় দেহ দর্শন করিয়া লোভবশতঃ আমার মন নিতান্তই উহাতে আকৃষ্ট হইয়াছে। সীতার অভিলাষ শ্রবণে সাতিশয় আহ্লাদিত হইয়া রাম কহিলেন, প্রিয়ে! সর্ব্বদা সর্ব্বপ্রকারে তোমার চিত্তবিনোদন করাই রামের একমাত্র কার্য্য। বৎস লক্ষ্মণ! আমি এক সায়কেই ইহাকে বধ করিয়া আনিব; পরন্তু আমি যতক্ষণ প্রত্যাগত না হইতেছি, ততক্ষণ তুমি অতি সাবধানে জানকীকে রক্ষা করিবে। তুমি নিরন্তর প্রিয়ার নিকটে থাকিবে, কদাচও প্রিয়াকে একাকিনী রাখিয়া অন্যত্র গমন করিও না।

ধীমান্ লক্ষ্মণ সেই বিচিত্র কনক কুরঙ্গ দর্শনপূর্ব্বক মনে মনে চিন্তা করিয়া কহিলেন, আর্য্য! পূর্ব্বে বহ্নিসম তেজস্বী ঋষিগণ আমাদিগের নিকটে যে মায়াবী মারীচ নামক রাক্ষসের কথা বলিয়াছিলেন, বোধ হয় এ সেই রাক্ষসই হইবে। অরণ্যমধ্যে মৃগয়াকারী অনেক ক্ষত্রিয় বীরকেই এই মারীচ মৃগরূপ ধারণ করিয়া সংহার করিয়াছে। মহামতে! ইহার এই নানারত্ন-বিভূষিত দেহ দর্শন করিয়াই বিচার করিয়া দেখা উচিত যে, এ বাস্তবিক স্বর্ণময় মৃগ কি প্রকারে সম্ভবে। যেহেতু এ জগতে সুবর্ণ মৃগের

মৃগোহ্যেবং বিধোরত্নবিচিত্রো নাস্তি রাঘব। জগত্যাং জগতীনাথ মন্যৈষা হি ন সংশয়ঃ॥ এবং ব্রুবাণং কাকুৎস্থং প্রতিবার্য্য শুচিস্মিতা। উবাচ সীতা সংহৃষ্টা ছদ্মনা হৃতচেতনা। আর্য্যপুত্রাভিরামোঽসৌ মৃগো হরতি মে মনঃ। আনয়ৈনং মহাবাহো ক্রীড়ার্থং নো ভবিষ্যতি॥ ইহাশ্রমপদেঽস্মাকং বহবঃ পুণ্যদর্শনাঃ। মৃগাশ্চরন্তি সহিতা শ্চমরাঃ সৃমরা স্তথা॥ ঋক্ষাঃ পৃষতসঙ্ঘাশ্চ বানরাঃ কিন্নরাস্তথা। বিহরন্তি মহাবাহো রূপশ্রেষ্ঠা মহাবলাঃ॥ ন চাস্যঃ সদৃশো রাজন্ দৃষ্টপূর্ব্বো মৃগো ময়া। তেজসা ক্ষময়া দীপ্ত্যা যথায়ং মৃগসত্তমঃ॥ নানাবর্ণবিচিত্রাঙ্গো রত্নভূতো মমাগ্রতঃ। দ্যোতয়ন্ বনমব্যগ্রং দ্যোততে শশিসন্নিভঃ॥ অহো রূপ মহো লক্ষ্মীঃ স্বরসম্পচ্চ শোভনা। মৃগোঽদ্ভুতো বিচিত্রাঙ্গো হৃদয়ং হরতীব মে॥ যদি গ্রহণমভ্যেতি জীবন্নেব মৃগস্তব। আশ্চর্য্যভূতং ভবতি বিস্ময়ং জনয়িষ্যতি॥ সমাপ্তবনবাসানাং রাজ্যস্থানাঞ্চ নঃ পুনঃ। অন্তঃপুরে বিভূষার্থো মৃগ এষ ভবিষ্যতি॥ ভরতস্যার্য্যপুত্রস্য শ্বশ্রূণাং মম চ প্রভো। মৃগরূপমিদং দিব্যং বিস্ময়ং জনয়িষ্যতি॥ জীবন্ন যদি তেঽভ্যেতি গ্রহণং মৃগসত্তমঃ। অজিনং নরশার্দ্দূল রুচিরন্তু ভবিষ্যতি॥ নিহতস্যাস্য সত্ত্বস্য জাম্বূনদময়ত্বচি। শষ্পবৃষ্যাং বিনীতায়াং ইচ্ছাম্যহমুপাসিতুম্॥ কামবৃত্তমিদং রৌদ্রং স্ত্রীণামসদৃশং মতম্। বপুষা ত্বস্য সত্ত্বস্য বিস্ময়ো জনিতো মম॥ তেন কাঞ্চনরোম্ণা তু মণিপ্রবরশৃঙ্গিণা। তরুণাদিত্যবর্ণেন নক্ষত্রপথবর্চ্চসা॥ বভূব রাঘবস্যাপি মনোবিস্ময়মাগতম্। ইতি সীতাবচঃ শ্রুত্বা দৃষ্ট্বা চ মৃগমদ্ভুতম্॥ লোভিতস্তেন রূপেণ সীতয়া চ প্রচোদিতঃ। উবাচ রাঘবো হৃষ্টো ভ্রাতরং লক্ষ্মণং বচঃ॥ পশ্য লক্ষ্মণবৈদেহ্যাঃ স্পৃহামুল্লসিতা মিমাম্। রূপশ্রেষ্ঠতয়া হ্যেষ মৃগোদ্য ন ভবিষ্যতি॥ ন বনে নন্দনোদ্দেশে ন চৈত্ররথসংশ্রয়ে। কুতঃ পৃথিব্যাং সৌমিত্রে যোঽস্য কশ্চিৎ সমো মৃগঃ॥ প্রতিলোমানুলোমাশ্চ রুচিরা রোমরাজয়ঃ। শোভন্তে মৃগ-

---

সদ্ভাব- অশ্রুতপূর্ব্ব ও অদৃষ্টচর। আপনি অভিনিবেশপূর্ব্বক দেখুন, ইহার শৃঙ্গ প্রবাল-মণিময় এবং নয়ন যুগল রত্নবিনির্ম্মিত, অতএব নিশ্চয়ই এ মৃগ নহে, মায়ামৃগ; রাক্ষস মারীচই মায়াবলে মৃগরূপ ধারণ করিয়া থাকিবে।

লক্ষ্মণ এইরূপ বলিলেও রাক্ষসমায়ায় বিমোহিতা সীতার নির্ব্বন্ধাতিশয় দর্শনে এবং সেই অদ্ভুত মৃগ দর্শনে বিমুগ্ধ হইয়া রঘুকুলতিলক রামচন্দ্র লক্ষ্মণকে সম্বোধন করিয়া কহিলেন, বৎস লক্ষ্মণ! তুমি যাহা বলিতেছ, তাহাই যদি সত্য হয়; যে মায়াবী রাক্ষস মৃগরূপ ধারণ করিয়া বনমধ্যে

মাশ্রিত্য চিত্রাঃ কনকবিন্দুভিঃ॥ পশ্যাস্য জৃম্ভমাণস্য দীপ্তামগ্নিশিখোপমাম্। জিহ্বাং মুখান্নিঃসরন্তীং মেঘাদিব শতহ্রদাম্॥ মসারগল্লর্কমুখঃ শঙ্খমুক্তা-নিভোদরঃ। কস্য নামানি রূপোঽহসৌ ন মনোলোভয়েন্মৃগঃ॥ কস্য রূপ মিদং দৃষ্ট্বা জাম্বূনদময়প্রভম্। নানারত্নময়ং দিব্যং ন মনো বিস্ময়ং ব্রজেৎ॥ মাংসহেতোরপি মৃগান্ বিহারার্থঞ্চ ধন্বিনঃ। ঘ্নন্তি লক্ষ্মণ রাজানো মৃগয়ায়াং মহাবনে॥ ধনানি ব্যবসায়েন বিচীয়ন্তে মহাবনে। ধাতবো বিবিধাশ্চাপি মণিরত্নসুবর্ণিনঃ॥ তৎসারমখিলং নৃণাং ধনং নিচয়বর্দ্ধনম্। মনসা চিন্তিতং সর্ব্বং যথা শুক্রস্য লক্ষ্মণ॥ অর্থী যেনার্থকৃত্যেন সংব্রজত্যবিচারয়ন্। তমর্থ-মর্থশাস্ত্রজ্ঞাঃ প্রাহুরর্থ্যাস্তু লক্ষ্মণ॥ এতস্য মৃগরত্নস্য পরার্দ্ধ্যে কাঞ্চনত্বচি। উপবেক্ষ্যতি বৈদেহী ময়া সহ সুমধ্যমা॥ ন কাদলী ন প্রিয়কী ন প্রবেণী ন চাবিকী। ভবেদেতস্য সদৃশী স্পর্শেঽনেনেতি মে মতিঃ॥ এষ চৈব মৃগঃ শ্রীমান্ যশ্চ দিব্যো নভশ্চরঃ। উভাবেতৌ মৃগৌ দিব্যৌ তারামৃগ-মহী-মৃগৌ॥ যদি বায়ং তথা যন্মাং ভবেদ্বদসি লক্ষ্মণ। ময়ৈষা রাক্ষসস্যেতি কর্ত্ত-ব্যোস্য বধো ময়া॥ এতেন হি নৃশংসেন মারীচেনাকৃতাত্মনা। বনে বিচ-রতা পূর্ব্বং হিংসিতা মুনিপুঙ্গবাঃ॥ উত্থায় বহবোঽনেন মৃগয়ায়াং জনা-ধিপাঃ। নিহতাঃ পরমেষ্বাসাস্তস্মাদ্বধ্যস্ত্বয়ং মৃগঃ॥ পুরস্তাদিহ বাতাপিঃ পরিভূয় তপস্বিনঃ। উদরাস্থো দ্বিজান্ হন্তি সগর্ভোঽশ্বতরীমিব॥ স কদাচি-চ্চিরাল্লোকে আসসাদ মহামুনিম্। অগস্ত্যং তেজসাযুক্তং ভক্ষ্যস্তস্য বভূব হ॥ সমুত্থানে চ তদ্রূপং কর্ত্তুকামং সমীক্ষ্য তম্। উৎসয়িত্বা তু ভগবান্ বাতাপি মিদমব্রবীৎ॥ ত্বয়া বিগণ্য বাতাপে পরিভূতাশ্চ তেজসা। জীবলোকে দ্বিজ-শ্রেষ্ঠা স্তস্মাদপি রজাঙ্গতঃ॥ তদ্রক্ষো ন ভবেদেব বাতাপিরিব লক্ষ্মণ। মদ্বিধং যোঽতিমন্যেত ধর্ম্মনিত্যং জিতেন্দ্রিয়ম্। ভবেত্ততোঽয়ং বাতাপিরগস্ত্যেনেব

বিচরণ করিতে করিতে মৃগয়ার্থ সমাগত ধনুর্দ্ধারী রাজকুমারগণকে সংহার করিয়াছে, এ যদি সত্যই সেই মারীচ হয়, তাহাহইলে, ইহাকে বিনাশ করা উচিত। সৌমিত্রে! এই মৃগ যদি বাস্তবিকই আমাকে বঞ্চনা করিবার অভিলাষ করিয়া থাকে, তাহা হইলেও অদ্য আমার হস্তে নিধন-প্রাপ্ত হইবে। অতএব আমি ইহাকে নিশ্চয়ই বধ করিব। হে বীর! তুমি অব-হিত-চিত্তে এই স্থানে জানকীকে রক্ষা কর, আমি যতক্ষণ প্রত্যাগমন না করি, ততক্ষণ কোনস্থানে গমন করিও না। রাক্ষসদিগের অন্তঃকরণ অতি নীচ, তাহারা অরণ্যমধ্যে বিবিধপ্রকারে অনিষ্টের চেষ্টা করিয়া থাকে।

ম্যাগতঃ॥ ইহ ত্বং ভব সন্নদ্ধো যন্ত্রিতো রক্ষ মৈথিলীম্। অস্যামায়ত্তমস্মাকং যৎকৃত্যং রঘুনন্দন॥ অহমেনং হনিষ্যামি গ্রহীষ্যাম্যথবা মৃগম্। যাবদ্গচ্ছামি সৌমিত্রে মৃগমানয়িতুং দ্রুতম্॥ পশ্য লক্ষ্মণ বৈদেহ্যা মৃগত্বচিগতাং স্পৃহাম্। ত্বচা প্রধানয়া হ্যেষ মৃগোদ্য ন ভবিষ্যতি॥ অপ্রমত্তেন তে ভাব্য-

---

রামচন্দ্র লক্ষ্মণকে এইরূপ আজ্ঞা করিয়া চিত্র মৃগবধে কৃতসঙ্কল্প হইয়া সশস্ত্র পর্ণশালা হইতে বহির্গত হইলেন এবং কনক কুরঙ্গের অনুসরণে প্রবৃত্ত হইয়া দেখিতে দেখিতে দৃষ্টিপথ অতিক্রম করিলেন। মনোমারুতের ন্যায় বেগগামী মৃগরূপী মারীচও রামচন্দ্রকে অরণ্যমধ্যে অনুগামী দেখিয়া প্রাণভয়ে পলায়ন করিতে লাগিল। রাম মৃগের অনতি-দূরেই তাহার অনুসরণ করিতে লাগিলেন। দুর্বৃত্ত রাক্ষস রাম-শরভয়ে ভীত হইয়া রামের লোভোৎপাদনপূর্ব্বক কখন দৃষ্ট, কখন অদৃষ্ট, কখন ভয়ে প্রধাবিত, কখন অবস্থিত, কখন উল্লম্ফন, কখন তৃণভক্ষণ, কখন বৃক্ষান্তরালে লুক্কায়িত, কখন বা স্বদেহ লেহন ইত্যাদি প্রকারে ধাবিত হইতে লাগিল। তদ্দর্শনে রাম অতীব কৌতূহলাক্রান্ত হইয়া কনক-কুরঙ্গ ধরিবার আশয়ে শরক্ষেপণ করিলেন না। বরং এইবার ধরিব, এই ভাবিয়া অনন্যমনে ও অনন্যদৃষ্টিতে মৃগের পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। মৃগও স্বীয় দুরভিসন্ধির সুযোগ দেখিয়া মুহুর্মুহু অন্তর্হিত ও দর্শন দিতে লাগিল। এইরূপে সেই মৃগরূপী দুষ্ট নিশাচর প্রতি পদে ধনুর্দ্ধারী রামের বিষম ভ্রান্তি উৎপাদন করিয়া তাঁহাকে বহু দূরে লইয়া গেল।

ককুৎস্থ-কুলসম্ভূত রামচন্দ্র এইরূপে মারীচ কর্ত্তৃক বঞ্চিত হইয়া বনে বনে পরিভ্রমণ করিতে লাগিলেন। পরিশেষে তিনি ক্রুদ্ধ হইয়া অরণ্যমধ্যে এক শাদ্বলপূর্ণ স্থানে বৃক্ষচ্ছায়া আশ্রয় করিয়া ক্ষণকাল দণ্ডায়মান রহিলেন। মারীচও মৃগযূথ সমভিব্যাহারে অনতিদূরে পুনর্ব্বার আবির্ভূত হইল। মৃগকুল ভয়ত্রস্ত চঞ্চলনেত্রে চিত্রমৃগের নিকটে অবস্থিতি করিতে লাগিল। মৃগকে তদবস্থ দেখিয়া মহাতেজা রামচন্দ্র উহাকে সংহার করিবার জন্য কার্ম্মুকে শাণিত শরসন্ধানপূর্ব্বক মায়ামৃগকে লক্ষ্য করিয়া শরনিক্ষেপ করিলেন। সেই প্রদীপ্ত শক্রসংহারক শর মারীচের হৃদয় ভেদ করিল। মারীচ রামশরে অতিমাত্র ব্যথিতহৃদয় হইয়া লম্ফপ্রদান পূর্ব্বক ভূতলশায়ী হইল। শরাহত হইবামাত্র সে মনোজ্ঞ কেয়ূরধারী সর্ব্বাভরণে সমলঙ্কৃত মহাদংষ্ট্রা-সমন্বিত রাক্ষসরূপ ধারণ করিল; এবং ধূলিশয্যায় বিলুণ্ঠিত হইয়া শরপ্রহারজনিত

মাভ্রমস্থেন সীতয়া। যাবৎ পৃষতমেকেন সায়কেন নিহন্ম্যহম্॥ হত্বৈতচ্চর্ম্ম আদায় শীঘ্রমেষ্যামি লক্ষ্মণ। প্রদক্ষিণেনাতিবলেন পক্ষিণা জটায়ুষা বুদ্ধিমতা চ লক্ষ্মণ। ভবাপ্রমত্তঃ প্রতিগৃহ্য মৈথিলীং প্রতিক্ষণং সর্ব্বতএব শঙ্কিতঃ॥ আর্ত্তস্বরন্তু তং ভর্ত্তুর্বিজ্ঞায় সদৃশং বনে। উবাচ লক্ষ্মণং সীতা গচ্ছ জানীহি রাঘবম্॥ নহি মে জীবিতং স্থানে হৃদয়ং চাবতিষ্ঠতে। ক্রোশতঃ পরমার্ত্তস্য শ্রুতঃ শব্দো ময়া ভৃশম্॥ আক্রন্দমানন্তু বনে ভ্রাতরং ত্রাতুমর্হসি। তং ক্ষিপ্র-

---

অসহ্য যন্ত্রণায় বিকট চীৎকার করিতে লাগিল। সেই দুরাত্মা মৃত্যু নিকটবর্ত্তী দেখিয়া প্রভুর অভীষ্ট-সাধনোদ্দেশে অবিকল রামের স্বর অনুকরণপূর্ব্বক এইরূপ চীৎকার করিল যে, "হা সীতে! হা লক্ষ্মণ! মহারণ্যমধ্যে আমাকে পরিত্রাণ কর।" আসন্ন মৃত্যু দেখিয়া সে ভাবিল যে এই স্বর শ্রবণপূর্ব্বক সীতা স্বামি-প্রণয়বশতঃ ব্যাকুল হইয়া যদি লক্ষ্মণকে এই স্থানে প্রেরণ করে, তাহা হইলেই রাবণ লক্ষ্মণ-বিরহিতা সীতাকে অবলীলাক্রমে হরণ করিতে পারিবেন। এইরূপে রাক্ষস মারীচ মৃত্যুকালেও রাবণের কার্য্যসিদ্ধির চেষ্টা করিয়াছিল।

ভীমদর্শন সেই রাক্ষস মারীচ, রক্তাক্তকলেবরে ভূতলে পতিত ও বিলুণ্ঠিত হইতে লাগিল দেখিয়া রামের অন্তঃকরণে লক্ষ্মণের কথা উদিত হইল; সুতরাং তিনি শরীরমাত্রে তথায় অবস্থিত রহিলেন, কিন্তু তাঁহার মন তৎক্ষণাৎ সীতার নিকটে উপস্থিত হইল। তিনি মনে মনে চিন্তা করিতে লাগিলেন, দেখিতেছি এ মারীচেরই মায়া; লক্ষ্মণ যাহা বলিয়াছিল, এখন তাহাই ঘটিল। আমি মারীচকে সংহার করিলাম বটে, কিন্তু দুরাত্মা 'হা সীতে হা লক্ষ্মণ!' বলিয়া উচ্চৈঃস্বরে আর্ত্তনাদ পূর্ব্বক প্রাণত্যাগ করিল। না জানি সীতা এই আর্ত্তনাদ শ্রবণ করিয়া কি করিবেন? মহাবাহু লক্ষ্মণেরই বা কি দশা হইবে? ইহা ভাবিতে ভাবিতে তিনি মহাভয়ে কণ্টকিত-কলেবর হইয়া উঠিলেন।

এদিকে জনকতনয়া সীতা অরণ্য মধ্যে স্বামীর স্বরসদৃশ আর্ত্তনাদ শ্রবণ করিয়া কাতরস্বরে লক্ষ্মণকে কহিলেন, লক্ষ্মণ! অনেকক্ষণ হইল আর্য্যপুত্র গিয়াছেন, এখনও আসিতেছেন না কেন? আমার চিত্ত সাতিশয় ব্যাকুল হইতেছে; থাকিয়া থাকিয়া প্রাণ যেন কাঁদিয়া উঠিতেছে, সর্ব্বশরীর কম্পিত হইতেছে, আমি আর প্রাণধারণ করিতে পারিতেছি না। সৌমিত্রে! আমি শুনিতে পাইলাম, আর্য্যপুত্র নিতান্ত কাতর হইয়া দারুণ আর্ত্তনাদ

মভিধাব ত্বং ভ্রাতরং শরণৈষিণম্। রক্ষসাং বশমাপন্নং সিংহানামিব গোবৃষম্॥ ন জগাম তথোক্তস্তু ভ্রাতুরাজ্ঞায় শাসনম্। তমুবাচ ততস্তত্র ক্ষুভিতা জনকাত্মজা॥ সৌমিত্রে মিত্ররূপেণ ভ্রাতুস্ত্বমসি শত্রুবৎ। যস্ত্বমস্যামবস্থায়াং ভ্রাতরং নাভিপদ্যসে॥ ইচ্ছসি ত্বং বিনশ্যন্তং রামং লক্ষ্মণ মৎকৃতে। লোভাত্তু মৎকৃতে নূনং নানুগচ্ছসি রাঘবম্॥ ব্যসনং তে প্রিয়ং মন্যে স্নেহো ভ্রাতরি নাস্তি তে। তেন তিষ্ঠতি বিশ্রব্ধং তমপশ্যন্মহাদ্যুতিম্॥ কিং হি সংশয়মাপন্নে তস্মিন্নিহ ময়া ভবেৎ। কর্ত্তব্যমিহ তিষ্ঠন্ত্যা যৎপ্রধানস্ত্বমাগতঃ॥ এবং ব্রুবাণাং বৈদেহীং বাষ্পশোকসমন্বিতাম্। অব্রবীল্লক্ষ্মণস্ত্রস্তাং সীতাং মৃগবধূমিব॥ পন্নগাসুরগন্ধর্ব্ব-দেবদানবরাক্ষসৈঃ। অসক্যস্তব বৈদেহি ভর্ত্তা জেতুং ন সংশয়ঃ॥ দেবি দেবমনুষ্যেষু গন্ধর্ব্বেষু পতত্রিষু। রাক্ষসেষু পিশা-

---

করিলেন। সুতরাং কেহ ত নাথের কোন প্রকার অত্যাহিত সম্পাদন করে নাই? উঃ! যতই বিলম্ব হইতেছে, ততই যেন আমার চিত্ত-চাঞ্চল্য ক্রমশঃ বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে। একবার ভাবিতেছি, কেনই বা আর্য্যপুত্রকে মৃগচর্ম্ম আনিতে বলিলাম; তিনি যদি এখন আমার নিকট থাকিতেন, তাহা হইলে আমার এরূপ দুর্ভাবনা ও অসুখের সঞ্চার হইত না। আরবার মনে হইতেছে, আর বুঝি আর্য্যপুত্রের সহিত দেখা হইবে না; অতএব তিনি তোমার সহায় ও জ্যেষ্ঠভ্রাতা; তোমরা উভয়ে একপথ অবলম্বন করিয়াছ; তিনি আর্ত্তনাদ করিতেছেন, তাঁহাকে বিপদ হইতে উদ্ধার করা তোমার অবশ্য কর্ত্তব্য। বৎস লক্ষ্মণ! তোমার সেই জ্যেষ্ঠভ্রাতা রাক্ষস-প্রপীড়িত হইয়া সাহায্য প্রার্থনা করিতেছেন; অতএব আমার মাথা খাও, তুমি আর্য্যপুত্রের অনুসন্ধানে প্রবৃত্ত হও, ত্বরায় তাঁহার শুভ-সংবাদ আনিয়া আমার চিত্তচাঞ্চল্য দূর কর; নতুবা আর আমি এ অসুখের অবস্থায় থাকিতে পারি না; আর্য্যপুত্রকে আর একদণ্ড না দেখিলে, নিশ্চয়ই আমার প্রাণবিয়োগ হইবে।

লক্ষ্মণ সীতার তাদৃশী কাতরতা ও উৎকণ্ঠা দেখিয়া, তাঁহাকে সান্ত্বনাবাক্যে অশেষ প্রকারে প্রবোধ দিয়া কহিলেন, দেবি! আপনি অগ্রজ মহাশয়ের জন্য এরূপ চিন্তিত হইবেন না। আমি নিশ্চয় করিয়া বলিতেছি, এ জগতে এমন কোন বীর নাই যে, তাঁহার ছায়া পর্য্যন্তও স্পর্শ করিতে সমর্থ হয়। অতএব আপনি তাঁহার নিমিত্ত অকারণ ভীত ও চিন্তিত হইবেন না।

চেষু কিন্নরেষু মৃগেষু চ॥ দানবেষু চ ঘোরেষু ন স-বিদ্যেত শোভনে। যো রামং প্রতিযুধ্যেত সমরে বাসবোপমম্॥ অবধ্যঃ সমরে রামো নৈবং ত্বং বক্তুমর্হসি। ন ত্বামস্মিন্ বনে হাতু মুৎসহে রাঘবং বিনা॥ অনিবার্য্যং বলং তস্য বলৈর্ব্বলবতামপি। ত্রিভির্ল্লোকৈঃ সমুদিতৈঃ সেশ্বরৈঃ সামরৈরপি॥ হৃদয়ং নির্ব্বৃতং তেঽস্তু সন্তাপস্ত্যজতাং তব। আগমিষ্যতি তে ভর্ত্তা শীঘ্রং হত্বা মৃগোত্তমম্॥ ন স তস্য স্বরো ব্যক্তং ন কশ্চিদপি দৈবতঃ। গন্ধর্ব্বনগরপ্রখ্যা মায়া তস্য চ রক্ষসঃ॥ ন্যাসভূতাসি বৈদেহি ন্যস্তা ময়ি মহাত্মনা। রামেণ ত্বং বরারোহে ন ত্বাং ত্যক্তুমিহোৎসহে॥ কৃতবৈরাশ্চ কল্যাণি বয়মেতৈ-

---

সীতা যখন পুনঃ পুনঃ বলিলেও ভ্রাতৃ-আজ্ঞা নিবন্ধন লক্ষ্মণ তাঁহাকে পরিত্যাগ করিয়া গমন করিলেন না। তখন জনকনন্দিনী সীতা কোপ-প্রকাশপূর্ব্বক কহিলেন, লক্ষ্মণ! তুমি কখনও আমার বাক্যের অন্যথাচরণ কর নাই। আজ আমার এরূপ চিত্তচাঞ্চল্য ও কাতরতা দর্শনেও তোমার মনে কি কিছুমাত্র ক্লেশ হইতেছে না? আমি এত করিয়া বলিলাম, একবার আর্য্যপুত্রের শুভ সমাচার আনিয়া দাও; তুমি কি তাহা পারিলে না? তোমার মনের ভাব কি? এ অবস্থায়ও তুমি যখন ভ্রাতার সাহায্যার্থ গমন করিতেছ না, তখন স্পষ্টই প্রতীয়মান হইতেছে, তুমি একজন প্রকৃত শত্রু; কপটতা পূর্ব্বক মিত্রভাবে ভ্রাতার অনুবর্ত্তন করিতেছ। বুঝিলাম, ভ্রাতার বিপদই তোমার প্রার্থনীয়; তাঁহার প্রতি তোমার কিছুমাত্র স্নেহ নাই; এ নিমিত্তই তাঁহাকে না দেখিয়াও তুমি নিশ্চিন্ত মনে অবস্থান করিতেছ। লক্ষ্মণ! বোধ হইতেছে, আমার লোভেই তুমি ইচ্ছা করিতেছ যে আর্য্যপুত্র-বিনষ্ট হয়েন; এই জন্যই আমার আদেশ প্রতিপালন করিতেছ না; কিন্তু তুমি জাননা যে আর্য্যপুত্রের বিরহে আমি মুহূর্ত্তকালও জীবিত থাকিব না। অতএব তুমি আমার কথা রাখ, আর বিলম্ব করিও না, তুমি সত্বর গিয়া আর্য্যপুত্রকে রক্ষা কর; কখনও ইহার অন্যথাচরণ করিও না। তাঁহার কোন অমঙ্গল হইলে, আমাকে রক্ষা করিয়া কি হইবে? আমিত তাঁহার বিরহে মুহূর্ত্তমাত্রও জীবিত থাকিব না, তবে কেন তুমি আর্য্যের অনুসন্ধান করিতে বিরত হইতেছ?

ভয়চকিতা সীতা শোকব্যাপ্লুত-লোচনে এইরূপ বলিলে, লক্ষ্মণ উত্তর করিলেন, দেবি! যেমন মনুষ্যগণ ইন্দ্রের প্রতিদ্বন্দ্বী হইতে পারে না, তদ্রূপ দেব, দানব, যক্ষ, রক্ষ, ইহাদের মধ্যে এমন কোন ব্যক্তি নাই

নিশাচরৈঃ। খরস্য নিধনে দেবি জনস্থানবধং প্রতি॥ রাক্ষসা বিবিধা বাচো-ব্যাহরন্তি মহাবনে। হিংসা বিহারা বৈদেহি ন চিন্তয়িতু মর্হসি॥ লক্ষ্মণে-নৈব মুক্তাতু ক্রুদ্ধা সংরক্তলোচনা। অব্রবীৎ পরুষং বাক্যং লক্ষ্মণং সত্য-বাদিনম্॥ অনার্য্যকরুণারম্ভ নৃশংস কুলপাংসন। অহং তব প্রিয়ং মন্যে রামস্য ব্যসনং মহৎ॥ রামস্য ব্যসনং দৃষ্ট্বা তেনৈতানি প্রভাষসে॥ নৈব চিত্রং সপত্নেষু পাপং লক্ষ্মণ যদ্ভবেৎ। ত্বদ্বিধেষু নৃশংসেষু নিত্যং প্রচ্ছন্ন-চারিষু॥ সুদুষ্টস্তং বনে রাম মেকমেকোঽনুগচ্ছসি। মম হেতোঃ প্রতিচ্ছন্নঃ

যে আর্য্যের সমকক্ষ হইতে পারে; তিনি সমরে অবধ্য। অতএব আপনি এরূপ বাক্য বলিবেন না। আপনি ভাবিয়া দেখুন দেখি, আর্য্য আপনাকে আমার হস্তে ন্যস্ত করিয়া গিয়াছেন; সুতরাং এইক্ষণে আপনি গচ্ছিত বস্তু-স্বরূপ, অতএব আপনাকে একাকিনী রাখিয়া যাইতে কোন-ক্রমেই আমার সাহস হইতেছে না। কল্যাণি! আপনার মঙ্গল হউক, আপনি জানেন, জনস্থানের তাদৃশ হত্যাকাণ্ড অবধি অতিক্রুদ্ধ-স্বভাব রাক্ষসদিগের সহিত আমাদিগের শক্রতা জন্মিয়াছে। হিংসাই তাহাদের জীবনের প্রধান কর্ম্ম; তাহারা এই অরণ্যমধ্যে নানাপ্রকার স্বরও করিয়া থাকে; অতএব আপনি চিন্তা করিবেন না। আর্য্যের বল বিক্রম অপ্রমেয়, অতএব তাঁহার বলের বিচার না করিয়া আপনার এরূপ বলা কোনমতেই সঙ্গত হইতেছে না। আমি নিশ্চয় করিয়া বলিতেছি, তিনি মৃগ বধ করিয়া এখনই প্রত্যাগমন করিবেন; সুতরাং আপনি ব্যাকুল হইবেন না। দেবি! আপনি যে বিকট শব্দ শ্রুত হইলেন, উহা কখনই আর্য্যের স্বর নহে; নিতান্ত কষ্টের অবস্থাতেও তিনি এরূপ গর্হিত শব্দ করিবেন না।

এই সকল কথা শ্রবণ করিবামাত্র সীতার নয়নযুগল রক্তবর্ণ হইয়া উঠিল। তিনি ক্রোধভরে হিতবাদী লক্ষ্মণকে পরুষবাক্যে কহিলেন, হা অনার্য্য! হা নৃশংস! হা কুলপাংসন! তুমি দয়া করিয়া আমাকে রক্ষা করিবার সঙ্কল্প করিতেছ, এ তোমার কপট দয়া। বুঝিলাম আমার প্রতি তোমার অনুরাগ জন্মিয়াছে বলিয়া তুমি এরূপ বলিতেছ। লক্ষ্মণ! তোমার ন্যায় কপটাচারী ব্যক্তি যে জ্ঞাতিগণের অনিষ্ট চেষ্টা করিবে, তাহাতে আশ্চর্য্য কি। তুমি নিশ্চয়ই অসদভিপ্রায়ে একাকী বনমধ্যে আর্য্যপুত্রের অনুসরণ করিতেছ। হয় আমার লোভে, না হয় ভরতের প্রবর্ত্তনায় তুমি গুপ্তভাবে অনিষ্ট চেষ্টা করিতেছ।

প্রযুক্তো ভরতেন বা। তন্ন সিধ্যতি সৌমিত্রে তবাপি ভরতস্য চ॥ কথমিন্দিবরশ্যামং রামং পদ্মনিভেক্ষণম্‌। উপসংশ্রিত্য ভর্ত্তারং কাময়েয়ং পৃথগ্‌জনম্‌॥ সমক্ষং তব সৌমিত্রে প্রাণাংস্ত্যক্ষ্যাম্যসংশয়ম্‌। রামং বিনা ক্ষণমপি নৈব জীবামি ভূতলে॥ ইত্যুক্তং পরুষং বাক্যং সীতয়া রোমহর্ষণম্‌। অব্রবীল্লক্ষ্মণঃ সীতাং প্রাঞ্জলিঃ স জিতেন্দ্রিয়ঃ॥ উত্তরং নোৎসহে বক্তুং দৈবতং ভবতী মম। বাক্যমপ্রতিরূপন্তু ন চিত্রং স্ত্রীষু মৈথিলি॥ স্বভাবস্ত্বেষ নারীণামেষু লোকেষু দৃশ্যতে। বিমুক্তধর্ম্মাশ্চপলাস্তীক্ষ্ণা ভেদকরাঃ স্ত্রিয়ঃ॥ ন সহে হীদৃশং বাক্যং বৈদেহি জনকাত্মজে। শ্রোত্রয়োরুভয়োর্মধ্যে তপ্তনারাচসন্নিভম্‌॥ উপশৃণ্বন্তু মে সর্ব্বে সাক্ষিণোহি বনেচরাঃ। ন্যায়বাদী যথা বাক্যমুক্তোঽহং

লক্ষ্মণ তুমি নিশ্চয় জানিবে, তোমার বা ভরতের দুষ্টাভিসন্ধি কখনই সফল হইবে না। কারণ, আমি সেই ইন্দিবরশ্যাম আর্য্যপুত্রেই মন প্রাণ সমর্পণ করিয়াছি; আমি কি আবার অপর ব্যক্তিতে অভিলাষিণী হইব! বরং প্রজ্বলিত অনলে প্রবেশ করিব, তথাপি পরপুরুষকে পাদদ্বারাও স্পর্শ করিব না। সীতা লক্ষ্মণকে এইরূপে তিরস্কার করিয়া রোদন করিতে করিতে উদরে করাঘাত করিতে লাগিলেন।

সীতার এইরূপ লোমহর্ষণ পরুষ-বাক্য শ্রবণ করিয়া লক্ষ্মণের ইন্দ্রিয় সকল বিচলিত হইয়া উঠিল, তথাপি তিনি সংযত-চিত্ত হইয়া কৃতাঞ্জলিপুটে অশেষবিধ উপদেশ বাক্য প্রদান করিলেন; কিন্তু সীতা তাঁহার কথায় আর উত্তরই দিলেন না। সুতরাং তিনি ক্ষণকাল সাশ্রুনয়নে নিস্তব্ধভাবে রহিলেন। অনন্তর যদিও জানকীকে একাকিনী শূন্য কুটীরে রাখিয়া যাইতে কোনমতেই ইচ্ছা ছিল না, তথাপি কি করেন, আর্য্যার তাদৃশ নির্ব্বন্ধাতিশয় দর্শনে, বিশেষতঃ না গেলে তিনি যারপরনাই অসুখী ও কুপিত হইবেন, ইহা ভাবিয়া অগত্যা তাঁহাকে গুরুবাক্য উল্লঙ্ঘন করিতে কৃতসঙ্কল্প হইতে হইল। তখন উন্নতচেতা লক্ষ্মণ মনে মনে সীতাকে অভিবাদন ও কৃতাঞ্জলিপুটে আনত মস্তকে প্রণাম করিয়া পুনঃ পুনঃ তাঁহার দিকে দৃষ্টিনিক্ষেপ করিতে করিতে রামের উদ্দেশে গমন করিলেন।

রামানুজ লক্ষ্মণ উল্লিখিত রূপ নিষ্ঠুর বাক্য শ্রবণে ক্রুদ্ধ হইয়া মহারণ্য মধ্যে সীতাকে পরিত্যাগ পূর্ব্বক রামচন্দ্রের উদ্দেশে গমন করিলেন। মারীচ কর্ত্তৃক রাম ও লক্ষ্মণ এইরূপে বহু দূরে প্রস্থিত হইলে, রাবণ মনে করিলেন, যেন তাঁহার মনোরথ সফলই হইল। সীতার দক্ষিণ নয়ন ও দক্ষিণ

পরুষং ত্বয়া॥ ধিক্ ত্বামদ্য বিনশ্যন্তীং যন্মামেবং বিশঙ্কসে। স্ত্রীত্বাদ্দুষ্টস্বভাবেন গুরুবাক্যে ব্যবস্থিতম্॥ গচ্ছামি যত্র কাকুৎস্থঃ স্বস্তি তেঽস্তু বরাননে। রক্ষন্তু ত্বাং বিশালাক্ষি সমগ্রা বনদেবতাঃ॥ নিমিত্তানি হি ঘোরাণি যানি প্রাদুর্ভবন্তি মে। অপি ত্বাং সহ রামেণ পশ্যেয়ং পুনরাগতঃ॥ লক্ষ্মণেনৈব মুক্তা তু রুদন্তী জনকাত্মজা। প্রত্যুবাচ ততো বাক্যং তীব্রবাষ্পপরিপ্লুতা॥ গোদাবরীং প্রবেক্ষ্যামি হীনা রামেণ লক্ষ্মণ। আবন্ধিষ্যেঽথবা ত্যক্ষ্যে বিষমে দেহমাত্মনঃ॥ পিবামি বা বিষং তীক্ষ্ণং প্রবেক্ষ্যামি হুতাশনম্। ন ত্বহং রাঘবাদন্যং কদাপি পুরুষং স্পৃশে॥ ইতি লক্ষ্মণমাশ্রুত্য সীতা শোকসমন্বিতা। পাণিভ্যাং রুদতী দুঃখাদুদরং প্রজঘান হ॥ তামার্ত্তরূপাং বিমনা রুদন্তীং সৌমিত্রিরালোক্য বিলোলনেত্রাম্। আশ্বাসয়ামাস ন চৈব ভর্ত্তুস্তং ভ্রাতরং কিঞ্চিদুবাচ সীতা॥ ততস্তু সীতামভিবাদ্য লক্ষ্মণঃ কৃতাঞ্জলিঃ কিঞ্চি-

---

বাহু স্পন্দিত হইতে লাগিল, তাহাতে তিনি অতিশয় ভীত হইয়া বিষণ্ণবদনে মনে মনে ভাবিতে লাগিলেন, আজ অভাগিনীর অন্তঃকরণ কেন বিষাদ-সাগরে মগ্ন হইতেছে, প্রাণ কেন এমন করিতেছে? হৃদয় যেন কম্পিত হইতেছে, শ্বাস যেন রুদ্ধ হইয়া আসিতেছে, আর দৃষ্টি ঠিক রাখিতে পারিতেছি না; না জানি লক্ষ্মণ কি বিষম অমঙ্গলের সংবাদই আনিয়া দেয়। এমন সময় দশানন ভিক্ষুক ব্রাহ্মণ-বেশে সীতার সমীপবর্ত্তী হইল। তাহার পরিধানে সূক্ষ্ম গৈরিক বাস, মস্তকে শিখা, বামস্কন্ধে ভিক্ষাঝুলী, কক্ষে ত্রিদণ্ড, এক হস্তে আতপত্র, অপর হস্তে কমণ্ডলু এবং চরণে পাদুকা। উগ্রতেজা উগ্রকর্ম্মা দশাননকে এইরূপ ছদ্মবেশে আসিতে দেখিয়া জনস্থানস্থ বৃক্ষ, লতা, পশু, পক্ষী প্রভৃতি সকলেই নিস্পন্দ হইয়া রহিল, বায়ু স্তম্ভিত হইল। রাক্ষসরাজ অতি দ্রুতপদে আগমন পূর্ব্বক আশ্রমে প্রবেশ করিল দেখিয়া বেগবতী গোদাবরীও মৃদু বেগে প্রবাহিত হইতে লাগিল। পঞ্চবটীর মৃগ ও পক্ষীসকল ভয়ে চারিদিকে পলায়ন করিতে লাগিল। সীতা পর্ণকুটীরে বসিয়া স্বামীর নিমিত্ত অনুশোচনা করিতেছিলেন, এমন সময়ে সেই পাপাত্মা রাবণ জানকীর সমীপে ছদ্মবেশে উপস্থিত হইয়া আতিথ্য গ্রহণ করিল। তদনন্তর অনেক বাদানুবাদের পর সেই দুষ্টাত্মা দশানন সীতাবাক্যে কোপাবিষ্ট হইয়া অগ্নিশিখা সদৃশ নয়নপংক্তি দ্বারা যেন দগ্ধ করিতে করিতেই বামহস্তে ভয়বিকম্পিতা

তৌ সীতান্বেষিণৌ গৃধ্রং লূনপক্ষমপশ্যতাম্।
প্রাণৈর্দ্দশরথপ্রীতেরনৃণং কণ্ঠবর্ত্তিভিঃ ॥ ৫৪ ॥
স রাবণহৃতাং তাভ্যাং বচসাচষ্ট মৈথিলীম্।
আত্মনঃ সুমহৎকর্ম্ম ব্রণৈরাবেদ্য সংস্থিতঃ ॥ ৫৫ ॥
তয়োস্তস্মিন্ নবীভূতপিতৃব্যাপত্তিশোকয়োঃ।
পিতরীবাগ্নিসংস্কারাৎ পরং ববৃতিরে ক্রিয়াঃ ॥ ৫৬ ॥

দভিপ্রণম্য চ। অবেক্ষমাণো বহুশঃ স মৈথিলীং জগাম সমীপমাত্মবা- নিত্যাদ্যারণ্যকাণ্ডে পঞ্চচত্বারিংশঃ সর্গঃ ॥ ৫৩ ॥

উচ্চচার পুরস্তস্য গূঢ়রূপা সরস্বতী ॥ ৪৬ ॥
রাজন্ প্রজাসু তে কশ্চিদপচারঃ প্রবর্ত্ততে।
তমন্বিষ্য প্রশময়ের্ভবিতাসি ততঃ কৃতী ॥ ৪৭ ॥
ইত্যাপ্তবচনাদ্রামো বিনেষ্যন্ বর্ণবিক্রিয়াম্।

মরণরূপং শ্রুত্বা জিহ্রায় লজ্জিতঃ। কুতঃ, হি যস্মাৎ অকালভবো মৃত্যুঃ ইক্ষ্বাকূণাং পদং রাষ্ট্রং নাস্পৃশৎ। বৃদ্ধে জীবতি যবীয়ান্ন ম্রিয়ত ইত্যর্থঃ ॥ ৪৪ ॥

স ইতি। স রামো দুঃখিতং দ্বিজং মুহূর্ত্তং ক্ষমস্বেতি আশ্বাস্য বৈবস্বতস্যান্তকস্যাপি জিগীষয়া জেতুমিচ্ছয়া কৌবেরং যানং পুষ্পকং সস্মার ॥ ৪৫ ॥

আত্তেতি। স রঘূদ্বহো রামঃ আত্তশস্ত্রঃ সন্ তৎ পুষ্পকমধ্যাস্য প্রস্থিতঃ। অথ তস্য পুরো গূঢ়রূপা সরস্বতী অশরীরা বাক্ উচ্চচার উদ্বভূব ॥ ৪৬ ॥

রাজন্নিতি। হে রাজন্ তে প্রজাসু কশ্চিদপচারো বর্ণধর্ম্মব্যতিরেকঃ প্রবর্ত্ততে, তং অপচারমন্বিষ্য প্রশময়েঃ, ততঃ কৃতী কৃতকৃত্যো ভবিতাসি ভবিষ্যসি ॥ ৪৭ ॥

ইতীতি। ইত্যাপ্তবচনাদ্রামো বর্ণবিক্রিয়াং বর্ণাপচারং বিনেষ্যন্ বেগেন

হইলেন। কেননা, অকালমৃত্যু কখন ইক্ষ্বাকুগণের রাজ্যকে স্পর্শ করে নাই ॥ ৪৪ ॥

যাহা হউক, তিনি সেই পুত্রশোকাতুর ব্রাহ্মণকে, মুহূর্ত্তকাল ক্ষমা করুন, বলিয়া, আশ্বাস প্রদান করিয়া, যমকে জয় করিবার বাসনায় পুষ্পক বিমানকে স্মরণ করিলেন ॥ ৪৫ ॥

স্মরণমাত্র সেই রথ উপস্থিত হইলে, তিনি শস্ত্র গ্রহণ করিয়া, তাহাতে অধিরোহণপূর্ব্বক প্রস্থান করিলেন। ঐ সময়ে অশরীরিণী দৈববাণী তদীয় পুরোভাগে উদ্ভূত হইয়া, তাঁহারে কহিল ॥ ৪৬ ॥

রাজন্! প্রজালোকের উপরি আপনি কোনরূপ ধর্ম্মবহির্ভূত কার্য্য করিয়াছেন। তাহার সবিশেষ সন্ধান করিয়া, প্রতীকার করুন। তাহা হইলেই, কৃতকার্য্য হইবেন ॥ ৪৭ ॥

দিশঃ পপাত পত্রেণ বেগনিষ্কম্পকেতুনা ॥ ৪৮ ॥
অথ ধূমাভিতাম্রাক্ষং বৃক্ষশাখাবলম্বিনম্‌।
দদর্শ কঞ্চিদৈক্ষ্বাকস্তপস্যন্তমধোমুখম্‌ ॥ ৪৯ ॥
পৃষ্টনামান্বয়ো রাজ্ঞা স কিলাচষ্ট ধূমপঃ।
আত্মানং শম্বুকং নাম শূদ্রং সুরপদার্থিনম্‌ ॥ ৫০ ॥
তপস্যনধিকারিত্বাৎ প্রজানাং তমঘাবহম্‌।

নিষ্কম্পকেতুনা পত্রেণ বাহনেন পুষ্পকেণ। "পত্রং বাহনপক্ষয়ো"রিত্যমরঃ। দিশঃ পপাত ধাবতি স্ম ॥ ৪৮ ॥

অথেতি। অথ ইক্ষ্বাকুবংশপ্রভব ঐক্ষ্বাকো রামঃ। কোপধাদণিত্যণি কৃতে দাণ্ডিনায়নেত্যাদিনা উকারলোপনিপাতঃ। ধূমেন পীয়মানেনাভিতাম্রাক্ষং বৃক্ষশাখাবলম্বিনমধোমুখং তপস্যন্তং তপশ্চরন্তং কঞ্চিৎ পুরুষং দদর্শ ॥ ৪৯ ॥

পৃষ্টেতি। রাজ্ঞা নাম চান্বয়শ্চ তৌ পৃষ্টৌ নামান্বয়ৌ যস্য স তথোক্তঃ ধূমং পিবতীতি ধূমপঃ। সুপীতি যোগবিভাগাৎ কপ্রত্যয়ঃ। স পুরুষঃ আত্মানং সুরপদার্থিনং স্বর্গার্থিনম্‌। অনেন প্রয়োজনমপি পৃষ্ট ইতি জ্ঞেয়ম্‌। শম্বুকং নাম শূদ্রম্‌ আচষ্ট বভাষে কিল ॥ ৫০ ॥

তপসীতি। তপস্যনধিকারিত্বাৎ প্রজানামঘাবহং দুঃখাবহং তং শূদ্রং

রাম এইরূপ আপ্তবাক্যানুসারে উল্লিখিত বর্ণাপচার নিরাকরণ কামনায় পুষ্পকরথে আরোহণ করিয়া, দশদিকে ধাবমান হইলেন। তৎকালে বেগবশে পুষ্পকের কেতু নিষ্কম্প হইয়া উঠিল ॥ ৪৮ ॥

অনন্তর তিনি অবলোকন করিলেন, কোন ব্যক্তি বৃক্ষশাখা অবলম্বন করিয়া, অধোমুখে তপস্যা করিতেছে। তাহার লোচনযুগল ধূমভারে অতিমাত্র তাম্রবর্ণ হইয়াছে ॥ ৪৯ ॥

তিনি তাহার নাম ও গোত্র জিজ্ঞাসা করিলেন। তখন সে তাঁহাকে কহিল, আমার নাম শম্বুক। আমি জাতিতে শূদ্র। স্বর্গকামনায় এইরূপ তপস্যা করিতেছি ॥ ৫০ ॥

সকলের নিয়ন্তা রাম তখন মনে মনে স্থির করিলেন, এ ব্যক্তি শূদ্র। সুতরাং তপস্যায় অধিকার না থাকাতে, প্রজাগণের অকাল মৃত্যুর হেতু

শীর্ষচ্ছেদ্যং পরিচ্ছিদ্য নিয়ন্তা শস্ত্রমাদদে ॥ ৫১ ॥
স তদ্বক্ত্রং হিমক্লিষ্টকিঞ্জল্কমিব পঙ্কজম্।
জ্যোতিষ্কণাহতশ্মশ্রু কণ্ঠনালাদপাতয়ৎ ॥ ৫২ ॥
কৃতদণ্ডঃ স্বয়ং রাজ্ঞা লেভে শূদ্রঃ সতাং গতিম্।
তপসা দুশ্চরেণাপি ন স্বমার্গবিলঙ্ঘিনা ॥ ৫৩ ॥
রঘুনাথোঽপ্যগস্ত্যেন মার্গসন্দর্শিতাত্মনা।
মহৌজসা সংযুযুজে শরৎকাল ইবেন্দুনা ॥ ৫৪ ॥

শীর্ষচ্ছেদ্যম্। শীর্ষচ্ছেদাৎ যচ্চেতি যৎপ্রত্যয়ঃ। পরিচ্ছিদ্য নিশ্চিত্য নিয়ন্তা রক্ষকো রামঃ শস্ত্রং আদদে জগ্রাহ ॥ ৫১ ॥

স ইতি। স রামঃ জ্যোতিষ্কণৈঃ স্ফুলিঙ্গৈরাহতানি দগ্ধানি শ্মশ্রূণি যস্য তৎ তস্য বক্ত্রং হিমক্লিষ্টকিঞ্জল্কং পঙ্কজমিব কণ্ঠ এব নালং তস্মাদপাতয়ৎ ॥৫২॥

কৃতেতি। শূদ্রঃ শম্বুকঃ রাজ্ঞা স্বয়ং কৃতদণ্ডঃ কৃতশিক্ষঃ সন্ সতাং গতিং লেভে, দুশ্চরেণাপি স্বমার্গবিলঙ্ঘিনা অনধিকারদুষ্টেনেত্যর্থঃ তপসা ন লেভে। অত্র মনুঃ। রাজভিঃ কৃতদণ্ডাস্তু কৃত্বা পাপানি মানবাঃ। নির্ম্মলাঃ স্বর্গমায়ান্তি সন্তঃ সুকৃতিনো যথেতি ॥ ৫৩ ॥

রঘুনাথ ইতি। রঘুনাথোঽপি মার্গসন্দর্শিতাত্মনা মহৌজসা অগস্ত্যেন, ইন্দুনা শরৎকাল ইব, সংযুযুজে সঙ্গতঃ। ইন্দাবপি বিশেষণং যোজ্যম্। রঘুনাথেত্যত্র ক্ষুভ্নাদিত্যাণ্ণত্বাভাবঃ ॥ ৫৪ ॥

হইয়াছে। এই কারণে ইহার শিরশ্ছেদন করা কর্ত্তব্য। এইপ্রকার নির্ণয় করিয়া, তিনি শস্ত্র গ্রহণ করিলেন ॥ ৫১ ॥

অগ্নিস্ফুলিঙ্গ দ্বারা শূদ্রের শ্মশ্রু সকল দগ্ধ হইয়া গিয়াছিল। সুতরাং হিমে কিঞ্জল্ক আক্লিষ্ট হইলে, পদ্মের যেমন দৃশ্য হয়, উহার বদনেরও তদ্রূপ অবস্থা উপস্থিত হইয়াছিল। রাম শস্ত্রাঘাতে ঐ বদনকে কণ্ঠরূপ নাল হইতে নিপাতিত করিলেন ॥ ৫২ ॥

রাজা স্বয়ং এইরূপ দণ্ড বিধান করিলে, তাহার সদ্গতিলাভ হইল। সে যে দুশ্চর তপস্যায় প্রবৃত্ত হইয়াছিল, অনধিকারদোষে দূষিত হওয়াতে, তদ্দ্বারা কখন ঈদৃশী সদ্গতি সম্ভব হইত না ॥ ৫৩ ॥

অনন্তর রাম মহাতেজস্বী অগস্ত্যের সহিত সংমিলিত হইলে, বোধ হইল,

কুম্ভযোনিরলঙ্কারং তস্মৈ দিব্যপরিগ্রহম্।
দদৌ দত্তং সমুদ্রেণ পীতেনেবাত্মনিষ্ক্রয়ম্ ॥ ৫৫ ॥
তং দধন্মৈথিলীকণ্ঠনির্ব্যাপারেণ বাহুনা।
পশ্চান্নিববৃতে রামঃ প্রাক্ পরাসুর্দ্বিজাত্মজঃ ॥ ৫৬ ॥
তস্য পূর্ব্বোদিতাং নিন্দাং দ্বিজঃ পুত্রসমাগতঃ।
স্তুত্যা নিবর্ত্তয়ামাস ত্রাতুর্ব্বৈবস্বতাদপি ॥ ৫৭ ॥
তমধ্বরায় মুক্তাশ্বং রক্ষঃকপিনরেশ্বরাঃ।

কুম্ভেতি। কুম্ভযোনিরগস্ত্যঃ পীতেন সমুদ্রেণ আত্মনিষ্ক্রয়মিব আত্মমোচনমূল্যমিব দত্তং অতএব পরিগৃহ্যত ইতি ব্যুৎপত্ত্যা পরিগ্রহঃ দিব্যানাং পরিগ্রহঃ পরিগ্রাহ্য ইত্যর্থঃ তং অলঙ্কারং তস্মৈ রামায় দদৌ ॥ ৫৫ ॥

তমিতি। মৈথিলীকণ্ঠনির্ব্যাপারেণ বাহুনা তমলঙ্কারং দধদ্রামঃ পশ্চাৎ নিববৃতে নিবৃত্তঃ পরাসুর্মৃতো দ্বিজাত্মজঃ প্রাক্ রামাৎ পূর্ব্বং নিববৃতে ॥ ৫৬ ॥

তস্যেতি। পুত্রসমাগতঃ পুত্রেণ সঙ্গতো দ্বিজঃ বৈবস্বতাদন্তকাদপি ত্রাতুঃ রক্ষকস্য। ভীত্রার্থানাং ভয়হেতুরিত্যপাদানাৎ পঞ্চমী। তস্য রামস্য পূর্ব্বোদিতাং পূর্ব্বোক্তাং নিন্দাং স্তুত্যা নিবর্ত্তয়ামাস ॥ ৫৭ ॥

তমিতি। অধ্বরায়াশ্বমেধায় মুক্তাশ্বং তং রামং রক্ষঃকপিনরেশ্বরাঃ

যেন শরৎকাল ও চন্দ্র ইঁহাদের উভয়ের পরস্পর সমাগম সংঘটিত হইয়াছে ॥ ৫৪ ॥

অগস্ত্য তাঁহাকে দেবগণেরও পরিগ্রহযোগ্য অলঙ্কার প্রদান করিলেন। তিনি সমুদয় সলিল পান করিলে, সরিৎপতি যেন আত্মমোচনের মূল্যস্বরূপই উহা তাঁহাকে সম্প্রদান করিয়াছিলেন ॥ ৫৫ ॥

রামের যে বাহু এক্ষণে জানকীর কণ্ঠগ্রহণে বঞ্চিত হইয়াছে, তিনি তাহাতে ঐ অলঙ্কার ধারণ করিয়া, স্বগৃহে প্রত্যাবৃত্ত হইলেন। তাঁহার প্রত্যাবৃত্তির পূর্ব্বেই মৃত ব্রাহ্মণকুমার যমালয় হইতে ফিরিয়া আসিয়াছিলেন ॥ ৫৬ ॥

রাম এইরূপে যম হইতেও রক্ষা করিলে, ব্রাহ্মণ পুত্রের সহিত মিলিত হইয়া, পূর্ব্বে রামের যে নিন্দা করিয়াছিলেন, এক্ষণে বিশেষরূপে স্তব করিয়া, তাহার শোধন করিলেন ॥ ৫৭ ॥

মেঘাঃ শস্যমিবাম্ভোভিরভ্যবর্ষন্নুপায়নৈঃ ॥ ৫৮ ॥
দিগ্‌ভ্যো নিমন্ত্রিতাশ্চৈনমভিজগ্মুর্মহর্ষয়ঃ।
ন ভৌমান্যেব ধিষ্ণ্যানি হিত্বা জ্যোতির্ম্ময়ান্যপি ॥ ৫৯ ॥
উপশল্যনিবিষ্টৈস্তৈশ্চতুর্দ্বারমুখী বভৌ।
অযোধ্যা সৃষ্টলোকেব সদ্যঃ পৈতামহী তনুঃ ॥ ৬০ ॥
শ্লাঘ্যস্ত্যাগোঽপি বৈদেহ্যাঃ পত্যুঃ প্রাগ্বংশবাসিনঃ।

সুগ্রীববিভীষণাদয়ো রাজানশ্চ, মেঘাঃ অম্ভোভিঃ শস্যমিব, উপায়নৈরভ্যবর্ষন্ ॥ ৫৮ ॥

দিগ্‌ভ্য ইতি। নিমন্ত্রিতা আহূতা মহর্ষয়শ্চ ভূম্যাঃ সম্বন্ধীনি ভৌমানি ধিষ্ণ্যানি স্থানান্যেব ন। "ধিষ্ণ্যং স্থানে গৃহে ভেঽগ্নৌ"বিত্যমরঃ। কিন্তু জ্যোতির্ম্ময়ানি নক্ষত্ররূপাণি ধিষ্ণ্যান্যপি হিত্বা দিগ্‌ভ্যঃ এনং রামমভিজগ্মুঃ ॥ ৫৯ ॥

উপেতি। চত্বারি দ্বারাণ্যেব মুখানি যস্যাঃ সা চতুর্দ্বারমুখী অযোধ্যা উপশল্যেষু গ্রামান্তেষু নিবিষ্টৈঃ। "গ্রামান্ত উপশল্যং স্যা"দিত্যমরঃ। তৈঃ মহর্ষিভিঃ, সদ্যঃ সৃষ্টলোকা পিতামহস্যেয়ং পৈতামহী তনুর্মূর্ত্তিরিব, বভৌ ॥ ৬০ ॥

শ্লাঘ্য ইতি। বৈদেহ্যাস্ত্যাগোঽপি শ্লাঘ্যো বর্ণ্য এব, কুতঃ, যস্মাৎ প্রাগ্বংশঃ প্রাচীনস্থূণো যজ্ঞশালাবিশেষঃ তদ্বাসিনঃ নাস্ত্যন্যা জায়া যস্য তস্য অনন্যজানেঃ। জায়ায়া নিঙিতি সমাসান্তো নিঙাদেশঃ। পত্যুঃ রামস্য হিরণ্ময়ী

অনন্তর রাম অশ্বমেধ যজ্ঞের জন্য অশ্ব মোচন করিলে, রাক্ষস, বানর ও মানুষ ইহাদের অধিপতিগণ, মেঘ যেমন শস্যে সলিল বর্ষণ করে, তেমন রাশি রাশি উপঢৌকন প্রদান করিতে লাগিলেন ॥ ৫৮ ॥

কি ইহলোক, কি নক্ষত্রলোক, সকল স্থান ও সকল দিক্ হইতেই, নিমন্ত্রিত মহর্ষিগণ সেই যজ্ঞে সমাগত হইলেন ॥ ৫৯ ॥

তাঁহারা সকলে উপশল্যে অবস্থিতি করিলে, চতুর্দ্বাররূপ-মুখবিশিষ্ট অযোধ্যা অতিমাত্র শোভা ধারণ করিল। বোধ হইল, যেন পিতামহের দেহ সদ্যঃ লোক সৃষ্টি করিয়া, সাক্ষাৎকারে বিরাজ করিতেছে ॥ ৬০ ॥

রাম যে সীতাকে ত্যাগ করিয়াছিলেন, তাহা সর্ব্বথা শ্লাঘারই বিষয়।

অনন্যজানেঃ সৈবাসীৎ যস্মাজ্জায়া হিরণ্ময়ী ॥ ৬১ ॥
বিধেরধিকসম্ভারস্ততঃ প্রববৃতে মখঃ।
আসন্ যত্র ক্রিয়াবিঘ্না রাক্ষসা এব রক্ষিণঃ ॥ ৬২ ॥
অথ প্রাচেতসোপজ্ঞং রামায়ণমিতস্ততঃ।
মৈথিলেয়ৌ কুশলবৌ জগতুর্গুরুনোদিতৌ ॥ ৬৩ ॥

সৌবর্ণী। দাণ্ডিনায়নাদিসূত্রেণ নিপাতঃ। সা নিজৈব জায়া পত্নী আসীৎ ॥ ৬১ ॥

বিধেরিতি। ততঃ বিধেঃ শাস্ত্রাদধিকসম্ভারোঽতিরিচ্যমানপরিকরো মখঃ প্রববৃতে প্রবৃত্তঃ। যত্র মখে বিহন্যন্তে এভিরিতি বিঘ্নাঃ প্রত্যূহাঃ। মখে যজ্ঞে যজ্ঞার্থে কবিধানমিতি কঃ। ক্রিয়াবিঘ্না অনুষ্ঠানবিঘাতকাঃ রাক্ষসা এব রক্ষিণঃ রক্ষকা আসন্ ॥ ৬২ ॥

অথেতি। অথ মৈথিলেয়ৌ মৈথিলীতনয়ৌ। স্ত্রীভ্যো ঢক্। কুশলবৌ গুরুণা বাল্মীকিনা নোদিতৌ প্রেরিতৌ সন্তৌ প্রাচেতসো বাল্মীকিঃ উপজ্ঞায়ত ইত্যুপজ্ঞা। আতশ্চোপসর্গে ইতি কর্ম্মণ্যঙ্প্রত্যয়ঃ। প্রাচেতসস্যোপজ্ঞা প্রাচেতসোপজ্ঞং প্রাচেতসেনাদৌ জ্ঞাতমিত্যর্থঃ। "উপজ্ঞা জ্ঞানমাদ্যং স্যা"দিত্যমরঃ। উপজ্ঞোপক্রমং তদাচিখ্যাসায়ামিতি নপুংসকত্বম্। অয্যতে জ্ঞায়তে অনেনেত্যয়নং রামস্যায়নং চরিতং রামায়ণং রামায়ণাখ্যং কাব্যম্। পূর্ব্বপদাৎ সংজ্ঞায়ামগ ইতি ণত্বম্ উত্তরায়ণমিতিবৎ। ইতস্ততো জগতুঃ। গায়তের্লিট্ ॥ ৬৩ ॥

কেননা, তিনি পত্ন্যন্তর পরিগ্রহ না করিয়া, যজ্ঞশালায় বাস করিলে, সীতার সেই হিরণ্ময়ী প্রতিকৃতিই তাঁহার জায়া হইয়াছিল ॥ ৬১ ॥

অনন্তর, শাস্ত্রে যাহা লিখিত হইয়াছে, তাহা অপেক্ষাও সমধিক সামগ্রী-সম্ভার আহরণ করিয়া, সেই যজ্ঞ প্রবৃত্ত হইলে, ক্রিয়ার সাক্ষাৎ বিঘ্নস্বরূপ রাক্ষসেরাই তাহাতে রক্ষক হইল ॥ ৬২ ॥

মহর্ষি বাল্মীকি যাহা প্রথমে অবগত হইয়াছিলেন, সেই রামায়ণ, জানকীর দুই পুত্র, কুশ ও লব, গুরুর আদেশে ইতস্ততঃ গান করিতে লাগিলেন ॥ ৬৩ ॥

বৃত্তং রামস্য বাল্মীকেঃ কৃতিস্তৌ কিন্নরস্বনৌ।
কিং তদ্যেন মনোহর্ত্তুমলং স্যাতাং ন শৃণ্বতাম্ ॥ ৬৪ ॥
রূপে গীতে চ মাধুর্য্যং তয়োস্তজ্জ্ঞৈর্নিবেদিতম্।
দদর্শ সানুজো রামঃ শুশ্রাব চ কুতূহলী ॥ ৬৫ ॥
তদ্গীতশ্রবণৈকাগ্রা সংসদশ্রুমুখী বভৌ।
হিমনিষ্যন্দিনী প্রাতর্নির্ব্বাতেব বনস্থলী ॥ ৬৬ ॥
বয়োবেশবিসংবাদি রামস্য চ তয়োস্তদা।

বৃত্তমিতি। রামস্য বৃত্তং বর্ণ্যং বস্ত্বিতি শেষঃ, বাল্মীকেঃ কৃতিঃ কাব্যং গেয়মিতি শেষঃ, তৌ কুশলবৌ কিন্নরস্বনৌ কিন্নরকণ্ঠৌ গায়কৌ পুনরিতি শেষঃ, অতএব তৎ কিং যেন নিমিত্তেন তৌ শৃণ্বতাং মনোহর্ত্তুং অলং শক্তৌ ন স্যাতাম্। সর্ব্বং সরসমিত্যর্থঃ ॥ ৬৪ ॥

রূপ ইতি। তে জানন্তীতি তজ্জ্ঞাস্তৈস্তজ্জ্ঞৈরভিজ্ঞৈর্নিবেদিতং তয়োঃ কুশলবয়োঃ রূপে আকারে গীতে চ মাধুর্য্যং রামণীয়কং সানুজো রামঃ কুতূহলী সানন্দঃ সন্ যথাসংখ্যং দদর্শ শুশ্রাব চ ॥ ৬৫ ॥

তদিতি। তয়োর্গীতশ্রবণে একাগ্রা আসক্তা অশ্রুমুখী আনন্দাদিতি ভাবঃ, সংসৎ সভা, প্রাতর্হিমনিষ্যন্দিনী নির্ব্বাতা বাতরহিতা বনস্থলীব, বভৌ শুশুভে। আনন্দপারবশ্যান্নিষ্পন্দমাস্তে ইত্যর্থঃ ॥ ৬৬ ॥

বয় ইতি। জনতা জনানাং সমূহঃ। গ্রামজনবন্ধুভ্যস্তলিতি তল্প্রত্যয়ঃ।

একে রামের চরিত, তাহাতে বাল্মীকির প্রণীত এবং তাহাতে আবার কিন্নরের ন্যায় সুস্বরকণ্ঠ লব কুশ গায়ক। সুতরাং এমন কি আছে, যাহাতে তাঁহারা উভয়ে শ্রোতৃবর্গের মনোহরণ করিতে না পারিবেন? ॥ ৬৪ ॥

অভিজ্ঞ পুরুষেরা কুশ লবের রূপ ও গীত উভয়ত্র মাধুর্য্যের কথা নিবেদন করিলে, রাম অনুজবর্গে বেষ্টিত হইয়া, কৌতূহলসহকারে দর্শন ও শ্রবণ করিতে লাগিলেন ॥ ৬৫ ॥

রামের সেই সভা একাগ্রতাসহকারে কুশ ও লবের গীত শ্রবণ করিয়া, আনন্দবশতঃ অশ্রুমুখী হইল। তাহাতে, নির্ব্বাত বনস্থলী প্রাতঃকালে হিম নিস্যন্দন করিয়া, যেরূপ শোভমান হয়, তদ্বৎ শোভা বিস্তার করিল ॥ ৬৬ ॥

জনতা প্রেক্ষ্য সাদৃশ্যং নাক্ষিকম্পং ব্যতিষ্ঠত ॥ ৬৭ ॥
উভয়োর্ন তথা লোকঃ প্রাবীণ্যেন বিসিস্মিয়ে ।
নৃপতেঃ প্রীতিদানেষু বীতস্পৃহতয়া যথা ॥ ৬৮ ॥
গেয়ে কো নু বিনেতা বাং কস্য চেয়ং কৃতিঃ কবেঃ ।
ইতি রাজ্ঞা স্বয়ং পৃষ্টৌ তৌ বাল্মীকিমশংসতাম্ ॥ ৬৯ ॥

বয়োবেশাভ্যামেব বিসংবাদি বিলক্ষণং তদা তয়োঃ রামস্য চ সাদৃশ্যং প্রেক্ষ্য নাস্ত্যক্ষিকম্পো যস্মিন্ কর্ম্মণি তৎ যথা তথা। নঞর্থস্য নশব্দস্য বহুব্রীহিঃ। ব্যতিষ্ঠত অতিষ্ঠৎ। সমবপ্রবিভ্যস্থ ইত্যাত্মনেপদম্। বিস্ময়াদনিমিষমদ্রাক্ষী-দিত্যর্থঃ ॥ ৬৭ ॥

উভয়োরিতি। লোকো জনঃ উভয়োঃ কুমারয়োঃ প্রাবীণ্যেন নৈপুণ্যেন তথা ন বিসিস্মিয়ে ন বিস্মিতবান্ যথা নৃপতেঃ প্রীতিদানেষু বীতস্পৃহতয়া নৈস্পৃহেণ বিসিস্মিয়ে ॥ ৬৮ ॥

গেয় ইতি। গেয়ে গীতে কো নু বাং যুবয়োর্ব্বিনেতা শিক্ষকঃ। নুশব্দঃ প্রশ্নে। "নু পৃচ্ছায়াং বিতর্কে চে"ত্যমরঃ। গেয়ে কেন বিনীতৌ বামিতি পাঠে বামিতি যুষ্মদর্থপ্রতিপাদকমব্যয়ং দ্রষ্টব্যম্। তথাচায়মর্থঃ, কেন পুংসা বাং যুবাং গেয়ে বিষয়ে বিনীতৌ শিক্ষিতৌ। কর্ম্মণি নিষ্ঠাপ্রত্যয়ঃ। ইয়ঞ্চ কস্য কবেঃ কৃতিরিতি রাজ্ঞা স্বয়ং পৃষ্টৌ তৌ কুশলবৌ বাল্মীকিমশংসতামুক্ত-বন্তৌ বিনেতারং কবিঞ্চেত্যর্থঃ ॥ ৬৯ ॥

বয়স ও বেশ এই উভয় পরিত্যাগ করিয়া, আর সকল অংশেই রামের সহিত কুশ লবের সাদৃশ্য ছিল। সমবেত লোক সকল তাহা দর্শন করিয়া, নিস্পন্দ-নয়নে বসিয়া রহিল ॥ ৬৭ ॥

তৎকালে রাজা রামের প্রীতিদানে নিস্পৃহতা অবলোকন করিয়া, লোকে যেরূপ বিস্মিত হইল, কুশ লবের প্রবীণতা দর্শন করিয়া, সেরূপ হইল না ॥ ৬৮ ॥

তোমরা কাহার নিকট এই গান শিখিয়াছ? কোন্ কবিই বা ইহার প্রণেতা? রাম স্বয়ং কুশ লবকে এইপ্রকার জিজ্ঞাসা করিলে, তাঁহারা বাল্মীকির নাম করিলেন ॥ ৬৯ ॥

অথ সাবরজো রামঃ প্রাচেতসমুপেয়িবান্।
উরীকৃত্যাত্মনো দেহং রাজ্যমস্মৈ ন্যবেদয়ৎ ॥ ৭০ ॥
স তাবাখ্যায় রামায় মৈথিলেয়ৌ তদাত্মজৌ।
কবিঃ কারুণিকো বব্রে সীতায়াঃ সম্পরিগ্রহম্ ॥ ৭১ ॥
তাত শুদ্ধা সমক্ষং নঃ স্নুষা তে জাতবেদসি।
দৌরাত্ম্যাদ্রক্ষসস্তাস্তু নাত্রত্যাঃ শ্রদ্দধুঃ প্রজাঃ ॥ ৭২ ॥
তাঃ স্বচারিত্রমুদ্দিশ্য প্রত্যায়য়তু মৈথিলী।

অথেতি। অথ সাবরজো রামঃ প্রাচেতসং বাল্মীকিমুপেয়িবান্ প্রাপ্তঃ সন্ দেহমাত্মন উরীকৃত্য আত্মানং স্থাপয়িত্বেত্যর্থঃ, রাজ্যমস্মৈ প্রাচেতসায় ন্যবেদয়ৎ সমর্পিতবান্ ॥ ৭০ ॥

স ইতি। করুণা প্রয়োজনমস্য কারুণিকো দয়ালুঃ। প্রয়োজনমিতি ঠঞ্। "স্যাদ্দয়ালুঃ কারুণিক"ইত্যমরঃ। স কবিঃ রামায় তৌ মৈথিলেয়ৌ তদাত্মজৌ রামসুতৌ আখ্যায় সীতায়াঃ সম্পরিগ্রহং স্বীকারং বব্রে যযাচে ॥ ৭১ ॥

তাতেতি। হে তাত তে স্নুষা নোঽস্মাকং অক্ষোঃ সমীপং সমক্ষম্। অব্যয়ীভাবে শরৎপ্রভৃতিভ্য ইতি সমাসান্তষ্টচ্। জাতবেদসি বহ্নৌ শুদ্ধা, নাস্মাকমবিশ্বাস ইত্যর্থঃ। কিন্তু রক্ষসো রাবণস্য দৌরাত্ম্যাদত্রত্যাঃ প্রজাঃ তাং ন শ্রদ্দধুঃ ন বিশশ্বসুঃ ॥ ৭২ ॥

তা ইতি। মৈথিলী স্বচারিত্রমুদ্দিশ্য তাঃ প্রজাঃ প্রত্যায়য়তু বিশ্বাসয়তু।

অনন্তর রাম অনুজগণের সহিত মহর্ষি বাল্মীকির সমীপে সমাগত হইয়া, আপনার দেহমাত্র রাখিয়া, তাঁহাকে সমুদায় রাজ্য প্রদান করিলেন ॥ ৭০ ॥

দয়ালু বাল্মীকি রামকে কহিলেন, এই কুশ লব জানকীর গর্ভে জন্মিয়াছেন। সুতরং ইহারা আপনারই আত্মজ। এই বলিয়া তিনি জানকীকে পুনরায় গ্রহণ করিবার জন্য যাচ্ঞা করিলেন ॥ ৭১ ॥

রাম কহিলেন, তাত! আপনার পুত্রবধূ জানকী আমাদের সকলের সমক্ষে অগ্নিতে স্বীয় শুদ্ধ-চারিত্রের পরীক্ষা দিয়াছেন। সে বিষয়ে আমাদের অবিশ্বাস নাই। কিন্তু রাবণ অতি দুরাত্মা ছিল। সেই কারণে অত্রত্য প্রজাগণ তাহাতে বিশ্বাস করে না ॥ ৭২ ॥

ততঃ পুত্রবতীমেনাং প্রতিপৎস্যে ত্বদাজ্ঞয়া ॥ ৭৩ ॥
ইতি প্রতিশ্রুতে রাজ্ঞা জানকীমাশ্রমান্মুনিঃ ।
শিষ্যৈরানায়য়ামাস স্বসিদ্ধিং নিয়মৈরিব ॥ ৭৪ ॥
অন্যেদ্যুরথ কাকুৎস্থঃ সন্নিপাত্য পুরৌকসঃ ।
কবিমাহ্বায়য়ামাস প্রস্তুতপ্রতিপত্তয়ে ॥ ৭৫ ॥
স্বরসংস্কারবত্যাসৌ পুত্রাভ্যামথ সীতয়া ।
ঋচেবোদর্চ্চিষং সূর্য্যং রামং মুনিরুপস্থিতঃ ॥ ৭৬ ॥

বিশ্বাসস্য বুদ্ধিরূপত্বাৎ ণৌ গমিরবোধন ইতি ইণো গম্যাদেশো নাস্তি। ততোঽনন্তরং পুত্রবতীমেনাং সীতাং ত্বদাজ্ঞয়া প্রতিপৎস্যে স্বীকরিষ্যে ॥ ৭৩॥

ইতীতি। রাজ্ঞা ইতি প্রতিশ্রুতে সতি মুনিঃ আশ্রমাৎ জানকীং শিষ্যৈঃ প্রযোজ্যৈঃ, স্বসিদ্ধিং স্বার্থসিদ্ধিং নিয়মৈস্তপোভিরিব, আনায়য়ামাস ॥ ৭৪ ॥

অন্যেদ্যুরিতি। অথ কাকুৎস্থো রামঃ অন্যেদ্যুরন্যস্মিন্নহনি প্রস্তুতপ্রতিপত্তয়ে প্রকৃতকার্য্যানুসন্ধানায় পুরৌকসঃ পৌরান্ সন্নিপাত্য মেলয়িত্বা কবিং বাল্মীকিং আহ্বায়য়ামাস আকারয়ামাস ॥ ৭৫ ॥

স্বরেতি। অথ স্বর উদাত্তাদিঃ সংস্কারঃ শুদ্ধিঃ তদ্বত্যা ঋচা সাবিত্র্যা উদর্চ্চিষং সূর্য্যমিব, পুত্রাভ্যামুপলক্ষিতয়া সীতয়া করণেন উদর্চ্চিষং রামং অসৌ মুনিরুপস্থিত উপতস্থে ॥ ৭৬ ॥

অতএব জানকী আপনার চরিত্রবিষয়ে প্রজালোকের প্রত্যয় সমুৎপাদিত করুন। তাহা হইলে, আমি আপনার আজ্ঞায় এই পুত্রবতী জানকীকে গ্রহণ করিতে পারিব ॥ ৭৩ ॥

রাম এইরূপ প্রতিশ্রুত হইলে, মহর্ষি বাল্মীকি আপনার আশ্রম হইতে জানকীকে শিষ্যগণ দ্বারা আনয়ন করিলেন। তাঁহাকে দেখিয়া বোধ হইল, সাক্ষাৎ মহর্ষির তপঃসিদ্ধিই যেন নিয়মপরম্পরার সহিত সমাগতা হইলেন ॥ ৭৪ ॥

অনন্তর রাম অন্যদিনে প্রকৃত-কার্য্য-সম্পাদন-মানসে পুরবাসী সকলকে একত্র সংমিলিত করিয়া, বাল্মীকিকে আহ্বান করাইলেন ॥ ৭৫ ॥

তখন মহর্ষি পুত্রযুগলসমভিব্যাহারিণী সীতাকে লইয়া, রামের সকাশে

কাষায়পরিবীতেন স্বপদার্পিতচক্ষুষা।
অন্বমীয়ত শুদ্ধেতি শান্তেন বপুষৈব সা॥ ৭৭॥
জনাস্তদালোকপথাৎ প্রতিসংহৃতচক্ষুষঃ।
তস্থুস্তেঽবাঙ্মুখাঃ সর্ব্বে ফলিতা ইব শালয়ঃ॥ ৭৮॥
তাং দৃষ্টিবিষয়ে ভর্ত্তুর্মুনিরাস্থিতবিষ্টরঃ।
কুরু নিঃসংশয়ং বৎসে স্ববৃত্তে লোকমিত্যশাৎ॥ ৭৯॥
অথ বাল্মীকিশিষ্যেণ পুণ্যমাবর্জ্জিতং পয়ঃ।

কাষায়েতি। কষায়েণ রক্তং কাষায়ম্। তেন রক্তং রাগাদিত্যণ্। তেন পরিবীতেন সংবৃতেন স্বপদার্পিতচক্ষুষা শান্তেন প্রসন্নেন বপুষৈব সা সীতা শুদ্ধা সাধ্বীত্যন্বমীয়ত অনুমিতা॥ ৭৭॥

জনা ইতি। তস্যাঃ সীতায়াঃ কর্ম্মণঃ আলোকপথাদ্দর্শনমার্গাৎ প্রতিসংহৃতচক্ষুষঃ নিবর্ত্তিতদৃষ্টয়ঃ সর্ব্বে জনাঃ ফলিতাঃ শালয় ইব অবাঙ্মুখা অবনতমুখাস্তস্থুঃ॥ ৭৮॥

তামিতি। আস্থিতবিষ্টরোঽধিষ্ঠিতাসনো মুনিঃ হে বৎসে ভর্ত্তুর্দৃষ্টিবিষয়ে সমক্ষং স্ববৃত্তে স্বচরিতে বিষয়ে লোকং নিঃসংশয়ং কুর্ব্বিতি তাং সীতামশাৎ শাস্তি স্ম॥ ৭৯॥

অথেতি। অথ বাল্মীকিশিষ্যেণ আবর্জ্জিতং দত্তং পুণ্যং পয়ঃ আচম্য সীতা সত্যাং সরস্বতীং বাচং উদীরয়ামাস উচ্চারয়ামাস॥ ৮০॥

উপনীত হইলে, বোধ হইল, যেন তিনি উদাত্তাদি-স্বরশুদ্ধি-সমন্বিতা সাবিত্রীর সহিত উদীয়মান সূর্য্যের সান্নিধ্যে সমাগত হইয়াছেন॥ ৭৬॥

সীতা কাষায় বসন পরিধান ও আপনারই পদমাত্রে দৃষ্টি অর্পিত করিয়াছিলেন। তাঁহার দেহও শান্তিগুণের আধার। তাহাতেই অনুমান করা যাইতে পারে, তিনি সর্ব্বথা সাধ্বী॥ ৭৭॥

লোক সকল তদবস্থা সীতার দৃষ্টিপদবী হইতে স্ব স্ব দৃষ্টি অপসারিত করিয়া, ফলশালী শালির ন্যায়, অবনতমুখে অবস্থিতি করিল॥ ৭৮॥

তখন মহর্ষি কুশাসনে আসীন হইয়া, সীতাকে আজ্ঞা করিলেন, বৎসে! তুমি স্বামীর সমক্ষে আপনার চরিতবিষয়ে লোকদিগকে সন্দেহশূন্য কর॥ ৭৯॥

আচম্যোদীরয়ামাস সীতা সত্যাং সরস্বতীম্‌ ॥ ৮০ ॥
বাঙ্মনঃকর্ম্মভিঃ পত্যৌ ব্যভিচারো যথা ন মে।
তথা বিশ্বম্ভরে দেবি মামন্তর্দ্ধাতুমর্হসি ॥ ৮১ ॥
এবমুক্তে তয়া সাধ্ব্যা রন্ধ্রাৎ সদ্যোভবাদ্ভুবঃ।
শাতহ্রদমিব জ্যোতিঃ প্রভামণ্ডলমুদ্যযৌ ॥ ৮২ ॥
তত্র নাগফণোৎক্ষিপ্তসিংহাসননিষেদুষী।
সমুদ্ররশনা সাক্ষাৎ প্রাদুরাসীদ্বসুন্ধরা ॥ ৮৩ ॥
সা সীতামঙ্কমারোপ্য ভর্ত্তৃপ্রণিহিতেক্ষণাম্‌।

বাঙ্মন ইতি। বাঙ্মনঃকর্ম্মভিঃ পত্যৌ বিষয়ে মে ব্যভিচারঃ স্খালিত্যং ন যথা নাস্তি যদি তথা তর্হি বিশ্বং বিভর্ত্তীতি বিশ্বম্ভরা ভূমিঃ। সংজ্ঞায়াং ভৃতৃ ইত্যাদিনা খচ্‌প্রত্যয়ঃ, অরুর্দ্বিষদিত্যাদিনা মুমাগমঃ। হে বিশ্বম্ভরে দেবি মামন্তর্দ্ধাতুং গর্ভে বাসয়িতুমর্হসি ॥ ৮১ ॥

এবমিতি। সাধ্ব্যা পতিব্রতয়া তয়া সীতয়া এবমুক্তে সতি সদ্যোভবা-দ্ভুবো রন্ধ্রাৎ শাতহ্রদং বৈদ্যুতং জ্যোতিরিব প্রভামণ্ডলমুদ্যযৌ ॥ ৮২ ॥

তত্রেতি। তত্র প্রভামণ্ডলে নাগফণোৎক্ষিপ্তে সিংহাসনে নিষেদুষী আসীনা সমুদ্ররশনা সমুদ্রমেখলা সাক্ষাৎ বসূনি ধারয়তীতি বসুন্ধরা ভূমিঃ। খচি হ্রস্ব ইতি হ্রস্বঃ। প্রাদুরাসীৎ ॥ ৮৩ ॥

সেতি। সা বসুন্ধরা ভর্ত্তরি প্রণিহিতেক্ষণাং দত্তদৃষ্টিং সীতাং অঙ্ক-

---

অনন্তর বাল্মীকির শিষ্য পবিত্র সলিল প্রদান করিলে, সীতা আচমন করিয়া, সত্যবাক্যসমুচ্চারণসহকারে কহিতে লাগিলেন ॥ ৮০ ॥

আমি যদি বাক্য, মনঃ ও কর্ম্ম দ্বারা স্বামীর প্রতি ব্যভিচার না করিয়া থাকি, তাহা হইলে, হে দেবি বিশ্বম্ভরে! আমারে স্বীয় জঠরে স্থান দান করিতে আজ্ঞা হউক ॥ ৮১ ॥

সেই সাধ্বী এইপ্রকার কহিলে, তৎক্ষণাৎ তথায় এক ছিদ্র সমুদ্ভূত ও সেই ছিদ্র হইতে বৈদ্যুতিক জ্যোতির ন্যায়, প্রভামণ্ডল উদ্গত হইল ॥ ৮২ ॥

সেই প্রভামণ্ডলমধ্যে সর্পের ফণমণ্ডলস্থ সিংহাসনে সমাসীন সমুদ্র-মেখলা বসুন্ধরা সাক্ষাৎকারে প্রাদুর্ভূতা হইলেন ॥ ৮৩ ॥

সীতা স্বামীর দিকেই বদ্ধদৃষ্টি হইয়াছিলেন। বসুন্ধরা তাঁহাকে ক্রোড়ে

মামেতি ব্যাহরত্যেব তস্মিন্ পাতালমভ্যগাৎ ॥ ৮৪ ॥
ধরায়াং তস্য সংরম্ভং সীতাপ্রত্যর্পণৈষিণঃ।
গুরুর্ব্বিধিবলাপেক্ষী শময়ামাস ধন্বিনঃ ॥ ৮৫ ॥
ঋষীন্ বিসৃজ্য যজ্ঞান্তে সুহৃদশ্চ পুরস্কৃতান্।
রামঃ সীতাগতং স্নেহং নিদধে তদপত্যয়োঃ ॥ ৮৬ ॥
যুধাজিতশ্চ সন্দেশাৎ স দেশং সিন্ধুনামকম্।
দদৌ দত্তপ্রভাবায় ভরতায় ভৃতপ্রজঃ ॥ ৮৭ ॥

মারোপ্য তস্মিন্ ভর্ত্তরি মামেতি ব্যাহরতি বদত্যেব ব্যাহরন্তমনাদৃত্যেত্যর্থঃ। ষষ্ঠী চানাদরে ইতি সপ্তমী। পাতালমভ্যগাৎ ॥ ৮৪ ॥

ধরায়ামিতি। সীতাপ্রত্যর্পণমিচ্ছতীতি তথোক্তস্য ধন্বিনঃ আত্তধনুষঃ তস্য রামস্য ধরায়াং বিষয়ে সংরম্ভং বিধিবলাপেক্ষী দৈবশক্তিদর্শী গুরুর্ব্রহ্মা শময়ামাস, অবশ্যম্ভাবী বিধিরিতি ভাবঃ ॥ ৮৫ ॥

ঋষীনিতি। রামো যজ্ঞান্তে পুরস্কৃতান্ পূজিতান্ ঋষীন্ সুহৃদশ্চ বিসৃজ্য সীতাগতং স্নেহং তদপত্যয়োঃ কুশলবয়োর্নিদধে ॥ ৮৬ ॥

যুধাজিত ইতি। কিঞ্চ ভৃতপ্রজঃ স রামো যুধাজিতঃ ভরতমাতুলস্য সন্দেশাৎ সিন্ধুনামকং দেশং দত্তপ্রভাবায় দত্তৈশ্বর্য্যায় রামেণেতি শেষঃ ভরতায় দদৌ ॥ ৮৭ ॥

করিয়াই, পাতালতলে প্রবেশ করিলেন। রাম বারংবার প্রতিষেধ করিতে লাগিলেন ॥ ৮৪ ॥

তিনি সীতার প্রত্যর্পণে সমুৎসুক ও তজ্জন্য ধরিত্রীর প্রতি জাতক্রোধ হইয়া, ধনু গ্রহণ করিলেন। লোকগুরু ব্রহ্মা ভবিতব্যতার অবশ্যম্ভাবিতা পরিদর্শন করিয়া, তাঁহার ক্রোধের শান্তি করিলেন ॥ ৮৫ ॥

অনন্তর রাম যজ্ঞান্তে ঋষি ও বন্ধুবর্গের যথাবিধি পূজাবিধি সমাহিত করিয়া, সকলকে বিদায় দিয়া, সীতার প্রতি যে স্নেহ ছিল, তাঁহার পুত্রদ্বয়ের প্রতি তাহা নিহিত করিলেন ॥ ৮৬ ॥

তিনি প্রজাগণের সম্যগ্ বিধানে পরিপালন করিয়াছিলেন। ভরতের মাতুল যুধাজিতের আদেশানুসারে ভরতকে ঐশ্বর্য্যের সহিত সিন্ধুনামক দেশ সম্প্রদান করিলেন ॥ ৮৭ ॥

ভরতস্তত্র গন্ধর্ব্বান্ যুধি নির্জ্জিত্য কেবলম্ ।
আতোদ্যং গ্রাহয়ামাস সমত্যাজয়দায়ুধম্ ॥ ৮৮ ॥
স তক্ষপুষ্কলৌ পুত্রৌ রাজধান্যোস্তদাখ্যয়োঃ ।
অভিষিচ্যাভিষেকার্হৌ রামান্তিকমগাৎ পুনঃ ॥ ৮৯ ॥
অঙ্গদং চন্দ্রকেতুঞ্চ লক্ষ্মণোঽপ্যাত্মসম্ভবৌ ।
শাসনাদ্রঘুনাথস্য চক্রে কারাপথেশ্বরৌ ॥ ৯০ ॥
ইত্যারোপিতপুত্রাস্তে জননীনাং জনেশ্বরাঃ ।
ভর্ত্তৃলোকপ্রপন্নানাং নিবাপান্ বিদধুঃ ক্রমাৎ ॥ ৯১ ॥

ভরত ইতি। তত্র সিন্ধুদেশে ভরতো যুধি গন্ধর্ব্বান্নির্জ্জিত্য কেবলমেকমাতোদ্যং বীণাং গ্রাহয়ামাস আয়ুধং সমত্যাজয়ৎ। গ্রহিত্যজ্যোর্ণ্যন্তয়োর্দ্বিকর্ম্মকত্বং নিত্যমিত্যনুসন্ধেয়ম্ ॥ ৮৮ ॥

স ইতি। স ভরতঃ অভিষেকার্হৌ তক্ষপুষ্কলৌ নাম পুত্রৌ তদাখ্যয়োস্তক্ষপুষ্কলাখ্যয়োরিত্যর্থঃ পুষ্কলং পুষ্কলাবত্যাং তক্ষং তক্ষশিলায়ামিতি রাজধান্যোর্নগর্য্যোরভিষিচ্য পুনঃ রামান্তিকমগাৎ ॥ ৮৯ ॥

অঙ্গদমিতি। লক্ষ্মণোঽপি রঘুনাথস্য রামস্য শাসনাৎ অঙ্গদং চন্দ্রকেতুঞ্চ তদাখ্যৌ আত্মসম্ভবৌ পুত্রৌ কারাপথো নাম দেশঃ তস্যেশ্বরৌ চক্রে ॥ ৯০ ॥

ইতীতি। ইত্যারোপিতপুত্রাস্তে জনেশ্বরাঃ রামাদয়ো ভর্ত্তৃলোকপ্রপন্নানাং জননীনাং ক্রমাৎ নিবাপান্ শ্রাদ্ধাদীন্ বিদধুশ্চক্রুঃ ॥ ৯১ ॥

ভরত তত্রত্য গন্ধর্ব্বদিগকে যুদ্ধে জয় করিয়া, আয়ুধ ত্যাগ ও কেবল বীণামাত্র গ্রহণ করাইলেন ॥ ৮৮ ॥

অনন্তর ভরতের পুত্র তক্ষ ও পুষ্কল অভিষেকের উপযুক্ত হইলে, তিনি তাঁহাদিগকে তাঁহাদের স্বনামপ্রসিদ্ধ রাজধানীদ্বয়ে (পুষ্কলাবতী ও তক্ষশিলা) অভিষিক্ত করিয়া, পুনরায় রামান্তিকে সমাগত হইলেন ॥ ৮৯ ॥

ঐ সময়ে লক্ষ্মণ আপনার অঙ্গসম্ভব অঙ্গদ ও চন্দ্রকেতু উভয়কে রামের আজ্ঞানুসারে কারাপথনামক জনপদের অধীশ্বর করিলেন ॥ ৯০ ॥

এই রূপে সেই জনেশ্বরগণ পুত্রদিগকে রাজপদে সন্নিবিষ্ট করিয়া, স্বামিলোকপ্রাপ্ত জননীদিগের যথাক্রমে শ্রাদ্ধাদি ক্রিয়া বিধান করিলেন॥ ৯১॥

উপেত্য মুনিবেশোঽথ কালঃ প্রোবাচ রাঘবম্।
রহঃসংবাদিনৌ পশ্যেদাবাং যস্তং ত্যজেরিতি ॥ ৯২ ॥
তথেতি প্রতিপন্নায় বিবৃতাত্মা নৃপায় সঃ।
আচখ্যৌ দিবমধ্যাস্স্ব শাসনাৎ পরমেষ্ঠিনঃ ॥ ৯৩ ॥
বিদ্বানপি তয়োর্দ্বাঃস্থঃ সময়ং লক্ষ্মণোঽভিনৎ।
ভীতো দুর্ব্বাসসঃ শাপাৎ রামসন্দর্শনার্থিনঃ ॥ ৯৪ ॥
স গত্বা সরযূতীরং দেহত্যাগেন যোগবিৎ।

উপেত্যেতি। অথ কালোঽন্তকো মুনিবেশঃ সন্ উপেত্য রাঘবং প্রোবাচ, কিমিত্যাহ রহস্যেকান্তে সংবাদিনৌ সম্ভাষিণৌ আবাং যঃ পশ্যেৎ রহস্যভঙ্গং কুর্য্যাদিত্যর্থঃ তং ত্যজেরিতি ॥ ৯২ ॥

তথেতি। স কালস্তথেতি প্রতিপন্নায় নৃপায় রামায় বিবৃতাত্মা প্রকাশিতনিজরূপঃ সন্ পরমেষ্ঠিনঃ ব্রহ্মণঃ শাসনাৎ দিবমধ্যাস্স্বেতি আচখ্যৌ॥৯৩॥

বিদ্বানিতি। দ্বাঃস্থো দ্বারি নিযুক্তো লক্ষ্মণো বিদ্বানপি পূর্ব্বশ্লোকোক্তং জানন্নপি রামসন্দর্শনার্থিনো দুর্ব্বাসসো মুনেঃ শাপাদ্ভীতঃ সন্ তয়োঃ কালরাময়োঃ সময়ং সংবাদং অভিনৎ বিভেদ ॥ ৯৪ ॥

স ইতি। যোগবিদ্যোগমার্গবেদী স লক্ষ্মণঃ সরযূতীরং গত্বা দেহত্যাগেন পূর্ব্বজন্মনো ভ্রাতুঃ প্রতিজ্ঞামবিতথাং সত্যাং চকার ॥ ৯৫ ॥

ঐ সময়ে স্বয়ং অন্তক, মুনিবেশ ধারণ করিয়া, রামের সকাশে আগমনপূর্ব্বক বলিলেন, আমরা পরস্পর নির্জ্জনে কথোপকথনে প্রবৃত্ত হইলে, যে ব্যক্তি আমাদিগকে দেখিবে, তাহাকে আপনি ত্যাগ করিবেন, এই প্রতিজ্ঞা করুন ॥ ৯২ ॥

রাম তদ্বিষয়ে দৃঢ়প্রতিজ্ঞাবদ্ধ হইলে, কাল আত্মপ্রকাশ করিয়া, কহিতে লাগিল, ব্রহ্মা আদেশ করিয়াছেন। তদনুসারে স্বর্গে আরোহণ করুন ॥ ৯৩ ॥

লক্ষ্মণ দ্বারদেশে প্রহরির কার্য্য করিতেছিলেন। তিনি তাঁহাদের উভয়ের ঐরূপ পণবন্ধ অবগত থাকিলেও, রামদর্শনে অভিলাষী মহর্ষি দুর্ব্বাসার শাপভয়ে ভীত হইয়া, তাঁহাদিগের কথোপকথনস্থলে আগমনপূর্ব্বক তাহা ভঙ্গ করিয়া দিলেন ॥ ৯৪ ॥

চকারাবিতথাং ভ্রাতুঃ প্রতিজ্ঞাং পূর্ব্বজন্মনঃ ॥ ৯৫ ॥

তস্মিন্নাত্মচতুর্ভাগে প্রাঙ্ নাকমধিতস্থুষি।
রাঘবঃ শিথিলং তস্থৌ ভুবি ধর্ম্মস্ত্রিপাদিব ॥ ৯৬ ॥

স নিবেশ্য কুশাবত্যাং রিপুনাগাঙ্কুশং কুশম্।
শরাবত্যাং সতাং সূক্তৈর্জনিতাশ্রুলবং লবম্ ॥ ৯৭ ॥

উদক্ প্রতস্থে স্থিরধীঃ সানুজোঽগ্নিপুরঃসরঃ।
অন্বিতঃ পতিবাৎসল্যাৎ গৃহবর্জ্জমযোধ্যয়া ॥ ৯৮ ॥

তস্মিন্নিতি। চতুর্থো ভাগশ্চতুর্ভাগঃ। সংখ্যাশব্দস্য বৃত্তিবিষয়ে পূরণার্থত্বং শতাংশবৎ। আত্মচতুর্ভাগে তস্মিন্ লক্ষ্মণে প্রাক্ নাকমধিতস্থুষি পূর্ব্বং স্বর্গং জগ্মুষি সতি রাঘবো রামঃ ভুবি ত্রিপাৎ ধর্ম্ম ইব শিথিলং তস্থৌ। পাদবিকলো হি শিথিলং তিষ্ঠতীতি ভাবঃ। ত্রেতায়াং ধর্ম্মস্ত্রিপাদিত্যাহুঃ। পাদশ্চতুর্থাংশঃ অঙ্ঘ্রিশ্চ ধ্বন্যতে। "পাদা রশ্ম্যঙ্ঘ্রিতুর্য্যাংশা" ইত্যমরঃ। ত্রয়ঃ পাদা যস্যাসৌ ত্রিপাৎ সংখ্যাসুপূর্ব্বস্যেত্যকারলোপঃ সমাসান্তঃ ॥ ৯৬ ॥

স ইতি। উদগিতি। যুগ্মম্। স্থিরধীঃ স রামঃ, রিপব এব নাগাঃ গজাস্তেষামঙ্কুশং নিবারকং কুশং কুশাবত্যাং পুর্য্যাং নিবেশ্য স্থাপয়িত্বা, সূক্তৈঃ সমীচীনবচনৈঃ সতাং জনিতা অশ্রুলবা অশ্রুলেশাঃ যেন তং লবং লবাখ্যং পুত্রম্। "লবো লেশে বিলাসে চ ছেদনে রামনন্দনে" ইতি বিশ্বঃ। শরাবত্যাং পুর্য্যাম্। শরাদীনাঞ্চেতি শরকুশয়োঃ দীর্ঘঃ। নিবেশ্য, সানুজোঽগ্নিপুরঃসরঃ সন্

অনন্তর সেই যোগবিৎ লক্ষ্মণ সরযূতীরে গমন ও তথায় কলেবর বিসর্জ্জন করিয়া, অগ্রজ ভ্রাতা রামের প্রতিজ্ঞা সার্থক করিলেন ॥ ৯৫ ॥

লক্ষ্মণ রামের চতুর্থাংশ ছিলেন। তিনি পূর্ব্বেই স্বর্গে অধিষ্ঠিত হইলে, রাম পৃথিবীতে ত্রিপাদ ধর্ম্মের ন্যায়, শিথিলভাবে অবস্থিতি করিতে লাগিলেন ॥ ৯৬ ॥

অনন্তর তিনি রিপুরূপ মাতঙ্গের অঙ্কুশস্বরূপ কুশকে কুশাবতীতে সন্নিবিষ্ট করিয়া, যিনি সমীচীন-বচন-প্রয়োগ-সহকারে সাধুগণের অশ্রুলব সমুৎপাদন করেন, সেই লবকে শরাবতীতে প্রতিষ্ঠিত করিলেন ॥ ৯৭ ॥

পরে অনুজগণের সহিত অগ্নিকে পুরোবর্ত্তী করিয়া, উত্তরদিকে প্রস্থান

জগৃহুস্তস্য চিত্তজ্ঞাঃ পদবীং হরিরাক্ষসাঃ।
কদম্বমুকুলস্থূলৈরভিবৃষ্টাং প্রজাশ্রুভিঃ ॥ ৯৯ ॥
উপস্থিতবিমানেন তেন ভক্তানুকম্পিনা।
চক্রে ত্রিদিবনিঃশ্রেণিঃ সরযূরনুযায়িনাম্ ॥ ১০০ ॥
যদ্গোপ্রতরকল্পোঽভূৎ সংমর্দ্দস্তত্র মজ্জতাম্।
অতস্তদাখ্যয়া তীর্থং পাবনং ভুবি পপ্রথে ॥ ১০১ ॥

পত্যৌ ভর্ত্তরি বাৎসল্যাৎ অনুরাগাৎ গৃহান্ বর্জ্জয়িত্বা গৃহবর্জ্জম্। দ্বিতীয়ায়াঞ্চেতি ণমুল্। অয়ং ক্বচিদপরীপ্সায়ামপি ইষ্যতে, অনুদাত্তং পদমেকবর্জ্জমিত্যেকাচঃ শেষতয়া ব্যাখ্যাতত্বাৎ। পরীপ্সা ত্বরা। অযোধ্যয়া অন্বিতোঽনুগতঃ উদক্ প্রতস্থে ॥ ৯৭ ॥ ৯৮ ॥

জগৃহুরিতি। চিত্তজ্ঞা হরিরাক্ষসাঃ কদম্বমুকুলস্থূলৈঃ প্রজাশ্রুভিঃ অভিবৃষ্টাং তস্য রামস্য পদবীং জগৃহুঃ তেঽপ্যনুজগ্মুরিত্যর্থঃ ॥ ৯৯ ॥

উপস্থিতেতি। উপস্থিতং প্রাপ্তং বিমানং যস্য তেন ভক্তাননুকম্পত ইতি ভক্তানুকম্পিনা তেন রামেণ অনুযায়িনাং সরযূস্ত্রিদিবনিঃশ্রেণিঃ স্বর্গাধিরোহণী চক্রে। "নিঃশ্রেণিস্ত্বধিরোহণী"ত্যমরঃ ॥ ১০০ ॥

যদিতি। যদ্যস্মাত্তত্র সরয্বাং মজ্জতাং সংমর্দ্দো গোপ্রতরো গোপ্রতরণং তৎকল্পোঽভূৎ অতস্তদাখ্যয়া গোপ্রতরাখ্যয়া পাবনং শোধকং তীর্থং ভুবি পপ্রথে ॥ ১০১ ॥

করিলেন। সমুদায় অযোধ্যা পতিবাৎসল্যবশতঃ গৃহ ত্যাগ করিয়া, তাঁহার অনুগামিনী হইল ॥ ৯৮ ॥

তখন রামের চিত্তজ্ঞ রাক্ষস ও বানরগণ তদীয় পদবীর অনুসরণ করিল। প্রজাগণ তদ্দর্শনে কদম্বমুকুলের ন্যায় স্থূলভাবাপন্ন অশ্রু বর্ষণে প্রবৃত্ত হইল ॥ ৯৯ ॥

ভক্তানুকম্পী রাম বিমান প্রাপ্ত হইয়া, যে সকল ব্যক্তি তাঁহার অনুগামী হইয়াছিল, সরযূকে তাহাদের স্বর্গাধিরোহণের সোপান করিয়া দিলেন॥১০০॥

তৎকালে লোকসকল সরযূতে মগ্ন হইতে লাগিলে, যে সংমর্দ্দ উপস্থিত হইল, তাহা গোগণের প্রতরণের ন্যায় হইয়াছিল। সেই হেতু, সেই পাবন-তীর্থ গোপ্রতরণ নামে পৃথিবীতে প্রথিত হইল ॥ ১০১ ॥

স বিভুর্ব্বিবুধাংশেষু প্রতিপন্নাত্মমূর্ত্তিষু।
ত্রিদশীভূতপৌরাণাং স্বর্গান্তরমকল্পয়ৎ॥ ১০২॥
নির্ব্বর্ত্ত্যৈবং দশমুখশিরশ্ছেদকার্য্যং সুরাণাং
বিষ্বক্সেনঃ স্বতনুমবিশৎ সর্ব্বলোকপ্রতিষ্ঠাম্।
লঙ্কানাথং পবনতনয়ং চোভয়ং স্থাপয়িত্বা
কীর্ত্তিস্তম্ভদ্বয়মিব গিরৌ দক্ষিণে চোত্তরে চ॥ ১০৩॥

ইতি শ্রীরঘুবংশে মহাকাব্যে কালিদাসকৃতৌ শ্রীরাম-
স্বর্গারোহণো নাম পঞ্চদশঃ সর্গঃ।

স ইতি। বিভুঃ প্রভুঃ স রামঃ বিবুধানামংশেষু সুগ্রীবাদিষু প্রতিপন্নাত্ম-মূর্ত্তিষু সৎসু ত্রিদশীভূতা দেবভুবনং গতা যে পৌরাস্তেষাং নূতনসুরাণাং স্বর্গান্তরমকল্পয়ৎ॥ ১০২॥

নির্বর্ত্ত্যেতি। বিষ্বক্সেনো বিষ্ণুঃ এবং সুরাণাং দশমুখশিরশ্ছেদকার্য্যং নির্বর্ত্ত্য নিষ্পাদ্য, লঙ্কানাথং বিভীষণং পবনতনয়ং হনুমন্তং চোভয়ং কীর্ত্তি-স্তম্ভদ্বয়মিব দক্ষিণে গিরৌ চিত্রকূটে চ উত্তরে গিরৌ হিমবতি চ স্থাপয়িত্বা, সর্ব্বলোকপ্রতিষ্ঠাং সর্ব্বলোকাশ্রয়ভূতাং স্বতনুং স্বমূর্ত্তিমবিশৎ॥ ১০৩॥

ইতি শ্রীমহোপাধ্যায়কোলাচলমল্লিনাথসূরিবিরচিতায়াং রঘুবংশ-
ব্যাখ্যায়াং সঞ্জীবনীসমাখ্যায়াং পঞ্চদশঃ সর্গঃ।

সুগ্রীবপ্রভৃতি দেবাংশ সকল স্ব স্ব মূর্ত্তিতে আবিষ্ট হইলে, রাম দেবভাবপ্রাপ্ত পৌরগণের জন্য দ্বিতীয় স্বর্গের সৃষ্টি করিলেন॥ ১০২॥

ভগবান্ বিষ্ণু এইরূপে রাবণবধরূপ দেবকার্য্য সমাহিত এবং হনুমান ও বিভীষণ উভয়কে আপনার দুই কীর্ত্তিস্তম্ভের ন্যায়, দক্ষিণ ও উত্তর গিরিতে সংস্থাপিত করিয়া, আপনার মূর্ত্তিতে অনুপ্রবিষ্ট হইলেন॥ ১০৩॥

পঞ্চদশ সর্গ সমাপ্ত।

ষোড়শঃ সর্গঃ।

অথেতরে সপ্ত রঘুপ্রবীরাঃ
জ্যেষ্ঠং পুরোজন্মতয়া গুণৈশ্চ।
চক্রুঃ কুশং রত্নবিশেষভাজং
সৌভ্রাত্রমেষাং হি কুলানুসারি॥ ১॥
তে সেতুবার্ত্তাগজবন্ধমুখ্যৈ-
রভ্যুচ্ছ্রিতাঃ কর্ম্মভিরপ্যবন্ধ্যৈঃ।

বৃন্দারকা যস্য ভবন্তি ভৃঙ্গা মন্দাকিনী যন্মকরন্দবিন্দুঃ।
তবারবিন্দাক্ষ পদারবিন্দং বন্দে চতুর্ব্বর্গচতুষ্পদং তৎ॥

অথেতি। অথ রামনির্ব্বাণানন্তরং ইতরে লবাদয়ঃ সপ্ত রঘুপ্রবীরাঃ পুরঃ পূর্ব্বং জন্ম যস্য তস্য ভাবস্তত্তা তয়া গুণৈশ্চ জ্যেষ্ঠং কুশং রত্নবিশেষভাজং তচ্ছ্রেষ্ঠবস্তুভাগিনং চক্রুঃ। তদুক্তং "জাতৌ জাতৌ যদুৎকৃষ্টং তদ্রত্নমভিধীয়তে" ইতি। তথাহি সুভ্রাতৃণাং ভাবঃ সৌভ্রাত্রম্। হায়নান্তেত্যাদিনা যুবাদিত্বাদণ্প্রত্যয়ঃ। এষাং কুশলবাদীনাং কুলানুসারি বংশানুগতং হি॥ ১॥

ত ইতি। সেতুর্জ্জলবন্ধঃ, বার্ত্তা কৃষিগোরক্ষণাদিঃ। "বার্ত্তা কৃষ্যাদ্যদন্তয়ো" রিতি বিশ্বঃ। গজবন্ধ আকরেভ্যো গজগ্রহণম্, তৎ মুখ্যং প্রধানং যেষাং তৈঃ অবন্ধ্যৈঃ সফলৈঃ কর্ম্মভিরভ্যুচ্ছ্রিতাঃ অতিসমর্থা অপীত্যর্থঃ তে কুশাদয়ঃ প্রবিভজ্যন্ত ইতি প্রবিভাগাঃ অন্যোন্যদেশপ্রবিভাগানাং যা সীমা তাম্,

---

রাম নির্ব্বাণপদ প্রাপ্ত হইলে, লবপ্রমুখ অন্যান্য সপ্ত রঘুপ্রবীর বয়স ও গুণ উভয় অংশেই জ্যেষ্ঠ কুশকে তত্তৎ শ্রেষ্ঠ বস্তু সকলের ভোগাধিকারিত্বে নিযুক্ত করিলেন। তথাহি, ইহাঁদের সৌভ্রাত্র বংশপরম্পরায় প্রচলিত হইয়া আসিতেছে॥ ১॥

তাঁহারা সেতুবন্ধন, কৃষি ও গো সকলের রক্ষণ এবং আকর হইতে গজগ্রহণ, ইত্যাদি প্রধান প্রধান অব্যর্থ কর্ম্ম সকল সহায়ে সবিশেষ

অন্যোন্যদেশপ্রবিভাগসীমাং
বেলাং সমুদ্রা ইব ন ব্যতীয়ুঃ ॥ ২ ॥
চতুর্ভুজাংশপ্রভবঃ স তেষাং
দানপ্রবৃত্তেরনুপারতানাম্।
সুরদ্বিপানামিব সামযোনি-
র্ভিন্নোঽষ্টধা বিপ্রসসার বংশঃ ॥ ৩ ॥
অথার্দ্ধরাত্রে স্তিমিতপ্রদীপে
শয্যাগৃহে সুপ্তজনে প্রবুদ্ধঃ।

বেলাং সমুদ্রা ইব, ন ব্যতীয়ুঃ নাতিচক্রমুঃ। অত্র কামন্দকঃ। "কৃষির্বণিক্পথো দুর্গং সেতুঃ কুঞ্জরবন্ধনম্। খন্যাকরধনাদানং শূন্যানাঞ্চ নিবেশনম্। অষ্টবর্গমিমং সাধুঃ স্বয়ং বৃদ্ধোঽপি বর্দ্ধয়েৎ"দিতি ॥ ২ ॥

চতুর্ভুজেতি। চতুর্ভুজো বিষ্ণুস্তস্যাংশাঃ রামাদয়ঃ তে প্রভবাঃ কারণানি যস্য স তথোক্তঃ, দানং ত্যাগো মদশ্চ। "দানং গজমদে ত্যাগে" ইতি বিশ্বঃ। প্রবৃত্তির্ব্যাপারঃ প্রবাহশ্চ দানপ্রবৃত্তেরনুপারতানাং তেষাং কুশলবাদীনাং স বংশঃ, সামযোনিঃ সামবেদপ্রভবো দানপ্রবৃত্তেরনুপারতানাং সুরদ্বিপানাং দিগ্গজানাং বংশ ইব, অষ্টধা ভিন্নঃ বিপ্রসসার বিস্তৃতোঽভূৎ। সামযোনিরিত্যত্র পালকাব্যঃ। "সূর্য্যস্যাণ্ডকপালে দ্বে সমানীয় প্রজাপতিঃ। হস্তাভ্যাং পরিগৃহ্যাথ সপ্ত সামান্যগায়ত। গায়তো ব্রহ্মণস্তস্মাৎ সমুৎপেতুর্মতঙ্গজা" ইতি ॥ ৩ ॥

অথেতি। অথ, অর্দ্ধং রাত্রেঃ অর্দ্ধরাত্রম্। অর্দ্ধং নপুংসকমিত্যেকদেশ-

---

সামর্থ্য সংগ্রহ করিলেও, সাগর যেমন বেলাপ্রদেশ লঙ্ঘন করে না, তদ্রূপ পরস্পরের দেশবিভাগসীমা কোনমতেই অতিক্রম করিলেন না ॥ ২ ॥

চতুর্ভুজ বিষ্ণুর অংশ রামাদি হইতে কুশাদির ঐ বংশ উদ্ভব হইয়াছে। তাঁহারা দানপ্রবৃত্তি হইতে কোনকালেই বিরত নহেন। দিগ্গজগণের সামবেদ হইতে সমুদ্ভূত বংশের ন্যায়, তাঁহাদের ঐ বংশ অষ্টভাগে বিচ্ছিন্ন হইয়া, বিস্তৃত হইয়া উঠিল ॥ ৩ ॥

অনন্তর অর্দ্ধরাত্র উপস্থিত হইলে, শয্যাগৃহস্থ লোকমাত্রেই নিদ্রিত ও

কুশঃ প্রবাসস্থকলত্রবেশা-
মদৃষ্টপূর্ব্বাং বনিতামপশ্যৎ ॥ ৪ ॥
সা সাধুসাধারণপার্থিবর্দ্ধেঃ
স্থিত্বা পুরস্তাৎ পুরুহূতভাসঃ।
জেতুঃ পরেষাং জয়শব্দপূর্ব্বং
তস্যাঞ্জলিং বন্ধুমতো ববন্ধ ॥ ৫ ॥
অথানপোঢ়ার্গলমপ্যগারং
ছায়ামিবাদর্শতলং প্রবিষ্টাম্।

সমাসঃ, অহঃসর্ব্বৈকদেশসংখ্যাতপুণ্যাচ্চ রাত্রেরিতি সমাসান্তোঽচ্ প্রত্যয়ঃ, রাত্র্যহ্নাহাঃ পুংসি ইতি নিয়মাৎ পুংস্ত্বম্। অর্দ্ধরাত্রে নিশীথে স্তিমিতপ্রদীপে সুপ্তজনে শয্যাগৃহে প্রবুদ্ধো নতু সুপ্তঃ কুশঃ প্রবাসস্থকলত্রবেশাং প্রোষিত-ভর্তৃকাবেশাং অদৃষ্টা পূর্ব্বমিত্যদৃষ্টপূর্ব্বা তাম্। সহসুপেতি সমাসঃ। বনি-তামপশ্যৎ ॥ ৪ ॥

সেতি। সা বনিতা সাধুসাধারণপার্থিবর্দ্ধেঃ সজ্জনসাধারণরাজ্যশ্রিয়ঃ পুরহূতভাসঃ ইন্দ্রতেজসঃ পরেষাং শত্রূণাং জেতুঃ বন্ধুমতস্তস্য কুশস্য পুরস্তাৎ স্থিত্বা জয়শব্দপূর্ব্বং যথা তথা অঞ্জলিং ববন্ধ ॥ ৫ ॥

অথেতি। অথ সবিস্ময়ঃ পূর্ব্বার্দ্ধেন শরীরপূর্ব্বভাগেন বিসৃষ্টতল্পঃ ত্যক্ত-শয্যঃ দাশরথেস্তনূজঃ কুশঃ অনপোঢ়ার্গলং অনুদ্ঘাটিতবিষ্কম্ভমপি। "তদ্বি-

---

প্রদীপ স্তিমিতভাব প্রাপ্ত হইয়াছে; কুশ কেবল জাগিয়া আছেন, এমন সময়ে প্রোষিতভর্তৃকার বেশধারিণী কোন রমণী তাঁহার নয়নবিষয়িণী হইলেন। তিনি উঁহাকে পূর্ব্বে কখন দেখেন নাই ॥ ৪ ॥

কুশ সাধুগণের সহিত সমানভাবে রাজ্যসমৃদ্ধি ভোগ করিতেন এবং ইন্দ্রের ন্যায় তেজোবিশিষ্ট ও শত্রুগণের জেতা ছিলেন। ঐ রমণী সেই বন্ধুমান্ কুশের পুরোবর্ত্তিনী হইয়া, আপনার জয় হউক, বলিয়া, অঞ্জলি বন্ধন করিলেন ॥ ৫ ॥

ঐ রমণী, গৃহের অর্গল উদ্ঘাটিত না করিয়াই, ছায়া যেমন দর্পণমধ্যে প্রবেশ করে, তদ্রূপ গৃহমধ্যে প্রবেশ করিয়াছিলেন। তদ্দর্শনে রামাত্মজ

সবিস্ময়ো দাশরথেস্তনূজঃ
প্রোবাচ পূর্ব্বার্দ্ধবিসৃষ্টতল্পঃ ॥ ৬ ॥
লব্ধান্তরা সাবরণেঽপি গেহে
যোগপ্রভাবো নচ লক্ষ্যতে তে।
বিভর্ষি চাকারমনির্বৃ্তানাং
মৃণালিনী হৈমমিবোপরাগম্ ॥ ৭ ॥
কা ত্বং শুভে কস্য পরিগ্রহো বা
কিং বা মদভ্যাগমকারণং তে।
আচক্ষ্ব মত্বা বশিনাং রঘূণাং
মনঃ পরস্ত্রীবিমুখপ্রবৃত্তি ॥ ৮ ॥

ষ্কম্ভোঽর্গলং ন নে”ত্যমরঃ। অগারম্, আদর্শতলং ছায়ামিব প্রবিষ্টাং তাং বনিতাং প্রোবাচ অবদৎ ॥ ৬ ॥

লব্ধেতি। কা ত্বমিতি। সাবরণেঽপি গেহে লব্ধান্তরা লব্ধাবকাশা ত্বমিতি শেষঃ, যোগপ্রভাবশ্চ তে ন লক্ষ্যতে, মৃণালিনী হৈমং হিমকৃতমুপরাগং উপদ্রবমিব অনির্বৃ্তানাং দুঃখিতানামাকারং বিভর্ষি চ, নহি যোগিনাং দুঃখমস্তীতি ভাবঃ। কিঞ্চ হে শুভে ত্বং কা কস্য বা পরিগ্রহঃ পত্নী, তে তব মদভ্যাগমে কারণং বা কিম্, বশিনাং জিতেন্দ্রিয়াণাং রঘূণাং মনঃ পরস্ত্রীষু বিষয়ে বিমুখা প্রবৃত্তির্যস্য তত্তথাভূতং মত্বা আচক্ষ্ব ॥ ৭—৮ ॥

কুশ বিস্ময়রসের বশবর্ত্তী ও কিয়দংশে উত্থিত হইয়া, শয্যা ত্যাগ করিয়া, তাঁহারে বলিতে লাগিলেন ॥ ৬ ॥

এই গৃহে অর্গল বদ্ধ রহিয়াছে। তথাপি, তুমি ইহার মধ্যে প্রবেশ লাভ করিলে। এদিকে, তোমার কোনপ্রকার যোগপ্রভাবও আছে, বলিয়াই বোধ হইতেছে না। কেননা, তোমার আকারে শোক ও দুঃখের সুস্পষ্ট আবির্ভাব লক্ষিত হইতেছে। তোমারে দেখিলে, বোধ হয়, যেন মৃণালিনী হিমে অবসন্না হইয়াছে ॥ ৭ ॥

শুভে! তুমি কে? কাহার পরিগ্রহ? কিজন্যই বা আমার নিকট আসিলে? রঘুবংশীয়েরা কখনই ইন্দ্রিয়ের দাস নহেন এবং তাঁহাদের মনও

তমব্রবীৎ সা গুরুণানবদ্যা
যা নীতপৌরা স্বপদোন্মুখেন।
তস্যাঃ পুরঃ সম্প্রতি বীতনাথাং
জানীহি রাজন্নধিদেবতাং মাম্ ॥ ৯ ॥
বস্বৌকসারামভিভূয় সাহং
সৌরাজ্যবদ্ধোৎসবয়া বিভূত্যা।
সমগ্রশক্তৌ ত্বয়ি সূর্য্যবংশ্যে
সতি প্রপন্না করুণামবস্থাম্ ॥ ১০ ॥

তমিতি। সা বনিতা তং কুশং অব্রবীৎ, অনবদ্যা অদোষা যা পূঃ স্বপদোন্মুখেন বিষ্ণুপদোন্মুখেন গুরুণা ত্বৎপিত্রা নীতপৌরা, হে রাজন্ মাং সম্প্রতি বীতনাথাং অনাথাং তস্যাঃ পুরো নগর্য্যাঃ অযোধ্যায়াঃ অধিদেবতাং জানীহি ॥ ৯ ॥

বস্বৌকসারামিতি। সাহং সৌরাজ্যেন রাজন্বত্তয়া হেতুনা বদ্ধোৎসবয়া বিভূত্যা, বস্বৌকসারা অলকাপুরী। "অলকা পুরী বস্বৌকসারা স্যা"দিতি কোষঃ। অথবা মানসোত্তরশৈলশিখরবর্ত্তিনী শক্রনগরী, "বস্বৌকসারা শক্রস্যে"তি বিষ্ণুপুরাণাৎ। তামভিভূয় তিরস্কৃত্য সমগ্রশক্তৌ ত্বয়ি সূর্য্যবংশ্যে সতি করুণামবস্থাং দীনাং দশাং প্রপন্না প্রাপ্তা ॥ ১০ ॥

পরস্ত্রীতে প্রবৃত্তিশূন্য। এই সকল ভাবিয়া, তুমি আমার সহিত সম্ভাষণ করিও ॥ ৮ ॥

তখন ঐ রমণী তাঁহারে কহিলেন, রাজন্! আপনার পিতৃদেব আত্মপদলাভে উৎসুক হইয়া, যাহার অধিবাসীদিগকে সমভিব্যাহারে লইয়া গিয়াছেন, আমি সর্ব্বথা দোষলেশ-পরিশূন্য সেই অযোধ্যানগরীর অধিষ্ঠাত্রী দেবতা। সম্প্রতি নাথহীনা হইয়াছি, জানিবেন ॥ ৯ ॥

আপনি সূর্য্যবংশে জন্মগ্রহণ করিয়াছেন এবং সমগ্র-শক্তি-সম্পন্ন। আপনি থাকিতেও, আমার ঈদৃশী শোচনীয় দশার আবির্ভাব হইয়াছে॥ বলিতে কি, আমি পূর্ব্বে সদ্গুণশালী নরপতিগণের সান্নিধ্যবশতঃ নিত্যোৎসব-সহকৃত অতুল ঐশ্বর্য্য দ্বারা অলকাকেও অভিভূত করিয়াছিলাম ॥ ১০ ॥

বিশীর্ণতল্পাট্টশতো নিবেশঃ
পর্য্যস্তশালঃ প্রভুণা বিনা মে।
বিড়ম্বয়ত্যস্তনিমগ্নসূর্য্যং
দিনান্তমুগ্রানিলভিন্নমেঘম্ ॥ ১১ ॥
নিশাসু ভাস্বৎকলনূপুরাণাং
যঃ সঞ্চরোঽভূদভিসারিকাণাম্।
নদন্মুখোল্কাবিচিতামিষাভিঃ
স বাহ্যতে রাজপথঃ শিবাভিঃ ॥ ১২ ॥

বিশীর্ণেতি। তল্পানি অট্টালিকাঃ। "তল্প শয্যাট্টদারেষ্বি"ত্যমরঃ। অট্টানি গৃহভেদাঃ। "অট্টং ভক্তে চ শুষ্কে চ ক্ষৌমেঽত্যর্থে গৃহান্তরে" ইতি বিশ্বঃ। বিশীর্ণানি তল্পানাং অট্টানাঞ্চ শতানি যস্য স তথোক্তঃ। অথবা বিশীর্ণ-কল্পেতি পাঠঃ, অট্টাঃ ক্ষৌমাঃ। "স্যাদট্টঃ ক্ষৌমমস্ত্রিয়া"মিত্যমরঃ। ঈষদসমাপ্তং বিশীর্ণানি বিশীর্ণকল্পানি অট্টশতানি যস্য স তথোক্তঃ পর্য্যস্তশালঃ স্রস্ত-প্রাকারঃ। "প্রাকারো বরণঃ শাল" ইত্যমরঃ। প্রভুণা স্বামিনা বিনা এবম্ভূতো মে নিবেশো নিবেশনং অস্তনিমগ্নসূর্য্যং অস্তাদ্রিলীনার্কং উগ্রানিলেন ভিন্নমেঘং দিনান্তং বিড়ম্বয়তি অনুকরোতি ॥ ১১ ॥

নিশাস্বিতি। নিশাসু ভাস্বন্তি দীপ্তিমন্তি কলানি অব্যক্তমধুরাণি নূপু-রাণি যাসাং তাসামভিসারিকাণাম্। "কান্তার্থিনী তু যা যাতি সঙ্কেতং সাভি-সারিকে"ত্যমরঃ। যো রাজপথঃ সঞ্চরত্যনেনেতি সঞ্চরঃ সঞ্চারসাধনমভূৎ। গোচরসঞ্চরেত্যাদিনা ঘপ্রত্যয়ান্তো নিপাতঃ। নদৎসু মুখেষু যা উল্কাঃ

ঐ অযোধ্যাপুরীতে যে শত শত অট্ট (গৃহবিশেষ) ও অট্টালিকা ছিল, তৎসমস্ত ভগ্ন-পতিত হইয়াছে এবং প্রাকারও বিগলিত হইয়াছে। এইরূপে স্বামী ব্যতিরেকে আমার নিবেশন, প্রচণ্ড অনিলে মেঘ সকল ছিন্ন ভিন্ন ও দিবাকর অস্তমিত হইলে, দিবাবসান সময়ের যেরূপ শোচনীয় দশা হয়, তদনুরূপ করুণ-দশায় উপনীত হইয়াছে ॥ ১১ ॥

অভিসারিকা সকল, অব্যক্ত-মধুর-ধ্বনি-বিশিষ্ট, পরমদীপ্তি-সম্পন্ন নূপুর ধারণ করিয়া, যাহাতে যামিনীযোগে সঞ্চরণ করিত, আজি শিবাসকল

আস্ফালিতং যৎ প্রমদাকরাগ্রৈ-
র্ম্দঙ্গধীরধ্বনিমন্বগচ্ছৎ।
বন্যৈরিদানীং মহিষৈস্তদম্ভঃ
শৃঙ্গাহতং ক্রোশতি দীর্ঘিকাণাম্॥ ১৩॥

বৃক্ষেশয়া যষ্টিনিবাসভঙ্গা-
ন্মৃদঙ্গশব্দাপগমাদলাস্যাঃ।
প্রাপ্তা দবোল্কাহতশেষবর্হাঃ
ক্রীড়াময়ূরা বনবর্হিণত্বম্॥ ১৪॥

তাভির্ব্বিচিতামিষাভিঃ অন্বিষ্টমাংসাভিঃ শিবাভিঃ ক্রোষ্ট্রীভিঃ স বাহ্যতে গম্যতে॥ ১২॥

আস্ফালিতমিতি। যদম্ভঃ প্রমদাকরাগ্রৈঃ আস্ফালিতং তাড়িতং সৎ জলক্রীড়াস্বিতি শেষঃ মৃদঙ্গানাং যো ধীরধ্বনিঃ তমন্বগচ্ছৎ অন্বকরোৎ তৎ দীর্ঘিকাণামম্ভঃ ইদানীং বন্যৈর্ম্মহিষৈঃ কর্ত্তৃভিঃ শৃঙ্গৈর্বিষাণৈরাহতং সৎ ক্রোশতি নতু মৃদঙ্গধ্বনিমনুকরোতীত্যর্থঃ॥ ১৩॥

বৃক্ষেশয়া ইতি। যষ্টিরেব নিবাসঃ স্থানং তস্য ভঙ্গাৎ বৃক্ষে শেরতে ইতি বৃক্ষেশয়াঃ। অধিকরণে শেতেরিত্যচ্ প্রত্যয়ঃ, শয়বাসবাসিষ্বকালাদিত্যলুক্ সপ্তম্যাঃ। মৃদঙ্গশব্দানামপগমাদভাবাৎ অলাস্যাঃ নৃত্যশূন্যাঃ দবোঽরণ্যবহ্নিঃ। "দবদাবৌ বনারণ্যবহ্নী" ইত্যমরঃ। তস্যোল্কাভিঃ স্ফুলিঙ্গৈঃ হতেভ্যঃ শেষাণি বর্হাণি যেষাং তে ক্রীড়াময়ূরাঃ বনবর্হিণত্বং বনময়ূরত্বং প্রাপ্তাঃ॥ ১৪॥

সেই রাজপথে শব্দ করিতে করিতে, মুখমধ্যস্থ উল্কা-সহায়ে মাংস অন্বেষণ করিয়া বেড়াইতেছে॥ ১২॥

প্রমদাগণের করাগ্রে আস্ফালিত হইয়া, যাহা হইতে মৃদঙ্গের ন্যায় ধীর ধ্বনি সমুত্থিত হইত, দীর্ঘিকা সকলের সেই সলিলরাশি ইদানী বন্য মহিষগণের শৃঙ্গাহত হইয়া, বিকৃত ধ্বনি করিতেছে॥ ১৩॥

যে সকল ক্রীড়াময়ূর ছিল, তাহারাও আজি বন্যময়ূর হইয়াছে। কেননা, তাহারা পূর্ব্বে যে সকল যষ্টিতে বাস করিত, তাহা ভগ্ন হওয়াতে, বৃক্ষে বাস করিতেছে। আর পূর্ব্বের ন্যায়, মৃদঙ্গ সকল শব্দায়মান হয় না।

সোপানমার্গেষু চ যেষু রামা
নিক্ষিপ্তবত্যশ্চরণান্ সরাগান্।
সদ্যোহতন্যঙ্কুভিরস্রদিগ্ধং
ব্যাঘ্রৈঃ পদং তেষু নিধীয়তে মে ॥ ১৫ ॥
চিত্রদ্বিপাঃ পদ্মবনাবতীর্ণাঃ
করেণুভির্দ্দত্তমৃণালভঙ্গাঃ।
নখাঙ্কুশাঘাতবিভিন্নকুম্ভাঃ
সংরব্ধসিংহপ্রহৃতং বহন্তি ॥ ১৬ ॥
স্তম্ভেষু যোষিৎপ্রতিযাতনানা-
মুৎক্রান্তবর্ণক্রমধূসরাণাম্।

সোপানেতি। কিঞ্চ যেষু সোপানমার্গেষু রামাঃ রমণ্যঃ সরাগান্ লাক্ষারসার্দ্রান্ চরণান্ নিক্ষিপ্তবত্যঃ তেষু মে মম মার্গেষু অদ্য সদ্যোহতন্যঙ্কুভির্মারিতমৃগৈর্ব্যাঘ্রৈঃ অস্রদিগ্ধং রুধিরলিপ্তং পদং নিধীয়তে ॥ ১৫ ॥

চিত্রেতি। পদ্মবনং অবতীর্ণাঃ প্রবিষ্টাঃ তথা লিখিতা ইত্যর্থঃ করেণুভিঃ করিণীভিঃ চিত্রগতাভিরেব। "করেণুরিভ্যাং স্ত্রী নেভে" ইত্যমরঃ। দত্তমৃণালভঙ্গাঃ চিত্রদ্বিপাঃ আলেখ্যমাতঙ্গাঃ নখা এবাঙ্কুশাঃ তেষামাঘাতৈঃ বিভিন্নকুম্ভাঃ সন্তঃ সংরব্ধসিংহপ্রহৃতং কুপিতসিংহপ্রহারং বহন্তি ॥ ১৬ ॥

স্তম্ভেম্বিতি। উৎক্রান্তবর্ণক্রমা বিশীর্ণবর্ণবিন্যাসাঃ তাশ্চ ধূসরাশ্চ যাস্তাসাং

তজ্জন্য তাহারাও আর নৃত্য করে না। তদ্ব্যতীত, দাবানলশিখায় তাহাদের বর্হ সকলও হতশেষ হইয়াছে ॥ ১৪ ॥

যে সকল সোপানমার্গে রামাগণ লাক্ষারসরঞ্জিত চরণ বিন্যস্ত করিত, আজি তাহাতে ব্যাঘ্রসকল সদ্য মৃগসংহার করিয়া, রক্তলিপ্ত পদ নিক্ষেপ করিতেছে ॥ ১৫ ॥

পদ্মবনে অবতরণ করিয়াছে এবং করিণী সকল মৃণাল ভাঙ্গিয়া প্রদান করিতেছে, এই ভাবে চিত্রে যে সকল মাতঙ্গ লিখিত ছিল, আজি তাহারা, কুপিতকেশরীর নখরূপ অঙ্কুশের আঘাতে কুম্ভস্থল বিদীর্ণ হওয়াতে, তাহার প্রহার বহন করিতেছে ॥ ১৬ ॥

স্তনোত্তরীয়াণি ভবন্তি সঙ্গা-
ন্নির্ম্মোকপট্যঃ ফণিভির্ব্বিমুক্তাঃ ॥ ১৭ ॥
কালান্তরশ্যামসুধেষু নক্ত-
মিতস্ততো রূঢ়তৃণাঙ্কুরেষু।
ত এব মুক্তাগুণশুদ্ধয়োঽপি
হর্ম্ম্যেষু মূর্চ্ছন্তি ন চন্দ্রপাদাঃ ॥ ১৮ ॥
আবর্জ্জ্য শাখাঃ সদয়ঞ্চ যাসাং
পুষ্পাণ্যুপাত্তানি বিলাসিনীভিঃ।

স্তম্ভেষু যোষিৎপ্রতিযাতনানাং স্ত্রীপ্রতিকৃতীনাং দারুময়ীণাং ফণিভির্ব্বিমুক্তা নির্ম্মোকাঃ কঞ্চুকা এব পট্যঃ। "সমৌ কঞ্চুকনির্ম্মোকা"বিত্যমরঃ। সঙ্গাৎ সক্তত্বাৎ স্তনোত্তরীয়াণি স্তনাচ্ছাদনবস্ত্রাণি ভবন্তি ॥ ১৭ ॥

কালেতি। কালান্তরেণ কালভেদবশেন শ্যামসুধেষু মলিনচূর্ণেষু ইতস্ততো রূঢ়তৃণাঙ্কুরেষু হর্ম্ম্যেষু গৃহেষু নক্তং রাত্রৌ মুক্তাগুণানাং শুদ্ধিরিব শুদ্ধিঃ স্বাচ্ছ্যং যেষাং তাদৃশা অপি ততঃ পূর্ব্বং যে মূর্চ্ছন্তি স্ম ত এব চন্দ্রপাদাঃ চন্দ্ররশ্ময়ঃ। "পাদা রশ্ম্যঙ্‌ঘ্রিতূর্য্যাংশা" ইত্যমরঃ। ন মূর্চ্ছন্তি ন প্রতিফলন্তীত্যর্থঃ ॥ ১৮ ॥

আবর্জ্জ্যেতি। কিঞ্চ বিলাসিনীভিঃ সদয়ং শাখাঃ লতাবয়বান্ আবর্জ্জ্য আনময্য যাসাং লতানাং পুষ্পাণ্যুপাত্তানি গৃহীতানি তাঃ মদীয়া উদ্যানলতাঃ বন্যৈঃ পুলিন্দৈঃ ম্লেচ্ছবিশেষৈরিব বানরৈঃ উভয়ৈরিত্যর্থঃ ক্লিশ্যন্তে পীড্যন্তে।

যে সকল যোষিৎপ্রতিকৃতি স্তম্ভসমূহে নিবদ্ধ ছিল, আর তাহাদের সে বর্ণবিন্যাস নাই; তাহারা এখন ধূসরবর্ণ হইয়াছে। সর্প সকল তাহাদের উপরে নির্ম্মোকপট্ট (খোলস) বিমোচন করিতেছে। তৎসমস্তই সংসক্ত হইয়া, এখন তাহাদের স্তনাচ্ছাদনবস্ত্র হইয়াছে ॥ ১৭ ॥

কালসহকারে চূর্ণসকল মলিন ও ইতস্ততঃ তৃণাঙ্কুর উদ্ভূত হওয়াতে, পুরীর হর্ম্ম্যসকলে এখন আর পূর্ব্বের ন্যায় রাত্রিতে মুক্তাগুণের ন্যায় পরমনির্ম্মল চন্দ্রকিরণ সকলও প্রতিফলিত হয় না ॥ ১৮ ॥

বিলাসিনী রমণীরা সদয়ভাবে যাহাদের শাখাপরম্পরা আনমিত করিয়া,

বন্যৈঃ পুলিন্দৈরিব বানরৈস্তাঃ
ক্লিশ্যন্ত উদ্যানলতা মদীয়াঃ ॥ ১৯ ॥
রাত্রাবনাবিষ্কৃতদীপভাসঃ
কান্তামুখশ্রীবিযুতা দিবাপি।
তিরস্ক্রিয়ন্তে কৃমিতন্তুজালৈ-
র্ব্বিচ্ছিন্নধূমপ্রসরা গবাক্ষাঃ ॥ ২০ ॥
বলিক্রিয়াবর্জ্জিতসৈকতানি
স্নানীয়সংসর্গমনাপ্নুবন্তি।
উপান্তবানীরগৃহাণি দৃষ্ট্বা
শূন্যানি দূয়ে সরযূজলানি ॥ ২১ ॥

ক্লিশ্নাতেঃ কর্ম্মণি লট্‌। "ভেদাঃ কিরাতশবরপুলিন্দা ম্লেচ্ছজাতয়" ইত্যমরঃ ॥ ১৯ ॥

রাত্রাবিতি। রাত্রাবনাবিষ্কৃতদীপভাসঃ দীপপ্রভাশূন্যা ইত্যর্থঃ দিবাপি দিবসেঽপি কান্তামুখানাং শ্রিয়া কান্ত্যা বিযুতা রহিতাঃ বিচ্ছিন্নো নষ্টো ধূমপ্রসরো যেষাং তে গবাক্ষাঃ কৃমিতন্তুজালৈঃ লূতাতন্তুবিতানৈস্তিরস্ক্রিয়ন্তে ছাদ্যন্তে ॥ ২০ ॥

বলিক্রিয়েতি। "বলিঃ পূজোপহারঃ স্যা"দিতি শাশ্বতঃ। বলিক্রিয়াবর্জ্জিতানি সৈকতানি যেষাং তানি স্নানীয়ানি স্নানসাধনানি চূর্ণাদীনি। কৃত্যল্যুটৌ বহুলমিতি করণে অনীয়র্‌প্রত্যয়ঃ। স্নানীয়সংসর্গমনাপ্নুবন্তি

কুসুম সকল চয়ন করিত, আমার সেই উদ্যানলতা সকল এখন বনচর পুলিন্দ ও বানরগণ কর্তৃক নিপীড়িত হইতেছে ॥ ১৯ ॥

এখন গবাক্ষ সকলও রাত্রিতে প্রদীপপ্রভায় উদ্ভাসিত হয় না; দিবসেও আর কান্তাগণের মুখশ্রীর সংসর্গ প্রাপ্ত হয় না। তাহাদের ধূমনিঃসরণমার্গও রুদ্ধ হইয়া গিয়াছে এবং লূতাসকল তন্তুপরম্পরা বিস্তৃত করিয়া, তাহাদিগকে ঢাকিয়া ফেলিয়াছে ॥ ২০ ॥

এখন তীরদেশে আর কোনপ্রকার পূজোপহার-ব্যাপার-বিনির্ব্বাহিত হয় না; স্নানসাধন সুগন্ধি চূর্ণাদিরও সম্পর্কমাত্র নাই; এইরূপে সরযূর

তদর্হসীমাং বসতিং বিসৃজ্য
মামভ্যুপেতুং কুলরাজধানীম্।
হিত্বা তনুং কারণমানুষীং তাং
যথা গুরুস্তে পরমাত্মমূর্ত্তিম্ ॥ ২২ ॥

তথেতি তস্যাঃ প্রণয়ং প্রতীতঃ
প্রত্যগ্রহীৎ প্রাগ্রহরো রঘূণাম্।
পূরপ্যভিব্যক্তমুখপ্রসাদা
শরীরবন্ধেন তিরোবভূব ॥ ২৩ ॥

সরযূজলানি শূন্যানি রিক্তানি উপান্তেষু বানীরগৃহাণি যেষাং তানি চ দৃষ্ট্বা দূয়ে পরিতপ্যে ॥ ২১ ॥

তদিতি। তত্তস্মাদিমাং বসতিং কুশাবতীং বিসৃজ্য কুলরাজধানীং অযোধ্যাং মামভ্যুপৈতুমর্হসি। কথমিব তে গুরুঃ পিতা রামঃ তাং প্রসিদ্ধাং কারণবশান্মানুষীং তনুং মানুষমূর্ত্তিং হিত্বা পরমাত্মমূর্ত্তিং যথা বিষ্ণুমূর্ত্তিমিব ॥ ২২ ॥

তথেতি। রঘূণাং প্রাগ্রহরঃ শ্রেষ্ঠঃ কুশঃ তস্যাঃ পুরঃ প্রণয়ং যাচ্ঞাং প্রতীতো হৃষ্টঃ সন্ তথেতি প্রত্যগ্রহীৎ স্বীকৃতবান্। পূঃ পুরধিদেবতাপি অভিব্যক্তমুখপ্রসাদা সতী ইষ্টলাভাদিতি ভাবঃ শরীরবন্ধেন শরীরযোগেন করণেন তিরোবভূব অন্তর্দ্দধে। মানবং রূপং বিহায় দৈবং রূপমগ্রহীদিত্যর্থঃ ॥ ২৩ ॥

সলিলরাশি সর্ব্বথা শূন্য ও তাহার উপান্তে বানীর (একপ্রকার বেত) গৃহসকল সন্নিবদ্ধ হইয়াছে, দেখিয়া, আমার নিরতিশয় পরিতাপ উপস্থিত হইয়া থাকে ॥ ২১ ॥

অতএব, আপনার পিতৃদেব যেমন কারণবশে সমাগত মানুষদেহ ত্যাগ করিয়া, পরমাত্মবিগ্রহ পরিগ্রহ করিয়াছেন, আপনিও তেমন এই কুশাবতী ত্যাগ করিয়া, অযোধ্যা আমাতে গমন করুন। বলিতে কি, আমি আপনাদের কুলরাজধানী ॥ ২২ ॥

রঘুগণের অগ্রণী কুশ, আচ্ছা, তাহাই হইবে, বলিয়া, পরমপ্রীতিপ্রদ-

তদদ্ভুতং সংসদি রাত্রিবৃত্তং
প্রাতর্দ্বিজেভ্যো নৃপতিঃ শশংস ।
শ্রুত্বা ত এনং কুলরাজধান্যা
সাক্ষাৎ পতিত্বে বৃতমভ্যনন্দন্‌ ॥ ২৪ ॥

কুশাবতীং শ্রোত্রিয়সাৎ স কৃত্বা
যাত্রানুকূলেঽহনি সাবরোধঃ ।
অনুদ্রুতো বায়ুরিবাভ্রবৃন্দৈঃ
সৈন্যৈরযোধ্যাভিমুখঃ প্রতস্থে ॥ ২৫ ॥

তদিতি। নৃপতিঃ কুশস্তদদ্ভুতং রাত্রিবৃত্তান্তং প্রাতঃ সংসদি সভায়াং দ্বিজেভ্যঃ শশংস, তে দ্বিজাঃ শ্রুত্বা এনং কুশং কুলরাজধান্যা সাক্ষাৎ স্বয়মেব পতিত্বে বিষয়ে বৃতং অভ্যনন্দন্‌ পতিত্বেন বৃতোঽসীত্যপূজয়ন্‌ আশীর্ভিরিতি শেষঃ। অত্র গার্গ্যঃ, "দৃষ্ট্বা স্বপ্নং শোভনং নৈব সুপ্যাৎ পশ্চাদ্দৃষ্টো যঃ স পাকং বিধত্তে। শংসেদিষ্টং তত্র সাধুর্দ্বিজেভ্যস্তে চাশীর্ভিঃ প্রীণয়েয়ুর্নরেন্দ্রম্‌।" ইদমপি স্বপ্নতুল্যমিতি ॥ ২৪ ॥

কুশাবতীমিতি। স কুশঃ কুশাবতীং শ্রোত্রিয়েষু ছান্দসেষু অধীনাং শ্রোত্রিয়সাৎ। তদধীনবচনইতি সাতিপ্রত্যয়ঃ, শ্রোত্রিয়শ্ছন্দোঽধীতে ইতি নিপাতঃ। "শ্রোত্রিয়চ্ছান্দসৌ সমৌ" ইত্যমরঃ। কৃত্বা যাত্রানুকূলেঽহনি সাবরোধঃ সান্তঃপুরঃ সন্‌ বায়ুরভ্রবৃন্দৈরিব, সৈন্যৈরনুদ্রুতোঽনুগতঃ সন্‌ অযোধ্যাভিমুখঃ প্রতস্থে ॥ ২৫ ॥

র্শনপুরঃসর পুরীর প্রার্থনা পরিগ্রহ করিলেন। তন্নিবন্ধন, পুরীও প্রসন্নবদনে সেই দেহেই অন্তর্হিত হইলেন ॥ ২৩ ॥

অনন্তর প্রাতঃসময় সমুপস্থিত হইলে, নরপতি কুশ রজনীর এই অদ্ভুত ঘটনা সভাসমক্ষে দ্বিজাতিগণের গোচর করিলে, তাঁহারা শ্রবণ করিয়া, কুলরাজধানী স্বয়ং তাঁহারে স্বামিত্বে বরণ করিয়াছেন, ভাবিয়া, অভিনন্দন করিতে লাগিলেন ॥ ২৪ ॥

তখন কুশ বেদজ্ঞ ব্রাহ্মণদিগকে কুশাবতী প্রদান করিয়া, যাত্রার অনুকূল দিবসে অন্তঃপুরসমভিব্যাহারে অযোধ্যাভিমুখে প্রস্থান করিলে, মেঘমালা যেমন বায়ুর, সৈন্য সকল তেমন তাঁহার অনুগামী হইল ॥ ২৫ ॥

সা কেতুমালোপবনা বৃহদ্ভি-
র্বিহারশৈলানুগতেব নাগৈঃ।
সেনা রথোদারগৃহা প্রয়াণে
তস্যাভবজ্জঙ্গমরাজধানী ॥ ২৬ ॥
তেনাতপত্রামলমণ্ডলেন
প্রস্থাপিতঃ পূর্ব্বনিবাসভূমিম্।
বভৌ বলৌঘঃ শশিনোদিতেন
বেলামুদন্বানিব নীয়মানঃ ॥ ২৭ ॥
তস্য প্রয়াতস্য বরূথিনীনাং
পীড়ামপর্য্যাপ্তবতীব সোঢুম্।

সেতি। কেতুমালা এব উপবনানি যস্যাঃ সা বৃহদ্ভির্নাগৈর্গজৈঃ বিহারশৈলৈঃ ক্রীড়াশৈলৈঃ অনুগতেব স্থিতা রথা এব উদারগৃহাঃ যস্যাঃ সা সা সেনা তস্য কুশস্য প্রয়াণে জঙ্গমরাজধানী সঞ্চারিণী নগরীবাভবৎ বভূব ॥ ২৬ ॥

তেনেতি। আতপত্রমেবামলং মণ্ডলং বিম্বং যস্য তেন কুশেন পূর্ব্বনিবাসভূমিং অযোধ্যাং প্রস্থাপিতঃ বলৌঘঃ আতপত্রবদমলমণ্ডলেনোদিতেন শশিনা বেলাং নীয়মানঃ প্রাপ্যমাণঃ উদকমস্যাস্তীত্যুদন্বান্ উদধিরিব বভৌ। উদন্বানুদধৌ চেতি নিপাতনাৎ সাধুঃ ॥ ২৭ ॥

তস্যেতি। প্রয়াতস্য প্রস্থিতস্য তস্য কুশস্য বরূথিনীনাং সেনানাং কর্ত্রী-

---

সেই সুবিপুল বাহিনী ঐরূপে প্রয়াণ করিলে, বোধ হইল, যেন কোন রাজধানী সাক্ষাৎকারে গমন করিতেছে। রথ সকল তাহাতে উপাদেয় গৃহরূপে শোভমান হইল। প্রকাণ্ডকায় হস্তী সকল বিহারশৈলের ন্যায় অনুগমন করিল এবং কেতুমালা সকল উপবনের ন্যায় হইল ॥ ২৬ ॥

তৎকালে সেই সৈন্যসমূহ আতপত্ররূপ অমল-মণ্ডলে বিরাজমান কুশ কর্ত্তৃক পূর্ব্বনিবাসভূমি অযোধ্যার উদ্দেশে প্রের্য্যমাণ হইয়া, উদীয়মান শশলাঞ্ছন কর্ত্তৃক বেলাপ্রদেশে নীয়মান সাগরের ন্যায়, শোভমান হইল ॥ ২৭ ॥

তিনি প্রয়াণ করিলে, পৃথিবী তদীয়-বাহিনী-কর্ত্তৃক পীড়া যেন সহ্য

বসুন্ধরা বিষ্ণুপদং দ্বিতীয়-
মধ্যারুরোহেব রজশ্ছলেন ॥ ২৮ ॥
উদয়চ্ছমানা গমনায় পশ্চাৎ
পুরো নিবেশে পথি চ ব্রজন্তী।
সা যত্র সেনা দদৃশে নৃপস্য
তত্রৈব সামগ্র্যমতিং চকার ॥ ২৯ ॥
তস্য দ্বিপানাং মদবারিসেকাৎ
খুরাভিঘাতাচ্চ তুরঙ্গমাণাম্।
রেণুঃ প্রপেদে পথি পঙ্কভাবং
পঙ্কোঽপি রেণুত্বমিয়ায় নেতুঃ ॥ ৩০ ॥

ণাম্। কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতীতি কর্ত্তরি ষষ্ঠী। পীড়াং সোঢুমপর্য্যাপ্তবতীব অশক্তেব বসুন্ধরা রজশ্ছলেন দ্বিতীয়ং বিষ্ণুপদং আকাশমধ্যারুরোহেবেত্যুৎপ্রেক্ষা ॥ ২৮ ॥

উদয়চ্ছমানেতি। পশ্চাৎ কুশাবত্যাঃ সকাশাৎ গমনায় প্রয়াণায় তথা পুরোঽগ্রে নিবেশে নিমিত্তে নিবেষ্টুঞ্চেত্যর্থঃ উদয়চ্ছমানা উদ্যোগং কুর্ব্বতী। সমুদাঙ্‌ভ্যোযমোঽগ্রন্থ ইত্যাত্মনেপদম্। পথি চ ব্রজন্তী নৃপস্য কুশস্য সা সেনা যত্র পশ্চাৎ পুরো মধ্যে বা দদৃশে তত্রৈব সামগ্র্যমতিং কৃৎস্নতাবুদ্ধিং চকার, অপরিমিতা তস্য সেনেত্যর্থঃ ॥ ২৯ ॥

তস্যেতি। নেতুস্তস্য কুশস্য দ্বিপানাং মদবারিভিঃ সেকাৎ তুরঙ্গমাণাং

করিতে না পারিয়াই, সমুত্থিত ধূলিরাশিচ্ছলে দ্বিতীয় আকাশে অধিরূঢ়া হইলেন ॥ ২৮ ॥

তাঁহার সেনাসকল পশ্চাতে কুশাবতী হইতে গমন করিবার জন্য উদ্যোগ করিতে লাগিল; কতক বা অগ্রে অবস্থিতি করিতে উদ্যত হইল এবং কিয়দংশ পথিমধ্যে গমন করিতে লাগিল। এইরূপে অগ্র পশ্চাৎ মধ্য যেখানে দেখা যায়, সেইখানেই সমগ্রতাবুদ্ধি সমুদ্ভাবিত করিয়া থাকে ॥ ২৯ ॥

তাঁহার হস্তীসকলের মদবারির অভিষেকে পথিমধ্যে রেণু যেমন

মার্গৈষিণী সা কটকান্তরেষু
বৈন্ধ্যেষু সেনা বহুধা বিভিন্না।
চকার রেবেব মহাবিরাবা
বদ্ধপ্রতিশ্রুন্তি গুহামুখানি ॥ ৩১ ॥

স ধাতুভেদারুণযাননেমিঃ
প্রভুঃ প্রয়াণধ্বনিমিশ্রতূর্য্যঃ।
ব্যলঙ্ঘয়দ্বিন্ধ্যমুপায়নানি
পশ্যন্ পুলিন্দৈরুপপাদিতানি ॥ ৩২ ॥

খুরাভিঘাতাচ্চ যথাসংখ্যং পথি রেণুঃ রজঃ পঙ্কভাবং পঙ্কতাং প্রপেদে পঙ্কোঽপি রেণুত্বমিয়ায় ॥ ৩০ ॥

মার্গেতি। বৈন্ধ্যেষু বিন্ধ্যসম্বন্ধিষু কটকান্তরেষু নিতম্বাবকাশেষু। "কটকোঽস্ত্রী নিতম্বোঽদ্রে"রিত্যমরঃ। মার্গৈষিণী মার্গাবলোকিনী অতএব বহুধা বিভিন্না মহাবিরাবা দীর্ঘশব্দা সা সেনা রেবেব নর্ম্মদেব। "রেবা তু নর্ম্মদা সোমোদ্ভবা মেখলকন্যকে"ত্যমরঃ। গুহামুখানি বদ্ধপ্রতিশ্রুন্তি প্রতিধ্বানবন্তি চকার অকরোৎ ॥ ৩১ ॥

স ইতি। ধাতূনাং গৈরিকাদীনাং ভেদেন অরুণা যাননেমিঃ রথচক্রধারা যস্য প্রয়াণে যে ধ্বনয়ঃ ক্ষ্বেড়হ্রেষাদয়ঃ তন্মিশ্রাণি তূর্য্যাণি যস্য এবংবিধঃ স প্রভুঃ কুশঃ পুলিন্দৈঃ কিরাতৈঃ উপপাদিতানি সমর্পিতানি উপায়নানি পশ্যন্ বিন্ধ্যং ব্যলঙ্ঘয়ৎ ॥ ৩২ ॥

পঙ্কভাব প্রাপ্ত হইল, তাঁহার অশ্বগণের খুরাঘাতে পঙ্কও তেমন রেণুরূপে পরিণত হইল ॥ ৩০ ॥

তাঁহার সেই বাহিনী বিন্ধ্যগিরির নিতম্বাবকাশে পথলাভে সমুৎসুক ও তজ্জন্য বহুধা বিভিন্ন হইয়া, তুমুল শব্দ করত, নর্ম্মদার ন্যায়, গুহামুখসমূহ প্রতিধ্বনিত করিয়া তুলিল ॥ ৩১ ॥

বিন্ধ্যগিরি হইতে বিগলিত গৈরিকাদি ধাতুরসে তদীয় রথের চক্রধারা অরুণবর্ণ হইয়া উঠিল এবং প্রয়াণসময়ে হ্রেষাদিশব্দের সহিত তূর্য্যধ্বনি মিশ্রিত হইয়া গেল। তিনি পুলিন্দগণ কর্ত্তৃক সমাহৃত উপঢৌকন সমস্ত দর্শন করিতে করিতে, বিন্ধ্য অতিক্রম করিলেন ॥ ৩২ ॥

তীর্থে তদীয়ে গজসেতুবন্ধাৎ
প্রতীপগামুত্তরতোঽস্য গঙ্গাম্ ।
অযত্নবালব্যজনীবভূবু-
র্হংসা নভোলঙ্ঘনলোলপক্ষাঃ ॥ ৩৩ ॥

স পূর্ব্বজানাং কপিলেন রোষা-
দ্ভস্মাবশেষীকৃতবিগ্রহাণাম্ ।
সুরালয়প্রাপ্তিনিমিত্তমম্ভ-
স্ত্রৈস্রোতসং নৌলুলিতং ববন্দে ॥ ৩৪ ॥

ইত্যধ্বনঃ কৈশ্চিদহোভিরন্তে
কূলং সমাসাদ্য কুশঃ সরয্বাঃ ।

তীর্থ ইতি। তদীয়ে বৈন্ধ্যে তীর্থে অবতারে গজা এব সেতুঃ তস্য বন্ধাদ্ধেতোঃ প্রতীপগাং পশ্চিমবাহিনীং গঙ্গাং উত্তরতোঽস্য কুশস্য নভোলঙ্ঘনেন লোলপক্ষাঃ হংসাঃ অযত্নেন বালব্যজনীবভূবুঃ চামরাণ্যভূবন্। অভূততদ্ভাবে চ্বিঃ ॥ ৩৩ ॥

স ইতি। স কুশঃ কপিলেন মুনিনা রোষাদ্ভস্মাবশেষীকৃতা বিগ্রহাঃ দেহাঃ যেষাং তেষাং পূর্ব্বজানাং বৃদ্ধানাং সাগরাণাং সুরালয়স্য স্বর্গস্য প্রাপ্তৌ নিমিত্তং নৌভির্লুলিতং ক্ষুভিতং ত্রিস্রোতসঃ ইদং ত্রৈস্রোতসং গাঙ্গমম্ভো ববন্দে ॥ ৩৪ ॥

ইতীতি। ইতি কৈশ্চিদহোভিঃ অধ্বনোঽন্তে অবসানে কুশঃ সরয্বাঃ

বিন্ধ্যপর্ব্বতীয় অবতরণপ্রদেশে গজসেতু বন্ধন করাতে, গঙ্গা পশ্চিমবাহিনী হইলেন। তাহা পার হইবার সময়ে, আকাশ অতিক্রম করাতে, চঞ্চলপক্ষ হংসসকল কুশের অযত্নলব্ধ বালব্যজন হইল ॥ ৩৩ ॥

কপিলকোপে তদীয় পূর্ব্বপুরুষগণের কলেবর ভস্মমাত্রে অবশিষ্ট হইলে, গঙ্গার যে সলিল তাঁহাদের সুরালয়প্রাপ্তির নিমিত্তভূত হইয়াছিল, কুশের নৌকাসংঘর্ষে তাহা ক্ষুভিত হইয়া উঠিল। তিনি তাঁহার বন্দনা করিলেন ॥ ৩৪ ॥

এইরূপে কতিপয় দিন গমন করিয়া, পথের শেষ হইলে, কুশ সরযূর

বেদিপ্রতিষ্ঠান্ বিততাধ্বরাণাং
যূপানপশ্যচ্ছতশো রঘূণাম্ ॥ ৩৫ ॥
আধূয় শাখাঃ কুসুমদ্রুমাণাং
স্পৃষ্ট্বা চ শীতান্ সরযূতরঙ্গান্।
তং ক্লান্তসৈন্যং কুলরাজধান্যাঃ
প্রত্যুজ্জগামোপবনান্তবায়ুঃ ॥ ৩৬ ॥
অথোপশল্যে রিপুমগ্নশল্য-
স্তস্যাঃ পুরঃ পৌরসখঃ স রাজা।
কুলধ্বজস্তানি চলধ্বজানি
নিবেশয়ামাস বলী বলানি ॥ ৩৭ ॥

কূলং সমাসাদ্য বিততাধ্বরাণাং বিস্তৃতমখানাং রঘূণাং বেদিঃ প্রতিষ্ঠা আস্পদং যেষাং তান্ যূপান্ শতশোঽপশ্যৎ ॥ ৩৫ ॥

আধূয়েতি। কুলরাজধান্যাঃ উপবনান্তবায়ুঃ কুসুমদ্রুমাণাং শাখাঃ আধূয় ঈষৎ ধূত্বা, সুরভির্মন্দশ্চেত্যর্থঃ, শীতান্ সরযূতরঙ্গাংশ্চ স্পৃষ্ট্বা, অনেন শৈত্যোক্তিঃ, ক্লান্তসৈন্যং তং কুশং প্রত্যুজ্জগাম ॥ ৩৬ ॥

অথেতি। অথ রিপুষু মগ্নং শল্যং শঙ্কুঃ শরো বা যস্য সঃ। "শল্যং শঙ্কৌ শরে বংশে" ইতি বিশ্বঃ। পৌরাণাং সখা পৌরসখঃ কুলস্য ধ্বজঃ চিহ্নভূতঃ বলী স রাজা চলাশ্চলন্তো বা ধ্বজাঃ যেষাং তানি তানি বলানি সৈন্যানি তস্যাঃ পুরঃ পুর্য্যাঃ উপশল্যে গ্রামান্তে। "গ্রামান্ত উপশল্যং স্যা"দিত্যমরঃ। নিবেশয়ামাস ॥ ৩৭ ॥

কূলে সমাগত হইয়া, তথায় বিস্তৃতযজ্ঞশালী রঘুগণের বেদিপ্রতিষ্ঠিত শত শত যূপ দর্শন করিলেন ॥ ৩৫ ॥

তৎকালে কুলরাজধানীর উপবনান্ত-সমীরণ কুসুমদ্রুমসমূহের শাখাসমূহ মন্দ মন্দ আন্দোলিত ও সরযূর সুশীতল তরঙ্গপরম্পরা স্পর্শ করিয়া, ক্লান্তসৈন্য কুশের প্রত্যুদ্গমন করিল ॥ ৩৬ ॥

রিপুগণে যাঁহার শরসমূহ মগ্ন হইয়াছে, কুলের ধ্বজস্বরূপ, পৌর-

তাং শিল্পিসঙ্ঘাঃ প্রভুণা নিযুক্তা-
স্তথাগতাং সম্ভৃতসাধনত্বাৎ।
পুরং নবীচক্রুরপাং বিসর্গা-
ন্মেঘা নিদাঘগ্লপিতামিবোর্ব্বীম্ ॥ ৩৮ ॥
ততঃ সপর্য্যাং সপশূপহারাং
পুরঃ পরার্দ্ধ্যপ্রতিমাগৃহায়াঃ ।
উপোষিতৈর্ব্বাস্তুবিধানবিদ্ভি-
র্নির্ব্বর্ত্তয়ামাস রঘুপ্রবীরঃ ॥ ৩৯ ॥

তামিতি। প্রভুণা নিযুক্তাঃ শিল্পিনাং তক্ষাদীনাং সঙ্ঘাঃ সম্ভৃতসাধনত্বাৎ মিলিতোপকরণত্বাৎ, তাং তথাগতাং শূন্যামিত্যর্থঃ পুরমযোধ্যাম্, মেঘাঃ অপাং বিসর্গাজ্জলসেকাৎ নিদাঘগ্লপিতাং গ্রীষ্মতপ্তামুর্ব্বীমিব, নবীচক্রুঃ পরিপূরয়াঞ্চক্রুঃ ॥ ৩৮ ॥

